শ্রী মলয় ঘটক : (ক) পশ্চিম বর্ধমান জেলায় বর্তমান অর্থবর্ষে সামাজিক সুরক্ষা প্রকল্পে নথিভুক্ত শ্রমিকদের সংখ্যা নিম্নরূপ ঃ সাসপফাউ প্রকল্পে নথিভুক্ত - ১৯,৪৮৬, নির্মাণ শ্রমিক ৩,২৯১, পরিবহন শ্রমিক- ৭৭২, মোট নথিভুক্ত শ্রমিক- ২৩,৫৪৯। উল্লেখ্য, পশ্চিম বর্ধমান জেলায় আজ পর্যন্ত সামাজিক সুরক্ষা প্রকল্পে নথিভুক্ত শ্রমিকদের সংখ্যা সর্বমোট ২,৩৩,০৪৯।

(খ) বর্তমান অর্থবর্ষে নথিভুক্ত কোনো শ্রমিকদের পেনশন পাওয়ার প্রশ্ন ওঠে না, কারণ পেনশন পাওয়ার জন্য একজন নথিভুক্ত নির্মাণ ও পরিবহন শ্রমিকের বয়স ন্যূনতম ৬০ বছর হতে হয় ও তাকে কমপক্ষে ৫ বছর যোজনায় অন্তর্ভুক্ত থাকতে হয়।

শ্রী রুনু দত্ত : স্যার আমি আপনার মাধ্যমে অতিরিক্ত প্রশ্ন করছি নথিভুক্ত করার জন্য আপনার ডিপার্টমেন্টে এই অসংগঠিত শ্রমিকদের কি ব্যবস্থা আছে?

শ্রী মলয় ঘটক : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্য শ্রী রুনু দত্তের অতিরিক্ত প্রশ্নের উত্তরে জানাই, সামাজিক সুরক্ষা যোজনাতে নথিভুক্তের জন্য আমাদের দপ্তরে এস.এল.ও., আছে। এই এস.এল.ও.- দের মাধ্যমে এত দিন নথিভুক্ত করা হত, এখনও হয়। এ ছাড়াও বর্তমানে আমরা সরাসরি অনলাইন অ্যাপ্লিকেশান নথিভুক্ত করছি। সুতরাং যদি কেউ এতে নথিভুক্ত হতে চান, তাঁদেরকে যে কোনো সাইবার কাফে হোক অথবা নিজস্ব যদি কম্পিউটার থাকে তার থেকেও তিনি অনলাইনে দরখাস্ত করতে পারবেন এবং সরাসরি তিনি নথিভুক্ত হতে পারবেন। এ ছাড়াও আমাদের শ্রম দপ্তরের অফিস অথবা এস.এল.ও.-দের সাথে যদি যোগাযোগ করেন স্থানীয়ভাবে তাহলে তাদের কাছেও আমাদের ফর্ম আছে, সেখানেও অনলাইন নথিভুক্তকরণ করা হচ্ছে।

শ্রী রুনু দত্ত : স্যার, এই অনলাইন করতে গিয়ে প্রচন্ড harassment হতে হচ্ছে। প্রথমে পিএফেরটা আলাদা করতে হচ্ছে, আবার পেনশনেরটা আলাদা করতে হচ্ছে। বিশেষ করে পেনশানেরটা করতে কেউ পারছে না। শ্রমিকরা harased হচ্ছেন। এটা যদি সরলীকরণ করা যায় একটু দেখুন স্যার।

শ্রী মলয় ঘটক : স্যার, আমি ওনার প্রশ্নের উত্তরেই জানিয়েছি যে পেনশান যাঁরা পাবেন তাঁদেরকে কম করে ৫ বছর নথিভুক্তকরণ হতে হবে এবং ৬০ বছর বয়স হতে হবে। এই দুটো প্রমাণ যদি তিনি দিতে পারেন, তাঁর বয়স ৬০ বছর হয়ে গেছে এবং তিনি ৫ বছর ধরে continuous member আছেন তাহলে তিনি online-এ application করলেই pension দেওয়া হয়। আমরা সেই প্রসেস নথিভুক্ত করি। মাননীয়া মুখ্যমন্ত্রীর নির্দেশে আমাদের দপ্তর স্বচ্ছতার সঙ্গে সরাসরি bank account-সেই টাকা পাঠিয়ে দেওয়ার ব্যবস্থা আমরা করেছি। আপনারা যদি কেউ দরখাস্ত করেন সামাজিক সুরক্ষা যোজনায় যিনি টাকা পয়সা পাবেন তাঁকে কোথাও যাওয়ার দরকার নেই। তিনি online-এ application করলে তাঁর bank account-এ আমরা সরাসরি টাকা পাঠিয়ে দেব।

খাগড়াবাড়ী পানীয় জল সরবরাহ প্রকল্প

*৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৫০) **শ্রী নগেন্দ্র নাথ রায় ঃ** জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কুচবিহার ২নং ব্লক-এর খাগড়াবাড়ী পানীয় জল সরবরাহ প্রকল্পে নির্মিত জলাধার থেকে বাড়ি বাড়ি পানীয় জলের সংযোগ দেওয়া হবে; এবং

(খ), সত্যি হলে, কবে নাগাদ তা চালু হবে বলে আশা করা যায় ?

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : (ক) হ্যাঁ।

(খ) বাড়ী বাড়ী জলের সংযোগ দেওয়ার কাজ চালু আছে।

শ্রী নগেন্দ্র নাথ রায় : স্যার খাগড়াবাড়ী পি.এইচ.ই.-র যে জলাধার, সেখানে বাড়ি বাড়ি জল দেওয়া হয়েছে বলে আমার কাছে কোনো খবর নেই। আমি যেটা প্রশ্ন করতে চাই, খাগড়াবাড়ি পি.এইচ.ই.-র একটা সমস্যা ছিল – বিদ্যুতের বিল। এটা সম্পর্কে আপনি কতদূর জানেন একটু জানাবেন?

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : সম্মানীয় অধ্যক্ষ মহোদয়, বিধায়ক মহোদয়ের উত্তরে বলি – খাগড়াবেড়িয়ায় যে প্রকল্প হয়েছে বাড়ি বাড়ি connection দেওয়া কিন্তু চলছে। এখনও পুরো কাজ শেষ হয়নি। আর বিদ্যুতের bill নিয়ে যেটা সমস্যা, সেটা দেখতে হবে যে এই খাগড়াবেড়িয়া scheme-টা কারা maintain করছেন। আমরা যদি beneficiary-র হাতে দিয়ে থাকি তাহলে ওই বিল নিয়ে আমাদের করার কিছু নেই। আর যদি আমাদের দপ্তর সরাসরি এখানে লোক নিয়োগ করে চালায় তাহলে তখন আমরা এই বিলের ব্যাপারে হস্তক্ষেপ করতে পারি। আপনি দয়া করে আপনার কি অবস্থা আছে সেটা আমার অবগতিতে নিয়ে আসবেন আমরা সে ব্যবস্থা গ্রহণ করবো।

শ্রী নগেন্দ্রনাথ রায় : স্যার, আমার দ্বিতীয় অতিরিক্ত প্রশ্ন। কোচবিহার ২ নম্বর ব্লকের ১৩টি গ্রাম পঞ্চায়েতের অধিকাংশ গ্রাম পঞ্চায়েতে এখনও পর্যন্ত নলবাহিত পানীয় জলের ব্যবস্থা হয় নি। সেই ব্যাপারে আপনার কোনো সদিচ্ছা আছে কি না এক্সটেনশান করার একটু বলবেন।

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : সম্মানীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়, তিনি ঘোষণা করেন নি শুধু তিনি চেষ্টা করছেন এবং আমাদের উপর দায়িত্ব দিয়েছেন প্রত্যেকটি অঞ্চলের প্রতিটি বাড়িতে বাড়িতে যাতে জল সরবরাহ করা যায় তার ব্যবস্থা নিতে। আপনাদের ওখান থেকে যে সমস্ত পরিকল্পনা এসেছে, ইতিমধ্যে তার ডি.পি.আর. আমরা প্রস্তুত করেছি। আরও কিছু থাকলে আপনি দয়া করে পাঠাবেন, আমরা ডি.পি.আর. প্রস্তুত করে – আমরা এটা মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায় এবং তাঁর যে চিন্তা সেটাকে প্রাধান্য দিয়ে ২০২২ সালের মধ্যে আমরা সমস্ত এলাকায় জল পৌঁছে দেওয়ার চেষ্টা করছি।

শ্রী হিতেন বর্মন : ধন্যবাদ স্যার, মাননীয় মন্ত্রীর কাছে একটি অতিরিক্ত প্রশ্ন। কোচবিহার জেলায় ইতিমধ্যে কয়েকটি প্রকল্প অন্তর্ভূক্ত হয়েছে আগামী আর্থিক বর্ষে যেটা রূপায়িত হবে সেটা যদি জানান তাহলে উপকৃত হব।

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : সম্মানীয় অধ্যক্ষ মহোদয়, আমরা ইতিমধ্যে জনপ্রতিনিধি এবং মন্ত্রী মহোদয়গণের কাছ থেকে যে সমস্ত পরিকল্পনা রূপায়ণের জন্য আমরা আবেদনপত্র পেয়েছি তার মধ্যে কোচবিহার জেলাতে – আমি খুব গর্বিত ও আনন্দিত রবীন্দ্রনাথ ঘোষ মহাশয়

ইতিমধ্যে ৯টি স্কীম দিয়েছেন। যেমন - দিনহাটা -১ নম্বরের ৩টি স্কীম আছে, দিনহাটা - ২ -তে ৫টি স্কীম আছে, মাথাভাঙ্গাতে ১টা স্কীম আছে, সিতাই ব্লকে ২টি স্কীম আছে, শীতলকুচি সেখানে ১টা স্কীম আছে, তুফানগঞ্জ - ২ এই রকম প্রায় ১২ টি স্কীমের ডি.পি.আর. ইতিমধ্যে আমরা তৈরি করে ফেলেছি। আশা করছি মার্চ মাসের মধ্যে আমরা এই কাজগুলো শুরু করতে পারবো।

श्री मनोज तिग्गा : माननीय स्पीकर सर आपके माध्यम से माननीय मंत्री से मेरा एक प्रश्न है - जैसे कि मेरे मदारी हाट विधान सभा में 5 चाय वगान बन्द है उसमे से लंकापाड़ा चाय वगान और वन्द्रापानी चाय वगान मे क्योकि दोनो पहाड़ी इलाका है पानी का काफी समस्या हैं। तो क्या आपका कोई एंसा P.H E के माध्यम से वहाँ पर पानी का व्यवस्था करने का कोई उपाय है ? अभी वन्द्रापानी और लंकापाड़ा मे पानी की काफी समस्या हैं।

डा सोमेन कुमार महापात्रा : आप जो प्रश्न किया है दोनों चाय वगान का केवल समस्या नहीं है और भी चाय वगान का समस्या है। इसीलिए एक मिनिस्टर को इस काम मे लगाया, वो लोग मिटिंग किया हैं। मिटिंग करने के बाद समस्त चाय वगान के लिए including your two tea estates हमलोग DPR बढ़ा दिया। DPR बढ़ाने के बाद उसका काम चलेगा मार्च मास तक, जल्द शुरु होगा उसका काम चालू हो जायेगा।

শ্রীমতী জাহানারা খাঁন : মাননীয় অধ্যক্ষ মহাশয়,আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন। বাঁকুড়া জেলায় যে ১৫টি জলাধার তৈরি করা হল এবং তার মধ্যে ২০১৭ সালে উদ্বোধন হল। দু বছরের মধ্যে দিনের বেলায় একটা জলাধার হুড়মুড়িয়ে ভেঙ্গে পড়ল। বাকি জলাধার থেকে এখন জল তোলা বন্ধ হয়ে গেছে। এই যে এক একটি জলাধার ১০ কোটি টাকার উপর খরচ করে তৈরি করা হল এই যে জলাধার ভেঙ্গে গেল, বাকিগুলোতে জল পৌঁছচ্ছে না, এই ব্যাপারে আপনার দপ্তর কি পদক্ষেপ নেবে? এত বড় যে দুর্নীতি হল, নিশ্চয় তদন্ত হওয়া দরকার। আপনি কি পদক্ষেপ নিয়েছেন জানালে খুশি হব, ধন্যবাদ।

[11:50 a.m. – 12:00 Noon.]

ডঃ সৌমেন কুমার মহাপাত্র: সম্মানীয় অধ্যক্ষ মহোদয়, সম্মানীয়া বিধায়িকা যে প্রশ্ন করেছেন, উনি প্রথম প্রশ্নতেই দুর্নীতির প্রসঙ্গ তুললেন। এটাকে দুর্নীতি বলছেন কেন ? বি.আর. জি.এফে. যে ট্যাঙ্কগুলো তৈরি হয়েছিল, শুধু একটা ট্যাঙ্ক নয়, দেখুন কোন জায়গায় ব্রীজ হঠাৎ ভেঙ্গে যাচ্ছে, কোন জায়গায় একটা ট্যাঙ্ক ভেঙ্গেছে মানেই সেটা দিয়েই প্রমাণ করতে পারেন না যে এটা দুর্নীতির ব্যাপার। তবু আপনাকে বলে রাখি যেটা অ্যাক্সিডেন্ট সেটা আমাদেরকে গ্রহণ করতেই হবে। আর যতগুলি ট্যাঙ্ক আছে, প্রত্যেকটা ট্যাঙ্কের স্বাস্থ্য পরীক্ষার জন্য শুধুমাত্র বি.আর.জি.এফে. যতগুলি হয়েছে তা নয়, যতগুলি স্কীমে হয়েছে, সবগুলির স্বাস্থ্য পরীক্ষার জন্য ১৫ দিনের মধ্যে ডিপার্টমেন্ট তার রিপোর্ট দেবে। এ ছাড়া আপনারা শুনে রাখুন মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার যে নীতি গ্রহণ করছেন সেটা দৃষ্টান্তমূলক। ওখানে যে এজেন্সি এই ট্যাঙ্কটা তৈরি করেছিল, আমরা তাকে বলেছি আমরা ডি.পি.আর. বানাব এবং তাকে নিজ খরচায় আবার সেটা সেখানে তৈরি করে দিতে হবে। আর আপনার অবগতির জন্য বলে রাখি কোন জায়গায় জল বন্ধ করা নেই। এমনকি যে ট্যাঙ্কটা ভেঙ্গেছিল, সেই ট্যাঙ্কটার সঙ্গে সরাসরি আমরা

পাম্পের লাইন যোগ করে দিয়েছি। এক থেকে দু'ঘন্টা মাত্র পরিষেবা বন্ধ ছিল। এখনও সেখানে পরিষেবা আছে। আপনার বিশেষ অবগতির জন্য জানাই আপনি দয়া করে খোঁজ নিন। এর মধ্যেও যদি আপনার মনে হয় যে বাঁকুড়া জেলার কোথাও তৈরি হওয়া ট্যাঙ্ক থেকে জল পাচ্ছে না, আপনি জানাবেন, আমরা ব্যবস্থা গ্রহণ করব।

নলবাহিত জল প্রকল্প

*৪। (অনুমোদিত প্রশ্ন নং *৫৪) **শ্রীমতী গীতা রানী ভূঞ্যা ঃ** জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) সবং ব্লকে নলবাহিত জল প্রকল্পের সংখ্যা কত; এবং

(খ) এই প্রকল্পের সমস্যাগুলি সমাধানে সরকার কী কী ব্যবস্থা গ্রহণ করেছে/করছে?

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : শ্রদ্ধেয় অধ্যক্ষ মহোদয়, মাননীয়া বিধায়িকা আনীত প্রশ্নের উত্তরে বলি —

(ক) সবং ব্লকে নলবাহিত জল প্রকল্পের সংখ্যা ২১। তন্মধ্যে ১৮ টি প্রকল্প সম্পূর্ণ এবং ৩ টি প্রকল্প চলমান।

(খ) সমস্যাগুলি নিম্নলিখিত -

১) চলমান নোনা মাধবচক এবং খাগড়াগেড়িয়া প্রকল্পের দ্বিতীয় নলকূপের জমি পাওয়া যায়নি। জমি খোঁজার কাজ চলছে।

২) সবং প্রকল্পের অগমেন্টেশানের কাজ শুরু হয়েছে। জোন –২ এবং জোন –৩-এর জমি পেতে সমস্যা হচ্ছে। জমি খোঁজা হচ্ছে।

৩) ১০ টি রূপায়িত প্রকল্পের জলের লাইন গ্রামীণ সড়ক যোজনা রাস্তা সম্প্রসারণের জন্য ক্ষতিগ্রস্ত হয়েছে। মেরামতের জন্য ডি.পি.আর. বানানো হয়েছে। দপ্তরের অনুমোদন হলে কাজ শুরু হবে।

শ্রীমতী গীতারাণী ভূঁঞ্যা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়কে আমার প্রশ্ন– পশ্চিম মেদিনীপুর জেলার সবং ব্লকের বিভিন্ন অঞ্চলে নলবাহিত পানীয় জল সরবরাহ করার ক্ষেত্রে অনেক জায়গায় পাইপ কাটা হয়েছে। পাইপে ফুটো করে জল নষ্ট করা হচ্ছে। এগুলি মেরামতির জন্য আপনি কোনো ব্যবস্থা নেবেন কিনা সেটা জানালে ভাল হয়।

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : সম্মানীয় অধ্যক্ষ মহোদয়, আমি আমার প্রশ্নের উত্তরেই বলেছি যে গ্রামীণ সড়ক যোজনার কাজ, এছাড়া বি.এস.এন.এল. যে কেব্‌লের কাজ করছে, তারা কখনওই আমাদের তৈরি করা জায়গায় কাজ করার সময় অনুমোদন নেয় নি। আমি জনগণকে একটু সচেতন হতে বলব। যখন সেই জায়গায় কাজ শুরু হবে, তাঁরা যেন একটু বাধা দেন, আমাদের গোচরে নিয়ে আসেন। আপনার এলাকায় যেগুলি নষ্ট হয়েছে, ইতিমধ্যেই তার ডি.পি.

আর. তৈরি করা হয়েছে এবং সেই কাজ অতি সত্বর শুরু হবে। আর ফুঁটো করে যে জল নিচ্ছে, এর জন্য পাব্লিককে সচেতন হতে হবে কারণ আমাদের পক্ষে লাইনের পর লাইন, মাইলের পর মাইল যে লাইনগুলি গেছে, সবটা রক্ষণাবেক্ষণ করা অসম্ভব ব্যাপার। তাই জনগণ যদি সচেতন না হন তাহলে এই সমস্যা থাকবে। তবুও সমস্যাগুলি আমাদের গোচরে নিয়ে আসুন। আমরা অতি সত্বর সেগুলি মেরামতের ব্যবস্থা করব।

শ্রীমতী সাবিনা ইয়াসমিন : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন– আমার বিধানসভার অন্তর্গত কালিয়াচক - ২ ব্লক, যেটা ফুল্যি আর্সেনিক এফেক্টেড এরিয়া এবং প্রচুর মানুষের শরীরে ছোবড়া-ছোবড়া সব দাগে ভরে গেছে। বহুদিন ধরে আমরা ডিম্যান্ড করছি, এই হাউসেও বিষয়টি অনেকবার তুলে ধরেছি যে ওখানকার মানুষ আর্সেনিক মুক্ত জল পাচ্ছে না। এমনিক আর্সেনিক পাইপ লাইন থাকা সত্ত্বেও সেখানে কিন্তু জল যাচ্ছে না। মানুষ এখন স্লোগান তুলেছে যে রাস্তা নয়, জল চাই। দয়া করে যদি আর্সেনিক এফেক্টেড এরিয়ার মানুষকে আর্সেনিক মুক্ত জল সরবরাহ করে নতুন কোনো পরিকল্পনা গঠন করেন তাহলে ওখানকার মানুষগুলি উপকৃত হবে। ধন্যবাদ স্যার।

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : ৮৩টা ব্লক আর্সেনিক অ্যাফেক্টেড। শুধু কালিয়াচক নয়, মুর্শিদাবাদের অনেকগুলি জায়গায়। আমরা ইতিমধ্যে ৮৩টার মধ্যে প্রায় ৯৪% ব্লকে অল্পবিস্তর প্রত্যেক জায়গায় কাজ শুরু করেছি। মূলতঃ আর্সেনিক এলাকায় জল সাপ্লাই দিতে গেলে সার্ফেস ওয়াটারের প্রয়োজন হয়। যে সমস্ত জায়গায় সার্ফেস ওয়াটারের সোর্স আছে - আমরা ৪৭টা সার্ফেস ওয়াটারের সোর্স কাজে লাগিয়েছি। এছাড়া বিকল্প হিসাবে অনেক জায়গায় যে টিউবওয়েলটা করছি সেটা আর্সেনিক মুক্ত করার চেষ্টা করছি। ফ্রি এ.টি.এল. সেটা দিয়ে করা। এই জায়গায় দাঁড়িয়ে আপনার ওখানে আমরা একটা পরিকল্পনা নিয়েছি - সার্ফেস ওয়াটার স্কিমের মধ্যে দিয়ে আমরা সেখানে ৫৩% লোককে জল পৌঁছে দিচ্ছি। কিন্তু সেটা সাফিসিয়েন্ট নয়। এটার জন্য আমাদের প্রায় ৪০ হাজার কোটি টাকার প্রয়োজন। এটা রাজ্যের একার পক্ষে সম্ভব নয়। কেন্দ্রীয় সরকারের বরাদ্দকৃত টাকার ব্যাপারে বলি - আমরা যখন এটার ডি.পি.আর, করি তখন কেন্দ্রীয় সরকারের নীতি ছিল যে ৫০ পি.পি.পি. যদি আর্সেনিক থাকে ভলিউমে, তবে সেটা আমরা কন্ট্রোল করার জায়গায় যাব না, অ্যাবভ ফিফটি। হঠাৎ ২০১৬ সালে সেটাকে ১০ পি.পি.পি. করে দেওয়া হল। এই যে ৪০ হাজার কোটি টাকার স্কিম আমরা বানালাম সব স্কিমগুলিই বাদ হয়ে গেল। তাহলে তাদের উচিত যে ১০ পি.পি.পি. আপনি যখন করলেন কেন্দ্রীয় সরকারের শেয়ার অনুযায়ী আগে যেটা ছিল ৭৫:২৫, সেটাতো বন্ধই করলেন, ৫০:৫০ চলে গিয়ে এখন আর তারা সাহায্যের হাত বাড়াচ্ছে না। যাই হোক কালিয়াচক একটা মেগা স্কিমের মধ্যে আমরা ধরে রেখেছি। আপনি নিশ্চিন্তে থাকুন আমরা আর্সেনিকমুক্ত জল দেওয়ার জন্য অঙ্গীকারবদ্ধ। আমাদের শ্রদ্ধেয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীও অঙ্গীকারবদ্ধ। আমরা সমস্ত জায়গায় এ পর্যন্ত প্রায় ১ কোটি ৯৮লক্ষকে আর্সেনিক ফ্রি দিয়েছি। আমরা সমস্ত জায়গায় ২০২২ সালের মধ্যে আর্সেনিক ফ্রি জল পৌঁছে দেব।

মালদা জেলায় নলবাহিত জল প্রকল্প

*৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৭) **শ্রী ভূপেন্দ্রনাথ হালদার** ঃ জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে ডিসেম্বর, ২০১৯ সাপেক্ষে মালদা জেলায় কতগুলি নলবাহিত জল প্রকল্পের কাজ হয়েছে;

(খ) তন্মধ্যে, মালদা বিধানসভা এলাকায় কতগুলি জল প্রকল্প চালু আছে; এবং

(গ) তা কোথায়?

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : ক) ৩১শে ডিসেম্বর, ২০১৯ সাপেক্ষে মালদা জেলায় ১২৪টি নলবাহিত জল প্রকল্পের কাজ হয়েছে।

খ) তন্মধ্যে, মালদা বিধানসভা এলাকায় ১৯টি জল প্রকল্প চালু আছে।

গ)

১. পুরাতন মালদা ব্লক।
২. ইংলিশ বাজার ব্লক।
৩. আইহো গ্রাম পঞ্চায়েত। (হাবিবপুর ব্লক)
৪. ঋষিপুর গ্রাম পঞ্চায়েত। (হাবিবপুর ব্লক)
৫. শ্রীরামপুর গ্রাম পঞ্চায়েত। (হাবিবপুর ব্লক)
৬. নরহট্ট গ্রাম পঞ্চায়েত। (ইংলিশবাজার ব্লক)

শ্রী ভূপেন্দ্র নাথ হালদার : স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন হল যে প্রকল্পগুলি চালু আছে সেই প্রকল্পগুলি যদি এক্সটেনশান করা যায়, আমরা জানি করা যায়। কিন্তু কতটা এরিয়া এক্সটেনশান করলে সেই চালু প্রকল্প থেকে আরও মানুষ উপকৃত হতে পারে? কতটা এরিয়া আরও এক্সটেনশান করা যেতে পারে চালু প্রকল্পগুলি থেকে সেটা জানাবেন।

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা নির্ভর করবে আপনার ওখানে কতটা এক্সটেনশন করবেন সেটা এবং আমার ইঞ্জিনিয়ার সেটা সাজেস্ট করবে। ইঞ্জিনিয়ার দেখে নেবেন যে পাম্পের ক্যাপাসিটি কতটা, কতটা পর্যন্ত উচ্চতায় ওই ট্যাঙ্ক আছে, সেই ট্যাঙ্ক কত দূর পর্যন্ত জলটা ঠেলতে পারে। বিশেষ ভাবে আপনার নলেজে থাকলে যে কিছুটা জায়গা কভার করা আছে আর কিছুটা কভার করা নেই সেই ব্যাপারে দয়া করে আপনি আবেদনপত্র সরাসরি আমার কাছে পৌছে দেবেন। আমি সেই অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করব।

আর্সেনিকপ্রবণ ব্লকের সংখ্যা

*৬। (অনুমোদিত প্রশ্ন নং *৭৪) **শ্রীমতী নার্গিস বেগম** ঃ জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে ডিসেম্বর, ২০১৯ সাপেক্ষে রাজ্যে আর্সেনিকপ্রবণ ব্লকের মোট সংখ্যা কত;

(খ) তন্মধ্যে, উক্ত সময় সাপেক্ষে মোট কতগুলি ব্লকে বিশুদ্ধ পানীয় জল সরবরাহের ব্যবস্থা করা গেছে; এবং

(গ) বাকী ব্লকগুলিতে বিশুদ্ধ পানীয় জল সরবরাহের জন্য রাজ্য সরকার কী কী ব্যবস্থা গ্রহণ করেছে/করছে?

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : ক) ৩১শে ডিসেম্বর, ২০১৯ সাপেক্ষে রাজ্যে আর্সেনিক প্রবণ ব্লকের মোট সংখ্যা ৮৩।

খ) ৮৩টি ব্লকের ২৫১০টি গ্রামে বিশুদ্ধ পানীয় জল সরবরাহের ব্যবস্থা করা গেছে।

গ) বাকী ব্লকগুলিতে রাজ্য সরকার দ্রুততার সঙ্গে বিশুদ্ধ পানীয় জল সরবরাহ করার একান্ত প্রচেষ্টায় নিয়োজিত।

শ্রীমতী নার্গিস বেগম : স্যার, আপনার মাধ্যমে মাননীয় বিভাগীয় মন্ত্রীর কাছে প্রশ্ন এই ৮৩টা ব্লকের মধ্যে পূর্ব বর্ধমানে কতগুলি ব্লক আর্সেনিক প্রবণ এলাকা, এটা যদি জানান।

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : বর্ধমান আগে কিন্তু আর্সেনিকের জায়গায় ছিল না। সম্প্রতি যখন ১০ পি.পি.পি. এই মডেলটা চলে এল তখন আমরা বিভিন্ন জায়গায় জলপরীক্ষা করে দেখেছি। মূলত পূর্ব বর্ধমানের কালনা, কাটোয়া ওয়ান, কাটোয়া টু, পূর্বস্থলী ওয়ান, পূর্বস্থলী টু এটা হচ্ছে বর্ধমান জেলার পিকচার।

[12:00 Noon – 12:00 p.m.]

এই জায়গায় আমরা আর্সেনিক পেয়েছি। আর আপনার বিধানসভা যেটা মেমারী, সেটা এখনও আর্সেনিকের জায়গায় যায় নি। ভবিষ্যতে যদি যায়, নিশ্চয়ই আমরা সেই জায়গায় পদক্ষেপ নেব।

মিঃ স্পীকার : শ্রম দপ্তর সম্পর্কিত শ্রী শেখ আমজাদ হোসেনের * ১৩ ছিল সেটা আমি আগে নিই নি, এখন নিলাম। মাননীয় সদস্যকে আমি শুধু একটা সাপ্লিমেন্টারী করতে বলব।

রাজ্যে নথিভুক্ত বেকারের সংখ্যা

*১৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৯) **শ্রী সেখ আমজাদ হোসেন** : শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ৩১শে ডিসেম্বর, ২০১৯ সাপেক্ষে রাজ্যে মোট নথিভুক্ত বেকারের সংখ্যা কত;

(খ) তন্মধ্যে, কতজন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ ও কতজন এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে নাম নথিভুক্ত করেছেন; এবং

(গ) উক্ত সময় সাপেক্ষে কতজন নিয়োগপত্র পেয়েছেন?

শ্রী মলয় ঘটক ঃ

(ক) বর্তমান রাজ্যের কর্মপ্রার্থীদের নথিভূক্তিকরণ করা হয় এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে ৩১শে ডিসেম্বর, ২০১৯ সাপেক্ষে রাজ্যে এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে মোট নথিভুক্ত কর্মপ্রার্থীর সংখ্যা ৩৪,০৫,৫৮২।

(খ) পূর্বে রাজ্যের কর্ম বিনিয়োগ কেন্দ্রগুলিতে কর্মপ্রার্থীদের নাম নথিভূক্তিকরণ হত। মহামান্য সুপ্রিম কোর্টের আদেশ অনুসারে (In KBN Viswasara Rao Vs. () Super () Dist., A.D.) কর্ম বিনিয়োগ কেন্দ্রগুলি ছাড়াও সংবাদপত্র সহ বিভিন্ন বৈদ্যুতিন মাধ্যমে ব্যাপক প্রচারের দ্বারা নিয়োগের নির্দেশ জারি হয়। এর ফলে কর্ম বিনিয়োগ কেন্দ্রগুলির গুরুত্ব কমে যায়। পরবর্তীকালে ভারত সরকারের কর্মসংস্থান মহানির্দেশক (Director General of Employment Govt. of India)-এর নির্দেশ অনুসারে গত ০৮.১২.১৬ তারিখ থেকে কর্ম বিনিয়োগ কেন্দ্রগুলিতে নাম নথিভূক্তিকরণের প্রক্রিয়া এবং সংশ্লিষ্ট পোর্টাল টি বন্ধ হয়ে যায়। ফলতঃ এখন কর্ম বিনিয়োগ কেন্দ্রের ঐ পোর্টালে আর নাম নথিভূক্তিকরণ হয় না।

আমাদের রাজ্যে মাননীয়া মখ্যমন্ত্রীর উদ্যেগে রাজ্যের বেকার যুবক যুবতীদের জন্য ২৬.০৭.২০১২ তারিখে এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক চালু করা হয়। এখন তাদের নাম উদ্যোগে কর্ম বিনিয়োগ কেন্দ্রের এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক নথিভূক্ত করা হয়।

৩১শে ডিসেম্বর, ২০১৯ সাপেক্ষে রাজ্যে এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে মোট নথিভূক্ত কর্মপ্রার্থীর সংখ্যা ৩৪,০৫,৫৮২।

(গ) মহামান্য সুপ্রিম কোর্টের আদেশ অনুসারে রাজ্যে সরকারি ও অন্যান্য নিয়োগ সংবাদপত্র সহ বিভিন্ন বৈদ্যুতিন মাধ্যমে বিজ্ঞাপিত হয় শুধুমাত্র এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ বা এমপ্লয়মেন্ট ব্যাঙ্কের মাধ্যমে হয় না উক্ত বিজ্ঞাপন অনুযায়ী কেউ চাকরি পেলে, শ্রম দপ্তরের অধীন কর্ম বিনিয়োগ কেন্দ্রে জানানোর কোন বাধ্যবাধকতা নেই।

শ্রী শেখ আমজাদ হোসেন : ৩ নম্বরের (গ) তে আপনি উত্তরে যেটা বলেছেন যে, সুপ্রিম কোর্টের আদেশ অনুসারে এখন বিজ্ঞাপিত হয়, তার জন্য এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক বা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে হয় না। তাই কেউ কোথাও চাকরী পেলে শ্রম দপ্তরের অধীন কর্ম বিনিয়োগ কেন্দ্রে জানানোর কোন বাধ্যবাধকতা নেই। এইখানেই আমার একটা সাপ্লিমেন্টারী – আপনি বলছেন যা তাতে আপনার এখানে কোন তথ্যই নেই তার মানে অথচ অর্থমন্ত্রী গতকাল বাজেটে বলেছেন ৯লক্ষ ১১ হাজার লোক চাকরী পেয়েছে। এই তথ্য তাহলে কোথা থেকে পাওয়া যাচ্ছে ?

শ্রী মলয় ঘটক : দেখুন এটা অর্থমন্ত্রী তাঁর উত্তরে লিখেছেন।তবু আমি এটুকু বলতে পারি যে বিভিন্ন দপ্তর কর্মী নিয়োগের জন্য বিজ্ঞাপন দেন এবং তাদের এ্যাপয়েন্টমেন্টও দেওয়া হয়।তাই বিভিন্ন দপ্তর থেকে সংগৃহীত তথ্যের ভিত্তিতে নিশ্চয়ই তিনি দিয়েছেন।

শ্রী শেখ আমজাদ হোসেন : তার মানে আপনার দপ্তর থেকে নয়।

শ্রী মলয় ঘটক : আমাদের দপ্তর হিসাবে শ্রম দপ্তরে কত চাকরী আমরা দিয়েছি সেই তথ্য আপনাকে আমি দিতে পারি। কিন্তু এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক এ্যাজ এ হোল সুপ্রিম কোর্টের জাজমেন্ট অনুযায়ী এখন যেহেতু বিজ্ঞাপিত হয়, সেখানে আপনি বলছেন এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক থেকে কত চাকরী হয়েছে। শ্রম দপ্তরের ব্যাপারে আপনি আমাকে প্রশ্ন করবেন আমি তার উত্তর দিয়ে দেব।

Starred Questions
(to which answers were laid on the 'Table')

আর্সেনিকমুক্ত পানীয় জল সরবরাহ প্রকল্পের সংখ্যা

*৮। (অনুমোদিত প্রশ্ন নং *৮৯) **শ্রী জয়ন্ত নস্কর ঃ** জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ৩১শে ডিসেম্বর, ২০১৯ সাপেক্ষে রাজ্যে আর্সেনিকমুক্ত পানীয় জল সরবরাহ প্রকল্পের সংখ্যা কত; এবং

(খ) এই প্রকল্পগুলির রক্ষণাবেক্ষণে কী কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে?

জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় ঃ

(ক) ৩১শে ডিসেম্বর, ২০১৯ সাপেক্ষে রাজ্যে আর্সেনিক মুক্ত পানীয় জল সরবরাহ প্রকল্পের সংখ্যা হল ৬৪০টি।

(খ) পানীয় জল সরবরাহ প্রকল্পের রক্ষনাবেক্ষণ নিম্নলিখিত ভাবে করা হয়ে থাকে —

(১) জলের গুণমান অনুযায়ী প্রয়োজনীয় প্ররিশ্রুতিকরণ করা হয়।

(২) কোনো রকম ছোট মাপের অথবা পাম্প মোটর বিকল বা লিকেজ হলে সেটাকে মেরামত করা হয় এবং প্রয়োজনীয় পাইপ মেটেরিয়াল, আনুষঙ্গিক ভাল, জয়েন্ট ইত্যাদি দপ্তর থেকে সরবরাহ করা হয়।

(৩) বড় ধরনের ক্ষয়ক্ষতি উদাহরণস্বরূপ রাস্তা সম্প্রসারণ, দুর্যোগ ইত্যাদির জন্য নতুনভাবে ডি.পি.আর. বানিয়ে তাকে বাস্তবায়িত করা হয়।

নলবাহিত জল সরবরাহ প্রকল্পের কাজ

*১০। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৫) **শ্রী সমীর কুমার জানা ঃ** জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে ডিসেম্বর, ২০১৯ সাপেক্ষে দক্ষিণ ২৪ পরগনা জেলায় মোট কতগুলি নলবাহিত জল সরবরাহ প্রকল্পের কাজ চলছে;

(খ) ইতিমধ্যে কতগুলি প্রকল্পের কাজ সম্পন্ন হয়েছে; এবং

(গ) অবশিষ্টগুলির কাজ,কবে নাগাদ শেষ হবে বলে আশা করা যায়?

জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় ঃ

(ক) ৩১শে ডিসেম্বর, ২০১৯ সাপেক্ষে দক্ষিণ ২৪ পরগনা জেলায় মোট ৪১ (একচল্লিশটি) নলবাহিত জল সরবরাহ প্রকল্পের কাজ চলছে।

(খ) ইতিমধ্যে ২০১৯-২০ অর্থবর্ষে দক্ষিণ ২৪ পরগনা জেলায় ৯টি (নয়) প্রকল্পের কাজ সম্পন্ন হয়েছে।

(গ) অবশিষ্ট প্রকল্পগুলির কাজ ডিসেম্বর, ২০২০ নাগাদ শেষ হবে বলে আশা করা যায়।

আর্সেনিকমুক্ত পানীয় জল প্রকল্প

*১১। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৫) **শ্রীমতী ফিরোজা বেগম ঃ** জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, রানীনগর ২নং ব্লক-এ আর্সেনিকমুক্ত পানীয় জল প্রকল্পে বাড়ি বাড়ি জল সরবরাহ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে; এবং

(খ) সত্যি হলে, এইরূপ জল সংযোগ দেওয়ার কাজ কবে নাগাদ সম্পূর্ণ হবে বলে আশা করা যায় ?

জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় ঃ

(ক) রাণীনগর ২নং ব্লক-এ আর্সেনিকমুক্ত পানীয় জল প্রকল্পে বাড়ি বাড়ি জল সরবরাহ করার সিদ্ধান্ত পশ্চিমবঙ্গ সরকারের বিবেচনাধীন।

(খ) সিদ্ধান্ত গৃহীত হলে রূপায়ণের সময়সীমা জানা যাবে।

গ্রামীণ এলাকায় পানীয় জল সরবরাহ

*১২। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৩) **শ্রী দেবেশ মন্ডল ঃ** জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) গ্রামীণ এলাকায় পানীয় জল সরবরাহের জন্য রাজ্য সরকার কী কী ব্যবস্থা গ্রহণ করেছে;

(খ) হিঙ্গলগঞ্জ বিধানসভা এলাকায় হিঙ্গলগঞ্জ ও হাসনাবাদ ব্লকবাসীর পানীয় জলের সমস্যা সমাধানে কী উদ্যোগ গ্রহণ করা হয়েছে; এবং

(গ) সকল পরিবারে পানীয় জল সরবরাহ নিশ্চিতকরণের কোনো পরিকল্পনা সরকারের আছে কি?

জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় ঃ

(ক) গ্রামীণ এলাকায় পানীয় জল সরবরাহের জন্য রাজ্য সরকার ২২৪৮টি নলবাহিত জল প্রকল্পের কাজ সম্পন্ন করেছে। উক্ত প্রকল্পগুলি দ্বারা রাজ্যের ৩,৬৮,৭৮,৫৯৪ জন

মানুষ বিশুদ্ধ পানীয় জল পাচ্ছেন। এ ছাড়া বর্তমানে ৩৭৩টি প্রকল্প অগ্রসরমান। এই প্রকল্পগুলি রূপায়িত হলে আরো ১,৯৭,৩০,২০৮ জন মানুষ বিশুদ্ধ পানীয় জল দ্বারা উপকৃত হবেন।

(খ) হিঙ্গলগঞ্জ বিধানসভা এলাকায়
হিঙ্গলগঞ্জ ব্লকে
রূপায়িত জল প্রকল্পের সংখ্যা - ১১
উপকৃত মানুষের সংখ্যা - ২,০০,৮৪৭
হাসনাবাদ ব্লকে
রূপায়িত জল প্রকল্পের সংখ্যা - ১১
উপকৃত মানুষের সংখ্যা - ১,৩৪,৪৩৮
চলমান জল প্রকল্পের সংখ্যা - ২
উপকৃত মানুষের সংখ্যা - ২,০৩,২৬২

(গ) হ্যাঁ

পানীয় জল সরবরাহ সুনিশ্চিতকরণ

*১৪। (অনুমোদিত প্রশ্ন নং *২০০) **শ্রী জ্যোতির্ময় কর ঃ** জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সরকার রাজ্যবাসীকে পানীয় জল সরবরাহ সুনিশ্চিত করতে অঙ্গীকারবদ্ধ;

(খ) সত্যি হলে, বর্তমানে নলবাহিত ওই পানীয় জল প্রাপকের সংখ্যা কত; এবং

(গ) ওই জল অপচয় বন্ধে সরকার কী কী ব্যবস্থা নিয়েছে/নিচ্ছে?

জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়

(ক) হ্যাঁ।

(খ) নলবাহিত পানীয় জল প্রাপকের সংখ্যা ৩,৬৮,৭৮,৫৯৪।

(গ) জল অপচয়রোধ জনস্বাস্থ্য কারিগরী দপ্তরের নিয়মিত নজরদারির অধীন। এই দপ্তরের জল সংরক্ষণ সংক্রান্ত সচেতনতা অভিযানের অন্তর্ভুক্ত কর্মসূচীগুলো হলঃ- জেলা, ব্লক এবং গ্রামপঞ্চায়েত স্তরে কর্মশালা, স্কুল এবং অঙ্গনওয়াড়ী স্তরে ছাত্রদের সচেতনতা শিবির, ভ্রাম্যমান প্রচারগাড়ী, দেওয়াল লিখন, ব্যানার লাগানো এবং প্রচারপত্র বিলিকরণ, কেব্‌ল্ চ্যানেলের মাধ্যমে প্রচার, বাসের মাধ্যমে প্রচার ইত্যাদি।

উপরোক্ত সচেতনতা অভিযানের আশানুরূপ ফলও পাওয়া যাচ্ছে।

বন্ধ কলকারখানার শ্রমিকদের পেনশন প্রদান

*১৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৮) **শ্রী আব্দুল খালেক মোল্লা ঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ৩১শে ডিসেম্বর, ২০১৯ সাপেক্ষে রাজ্যে বন্ধ কলকারখানার শ্রমিকদের কত টাকা করে পেনশন প্রদান করা হয়েছে; এবং

(খ) উক্ত পেনশন প্রাপকের সংখ্যা কত?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় ঃ

(ক) রাজ্যে বন্ধ কলকারখানার শ্রমিকদের পেনশন প্রদানের কোন ব্যবস্থা নেই। ভারতের অন্য কোন রাজ্যেও এই ধরণের কোন পেনশান দেওয়ার ব্যবস্থা নেই। তবে পশ্চিমবঙ্গে বন্ধ কলকারখানার শ্রমিকদের ফাউলোই (FAWLOI) প্রকল্পের অধীনে প্রতি মাসে আর্থিক সহায়তা প্রদান করা হয়।

৩১শে ডিসেম্বর, ২০১৯ সাপেক্ষে এই আর্থিক সহায়তার পরিমাণ মাসিক ১৫০০ টাকা। কোন কারখানা সাময়িকভাবে বন্ধের এক বছর পর থেকে এই আর্থিক সহায়তা দেওয়া হয় ; আবার ঐ কারখানাটি খোলার দিন থেকে পরবর্তী এক বছর সময় পর্যন্ত ঐ অনুদান চালু থাকে।

তবে মাননীয়া মুখ্যমন্ত্রীর নির্দেশে চা-শিল্পের ক্ষেত্রে কারখানা সাময়িক বন্ধের তিন মাস পর থেকে এবং পাট-শিল্পের ক্ষেত্রে কারখানা সাময়িক বন্ধের ছয় মাস পর থেকে ঐ আর্থিক সহায়তা দেওয়া হয়।

এ ছাড়াও বন্ধ কলকারখানার শ্রমিকদের পুজা/ঈদ উপলক্ষে বাৎসরিক এককালীন ১৫০০ টাকা অনুদান দেওয়া হয়।

(খ) উক্ত ফাউলোই (FAWLOl) প্রকল্পের অধীনে আর্থিক সহায়তা প্রাপকের সংখ্যা ২২,১৫৮।

Mr. Speaker : Questions Hour is Over.

LEAVE OF ABSENCE UNDER RULE 242

Mr. Speaker : Hon'ble Members, I have received an application from Shri Ajit Ray desiring permission of the House to remain absent from the sittings thereof under Clause (4) of Article 190 of the Constitution of India. I read it out.

'মহাশয়,

আগামী ১০.০২.২০২০ তারিখ থেকে ১৭.০২.২০২০ তারিখ পর্যন্ত আমার নিজের চিকিৎসার কারণে আমি কলকাতার বাইরে মুম্বাই, মহারাষ্ট্র-এ থাকবো। এই সময়কালের মধ্যে বিধানসভা অধিবেশন সহ কোন কমিটি সভায় উপস্থিত থাকা আমার পক্ষে সম্ভব হবে না। তাই উক্ত দিনগুলিতে ছুটি মঞ্জুর করিলে বাধিত হইব।'

কলকাতা, ফেব্রুয়ারী ৫, ২০২০

Mr. Speaker : There is no dissident voice. I declare that Shri Ajit Ray has the permission of the Assembly to remain absent from the sittings of the House for the period from 10th February, 2020 to 17th February, 2020.

CALLING ATTENTION

Mr. Speaker : Today, I have received Four(4) notices of Calling Attention on the following subjects, namely:

	Subject	**Name**
(i)	Urge for re-construction of Bridge over river Shaali at Routara	Shri Sujit Chakraborty
(ii)	Urge for repairing of Harbhanga Bridge over river Nunia at Raniganj	Shri Runu Dutta
(iii)	Urge for repairing of roads from Kantamari High School More to Kantamari Bazar Jetty Ghaat and from Katkhali to Shikir Haat	Shri Ram Sankar Halder
(iv)	Urge for construction of an Over Bridge near Bhyabla Rail Gate in Basirhat Dakshin Assembly Constituency.	Shri Rafikul Islam Mondal

I have selected the notice of Shri Ram Shankar Halder on the subject of Urge for repairing of roads from Kantamari High School More to Kantamari Bazar Jetty Ghaat and from Katkhali to Shikir Haat.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : স্যার, আমি সংশ্লিষ্ট মাননীয় মন্ত্রীকে জানিয়ে দেব। পরবর্তীতে এই সদনে তার উত্তর দেওয়া হবে।

মেনশান

শ্রী মহসিন আলি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই ভগবানগোলা বিধানসভার অন্তর্গত দুটি ব্লক স্বাস্থ্য কেন্দ্র আছে। স্বাস্থ্য কেন্দ্রটির মূল বিল্ডিং তৈরি হয়েছিল ছ'য়ের দশকে শেষের দিকে। এখানে ওষুধের স্টোর রুম আছে। ছাদ নষ্ট হয়ে যাওয়ার জন্য বর্ষার সময় জল পড়ে। এর ফলে স্টোর রুমের ওষুধগুলো নষ্ট হয়ে যায়। রোগীদের চিকিৎসা করতে বর্ষার সময় খুব অসুবিধা হয়। সেই জন্য দুটো স্বাস্থ্য কেন্দ্রের বিল্ডিং দুটি নতুন করে তৈরি করার জন্য দৃষ্টি আকর্ষণ করছি। এর সঙ্গে সঙ্গে জানাই ডাক্তার, নার্স এবং কর্মচারী যাঁরা থাকেন তাঁদের আবাসন গুলির ছাদ থেকে বৃষ্টির জল পড়ার জন্য তাঁরা ঠিকমতো থাকতে পারেন না। এর ফলে রোগীদের পরিষেবা পাওয়ার ক্ষেত্রে অসুবিধা হয়। এই বিষয়টি মাননীয় স্বাস্থ্য বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই বিল্ডিং দুটো নতুন করে করা হয়।

শ্রী প্রদীপ কুমার সাহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে জানাই রাজ্য সরকার সম্প্রতি অস্থায়ী কর্মচারীদের ৬০ বছর চাকরির কথা ঘোষণা করেছেন এবং তাদের কিছু বেতন বেড়েছে। এখন পঞ্চায়েতের কিছু স্টাফ আছে এম.জি.এন.আর.ই.জি.এস. প্রকল্পে জি.আর.এস., যারা গ্রাম রোজগার সহায়ক। এরা উচ্চমাধ্যমিকে বিজ্ঞান বিভাগে ৫০ পার্সেন্ট মার্ক্স নিয়ে এবং কম্পিউটার ডিপ্লোমা নিয়ে চাকরিতে জয়েন করেছে। এরা এস.টি.পি. অর্থাৎ স্কিল টেকনিক্যাল পার্শন, যারা গ্রাম পঞ্চায়েতে কাজ করছে। পঞ্চায়েতে কিছু ডাটা অপারেটর আছে যাদের বলা হয় ডি.এল.ই.। এদের বিষয়ে এখনও পর্যন্ত রাজ্য সরকার কোনো উচ্চবাচ্য করছে না। আমি এই বিষয়টা দেখার জন্য সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয়ের কাছে অনুরোধ করছি যে রাজ্য সরকার যেভাবে সিদ্ধান্ত নিয়েছে, সেই সিদ্ধান্তের শরিক যাতে এরা হতে পারে এই আবেদন রাখছি।

শ্রীমতী শ্যামলী প্রধান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ৮.২.২০২০ বীরভূম জেলার মহম্মদ বাজার এলাকায় আদিবাসী মহিলাকে ধর্ষণ করে জঙ্গলে ফেলে চলে যায়। এই মহিলাটি ঝাড়খণ্ড এলাকার। যদিও পুলিশ দুজনকে চিহ্নিত করেছে, আমার দাবি হচ্ছে তাদের দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়া হোক এবং আদিবাসী আইনে যা আছে, আমাদের বীরভূম জেলায় ক্ষণে-ক্ষণে আদিবাসী মহিলাদের ধর্ষণ করা হচ্ছে। তাদের সুরক্ষিত করার ব্যবস্থা করা হোক।

শ্রী রুনু দত্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই প্রাক্তন মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায়ের সহযোগিতায় গড়েওঠা রানিগঞ্জ মারোয়াড়ি রিলিফ সোসাইটি নামে একটি হসপিটাল দীর্ঘদিন ধরে এলাকায় গরিব মানুষদের ভরসা এবং ন্যূনতম চিকিৎসা পরিষেবা দিয়ে আসছিল। বর্তমানে ওয়েস্ট বেঙ্গল ক্লিনিক্যাল অ্যাক্ট, ২০১৭ আইন করে হসপিটালটি বন্ধ করে দেওয়া হয়েছে। রানিগঞ্জে একটি প্রাথমিক

চিকিৎসা কেন্দ্র আছে। ফলে গরিব মানুষদের চিকিৎসা পাওয়ার জন্য অন্যত্র হন্যে হয়ে ঘুরতে হচ্ছে। তারা মারাত্মক ভাবে অসুবিধার মধ্যে পড়েছে। স্যার, অনেক নার্সিং হোম, হসপিটাল আছে যেখানে এই আইন লঘু করে হসপিটালগুলোকে চালানো হচ্ছে। এমনকি সরকারি ক্ষেত্রেও তাই। সেখানে সরকারি হসপিটাল গুলিতে ডাক্তার এবং নার্সদের সংখ্যা স্বাভাবিকভাবে কম আছে, অথচ এই একই কারণে মারোয়াড়ি রিলিফ সোসাইটি হসপিটালটিকে বন্ধ করে দেওয়া হয়েছে। আমি আবেদন করছি অবিলম্বে যাতে হসপিটালটিকে চালু করা হয়। ওখানে প্রায় সব মিলিয়ে ২০০ মতো ডাক্তার, নার্স, কর্মচারী কাজ করত। তাদের কাজটা বন্ধ হয়ে গিয়েছে। এলাকার মানুষ খুব অসুবিধার মধ্যে পড়েছে।

শ্রী রফিকুল ইসলাম মন্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বিধানসভার মধ্যে হাসনাবাদ ব্লকে মুরাইশা গ্রাম পঞ্চায়েতে সদরপুর মৌজার বৈদ্যর কোনা থেকে জলসেরিয়া মৌজার বটতলা পর্যন্ত একটি রাস্তা আছে। রাস্তাটির অবস্থা খুবই খারাপ। প্রতিদিন এই রাস্তা দিয়ে হাজার হাজার মানুষ চলাচল করে। এটি সুন্দরবন এলাকার মধ্যে। আমি সুন্দরবন দপ্তরের মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব যদি আর.সি.সি. রোড বানিয়ে দেন তাহলে এলাকার মানুষ খুব উপকৃত হবে।

[12:10 – 1:30 p.m.(Including Recess)]

শ্রীমতী জাহানারা খান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনারা মাধ্যমে আমি মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা চুরুলিয়ার বড়কোলা ঘাট, হিজলগোড়া পঞ্চায়েতের দরবাডাঙ্গা ঘাট এবং চিচুড়িয়া পঞ্চায়েতের বাউড়িয়া সিদ্ধপুর ঘাট হইতে রাতের অন্ধকারে প্রত্যেকদিন আড়াইশো, তিনশো করে এক একটা ঘাট থেকে অবৈধভাবে বালি পাচার হচ্ছে এত বালি পাচার করার ফলে রাস্তাঘাটের অবস্থা খারাপ হয়ে যাচ্ছে। সব থেকে দুঃখের বিষয় যে চুরুলিয়ার বড়কোলা ঘাট এবং দরবাডাঙ্গা ঘাটে বিগত দিনের পি.এইচ.ই'র করা পানীয় জলের প্রকল্প আছে। বালি থাকলে সেখান থেকে পি.এইচ.ইর জলাধারগুলোতে জল থাকে। এই জলাধারের পাশ থেকে যে ভাবে বালি মাফিয়ারা বালি উত্তোলন করছে তার ফলে এখনই, এখান থেকে জলের পরিমাণটা কম হচ্ছে। তাই আমি আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি, আমরা বি.এল.আর.ও-কে বারবার বলা সত্বেও তিনি কোন কর্ণপাত করছেন না। এটার সঙ্গে শাসকশ্রেণীর বহু লোক জড়িত আছে। এই জন্য বলছি বালি মাফিয়াদের এই সমস্ত কার্যকলাপ বন্ধ করা হোক এবং পানীয় জল যাতে সুরক্ষিত থাকে সেই ব্যবস্থাও করা হোক।

শ্রী রামশংকর হালদার : স্যার, আপনার মাধ্যমে সুন্দরবন অঞ্চলের নদীতে ও খাড়ি নদীতে হাজার হাজার মৎস্যজীবী পরিবার সরকারি পাশ নিয়ে যন্ত্রচালিত নৌকোর সাহায্যে মাছ ধরতে যায়, মাছ, কাঁকড়া, মধু সংগ্রহ করতে যায়। এটাই হচ্ছে সুন্দরবন অঞ্চলের অর্থনৈতিক দিক থেকে পিছিয়ে পড়া একটা বড় অংশের মানুষের সবচেয়ে বড় জীবিকা। কিন্তু স্যার, গত এক বছর যাবৎ যন্ত্রচালিত নৌকোগুলো সুন্দরবনের নদীতে ঢুকতে দেওয়া হচ্ছে না। ফলে হাজার হাজার মৎস্যজীবী পরিবার আজকে বিপন্ন। এখন সরকারের এই তুঘলকি সিদ্ধান্ত - পরিবেশ দূষণের

নামে বলছেন - কলকাতায় তো আর পরিবেশ দূষণের নামে গাড়ি বন্ধ করা যায় না। হাজার হাজার মৎস্যজীবীদের বিকল্প কর্মসংস্থানের ব্যবস্থা না করে এগুলো বন্ধ করা হচ্ছে। আমি বলছি স্যার, হয় বিকল্প কর্মসংস্থান আর না হলে এদের দূষণহীন যন্ত্র দিয়ে অন্তত মাছ ধরার ব্যবস্থা করা হোক। সেই সিদ্ধান্ত নেওয়া হোক এই আবেদন আমি আপনার কাছে রাখছি।

শ্রী সুজিত চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় বনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বড়জোড়া বিধানসভার একটা জ্বলন্ত সমস্যা হল হাতী। আমার আগে যাঁরা এখানে বিধায়ক হয়ে এসেছিলেন তাঁরাও বলেছেন। বর্তমানে একটা মারাত্মক ঘটনা ঘটছে, সেটা হল আজকেও ওই এলাকায় আটটা হাতী আছে। ওই এলাকাতে একটা স্পেসিফিক হাতী গত বেশ কয়েক মাস ধরে প্রায় ৬জনকে হত্যা করল আক্রমণ করে। প্রচুর ঘরবাড়ি ভেঙ্গেছে। ফসলেরও ক্ষতি করছে। বন দপ্তরকে বলা হয়েছে, আমার বিধানসভা এলাকায় তিনটে রেঞ্জার আছে তাদের কাছেও জানানো হয়েছে কিন্তু বনদপ্তর কোনরকম কোন স্টেপ নিচ্ছে না। কয়েকদিন আগে ৫ই ফেব্রুয়ারী ওই বিধানসভা এলাকার বাহাদুর বাউড়ি নামে একজনকে মাঠ থেকে তুলে নিয়ে গিয়ে মারল। এই রকম পরিবেশ, পরিস্থিতি তৈরি হয়েছে। একটা হাতীই এই রকম ঘটনা ঘটাচ্ছে। দীর্ঘদিন ধরে এই হাতীর উৎপাত চলছে এবং মানুষ অতিষ্ঠ হয়ে গেছে। আমার দাবি হচ্ছে ওই এলাকা থেকে হয় হাতীকে অন্যত্র সরিয়ে নিয়ে যেতে হবে, আর তার সাথে হল ওই যে স্পেসিফিক হাতী, যে হাতী মানুষ মারছে, ওই হাতীকে ফায়ারিং -এর অর্ডার দিতে হবে বন দপ্তরের পক্ষ থেকে। এটাই আমার বক্তব্য।

শ্রী আমজাদ হোসেন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে জানাই, মাননীয় মন্ত্রী উপস্থিত আছেন আমি ওঁর দৃষ্টি আকর্ষণ করছি। উনি নিজেও এটা নিয়ে বিব্রত আছেন, আমাদের সাথে আলাদা করে কথা বলেন। কথাটা হল ভোকেশানাল শিক্ষকদের বিষয়ে। আমাদের দু রকম ভোকেশনাল শিক্ষা ব্যবস্থা আছে। একটা হল অষ্টম শ্রেণী উত্তীর্ণ, আর একটা হল উচ্চমাধ্যমিক। এই দু'রকম ভোকেশনাল শিক্ষাতে যে শিক্ষকরা নিয়োজিত আছেন, আপনি দেখেছেন বাজেটে যে এটাকে উৎসাহিত করা হয়েছে।

আই.টি.আই. থেকে শুরু করে ভোকেশনাল শিক্ষাব্যবস্থাকে এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা হচ্ছে। স্যার,আপনারা দেশের বাজেটও দেখেছেন এবং অর্থমন্ত্রীও বলেছেন যে দেশের কর্মহীনতা কোন জায়গায় যাচ্ছে।সেই জায়গা থেকে বেরিয়ে এসে যাতে স্ব-রোজগার করতে পারে ছেলেমেয়েরা সেটা দেখা উচিত।সেই জায়গায় দাঁড়িয়ে যাঁরা শিক্ষার দায়িত্ব নিয়েছেন সেই শিক্ষকদের বেতনক্রম হল ১২০০ টাকা থেকে ৯০০০টাকা। এই শেষ ৯ বছরে মাত্র একবার মন্ত্রী তাদের দশ টাকা মাইনে বাড়িয়েছেন। স্যার, এই বিষয়টা তামাসাতে পরিণত হয়েছে। স্যার, এখানে মাননীয় মন্ত্রী আছেন, আমি ওনার দৃষ্টি আকর্ষণ করছি এই ব্যাপারে। এই শিক্ষকরা ওঁনার ভবনের সামনে ধর্ণা দিচ্ছেন। এটা নিয়ে মাননীয় মন্ত্রী কিছু বলুন এবং এই বিষয়ে যদি উনি কিছু সুরাহা করেন,এদের বেতনক্রম বৃদ্ধি করেন, চাকরী নিশ্চিত করেন,স্থায়ীকরণ করেন তাহলে এই শিক্ষকরা উপকৃত হবেন।

শ্রী সমর হাজরা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার জামালপুর বিধানসভা কেন্দ্রের নবগ্রাম প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র একটা গুরুত্বপূর্ণ স্বাস্থ্যকেন্দ্র যেটি হাওড়া বর্ধমান কর্ড লাইনের একেবারে নবগ্রাম স্টেশনের কাছে এবং এন.এইচ. (২) এর কাছাকাছি অবস্থিত। প্রতিদিনই দুর্ঘটনা ঘটছে। হসপিটালে নিয়ে যাওয়া হচ্ছে। এর আগে ২০১৭ সালের মেনশানে মাননীয়া মন্ত্রী দশটি বেড চালু করলেন। দুজন ডাক্তারের পোস্টিং হল। কিছু নার্স দেওয়া হল। হঠাৎ করে এই ডাক্তারদের তুলে নেওয়া হল। একবার মেনশানে বিছানাপত্র পাতা হল,আর একবার মাননীয়া মন্ত্রীর কাছে মেনশান করছি যাতে এই দশ বেডের হাসপাতালটি দিবারাত্র চালু হয় এই দাবি রাখছি।

.....(At this stage, the House was adjourned till 1.30 p.m.).....

[1:30 – 1:40 p.m.]

After Adjournment

GOVERNMENT BUSINESS

Discussion on Governor's Address

মিঃ স্পিকার : .... আমি মাননীয় পরিষদীয় চিফ্ হুইপ্‌কে বলব, মাননীয় মন্ত্রীরা যাঁরা রয়েছেন, তাঁদের ভেতরে আসতে বলুন প্লিজ।

...... (গোলমাল) ......

শ্রী অসিত মিত্র : আমি বলছি না স্যার। একটা মিনিমাম জেস্চার আছে স্যার।

...... (গোলমাল) ....

... (এই সময় বেশ কয়েকজন মাননীয় সদস্য/সদস্যাগণ ওয়েলে নেমে আসেন।) ......

মিঃ স্পিকার : মাননীয় সদস্যরা প্লিজ্ আপনারা নিজের জায়গায় বসুন। মনোজবাবু আপনি আপনার জায়গায় বসুন। আই উইল্ রিকোয়েষ্ট্ দ্য অনারেব্‌ল্ মেম্বার্স টু গো টু দেয়ার রেসপেক্টিভ্ সিট্স্। তাপসবাবু আপনি জায়গায় যান। মনোজবাবু আপনি জায়গায় বসুন, প্লিজ্ প্লিজ্। .... (গোলমাল) ...... আপনারা প্লিজ্ নিজের নিজের জায়গায় বসুন ...... (গোলমাল) ..

... (এই সময় কংগ্রেস পরিষদীয় দলের মাননীয় সদস্যগণ এবং বামফ্রন্টের মাননীয় সদস্যগণ ওয়েলে নেমে চিৎকার করতে থাকেন।) ...

... (গোলমাল) ...

মিঃ স্পিকার : প্লিজ সুজনবাবু আপনি বসুন, প্লিজ আপনারা বসুন। অসিতবাবু আমি আপনার নাম ডেকেছি, আপনি বলুন।

... (গোলমাল) ...

মিঃ স্পিকার : এটা বাঞ্ছনীয় নয়। যারই হোক it is not desired। আপনারা বসুন, প্লিজ আপনারা বসুন। অসিতবাবু আপনি বলুন।

... (গোলমাল) ...

It is not at all desired। সে যেই হোন না কেন এটা বাঞ্ছনীয় না। অসিতবাবু এবার আপনি বলুন। সুজনবাবু আলোচনাটা শুরু হতে দিন।

... (গোলমাল) ...

[1:40 – 1:50 p.m.]

ডঃ সুজন চক্রবর্তী : আপনি হাউসে ছিলেন। পরিষদীয় মন্ত্রী ছিলেন না। আমার ধারণা থাকলে তিনিও নিশ্চয়ই বুঝতেন যে, কেন এমনটা হচ্ছে। মন্ত্রীরা কেউ নেই তাই স্বাভাবিকভাবেই মনোজবাবু বলেছেন যে, মন্ত্রীরা সবাই না আসলে হয় না। আপনিই অর্ডার দিয়েছেন চিফ হুইপকে ডেকে নিয়ে আসতে। ন্যাচারাল্যি সবাই মিলে বলেছি, এটাই স্বাভাবিক। তার পরে বাকিরা কেউ কেউ এসেছেন এবং আসার পরে ও বলেছে কি ব্যাপার আপনি পরিষদীয় মন্ত্রী, আপনিও নেই। তার যে রেসপন্স হয়েছে এটা কি আদৌ ডিসায়ারেব্‌ল্? আপনি বলছেন ডিসায়ারেবল নয়। কারেক্ট। যদি ডিস্‌য়ারেব্‌ল্ না হয় তাহলে যার দিক থেকে সেটা ডিস্‌য়ারেব্‌ল্ না হল সে দুঃখ প্রকাশ করতে পারবে না? হাউস তো আমাদের নিজেদের। আমরা সবাই তো মেম্বার। এখানে বারতি কি আছে? এখানে কি ধমক পাল্টা ধমক চলতে পারে? স্যার, আপনি বলুন। আপনি নিশ্চয়ই বুঝেছেন স্যার। হাউস কেউ বয়কট করতে আমরা চাই না। কখনও চাই না। কিন্তু বাধ্য করবেন না।

... (গোলমাল) ...

মিঃ স্পিকার : শুনুন আমিও চাই হাউসটা চলুক এবং আপনারা সবাই পার্টিসিপেট করবেন। পার্থবাবু বলুন, পার্থবাবু বলুন।

ডঃ সুজন চক্রবর্তী : তাহলে আপনি যখন বলেছেন বাঞ্ছনীয় নয় তাহলে আপনার কথার লজিকাল কনক্লুশান হচ্ছে অন্ততঃ দুঃখ প্রকাশ করবে। এটা আপনার কথার লজিকাল কনক্লুশান। আমরা ধারণা পরিষদীয় মন্ত্রী আছেন দেখুন এটা হওয়া উচিত। এটা হাউস। এটা হওয়া উচিত।

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, প্রথম কথা বলি যে, আমি আমার দপ্তরের ভেতরেই ছিলাম। আপনাদের অনেকে গিয়ে যদি আমাকে দেরি করিয়ে দেন তাহলে আর কি করব? তারা গিয়ে দাঁড়িয়ে থাকছে ও বলছে দরকার এবং আমি যতটা শুনলাম যে চন্দ্রিমারও কাছে আপনারা গিয়েছিলেন এবং সেই কারণে সে আসতে দেরি করেছে। কিন্তু এটা কোন কারণ নয়। মাননীয় অধ্যক্ষ এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেছেন, আমরা নিশ্চয়ই আমাদের সংশ্লিষ্ট মন্ত্রীদের বলব সময়মত যেদিন অন্ততঃ যার প্রশ্ন থাকবে সেই দিনটা সারাদিন থাকলেই হয়তো

হয়ে যায়। এটা এমন কিছু নয়। বিগত দিনেও আমি ঐ চেয়ারে বসেছি এবং ওইখানে ছিলাম। আবার আমার প্রথম দিককার সহকর্মী তো মনোজ ছিল তখন চেঁচাতে পারত না এখন বেশি করে চেঁচাচ্ছে। ...(গোলমাল)... আবার একচোট চেঁচিয়ে দিল। আমি বললাম এইরকম উত্তাপ থাকলে ভালোই লাগবে কিন্তু উত্তাপটা যেন একেবারে সৌজন্যতাকে ছাড়িয়ে না যায়। ...(গোলমাল)... মনোজ, মনোজ আমায় বলতে দাও। আমি বলছি যে এই উত্তাপ থাকা ভালো কিন্তু সেই উত্তাপ যেমন নিয়ন্ত্রিত উত্তাপ হয়। আমি অধ্যক্ষ মহোদয়কে বলব নিশ্চয়ই আমি দেখব যাতে আমাদের মন্ত্রীরা উপস্থিত থাকতে পারেন। শুধু কোটায় নয় অন্ততঃ এই বিধানসভায় এসে তারা কারণ অনেক বিধায়কের কাজও থাকে। দপ্তর সম্পর্কে বিভিন্ন কাজ নিয়ে তারা আসে এই বিধানসভাকে কেন্দ্র করে। সুতরাং যদি কোথাও ভুল বোঝাবুঝি হয়ে থাকে সেটা বাঞ্ছনীয় নয়। আর এরকম আমি কোনো দিন শুনিনি যে, আপনারা বলছেন দুঃখ প্রকাশ করতে হবে এম.এল.এ.কে এটা কোনো দিনই করতে হয় নি। কিন্তু দুঃখিত হয়েছি আমরা সবাই সবার ব্যবহারে। আপনারা যেরকম ভাবে চিৎকার করছেন বসে বসে এবং স্পিকার বলা সত্ত্বেও সবাই মিলে সেটাও কিন্তু মোটেই স্পিকারের আসনের প্রতি সৌজন্যতা প্রকাশ হচ্ছে না। তবুও আমাদের করতে হয় আমরা যখন থাকি। আমরাও করেছি একটা সময়। আমি আপনাকে বলছি বিষয়টা আমাদের দৃষ্টিতে এসেছে এবং যাতে এই ধরনের ঘটনার পুনরাবৃত্তি না হয় সেদিকে যথেষ্ট সতর্ক থাকব।

মিঃ স্পীকার : এবার অসিতবাবু আপনি প্লিজ স্টার্ট করুন। শুনুন আমি একটা কথা বলছি যে, সত্যি কথা বলতে গেলে এটা বাঞ্ছনীয় না। পার্থবাবু তো বললেন এই কথাটা। এই ঘটনাটা,

...(গোলমাল)...

শ্রী মনোজ চক্রবর্তী : মাননীয় পার্থবাবু আপনি এখানে আছেন, আপনাকে কী বলা হয়েছে আমি জানি না। আমি বলি, আমি যখন এখানে এসেছি তখন এখানে মন্ত্রীরা উপস্থিত ছিলেন না। আমি আমার প্রথামাফিক এবং নিয়ম মেনে -...(Noise)...আপনি ছিলেন নাতো আপনি কেন কথা বলছেন ? কোনো মন্ত্রী ছিল না। কেন এরকম করছেন ?

... (এই সময় মাননীয় সদস্য ডঃ সুজন চক্রবর্তী দাঁড়িয়ে কিছু বলে ওঠেন।)...

মিঃ স্পিকার : প্লিজ, ওনাকে বলতে দিন। সুজনবাবু আপনিও ছিলেন না। আপনি পরে ঢুকেছেন। আমি এখানে এসে চেয়ারে বসার দু'মিনিট পর আপনি এসেছেন। আমি লক্ষ্য করেছি। আপনিও ছিলেন না।

শ্রী মনোজ চক্রবর্তী : আমি এখানে, যখন কোনো মন্ত্রীরা সমস্ত ছিলেন না, দু'তিন জন ছিলেন। আমি যখন কোয়েশ্চেনটা raise করি, স্যারও বলেন, অসিতদা বলে, তখন ডাকতে বাধ্য হয়, আসে। ঠিক আছে। তার পরে তাপস রায় এখানে ঢুকছেন। মোবাইল কানে কথা বলতে বলতে। আমি বললাম, তুমি পরিষদীয় মন্ত্রী, তুমি তাড়াতাড়ি এসে বস। মোবাইল কানে কথা বলতে বলতে উনি ঢুকেছেন। তখন আমি ...(এই সময় শ্রী নেপাল মাহাতোকে সরতে বলে শ্রী মনোজ চক্রবর্তী বলেন, "এই পরে কথা বলবে, সরো তো")... তখন ওনাকে বললাম যে

এবং মন্ত্রী হিসাবে বললাম তাপসদা তুমি এখানে তাড়াতাড়ি এসে বসো। উনি তেড়ে চলে এলেন। মারতেই চলে এলেন। একদম মারতে চলে এলেন। তখন আমাদের সদস্যরা নেমেছে। এইটা - আমি যেটা বলছি সেইটা সত্যি কথা। আপনাকে কি বলা হয়েছে। সেটা ট্যুইস্ট করা কথা। অতএব আমি বলব, সৌজন্যতার খাতিরে ওনাকে apology চাইতে হবে। Parliamentএও apology চেয়েছে গত সাতদিন আগে। মন্ত্রী হলে কি নিজে ভগবান হয়ে যাবে নাকি। মন্ত্রী তো আমিও ছিলাম। মন্ত্রী বলে ভগবান নাকি ? মন্ত্রী হলেও apology চাইতে হবে। বলতে হবে হ্যাঁ, আমার আচরণ ভুল হয়েছে। তবে আমরা করবো, নয়তো আমরা বেরিয়ে যাবো।

শ্রী তাপস রায় : এটা ঘটনা আমি ১.৩১এ ঢুকি। আমি গেটেই ছিলাম। একটা জরুরী ফোন এসেছিল। আমি মাননীয় স্পীকার ঘর থেকে একসঙ্গেই start করি। মাননীয় স্পীকার স্যার, সেটা নিশ্চই জানবেন। এবং এখানে সকলের সামনে যাঁরা ছিলেন। যাঁরা ছিলেন না, বলছেন, তাদের সম্বন্ধে আমি বলছি না। যাঁরা ছিলেন তাঁরা বলবেন কে অশ্রাব্য কথাবার্তা, অসৌজন্যমূলক কথাবার্তা এবং চিৎকার। সঠিক চিৎকারই করেছেন মন্ত্রীরা - সঠিক চিৎকারই করেছেন মন্ত্রীরা ছিল না। কিন্তু - ভাই আমাকে তো বলতে দেবেন নাকি ? আমারওতো রাইট রয়েছে। আমি প্রথমতো এই সদনের সদস্য। তার পরে প্রথমে কিন্তু আমি হাসি। তার পরে আমি দেখি যে, উনি কটাক্ষ করছেন। এবং এটা কিন্তু স্যার কিউমুলেটিভ আমি বলছি। রেগুলার করছে। যে ধরণের আক্রমণ, কটাক্ষ, ভাষা শব্দ ব্যবহার করে, তার এটা কিউমুলেটিভ এফেক্ট হয়েছে আজকে, এক। দুই হচ্ছে, তারপরে আজকে বলুক এখানে যারা ছিলেন আমাদের তরফে না, ওদের তরফের প্রথম কে নেমে এসে তাড়া করে। ও কি মনে করেছে নেমে এসে মারতে আসবে আর আমি এখানে দাঁড়িয়ে থাকবো ? আমি দাঁড়িয়ে থাকবো ? ...(নয়েজ)... প্রথমে নামলো, নেমে তাড়া করলো। মারতে আসছে তেড়ে - আমি তখন স্যার, তেড়ে গেছি এবং এগিয়ে গেছি।

মিঃ স্পিকার : বসুন। আমি একটা কথা বলি মনোজবাবু। মনোজবাবু বসুন না প্লিজ। শুনুন, প্লিজ।

ডঃ পার্থ চ্যাটার্জী : আমি একটা কথা আবার আপনাদেরকে বলছি। যে ঘটনা যেটা ঘটেছে তার পুনরাবৃত্তি যাতে না হয় সে ব্যাপারে সবারই সতর্ক থাকা উচিত। আমরা সবাই সতর্ক থাকব। এর পরে আবার আপনারা কেন এই জিনিসটা করছেন। শুনুন আমরাও সতর্ক থাকব।

মিঃ স্পিকার : আমি সবার কাছে আবেদন করব যে, আমাদের হাউস যেন সঠিকভাবে চলে এবং আমি বলব যে, সবাই নিজের আচরণ সম্বন্ধে যেন সংযত হোন। তাহলে হাউসটা ঠিকমতো চলতে পারে এবং এই ধরনের ঘটনার যেন পুনরাবৃত্তি না হয়।

...(এই সময় জাতীয় কংগ্রেস এবং বামফ্রন্টের মাননীয় সদস্য এবং সদস্যাগণ সভাকক্ষ ত্যাগ করেন।)...

[1:50 – 2:00 p.m.]

ডঃ পার্থ চ্যাটার্জী : স্যার, যারা আজকে এখানে এত কিছু করবার পরেও তারা মনস্থির করে আসেন, যে রকম আগে বিগত দিনে সরকারকে দেখেছি, সরকারি বন্ধ পালন না করলে ঘুম আসত না, এখানেও আমি দেখছি বিরোধীদের এত কিছু বলার পরেও তাঁরা যখন চলে যাচ্ছেন, তাঁরা তখন মনস্থির করেই এসেছেন যে বটগাছের তলায় গিয়ে ছবি তুলবেন, কিন্তু বিধানসভার ভিতরে এসে তাঁরা পার্টিসিপেট করেন না। আমি এবার তাঁদেরকে বলব যে অন্তত যদি তাঁরা না করেন, এর পর থেকে এবং বিধানসভার কার্যপ্রণালীতে অংশ গ্রহণ না করেন তাহলে এই বিষয়টাও আপনাকে ভেবে দেখতে হবে স্যার। শুধু আমরা রোজগার করবার জন্য এখানে আসি না, আমরা মানুষের কথা বলবার জন্য এখানে আসি।

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় অধ্যক্ষ মহোদয়, ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুযায়ী পশ্চিমবঙ্গের ষোড়শতম বিধানসভায় পঞ্চদশ অধিবেশনে পশ্চিমবঙ্গের রাজ্যপাল শ্রী জগদীশ ধনখড় যে ভাষণ দিয়েছেন এবং সেই পরিপ্রেক্ষিতে রাজ্য বিধানসভার রুল ১৬, সাব রুল ৩ অনুযায়ী, পরিষদীয় মন্ত্রী ডঃ পার্থ চট্টোপাধ্যায় যে ধন্যবাদসূচক প্রস্তাব এনেছেন, সেই প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য উপস্থাপিত করছি। স্যার, এটা রেসিপোকাল সাংবিধানিক বিধান। সংবিধানের বিধান অনুযায়ী রাজ্যপাল ভাষণ দেবেন। বিধানসভার বিধান, পরিষদীয় মন্ত্রী তাতে ধন্যবাদসূচক প্রস্তাব আনবেন। আমরা অত্যন্ত খুশী যে পশ্চিমবঙ্গের রাজ্যপাল, পশ্চিমবঙ্গের সম্ভাব্য অর্থনীতির অবস্থা, সামাজিক অবস্থা, রাজনৈতিক অবস্থা এবং কেন্দ্রের সার্বিক দূরাবস্থার কথা লক্ষ্য করে তার বক্তব্য উপস্থাপিত করেছেন। আমরা যখন রাজ্যপালের মুখ থেকে বক্তব্য শুনি, সাংবিধানিক তথা সংবিধানের প্রধান হিসাবে, তখন আমাদের ধরে নিতে হয় যে এটা রাজ্য মন্ত্রীসভা তথা জনগণের তথা আর্ত সামাজিক বন্দোবহের এক সামগ্রিক প্রতিফলন ঘটেছে। এই রাজ্যপালের ভাষণের মধ্যে। রাজ্যপালের ভাষণের যে অংশগুলো অর্থনৈতিক, যে অংশগুলো রাজনৈতিক, যে অংশগুলো প্রেক্ষাপট আমরা বিশ্লেষণ করলে দেখতে পাবো ভারতবর্ষের আজকের যে অর্থনৈতিক দুরবস্থার চিত্র, ভারতবর্ষের যে বেকারত্বের জ্বালার উর্ধগামিতা, ভারতবর্ষের কর্মহীনতার যে নিষ্ফল আয়োজন চলছে অর্থনীতিতে, ভারতবর্ষের উৎপাদনের ক্ষেত্রে ভারতবর্ষের মার্কেটিং-এর ক্ষেত্রে এবং ভারতবর্ষের প্রসেসিং বা প্রক্রিয়াকরণের ক্ষেত্রে এবং যে কারণে বুভুক্ষা চলছে, দারিদ্রতা চলছে, সেটাকে মাথায় রেখে যদি আমরা আমাদের রাজ্যপালের ভাষণকে বিশ্লেষণ করি তাহলে আমরা আমাদের রাজ্যের অর্থনীতির অবস্থা সম্যকভাবে অবহিত হতে পারব। স্যার, একদিকে অর্থনীতির অবস্থা দুই রাজনৈতিক বিক্ষোভ, সি এ এ, এন পি আর, এন আর সি এই তিনটে যন্ত্রদানব আজকে ভারতবর্ষে রাজনৈতিক মানচিত্র, ধর্মীয় নিরপেক্ষতা, বর্ণে বর্ণে সংহতি, লিঙ্গে লিঙ্গে যে সংহতি সমন্বয় তার সব কিছুকে ভেঙে চুরমার করে দিচ্ছে। স্যার, এটাই নিয়ম সংবিধানের। পশ্চিমবাংলার যিনি মুখ্যমন্ত্রী হন, এটা তার প্রেরোগেটিভ, মন্ত্রীসভা গঠন করার কেউ তাঁকে জিজ্ঞাসা করে না, কে মন্ত্রী হবে, কে মন্ত্রী হবেনা। এইটাই স্যার, গণতন্ত্রের বিধান। যিনি চীফ সেক্রেটারী তিনি একজিকিউটিভদের হেড,তাদের তিনি গভর্ণ করেন। এইটাই স্যার,

সংবিধানের প্রধান যিনি বিচার ব্যবস্থার সঙ্গে যুক্ত থাকেন তাঁকে কেউ প্রশ্ন করেনা, তিনি কেন রায় দিলেন। তেমনি স্যার, একটা সরকার যখন চলে, সেই সরকারের সার্বিক সামাজিক ও অর্থনীতির প্রতিফলন রাজ্যপালের ভাষণের মধ্যে প্রতিবিম্বিত হয়।

আমরা যদি রাজ্যের চলমান অর্থনৈতিক অবস্থা দেখি, কারণ আমরা দেখেছি, স্যার বঙ্কিম চন্দ্রের 'আনন্দমঠে'র কথা মনে আছে - 'মা যা ছিলেন', 'মা যা হইয়াছেন', 'মা যা হইবেন'। ২০১১ সাল পর্যন্ত 'মা যা ছিলেন', ২০১১ সাল থেকে আজকের দিন পর্যন্ত 'মা যা হইয়াছেন'। কালকে অর্থনীতিবিদ ডঃ অমিত মিত্র, বিত্তমন্ত্রী যে ভাষণ দিয়েছেন সেটা আগামীদিনে ' মা যা হইবেন'। সুতরাং রাজ্যপাল যার ওপরে বলেন সেটা visible, তাকে দেখাতে হয় না কারণ তা যা সম্পাদিত হয়েছে তার পর্যালোচনামূলক, অন্তর্বেক্ষণমূলক বিবৃতি। আর বাজেট হচ্ছে visible নয়, তাকে দেখাতে হয়। পার্থক্য এইখানে। রাজ্যপালের ভাষণ which happened, বাজেট ভাষণ হচ্ছে which is yet to be happened. আমাদের এই পার্থক্যটা বুঝতে হবে স্যার। সুতরাং এই যে রাজ্যপালের ভাষণ সেটা চলমান ঘটনাপ্রবাহ।এই রাজ্য অর্থনৈতিক ক্ষেত্রে কি উন্নয়ন করেছে, এই রাজ্য অর্থনৈতিক discipline কী এনেছে এবং এই রাজ্যের অর্থনৈতিক vision, mission এবং তার একটা সামগ্রিক হালচিত্র, চালচিত্র পাওয়া যায় রাজ্যপালের ভাষণে। আমরা progress বলি, আমরা উন্নয়ন বা development বলি। উন্নয়ন মানে কী - উন্নয়ন মানে হচ্ছে যা হবে steady, যা হবে stable, যা হবে sustainable, যা হবে uniform। আমার সারা শরীরের মধ্যে নির্দিষ্ট জায়গায় একটা growth হল, That invites cancer, Sir, that is not good health, আজকে ভারতীয় অর্থনীতিতে ৩৩টি পরিবারের মধ্যে পুঞ্জীভূত রাষ্ট্রীয় সমস্ত টাকা চলে গেল, this is not uniform growth, this is cancer. যা আজকের ভারতবর্ষের অর্থনীতি গ্রাস করেছে। সুতরাং আমি একটা উন্নয়ন করলাম, সেই উন্নয়ন sustainable হল না, থাকল না, চলে গেল বালি স্তূপের মত। জল এল, ভাসিয়ে নিয়ে গেল, ধাক্কা দিয়ে সরিয়ে দিল, সেটাকে উন্নয়ন বলে না স্যার। আমি একটা উন্নয়ন করলাম, যেমন আগে দিত সরকার GR, MR, TR ইত্যাদি, ইত্যাদি। That is not sustainable Sir. That is relief. That cannot be described as development. স্যার, আমরা যদি আমাদের রাজ্যপালের ভাষণকে বিশ্লেষণ করি, তাহলে দেখতে পাব একটা উন্নয়নের যে চারটে structure, যেমন democracy, তার judiciary, তার executive, যার মূল কথা freedom of speech, freedom of life, freedom of religion, তেমনি স্যার বাজেটকে আমরা বিশ্লেষণ করলে দেখতে পাব যে এটা sustainable কিনা, এটা stable কিনা, এটা uniform কিনা এবং এটা continuing কিনা, চলছে কিনা। সেইজন্য স্যার ২০১১ সাল থেকে যেখান থেকে আমরা শুরু করেছিলাম, রাজ্যপাল যেদিন পর্যন্ত ভাষণ দিয়েছেন তার একটি অর্থনৈতিক চিত্র, তার income, তার expenditure, তার যে গতি প্রকৃতি তা সদনে উপস্থাপিত করছি। স্যার, একটা রাজ্যের উৎপাদন ব্যবস্থাকে বুঝতে, তার গ্রস আভ্যন্তরীণ যে product তার চিত্র হচ্ছে প্রধান মাপকাঠি। ২০১১ সালে যখন আমরা শুরু করি তখন ৪.৭৪ কোটি টাকা আমাদের ছিল। ২০১৮-১৯এ ১১.৫৫ কোটি টাকা হয়েছে। আড়াই গুণ, 2.5 times, গুণ তা বৃদ্ধি পেয়েছে। স্যার, রাজ্য যোজনা খাতে ব্যয়, State

Planning ২০১০-১১তে ছিল ৮৩৮ কোটি, ২০১৮-১৯এ হয়েছে ১৯৮০কোটি ২০ লক্ষ টাকা। যাকে আমরা মূলধনী ব্যয় বলি স্যার।

[2:00 – 2:10 p.m.]

Which invites stable development, এই মূলধনী খাতে ব্যয় অর্থাৎ যাকে আমরা বলি ক্যাপিটাল একসপেন্ডিচার ২০১০-১১ সালে ছিল ২,২২৬ কোটি টাকা; আর ২০১৮-১৯ সালে সেটা হয়েছে ২৩,৭১৭ কোটি টাকা, অর্থাৎ এগারো গুণ বেশি হয়েছে। ভারতবর্ষের আর কোনো অঙ্গ রাজ্য এত লোন মাথায় নিয়ে এগারো গুণ বেশি ক্যাপিটাল একসপেন্ডিচার করতে পারেনি। স্যার, একসপেন্ডিচার দুই রকমের হয় - একটা হচ্ছে প্ল্যান একসপেন্ডিচার এবং আরেকটা হচ্ছে নন-প্ল্যান একসপেন্ডিচার। প্ল্যান একসপেন্ডিচার দশকের পর দশক একটা রাজ্যের স্ট্রাকচারকে স্টেডি করে, অর্থনীতিকে মজবুত করে। স্টেট প্ল্যান একসপেন্ডিচার ২০১০-১১ সালে ছিল ১১.৮৩৭ কোটি, আর ২০১৮-১৯ অর্থ বর্ষে সেটা হয়েছে ৭১.১৯৩ কোটি। অর্থাৎ যেখান থেকে আমরা শুরু করেছিলাম, সেখান থেকে এই ছয়-সাত বছরে আমরা ছয় গুণ বাড়িয়েছি। আমাদের রাজ্য হচ্ছে কৃষিপ্রধান রাজ্য। ডঃ ব্যানার্জী এখানে বসে আছেন, শুনলে তিনি মনে মনে আনন্দ পাবেন। Agriculture & Allied Expenditure, ২০১০-১১ সালে মাত্র ৩.২৯ কোটি টাকা এখানে অ্যালট ছিল। আর ডঃ ব্যানার্জী আপনি সৌভাগ্যবান, ২০১৮-১৯ সালে ২৮ কোটি ৩২ লক্ষ টাকা অ্যালট হয়েছে, অর্থাৎ আপনি নয় গুণ বেশি টাকা পেয়েছেন। আমাদের গ্রাম বাংলায় কথায় আছে 'নয়-ছয় ভাগ্যে হয়', আপনার ভাগ্য ভালো তাই আপনার নয় গুণ বৃদ্ধি হয়েছে। স্যার সোস্যাল সেকটর একসপেন্ডিচার- আমাদের যে সোসাইটি সেটা অনেক রকমের লোককে নিয়ে-এখানে মাইনরিটি আছে, এখানে আদিবাসী আছে, এখানে এস.সি আছে, এখানে এস.টি আছে, এখানে নানা রকমের কম্পোজিশান আছে। সোসাইটিকে যদি আমাদের ব্যালান্স ডেভোলপমেন্ট দিতে হয়, ইউনিফর্ম ডেভোলপমেন্ট দিতে হয় তাহলে সোসাল সেকটার একসপেন্ডিচারে আমাদের গুরুত্ব দিতে হবে। ২০১০-১১ সালে এই খাতে খরচ হয়েছিল ৬,৮৪৫ কোটি টাকা, বামফ্রন্ট সরকারের আমলে। আর ডঃ অমিত মিত্র, ২০১৮-১৯ সালে বরাদ্দ করেছিলেন ৩১,০৬০ কোটি টাকা, অর্থাৎ সাড়ে চার গুণ বেশি বরাদ্দ করেছে এই সোসাল সেকটার একসপেন্ডিচারে। একটা সমাজকে আর্থ-সামাজিক উন্নয়নে এগিয়ে নিয়ে যেতে গেলে সবাইকে নিয়ে এগোতে হবে।

স্যার রবীন্দ্র নাথের কথায় -
এসো ব্রাহ্মণ শুচি করি মন,
ধরো হাত সবাকার,
এসো হে পতিত করো অপনীত সব অপমানভার।
মার অভিষেকে এসো এসো ত্বরা
মঙ্গলঘট হয় নি যে ভরা,
সবারে-পরশে পবিত্র-করা
তীর্থনীরে
আজি ভারতের মহামানবের সাগরতীরে।

সুতরাং মাননীয়া মুখ্যমন্ত্রীর নেতৃত্বে অর্থমন্ত্রী অপনীতকে আজকে উত্থানের পথ দেখিয়েছিলেন, যেটা বিবেকানন্দ বলেছিলেন, গরীবের উত্থান। আজকে মমতা বন্দোপাধ্যায়ের সরকারের বাজেটে ছত্রে-ছত্রে, পত্রে-পত্রে, স্কন্ধে -স্কন্ধে সেটি রিফ্লেকট করেছে। স্যার আরেকটি কথা বলি, আমরা যখন ২০১১ সালে ক্ষমতায় আসি, ভঙ্গুর-এ কটা রাস্তা, না আছে কোনো স্ট্যাবল ইনফ্রাস্ট্রাকচার, একটা ফিজিকাল ইনফ্রাস্ট্রাকচার না থাকলে ইন্ডাস্ট্রি হয়না। একটা ফিজিকাল ইনফ্রাস্ট্রাকচার না থাকলে টাউনশিপ হয়না, একটা ফিজিকাল ইনফ্রাস্ট্রাকচারা না থাকলে শিল্পপতি আসেনা। ফিজিকাল ইনফ্রাস্ট্রাকচারের জন্য যেমন কৃষির দিকে তাকানো হয়েছে, তেমনই শিল্পের ক্ষেত্রে। সেইজন্য ফিজিকাল ইনফ্রাস্ট্রাকচার, সোসাল একসপেন্ডিচার ক্ষেত্রে জোর দেওয়া হয়েছে। ২০১০-১১ সালে এই খাতে আমরা খরচ করেছিলাম ১,৭৫৮ কোটি টাকা, আর ২০১৮-১৯ সালে এই খাতে আমরা খরচ করেছি ৯,০৫৫ কোটি টাকা। অর্থাৎ পাঁচ গুণ বৃদ্ধি পেয়েছে। স্যার, এবারে আসি এডুকেশান বাজেটের ব্যাপারে, শিক্ষার জন্য এই সরকার কতটা আগ্রহী এই ফিগার থেকেই তা বোঝা যাবে। স্যার, কেন্দ্রীয় বাজেটে আমি দেখছিলাম, গত আর্থিক বছরে ওরা ৯৬ হাজার কোটি টাকা খরচ করেছিলেন, আর এবারে ওরা বরাদ্দ করেছেন ৯৯ হাজার কোটি টাকা। আর এবারে দিয়েছে ৯৯ হাজার কোটি টাকা,4% বেশি,শতকরা চার টাকা বাড়িয়েছে।স্যার, আপনি আমাকে একটা কথা বলুন, ভারতবর্ষের মুদ্রাস্ফীতির হার কত ? 4.5। অর্থাৎ যে ব্রেঞ্চটা একটা স্কুল ১০০টাকা দিয়ে গতবারে কিনেছে,মুদ্রাস্ফীতি যদি 4.5 হয় তাহলে সেই বেঞ্চটাকে কিনতে হবে তাকে ১০৪টাকা ৫০ পয়সা দিয়ে। তাহলে বাড়ল চার টাকা, মুদ্রাস্ফীতি হল সাড়ে চার টাকা, তাহলে ফিজিক্যাল ডেভেলপমেন্ট কই? কিন্তু আমাদের বাজেট দেখুন, আমাদের যে ২০১১ সাল থেকে ২০১৮ সাল পর্যন্ত প্লেন বাজেট school education ২০১০-১১ সালে ৮২৯ কোটি টাকা খরচ করতেন বামফ্রন্ট সরকার। ২০১৮-১৯ এই আট বছরে আমরা ৭৫০০কোটি টাকা খরচ করেছি। সুতরাং কত গুণ বেশি ? Higher education, এ ২০১০-১১তে ১২০ কোটি টাকা খরচ হত Mr. Deputy Speaker, Sir. আর ২০১৮-১৯এ ৭২৫ কোটি টাকা। কেন্দ্র ৯৬ কোটি টাকা খরচ করে ঢাকঢোল পেটাচ্ছে। হেল্থ বলেই আমি শেষ করব, লাল বাতিটা জ্বালাবেন না। Hospitalএর bed ২০১১তে কত ছিল ? ২০১০-১১তে ছিল ৫৮,৬৪৭। আর ২০১৯এ হয়েছে ৮৫,৬৮৭। Increase কত হয়েছে ? ২৯হাজার। স্যার, new-born care, critical care unit ২০১১তে big zero, আর ২০১৮-১৯এ হয়েছে ৬৯টা। New-born baby care ২০১১ সালে ৬, ২০১৯ সালে ৬৯। স্যার কতটা বৃদ্ধি হল ? ৬৯ গুণ বেশি। Super speciality hospital ২০১০ সালে zero, big Zero, আর ২০১৯এ ৪২। স্যার, income করতে হয়েছে, ইনকামের সাইডটা দুই-তিন মিনিট বলি, অত্যন্ত এক মিনিট বলে নিই - রাজস্ব ব্যয়, রাজস্ব আয় কমেছে, ২১ হাজার ছিল, ৬৫ হাজার আয় হয়েছে, আপনি বলবেন এত খরচ হয়েছে টাকা পেলেন কোথায়। আমরা রাজস্ব আয় বাড়িয়েছি, revenue deficit কমিয়েছি, রাজস্ব খাতে ঘাটতি কমিয়েছি, inspector raj চালু করেনি, settlement নিয়ে এসেছেন

অমিত মিত্র নতুন ধারায়। আজকে তাই আমাদের,এই রাজ্যপালের ভাষণে প্রদত্ত ধন্যবাদসুচক প্রস্তাব তাকে সমর্থন করছি এবং ভারতবর্ষের CAA, NRC, NPR যে ধর্মীয় বিভাজন এনে সর্বনাশ করতে চাইছে তার বিরোধিতা করছি। দিল্লীর নির্বাচনে হাতে হাতে তার ফল পেয়ে গেছে স্যার, অতিরিক্ত এই ব্যাপারে বলব না, ধন্যবাদ।

Shri Asok Bhattacharya: NOT PRESENT

শ্রী জটু লাহিড়ী : স্যার, ভারতীয় সংবিধানে ১৭৬ নং অনুচ্ছেদ অনুযায়ী পশ্চিমবঙ্গের ষোড়শ বিধানসভায় পঞ্চদশ অধিবেশনে মাননীয় রাজ্যপাল শ্রী জগদীপ ধনখড় যে ভাষণ রেখেছেন, তাকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। স্যার, আজকে হাউসটার দিকে তাকালেই এদের দৈন্যদশা বুঝতে পারা যায় কারণ, ২০০৬-০৭তে তৎকালীন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য বলেছিলেন, যে আমরা ২৩৬ ওরা ৩০,ওদের কথা শুনব কেন। ২০১১ যে কথাটা উনি বলেছিলেন, সেটা ওরাই হয়ে গেলেন ৩০এ, আর আমরা ২০০এর উপরে জায়গা করে এখানে এসেছি।

[2:10 – 2:20 p.m.]

আমাদের সম্মানীয় মাননীয়া মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা ব্যানার্জী মাত্র ৯ বছর ক্ষমতায় এসেছেন। উল্টো দিকে যাঁরা আস্ফালন করছেন, তারা কিন্তু একভাবে ৩৪ বছর ক্ষমতায় ছিলেন। একবারও মানুষের কথা, গরিব মানুষের কথা, তারা কি ভাবে বেঁচে আছে, কি খাচ্ছে তারা, তাদের বাসস্থানের অবস্থাটা কী, ওরা কিন্তু কোনদিনই ভাবে নি যদিও ওরা বলত যে, ওরাই নাকি কৃষকের পার্টি, ওরাই নাকি শ্রমিকের পার্টি, ওরাই নাকি গরিব মানুষের একচেটিয়া ঠিকাদারি নিয়েছেন, আর কেউ কিছু করতে পারবে না। আজকে আমি কয়েকটা ছোট ছোট ঘটনার কথা বলি। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী তাঁর ন' বছর শাসনকালে যেগুলো করেছেন, এই ভাবনা - চিন্তা ওই গরিব পার্টি বামফ্রন্ট কোনদিনও ভাবতে পেরেছিল ? আমি নীচের দিকে যাই, 'সমব্যথী'। 'সমব্যথী'-র কথা কে ভাবতে পেরেছে ? কোনদিন ভেবেছে ওরা ? আমি নিজের কথা বলি। ছোটবেলায় আমার নিজের ভীষণ দারিদ্রতা ছিল। আমার দু'বেলা আহার জুটত না। আমার ছোটবেলায় পিতৃমাতৃ বিয়োগ হয়েছে। কাজেই আমাকে ছোটবেলা থেকে যে সংগ্রাম, যে লড়াই করতে হয়েছে, তখন তো দেখতাম, একটা গরিব মানুষের মৃতদেহ বেরিয়েছে, কে নিয়ে যাবে, পাড়ার ছেলেরা দু'টাকা, এক টাকা, আট আনা চাঁদা দিয়ে, তখন তো এক টাকা চাঁদা দেওয়া দুরূহ ব্যাপার, দু আনা, চার আনা করে তুলে তাকে নিয়ে গিয়ে দাহ করেছে অর্থাৎ যার লোকবল থাকবে না, তাকে শ্মশানে নিয়ে যাওয়ার লোক থাকত না। আজকে 'সমব্যথী' করে ব্যথার যে অংশীদার, "আমি মাননীয়া মুখ্যমন্ত্রী, আমিও তোমার ব্যথার অংশীদার", এই অংশীদারীত্ব নিয়ে তিনি যে কাজ করেছেন, আমি তাকে অসংখ্য অসংখ্য ধন্যবাদ জানাই। রাজ্যপালের ভাষণে মাননীয় রাজ্যপাল যে কথাগুলো বলেছেন, রাজ্যপালকে ধন্যবাদ জানাই, তিনি সত্যি কথাগুলো বলে গিয়েছেন এই সভায় দাঁড়িয়ে। আজকে কেউ ভাবতে পেরেছে যে বিদ্যালয় শিক্ষাক্ষেত্রে দূরদূরান্ত গ্রাম থেকে, তখন তো এত স্কুল ছিল না, কলেজ ছিল না, দূরদূরান্ত থেকে হেঁটে, কাউকে ১০

কিঃ মিঃ, কাউকে ১৫ কিঃ মিঃ হেঁটে স্কুল করতে হয়েছে। মাত্র ন' বছর ক্ষমতায় এসে ভাবনাটা ভেবেছিলেন কে, যে এই সমস্যাটা সমাধান করতে হবে ? এদের একটা করে সাইকেল দিতে হবে, একটা দুটো নয়, কয়েক কোটি সাইকেল তিনি দিয়েছেন অর্থাৎ দেশ গড়ার কাজগুলো, অর্থাৎ যেগুলো করা উচিত, বামফ্রন্ট কোনদিন তার ৩৪ বছরের রাজত্বকালে করে নি। কেন্দ্রীয় সরকারের আকস্মিক বিমুদ্রাকরণের ফলে এবং পরবর্তীকালে সারা দেশ জুড়ে জি.এস.টি.-র ফলে জাতীয় অর্থনীতির ভয়ঙ্কর ক্ষতি করেছে কেন্দ্রীয় সরকার। এর ফলে ক্ষুদ্র মাঝারি মাপের মালিকরা ক্ষতিগ্রস্ত হয়েছে। হঠাৎ হঠাৎ পদ্ধতি পরিবর্তন করা হয়েছে। ফলে ক্ষুদ্র ও মাঝারি মাপের বাণিজ্য সর্বাধিক ক্ষতিগ্রস্ত হয়েছে। আভ্যন্তরীণ চাহিদার প্রবণতা কমার দরুণ বৃহৎ শিল্প, বিশেষ করে আবাসন নির্মাণ বা রিয়েল এস্টেটের ক্ষেত্রে ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে এবং কর্মসংস্থানের পরিবর্তে কর্মহীনতার কোপে পড়েছিলেন। আজকে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী তার জন্য ধন্যবাদ জানিয়েছেন। কাকে ধন্যবাদ জানিয়েছেন ? রাজ্য যোজনা ক্ষেত্রে যেখানে ২০১০-১১ সালে ১১ হাজার ১৩৮ কোটি টাকা ছিল, সেটা ২০১৮-১৯ -এ ৮০ হাজার ১২০ কোটি টাকা হয়েছে।

মূলধনী ব্যয়-২০১০-১১ সালে যেখানে ২২২৬ কোটি টাকা ছিল সেখানে ১৮-১৯ সালে সেটা কোথায় পৌঁছিয়েছে? ২৩৭১৭ কোটি টাকায় আমরা পৌঁছাতে পেরেছি। এটা একটা রেকর্ড পরিমাণ বৃদ্ধি হয়েছে। এগুলো বলার ভয়েতেই এঁরা সব পালিয়ে গিয়েছে কারণ ন'বছর, চৌত্রিশ বছর খতিয়ান কষছে। ন'বছর, চৌত্রিশ বছর খতিয়ান কষছে। ন'বছরে রাজ্যপাল বলেছেন যে, মাননীয়া মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ, যেভাবে রাজ্যের প্রতিটি ক্ষেত্রে সর্বত্র বৃদ্ধি পেয়েছে, যেমন, রাজ্যের অভ্যন্তরীণ উৎপাদন জি.এস.ডি.পি., ২০১১ সালে চার কোটি ষাট লক্ষ টাকা ছিল সেটা বেড়ে কত হয়েছে ১৮-১৯ সালে? ১১ কোটি ৩১ লক্ষ টাকা হয়েছে মাননীয় স্পিকার মহোদয়।

সামাজিক ক্ষেত্রে ২০১০-১১ সালে প্রায় ৬৮৪৬ কোটি টাকা থেকে বেড়ে কত হয়েছে ১৮-১৯ সালে? ৩৯১৮১ কোটি টাকা হয়েছে অর্থাৎ, পাঁচ গুণেরও বেশি আমরা বৃদ্ধি করতে পেরেছি। ২০১০-১১ সালের বাস্তব পরিকাঠামো ক্ষেত্রে ১৭৫৯ কোটি টাকা থেকে সেটা বেড়ে কত হয়েছে ১৮-১৯ সালে? ১০৬৩৯ কোটি টাকা। এর থেকেই বোঝা যায় যে, রাজ্যের আর্থিক ক্ষেত্রে যথেষ্ট পরিমাণ সঙ্গতি আমরা বাড়াতে পেরেছি।

রাজ্যপাল যে কথাটা বলেছেন যে, আইন-শৃঙ্খলা ক্ষেত্রে রাজ্য সরকার যথেষ্ট মুন্সিয়ানার পরিচয় দেখিয়েছে। কোথাও কোনও বড় রকমের অশান্তি ঘটেনি। এই বাংলা সারা ভারতবর্ষের আমি তো বলব একটা মিনি প্রদেশ যেখানে সর্ব জাতের, সর্ব ধর্মের মানুষ আমাদের এই বাংলায় আছে। এবং সেই বাংলাকে শান্তি এবং প্রগতির দিকে নিয়ে যাওয়ার নাম হচ্ছে আমাদের সম্মানীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। কোথাও কোনো বড় অশান্তি ঘটেনি। পারস্পরিক সহযোগিতার মধ্যে দিয়ে সমস্ত রকম ধর্মের আচরণ এই বাংলায় হয়েছে। রাজ্যপাল বলেছেন, অশান্তির পরিবেশ রাজ্যের সার্বিক উন্নয়ন ব্যাহত হয়। মাননীয়া মুখ্যমন্ত্রীর গতিশীল এবং কার্যকরী নেতৃত্ব এলাকার মানুষজন এখন রাজ্যের উন্নয়নে সমান অংশীদার।

সমাজের আর্থিকভাবে দুর্বল শ্রেনির মানুষের জন্য খাদ্যে যে নিরাপত্তা তিনি এনেছেন - আমরা তো ভুলে যাইনি, ন-দশ বছর আগের কথা যেখানে ঝাড়গ্রামে পিপড়ের ডিম খেয়ে অনেক মানুষকে জীবন এবং জীবিকা নির্বাহ করতে হ'ত, আজকে সেই আদিবাসী অঞ্চলে সেখানে কি হয়েছে? সমাজের আর্থিকভাবে দুর্বল শ্রেনির মানুষের জন্য খাদ্যে নিরাপত্তা সুনিশ্চিত করার জন্য 'খাদ্যসাথী' চালু করা হয়েছে। প্রায় সাত কোটি একাত্তর লক্ষ মানুষ খাদ্যসুরক্ষা যোজনায় উপকারভোগী। তারা দু'টাকা কেজি দরে চাল ও গম পাচ্ছে। আর্থিকদিক থেকে সক্ষম এক কোটি পঁয়তাল্লিশ লক্ষ উপকারভোগী মানুষ সংগ্রহ মূল্যের অর্ধেক দামে খাদ্য শস্য পেয়ে আসছেন। রাজ্যপালও বলেছেন এই কথা।

[2:20 – 2:30 p.m.]

প্রতিটি মানুষ যাতে স্বাস্থ্য পরিষেবা পায় তার জন্য ৪২টি সুপার স্পেশ্যালিটি হাসপাতাল তৈরি হয়েছে। ১৩টি সরকারি মেডিকেল কলেজের সংখ্যা বৃদ্ধি পেয়ে ২০১৯-২০তে ১৮ হয়েছে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ২০১৬ সালে 'স্বাস্থ্য সাথী' স্কিম চালু হয়েছে। শিক্ষা ব্যবস্থার সামগ্রিক উন্নতিসাধণের জন্য যথাক্রমে ১০৮ লক্ষ, ১৫ লক্ষ এবং ৭ লক্ষের বেশি ছাত্রছাত্রীর স্কুলের পোশাক, স্কুল ব্যাগ এবং জুতো প্রদান করা হয়েছে। নবম থেকে দ্বাদশ শ্রেনিতে পাঠরত কম বেশি ১ কোটি ছাত্রছাত্রীকে সাইকেল প্রদানের মাধ্যমে 'সবুজ সাথী' প্রকল্পটি যথেষ্ট গুরুত্ব পেয়েছে। সবচেয়ে বড় ভাবনা-চিন্তা যেটা আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী করেছেন এবং মাননীয় রাজ্যপালও তার প্রশংসা করেছেন সেটা হচ্ছে ছেলেমেয়েরা পয়সার অভাবে লেখাপড়া করতে পারতো না। সেই জায়গায় দিদি বললেন যে ১৮ বছরের পরে যারা লেখাপড়া করবে উচ্চশিক্ষা লাভের জন্য তাদেরও আর্থিক সহায়তা দেওয়া হবে। আর, যারা লেখাপড়া করবে না, যদি বিবাহ বন্ধনে আবদ্ধ হয় তাহলে তাদের প্রত্যেককে ২৫ হাজার করে টাকা দেওয়া হবে। প্রায় সাড়ে ৩ লক্ষ মেয়ে, মহিলা এই উপকার ভোগ করেছেন অর্থাৎ, ২৫ হাজার করে টাকা সাড়ে ৩ লক্ষ মেয়েকে দেওয়া হয়েছে তাদের বিবাহের জন্য। এই ভাবনা-চিন্তা-এর আগে আমি যতদিন আছি, আমার তো অনেক বয়স হয়েছে, আমি অনেক মুখ্যমন্ত্রী দেখেছি। আমি জ্যোতিবাবুকে দেখেছি, বুদ্ধদেব ভট্টাচার্যকে দেখেছি আর মমতা ব্যানার্জীকেও দেখলাম। তার আগে ড: বিধানচন্দ্র রায়, তার আগে প্রফুল্ল সেন, পরে সিদ্ধার্থ রায় অনেক মুখ্যমন্ত্রী দেখেছি। কিন্তু আজকে মাননীয়া মমতা ব্যানার্জী যে দিশা নিয়ে, উন্নয়নের যে চিন্তা-ভাবনা নিয়ে এবং দেশকে গড়তে গেলে যেগুলো করা প্রয়োজন, এই যে সার্বিক ভাবনা-চিন্তা করেছেন তার জন্য আমি তাঁকে সেলাম জানাই, ধন্যবাদ জানাই। ভালো থাকুন। মাননীয় রাজ্যপালের ভাষণকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

শ্রীমতী প্রতিমা রজক : .... (হাউজে অনুপস্থিত) ....।

শ্রী পার্থ ভৌমিক : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের ষোড়শ বিধানসভার পঞ্চদশ অধিবেশনে পশ্চিমবঙ্গের মহামান্য রাজ্যপাল

কর্তৃক প্রদত্ত ভাষণ ৭ই ফেব্রুয়ারি, ২০২০, তাকে সম্পূর্ণ সমর্থন করে দু'একটা কথা এই মহান অধিবেশন কক্ষে পরিবেশন করতে চাই।

আজকেই দিল্লি বিধানসভার ফলাফল ঘোষণা করা হচ্ছে। ফাইনাল রেজাল্ট এখনও প্রকাশিত হয় নি। কিন্তু এর মধ্যে যখন বোঝা গেছে দিল্লির মানুষ কংগ্রেস এবং সি.পি.এম.-কে বয়কট করেছে ঠিক সেই দিনই মানুষের ওপর আস্থা না রেখে, মানুষের কথা না বলে এখানকার কংগ্রেস এবং সি.পি.এম.-ও বিধানসভার অধিবেশন কক্ষ বয়কট করছে।

আমি মাননীয় রাজ্যপালের ভাষণের পরে সি.পি.এম. নেতাদের অস্বস্তি দেখছিলাম। কেউ কেউ চিৎকার করে বলছিলেন 'রাজ্যপাল সেটিং হয়ে গেছেন'। আসলে এই 'সেটিং' শব্দটার ওপর সি.পি.এমে.র একটা দুর্বলতা আছে কারণ '৭৭ থেকে ৯৮ সাল অবধি কংগ্রেস নেতাদের সেটিং এবং ফিটিং করে তাঁরা বহাল তবিয়তে এখানে রাজত্ব চালাচ্ছিলো'। ৯৮ সালে তৃণমূল কংগ্রেস গঠিত হওয়ার পর, মমতা বন্দ্যোপাধ্যায় তৃণমূলের নেত্রী হওয়ার পর তাদের সেই সেটিং পলিটিক্স-টা শেষ হয়ে যায়। আজকে ২০২০ সালে মানুষ দেখছে যে সেটিঙের বিরুদ্ধে প্রতিবাদ করে মমতা বন্দ্যোপাধ্যায়, বাংলার মাননীয়া মুখ্যমন্ত্রী '৯৮ সালে দল ভেঙেছিলেন সেই জাতীয় কংগ্রেসের নেতারা নেতৃত্বে বসে বামফ্রন্টের সাথে, সি.পি.এমের সাথে প্রকাশ্যে আঁতাত করে আজকে পথচলা শুরু করেছেন। আমার অবশ্য তাতে কোন বক্তব্য নেই।

কারণ কংগ্রেস নেতাদের অনেক কিছু মনে থাকতে না পারে কিন্তু যেহেতু একটা সময় আমরা কংগ্রেস করতাম আমাদের মনে আছে এই সি.পি.এমে.র নেতারাই একটা সময় প্রয়াত ইন্দিরা গান্ধীকে ডাইনি বলেছিলেন। আমাদের মনে আছে এই সি.পি.এমে.র নেতারাই কংগ্রেসের প্রয়াত প্রধানমন্ত্রী রাজীব গান্ধীকে বলেছিলেন "অলি গলি মে সোর হায়, রাজীব গান্ধী চোর হায়"। আমরা এই সি.পি.এম. নেতাদেরই দেখেছিলাম ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে রাজীব গান্ধীকে পরাস্ত করবার জন্য আরো অন্য অনেকের হাত ধরতে যেটা পরবর্তীকালে বাংলার বুকে শুধু নয়, ভারতবর্ষের বুকে সাম্প্রদায়িক শক্তির উত্থানের পথে কাজে দিয়েছিল। আমরা এই বামপন্থীদের দেখেছি দেশভাগের সময় ভাষা ভাষির দাবির ভিত্তিতে ভারতবর্ষটাকে ভাগ করে দেওয়ার কথা এরাই বলেছিল। আমরা এই বামপন্থীদের দেখেছি যখন হিটলার রাশিয়া আক্রমণ করেছিল তখন এই বামপন্থীরা বলেছিলেন এখন ইংরেজ বড় শত্রু নয়, এখন ভারতবর্ষের সবচেয়ে বড় শত্রু হিটলার। অতএব ইংরেজদের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করা যাবে না। ইংরেজদের পক্ষে এখন কাজ করতে হবে। আগে হিটলারকে শেষ করতে হবে তারপর ইংরেজকে শেষ করতে হবে। আমি কথাগুলো এই কারণেই বলতে চাইছি রাজ্যপালের ভাষণের উন্নয়নের পরে ভারতবর্ষের রাজনীতি দিয়ে সি.এ.এ., এন.পি.আর., এন.আর.সি.র বিরুদ্ধে যে কথাগুলো বাংলার মাননীয়া মুখ্যমন্ত্রীর কথা, বাংলার বিধানসভার মন্ত্রীদের কথা, বাংলার মানুষের কথা, যে কথা রাজ্যপালের ভাষণে উঠে এসেছে আবার নতুন করে দেশ ভাগ করার চক্রান্ত হচ্ছে, ঠিক সেই সময় এখানকার বামপন্থীরা মনে করছেন দেশ চুলোয় যাক, আবার ধর্মের নামে দেশ ভাগ হয়ে যাক এটা বড় কথা নয়, আগে মমতা বন্দ্যোপাধ্যায়ের কি করে ক্ষতি করা যায়, মমতা বন্দ্যোপাধ্যায়ের কি করে

সর্বনাশ করা যায়, মমতা বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে কীভাবে কুৎসা করা যায় সেটা আগে প্রকাশ্যে জনসভায় আন, জনসমক্ষে আন যাতে পরোক্ষে ভারতীয় জনতা পার্টির সুবিধা হয়। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি যদি পশ্চিম বাংলার উন্নয়নের কথা বলি যেটা রাজ্যপালের ভাষণে বারবার বিধানসভায় প্রতিফলিত হয়েছে, তাহলে আপনি লক্ষ্য করে দেখতে পারবেন, বাংলার মানুষ জানে প্রাতিষ্ঠানিক প্রসব সি.পি.এমে.র আমলে ২০১১ সাল ছিল ৬৮.১ যেটা ২০১৯ সালে হয়েছে ৯৮.৫। প্রসূতি মৃত্যুর হার ২০১১ সালে ছিল এক লক্ষ লোকের মধ্যে ১১৭ জন, যেটা ২০১৯ সালে এক লক্ষ লোকের মধ্যে মাত্র ৯৪ জন। মাদার অ্যান্ড চাইল্ড হাব সি.সি.ইউ. ৪৪টা, এস.ডি.ইউ. ২৫ টা, এস.এন.সি.ইউ. ৭০ টা, এস.এন.এস.ইউ. ৩০৭টা। একটা গ্রামে একটা বাচ্চা জন্মালে 'বৃক্ষ পাট্টা' একটা গাছ দিয়ে দেওয়া হচ্ছে। বাচ্চা বড় হওয়ার সঙ্গে সঙ্গে গাছ বড় হচ্ছে। বাচ্চা অক্সিজেন পাচ্ছে, পলিউশান ফ্রি পরিবেশ পাচ্ছে। আবার গাছের বয়স আঠারো বছর হলে সেই গাছ বিক্রি করে তার যাতে উপকারে লাগে তারও ব্যবস্থা করা হচ্ছে। আমার এটা মাঝে মাঝে মনে হয় ছোটবেলায় ঋত্বিক ঘটকের একটা সিনেমা 'মেঘে ঢাকা তারা' দেখেছিলাম। পরিবারের সমস্ত সমস্যার সমাধান করার জন্য সবাই বড়দির কাছে ঝাঁপিয়ে পড়ত, দিদি আমাকে এটা দিতে হবে। কেউ বলতো দিদি আমি ফুটবল খেলবো বল দাও। কেউ বলতো দিদি আমার স্কুলে যাওয়ার শাড়ি নেই, শাড়ি দাও। আমার মনে আছে যে সেই সিনেমাটায় পুরো সংসার, পরিবারের সবার দায়িত্ব দিদি কাঁধে তুলে নিয়েছিলেন। আজকে এই যে বাংলার সার্বিক উন্নয়ন আট বছর, নয় বছর এবং প্রত্যেকটা ক্ষেত্রে পশ্চিম বাংলার মাননীয়া মুখ্যমন্ত্রীর যে দৃষ্টিভঙ্গি আমার তাতে মনে হয়, আজকে যদি ঋত্বিক ঘটক বেঁচে থাকতেন বা মেঘে ঢাকা তারার যিনি স্রষ্টা শক্তিপদ রাজগুরু যদি বেঁচে থাকতেন তাহলে সেদিন তিনি যাকে নীতা চরিত্র বলেছিলেন আজকে বাংলার নীতা হিসাবে তিনি মমতা বন্দ্যোপাধ্যায়কে চিহ্নিত করতেন। বাংলার মুখ্যমন্ত্রী গাড়ি করে যাচ্ছেন, একদল বাচ্চাদের নিয়ে তাদের মায়েরা যাচ্ছে। বাংলার মুখ্যমন্ত্রীর গাড়ি থেমে গেল। মায়েরা দৌড়ে বাচ্চাদের নিয়ে এসে বললেন দিদি আমার বাচ্চাগুলো স্কুলে যায়, দেখ ওদের পায়ে মাটি লেগেছে। বাংলার মুখ্যমন্ত্রী ওখান থেকেই বাংলার শিক্ষা মন্ত্রীকে ফোন এদের পায়ে জুতো দিতে হবে, এদের পিঠে স্কুল ব্যাগ দিতে হবে।

[2:30 – 2:40 p.m.]

দিদি চলেছেন, বাংলার মুখ্যমন্ত্রী গাড়ি করে, একদল মানুষ মুখ্যমন্ত্রীর গাড়ি থামালেন। আমার ছেলেমেয়েরা ৫ কিলোমিটার দূরে স্কুলে যায়। বাড়িতে যখন ফেরে ক্লান্ত হয়ে যায়। মমতা বন্দ্যোপাধ্যায় বাংলার অধুনা দিদি, যিনি সবার কাছে দিদি তিনি বললেন চিন্তা করতে হবে না। তোমার ছেলেমেয়েরা স্কুলে থেকে ফিরে যাতে ক্লান্ত হয়ে না যায় আমি সবুজসাথীর সাইকেল করে দিচ্ছি। ঐ সাইকেলে করে ছেলেমেয়েকে স্কুলে যেতে বলুন। আজকের নীতা বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় তাঁকে গিয়ে একদল মানুষ বললেন দিদি মেয়েটাকে পড়াশুনা করাতে পারছি না, বিয়ে দিয়ে দেবো। তোমার মেয়ের বয়স কত ? আমার মেয়ের বয়স ১৪। ১৪ বছর বয়সে মেয়েকে বিয়ে দিয়ে দেবে কেন? ১৪ বছর বয়সে তো বিয়ে দেওয়ার

আইন নেই। তুমি যদি ১৪ বছর বয়সে মেয়েটার বিয়ে দিয়ে দাও, ও যখন নিজে মা হবে, সন্তানের জন্ম দেবে সেই সন্তানের মৃত্যু হতে পারে। সেই সন্তান অপুষ্টি নিয়ে জন্মাতে পারে কিংবা তোমার মেয়ের সন্তানের জন্ম দিয়ে গিয়ে তার মৃত্যু হতে পারে। দিদি কী করবো, আমার তো পড়ানোর পয়সা নেই। দিদি বললেন কেউ নেই আমি আছি তোমার দিদি মমতা ব্যানার্জী। চালু হল কন্যাশ্রী প্রকল্প। মেয়ের বিয়ে দিও না, ১৮ বছর পর্যন্ত পড়াও। ১৮ বছর পর্যন্ত যদি পড়ে ওর ব্যাঙ্ক অ্যাকাউন্টে ২৫ হাজার টাকা পৌঁছে দেবো। ঐ টাকা দিয়ে নিজের মেয়েকে পড়াও, নিজের পায়ে দাঁড় করাও। আর যদি প্রয়োজন হয় বিয়ে দাও তাহলে পাড়ার কারোর কাছে হাত পাততে হবে না। চলেছেন মুখ্যমন্ত্রীর গাড়ি, একদল মানুষ আটকে দিল দিদি আমার মেয়েটার বিয়ে দিতে পারছি না পয়সার অভাবে। দিদি বললেন, কেউ নেই আমি তো তোমার দিদি আছি। রূপশ্রী প্রকল্পে ২৫ হাজার টাকা জমা করে গেল মেয়েটার ব্যাঙ্ক অ্যাকাউন্টে। কার বিরুদ্ধে লড়াই করছেন, কার কথা বলছি। আমি বলতে চাই, ১২ টা থেকে ৪২টা ইউনিভার্সিটি হয়েছে। কোচবিহারের মানুষরা বলছে অনেক দূরে ইউনিভার্সিটি, আমরা পড়াশুনা করবো কী করে ? দিদি বলছেন, কেউ নেই আমি তো তোমার দিদি মমতা ব্যানার্জী আছি। পঞ্চানন বর্মা ইউনিভার্সিটি হল। হিন্দিভাষী মানুষরা বলছে, আমাদের কলেজ অবধি আছে বিশ্ববিদ্যালয় নেই। বলে কী হয়েছে আমি তো তোমার দিদি মমতা ব্যানার্জী আছি। একটা হিন্দি বিশ্ববিদ্যালয় হাওড়ার বুকে তৈরি হচ্ছে। আদিবাসীদের জন্য ঝাড়গ্রামে বিশ্ববিদ্যালয় তৈরি হচ্ছে। কৃষকবন্ধু তাঁরা ধরেছেন দিদিকে, আমরা চাষী, আমাদের অনেক কষ্ট করে চাষবাস করতে হচ্ছে। বলে কেউ নেই তো কী হয়েছে, আমি দিদি আছি। কৃষকবন্ধু প্রকল্প - দুটো কিস্তিতে ৫ হাজার টাকা, কেউ মরে গেলে তার বাড়িতে দু লক্ষ টাকা পৌঁছে দেওয়া। কেউ আছে দিদি ছাড়া জিজ্ঞাসা করতে চাই। ‘সেফ ড্রাইভ, সেফ লাইফ’ - এটা করে ১৭.৭৫% অ্যাক্সিডেন্টে মৃত্যুর সংখ্যা কমিয়ে দিয়েছেন তিনি কেউ নন, বাংলার নেত্রী আমাদের দিদি মমতা বন্দ্যোপাধ্যায়। তিনি বলছেন, ভারতবর্ষটাকে এক রাখতে হবে। সংবিধানের ১৪ নম্বর ধারাকে আমরা ভাঙ্গতে দেবো না। তিনি প্রথম ১৯শে ডিসেম্বর কলকাতার রাজপথে নেমে C.A.A., N.R.C., N.P.R.-এর বিরুদ্ধে প্রথম প্রতিবাদ সংগঠিত করে। তাঁকে দেখেই সারা ভারতবর্ষের মানুষ আন্দোলিত হয়। তাঁকে দেখেই সারা ভারতবর্ষের মানুষের মধ্যে সাহস সঞ্চারিত হয় যে না, এর বিরুদ্ধে প্রতিবাদ করা যায়। মমতা ব্যানার্জী যদি প্রতিবাদ করতে পারে, আমরা কেন পারবো না।

স্যার, এই দেশে আমরা একসাথে বড় হয়েছি। আমার মনে আছে এই দেশ বলতে আমরা কী বুঝি। আমি যখন কলেজে পড়ি, সেই সময় ভারত প্রথম ক্রিকেটের বিশ্বকাপের ফাইনালে জিতেছে ওয়েস্ট ইন্ডিজকে হারিয়ে। তখন ৬০ ওভারের ক্রিকেট খেলা হত। সেই টিমে একজন ক্যাপ্টেন ছিলেন হরিয়ানার যুবক কপিল দেব। সেই টিমে একজন মারাঠি ব্যাটসম্যান ছিল। তার নাম সুনীল মনোহর গাভাসকার। সেই টিমে একজন খ্রিস্টান ছিলেন, তিনি ছিলেন বোলার রজার বিনি। সেই টিমে একজন উইকেট রক্ষা করছিলেন, তিনি একজন সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষ তার নাম সৈয়দ কিরমানি। এটাই ভারতবর্ষ স্যার। এটাই ভারতবর্ষ স্যার, আমি জীবনে যেটা

কল্পনা করি নি আমার মেয়ের বিয়েতে যে সানাইটা বাজে, ঐ সানাইটা একজন সংখ্যালঘু মানুষের বাজানো। কিন্তু বিসমিল্লা খানের সানাই না বাজলে আমাদের মনে হত কোন হিন্দু পরিবারের বিয়েটা বোধহয় সুসম্পন্ন হবে না। আমরা সেই ভারতবর্ষের মধ্যে বাস করি স্যার, যে ভারতবর্ষের মধ্যে দূর্গাপুজোর সময় প্যান্ডেলে মানুষ দলে দলে ঢোকে সেটা ববিদার চেতলার অগ্রনী বলুন কিংবা যে কোন বড় পুজো বলুন তখন ভলেনটিয়াররা দেখে না আমার দূর্গা প্যান্ডেলে যারা ঢুকছে তারা কোন ধর্মের মানুষ।

যখন ঈদের দিনে আমরা সবাই দলে দলে আনন্দ উৎসবে মাতি, তখন সংখ্যালঘু ভাইয়েরা ভাবে না যে আমার বাড়ীতে যারা ঢুকছে, তাদের মধ্যে কেউ হিন্দু বা খ্রীষ্টান আছে কিনা। কিংবা ২৫ শে ডিসেম্বর যখন সবাই মিলে পার্ক স্ট্রিটে আনন্দ করি, তখন কেউ আমরা কারুর ধর্মের পরিচয় জিজ্ঞাসা করি না,এটাই ভারতবর্ষ স্যার। সেই ভারতবর্ষটাকেই ধর্মের ভিত্তিতে টুকরো টুকরো করে দেওয়ার একটা জঘন্য প্রয়াস, একটা জঘন্য চক্রান্ত চলছে। স্যার, আমি আপনার কাছে সবিনয়ে বলতে চাই তার বিরুদ্ধে প্রথম যিনি আওয়াজ তুলেছিলেন, তিনি বাংলার মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। আমরা দেখতে পাচ্ছি যে অনেকে অনেক রকম পথে যেমন রাজস্থান প্রতিবাদ করেছে, পাঞ্জাব প্রতিবাদ করেছে, ছত্তিশগড় প্রতিবাদ করেছে, কেরালা প্রতিবাদ করেছে অর্থাৎ কংগ্রেসের রাজ্যও প্রতিবাদ করেছে, সি.পি.এমে.র রাজ্যও প্রতিবাদ করেছে। যে যার মতন, সে তার মতন পথে প্রতিবাদ করছেন। আমার শুধু একটাই বলার যখন একটা বড় ষড়যন্ত্রকারী শক্তিকে পরাস্ত করতে হয়, তখন পরিবেশ পরিস্থিতির জন্য সেই সময়কে উপলক্ষ্য করে অনেক সময় মত এবং পথ আলাদা থাকলেও মূল যে শক্তি, যে ষড়যন্ত্রকারী শক্তি, যে বিভেদকামী শক্তি, তার বিরুদ্ধে লড়াইয়ের অভিমুখ কোন দিন ঘুরিয়ে দিতে নেই। আমরা লক্ষ্য করতে পারছি বাংলার মাননীয়া মুখ্যমন্ত্রী যখন সি.এ.এ., এন.আর.সি., এন.পি. আরের বিরুদ্ধে প্রতিবাদ আন্দোলন সংগঠিত করছেন, এই পশ্চিম বাংলার বামপন্থী এবং কংগ্রেসের নেতারা তার অভিমুখ বারবার ঘুরিয়ে দেওয়ার চেষ্টা করছেন অর্থাৎ বারবার যত অভিমুখ ঘুরিয়ে দেওয়ার চেষ্টা করছেন, পরোক্ষে এরা ভারতীয় জনতা পার্টিকে সুবিধা করে দিচ্ছেন। আমি তাই এই পবিত্র সদনে বলতে চাই এখন দেশের সামনে সবচেয়ে বড় বিপদ হচ্ছে একটা সাম্প্রদায়িক শক্তি। সেই সাম্প্রদায়িক শক্তিকে মোকাবিলা করার জন্য অন্ততঃ সমস্ত কিছু উপেক্ষা করে এই জায়গায় নিজেদের মানসিক অবস্থান পরিষ্কার রাখা উচিত এবং পরিষ্কারভাবে নিজেদের কথা বলা উচিত। স্যার, আমার কাছে ভারতবর্ষ মানে রবি ঠাকুরের মধ্যে নজরুল; স্যার, আমার কাছে ভারতবর্ষ মানে গণেশ পাইনের সঙ্গে মকবুল ফিদার রঙীন ছবি; স্যার, আমার কাছে ভারতবর্ষ মানে রবি শঙ্করের সঙ্গে আল্লারাখা - এর যুগলবন্দী ; স্যার, আমার কাছে ভারতবর্ষ মানে মহম্মদ রফীর সঙ্গে লতা মঙ্গেশকরের ডুয়েট; স্যার, আমার কাছে ভারতবর্ষ মানে ক্রিকেটের পিচে শচীন তেন্ডুলকরের সঙ্গে আজহারউদ্দিনের দৌড়; স্যার, আমার কাছে ভারতবর্ষ মানে ফুটবল মাঠের কোণায় দাঁড়িয়ে কোচ নঈমউদ্দিনের চিৎকার শোনা - ''বিজয়ান,আকিল, কুলজিৎ, বাইচুং, মাঠটাকে আরও বড় কর, মাঠটাকে আরও বড় কর''। মমতা বন্দ্যোপাধ্যায় ভারতবর্ষের রাজনীতির

মাঠটাকে বড় করতে চাইছেন, সাম্প্রদায়িক শক্তিকে পরাস্ত করতে চাইছেন। সি.পি.এম. এবং কংগ্রেস পরোক্ষে এই ভারতীয় জনতা পার্টির সুবিধা করে দিয়ে মমতা ব্যানার্জীর আন্দোলনকে দমানোর চেষ্টা করছেন। তার বিরুদ্ধে আমার বক্তব্য রেখে রাজ্যপালের ভাষণকে সম্পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নর্মদা চন্দ্র রায় : (নট প্রেজেন্ট)।

শ্রী স্নেহাশিষ চক্রবর্তী : মাননীয় স্পিকার স্যার, গত ৭ই ফেব্রুয়ারি বাংলার মহামান্য রাজ্যপাল এই পবিত্র সদনে যে ভাষণ রেখেছেন, সেই ভাষণের সমর্থনে যে ধন্যবাদজ্ঞাপন প্রস্তাব, তার সমর্থনে আমি কয়েকটি কথা বলতে চাই। স্যার, আজকে মঙ্গলবার। আমরা ছোটবেলায় পড়েছিলাম যে আজকে মঙ্গলবার, পাড়ার জঙ্গল সাফ করার দিন।

মিঃ স্পিকার : আমি একটু ইন্টারাপ্ট করছি। পার্থবাবু কিছু বলবেন বলে আমার কাছে বলছিলেন। পার্থবাবু হাউসে আছেন। আপনি একটু বসুন, দরকার হলে আপনাকে আমি পরে ডাকব। একটু রোটেট করে দিতে হতে পারে।

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে সকালে একটি অবাঞ্ছিত ঘটনার পরিপ্রেক্ষিতে আমার সহকর্মীদের সাথে কথা বলেছি। এমনকি যার উপর উস্মা প্রকাশ করছেন বিরোধীরা, সেই বন্ধু তাপসের সাথেও আমার কথা হয়েছে। আমি সভার মাধুর্য বজায় রাখার জন্য, ঐহিত্য বজায় রাখার জন্য পরিষদীয় দলের তরফ থেকে এটা উপলব্ধি করেছি যে, তাপস নিজেও বুঝবেন যে, যেভাবে কাজ হওয়া দরকার, সেইভাবে কাজটা সম্পন্ন হয়নি।

[2:40 – 2:50 p.m.]

বিরোধী দলও বুঝবে যেভাবে তাদের প্রতিবাদ জানানোর কথা হয়তো কোথায়ও কোথায়ও ত্রুটিবিচ্যুতি হয়েছে। যেহেতু এটা আমাদের ট্রেজারি বেঞ্চের একজন সদস্যের বিষয়, ফলে আমার মনে হয়েছে আপনাদের মাধ্যমে তাঁদের অনুরোধ করতে চাই তাঁরা সভায় আসুন এবং সভায় এসে তাঁরা অংশ নিক। নিঃসন্দেহে আমার তাপসের সঙ্গেও কথা হয়েছে, ওদের সঙ্গেও আমার কথা হয়েছে। তাতে কেউই কিন্তু এই ধরনের ঘটনায় জড়িয়ে পড়াকে বাঞ্ছিত বলে মনে করছেন না। এই অবাঞ্ছিত ঘটনা ভবিষ্যতে যাতে না ঘটে সেদিকে আমরা সবাই যেন সতর্ক থাকি। এবং কেউ যদি আঘাত পেয়ে থাকেন এই ঘটনায় তাহলে বলব সেই আঘাত আমরা ব্যাক্তিগত ভাবে দিইনি। যাকে কেন্দ্র করে এটা হয়েছে সেও যথেষ্ট সিনিয়ার বিধায়ক এবং এখানে যাকে নিয়ে কান্ড হয়েছে তিনিও যথেষ্ট সিনিয়ার বিধায়ক এবং মন্ত্রী। কেউই নিশ্চয়ই এই ধরনের আচরণে এই সভাকে মাধুর্যহীন করে তোলবার জন্য চেষ্টা করেননি। আমি আবার আবেদন করব অধ্যক্ষ মহাশয় আপনাকেও যেহেতু আমরা এই ঘটনার কথা বলছি যে অবাঞ্ছিত ঘটনা ঘটা উচিত হয়নি, এই পরিপ্রেক্ষিতে এবং আমি আবেদন করছি বিরোধী দলকে এবং সমস্ত সদস্যকে যে রাজ্যপালের ভাষণে তাঁরা যেন অংশগ্রহণ করেন।

মিঃ স্পিকার : ধন্যবাদ আমাদের পরিষদীয় মন্ত্রী শ্রী পার্থ চ্যাটার্জীকে। আমার মনে হয় আমাদের বিরোধী দলের যাঁরা সদস্য রয়েছেন যদি তাঁরা তাঁদের কক্ষে থাকেন আমাদের পরিষদীয় মন্ত্রী আবেদনের পরিপ্রেক্ষিতে এবং আমিও ব্যাক্তিগত ভাবে আপনাদের বলব যে আপনারা আসুন হাউসে। আলোচনায় অংশগ্রহণ করুন। এতেই আমাদের বিধানসভার গরিমা বৃদ্ধি পাবে। আমাদের মধ্যে বিরোধ করে নয়, আমাদের মধ্যে ভুল বোঝাবুঝির মধ্যে নয়, আমরা যেন সবাই আলোচনায় অংশগ্রহণ করি। একটা উত্তাপ থাকতেই পারে। বিধানসভায় উত্তাপ থাকবে, লোকসভায় উত্তাপ আছে। এটাতো চিরাচরিত ব্যাপার। তা সত্বেও যেন আলোচনা বন্ধ না হয়। আলোচনা আমাদের চালিয়ে যেতে হবে। তাই আমি আমাদের যে সমস্ত বিধানসভার স্টাফ রয়েছে তাঁদের বলছি তাঁদের একটু সংবাদ দিয়ে দিতে। আমাদের এই বার্তাটা অবশ্যই তাঁদের কাছে যাবে। আমি তাদের আসবার জন্য অনুরোধ করছি। মাননীয় সদস্য যিনি বক্তব্য রাখছিলেন শ্রী স্নেহাশিস চক্রবর্তীকে অনুরোধ করব যে আপনি আপনারা বক্তব্য শুরু করুন। হতে পারে আমি আপনাকে ইন্টারাপ্ট করে একটু ওদের অপরচুনিটি দেব। একটা ব্যালেন্সড্ ডিসকার্সান হওয়ার দরকার। আপনারা সবাই যদি আগে বলে নেন যারা সরকার পক্ষের রয়েছেন তাহলে বিরোধীদের বক্তব্য শোনার পরে উপযুক্ত উত্তর দেওয়ার লোকের দরকার হতে পারে। আপনি বলতে থাকুন স্নেহাশিসবাবু ইন দা মিন টাইম ওনারা এসে গেলে আপনাকে হয়তো একটু বসতে হতে পারে।

শ্রী স্নেহাশিস চক্রবর্তী : আমরা ছোটবেলায় পড়েছিলাম যে আজকে মঙ্গলবার, পাড়ার জঙ্গল সাফ করার দিন। ঠিকই, আজকে মঙ্গলবার দিল্লির মানুষ একেবারে বি.জে.পি -এর মতন একটা জঙ্গল পার্টিকে সাফ করে দিয়েছে দিল্লিতে। এটা আমাদের কাছে খুব খুশির খবর। দিল্লির মানুষ বুঝিয়ে দিয়েছে তারা ভাত চায়, জাতের লড়াই চায় না। তারা কর্ম চায়, ধর্মের লড়াই চায় না। আজকে রাজ্যপাল মহাশয়ের ভাষণের সমর্থনে বলতে গিয়ে একটা অন্য রাজ্যের কথা উল্লেখ করতে হচ্ছে এই কারণে আমরাতো একটা দেশের মধ্যে বাস করি। দেশের একটা অঙ্গরাজ্য, যুক্তরাষ্ট্রীয় কাঠামোর মধ্যে বাস করি। সেই রাজ্যের আর্থিক, সামাজিক, সার্বিক যে ডেভলপমেন্ট সেই ডেভলপমেন্ট নিয়ে আলোচনা করতে গেলেই স্বাভাবিক ভাবেই সার্বিক দেশের কথা চলে আসে কারণ রাজ্যটা দেশের বাইরে নয়। মাননীয় রাজ্যপালের ভাষণ নিয়ে এই বিধানসভায় বিভিন্ন রকম আলোচনার আগেও হয়েছে যে রাজ্যপাল তিনি রাজ্য সরকারের লিখিত বক্তব্য পেশ করেন।

দেখুন এটাই রীতি এবং এটাই নীতি কারণ রাজ্যপাল হচ্ছেন আমাদের সাংবিধানিক প্রধান, নিয়মতান্ত্রিক প্রধান। কিন্তু আমরা একটা দল মানুষের ভোটে নির্বাচিত হয়ে সরকারে আসি এবং সরকারে এসে বছরের শেষে সাধারণ মানুষকে আমাদের কৈফিয়ৎ দিতে হয়। আমরা সাধারণ মানুষের কাছে দায়বদ্ধ থাকি যে আমরা কি করলাম, কতটা করতে পারলাম, কতটা করতে পারলাম না। এই দায়বদ্ধতা কিন্তু রাজ্যপালের থাকে না। তাই নিয়মতান্ত্রিক প্রধান হিসাবে রাজ্যপাল রাজ্য সরকারেরই যে কর্মসুচী, যে কাজকর্ম, যে ক্রিয়াকলাপ, সেটার সমর্থনই

তাঁর বক্তব্যে উঠে আসবে এটা কিন্তু স্বাভাবিক, এটা অস্বাভাবিক কিছু নয় এবং তিনি যে ভাষণ রেখেছেন তাকে সমর্থন করছি এই কারণে - তাঁর ভাষণের মধ্যে তিনটি অংশ আছে। একটা অংশ আছে প্রথমেই, যেটা হচ্ছে দেশের - সামগ্রিকভাবে দেশের আর্থিক অবস্থা খুব খারাপ। দেশে যে কেন্দ্রীয় সরকার আছে, তাঁদের যে দল আছে, তাঁদের নেতৃত্বে যে সরকার চলছে, তাঁরা ৬ বছরের মধ্যে দেশকে একটা আর্থিক মন্দার দিকে এনে দাঁড় করিয়েছেন। দ্বিতীয় অংশ হচ্ছে এই বাংলার সার্বিক ডেভেলপমেন্ট যেটা মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে গত ৮ বছর ধরে বাংলায় হচ্ছে এবং সেই ডেভেলপমেন্ট বাংলার সর্বস্তরের মানুষ জাতি, বর্ণ, ধর্ম, লিঙ্গ নির্বিশেষে শিশু থেকে বৃদ্ধ সকলের কাছে সেই ডেভেলপমেন্ট পৌঁছেছে এবং রাজ্যকে একটা আর্থিক দিক থেকে শক্তিশালী ভিতের উপর দাঁড় করানো গিয়েছে এবং ভারতবর্ষের যে আর্থিক শৃঙ্খলা, সেই শৃঙ্খলাকে বজায় রাখা গিয়েছে - এটা দ্বিতীয়। তৃতীয় হচ্ছে, ভারতবর্ষের যে কৃষ্টি আছে, যে সংস্কৃতি আছে, যে আত্মা আছে, যে হৃদয় আছে, শয়ে - শয়ে বছর, হাজার - হাজার বছর ধরে যে কৃষ্টি তৈরি হয়েছে, সংস্কৃতি তৈরি হয়েছে, বিভিন্ন ধর্ম সম্প্রদায়ের মানুষকে নিয়ে একসাথে থাকার যে ঐতিহ্য, সেটাকে ভাঙার একটা চক্রান্ত চলছে এবং সেটা ভাঙতে গিয়ে কিছু আইন আনা হয়েছে, কিছু বন্দোবস্ত আনার পরিকল্পনা করা হচ্ছে যেটা ক্ষতিকারক। রাজ্যপাল মহাশয় তাঁর ভাষণে শেষ পর্বে সেটা উল্লেখ করেছেন।

মিঃ স্পিকার : মিঃ চক্রবর্তী, আমি প্রথমেই বলেছিলাম হয়ত আপনাকে ইন্টারাপ্ট করতে হতে পারে, আমি চাই যে আলোচনাটা খুব ব্যালেন্সড় ওয়েতে হোক। শুধু একতরফা সরকার পক্ষ বলে যাচ্ছে, সেখানে বিরোধী দলের যাঁরা রয়েছেন তাঁদের বক্তব্যটাও একটু শুনি নিই। আমি মাননীয় সদস্য শ্রী অসিত মিত্র মহাশয়কে বক্তব্য রাখার জন্য অনুরোধ করছি। আপনাকে ১২ মিনিট সময় দেওয়া হয়েছে।

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আজকে ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের ষোড়শ বিধানসভার পঞ্চদশ অধিবেশনে পশ্চিমবঙ্গের মহামান্য রাজ্যপাল শ্রী জগদীপ ধনখড় তাঁর যে প্রদত্ত ভাষণ, তার উপরে যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব আনা হয়েছে, আমি তার বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি।

[2:50 – 3:00 p.m.]

স্যার, আমাদের এখানে যে আলোচনাটা আজকে হবে, সেই আলোচনাটা রাজ্যপালের ভাষণের উপর নিশ্চয়ই আমরা দেব। একটা কথা শুধু আপনাকে বলতে চাই স্যার, সেটা হল যে মাননীয় রাজ্যপালের ভাষণ যেভাবে দেওয়ার কথা বা যেভাবে তিনি দেবেন, এটা নিয়ে সংবাদ পত্রে অনেক কথা হয়েছে। কেউ বলেছেন রাজ্যপাল তিনি তাঁর মতো করে বলবেন। কেউ বলেছেন রাজ্যপাল তিনি তাঁর মতো করে বললে সঙ্গে সঙ্গে ক্যাবিনেট থেকে তার প্রতিবাদ করা হবে ইত্যাদি ইত্যাদি। আমরাও ভাবছিলাম সংসদীয় পরিকাঠামো অনুযায়ী যে ব্যবস্থা চলছে এবং যে ধরণের অবস্থা সৃষ্টি হয়েছে, তাতে করে হয়তো এবারের আলোচনাটা এতদিন ধরে

যেভাবে হয়েছে, ঠিক সেইভাবে হবে না। স্যার, আপনার কাছে শুধু একটা কথা বলতে চাই তার পর যখন মাননীয় রাজ্যপাল বাইরে বলেছেন রাজ্যে আইনশৃঙ্খলা নেই। তারপর তাকে বলতে হয়েছে যে না রাজ্যের আইনশৃঙ্খলা ভালোই চলছে। তিনি বাইরে শিক্ষা ব্যবস্থার কথা যা বলেছেন, এখানে এসে তার উল্টো কথা বলেছেন। এই রকম নানা ধরণের উদাহরণ আছে। আমি আপনাকে বলছি যে এই যে আলোচনাটা চলছে, এই আলোচনাতে একদম সবার শেষে মাননীয় রাজ্যপাল তাঁর বক্তব্যে বলেছেন,"মাননীয় সদস্যবৃন্দ, এই মুহূর্তে আমাদের দেশ একটি সঙ্কটজনক সন্ধিক্ষণে এসে দাঁড়িয়েছে। সংবিধান প্রণেতারা যে নীতি, আদর্শ ও মূল্যবোধগুলিকে সমুচ্চ স্থানে দিয়েছিলেন সেগুলি আজ চ্যালেঞ্জের মুখোমুখি।" আমি আপনাকে বলছি, আপনি দেখবেন স্যার, মাননীয় সদস্যরা আছেন, বইটা ছাপা হয়েছে। এই বইয়ের মধ্যে দিয়ে তিনি তাঁর কথা বলতে পারেননি। ক্যাবিনেট যে বক্তব্য পারমিট করেছে। তিনি সেই কথা বলেছেন। আমি আপনার কাছে সবার আগে বলতে চাই যে, এটা কি সত্যি যে কথাটা তিনি বললেন, আমরা যে কথাটা শুনেছি, সেটা কিন্তু তা হয়নি। মাননীয় রাজ্যপাল একটা জায়গায় বলেছেন "পশ্চিমবঙ্গ বিধানসভা ২৭.১.২০২০ তারিখে ২০১৯ সালের নাগরিকত্ব আইন অবিলম্বে প্রত্যাহার করার জন্য কার্যকরী পদক্ষেপ গ্রহণের বিষয়ে কেন্দ্রীয় সরকারের কাছে দাবী জানিয়ে একটি সিদ্ধান্ত গ্রহণ করেছে। রাজ্য সরকার এ ছাড়াও রাজ্য সরকার এন.আর.সি. প্রক্রিয়া কার্যকর না করার এবং এন.পি.আর. প্রক্রিয়া অবিলম্বে প্রত্যাহার করার দাবি জানিয়েছে।" আমার একটা কথা, তার আগে মাননীয় মুখ্যমন্ত্রী এখানে যে ধরণের বক্তব্য রেখেছিলেন, এই দুটো দিনে কখনও এন.আর.সি.র বিরুদ্ধে, কখনও সি.এ.এ.র বিরুদ্ধে যে আলোচনা হয়েছিল,আমার মনে আছে এন.আর.সি.র বিরুদ্ধে এখানে আমরা প্রশ্ন তুলেছিলাম। মাননীয় পরিষদীয় মন্ত্রী যিনি ছিলেন, স্যার আমি বলেছিলাম, সুজনবাবু বলেছিলেন এবং তার পরে একটা সিদ্ধান্ত হয়েছিল অল পার্টি মিটিং হবে। সি.এ.এ.র ব্যাপারে যখন বললাম তখন বললেন দরকার নেই, আমরা আন্দোলন করছি। সুতরাং সেই আন্দোলনই যথেষ্ট। পরবর্তী পর্যায়ে আন্দোলনের পরিস্থিতি এমন দাঁড়ালো তিনি শেষ পর্যন্ত বললেন যে না, আমরা একটা ডেট ঠিক করছি, এই ডেটে আমরা এই বিষয়ে আলোচন করব। স্যার, আমার কথা হল যে ধরণের আক্রমণাত্মক, যে ধরণের কথাবার্তা, যে ধরণের চ্যালেঞ্জিং অ্যাটিচুড আমাদের ছিল, কি এমন ঘটনা ঘটল যে রাজ্যপালের বক্তব্য যেটা তিনি পড়লেন, তাতে শুধুমাত্র একটি জায়গায় কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে কথা বলা হয়েছে। সেই জায়গাটা হল কি? সেই জায়গাটা হল যে, "পশ্চিমবঙ্গ বিধানসভা সি.এ.এ., এন.আর.সি. অবিলম্বে প্রত্যাহার করার জন্য যে সিদ্ধান্ত দুটি নেওয়া হয়েছিল, কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানিয়ে একটি সিদ্ধান্ত গ্রহণ করছে।"

আমরা কি তাহলে ধরে নেব যে আজকের দিনে যে সিদ্ধান্তটা নেওয়া হয়েছে, আমি অন্য কথা বলছি না, আমরা কি এটা ধরে নেব যে বর্তমান সরকার, মাননীয়া মুখ্যমন্ত্রী অথবা তাঁর সঙ্গে যাঁরা আছেন তাঁরা কি ছায়ার সঙ্গে যুদ্ধ করছেন ? নাকি তাঁরা গোপনে গোপনে নতুন করে বিজেপি'র সঙ্গে আবার কোন আঁতাত করার চেষ্টা করছেন ? এটাই কি হচ্ছে ? এটাই আমার ধারণা। এটা

আমি আপনাদের কাছে বলছি। আমার বক্তব্য এখানে। রাজ্যপাল বলছেন, 'আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি। যে বিগত বছরে রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতি শান্তিপূর্ণ ছিল এবং পশ্চিমবঙ্গের কোথাও কোন গুরুতর অশান্তির ঘটনা ঘটেনি। সারা রাজ্যে সাম্প্রদায়িক সম্প্রীতি অক্ষুন্ন ছিল''। ইত্যাদি, ইত্যাদি। দুর্গাপুজো থেকে আরম্ভ করে ঈদ সব আছে। আমি বলছি স্যার, আপনি কি এটা বিশ্বাস করেন ? আমি আপনাদের কাছে বলব স্যার, এর আগে যিনি রাজ্যপাল ছিলেন তিনি তখন এখানকার রাজ্যপাল, কী বলছেন ত্রিপাঠি সাহেব, law and order needs to be improved in West Bengal, says Governor K.N. Tripathi আমার কাছে আছে। আমি আর একটা কথা আপনাদের কাছে বলছি, আপনি বলেছেন ১০মিনিটের মধ্যে কমপ্লিট করতে হবে। আমি ১০মিনিটের মধ্যেই কমপ্লিট করব। তিনি বলছেন, "West Bengal recorded highest number of crimes (744) committed by foreigners in 2018 followed by Karnataka(175) and Himachal Pradesh(147), according to the 2018 National Crime Record Bureau report. কর্ণাটক ১৭৫, আর হিমাচল প্রদেশ ১৪৭"। আমার কাছে আছে স্যার, আমি আপনাকে দিয়ে দিতে পারি তাহলে কথাটা কি হল। এত গুলো ক্রাইম আমাদের এখানে হয়েছে এই বছরের মধ্যে এটা তিনি বললেন। আমি আপনাকে বলছি Under the Union Home ministry, regarding crime for 2018 pertaining to their States." Clarifications on data for crime in India are pending from West Bengal, Assam, Arunachal Pradesh. সুতরাং, দেখা গেল বর্তমান রাজ্যপাল ক্রাইম রেকর্ড নিয়ে যা বলেছেন সেটার সঙ্গে আগেকার রাজ্যপাল যা বলেছেন তার সঙ্গে কিন্তু কোন মিল নেই। মাননীয় বন্ধুরা জানেন যে সবেমাত্র কয়েকদিন আগে জলঙ্গীতে দুজন খুন হয়েছে কেন, না, তারা এন.আর.সি'র বিরুদ্ধে আন্দোলন করছিল। সেজন্য তাদের খুন হতে হয়েছিল। একটা আট বছরের ছেলে খুন হয়ে গেল। দশ বছরের ছেলে সে খুন হয়ে গেল। এছাড়াও, ব্যারাকপুর থেকে শুরু করে অন্যান্য জায়গায় অনেক খুন হয়েছে। কোথাও কেউ বলছেন যে এটা বি.জে.পি. করেছে, কোথাও বলছেন যে এটা তৃণমূল করেছে, কোথাও বা অন্য ঘটনা ঘটেছে। সুতরাং, এই যে রেকর্ড এটা কিন্তু ঠিক নয়। এখানে আইনশৃঙ্খলার অবনতি হয়েছে। স্যার, আমি আপনার কাছে আর দু চারটি কথা বলে আমার বক্তব্য শেষ করব। এখানে আদিবাসীদের কথা বলা হয়েছে, আদিবাসীদের জন্য এক হাজার টাকা পেনশন এইসব নাকি হয়েছে, তারা টাকা পাবে। আমি আপনাদের কাছে বলছি এই আদিবাসীদের বর্তমান অবস্থাটা কি ? আদিবাসীদের বর্তমান অবস্থা হচ্ছে, আদিবাসীদের জন্য নির্যাতন বিরোধী যে আইন আছে সেই আইন কিন্তু কার্যকরী হচ্ছে না। আদিবাসীদের যারা নির্যাতন করবে তাদের শাস্তি দেওয়া হবে, এই সম্পর্কে বলি।

[3:00 – 3:10 p.m.]

জঙ্গলমহলকে পঞ্চম তফসিলের অন্তর্ভুক্ত করার যে একটা পরিকল্পনা এবং সেটাকে কার্যকরী করা হয় নি। এটাতেও একটা আইন আছে। সেই এলাকার জনসংখ্যা যেমন একটা জায়গাতে ১০০০জনই আদিবাসী, আবার কোন কোন জায়গায় আদিবাসী ৩০% আছে আর

৭০%জেনারেল কাস্ট আছে,আপনারা দেখবেন এই ৩০%কে সেখানে মিশিয়ে দেওয়া হয়েছে। ৬০ বছরের ঊর্দ্ধের মানুষকে পেনশান দেওয়ার কথা হচ্ছিল। আমি আপনাকে অত্যন্ত বিনয়ের সঙ্গে বলছি যে, ৬০ বছরের ঊর্দ্ধে অনেকেই পেনশান পাচ্ছেন, কিন্তু আপনারা বলছেন তাদের পেনশান দেওয়া যাবে না। এই ধরণের ঘটনা ঘটেছে। আমি অন্য কথা না বলে আপনাদের কাছে অঙ্গনওয়াড়ীর ব্যাপারে বলতে চাই। স্যার, উনি বলছেন অঙ্গনওয়াড়ী পরিষেবা প্রকল্পের রূপায়ণের ফলে শিশুদের পুষ্টির মানের উন্নতি ঘটেছে। বর্তমানে পাঁচ বছরের কম বয়সী প্রচুর শিশুর ওজন স্বাভাবিক ওজনের তুলনায় কম। অথচ তিনি বলছেন ভালো হয়েছে। আমি অত্যন্ত দুঃখের সঙ্গে বলছি দুটি জায়গাতে এই রাজ্যসরকারের উচিত ছিল ভাবা। তারমধ্যে একটা অঙ্গনওয়াড়ী কর্মীদের কথা ভাবা,অনেক বেশী টাকা তাদের দেওয়ার দরকার। আমি মাননীয় মন্ত্রীকে বারবার বলেছি, তিনি আজকে এখানে নেই, তাঁকে বারেবারে বলেছি যে এরা যখন কাজ ছেড়ে দিয়ে চলে যায় তখন তাদের কারোর কারোর অনারারিয়াম ৭০০,৮০০ টাকা,কারোর ৪০০ টাকা, এই অঙ্গনওয়াড়ী কর্মী তারা বাইরে গেলে তাদের আত্মহত্যা করা ছাড়া উপায় থাকে না। সুতরাং বাজেটের দুই দিন আগে আমি মাননীয় অর্থ মন্ত্রীকে বলেছিলাম এদের জন্য কিছু করা যায় কিনা আপনি এই ব্যাপারে ভাবুন। কিন্তু কোন কিছুই হয় নি। স্যার, এখানে এই যে সামাজিক সুরক্ষা যোজনা, আরও যে পূর্ণাঙ্গ প্রকল্প হচ্ছে সেগুলি বাস্তবে সঠিকভাবে কিন্তু কোন কার্যকরী হয়নি। স্যার, অন্য আর কিছু না বলে একটি কথা বলে আমার বক্তব্য শেষ করি যে আজকে আমরা যে জায়গায় দাঁড়িয়ে আছি, যে পথে দাঁড়িয়ে আছি, সেই রাজ্যে যে ধরণের প্রস্তাব, মাননীয় রাজ্যপাল যে ধরণের লেখাপড়া এখানে করে গেলেন, আবার আজকে খবরের কাগজে দেখছি তিনি অন্য কথা বলছেন। যাই বলুন না কেন রাজ্যপালের মুখ দিয়ে কথা বলিয়ে আজকে যদি সত্যি আমরা এন.আর.সি.-র বিরুদ্ধে লড়াই করতে চাই, সি.এ.এ.-র বিরুদ্ধে লড়াই করতে চাই, এন.পি.আর.-এর বিরুদ্ধে লড়াই করতে চাই তাহলে আমাদের একমাত্র প্রয়োজন যে-কোনো মুহূর্তে যে-কোনো জায়গায়, যে-কোনো অবলম্বনে কেন এই ধরণের লেখা হল, এত দূর্বল লেখা হল, সেটা কি শুধুমাত্র বি.জে.পি.-কে সন্তুষ্ট করার জন্য? যদি হয় তাহলে এই অভ্যন্তরে আমাদের দেশের এন.আর.সি., সি.এ.এ. অথবা এন.পি. আরকে রুখতে পারব না। তাই আমি এই ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব-এর বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি। স্যার, আপনাকে ধন্যবাদ জানিয়ে বলব যে ঘটনা ঘটেছে,এই ধরণের ঘটনা যেন আর না ঘটে। ধন্যবাদ।

শ্রী অশোক ভট্টাচার্য্য : মাননীয় স্পিকার স্যার, আমি রাজ্যপালের ভাষণের দিন ছিলাম না। তাই এখন আমি রাজ্যপালের ভাষণটা খুব ভালো করে পড়ছিলাম এবং পড়তে পড়তে আমার মনে হল যে এটাতে একটা গল্প আছে। গল্পটার নাম হচ্ছে-টাইম পাস।এই টাইমপাসটা কি? এই টাইম পাস হল দুজন যাত্রী ট্রেনে চেপে কোথাও যাচ্ছেন। একজন যাত্রী আর একজন যাত্রীকে বলছেন–তুমহারা নাম কেয়া হ্যায়? উত্তর–হরবিন্দর সিং। অন্য যাত্রী আর একজনকে প্রশ্ন করছেন তুমহারা নাম কেয়া হ্যায়? উত্তর–যোগীন্দর সিং। আবার প্রশ্ন–তুমহারা পিতাজিকা নাম কেয়া হ্যায়? উত্তর–হরবিন্দর সিং। আবার প্রশ্ন–তুমহারা লেড়কা কা নাম কেয়া হ্যায়? উত্তর–

যোগীন্দর সিং। দুজন যাত্রী এইরকম কথোপকথন করে যাচ্ছেন।তখন পাশে একজন যাত্রী বলছেন -আরে কী ব্যাপার? আপনি যা বলছেন অন্য জনও তাই বলছে। তার মানে আপনারা বাবা আর ছেলে তো? তখন তাঁরা বললেন হ্যাঁ। তখন অন্য যাত্রী তাঁদের প্রশ্ন করলেন-''কিন্তু এই রকম করছেন কেন?' তাঁরা বললেন - টাইমপাস। আমাদের এই যে রাজ্যপাল এবংএখানকার সরকারের সঙ্গে যে বিরোধটা দেখছি এটাতে স্যার মনে হচ্ছে পুরোপুরি একটা টাইমপাস। স্যার, রাজ্যপালের ভাষণ মানেটা কী। এটা তো রীতি। এটা দীর্ঘদিন ধরে চলে আসছে।

দীর্ঘদিন ধরে চলে আসছে। এসব নিয়ে হাওয়া গরম করার কি ছিল যে, আমি রাজ্যপালকে এটা বলতে দেবোনা, রাজ্যপাল বলছে, আমিও আমার নিজের কথা বলব। আরে, রাজ্যপাল যদি নিজের কথা বলতে চান, ওটাতো ফুট নোটে লেখা আছে, কমেন্ট করতে পারেন ভাষণের পরে। কিন্তু ভাষণটা তো সরকারেরই ভাষণ। তার সরকার। তার সরকারের তৈরি করা ভাষণ, জাস্ট্ রিড্ আউট দ্য স্পিচ্। এটাই তো বিষয়। আর তো কোনো বিষয় না। এটা নিয়ে এতো হাওয়া গরম করার কোনো প্রয়োজন ছিল না এবং তার পরে যা যা ঘটলো, সব কাগজেই সেটা বেরিয়েছে। একটা বিল আটকে ছিল, সেটারও অনুমোদন হয়ে গেছে। সেই জন্য আমি এটা বলতে চাইছি যে, কখন কোন সময়কে - এই যে কেন্দ্রের শাসকদল বি.জে.পি., তাদের সাথে এই রাজ্যের সরকারের একটা হবনবিং চলছে - আজকের রেজাল্টটা দেখুন। বি.জে.পি. সম্পর্কে দেশের মানুষের ধারণাটা কি ? আমরা বার বার করে একটা কথা বলতাম, বি.জে.পি. ধর্মীয় মেরুকরণ করে নির্বাচনে জয়ী হতে পারে একবার, বারে বারে নয়। দেশের মানুষের কাছে, রাজ্যের মানুষের কাছে অর্থনৈতিক প্রশ্নগুলো আসবেই, এগুলো বন্ধ করেতে পারবেন না। এলো, আজকে এলো - চার চারটে নির্বাচনে বি.জে.পি.-র রেজাল্টটা কি হয়েছে ? এক একটা রাজ্যে ২২%, ২৩% করে ভোট কমে গেছে। আপ পার্টি ১৬%, ১৭% ভোট পেয়েছিল, আজুকে ৫৩ থেকে ৫৪% ভোট পেয়েছে। প্রায় ৪০%-এর মতো ভোট বৃদ্ধি পেয়েছে। এটা ভাবা যায় না। সেই বি.জে.পি.-র সঙ্গে রাজ্য সরকারের এত ভয় কেন ? আমার প্রথম প্রশ্নটা হচ্ছে এটা। কতগুলো আন্ নেসেসারি - এন.আর.সি. ইস্যু, জি.এ.এ. ইস্যু। চিরদিনই সেন্সাস হয়। ১৯৫৫ এর আইন তো বহু দিনের আইন। পাসপোর্ট অ্যাক্ট, ১৯২০ ব্রিটিশ ভারতে এটা হয়েছিল। তাহলে প্রশ্নটা হচ্ছে হঠাৎ করে এটা নিয়ে হ'ল কেন ? এটা বি.জে.পি. পরিকল্পিত-ভাবে করেছে। সমস্ত কিছু ভুলে গিয়ে এই বিষয়টার মধ্যে যেন দেশের মানুষ আবদ্ধ থাকে, সবকিছুকে আড়াল করে রাখে। আজকে রাজ্যের সরকারও কিন্তু অনেকটা এটার মধ্যে আবদ্ধ হয়ে গিয়ে সারা দেশের মানুষ - আপনি দেখুন, আমি রাজ্যপালের ভাষণটা পড়ছিলাম। একটা জায়গায় লিখেছে, "এখানে ধর্মঘটে কোনো রকমভাবে ম্যানডেজ নষ্ট হয়নি, কাজের দিন কোনো বিনষ্ট হয়নি।" আমাদের জ্যোতি বসু মুখ্যমন্ত্রী ছিলেন। এতদিন পর্যন্ত, উনি একটা কথা বার বার বলতেন, "ধর্মঘটের অধিকার শ্রমিক শ্রেণীর শেষ অধিকার, এই অধিকারকে কোনোদিন পরিত্যাগ করবে না।" আজকে শুধুমাত্র বি.জে.পি.কে খুশি করার জন্য, কেননা বি.জে.পি. এবং তৃণমূল কংগ্রেস দুটো দল এই ৮ই জানুয়ারীর ধর্মঘটকে বিরোধিতা করেছিল। অথচ ২০২০ সালের ৮ই জানুয়ারী

ধর্মঘট কত বেশি তাৎপর্যপূর্ণ ছিল, এটা কিন্তু এই রাজ্যের সরকার অনুধাবন করতে পারেনি, এটা খুব দুঃখের কথা। দেখুন, আমাদের দেশের একটা একটা করে সব ভেঙ্গে দিচ্ছে। এই যে আন্দোলন চলছে সারা ভারতব্যাপী, একটা তারুণ্যের প্লাবন, এই যে তারুণ্যের প্লাবন দেখা যাচ্ছে, সেই আন্দোলন তো আমরা অতীতে অনেক দেখেছি। তারা কি বলছে ? তাদের কণ্ঠে কার কথা ? কার কবিতা ? কার গান ? ফয়েজ আহমেদ ফয়েজ। যে ফয়েজ আহমেদ ফয়েজের কবিতা পড়তে গিয়ে জিয়াউল সামরিক শাসন সেই সময়তে, তাকে বলেছিল তুমি হিন্দুদের দালাল, হিন্দুত্বের দালাল। আর আজকে কিন্তু দেখা যাচ্ছে আই.আই.টি. কানপুরের একজন ডেপুটি ডিরেক্টর, ছাত্ররা যখন আজাদীর স্লোগান দিচ্ছে, তখন তারা বলছে এরা ফয়েজ আহমেদ ফয়েজের কবিতা পড়ছে। হাম দেখেঙ্গে, হাম দেখেঙ্গে, লাজিম হায় হাম ভি দেখেঙ্গে। এই যে "হাম ভি দেখেঙ্গে" কথাটা, এই কথাটা বলার সাহস আজকে ভারতে বামপন্থীদের আছে। হাম রুকেঙ্গে নেহি, হাম ঝুকেঙ্গে নেহি, হাম সুখেঙ্গে নেহি, হাম দবেঙ্গে নেহি। এই যে কথাটা বলছে সারা দেশের মানুষ এই সময়তে, কেন ভয় পাবো আজকে বি.জে.পি.কে ?

[3:10 – 3:20 p.m.]

আমার দেখে মনে হয়েছে এই রাজ্যপালের ভাষণে এক এক পাতা করে ড্রাফট প্রিন্টিং হয়েছে, আর সরকার সেটা পাঠিয়েছেন রাজ্যপালের কাছে, রাজ্যপাল Yes করেছেন, তার পর সেই পাতাটাকে যুক্ত করা হয়েছে। প্রত্যেকটা যদি ভালো করে পড়া যায় - এই রকমভাবে রাজ্যপালের ভাষণে অনেক কিছু থাকতে পারতো, সত্যিকথাটা বলার সাহস নিয়ে, What is the Fact? এর রিফ্লেকশান এর মধ্যে হওয়া উচিত ছিল, কিন্তু সেটা হয় নি। আজকে যদি আপনারা দেখেন intolerance একটা চলছে, intolerance। এই যে religious intolerance আর আমাদের রাজ্যে চলছে political intolerance। যেমন ধরুন সংবিধান তো একটাই, আইনত একটাই, সবার ক্ষেত্রে একই রকম হতে পারে। আজকে দিল্লীতে যে ভোট হলো, এই ভোটে কেন বি.জে.পি.,- মানুষ বি.জে.পি.র ঔদ্ধত্যের জবাব দিয়েছে। আমরা তো ৩৪ বছর ক্ষমতায় ছিলাম, আমাদেরও কখনও কখনও কোন ঔদ্ধত্য হয় নি, সেটা আমি বলছি না। তার জবাব কিন্তু মানুষ আমাদেরও দিয়েছে। আমি শুধু একটা কথাই বলবো। এই ঔদ্ধত্যের ক্ষেত্রে আজকে দেখা যাচ্ছে কেন্দ্রে যে বিজেপি সরকার intolerance যা হচ্ছে অসহিষ্ণুতা, যা আজকে দেখা যাচ্ছে কেন্দ্রীয় সরকার বি.জে.পি.র ক্ষেত্রে। আজকে এ রাজ্য সরকারের ক্ষেত্রে intolerance, That is called the Political Intolerance। আপনারা দেখুন ওখানে কি হয়েছে, একটা মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল, তিনি তিনবার জিতলেন। কিভাবে তাঁকে অসহযোগিতা করা হচ্ছে, কিভাবে তাঁকে প্রতি পদে পদে অপমানিত করা হচ্ছে। ভোটের দু দিন আগে এক উপমুখ্যমন্ত্রীকে গ্রেপ্তার করে নিয়ে চলে যাওয়া হলো। এবং কিভাবে IAS, IPS officer-দের দিয়ে তাদেরকে কাজ বন্ধ করার চেষ্টা হচ্ছে আজকে আমরা সেটা দেখলাম। আমার কিছু অভিজ্ঞতা আছে, শুধু বলছি কথাটা অন্যভাবে নেবেন না কেউ। আমিও দেখেছি যে, আমি একটা বিরোধী দলের দ্বারা নির্বাচিত একটা Mayor বলে intoleranceটা আমার প্রতিও কেমন প্রতি পদে পদে এটা

- ৫ ঘণ্টা ধরে কালকে আমাকে ঘেরাও করে রেখে দিলো, কোন কারণ নেই। আমরা শাসক দলের পার্টি আমরা যা করবো, সেই আপনাদের মানতে হবে। তাহলে এটা কি ? এটা কি tolerance বলে ? Opposition-এর প্রতি - একটাতো opposition আছে, তাহলে কেন এই intolerance। দিল্লীতে তো আজকে মানুষ দেখালো ১৭% ভোট থেকে ৫৩%, ৫৪% ভোট যদি পায়, এর কারণটা কি ? মানুষ সেই intolerance-এর জবাব দিয়েছে, ঔদ্ধত্যের জবাব দিয়েছে। এই ঔদ্ধত্যের প্রতিফলনটা কি - আবার দেখবেন সারা দেশে আমরা লক্ষ্য করছি, সেটা দেখা যাচ্ছে যে, তাঁরা সংবিধানের সঙ্গে অসঙ্গতিপূর্ণ আইন করছেন আমাদের রাজ্যে। 74th Constitution Amendment-এ যা যা লেখা আছে তার বিপরীতভাবে আইন তৈরী হচ্ছে শুধুমাত্র সংখ্যাগরিষ্ঠতার জোরে। Article 14 -কে আজকে কেন্দ্রীয় সরকার মানছে না, Fundamental Rights-কে মানছে না। তাহলে What is Constitution? Constitution is nothing but a Social Contact। এই Social Contact মানেটা হচ্ছে রাষ্ট্রের সঙ্গে জনগণের একটা চুক্তি, এটাই হচ্ছে সংবিধানের মূল কথা।

এই যে আজকে আমাদের দেশে secularism হয়েছে, federalism হয়েছে, তার পিছনে historical অনেকগুলো কারণ আছে। সেই সময়তেই গান্ধীজী বলেছেন, নেহেরু বলেছেন, মৌলানা আবুল কালাম আজাদ বলেছেন দেশের মুসলমানদের তোমরা এখানেই থেকে যাও। এই সাহসটা দেখিয়েছিলেন জাতীয় নেতৃত্ব যে তোমরা এখানেই থেকে যাও। তোমরা জিন্নার এই যে একটা নীতি divisive দ্বিজাতি তত্ত্বের যে নীতি এই দ্বিজাতি তত্ত্বের নীতির কাছে আত্মসমর্পণ করবে না, মান সম্মান - Then you will be an integral part of the Indian Constitution and Indian Federal system এই কথাটাই তাঁরা বলেছেন কারণ সেই সৎ সাহস তাদের ছিল। আজকে কিন্তু আমরা দেখছি এই রাজ্যপালের বক্তৃতার মধ্যে দেখছি কেন্দ্রীয় সরকারের যা যা attitude, রাজ্য সরকারের কিন্তু একই রকম attitude, সংবিধানকে না মেনে চলা, সংবিধানকে অবজ্ঞা করা। শুধু সংখ্যা গরিষ্ঠতা আছে বলেই এই কাজ করে নেওয়া।

আমরা এটা দেখেছি এখানে কতকগুলো কথা যেটা আপনারা এর মধ্যে বলেছেন, কতকগুলো performance-এর কথা দিয়েছেন। এখন কি হচ্ছে? শুধুমাত্র একটা Planning Commission কে তুলে দিয়ে করে দেওয়া হল। Finance Commission যেটা একটা constitutional body তার উপর কেন্দ্রীয় সরকার হস্তক্ষেপ করছে। পঞ্চায়েতের উপর হস্তক্ষেপ করছে। একটা কথা বলা হয় কেউ কেউ এই কথাটা বলে যে, আমাদের দেশের সংবিধানের প্রথম লাইনটা হচ্ছে, We the people. এবং তার পরে কি লেখা আছে? তার পর হচ্ছে, ভারত - India is a union of states. এখন সবাই কি বলছে? অনেক বড় বড় হিস্টোরিয়ানরা বলছে, Now India has become a union of union territories. তার মানে হচ্ছে, Union of union territories. একটা রাজ্যকে union নয়। মানুষ কি চায়? মানুষ চায় একটা পূর্ণাঙ্গ রাজ্য হোক। রাজ্যগুলোর কাছে আরও empowered হোক। পঞ্চায়েত থেকে পৌরসভা হোক, পৌরসভা থেকে পৌর corporation হোক। আজকে শুধু intoleranceটা এই জায়গাতে গেছে যে, না রাজ্যকে আমি

Union territories রাজ্যকে রাজ্যের কোনো রকমভাবে তার অভিমত না নিয়েই তাঁরা একটা Union territories করে দিলেন একটা ful-fledged রাজ্যকে। তার ঐতিহাসিক তাৎপর্য কি তাঁরা বুঝলেন না। তাঁরা মানলেন না। এই জন্যেই আমি এই কথাটা বলতে চাইছি আপনাদেরকে এই ভাষণের মধ্যে যে, আর একটা যেটা কেন্দ্রীয় সরকার করেছে তথ্য বিকৃতি করা। N.S.S.-এর তথ্যকে বিকৃতি করা এবং বিভিন্ন তথ্য। এই যে তথ্য বিকৃতি করা এই তথ্য বিকৃতি দেখবেন আমরা যখন বলব রাজ্য বাজেটের উপর তখন একটা একটা করে দেখব যে, কি ভাবে তথ্য বিকৃতি করা হয়েছে। সেই জন্যেই রাজ্যপালকে দিয়ে এই রাজ্যের সরকার আরও অনেক তথ্য সমৃদ্ধ এবং আজকে সাহস নিয়ে অনেক কিছুই তাঁরা বলতে পারতেন, অনেক দাবীর কথা বলতে পারতেন কিন্তু এমন কিছু সাফল্যের কথা বলেছেন যেটা কিন্তু যুক্তিগ্রাহ্য নয়, তথ্যনির্ভর নয় এবং আমি আশা করব ঐ পথ অনুসরণ করবেন না। এই পথ কিন্তু অর্থনীতিকে বিপর্যস্ত করেছে, রাষ্ট্রব্যবস্থাকে বিপর্যস্ত করছে, সাংবিধানিক ব্যবস্থাকে শেষ করতে চাইছে। এই তার reflectionটা যেটা বক্তৃতায় হয়েছে আমায় দুঃখের সাথে এই কথাগুলো বলতে হল। আমি আশা করব সারা দেশের এই ঘটনাগুলো থেকে এই রাজ্যের সরকারও শিখবেন এবং সঠিক পথে পরিচালিত হবেন। ধন্যবাদ।

শ্রীমতী প্রতিমা রজক : মাননীয় স্পীকার স্যার, ভারতীয় সংবিধানের ১৭৬নং অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের ষোড়শ বিধানসভার পঞ্চদশ অধিবেশনে মহামান্য রাজ্যপাল শ্রী জগদীপ ধনখড় মহাশয় ৭ই ফেব্রুয়ারী, ২০২০ যে ভাষণ পেশ করেছেন আমি সেই বিষয় কয়েকটি কথা বলছি। আমি প্রথমে দেখলাম রাজ্যপাল বলছিলেন যে, আমাদের রাজ্যে উন্নতমানের স্বাস্থ্য পরিষেবা সুনিশ্চিত করার ব্যাপারে রাজ্য সরকার দৃঢ়প্রতিজ্ঞ। স্যার, আমি আপনাকে বলতে চাই যে, আমাদের রাজ্যে ৪২টি super-speciality hospital তৈরী করা হয়েছে, ১৮টি medical college হয়েছে। যেখানে ২০১১তে ছিল ১০টা এখন আরও ৮টা বেড়েছে। স্যার, আমরা কি সব সময় সংখ্যার বিচারই করব? মানুষ পরিষেবা পাচ্ছে কিনা সেটা আমরা একবারও দেখব না? ২০১১ তে কত জনসংখ্যা ছিল আর এখন কত জনসংখ্যা হয়েছে? তখন যদি জনসংখ্যা কম থাকে তো মেডিক্যাল কলেজ কম ছিল। এখন জনসংখ্যা বেড়েছে তাই collegeও বেড়েছে। কিন্তু তাতে কি মানুষ আদৌ পরিষেবা পাচ্ছে? সেটা কিন্তু আমাদেরকে দেখতে হবে। আপনি আছেন। আপনি দেখুন তো কলকাতার মানুষ পরিষেবা পাচ্ছে এখানে ভালো ভালো হাসপাতাল আছে, বে-সরকারি হাসপাতালগুলো আছে, nursing home আছে আমরা দেখতে পাই। কিন্তু আমরা যারা গ্রাম বাংলা থেকে আসি। আপনি একবার দেখবেন চলুন আমরা যারা গ্রামবাংলায় বাস করি। আমি আমার বিধানসভাতেই আপনাকে যেতে বলব। আপনি একবার চলুন। সেখানে দেখবেন হাসপাতালের অবস্থাটা কিরকম। আমি বারবার স্বাস্থ্যমন্ত্রীকে বলেছি যে, আমার বিধানসভায় একটা বড় গ্রামীণ হাসপাতাল আছে। সেই হাসপাতালের দেওয়াল ছেড়েছেড়ে পড়ে, মাথার ছাদ ছেড়েছেড়ে পড়ছে। কিন্তু সেটা কোন দিন দেখলাম না repair করা হল, কোনো টাকা সেখানে allotment করা হল। আমরা দেখতে পেলাম না। আমরা কিন্তু সেই পরিষেবা পাচ্ছি না। আমার

ওখানে অনেক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র আছে সেখানে প্রসূতি মায়েরাও যেতে পারে। কিন্তু যা পরিস্থিতি আছে কোনো প্রসূতি মায়ের প্রসব সেখানে করানো যায় না।

[3:20 – 3:30 p.m.]

পাঁচথুপী হাসপাতাল যেটা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ১০ বেড স্যাংশান হয়েছে ২০০৮ সালে। আজকে ২০২০ হয়ে গেল। তার আগে কিন্তু ওখানে প্রসূতি মায়েরা প্রসব করতে পারতেন। সেখানে আপনার মায়েরা থাকতেন, বাচ্চারা থাকতো, সবকিছুরই ব্যবস্থা ছিল। আর ২০২০তে এসে আজও আমরা সেখানে ১০ বেড চালু করতে পারলাম না। বিল্ডিং হয়ে পড়ে আছে, ছেড়ে ছেড়ে পড়ে যাচ্ছে। অথচ আপনারা বলছেন এখানে Super speciality Hospital তৈরি হয়ে গেছে। সত্যি সত্যিই হাসপাতাল তৈরি হয়েছে। কিন্তু তার কাঠামো আমরা এখনও পাই নি। সেখানে মানুষ পরিষেবা কিন্তু পাচ্ছে না। আপনি আছেন, আমি বলব, আপনি এই ব্যাপারগুলো দেখবেন কারণ, আমার ওখানে অনেক উপস্বাস্থ্য কেন্দ্র আছে যেখানে এখনও ডাক্তার পৌঁছাতে পারে নি। যেহেতু আমরা গ্রামবাংলার একজন মহিলা, একজন বিধায়ক আমরা জানি ওখানে কিন্তু আমরা পরিষেবা পাই না। আর আমার এলাকা থেকে যখন কলকাতায় আসে, তখন দেখি দালালদের হাতে পড়তে হয়। কেউ কিন্তু বেড পায় না। সবাইকে ঘুরে চলে যেতে হয়। এই ব্যাপারটা আমি আপনাকে বলব একটু দেখার জন্য।

স্যার, আমরা রুপসী প্রকল্পের কথা শুনছিলাম। বাইরে ঘরে আমরা শুনতে পাচ্ছিলাম, অনেকে বলছিলেন যে দিদিমণি করেছেন। সত্যি উনি মহিলা, মহিলাদের কথা ভেবেছেন। ভালো লাগছে যেহেতু একটা ভালো প্রকল্প করেছেন। আমি একটা কথাই বলব, যাদের উদ্দেশ্যে এই প্রকল্প করা হয়েছে অবিবাহিত মহিলাদের জন্য, যাদের ১৮ বছর হয়ে যাবে। মেয়েদের বিয়ে - অনেক মেয়েদের বিয়ে বাবারা দিয়েছে মায়েরা দিয়েছে যখন এই প্রকল্প ছিল না তখনও মেয়েদের বিয়ে হয়েছে, এখনও হচ্ছে। কিন্তু যাঁরা অবিবাহিত আছেন। তাঁরা কি আদৌ ওই টাকা পাচ্ছেন ? আপনি ব্লকে ব্লকে খোঁজ নিয়ে দেখবেন। এখানে ব্লকের যাঁরা আধিকারিক আছেন তাঁরাও কিন্তু এর সঙ্গে জড়িত। ১০ বছর আগে বিয়ে হয়ে গিয়েছে। তাদের বাচ্চা আছে দুটো তিনটে করে। এখন তারা কি করছে ? নতুন করে registerটা করছে। বিয়ের registerটা হচ্ছে, তার পরে সেই registerএর টাইমটা তারা দেখাচ্ছে যে এখন আমাদের বিয়ে হয়েছে। ব্লকে সেটা show করছে তার পর তারা টাকাটা তুলছে। এইভাবে স্যার কোটি কোটি টাকা সরকারের নয়ছয় হচ্ছে। তাহলে যে উদ্দেশ্যে প্রকল্প, স্যার এই প্রকল্প সেই উদ্দেশ্য কিন্তু সফল হতে পারছে না। আমি বলব, আপনি আমার ব্লকে খোঁজ নিয়ে দেখবেন। হয়তো আমি আপনাকে সঙ্গে সঙ্গে প্রমাণ এখন দিতে পারছি না। কিন্তু এই প্রমাণটা সবসময় পাওয়া যায় না। কারণ সেখানে আধিকারিকটা আছে সরকারি তারাতো সেইভাবে খাতাকলম সাজাবে। কিন্তু আমরা দেখতে পাচ্ছি। আমরা গ্রামবাংলায় থাকি। আমি বলব যে উদ্দেশ্য নিয়ে এই প্রকল্প করা হয়েছে সেই উদ্দেশ্যটা যেন সফল হয়।

স্যার, আমি আর একটা কথা আপনাকে বলতে চাই যে, ম্যাডাম এখানে বলেছেন রাজ্যপালের মাধ্যমে তপশিলি জাতি উপজাতি মানুষদের পাশে উনি থাকতে চেয়েছেন। আমি দেখেছি বাজেটেও বাজেট যখন হচ্ছিল তখন উনি বলেছেন যে প্রত্যেক তপশিলি জাতি যারা ষাট বছরের ঊর্ধ্বে তাদেরকে ভাতা দেওয়া হবে। সত্যিই এটা একটা ভালো প্রকল্প ভেবেছেন আমি সেটাকে সমর্থন করবো। আমরা আগেও দেখেছি যখন স্কুলে পড়তাম এই সরকার যখন ছিল না। স্কুলে কিন্তু ভাতা দেওয়া হতো। এখন যে নতুন দেওয়া হচ্ছে তা নয়। আমরাও পেয়েছি আমরা যখন স্কুলে পড়েছি। আমরা তো এই তৃণমূলের সরকারের আমলে পড়িনি আগের সরকারের আমলে পড়েছি, আমরাও পেয়েছি। অবশ্যই সেই ভাতা হয়তো এখন বেড়েছে। কিন্তু যেভাবে তাদেরকে সম্মান দেওয়া দরকার সেইভাবে কি দেওয়া হয় ? আমি একজন তপশিলি জাতির ঘরের মহিলা। আমি দুই দুই বার জেলা পরিষদের মেম্বার ছিলাম। দুই বারের বিধায়ক। আপনি বলুনতো, সেইভাবে কি তপশিলিদেরকে সম্মান দেওয়া হয় ? যখন আমি প্রশ্ন রেখেছি আপনার সামনে, আপনি বলেছেন ক্ষমা চাইতে হবে। আমার কাছে প্রমাণ আছে। আপনি যদি বলেন, আমি সেই ব্যাপারে যে কথা বলেছিলাম তার প্রমাণ এখন আমার কাছে আছে। আপনি যখন বলবেন আমি তখন আপনাকে দেখাবো। কিন্তু সেই দিন আপনি আমার কোনো কথা শোনেন নি। আমাকে মন্ত্রী বলেছেন প্রমাণ দেখাতে হবে। আপনি যদি এই বিষয়টা করেন আমি অবশ্যই আপনাকে প্রমাণ দেখিয়ে দেব। আমাকে কিন্তু হেনস্থা করা হয়েছে। এইভাবে কি তপশিলিদের উন্নয়ন করা যাবে ? কয়েকদিন আগে গত ৬ই ফেব্রুয়ারী আমার ওখানে একটা লাইব্রেরীর অনুষ্ঠান ছিল। লাইব্রেরীর জন্য টাকা দিয়েছেন এই সরকার ৩০ লক্ষ টাকা দিয়েছেন। সেখানে বড় বিল্ডিং হল। সেখানে সবাই আমন্ত্রিত। আমার বাড়ি থেকে পাঁচ মিনিট দূরে লাইব্রেরীটা। আমি সেখানকার সদস্যা। সেখানে মন্ত্রী যাচ্ছেন সিদ্দিকুল্লা চৌধুরী সাহেব। সেখানে শাসক দলের সবাই আমন্ত্রণ পেল। বি.ডি.ও., এস.ডি.ও. বলুন প্রত্যেকজন যে যেখানে যত আছে - গ্রামের পঞ্চায়েতের প্রধান পর্যন্ত সে শাসকদলের যেহেতু। আর যেহেতু আমি বিধায়ক, বিরোধী দলের সেখানে আমি আমন্ত্রণ পেলাম না। এতে কি তপশিলিদেরকে অপমান করা হচ্ছে না? এটা কি তপশিলি জাতিকে অপমান করা হচ্ছে না ? এতে কি মহিলাকে অপমান করা হচ্ছে না স্যার ? এটা কি আপনাদের কাছে কাম্য? একটা মন্ত্রী যখন এলাকায় যাবে তিনি সব দলের - তিনি সবার মন্ত্রী। তিনি কিন্তু একটা দলের মন্ত্রী নয় যখন তিনি মন্ত্রী হয়ে যাবেন।

হ্যাঁ,যখন পার্টি প্রোগ্রামে যাবে,তখন সে সেই পার্টির এমএলএ। কিন্তু যখন মন্ত্রী হবে, তখন তো সে সবার কথাই শুনবে। আমি এম.এল.এ. তাই বলে কি আমি, কোন পার্টিকে সার্টিফিকেট দিই না, আমি কি তৃণমূলকে সার্টিফিকেট দিই না, নাকি আমি কংগ্রেসকে দিই না, বামফ্রন্টকে দিই না ? আমি তো সবাইকে সার্টিফিকেট দিই। আমি তো কৈ বিচার করি না, তাহলে কেন আমাদেরকে আমন্ত্রণে ডাকা হয় না ? কেন আমাকে সেখানে হ্যারাস করা হয় বলুন তো ? এটা কি মানুষ মেনে নেবে? আগামী দিনে কিন্তু এইসব মানুষ মানবে না কারণ, সবাই জানে, যতই আপনারা টাকা দিন, টাকা দিয়ে কিন্তু কারোর মুখ বন্ধ করতে পারবেন না। আমি বলব, এই

বিষয়গুলো একটু দেখুন। শেষে আমি একটা কথা বলতে চাই সাহেব, আমরা দেখলাম, এন.আর. সি., এন.পি.আর. নিয়ে এই বিধানসভাতে অনেক আলোচনা হয়েছে। এখান থেকে বিরোধীরাও অনেক আলোচনা করেছে। পশ্চিম বাংলাতেও অনেক আন্দোলন হচ্ছে যে আমরা এখানে এন.আর.সি. করতে দেবো না, এন.পি.আর. করতে দেবো না, সত্যি তো খুব ভাল। আমরাও চাই যে এখানে না হোক। আপনারা দেখলেন কয়েকদিন আগে, আমাদের মুর্শিদাবাদ জেলায় জলঙ্গীতে সেখানে এক শ্রেণীর মানুষ এই এন.আর.সি. আন্দোলন করলো, দুইজনকে গুলি করে মারা হল, কেন আতঙ্কবাদীদের ধরা হল না, যারা মারল। কেন ঐ সরকার প্রতিবাদ করছে, অথচ যারা গুলি করে মারছে তাদের এখনও ধরতে পারছে না কেন ? তাদের আন্দোলনকে বন্ধ করতে চাইছে। শুধু সরকার করবে ? বিরোধিরা কেউ করবে না ? তাহলে কেন, এর প্রতিবাদ হচ্ছে না ? আমরা দেখলাম, এখানে যখন রাজ্যপাল বক্তব্য দিতে এল, এই সরকারের যারা সদস্য, তারা এ্যাপ্রন পরে মাথায় ফেটি বেঁধে তারা রাজ্যপালের সামনে বসে থাকলো এই বিধানসভার ভিতরে অথচ আমরা যখন এ্যাপ্রন পড়ে কোন প্রতিবাদ করি,আপনি আমাদেরকে বের করার, খুলে ফেলার আদেশ দেন, নাহলে বলেন, বার করে দেবো। কেন, এটা স্যার ? কেন রাজ্যপালকে তো আপনারা আমন্ত্রণ করেছেন, এই সরকার আমন্ত্রণ করেছে, তার সামনে কি এইগুলো পরা উচিত ? আমি যতটুকু জানি, জানিনা - কারণ আমি তো আপনাদের মতো অত আইন বুঝি না। যদি আমার ভুল হয়, আপনি বলবেন - যে হ্যাঁ, পড়তে পারে। তাহলে আমরা যখন পড়ি, কেন আমাদেরকে পড়তে দেওয়া হয় না ? আমার মনে হয় আমার এটা খারাপ লেগেছে - আমি বললেও যে এটা পরা আদৌ উচিত হয়েছে কিনা ! তাহলে আমাদেরকে তো এটা ভাল করে প্রতিবাদ করা উচিত ছিল, যেখানে প্রতিবাদ করা দরকার, পার্লামেন্ট। কেন, সেখানে আট জন এপি, এই সরকারের উপস্থিত থাকলো না ? কেন, তারা ভোট দিল না ? আমরা এই রাজ্যে অনেক হাঁটছি, অনেক মিছিল করছি, অনেক প্রতিবাদ করছি, অথচ যেখানে প্রতিবাদ করা দরকার, যেখানে ভোটাভুটি হল, এন.আর.সি. নিয়ে, এন.পি.আর. নিয়ে, সেখানে এই সদস্যরা, এই ৮জন এমপি রা ভোট দিলেন না। সেখানে আমার জেলার একজন এম পি.ও আছেন। তিনি আবার বড় মাপের এম পি। তিনি একজন মুসুলমান সমাজের। যাঁরা এই এন.আর.সি. নিয়ে ভয় পাচ্ছে, সেই এম.পি.ও সেখানে সেদিন ভোট দিলেন না। কেন ঐ সরকার সেই এম.পি. দের বিরুদ্ধে ব্যবস্থা নিলেন না? তাহলে কি আমরা বুঝবো ওখানে সেটিং আর এখানে মিটিং, এটাই কি ? বি.জে.পি. আর এই সরকারের মধ্যে সেটিং হয়ে গেছে। কেন, সেখানে প্রতিবাদ করা হল না ? কেন, এখানে প্রতিবাদটা হচ্ছে ? এখানে কি তাহলে জানবো যে এখানকার মানুষদেরকে ভুল বোঝানো হচ্ছে। এখানে রাজ্যপালের ভাষণে আমরা দেখলাম, সেইভাবে আমরা কোন এন.আর.সি. নিয়ে প্রতিবাদ দেখতে পেলাম না, শুধু একটা লাইন দেখলাম যে এই রাজ্যে কোন এন আর সি হবে না। এটা বলে কি শুধু প্রতিবাদ করা যায় ? স্যার, আমার আর বেশী সময় নেই। আমি শেষে আপনার কাছে একটা প্রার্থনা করবো, আপনি যেহেতু অনেক কাজ করেছেন, আপনার কাছে আবেদন রাখা সত্বেও, আমরা এখান থেকে বিধানসভা থেকে হোস্টেল,

আমাদেরকে দেওয়া হয়েছে বাস, আমরা যাই। আমরা যেহেতু বিরোধী মেম্বার, আমাদের কোনো গাড়ী নেই। কিন্তু এখান থেকে আমাদের হোস্টেল যেতে অনেক সমস্যা হয়। কারণ এখান থেকে কোনো ট্যাক্সী যেতে চায়না, যেহেতু দূরত্বটা কম। আমরা সেইভাবে কিন্তু যেতে পারিনা। এখানে পরিবহণ মন্ত্রী নেই, তাহলে বলা হোত,আপনার মাধ্যমে এটা বলছি, যাতে কিছু ব্যবস্থা করা যায়। আর দ্বিতীয় আর একটা আবেদন আপনার কাছে আছে, আমরা দূর দূরান্ত থেকে আসি, সব সময় রান্না করে খেতে পাই না। আপনার হোস্টেলের ক্যান্টিন আর বিধানসভার ভেতরের ক্যান্টিন এর যে হাল, আপনি দেখে আসবেন, সেই খাবার মুখে তোলা যায় না। এর ব্যবস্থা, আপনি যদি আগামী দিনে করেন, আমার মনে হয় ভাল হবে, এই আবেদন রেখে নমস্কার জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

মিঃ স্পীকার : ঠিক আছে, এটা আমি দেখবো। আপনি বলেছেন, এটা আমি দেখবো। কিন্তু আমাদের এখান থেকে গাড়ী যায় কিন্তু। আমাদের ওখান থেকে বিধায়কদের নিয়ে আসে, একটা সিডিউল টাইম আছে, সেই সিডিউল টাইমে আবার নিয়ে চলে যায় সেখানে। ঠিক আছে।

[3:30 – 3:40 p.m.]

Shri Ali Imran Ramz : Thank you Speaker Sir,

آج ہمارے گورنر نے جو پرستاب سرکار کی طرف سے رکھا اُس پر بولنے کا موقع آپ نے مجھے دیا اس کے لئے میں شکریہ ادا کرتے ہوئے بولنا چاہتا ہوں۔ سر میں گورنر صاحب کی اسپیچ کو یہاں بیٹھ کر بڑے دھیان سے سُن رہا تھا۔ اور اُس سے پہلے جو اخباروں میں ٹی وی پر جو چرچہ کا ماحول بنا ہوا تھا۔ اُس کو دیکھتے ہوئے ایسا لگ رہا تھا کہ آج بدھان سبھا میں کچھ نیا اتیہاس لکھا جائے گا۔ اور یہ ڈر صرف ہم نہیں رہے تھے سر، سرکار میں بیٹھے ہمارے منسٹر، چیف منسٹر بھی ڈر رہیں تھیں۔ اور وہ آج اخباروں میں صاف ہو گیا، آج اخبار میں بات صاف ہو گئی کہ ہمارے وزیر مالیات کا بیان ٹی وی پر دیکھایا گیا تو گورنر ناراض ہو گئے کہ جو پر چار وزیر مالیات کو ملا وہ پر چار ہم کو کیوں نہیں ملا؟ اب وہ ناراض ہو گئے ہیں۔ تو اُن کی ناراضگی دور کرنے کے لئے بھی آپ کو جانا پڑے گا میں یہ کہنا چاہتا ہوں کہ جو وہ مدّہ دیس میں سب سے زیادہ گرم ہے۔ جس پر پورے دیس میں چرچہ ہو رہا ہے وہ ہے CAA,NRC,NPR اور جس کو لے کر سڑکوں پر آپ لوگ یعنی کہ سرکار پکش بھی راستے پر اترے ہوئے ہیں۔ اسی بدھان سبھا میں ریزولوشن پاس کیا جاتا ہے۔ سارا چیز یہاں ہو رہا ہے لیکن جب گورنر اسپیچ پر NRC,NPR اور CAA کو لیکر جو آج سرکار پورے دیس کو ڈر کے ماحول میں جینے پر مجبور کیا ہے یا سرکار کا یہ کالا قانون غلط پالیسی کی وجہ سے سارا دیس پریشان ہے۔ بے کار نوجوان پریشان ہے، کسان پریشان ہے، ہمارے دیس کا ہر ایک شہری پریشان ہے اُس کی طرف اشارہ نہیں کرتے ہوئے صرف کیا کہا گیا؟ ہم لوگ ۲۷ جنوری کو ریزولوشن لئے ہیں۔ ہم لوگ ۶ ستمبر کو ریزولوشن لئے تھے صرف تاریخ گنا دیا گیا ہے سر اس کی وجہ کیا ہے جانتے ہیں سر مجبوری ہے سرکار کی کیونکہ سی اے اے کا قانون، یہ کہتا ہے کہ ایک سرکار دستور ہند کے خلاف فیصلہ لیتی ہے کہ مسلم فرقے کو چھوڑ کر باقی سبھی فرقے کو سرکاری سہولیات دی جائے گی۔ یہی ہے سی اے اے کا قانون کہ مسلمان کو چھوڑ کر باقی سبھی کو دیا جائے گا۔ یہ قانون کب بنا سر؟ جنوری ۲۰۲۰ کو پارلیمنٹ میں پاس ہوا لیکن یہ قانون بننے سے پہلے ۲۰۱۱ میں جب اس قانون پر بات بھی نہیں ہوئی اس کا چرچہ بھی نہیں ہوا اس کالا قانون کا implementation جو ہے بنگال کی سرکار عزت مآب وزیر اعلیٰ ممتا بنرجی نے ۲۰۱۱ میں کیا تھا۔ کیسے کیا؟ آج جو سرکار کہہ رہی ہے کہ مسلمان کو چھوڑ کر باقی سب فرقے کو شہولیات دی جائے گی اور ممتا بنرجی نے ۲۰۱۱ میں اسی کالا قانون کو لاگو کیا تھا سرکاری فرمان کے طور پر مغربی بنگال میں جب ممتا بنرجی نے امام بھتہ چالو کر کے کہا تھا کہ مسلمانوں کے اماموں کو بھتہ دیا جائے گا باقی لوگوں کو نہیں دیا جائے گا۔ یہ وہی کالا قانون ہے سر جس کا بیرو دا آج ممتا بنرجی نہیں کر سکتیں۔ کیونکہ آپ نے خود بنگال کی تاریخ میں پہلی مرتبہ فرقہ پرست سیاست کو جنم دیا تھا۔ آپ نے خود مسلم ووٹوں کو اپنے بکسے میں بند کرنے کے لئے مسلمانوں کے امام کو ہتھیار بنا کر اُن کو بھتہ دینے کے نام پر آپ نے ہندو مسلمان کا بیبھاجن بنگال میں کیا تھا۔ اور آپ کی مسلمانوں کو بھتہ دینے کی وجہ سے آج بی جے پی راستے میں اتر کر کلکتہ کے شہر میں چار ہزر پنڈتوں لے کر نعرہ لگاتی ہے کہ یہ مسلمانوں کی سرکار ہے۔ ممتا بنرجی مسلمانوں کی سرکار نہیں ہے۔ نہ ممتا بنرجی مسلمانوں کی سرکار بن کر آئی تھی بنگال سرکار کی وزیر اعلیٰ تھی۔ لیکن وہ اپنے آپ کو مسلمان کی سرکار بنانے میں لگ گئی۔ جس طرح سے مودی چُن کر آیا دیس میں بھارت کی سرکار بنانے کے لئے اُس کو بھیجا گیا تھا لیکن وہ جا کر وہاں ہندوتو کی بات کرتا ہے۔ ممتا بنرجی یہاں

مسلمانوں کی بات کرتی ہیں۔دونوں میں کوئی فرق نہیں ہے سر،کوئی فرق نہیں ہے ۔آج سی اے اے کے خلاف جپ چاپ سنیئے سچائی سننے میں کڑوا لگتا ہے۔لیکن سچ یہی ہے ۔ممتا بنرجی آج کیا کررہی ہیں؟ ~~(in bengali)~~ **سی اے اے کے مانبونہ جوگن سی اے اے طوری ہوئے نی** اُس سے پہلے تو آپ نے سی اے اے کا کالا قانون بنگال میں تھوپ دیا تھا۔جس کی وجہ سے آج بنگال میں میں علی عمران رمز ایک مسلمان مجھے میرا دوست کہتا ہے کہ بنگال کی سرکار تو تمہارے لئے ہے،میرا دوست کہتا ہے یہ سرکار تمہارے لئے ہے کیوں؟ کیونکہ تم مسلمان ہو۔میں ہندو ہوں اس لئے یہ سرکار میرا نہیں ہے ۔یہ سننا پڑا آج اگر علی عمران رمز کو تو آپ کے ووٹ کی سستی سیاست کی وجہ سے ہماری وزیر اعلیٰ ممتا بنرجی کی وجہ سے ایک علی عمران رمز نہیں بلکہ بنگال کے ۳۰ فیصد مسلم آبادی کا ہر علی عمران رمز کو یہ بات سننا پڑا۔اور باقی تمام ہمارے ہندو بھائیوں کو جو تکلیف پہنچی ہے۔اُس کا فائدہ بی جے پی کے لوگ اٹھا رہے ہیں یہ کہہ کر یہ سرکار مسلمانوں کی سرکار ہے۔ بنگال میں ہندو تو کو گھوسانے والے اور کوئی نہیں خود آپ ہیں۔عزت مآب وزیر اعلیٰ ممتا بنرجی ہیں ۔آج ممتا بنرجی کی وجہ سے بی جے پی بنگال میں اتنا سر چڑھ کر بول رہی ہے۔ورنہ ۴۴ سال میں یہ بی جے پی بنگال میں اپنا قدم جمانے کے لئے زمین ڈھونتے رہی اُس کو زمین نہیں ملا۔لیکن آج آپ لوگوں کی وجہ سے یہ حالت ہے ۔اور میں آج ایک بات کہنا چاہوں گا۔سر اس کو پڑھتے ہوئے میں نے ایک جگہ دیکھا کہ اس میں کہا گیا ہے کہ سر unemployment کی بات کہی گئی ہے ،unemployment پر پورے دیس میں جو حالات ہے اُس کے باوجود بنگال میں ۴۰ فیصد بے روزگاری جو ہے وہ

increase ہو رہا ہے۔کہاں پر increase ہو رہا ہے؟ مجھے نہیں پتہ،آپ بتا سکتے ہیں۔کس Department میں increase ہو رہا ہے؟نہیں پتہ،آج میں نے وزیر صاحب سے پوچھا پورے بنگال میں کتنا vacancies ہیں؟ direct or indirect government post میں ہمارے وزیر بتا نہیں سکتے ہیں۔اُن کے پاس جواب نہیں ہے۔اور وزیر اعلیٰ اپنے بیان میں کہتی ہیں سرکار کے پکش سے کہ ہمارا ۴۰ فیصد increasement ہو رہا ہے۔کیسے ہو رہا ہے؟ سر پتہ ہے جب وزیر اعظم بولتے ہیں روزگار کی بات اُن سے کی جائے تو وہ بولتے ہیں پکوڑا تلو اور ہمارے ریاست کی وزیر اعلیٰ سے جب روزگار کی بات کی جاتی ہے تو کہتی ہیں کہ ~~(In bengali)~~ **تیلے بھاجا سیلپو، تیلے بھاجا سیلپیر کھوتھا چولے آسے** ہم کو ایک بات سمجھا دیجئے پکوڑا اور تیلے بھاجا کیا الگ الگ چیز ہے؟ ہندی میں پکوڑا ہے اور بنگلہ میں تیلے بھاجا ہے۔سر صرف بھاشا کا فرق ہے۔دونوں ہے ایک ہی چیز،دونوں ہے ایک ہی چیز۔اُسی طرح دیدی اور مودی بھی ایک ہی ہیں سر،دیدی مودی ایک ہی ہیں۔صرف بھاشا کا فرق ہے جیسے تیلے بھاجا اور پکوڑا میں جتنا فرق ہے۔دیدی اور مودی میں اتنا ہی فرق ہے اس سے زیادہ اور کوئی فرق نہیں ہے سر۔یہی حالت ہے پورے بنگال میں آج ممتا بنرجی کس حق سے این ار سی کے خلاف لڑنے کی بات کرتی ہیں؟ وہ جو ہمارے یہاں دیس کے migrant لوگ ہیں جو ہندوستان پاکستان سے جب ہمارا ایک دیس تھا۔جو لوگ یہاں migrant لوگ اُن کو illegal migrant بنانے کا مانگ کرنے کا جو پرستاب ۲۰۰۳ میں پارلیمنٹ میں پاس ہوا اُس وقت ہمارے عزت مآب وزیر اعلیٰ دلی میں این ڈی اے کے ساتھ سرکار میں تھی ۔اُس وقت وہ منسٹر تھی۔اور اُن کے ہی موجودگی میں illegal immigrants کا قانون پاس کیا گیا اور اُس وقت وہ اُس کو حمایت کرتی ہیں۔آج کس حق سے وہ این ار سی کی مخالفت کریں گی؟ کس حق سے وہ این ار سی کی مخالفت کریں گی۔آج اگر علی عمران رمز کو آج غیر ملکی گھوسیت کیا جاتا ہے تو ممتا بنرجی کس حق سے بولیں گی کہ علی عمران رمز اس دیس کا شہری ہے کیونکہ کل جو قانون بنایا جا رہا تھا۔تب ممتا بنرجی نے علی عمران رمز کو illegal immigrants بنانے کے قانون پر اپنا مہر لگایا تھا۔آج کس حق سے وہ بولیں گی کہ علی عمران رمز دیس کا شہری ہے۔آج آپ نہیں بول سکتیں اس لئے آج آپ کی مجبوری ہے۔کیونکہ آپ نے خود اس قانون کو حمایت کر کے دلی میں اس کو پاس کیا۔ابھی ہماری عزت مآب ممبر بول رہی تھی سدن میں،جب یہ بل پاس ہوا اُس وقت آپ کے ترنمول کے ایم پی لوگ ووٹ دینے کے وقت باہر جا کر کینٹین میں بیٹھ کر چائے پیتے ہیں لیکن ووٹ نہیں دیتے ہیں۔اور آپ بات کرتی ہیں کہ آپ این ار سی کو بچائیں گی۔این ار سی سے دیس واسیوں کو بچائیں گی۔ارے بھائی آپ لوگ اس سے زیادہ کرتے کیا ہیں۔

مسٹر اسپیکر :بولیئے بولیئے آپ کا ٹائم ختم ہو رہا ہے۔

شری علی عمران رمز : این ار سی کے خلاف جو لڑائی ہے سر اسے لڑنے کے لئے ہم لوگوں نے جو راستہ آپ کو دیکھایا ہے اُسی راستے پر آپ کو چلنا پڑ رہا ہے۔کیونکہ این ار سی کو لے کر سب سے پہلے جو ریزولوشن لیا گیا وہ بھی ہم لوگوں کے دباؤ میں سرکار کو لینا پڑا۔اُس کے بعد این پی ار کا مدّہ آیا۔اُس کو بھی میں نے بدھان سبھا میں اٹھایا zero hour میں اُس کے بعد آپ کے عزت مآب وزیر پارتھو چٹرجی صاحب نے مجھے بلا کر یہ بات کہی کہ آپ کے پرستاب کو ہم لوگ دھیان دیں گے۔اس کے بعد سرکار کو این پی ار پر روک لگانا پڑا stay order لگانا پڑا تھا۔۹ تاریخ کو جب بدھان سبھا کھولا ہم لوگوں نے بار بار کہا کہ سی اے اے پر ریزولوشن لینا ہوگا۔لیکن اُس وقت ہماری بات کو نکار دیا گیا۔اور پھر ۲۷ تاریخ کو اسپیشل بدھان سبھا بلا کر دوبارہ سی اے اے پر ریزولوشن لے کر اس کو repeal کے لئے بھیجا جا رہا ہے۔اس کا مطلب کیا ہے سر؟ ایک کہاوت ہے بنگلہ میں ہے میں بنگلہ اتنا نہیں جانتا ہوں

এক গাধা সোজা জল খায় না। ঘেটে জল খায়। এই অবস্থা হচ্ছে আমাদের রাজ্যসরকারের। সোজা পথে ওনারা জল খেতে পারে না। ও যতক্ষণ না ঘাটবে, কাদা জল না হলে জল খেতে পারেন না আপনারা। এটাই হচ্ছে বাস্তব।

سچائی یہی ہے سر آج این ارسی کے خلاف جو ریزولوشن پاس ہوا ہے۔این ارسی کے بارے میں اور سی اے اے کے بارے میں، میں سر کر سے پھر مانگ کرتا ہوں کہ اس پر سختی سے اگر اُترنا ہے تو میں چاہونگا کہ ہم سب کو شامل کیا جائے۔ممتا بنرجی اگر سامنے کھڑی رہنا چاہتی ہیں تو رہے کھڑیں ہم سب اُن کے ساتھ ہیں لیکن ایک اصول کے ساتھ ایمانداری کے ساتھ، پورے دیس کے حق میں دستورِ ہند کے حق میں اگر وہ بی جے پی سے لڑنا چاہتی ہیں۔اُن کو بی جے پی سے ڈر لگ رہا ہوگا کیونکہ اُن کے منتری جیل چلے جائیں گے۔اُن کے لوگ سبھا کے ایم پی جیل جائیں گے۔اُن کا بھتیجا جیل جائے گا اس لئے وہ ڈر رہی ہیں۔لیکن ہم کو کسی کا ڈر نہیں ہے سر لیکن آپ لڑیئے اُن کے ساتھ ہم لوگ کھڑے ہونے کے لئے تیار ہیں۔لیکن لڑائی لڑنا ہوگا۔وہ دیکھانے کا نہیں

مسٹر اسپیکر : پلیز پلیز پلیز

شری علی عمران رمز

ব্যাঙ-এর মুখেও চুমু, সাপের মুখেও চুমু। ওই চুমু-চুমু খেলাখেলি হলে আমরা নেই। আমরা আমাদের লড়াই লড়াইয়ের পথে লড়ে নেব, এই বলে আমার বক্তব্য শেষ করছি।

[3:40 – 3:50 p.m.]

...... (নয়েজ)......

(এই সময় মাননীয় বিধায়ক শ্রী তমোনাশ ঘোষ কিছু বলতে ওঠেন)

মিঃ স্পিকার : আমি দেখে নেব, আমি নোটিশ করেছি,আমার কাছে আসবে, আই লুক ইনটু দিস। আমি দেখে নেব।

....(নয়েজ)......

শ্রী স্নেহাশিস চক্রবর্তী : মাননীয় স্পিকার স্যার, রাজ্যপাল মহাশয়ের ভাষণে যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব তার সমর্থনে বক্তব্য রাখছিলাম। কিন্তু আপনি একটা দৃষ্টান্ত স্থাপন করলেন পশ্চিমবঙ্গ বিধানসভায় আমি জানি না, যে ভারতবর্ষের আর অন্যান্য কোন রাজ্য, যে রাজ্যগুলো আছে তাদের বিধানসভায় এই রকম কোন দৃষ্টান্ত আছে কিনা *** ঠিক আছে।.....(নয়েজ).....

মিঃ স্পিকার : আপনি ওই referenceটা না দিলেই ভাল। আমি ওই referenceটা নেব না।

শ্রী স্নেহাশিস চক্রবর্তী : তন্ময়দা বসুন না, আমি বলার পর আপনি বলবেন। কথাটা হচ্ছে,আমার খুব ভাল লাগল,আমার খুব ভাল লাগল যে যত জন আমার আগে ছিলেন, স্পিকার সাহেব প্রত্যেককে এক এক করে বলালেন এবং আমরা বলছি, এটা খুব ভাল। এটা দৃষ্টান্ত স্থাপন হল পশ্চিমবঙ্গ বিধানসভায়,গণতান্ত্রিক পরিবেশে, এটা প্রশংসা করবেন। আমার কথাটা হল যে.......(নয়েজ)...... আরে আমাকে বলতে দিন, আমাকে বলতে দিন। অশোকবাবু টাইম পাশের কথা বলছিলেন, টাইম পাশের কথা। যে টাইম পাশের কথা, ঠিকই তো - আপনারা তো বাইরে যাচ্ছেন, বাইরে গিয়ে বসে থাকছেন বিধানসভায় এত ভাল একটা আলোচনা হচ্ছে, আপনারা বাইরে গিয়ে সেই টাইম পাশই করছেন অথচ ভেতরে থেকে লড়াই হোক, যুদ্ধ হোক, তর্ক হোক, কোন বিতর্ক হোক এটাই হচ্ছে উচিত। যাই হোক আমার বক্তব্যতে আসছি, সেটা হল

*** অধ্যক্ষের আদেশক্রমে বাতিল।

অশোকবাবু যেটা বললেন, অসিত বাবু এনারা বিধানসভায় দীর্ঘদিনের সদস্য এবং এনারা দীর্ঘ বছর সরকার চালিয়েছেন এবং তুলনায় আমি তো অনেক নবীন এবং আমার মনে হল ওনাদের কথা শুনে, যে ওনারা অতীতটাকে পুরোটা ভুলে গেছেন। ভুলে গিয়ে আবার নতুন করে কিছু ভাবার চেষ্টা করছেন। এই যে অশোকবাবু বললেন political intolerance এর কথা বলেছেন বাংলার বুকে। অসিতবাবু-অশোকবাবু সবাই বলেছেন, রাজ্যপাল রাজ্য সরকারের লিখিত ভাষণ হুবহু পড়ছেন, তাতে কোন বাস্তবতা অর্থাৎ বিরূপ কোন মন্তব্য তারা খুঁজে পাননি। অ্যাকচুয়ালি অসিতবাবুরা গত কয়েকদিন ধরে পত্র পত্রিকার যে কথাগুলো বাইরে যেগুলো হয়, সেইগুলো নিয়েই খুব interested ছিলেন। বোধহয় বিধানসভার মধ্যে আছড়ে পড়বে। অ্যাকচুয়ালি অসিতবাবু এটা আইনসভা, এটা মাঠ নয়, এটা ময়দানও নয়।

আমরা মাঠে ময়দানে অনেক সময় বক্তব্য রাখি। অনেক সময় অনেক কথা বলে ফেলি। কিন্তু যখন আমরা এটার ভেতরে আসি, এখানকার আইন কানুন, রুলস, সংবিধান -এগুলো মানতে হয়। ফলে বাইরে কে কী বলেছে, বাইরে কোন বক্তব্য রেখেছেন, তিনি এসে এখানে রাখবেন, এটা আশা করলেন কেমন করে ? এখানে তো সত্যি কথাই বলতে হবে। রাজ্যপাল মহাশয় তাই তাঁর ভাষণে রাজ্যের একবারে সঠিক চিত্র তুলে ধরেছেন। বাইরে কী বলছেন, এটা নিয়ে আমরা ভাবিত নই, আপনারা ভাবতে পারেন। দ্বিতীয় কথা হচ্ছে, ইনটলারেন্স। অশোকবাবু ৩৪ বছর আপনারা সরকারে ছিলেন। বাংলার মাটিতে রাজনৈতিক হিংসার আমদানি বামপন্থীরা করেছেন ছয়ের দশকের শেষ থেকে এবং ৩৪ বছরে আপনারা সেটাকে একবারে তৃণমূল স্তরে পৌঁছে দিয়েছিলেন। আমি উদাহরণ দিচ্ছি, আরামবাগ সাবডিভিশান, আমার জেলা, ১৯৭৭ সালে আপনারা ক্ষমতায় এলেন, আরামবাগ পুরশুড়া বিধানসভা বামফ্রন্ট পেয়েছিল। ১৯৮২ সালের লোকসভায় ওখানে কংগ্রেস জিতল। ১৯৮২ সালে আরামবাগে কংগ্রেস জিতল, পুরশুড়ায় কংগ্রেস জিতল। মানে গণতান্ত্রিক পরিবেশটা কিছুটা ছিল। তার পরে আপনারা এমন ধ্বংস করে দিলেন, আরামবাগ থেকে শুরু করে গড়বেতা, কেশপুর, বিস্তীর্ণ এলাকায় বিরোধী শূন্য করে দিলেন। আপনারা কোন্ টলারেন্সের কথা শেখাচ্ছেন ? সেই সমস্ত এলাকাগুলোর একই অবস্থা। এগুলো আপনারা শিখিয়ে গেছেন। আপনারা এই রাজনৈতিক পরিবেশটাকে বাংলার ধ্বংস করে দিয়ে চলে গেছেন, যেখানে গণতন্ত্র নেই। আপনারা দেখুন তো, আপনারা যেখানে যেখানে বিরোধী শূন্য করেছিলেন, আজকে সেখানে সেখানে সেই কালচার চলছে। আমরা খুশী নই তাতে। আপনারা এগুলো আমদানি করে দিয়ে গেছেন। বিরোধীরা বিরোধী শূন্য করে দিয়ে চলে গেছেন। আপনারা আবার নতুন করে কী শেখাচ্ছেন আমাদের ? আজকে এই যে লড়াই, সে এন.আর.সি. -র বিরুদ্ধে লড়াই বলুন বা ভারতবর্ষের কোন্ রাজ্যের কোন্ মুখ্যমন্ত্রী প্রতিটা দিন হাজার হাজার লক্ষ লক্ষ মানুষকে নিয়ে রাস্তায় হাঁটছে এই এন.আর.সি., এন.পি.আর., এর বিরুদ্ধে, দেখাতে পারবেন ? একমাত্র মমতা বন্দ্যোপাধ্যায় করে চলেছেন। একমাত্র করে চলেছেন, এখানে কোন দ্বিচারিতার জায়গাটাই নেই। দ্বিচারিতার জায়গাটা করছেন আপনারা। আপনারা কী লড়াই করবেন বলুন

তো। আপনাদের অনেকগুলো ভালো ভালো শ্লোগান আমি শুনি। খুব ভালো ভালো শ্লোগান আপনারা তৈরি করেছেন, করছেন। আপনারা লড়াই করবেন কেমন করে? ২০১৬ সালের বিধানসভা নিবার্চন, ২০১১ সালে আমরা ক্ষমতায় এলাম, আমরা ২ কোটি ৪০ লক্ষ ভোট পেলাম, আপনারা ১ কোটি ৯৮ লক্ষ ভোট পেলেন। ২০১৬ সালেও দেখা গেল যে আমাদের ৫ লক্ষ ভোট বাড়ল। আপনাদের প্রায় ২ কোটির মত ভোট। মানে ৩৯ বছর এই মানুষগুলো আপনাদের ভোট দিয়েছেন, কাস্তে হাতুড়িতে ভোট দিয়েছেন, আপনাদের শরিকদলে ভোট দিয়েছে। ৩৯ বছর, বাই প্রিন্সিপ্‌ল্‌, ভালোবেসে, আপনাদের আদর্শে, সত্যি, সত্যি এটা তো প্রশংসার কথা। ২০১৯ সালের মধ্যে দেড় কোটি ভোট চলে গেল বি.জে.পি.-তে। আপনি আবার কি লড়াইয়ের কথা বলেন ? এমনি চলে গেছে? আপনারা পাঠিয়ে দিয়েছেন। আপনারা পাঠিয়ে দিয়ে তৃণমূলকে শিক্ষা দিতে চেয়েছেন। আর শিক্ষাটা আপনারা নিজেরা পেয়ে গেছেন। আজকে আপনি যতই লড়াই করুন, আপনার পেছনে কোন লোক নেই। কোন লোক নেই আপনার পেছনে। আপনি কি লড়াই করবেন। আমাদের শক্তি আছে বলেই আমরা আবার কালিয়াগঞ্জ, খড়গপুরে জিতে নিয়েছি। এটা তৃণমূলের শক্তি আছে। কোন ভোট তৃণমূল থেকে যায় নি বি.জে.পি.,-তে। গেছে আপনাদের ভোট। আপনারা লড়াই করবেন কেমন করে ? আপনারা নিজেরাই সর্বনাশটা নিজেদের দলে করে ফেলেছেন। এখন ঘটনা, বোঝাপড়াটাই হচ্ছে আপনাদের সাংঘাতিক। বোঝাপড়াটা আপনাদের সাংঘাতিক, আমাদের নয়।

(ভয়েসঃ টাকার বিনিময়)

হতে পারে। আমি সেই সবের দিকে যাচ্ছি না। আমি মূল প্রশ্নে আসি, ভাবতে হবে। আমি একটা ভালো কথা বলব, শুনতে ভালো লাগবে। স্বাধীনতার পর আমাদের যে সংবিধান তৈরি হল, আমাদের দেশ গণতান্ত্রিক ব্যবস্থা পেল, আমাদের দেশ ধনতন্ত্র, সমাজতান্ত্রিক ব্যবস্থা থেকে ভালো অর্থনীতি পেলাম। তার মধ্যে থেকে বামফ্রন্ট এই যে কমিউনিস্ট পার্টি, তার জন্ম ভারতবর্ষে, তার পর তারা একটা রাজ্যে ক্ষমতায় এল। আস্তে আস্তে কোথাও কোথাও গণতান্ত্রিক ব্যবস্থাকে কমিউনিস্ট পার্টি মেনে নিল। সত্যি তাই। ভারতবর্ষে যে সংবিধান তৈরি হয়েছিল, ভারতবর্ষের আত্মা থেকে যে সংববিধান তৎকালীন নেতৃত্ব তৈরি করেছিল, ইচ্ছায় হোক অনিচ্ছায় হোক, কমিউনিস্ট পার্টি কিন্তু সেগুলো মেনে চলার চেষ্টা করেছে। কিছু কিছু জায়গায় গণতন্ত্রকে নষ্ট করেছে। বাংলায় কিন্তু সার্বিকভাবে আমরা কখনও দেখি নি যে, ভারতবর্ষের সংবিধানে বিরোধিতা কমিউনিস্ট পার্টি করেছে। আজকে ঘোর সংকট এই কারণে যে, বি.জে.পি. নামক একটি দল ভারতবর্ষের সেই সংবিধান, তার হৃদয়, তার আত্মাকে ক্ষত বিক্ষত করে চলেছে। এখানে লড়াই ওভাবে করতে যাবেন না। আপনারা মমতা বন্দোপাধ্যায়ের বিরুদ্ধে শুধু লড়াই করে আপনারা বি.জে.পি.-র হাত শক্ত করা ছাড়া কিছু করবেন না। ঘোর সংকটের মধ্যে দেশ এসে দাঁড়িয়েছে। আজকে সিটিজেনশিপ অ্যামেন্ডমেন্ট অ্যাক্ট, আমরা বিরোধিতা কেন করছি ?

[3:50 – 4:00 p.m.]

দু'টি কারণে বিরোধিতা করছি। এটা হচ্ছে সংবিধান বিরোধী একটি আইন। ভারতবর্ষের সংবিধানের যে মৌলিক কাঠামো আছে ১৯৭৩ সালে কেশবানন্দ ভারতী ভার্সেস কেরালা গভর্নমেন্টের যে মামলা সেই মামলায় সুপ্রীম কোর্ট নির্দিষ্ট করে দিল যে, ভারতবর্ষের সংবিধানের যে মৌলিক কাঠামো, তার প্রস্তাবনা, তার যুক্তরাষ্ট্রীয় কাঠামো, তার মৌলিক অধিকার, তার শ্রেষ্ঠত্ব - এগুলোকে বিঘ্নিত করে এ রকম কোনো বিল পার্লামেন্টে আনা যাবে না। ১৯৯৪ সালে S. R. Bommai ভার্সেস ইউনিয়ন গভর্নমেন্টের মামলায় আবারও সুপ্রিম কোর্টের একই কথা। আজকে যে সি.এ.জি. আইনটা তৈরি হয়েছে সেই আইনটা সেই সংবিধানের সেই ধর্মনিরপেক্ষতা Article 14 A যে সমতার অধিকার, সরকারের চোখে সবাই সমান, সরকারের চোখে সব ধর্মের মানুষ সমান - সেগুলোকে ভেঙ্গে দিয়েছে। ভেঙ্গে দিয়ে একটা অবিশ্বাসের বাতাবরণ তৈরি করেছে। একটা ধর্মের মানুষকে, একটা শ্রেনির মানুষকে বাদ দিয়ে তারা ভারতবর্ষকে খণ্ডিত-বিখণ্ডিত করতে চায়। এটা কিন্তু একটা কঠিন লড়াই। এবং তারা চায় যে এই ভাবে তারা একটা ধর্মীয় মেরুকরণের চেষ্টা করে চলেছে। কেন করে চলেছে? একটাই কারণ কারণ তারা ভারতবর্ষের মানুষকে ডেভলপমেন্ট দিতে পারেনি। ছ'বছরে ভারতবর্ষের আর্থিক অবস্থা একেবারে তলানিতে। জি.ডি.পি.-র বৃদ্ধির হার 4.5%. এই ১১ বছরের মধ্যে সর্বনিম্ন। এবং ভারতবর্ষে ৬ লক্ষ ৮০ হাজার কলকারখানা বন্ধ হয়ে গেছে। ভারতবর্ষের সরকারি সংস্থাগুলোকে এদের বেচে দিতে হচ্ছে অর্থ সংগ্রহের জন্য। এমনকি রিজার্ভ ব্যাঙ্কের যে আপৎকালীন ফান্ড সেখান থেকে এক লক্ষ ছিয়াত্তর হাজার কোটি টাকা এদের নিয়ে নিতে হয়েছে শুধুমাত্র সামাল দেওয়ার জন্য। এবং রাজকোষ যে ঘাটতি 3.3 সেটা অতিক্রম করে গেছে। এমন কি ক্রিটিক্যাল অবস্থার মধ্যে পড়েছে। যে সেই রাজকোষ ঘাটতিকে যদি নিয়ন্ত্রণ করতে যায় তাহলে কিন্তু ভারতবর্ষের জি.ডি.পি. যেটা সেটা অভ্যন্তরীণ উৎপাদন বাড়ানো যাবে না। এঁরা পথ খুঁজে পাচ্ছে না। এঁরা কোনো পথ খুঁজে পাচ্ছে না। এই যে ডিমনিটাইজেশান এখানে রাজ্যপাল মহাশয় ঠিকই বলেছেন, ডিমানিটাইজেশানের ফলে মানুষের যে পার্চেসিং পাওয়ার, সেই ক্রয় ক্ষমতা সেইটা একেবারে সঙ্কোচিত হয়ে গেছে। ভারতবর্ষের যত ব্যবসা আছে প্রায় আশি শতাংশ নগদ টাকায় চলত এবং সবাই নগদ টাকায় চলা মানে এটা ভাবার কোনো কারণ নেই যে, সব ট্যাক্স ফাঁকি দেওয়া টাকা এবং সবাই চোর। এটা ভাবার কোনো কারণ নেই। এটা ভেবে নেওয়া হ'ল। এঁরা ভেবে নিন গরিব মানুষ যাঁর কাছে পাঁচশো টাকার একটা নোট ছিল তাকেও সন্দেহ করা হ'ল, এ বোধ হয় চোর। কিন্তু চোর তো হচ্ছে বড় বড় ব্যবসায়ীরা। যারা বি.জি.পি.র ঘনিষ্টতা দেখিয়ে ভারতবর্ষের ব্যাঙ্কগুলো থেকে লক্ষ কোটি টাকা লুঠ করে পালিয়ে গেছে। এরা গরিব মানুষদের কাছে থেকে টাকাটা কেড়ে নিয়ে সেই যে পার্চেসিং পাওয়ারটাকে কমিয়ে দিল - আমরা তখনই বলেছিলাম, আমাদের নেত্রী প্রথম থেকেই বলেছিলেন যে, এই ডিমানিটাইজেশান ভারতবর্ষের অভ্যন্তরীণ উৎপাদনকে কমিয়ে দেবে এবং ভারতবর্ষ মন্দার দিকে যাবে। তারই প্রভাব চলছে এবং এটা থেকে এরা বেরতে পারছে না বলে এরা দ্বন্দ্ব লাগিয়ে দিতে চাইছে। এরা মানুষকে বিপদের মধ্যে ফেলতে চাইছে এবং

মানুষকে বিপর্যস্ত করতে চাইছে। মানুষ একটা দলকে ভোট দেয় কেন? মানুষ কি চায়? মানুষ ডেভলপমেন্ট চায়, মানুষ খাদ্য চায়, বস্ত্র চায়, কর্মসংস্থান চায়, শিক্ষা চায়, স্বাস্থ্য চায়। এ সরকার এমন একটা সরকার সেগুলো দিতে পারবে না বলে উল্টে মানুষের কাছ থেকে ডকুমেন্ট চায়। তুমি ডকুমেন্ট দেখাও না হলে তুমি ভারতে থাকতে পারবে না। এবার হন্যে হয়ে মানুষ ঘুরছে। আমি গ্রাম-গঞ্জে দেখি যে, হন্যে হয়ে কে আঁধার কার্ড ঠিক করছে, কে ভোটার কার্ড ঠিক করছে, ভাবছে যদি এনআরসি হয়। যদি এরকম কোনো বন্দোবস্ত হয় তাহলে হয়তো আমি রাষ্ট্রহীন হয়ে যাব। এ রকম একটা অবস্থার মধ্যে মানুষকে পরিকল্পিত ভাবে এরা ফেলে দিয়েছে। সেইখানে জোটবদ্ধ -ভাবে ভারতবর্ষে এই সংবিধান বিরোধী যে আইন তার বিরুদ্ধে কিন্তু লড়তে হবে। আমরা লড়ছি এবং আমরা একদম অনেস্টলি লড়ছি। এবং দ্বিতীয় কারণ হচ্ছে, যে কারণে এটার বিরোধিতা সেটা হচ্ছে যে, যাদের জন্য এই আইনটা করা হয়েছে, ওরা যেটা বলছে যে, হিন্দু উদ্বাস্তু যারা এসছে তাদের এটা মঙ্গলের জন্য নয় এবং তাদের কোনো কাজেও লাগবে না। বরঞ্চ এই আইনের সুযোগ নিতে গেলে তাদের বিপদে পড়তে হবে কারণ এই আইনটা এমন ভাবে তৈরি হ'ল যে, যদি এই ভাবে তারা করতে পারত যে, ২০১৪ সালের ৩১শে ডিসেম্বরের আগে যত ওপার বাংলা বা পাকিস্তান থেকে উদ্বাস্তু যারা এসেছে তারা নাগরিকত্বের জন্য আবেদন করতে পারবে এবং ইললিগ্যাল মাইগ্র্যান্ট আমরা ডিলিট করে দিলাম, আমরা শরণার্থী করে দিলাম। ২০০৩ সালেও বলছিল, ঠিকই বলছিল, ইললিগ্যাল মাইগ্র্যান্ট, এটাকে মোছার জন্য এই আইন তৈরি হয়েছে। যদি এটা করতো তাহলে আমাদের বিরোধিতা করার জায়গা থাকত না। যদি নিঃশর্ত নাগরিকত্ব ওরা দিত আমাদের বিরোধিতা করার কোনো জায়গা ছিল না। কিন্তু ওরা শর্ত যুক্ত করলো। শর্তটা হচ্ছে ধর্মীয় অত্যাচার। এটা কেন যুক্ত করলো? কারণ এই টাইমটায় ওদের মাথার মধ্যে বদ বুদ্ধি ঢুকলো যে মুসলিম সমাজকে অপমান করতে হবে।

ওদের বাদ দিতে হবে। এই বাদ দিতে গিয়ে যদি বিলটা তৈরি হত তাহলে বিলটাই তৈরি হত না। বিলটা পার্লামেন্টে উপস্থাপনাই করা যেত না। তখন ওরা ইন্টারন্যাশনাল শরণার্থী আইনের সাপোর্ট নিলো এবং নিয়ে এই গল্পটা রচনা করেছেন। এখন এটা রচনা করতে গিয়ে যে ধর্মীয় অত্যাচার যুক্ত করা হল এতে কিন্তু একজনও প্রমাণ দিতে পারবে না এবং কোথায় বাস করে, বাংলাদেশ বা কোথাও যে বাস করে তার ঠিকানা দিতে পারবে না। আবেদন করতে গেলে বরং ৭০ বছরের মাথায় তাদের নিজেদের বিদেশি বলে প্রতিপন্ন করতে হবে। কিন্তু নাগরিকত্ব কেউ পাবে না। কারণ জয়েন্ট পার্লামেন্টারি কমিটির কাছে স্বরাষ্ট্র মন্ত্রককে লিখিত দিতে হয়েছে যে ধর্মীয় অত্যাচারের প্রমাণ করতে হবে এবং সেটা 'র' তদন্ত করবে। ধর্মীয় অত্যাচারের কারণে এই মুহূর্তে ভারতবর্ষে ৩১,৩১৩ জন আছে যারা এই আইনের বলে নাগরিকত্ব পেতে পারে, অন্য কেউ পেতে পারে না। এই আইন কিন্তু তাদেরও বিপদে ফেলার একটা আইন। এবং এর জন্যই আমরা এর তীব্র বিরোধিতা করছি। আর, এর মধ্যে যা লিখেছেন এবং মাননীয় রাজ্যপাল মহাশয় যা পড়েছেন, সার্বিক যে ডেভেলপমেন্ট, অর্থিক কথা তা বাজেটের সময় হয় বলা যাবে। তাই আমি একে সমর্থন করে আমার বক্তব্য শেষ করলাম। নমস্কার।

Shri Narmada Chandra Roy : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি মন দিয়ে শুনছিলাম আমার আগের বক্তা স্নেহাশিসবাবুর বক্তব্য। গত ৭ই ফেব্রুয়ারী মহামান্য রাজ্যপাল এখানে সরকারের তৈরি করা ভাষণ আগাগোড়া পাঠ করেছেন, একেবারে হুবহু বলেছেন। সংবিধানের রীতি অনুসারে তিনি ঠিকই করেছেন। তার ওপরে ধন্যবাদসূচক প্রস্তাব সরকারের পক্ষ থেকে আনা হয়েছে। আমি তার বিরোধিতা করে এবং স্নেহাশিসবাবুর বক্তব্যের পরিপ্রেক্ষিতে একটা বিষয় এখানে উপস্থাপন করছি। আমরা কিছুদিন আগে লক্ষ্য করছিলাম যে মহামান্য রাজ্যপাল সরকারের ভাষণের সঙ্গে একমত নন, পাল্টানোর পরামর্শ দিয়েছেন। তার পর তিনি বলেছেন লিখিত ভাষণ নয় তার নিজের বক্তব্য রাখবেন। কিন্তু সেদিন আমরা দেখলাম যে, তিনি সরকারের তৈরি করা ভাষণ আগাগোড়া এবং হুবহু পাঠ করলেন। এর মধ্যে দিয়ে এই যে সংঘাত রাজ্যপাল বনাম সরকার এবং এই সংঘাতের আড়ালে যে নাটক তাতে কী এই সন্দেহ জাগে না যে তাহলে এই সমঝোতাটা কিসের ওপরে? এই N.P.R., N.R.C., C.A.A. তার জন্য, নাকি বৃহত্তর রাজনৈতিক স্বার্থ তার জন্যে? নাকি এখানে CBI-র মত যে কেন্দ্রীয় সংস্থা তার কাজের জন্য? কী কারণে এই সমঝোতা যে কারণে মাননীয় রাজ্যপাল মহোদয় এত কথা বলার পরেও তিনি এই কথা বলছেন। এখানে তিনি বলবার চেষ্টা করেছেন, তাঁর মুখ দিয়ে বলাবার চেষ্টা হয়েছে যে N.R.C., N.P.R. এ রাজ্যে লাগু হতে দেবেন না। সঙ্গে সঙ্গে C.A.A. এর বিরোধিতা করবেন। কিন্তু আমি এখানে নির্দিষ্ট ভাবে বলতে চাই যে ন্যাশনাল পপুলেশান রেজিস্ট্রেশন, ২০২০ সালের এপ্রিল থেকে জনগণনার কাজ শুরু হবে। তার সঙ্গে N.P.R.এর কাজও করা হবে বলে কেন্দ্রীয় স্বরাষ্ট্র দপ্তর যে বিজ্ঞপ্তি জারি করেছে কেন্দ্রীয় ক্যাবিনেট সেটাকে সীলমোহর দিয়েছে। এটা নির্দিষ্ট করে জানতে চাই যে, সরকারের এই ব্যাপারে বক্তব্য কি ? কেননা জনগণনা ১৯৪৮ সালের আইন অনুসারে প্রতি ১০ বছর অন্তর হয়ে থাকে এবং এটা গোপন থাকে।

[4:00 – 4:10 p.m.]

কিন্তু এন.পি.আর. আমাদের ভারতবর্ষের সংবিধানে কোথাও নেই। সুতরাং এটাকে নির্দিষ্ট করতে হবে যে কোন অবস্থাতেই এন.পি.আর. এই জনগণনার সঙ্গে কোন তথ্য যাতে বাড়ি বাড়ি গিয়ে মানুষের কাছে না নেওয়া হয় এটাকে এনসিয়োর করতে হবে। পাশাপাশিভাবে এখানে আইনশৃঙ্খলার কথা বলা হয়েছে। স্যার, আমি নির্দিষ্ট করে বলতে চাই গত এক বছরে রাজ্যের আইনশৃঙ্খলা ভাল। আমি দক্ষিণ দিনাজপুর জেলায় বাস করি। আমার কুশমন্ডি বিধানসভা কেন্দ্র। কুশমন্ডি বিধানসভা কেন্দ্রে গত অক্টোবর মাসে শুকদেবপুর গ্রাম পঞ্চায়েতের সিংফড়কা গ্রামে জবা রায় নামে একজন যুবতী, তাকে পুনর্ভবা নদীর ধারে নিয়ে গিয়ে সেখানে তাকে ধর্ষণ করা করা এবং অর্ধনগ্ন অবস্থায়, গলা কাটা অবস্থায় পড়ে থাকতে দেখা যায়। তিন দিন পরে তার পরিবার তার বাবা হচ্ছে বলরাম রায়, মা তৃপ্তি রায়, তারা তাকে শনাক্ত করে। এটা স্যার অক্টোবর মাসের ঘটনা। ফের জানুয়ারি মাসের দিকে আবার সেই গঙ্গারামপুরে প্রাণ সাগরের মেয়ে প্রমীলা বর্মন হচ্ছে মেয়েটির নাম, তাকেও তিনজনে মিলে এই গঙ্গারামপুরের ফুলবাড়িতে বাজার করতে আসে, বাজার করে বাড়ি ফেরার পথে সন্ধ্যেবেলায় তাকে কুমারগঞ্জ ব্লকের সাফানগরের রাস্তায়

ফাঁকা মাঠ, কালভার্টের নীচে সেখানে তাকে পর পর ধর্ষণ করে খুন করা হয় এবং পেট্রল ঢেলে তাকে পুড়িয়ে মারা হয়। এই পরপর দুটি ঘটনার সঙ্গে জানুয়ারিতে আবার একটি ঘটনা ঘটেছে গঙ্গারামপুরের নন্দনপুরে। উপপ্রধান তৃণমূলের, সেখানে রাস্তা করবে। সেই রাস্তা যে মহিলার, তিনি বার বার করে নোটিশে আনছিলেন আমার এইটুকু জায়গার উপর দিয়ে রাস্তা বাদ দিয়ে করুন। কোনরকম কর্ণপাত না করে প্রতিবাদ করতে গিয়ে তাকে পায়ে দড়ি দিয়ে টেনে হিঁচড়ে নামিয়ে আনা হয় এবং ঘরের দরজা বন্ধ করে দেওয়া হয়। তার পরে সে অসুস্থ হয়ে পড়ে সাঙ্ঘাতিকভাবে। এই খবর যখন চাউর হয়ে যায় চারিদিকে তার নিন্দার ঝড় বয়ে যায়। এই ৬ মাসের মধ্যে পর পর তিনটি ঘটনা গঙ্গারামপুর থানার ওপরে তার মধ্যে একটি ঘটনা কুশমন্ডি বিধানসভা কেন্দ্রের, যারা এই কাণ্ডের সঙ্গে যুক্ত সেই ল্যাব, ডোর স্টেপ ল্যাব নামে সেখানে পরীক্ষা করতে আসছিল যে যুবতী জয়া, সেই ল্যাবের মালিকও তৃণমূলের সঙ্গে যুক্ত। আমি এখানে কেন আনলাম বিষয়টা? আজকে এর বিরুদ্ধে অভিযোগ হয়েছে, হ্যাঁ গ্রেফতার হয়েছে কিন্তু দেখা যাচ্ছে যে পুলিশ পিছন দিক থেকে তাদের আড়াল করবার চেষ্টা করছে, বাঁচানোর চেষ্টা করা হচ্ছে। সমস্ত ধারাও পলিশ কিন্তু লিখছে না। ফলে আজকে পার পেয়ে যাচ্ছে। এই যে দক্ষিণ দিনাজপুরে পরপর আজকে এইভাবে যুবতী মেয়েদের নৃশংসভাবে ধর্ষণ করে খুন করা হচ্ছে। সারা রাজ্যের সঙ্গে বলতে পারবেন এমন একটা দিন নেই যেদিন নারী ধর্ষণ আর খুন হচ্ছে না? তাহলে কোথায় পশ্চিম বাংলায় নারীদের নিরাপত্তা? আর আজকে এদের বিরুদ্ধে ব্যবস্থা না নেওয়ার কারণে বার বার এই জিনিস হচ্ছে। স্যার, দু বছর আগে কুশমন্ডিতে যে আদিবাসী মেয়েটি ধর্ষিতা হয়ে সারা রাত পড়েছিল গ্রামবাসীরা তাকে উদ্ধার করে মালদা মেডিক্যাল কলেজে ভর্তি করেছিল। মাননীয়া মুখ্যমন্ত্রী দেখা করতে গিয়েছিলেন। বলা হয়েছিল সেই মেয়েটির সব রকমের ব্যবস্থা করে দেবেন। তাকে সেখানে ঘরবাড়ি করে দেওয়া হবে। তার চলবার মত ব্যবস্থা করে দেওয়া হবে। কিন্তু এখন গ্রামবাসীরা জানে না সে কোথায়? এই যে আইনশৃঙ্খলার এত অবনতি আজকে সেই কারণে দাঁড়িয়ে এই কথা বলছি দক্ষিণ দিনাজপুরে এই যে ঘটনা বার বার ঘটার ফলে মূল কারণ হচ্ছে আজকে অন্যায়কারীদের বিরুদ্ধে ব্যবস্থা না নেওয়ার জন্য এবং সঙ্গে সঙ্গে মানুষের মনে এটা একটা আতঙ্ক।

পাশাপাশি শিক্ষায় আমরা অনেক কথা শুনছি। আমি একটা উদাহরণ দিয়ে বলতে চাই, আজকে যে ড্রপ আউট, এত ড্রপ আউট কেন ? আমি একটা তথ্য দিয়ে বলতে চাই। আমার রিপোর্ট নয়, সর্বশিক্ষা মিশনের তৈরি রিপোর্ট। ২০১৭-১৮ শিক্ষাবর্ষে ৪৮ লক্ষ ২০ হাজার ৯৯৭ জন মিড ডে মিল পেয়েছিল। এবার ২০১৯-২০ সালে দেখা যাচ্ছে কমে ৪১ লক্ষ ৩৭ হাজার ২৬৫ জন। তাতে করে দেখা গেল প্রাইমারি, আপার প্রাইমারি মিলে এই গত দু বছরে সেখানে ১০ লক্ষ ড্রপ আউট হয়েছে। তাহলে কোথায় আমরা? আজ সমস্ত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে সেখানে শিক্ষার মান ভালর জন্য ছেলেমেয়েদের ভর্তি করাচ্ছে। সরকারি স্কুলে যাঁরা শিক্ষাকতা করছেন তাঁদের ছেলেদেরও বেসরকারি স্কুলে ভর্তি করাচ্ছে। এই তো হচ্ছে শিক্ষার হাল। আর বিশ্ববিদ্যালয় - শিক্ষামন্ত্রী এখানে বলছিলেন বালুরঘাটে বিশ্ববিদ্যালয়, আজও কিন্তু কাজের কোন

অগ্রগতি হয় নি। কি কাজ হচ্ছে সেটা আমরা হাড়ে হাড়ে টের পাচ্ছি। তাই রাজ্যপালের ভাষণের উপরে আমার এই বক্তব্য তার বিরোধিতা করে শেষ করছি।

শ্রীমতী ফিরোজা বেগম : অনারেব্‌ল্ স্পিকার স্যার, ভারতের সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের ষোড়শ বিধানসভার পঞ্চদশ অধিবেশনে পশ্চিমবঙ্গের রাজ্যপালের যে ভাষণ সেই বিষয়ে কিছু বলছি। স্যার, বলার আগে প্রথমেই ঢোকার পরে অনেকেই বক্তব্য রাখতে দিলেন, তার পরে স্নেহাশিসবাবু বললেন। স্নেহাশিসবাবুর একটা বক্তব্য স্কুল পালানো ছাত্র, এটাতে আমার তীব্র আপত্তি থাকলো।স্যার, একটা বিষয় নিয়ে মতান্তর শুরু হয়েছিল। আপনি ডাকলেন আলোচনা হল এবং আমরা অধিবেশন কক্ষে এলাম। এটা নিশ্চয় ভাল জিনিস কিন্তু তাই বলে বিরোধী এম.এল.এ.-দের স্কুল পালানো ছাত্র এই যে কটাক্ষ এটার আমি তীব্র বিরোধিতা করছি। তা যদি হয়, এখানে সবাই যদি ছাত্র হয় তাহলে শাসক-বিরোধী সব দলের ছাত্ররা আজকে অ্যাবসেন্ট আছে। তাহলে প্রিন্সিপ্যাল হিসাবে আপনার সবাইকে ধরে ধরে শাস্তি দেওয়া উচিত। স্যার, এই রাজ্যপালের ভাষণে অনেকগুলো কথা আছে। প্রথমেই রাজ্যের আইন শৃঙ্খলা নিয়েই আমি কিছু কথা বলতে চাই। রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতি শান্তিপূর্ণ ছিল। স্যার, গত কয়েকদিন আগে ২৯শে জানুয়ারি, আমার জেলা মুর্শিদাবাদ। আমি যে সাব-ডিভিশানের বিধায়ক ডোমকল সাব-ডিভিশানের জলঙ্গী থানায় এন.আর.সি.-র বিরুদ্ধে ওখানকার নাগরিক মঞ্চের নামে সাধারণ মানুষের আন্দোলনের উপরে গুলি চালালো। গুলি চাললো কে ? না, প্রশাসনের লোক নয়। চালালেন তৃণমূল জলঙ্গী ব্লক কংগ্রেসের সভাপতি তহিরুদ্দিন এবং ওখানকার স্থানীয় প্রধানের স্বামী মিল্টন। সেখানে ৬২ বছরের একজন মোয়াজ্জেন আনারুল বিশ্বাস মারা গেলেন। তিনি কোন আন্দোলনকারী ছিলেন না। মসজিদ থেকে বেরিয়ে এসে পাশের রাস্তায়, মেন রাস্তা থেকে নিচে দাঁড়িয়ে ছিলেন। আর একজন মারা গেলেন সালাউদ্দিন সেখ। ১৭ বছরের একটা বাচ্ছা ছেলে যে গ্রামেই থাকে না। কেরলে কাজ করতে যায়। আমাদের রাজ্যের এত কাজের কর্মসংস্থান ৪০% বেকারত্ব কমে গেছে অথচ দূর্ভাগ্যে আমাদের দেশের ছেলেদের কাজের জন্য লেবার শ্রেণির মানুষকেও কখনও কেরল যেতে হয়, কখনও দিল্লি যেতে হয়, কখনও ম্যাঙ্গালোর, কখনও ব্যাঙ্গালোর, কখনও কাশ্মীর।

[4:10 – 4:20 p.m.]

স্যার, অত্যন্ত দুঃখের সঙ্গে জানাচ্ছি যে এই সমস্ত নামগুলো রাজ্যপালের ভাষণে কোথাও নেই। রাজ্যপালের ভাষণে আসামের N.R.C., C.A.A. এর বিরুদ্ধে আন্দোলনকারী, তাদের মৃত্যু নিয়ে শোক প্রস্তাব আনা হয়েছে। কিন্তু আমরা আবেদন করেছিলাম যে আমার জেলায় যারা N.R.C., C.A.A. - এর বিরুদ্ধে আন্দোলন করতে গিয়ে মারা গেলেন, তাঁদের নামটাও শোক প্রস্তাবে নেওয়া হোক, কিন্তু নেওয়া হয়নি, দুঃখের বিষয়। এত স্যার কর্মসংস্থান, আবারও সেই মুর্শিদাবাদ জেলা, নিশ্চয় আপনারা জানেন, রাজ্য সরকারও তাদেরকে হেল্প করেছে, কিন্তু সেই সাগরদিঘি, সাগরদিঘির শ্রমিকরা কাজ করতে কোথায় গেল, কাশ্মীরে, আপেল বাগানে, লাশ

হয়ে ফিরলেন। আমি বুঝতে পারছি না স্যার আমাদের কৃষকদের ইনকাম তিনগুণ বেড়ে গেছে। কর্মসংস্থান ৪০% সারা ভাররবর্ষের চেয়ে বেড়ে গেছে, অথচ এই হালটা কেন ? প্রত্যেকটা জেলার খুঁটিনাটি খবর আমার কাছে নেই। কিন্তু আমার জেলা মুর্শিদাবাদ, সেই জেলার মানুষদের অবস্থা অত্যন্ত খারাপ। এই N.R.C., N.P.R. এবং C.A.A. নিয়ে বেঙ্গলের মানুষ যখন বাইরে কাজ করতে যাচ্ছে, কিছুদিন আগে আপনারা দেখেছিলেন ব্যাঙ্গালোরে বাঙালি উচ্ছেদ হচ্ছে। বাঙালিরা যেখানে থাকে তাদের বাড়ি-ঘর ভেঙ্গে দিচ্ছে, কনাটকে, অনেক জায়গায় এই রকম ঘটনা ঘটছে। বাঙালি ছেলে মেয়েরা বাইরে কাজ করতে গিয়ে তাদের ভোটার আইডেন্টিটি কার্ড, আধার কার্ড এবং পঞ্চায়েতের সার্টিফিকেট থাকা সত্ত্বেও বিনা কারণে তাদের অনেককে জেল খাটতে হচ্ছে, অনেককে অনেক সমস্যার সম্মুখীন হতে হচ্ছে এবং মৃত্যুমুখে পতিত হয়ে লাশ হয়ে বাড়িতে ফিরছে। আইনশৃঙ্খলার কথা প্রসঙ্গে এই জন্য আমাদের জলঙ্গীর কথাটা বললাম। স্যার, ২৯শে জানুয়ারি, আজ ১৪ দিন হয়ে গেল, খুনী পরিচিত, প্রত্যেকের নাম উল্লেখ করে দিচ্ছে, প্রত্যেকটা মানুষ সাক্ষী দিচ্ছে, আজও পর্যন্ত স্যার কোন খুনী অ্যারেস্ট হয়নি। স্যার, মুর্শিদাবাদ জেলার আর একটা ঘটনার কথা বলি, আইনশৃঙ্খলা নিয়ে বলছি তো। আবারও সেই সাগরদিঘি, সেখানকার একজন প্রাথমিক স্কুলের শিক্ষক, তাঁর স্ত্রী, তাঁর সন্তান এবং তাঁকে দিনের বেলায়, দশটার সময় খুন করেছিলেন, নৃশংস ঘটনা, প্রত্যেকে ধিক্কার জানিয়েছে। সেখানে এই মুর্শিদাবাদ জেলায় অন্যান্য থানা থেকে ওসিদেরকে নিয়ে এসে চিরুনি তল্লাশি করে সাত-আট দিনের মাথায় খুনিকে ধরা হয়েছিল।কিন্তু স্যার ১৪ দিন হয়ে গেল! দিনের বেলার ঘটনা, জলঙ্গীর ঘটনার খুনি আজও ধরা পড়ল না। কেস চলছে ঠিক আছে কিন্তু ধরা পড়ল না কেন ? এস.পি. এবং ডি.এম. ওখানে কথা দিয়েছিলেন যে তিন দিনের মধ্যে অ্যারেস্ট হবে। স্যার, এটা কি শাসকদলের, তৃণমূলের ব্লক সভাপতি বলে এবং প্রধানের স্বামী বলে, তাহলে আইনশৃঙ্খলা কি দু'রকমভাবে চলছে যে বিরোধীদের জন্য এক রকম, আর শাসক দলের জন্য এক রকম ? স্যার, সংবিধান বিরোধী বিল এই N.R.C. এবং N.P.R., এই N.R.C. এবং N.P.R. নিয়ে এসে অনেকগুলো সমস্যা থেকে আমরা দূরে সরে গেছি। যদিও রাজ্যপালের ভাষণে এখানে লেখা হয়েছে ৪০% এমপ্লয়মেন্ট বেড়েছে কিন্তু আমরা অবশ্যই জানতে চাইব, যেমন সকালে জানতে চেয়েছিলাম যে কতজন চাকরি পেয়েছে কোন জেলা থেকে তার হিসাব আছে কিনা। আমাদের লেবার মিনিস্টার বললেন ওটা অর্থমন্ত্রী বলেছেন, উনি নিশ্চয় বলবেন, আমার কাছে শুধু লেবার ডিপার্টমেন্টের হিসাবটা আছে। এই সংবিধান বিরোধী বিল আমাদের সবাইকে ছোটাচ্ছে। আমরা শিক্ষা, স্বাস্থ্য ভুলে গেছি, কৃষকদের দ্রব্যমূল্য ভুলে গেছি। একটু আগে অনেকে বলছিলেন পেঁয়াজের দাম ১৫০ টাকা। স্যার, ১৫০ টাকা আগুন লাগার থেকে দূরে সরলেও এখনও পেঁয়াজ কিন্তু ৪০-৫০টাকায় বিকোচ্ছে। এই শীতকালে পশ্চিমবঙ্গে আনাজের দাম বেশি থাকে না। আনাজ কিনতে গেলে এখনও আমাদের গায়ে তাপ লাগছে। কিন্তু হাতটা শক্ত হচ্ছে কাদের? কৃষকরা কি পুরো দামটা পাচ্ছে ? না স্যার, মাঝখানে ফোড়েদের দালালরাজ চলছে। স্যার, এই বাংলায় আমরা যখন N.R.C., N.P.R. এবং C.A.A. এর বিরুদ্ধে কাগজপত্র রেডি করতে ব্যস্ত হয়ে গেছি, কিছুদিন

আগে আমাদের মুখ্যমন্ত্রী বলেছিলেন কাটমানি ফেরত দাও, সে কথাও ভুলে গেছি স্যার। একটু আগে সৌরভবাবু বলছিলেন ৮২ সালে পুরশুড়া এবং ঐদিকে কংগ্রেস ছিল, সেটা বামফ্রন্ট দখলদারী নিয়েছিল। স্যার, মুর্শিদাবাদ জেলার কথাই বলি, মুর্শিদাবাদ জেলায় জেলা পরিষদ থেকে শুরু করে, পৌরসভা থেকে শুরু করে,পঞ্চায়েত থেকে শুরু করে, এম.এল.এ. থেকে শুরু করে সবটাই এই তৃণমূল সরকার দখলদারী নিয়েছিল স্যার। আর ২০১৮ সালে পঞ্চায়েত ইলেকশানে একটি নমিনেশান করতে দেওয়া হয়নি।

এটাকে যদি সুস্থ এবং শান্ত আইনশৃঙ্খলা বলেন এটা শ্মশানের আইন শৃঙ্খলা চলছে স্যার। বিরোধীদের জন্য একেবারে আরো খারাপ জায়গায়। উনি বলছিলেন বামফ্রন্ট শেষ করে দিয়েছে আর আমি বলব এই সরকার কফিনের শেষ পেরেকটা পুঁতে দিয়েছে। আইনশৃঙ্খলা বলে কিছু নেই। আজকে শাসক দলের লোক হলে পুলিশ প্রসাশন তার টিকি ছোঁয় না, তাকে স্পর্শ করে না। বিরোধীরা একটা শব্দ করলে, একটা মিটিংয়ে গিয়ে কোন কথা বললে তাকে অ্যারেস্ট করা হয় স্যার। স্যার, N.R.C., N.P.R. নিয়ে বলছি। এই বাংলায় বি.জে.পি. রাজ্য সভাপতি দিলীপ ঘোষ প্রতিদিন, প্রতিনিয়ত এবং সায়ন্তনবাবু প্রতিনিয়ত বলছেন মুসলিমদের মেরে তাড়াব, মুসলিমদের দেখে নেব, সমস্ত মুসলিমদের বাংলাদেশে পাঠিয়ে দেব। যারা কোন কথা বলছে তারা পাকিস্তানে চলে যাও। কিন্তু তাদের বিরুদ্ধে কোন অ্যাডমিনিস্ট্রেশান থেকে সুয়োমোটো কোন কেস হচ্ছে না, তাকে অ্যারেস্ট করা হচ্ছে না। স্যার, এটা যদি আমরা বলতাম, এটা যদি বিরোধীরা বলত তাহলে কিন্তু তাদের বিরুদ্ধে সুয়োমোটো কেস হয়ে যেত এবং অ্যারেস্ট হত। স্যার, এটাও কিন্তু রাজ্যপালের ভাষণে উল্লেখ নেই। বি.জে.পি.,- এর রাজ্য সভাপতি এত বড় স্পর্ধা হয় কি করে একটি জাতি, একটি ধর্মকে একেবারে পার্টিকুলার মুসলিম সম্প্রদায়কে উল্লেখ করে বলছেন আমরা যখনই আসব এদেরকে মেরেকেটে তাড়িয়ে দেব, এদেরকে বাংলাদেশ পাঠিয়ে দেব। স্যার, আমি এই বিষয়টা দেখার জন্য অনুরোধ করছি। আর একটা বিষয় রাজ্যপালের ভাষণে নেই N.R.C., N.P.R., C.A.A. একটা বিশাল সমস্যা। আমি যে জেলায় বাস করি সেই জেলায় ম্যাক্সিমাম সংখ্যালঘু সম্প্রদায় মানুষের বাস। আমার ভোটার কার্ড, আমার আধার কার্ড আমরা আজীবন যেটা জেনে এসেছি আমার এটা আইডেন্টিটি, 'আমি ভারতীয়। সেটাকে বলছে এটা ভারতীয়ের প্রতীক নয়। ভোটের সময় বলছে তুমি গর্বের সঙ্গে বল যে তুমি ভারতীয় আর ভোটের পরে বলছে তুমি ভারতীয় সেটা প্রমাণ কর। আধার কার্ড নিয়ে সমস্যা, এটা এখানে বলা যাবে কি না আমি জানি না তবুও বলছি। আধার কার্ড সংশোধনের জন্য প্রতিটি জেলায় পোস্ট অফিসে শুধুমাত্র আধার কার্ড সংশোধন হচ্ছে। স্যার, আমি রাজ্য সরকারকে অনুরোধ করব এই ব্যাপারটা দেখার জন্য। প্রতিটি জেলার সদর দপ্তর নয়, প্রতিটি ব্লকে অন্তত যেন আধার কার্ড সংশোধন করা হয়, মানুষগুলি বাঁচে। প্রতিটি মানুষ ভাবছে আমার কাগজপত্র ঠিক না থাকলে আমি হয়তো আমার দেশ থেকে বিচ্ছিন্ন হয়ে যাব, আমাকে হয়তো ডিটেনশন ক্যাম্পে যেতে হবে। স্যার, রাজ্যপালের ভাষণে আছে সমাজের প্রান্তিক এবং আর্থিক ভাবে দুর্বল শ্রেণির মানুষদের জন্য খাদ্য নিরাপত্তার সুনিশ্চিত করার লক্ষ্যে খাদ্যসাথী চালু হয়েছে। পশ্চিমবঙ্গে ২০১২ সালে জনসংখ্যা

ছিল ৯.০৩ কোটি। এখন হয়তো সেটি ৯.১৬ কোটি হয়েছে। তার মধ্যে বলা হচ্ছে রাজ্যপালের ভাষণে ৭.৭৮ কোটি জাতীয় খাদ্য সুরক্ষা আইনে ২ টাকা কে.জি., চাল, গম পাই। আর বাকি ১.৪৫ কোটি উপভোক্তা যেগুলি রাজ্য সরকারের খাদ্যসাথী প্রকল্পের আওতায় হয়। স্যার, এই দুটিকে যোগ করলে টোটাল ৯.১৬ কোটি মানুষ হয়। তাহলে স্যার, আমি কি ধরে নেব যে এই রাজ্যে একটি মানুষও নেই যারা এই খাদ্য সুরক্ষা এবং খাদ্যসাথী আওতার বাইরে। স্যার, আমরা যারা বিধায়করা এখানে দাঁড়িয়ে আছি আমরা কিন্তু কোনটার মধ্যেই পড়ি না। তাহলে কি আমরাও খাদ্যসাথী ও খাদ্যসুরক্ষার আওতায় পড়ছি? এটা সত্য না অসত্য একটু ভেবে দেখবেন স্যার। এটা কি সত্য যে প্রত্যেকটা মানুষ আমরা দুই টাকা কেজি সরকারী মূল্যে রাজ্য সরকারের অর্ধেক মূল্যের যে খাদ্যশস্য সেগুলি গ্রহণ করি ? সেটা বোধ হয় সত্য নয়। স্যার, আমাদের কৃষিজাত পণ্য বিপণনের উপর অনেক জোর দেওয়া হয়েছে। আমাদের যখন প্রথম বিধানসভা ২০১১ সালে এই সদনে ৩৪১টা ব্লক আছে এবং তার মধ্যে প্রতিটি ব্লকে কৃষক বাজার করবার সিদ্ধান্ত নেওয়া হয়েছিল। সেখানে এখন ১৮৬টা কৃষক বাজার তৈরি হয়েছে। এই যে কৃষক বাজার গুলি তৈরি হয়েছে সেই কৃষক বাজারে এর আগেও বলেছি কিছু কিছু কৃষক মান্ডি ভাল চলছে কিন্তু ম্যাক্সিমাম কৃষক বাজারে সাধারণ মানুষ যেতে চায় না।

[4:20 – 4:30 p.m.]

শুধুমাত্র ধান কেনার সময় কিছু মানুষ সেই জায়গায় আসে। এই ব্যাপারটা আমি দেখবার জন্য অনুরোধ করছি এবং কৃষকবাজারগুলোও এমন জায়গায় করা হোক - এখন পর্যন্ত ১৮৬টি হয়েছে, বাকি যেগুলো আছে সেগুলো যাতে যেখানে জনসমাগম আছে, বাজারের যেখানে মানুষ যেতে চায় সেইসকল জায়গায় করা হোক। সেটাই চাইছি। স্যার এখানে আমাদের রাজ্যপালের ভাষণে ‘জল ধরো, জল ভরো’ প্রকল্পে অনেক - অনেক কাজ করা হয়েছে। কিন্তু আগামি দিনে কিছু - কিছু সমস্যা আমার জেলা মুর্শিদাবাদ সম্পর্কে একটু আগে আর্সেনিক নিয়ে প্রশ্ন করেছিলাম যে, যে জেলার ২৬ টা ব্লকের মধ্যে ২২ টা ব্লক একেবারে হাই আর্সেনিক প্রবণ। যেখানকার মানুষ প্রতিনিয়ত আর্সেনিক মিশ্রিত জল খাচ্ছেন এই আর্সেনিক শুধু জলের মাধ্যমে আসে তা নয়, খাদ্যশস্য - ধান, গম, গরুর দুধ, সবজী - সবকিছুর মধ্যে কিন্তু আর্সেনিক ঢুকে যাচ্ছে। সেই জায়গার মানুষ এমনিই প্রচণ্ড আর্সেনিকের কবলে পড়ে আছে। বহু মানুষ আর্সেনিকের কবলে পড়ে মারা গিয়েছে। স্যার, এই জেলায় আমরা বেশ কিছুদিন আগে আবেদন করেছিলাম ভাণ্ডারদহ বিল এবং আমার বিধানসভার উপর দিয়ে একটি নদী - পদ্মার শাখানদী ভৈরব, সেটাতে এখন আর জল নেই। আমরা এতো আর্সেনিক নিয়ে এবং ভৌম জলস্তর নিয়ে চিন্তিত যে আগামি দিনে মানুষকে আমরা পরিশ্রুত পানীয় জল দেব। কিন্তু জল ধরো, জল ভরো প্রকল্পে এইসব নদীগুলোতে যে সিলটেশান মানে বালিতে নদীর বুকটা ভরাট হয়ে গিয়েছে সেখানে খনন কার্য করে আবার সেগুলোকে যাতে স্রোতস্বিনী করা যায় তার জন্য ব্যবস্থা করলে ভাল হত। কিন্তু সেইসব বিষয়ের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষেণে আমি দেখলাম না। স্যার ১০০

দিনের কাজে আমাদের পশ্চিমবঙ্গ প্রথম অনেক ব্যাপারে পশ্চিমবঙ্গ প্রথম। আমি দেখলাম শিল্পেও পশ্চিমবঙ্গ প্রথম শ্রম দিবসে প্রথম - অনেকগুলোতে প্রথম ভাল কথা। কিন্তু ১০০ দিনের কাজ - ২০১৮ সালের পঞ্চায়েত - দখলদারির পঞ্চায়েত, বিশেষ করে আমার জেলায় সেই জেলায় বিরোধীদের কোথাও নমিনেশান করতে দেওয়া হয়নি। ১০০% তৃণমূলের গ্রাম পঞ্চায়েত। তৃণমূল সরকারের জনপ্রতিনিধি। এখানে স্যার খাতায় - কলমে অনেক কথা বলা হচ্ছে। বাস্তবে ১০০ দিনের প্রকল্পের কাজে রাস্তাঘাট আর হচ্ছে না। আগে হত। যেটা আগে হত যে মানুষকে দিয়ে মাটি তুলে তাদের শ্রমদিবস বাড়ানো হত। এখন কি হচ্ছে ? আই.বি.এস. প্রকল্প। আই .বি.এস. প্রকল্পটা কি ? ইনডিভিজুয়াল বেনিফিসিয়ারী স্কিম। এই আই.বি.এস. প্রকল্পের মেন যে উদ্দেশ্য সেটা হচ্ছে গাছ লাগানো। একটি মানুষ তার জমিতে গাছ লাগাবে, তার জন্য তাকে ১৬হাজার সামথিং টাকা দেওয়া হয়। কিন্তু বাস্তব পরিস্থিতি স্যার যদি দেখেন, আপনি ইচ্ছা করলে সরেজমিনে তদন্ত করবেন, আমি দায়িত্ব নিয়ে বলছি, আমি অনেকবার রাইট টু ইনফর্মেশান অ্যাক্টে আমার ব্লকের জন্য চিঠিও লিখেছি কিন্তু এই আই.বি.এস প্রকল্পের কোন কাজ বাস্তবে মাঠে কোথাও কোন বনসৃজন হচ্ছে না বা বাগান হচ্ছে না। ফল্স্ স্টোরি তুলে দেওয়া হয়। এখানে স্যার অনেক কথা বলা যায় না। এর মধ্যে একটা ব্যাপার থাকে। যেগুলো পুরো আঁতাতের মাধ্যমে বা মুখ্যমন্ত্রী যেটা বলেছিলেন - সেই ‘ কাটমানি’তে সব স্যার ভাল হয়ে যাচ্ছে। আমরা ওখানে বারবার অভিযোগ জানানো সত্ত্বেও আজ পর্যন্ত কোন এনক্যোয়ারী হয়নি বা এনক্যোয়ারী হলেও সেই ব্যাপারে আমাদেরকে কিছু জানানো হয় না। তাই সেই ১০০ দিনের প্রকল্পে আমরা প্রথম হলেও বাস্তবে স্যার আমাদের মাঠে ঘাটে সেখানে কোন কাজ কিন্তু আমরা দেখতে পাচ্ছি না। প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য আর্থিক সহায়তা প্রদান - এটা মানবিক, খুব ভাল প্রকল্প নো ডাউট। আমি সরকারকে ধন্যবাদ জানাবো। কিন্তু এই মানবিক প্রকল্প - আমি এখানকার যিনি নারী ও শিশুকল্যাণ মন্ত্রী আছেন ডাঃ শশী পাঁজা মহাশয়া, তাঁকে অনেকবার বলেছি এবং সোস্যাল ওয়েলফেয়ারের ব্যাপারেও আমি বারবার বলেছি যে, এতো - এতো কথা আমরা এখানে বিধানসভায় শুনতে পাই কিন্তু স্যার বাস্তবে গিয়ে দেখছি যে একটা অসহায় প্রতিবন্ধী যুবককে আমি কিন্তু সেখানে কোন পেনশান পাইয়ে দিতে পারছি না বা তার কোন ভাতা পাইয়ে দিতে পারছি না। এইরকম প্রতিদিন অনেকে আমাদের কাছে আসে স্যার। তাই এখানে স্যার প্রতিবন্ধী এবং এস.সি., এস.টি., এরিয়ায় যে ভাতাগুলো হচ্ছে। সেখানে আমি শুধু বলব সমস্ত মানুষের জন্য হোক। এবং শুধু এস.সি., এস.টি. কেন, যারা দারিদ্র্য সীমার নীচে বাস করে সমস্ত শ্রেণি জেনারেল কাস্টের যারা আছে তাদেরও যদি আর্থিক দুর্বলতা থাকে তাদের এই স্কিমের আওতায় আনতে হবে। বার্ধক্য ভাতার ক্ষেত্রে যেটা হয় স্যার, আমরা যদি ব্লকে যাই তখন বলা হয় ম্যাডাম কোটা পূরণ হয়ে গিয়েছে। কিন্তু বাস্তবে সবাই জানে যে ৬০ বছর হলেই সে পেনশান পাবে। কিন্তু যখনই যাই বি.ডি.ও. অফিস থেকে বলা হয় এই দেখুন এতগুলো ওয়েটিং আছে। একজন মারা গেলে তবে আর একজন ঢুকবে। তাই আপনার মাধ্যমে স্যার, আমার এই

আবেদন রইল যে কোটা নয়, তাদের জন্য ওপেন করে দেওয়া হোক যারা অ্যাপ্লিকেশান করছে এবং যারা পাওয়ার যোগ্য তাদের সবাইকে দেওয়া হোক। এই ভাষণ রাজ্য সরকারের লিখিত ভাষণ রাজ্যপাল পড়েছেন, তাই একে সমর্থন করতে পারছি না। ধন্যবাদ।

মিঃ স্পিকার : আজকে প্রায় ৪০ মিনিট মতো সময় অপচয় হয়েছে। আমাদের তিন ঘণ্টা আলোচনার সময় ছিল। এখনও চার জন বক্তা বাকি আছে। আমি আপনাদের অনুমতি নিয়ে হাউসের সময় ৪০ মিনিট সময় বাড়িয়ে দিলাম।

শ্রী যোগরঞ্জন হালদার : ভারতীয় সংবিধানের ১৭৬ নং অনুচ্ছেদ অনুসারে পশ্চমিবঙ্গের ষোড়শ বিধানসভার পঞ্চদশ অধিবেশনে পশ্চিমবঙ্গের রাজ্যপাল শ্রী জগদীপ ধনখড় ৭ই ফেব্রুয়ারি যে বক্তব্য রেখেছেন আমি তাকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। তিনি তাঁর বক্তব্যে রাজনৈতিক, অর্থনৈতিক বিকাশের কথা উল্লেখ করেছেন এবং তিনি স্থায়ী উন্নয়নের কথা উল্লেখ করেছেন। কীভাবে রাজ্যকে এগিয়ে নিয়ে যাচ্ছে তার বিবরণ তিনি দিয়েছেন। আমি শুধু ভাবছি স্যার, কংগ্রেস আর সি.পি.এম. এদের কি করে মিল হচ্ছে? এই প্রশ্নটা আমার মনে মনে সব সময় হয় যে, পশ্চিমবাংলায় কংগ্রেস সি.পি.এম. কি করে মিল হচ্ছে? আমরা তো দেখেছি রক্তাক্ত পশ্চিমবঙ্গ, অত্যাচারিত পশ্চিমবঙ্গ, বন্ধ-এর পশ্চিমবঙ্গ দেখেছি। একে অপরকে খুনোখুনি করতে দেখেছি। সেই খুনোখুনি যে যাকে খুন করছে, আর যারা খুন হচ্ছে, তারা দুজন একসঙ্গে গলায় জড়িয়ে ধরছে কি করে এটা আমি মাঝে মাঝে কল্পনা করি। কি করে এটা সম্ভব? দিল্লিতে যে ভোট হয়েছে দেখেছেন কি অবস্থা আপনাদের। আপনারা জিরো, কংগ্রেস জিরো। এখানে পশ্চিম বাংলায় তৃণমূলের বিরুদ্ধে লড়বেন, না বি.জে.পি.র বিরুদ্ধে লড়বেন, সেটা আপনারা আগে ঠিক করুন। তৃণমূলের বিরুদ্ধে লড়বেন বলে তো জোট করেছেন। আপনারা দেখবেন আগামী ২০২১ এর বিধানসভায় জিরো হয়ে যাবেন। আপনাদের কোথাও খুঁজে পাওয়া যাবে না। আমাদের বিরুদ্ধে লড়বেন, না বি.জে.পি.র বিরুদ্ধে লড়বেন আপনারা ঠিক করুন। এই জোটটা কখনও মানুষ মেনে নিতে পারে না। কখনও মানুষ এই জোট মেনে নেবে না। এই জন্য এই জোট কখনও করবেন না। এই জোট আবার ছাড়িয়ে দিন। দিল্লির ফলাফলটা লক্ষ্য করুন, আর নিজেদের মধ্যে পর্যালোচনা করুন। পর্যালোচনা করলে আপনারা বুঝতে পারবেন আপনাদের কি ব্যাপার। এখানে রাজ্যের আইন শৃঙ্খলা নিয়ে অনেকে অনেক কথা বলেছেন। কোনো জায়গায় কোনো গ্রামের একটি ছোট্টো ঘটনা গোটা রাজ্যের আইনশৃঙ্খলা হতে পারে না। কোন গ্রামে একটা দুটো ঘটনা কি হয়েছে সেই ঘটনাকে তুলে ধরে গোটা রাজ্যের আইনশৃঙ্খলা বিঘ্নিত হয়ে গেল বলে আপনারা এখানে বিধানসভায় বলার চেষ্টা করছেন। কিন্তু আমাদের রাজ্যের আইনশৃঙ্খলা অত্যন্ত সুদৃঢ়ভাবে আছে, সুস্থভাবে আছে এবং আমাদের রাজ্যের আইনশৃঙ্খলা সঠিক ভাবে চলছে। ইমাম ভাতার কথা বলেছেন কেউ। তিনি বলেছেন ইমাম ভাতা দিয়ে মমতা বন্দ্যোপাধ্যায় সাম্প্রদায়িকতা সৃষ্টি করেছেন। আরে ইমাম ভাতা কোথা থেকে দেওয়া হয়? ওয়াকফ সম্পত্তির টাকা থেকে ইমাম ভাতা দেওয়া হয়। সরকারের টাকা থেকে ইমাম ভাতা দেওয়া হয় না। এটা আগে তাঁর জানা দরকার ছিল।

[4:30 – 4:40 p.m.]

আজকে যে কোনো রাজ্যের একটা নির্বাচিত সরকার তার মূল দায়িত্ব কি ? মূল দায়িত্ব হচ্ছে রাজ্যবাসীর খাদ্য, বস্ত্র, বাসস্থানের ব্যবস্থা করা, কর্মসংস্থানের ব্যবস্থা করা, শিক্ষা, স্বাস্থ্যের দিকে নজর রাখা, প্রত্যেকের মতামতকে গুরুত্ব দেওয়া। সেদিক থেকে আমরা যদি দেখি তাহলে দেখব এই বাংলা বিভিন্ন সময়ে কেন্দ্রীয় সরকারের প্রশংসা পেয়েছে, সেখান থেকে পুরস্কার পেয়েছে। বারবার আমরা এটা লক্ষ্য করে দেখেছি। ১৯১৭-১৮সালে বড় রাজ্যগুলির মধ্যে পশ্চিমবঙ্গে দারিদ্র্য হ্রাসের পরিমাণ সর্বোচ্চ। ওই সময়কালে বেকারত্ব ৪০% হ্রাস পেয়েছে। সেখানে ৪৫ বছরের মধ্যে ভারতবর্ষের বেকারত্বের তীব্রতা সর্বাধিক। ৪৫ বছরের মধ্যে ভারতবর্ষের বেকারত্বের তীব্রতা সর্বাধিক যেখানে এই সময়কালের মধ্যে পশ্চিম বাংলায় বেকারত্ব ৪০% কমেছে। আর আপনারা বলছেন যে বেকারত্ব আরও বেড়ে যাচ্ছে। আমাদের এখানে বেকারত্ব কমেছে। এখানে অনেকে অঙ্গনওয়াড়ি কর্মীর কথা বলেছেন। এখানে ৬০লক্ষ শিশু এবং ১৩লক্ষেরও বেশি গর্ভবতী মায়েদের পরিষেবা দেওয়া হয়। 'জল ধরো, জল ভরো' প্রকল্পে বহু পুকুর খনন করা হয়েছে যেখানে মাছ চাষ করা হচ্ছে। ট্রাইবালদের মধ্যে ওল্ডেজ পেনশান দেওয়ার ব্যবস্থা সরকার করেছেন। এর আগে কোন সরকার ট্রাইবালদের মধ্যে ওল্ডেজ পেনশম দেওয়ার ব্যবস্থা করে নি। মৎস্যজীবীদের মধ্যে বার্ধক্য ভাতা দেওয়ার ব্যবস্থা এই সরকারই করেছে। এখন আমাদের পশ্চিম বাংলা শান্ত পশ্চিম বাংলা। সুন্দর পশ্চিমবাংলা। শান্ত দার্জিলিং। গোখাল্যান্ডের দাবি তারা ছেড়ে দিয়েছে। তারা উন্নয়নের পাশে থেকেছে। উন্নয়নকে ত্বরান্বিত করে গোর্খাল্যান্ডের দাবি নেই। দার্জিলিং আজকে শান্ত। এইরকম একটা পরিস্থিতি, পশ্চিম বাংলা এগিয়ে চলেছে। সেদিক থেকে রাজ্যের উন্নয়নের ক্ষেত্রে তো বহু প্রকল্প আমরা দেখতে পাই। অনেক প্রকল্প। সব প্রকল্প বললে তো - প্রায় ৫০টার বেশি প্রকল্প। 'কন্যাশ্রী', 'রূপশ্রী', মাদার্স হাব, চাইল্ড হাব, সবুজ সাথী, স্বাস্থ্যসাথী, আনন্দধারা প্রকল্প, মিশন নির্মল বাংলা প্রকল্প, স্বামী বিবেকানন্দ স্বনির্ভর কর্মসংস্থান প্রকল্প, পথসাথী প্রকল্প, বৈতরণী, উৎকর্ষ বাংলা প্রভৃতির নাম উল্লেখ করতে পারি। বুলবুল ঝড়ে ক্ষতিগ্রস্ত আমাদের এই সরকার বিভিন্নভাবে কৃষকদের সাহায্য করেছেন। ভারতবর্ষের মধ্যে পশ্চিমাংলায় সমগ্র কৃষকশ্রেণিকে যেভাবে মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার সাহায্য করেছে ইতিপূর্বে কোনো সরকার সে ভাবে সাহায্য করে নি। কৃষি জমির খাজনা মকুব করে দেওয়া হয়েছে চাষের জন্য বছরে ৫হাজার টাকা দেওয়া হচ্ছে। মৃত্যুকালীন দু হাজার করে টাকা দেওয়া হচ্ছে এবং জমির ধান যদি পর্যাপ্ত হয় সেই জমির ধান ১৭৫০ টাকা করে এই সরকার কিনে নেওয়ার ব্যবস্থা করেছে।এর থেকে আর কি উন্নয়ন হতে পারে ? কৃষকদের জন্য প্রতিনিয়ত চিন্তাভাবনা করছেন এই সরকার। এই সরকার শুধু কৃষিজমি এবং কৃষকদের মধ্যে থেমে নেই। পর্যটনেও এই সরকার এগিয়ে যাচ্ছেন। তা সত্বেও আমি আজকে বলছি ধর্মনিরপেক্ষতা ভারতীয় সংবিধানের একটি স্তম্ভ। বৈচিত্র্যের মধ্যে সমন্বয়ের এক উজ্জ্বল উদাহরণ হল ভারতবর্ষ। ধর্মনিরপেক্ষতা ভারতবর্ষের একটা সৌন্দর্য্য। এই সৌন্দর্য্যকে অন্য দেশগুলি শ্রদ্ধা করে। ভারতবর্ষের এই সৌন্দর্য্যই 'নানা ভাষা, নানা মত, নানা পরিধান,

বিবিধের মাঝে দেখ মিলন মহান'। এই বৈচিত্র্যের মধ্যে যে ঐক্য, এই ঐক্যকে শ্রদ্ধা করে সারা পৃথিবীর সমস্ত দেশগুলি। কিন্তু আমরা কি দেখতে পাচ্ছি? সংবিধান প্রণেতাগণ তাঁদের যে নীতি, আদর্শ ও মূল্যবোধগুলোকে তাঁরা তুলে ধরেছেন তা আজকে চ্যালেঞ্জের মুখোমুখি এসে দাঁড়িয়েছে। গণতন্ত্রে সরকারের উচিত সব শ্রেণির মানুষের নিরাপত্তাকে সম্মান জানানো। চারিদিকে ভাষা, ধর্ম ও জাতিগত সত্তার বৈচিত্র্যময় ঐক্যের কাঠামো যে নষ্ট হচ্ছে তার প্রতিবাদ করা। সেই কাঠামোকে নষ্ট করার প্রক্রিয়া চলছে। জাতীয় জনসংখ্যা নিবন্ধক, জাতীয় নাগরিক -পঞ্জি অথবা নাগরিকত্ব আইনের নামে মানুষের মধ্যে যে ভেদাভেদ সৃষ্টি করার যে চেষ্টা করা হচ্ছে সেই চেষ্টাকে আমাদের প্রতিহত করতে হবে।

সেই চেষ্টাকে প্রতিহত করার জন্য পশ্চিমবঙ্গ রাজ্য সরকার ৬.৯.২০১৯ এবং ২৭.১.২০২০, ১৯.৬.২০১৯ সালের এই নাগরিকত্ব আইন অবিলম্বে প্রত্যাহার করার জন্য কার্যকরী পদক্ষেপ গ্রহণের বিষয়ে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানিয়েছেন এবং সিদ্ধান্ত গ্রহণ করেছেন রাজ্য সরকার এন.আর.সি. প্রক্রিয়া কার্যকর না করার জন্য, এন.পি.আর. প্রক্রিয়া অবিলম্বে প্রত্যাহার করার জন্য তারা দাবি জানিয়েছে। আমাদের এই দেশ হচ্ছে বৈচিত্র্যের মধ্যে সমন্বয়ের এক উজ্জ্বল উদাহরণ। এই ভারতবর্ষে জাতি ধর্ম বর্ণ খাদ্যাভাসের ভিত্তিতে সম্প্রদায়সমূহের মধ্যে বৈষম্য নেই। সেখানে যে ঐক্য আছে, সেই ঐক্যকে আমাদের আবার ফিরিয়ে নিয়ে আসতে হবে। এই এন.আর.সি. প্রক্রিয়ার মধ্যে, সি.এ.এ. প্রক্রিয়ার মধ্যে একটা বিষয় আছে যে আমাদের জন্ম সার্টিফিকেট দেখাতে হবে, কিংবা জমির দলিল দেখাতে হবে, কিংবা পরচা দেখাতে হবে এবং এগুলি দিয়ে প্রমাণ করতে হবে যে আমরা ভারতীয় নাগরিক। আমরা ভারতীয় নাগরিক। ভারতবর্ষ স্বাধীন হওয়ার পরে এই ভারতবর্ষে আমরা বসবাস করছি। আমরা ভারতবর্ষে বসবাস করছি বলে আমরা ভোটার হয়েছি। আমরা ভোট দিই বলে ভারতবর্ষের প্রধানমন্ত্রী তৈরি হয়। বাংলার মুখ্যমন্ত্রী তৈরি হয়। যদি আমরা সবাই ভুয়ো হয়ে থাকি, সমস্ত ভোটার যখন ভুয়ো,তাহলে প্রধানমন্ত্রীও ভুয়ো। এই প্রধানমন্ত্রীকে আগেই পদত্যাগ করতে হবে। তবেই আগামী দিনে আমরা এগিয়ে যেতে পারব। প্রধানমন্ত্রীর তো আগে পদত্যাগ করা উচিত। সব ভোটার যদি ভুয়ো হয়, তাহলে সেই প্রধানমন্ত্রীর সেই ভোটারের ভোটে প্রধানমন্ত্রী হয়েছেন,তাহলে প্রধানমন্ত্রীকে তো আগে পদত্যাগ করতে হবে। তাহলে আজকে আমাদের প্রধানমন্ত্রীর কাছে সেইকথা জানতে চাই যে, আপনার বার্থ সার্টিফিকেট দিন,আপনারা বাবার বার্থ সার্টিফিকেট দিন,।'' স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে যদি জানতে চাই যে, আপনার বার্থ সার্টিফিকেট দিন, আপনার বাবার বার্থ সার্টিফিকেট দিন।'' বার্থ সার্টিফিকেট দিতে পারবেন তো? আজকের এই সমস্ত বিষয়ের মূল উদ্দেশ্য হল ধর্ম, ধর্মের মধ্যে বিভেদ সৃষ্টি করা এবং ভোট বাক্সটাকে বাড়ানো। কিন্তু ভোট বাক্স কিছুতেই বাড়বে না। এই রকম করলে ভারতবর্ষ কখনোই এগোবে না। হিন্দু মুসলমান শিখ জৈন খ্রীশ্চান সবাই ভারতীয় আন্দোলনে সবাই লড়াই করেছেন। সবাই রক্ত দিয়েছে। সবাই প্রাণ দিয়েছে। এই ভারতবর্ষ যতদিন থাকবে সমস্ত ধর্মের মানুষ এখানে বসবাস করবে। আমাদের মধ্যে বিভাজন যারা তৈরি করতে থাকবে, তারা একা হয়ে যাবে। সেটা আবারও প্রমাণিত দিল্লির ভোটে। আজকে দিল্লির

ভোটে বি.জে.পি. আবার পরাজিত হয়েছে। আগামীদিনে বি.জে.পি. সর্বত্র পরাজিত হবে। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ, বন্দেমাতরম্।

শ্রী অশোক দিন্দা : স্যার, একেবারে শেষ লগ্নে আলোচনা শুরু করতে হল। যাই হোক রাজ্যপালের ভাষণের উপরে বক্তব্য রাখতে গিয়ে বলতে চাই অনেক বক্তারাই অনেক কিছু ভাষাতে বলেছেন। এত প্রশ্নের তো উত্তর দেওয়া যায় না। শুধু ৩৪ বছর, ৩৪ বছর বলে লাভ নেই। আপনারা কি করছেন, তার কটি জবাব আপনাদের দিতে হবে। মানুষ তার জবাব দেবে,আর আপনাদেরকে সদনে দাঁড়িয়ে তাদের জবাব দিতে হবে। আমরা অনেক যুদ্ধ দেখলাম। অনেক নাটক দেখলাম। অনেক টুইট প্রতিযোগিতা দেখলাম। কুইজ প্রতিযোগিতা দেখলাম। নবান্ন বনাম রাজভবনের লড়াই দেখলাম। বাংলার মানুষ দেখল। ভারতবর্ষের মানুষও দেখল। আবার কোন ইশারাতে সুবোধ বালকের মত এসে পড়লেন ভালো। কনস্টিটিউশান মানলেন,মান্যতা দিলেন। রীতি আছে, প্রথা আছে, সরকার যা দেবেন তা মানবেন - ভালো। আমার কথা হল যে যতই আমরা নামি না কেন আসলে জায়গাটা কিন্তু বাঁধা আছে অন্য জায়গায়।আমি যতই এন.আর.সি. করি, যতই সি.এ.এ. লড়াই করি, যতই কাঁসর ঘন্টা বাজাই, যতই একতারা নিয়ে রাস্তায় নামি,যাই করি না কেন,আসলে কিন্তু জায়গাটি বাঁধা আছে অন্য জায়গায়। আজকে পশ্চিম বাংলায় বি.জে.পি.-র বাড়বাড়ন্ত কিন্তু এই সরকারের আমলেই।

[4:40 – 4:50 p.m.]

কেউ অস্বীকার করতে পারবেন না যে, ৩৪ বছরের শাসন ক্ষমতায় বি.জে.পি.র বাড় বাড়ন্ত ছিলনা যা এই সরকারের আমলেই হয়েছে। এই কথাটা নতুন করে বলার কিছু নেই। এটাই হচ্ছে বাস্তব, এই বাস্তবটা মেনে নিন। আরেকটি কথা আপনাদের বলি, সেটি হ'ল যে, দেখা যায় লড়াই এর রাস্তায় প্রতিদিন হাঁটছেন, মুখ্যমন্ত্রীও হাঁটছেন, লড়াই করছেন। দেখা যাচ্ছে একমাত্র তিনিই করেছেন। সবচেয়ে ব্যস্ততম রাস্তা ধর্মতলার রানী রাসমণি রোড, পার্মানেন্ট তাঁবু খাটিয়ে দিয়েছেন। তৃণমূল কংগ্রেসের সরকার কি লিজ নিয়েছেন নাকি ? না জমির দলিল করে নিয়েছেন, রাস্তা কিনে নিয়েছেন ? উত্তর দিতে হবে বাংলার মানুষকে। অন্য কোনো বিরোধী দল যদি ওখানে মাচা বাঁধে, মঞ্চ করে, অনুমতি চাইতে হয়। অনুমতি পায় না। কিন্তু দীর্ঘ দেড়মাস যাবৎ রাণী রাসমণি রোডে একদম পার্মানেন্ট মাচা বাঁধা রয়েছে। কিসের জন্য ? দেখাচ্ছেন ? আমিই সবচেয়ে বড় এন.আর.সি.-র বিরোধিতা করি ? আমিই সবচেয়ে বড় সি.এ.এ. র বিরোধিতা করি ? আর কোনো দলের কোনো ক্ষমতা নেই ? এটা হ'তে পারে না। বাংলার মানুষের কাছে এর জবাব দিতেই হবে। রাণী রাসমণি রোড আপনার নয়, একা তৃণমূল কংগ্রেসের নয়। শাসক গোষ্ঠী পারবে না রাস্তাকে অবরোধ করে দিতে, ব্যারিকেড করে দিতে। দেখাতে পারবেন ? আমি দাবি করছি, কোন সময় কে অনুমতি চেয়েছেন ? কারা অনুমতি দিয়েছেন ? কলকাতা পুলিশ কী করছে ? কোন জায়গা থেকে উনি লিজ নিয়েছেন ? এইভাবে একটা রাস্তাকে অবরোধ করে রেখেছেন ? দেখাচ্ছেন বড় বিরোধী ? আসলে তা নয়। ঐ নারদা,

সারদার জুজুর ভয়টা এখনো পর্যন্ত রয়েছে। সেই জুজুর ভয়ে - কোন সময় কোন হাফ ডজন মন্ত্রী হয়তো চলে যাবেন - এই ভয়ে। ভীতিতে তাই এখনো পর্যন্ত - তাই লোকসভা থেকে এখনো অনুমতি আসেনি। আজকেই দেখছি সি.বি.আই. অফিসাররা বলছেন যে, লোকসভা অনুমোদনটা ছাড়েনি, তাই আজকে আমরা চার্জশীট দিতে পারছি না। এই জুজুর ভয়ে যখন ওই প্রধানমন্ত্রী আসেন, আমার রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রী সেখানে গিয়ে শলা পরামর্শ করেন, বসেন, চা পান করেন। আপনি রাজ্যের দাবি করছেন, নিয়ে যান। অর্থমন্ত্রীকে, নিয়ে যান হোম সেক্রেটারীকে। নিয়ে যাবেন না। কিসের একান্তের গল্প ? শুনে রাখুন, রাজীব কুমারকে ধরার জন্য সি.বি.আই. এর বড় বড় অফিসাররা চলে এসেছিলেন, ঠিক সেই সময় আমার রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রী প্রধানমন্ত্রীর কাছে গিয়ে বললেন, বাঁচাও প্রভু বাঁচাও। তার কারণ, রাজীব কুমার ধরা পড়লে অনেক কিছুর মুখোশ খুলে যাবে। আর সেই ভয়ে আজকে সেখানে গিয়ে পরামর্শ করলেন, আর রাজীব কুমারকে - পরে দেখলেন কি ঘটল। আমাদের সামনে যোগরঞ্জনবাবু বলছিলেন, বি.জে. পি.কে আমরা দিচ্ছি তোল্লা ? বি.জে.পি.কে তো আপনারাই তোল্লা দিয়েছেন। আপনার মুখ্যমন্ত্রী সংসদ ঘুরে এসেছেন। তাই পীরিত ভুলতে পারছেন না। ভোট আমার নয়, ভোটটা মানুষ দেয়। মানুষ বিচার করে, মানুষ বিশ্লেষণ করে। মনে রাখবেন এই পাপ আপনাকেও ছাড়বে না। আজকের দিনে সবচেয়ে বড় সমস্যা হ'ল, ফ্রি হ্যান্ডে খেলুন, বিরোধীদের সম্মান দিতে শিখুন। আজকে যত জেলা প্রশাসনের মিটিং হয়, যত সরকারি অনুষ্ঠান হয়, শুধুমাত্র তৃণমূল কংগ্রেসের এম.এল.এ.দের নামের লিষ্ট আসে। আজকে বিরোধীদের কোথায় সম্মান দিচ্ছেন ? সম্মান দিলে আপনিও সম্মান পাবেন। এই জায়গাটায় আপনিও আছেন, আমিও আছি জনগন আমাকেও নির্বাচিত করেছে, আপনাকেও নিবাচিত করেছে। কিন্তু সম্মান-মর্যাদা দেওয়ার চেষ্টা করুন। সেটাও ভুলে গেলেন ? জেলা প্রশাসন মিটিং-এ আপনার ১৬ জন এম.এল.এ.-র মধ্যে ১২ জনকে ডাকা হয়, পূর্ব মেদিনীপুর জেলার তিনজন এম.এল.এ.কে ডাকা হয় না। আমাকে ডাকা হয়না, ইব্রাহিমকে ডাকা হয় না এবং হলদিয়ার এম.এল.এ.কে ডাকা হয় না। তাহলে কি সরকার শুধুমাত্র তৃণমূল কংগ্রেস ? সরকারে যখন থাকবেন, তখন আমি তৃণমূল নই, সি.পি. আই, নই, সি.পি.এম. নই, কংগ্রেস নই, বি.জে.পি. নই। আপনি গভর্ণমেন্ট পরিচালনা করবেন, আপনার সরকারি অনুষ্ঠানগুলোতে সবাইকেই সমান সম্মান, মর্যাদা দেবেন।

বিধায়কদের সম্মান মর্যাদা দেওয়ার চেষ্টা করুন। হাউজের মধ্যে আমরা চাই না এই রকম অনভিপ্রেত ঘটনা আর যেন ঘটে। আর একটা কথা বলি কর্মসংস্থান। কিসের কর্মসংস্থান ? কোন দপ্তরে কত চাকরি দিয়েছেন শ্বেতপত্র প্রকাশ করে দিন। শুধু চাকরি দিয়েছেন বললে হবে না, কত টাকা বিনিয়োগ হয়েছে, শিল্প, কলকারখানায় কোথায় হয়েছে বলতে হবে। বিধবাদের ভাতা বাড়ান, বার্ধক্যভাতা বাড়িয়ে দিন, আর সমস্ত সরকারি কর্মচারী, অশিক্ষক কর্মচারী, ইস্কুলের মাষ্টারমশাই থেকে শুরু করে আপনারা কোথায় ডি.এ. দিয়েছেন? ভাবের ঘরে চুরি করছেন। বাড়িয়ে দিন, আপনারা শুধু নিজেরা করলে হয় না, বাড়াবো বাড়াবো বললে হয় না, চাকরি বাকরির নাম করে হাটেবাজারে কান পাতুন যা ঘটনা ঘটছে হাটেবাজারে চাকরির নাম করে

কী ভাবে কাটমানি, কাটমানির হিসাব দিন, কত কাটমানি উঠল শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায়ের ঘোষণার পর সেই কাটমানির টাকা গেল কোথায় ? সেই কাটমানির হিসাব কোথায় দিলেন ? হিসাবটা অন্ততপক্ষে দিয়ে দিন যে আপনারা ৮ বছরে এত কাটমানির টাকা ফেরত দিয়েছেন। নবান্ন থেকে লাইভ টেলিকাষ্ট করে দিন সারা বাংলার, সারা ভারতবর্ষের মানুষ দেখবে মমতা বন্দ্যোপাধ্যায় কাটমানির টাকা ফেরত দিচ্ছেন। এটাই হচ্ছে সব চেয়ে বড় কথা। মাননীয় রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন তাকে আমি সমর্থন করতে পারছি না, নমস্কার।

শ্রী অমল আচার্য : মাননীয় ডেপুটী স্পিকার স্যার, পশ্চিমবঙ্গ ষোড়শ বিধানসভায় পঞ্চদশ অধিবেশনে মাননীয় রাজ্যপাল শ্রী জগদীশ ধনখড় ৭ই ফেব্রুয়ারি যে ভাষণ রেখেছিলেন মাননীয় পরিষদীয় মন্ত্রী ডঃ পার্থ চ্যাটার্জী যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এনেছেন আমি তাকে সমর্থন জানিয়ে আমি আমার সামান্য কথা শেষ সময়ে এই সদনে পেশ করছি। স্যার, একটা ঘটনা খুব ভালো লেগেছিল ৭ তারিখে, বোধ হয় এটা একটা নজির যে রাজ্যপালের ভাষণের দিন এই সদন খুব শান্তিপূর্ণ ছিল। হয়তো বিরোধী সদস্যরা চিরাচরিত অভ্যাসটা, হয়তো ভেবেছিল আমাদের কাজটা রাজ্যপাল করে দেবেন, কিন্তু বক্তব্য শেষ অবধি রাজ্যপাল যে ভাবে রাজ্য সরকারের এবং তাঁর সরকারের কথা বলেছেন পরে তারা নিশ্চয় হতাশ হয়েছেন। কাজেই সেই সুযোগ থেকে তাঁরা বঞ্চিত হয়েছেন, পরে তাঁরা নিশ্চয়ই হতাশ হয়েছেন। তবে আমি অনেক ধন্যবাদ জানাই সদস্যদের, অনেক ধন্যবাদ বিরোধী সদস্যদের খুব শান্তিপূর্ণভাবে রাজ্যপালের ভাষণ হয়েছে। স্যার, ২০১১ সালের পর পশ্চিমবঙ্গের মাটিতে মমতা ব্যানার্জীর নেতৃত্বে যে মা মাটি মানুষের সরকার যেভাবে উন্নয়নের কাজ করে চলেছে, শুধু তার পরিকল্পনা গ্রহন নয়, বাস্তবে তা রূপায়ণ, এই আটটি আর্থিক বছরে গোটা পশ্চিমবঙ্গে যে ভাবে রূপায়ণ হয়েছে, মানুষ যে ভাবে তার দিকে সমর্থন দিয়েছে পাশাপাশি বিরোধী শক্তি একেবারে ক্ষয়িষ্ণু হয়ে গেছে। একটু আগে আমার বন্ধু বলছিলেন যোগরঞ্জন হালদার যে কি করে কংগ্রেস আর সিপিএমের মিল হয়। স্যার, ৩৪ টা বছরতো কংগ্রেস আর বামফ্রন্টের সেটিং ছিল, তাইতো ১৯৯৮ সালে বাধ্য হয়েছিলেন আমাদের নেত্রী বাংলাকে মুক্তি দেবার জন্য তৃণমূল কংগ্রেস গঠন করতে। আর এখন না হয় সেটিং হয়ে গেছে, অস্তিত্ব রক্ষার জন্য এখন সেটিং হয়েছে। স্যার, শুধু তাই নয় ওনারা বলছেন একটু আগে আমাদের মাননীয় সদস্য স্নেহাংশু ভাই বলছিলেন যে তাদের ভোট বিজেপিতে যায় কী করে ?

তারা বি.জে.পিকে এই রাজ্যে আনতে চেয়েছে, বি.জে.পি.কে মদত দিচ্ছে কারণ তারা টার্গেট করেছে মমতা ব্যানার্জীকে আমাদের তৃণমূল কংগ্রেসকে। এটা তাদের প্রথম লক্ষ্য সেই জন্য, আজকে তারা এই কাজ করে চলেছে। স্যার, উন্নয়ন-অনুন্নয়ন নিয়ে তুলনা কার সঙ্গে করব? স্বাধীনতার পর পশ্চিমবঙ্গে ২০১১ সাল থেকে কাজের যে নজিরবিভিন্ন দপ্তর ধরে শুধু একটা দপ্তর ধরে বলব না। মানুষের সর্বপ্রথম যে খাদ্য, স্বাস্থ্য, কৃষি, শিক্ষা-আমি কত দপ্তরের কথা বলব স্যার। সমস্ত দপ্তর ধরে যে ভাবে পরিকল্পনা গ্রহণ এবং রূপায়ণের মাধ্যমে আজকে পশিমবঙ্গ সোনার বাংলার দিকে এগোচ্ছে। কার সঙ্গে তুলনা। করবেন? গত ৬ মাস ধরে দেখছি স্যার, কাজের কোনো সমালোচনা নেই। শুধু মানুষের মধ্যে আতঙ্ক এন.আর.সি, সি.এ.এ.,

এন.পি.আর.-এটাই সমালোচনার বিষয় হয়ে দাঁড়িয়েছে। খুব দুর্ভাগ্য লাগে স্যার। কিছু কিছু সদস্য মাননীয় আলি ইমরান সাহেব এখানে বলছেন যে, মুসলমানদের টার্গেট করে এন.আর.সি করা হয়েছে।--দিলীপবাবু বিজেপির নেতা রাস্তায় কী বলছেন, মঞ্চে কী বলছেন সেটা আলাদা কথা। কিন্তু আমার মনে হয় আসামের ডিটেনশন ক্যাম্পের হিসেবটা নিলেই বোঝা যাবে শুধু মুসলমান আছে না হিন্দু আছে না কারা আছে এই ডিটেনশন ক্যাম্পে। এটা একটা জাতীয় বিপদ। মানুষের মধ্যে বিভাজন জাতীয় বিপদ স্যার। সামান্য আধার কার্ডের নাম ভুল থাকলে যেভাবে আধার কার্ড সংশোধনের কাজ আমার জেলা উত্তর দিনাজপুর নয়দা ব্লক, সাতটা ব্লকে সামান্যতম আধার কার্ড সংশোধনের কাজ আছে, ইটাহার ব্লক আর চোপড়া ব্লক বাদ দিয়ে আমার এলাকা সংলগ্ন বিহার রাজ্য সেখানে আমাদের মানুষ ছুটে চলেছে। ৫০০, ৭০০ টাকার বিনিময়ে এই আধার কার্ডে নাম সংশোধন করাতে হচ্ছে। এত আতঙ্ক মানুষের মধ্যে সৃষ্টি হয়েছে এন.আর.সি, সি.এ.এ, এন.পি.আর. নিয়ে যে বলার কোন ভাষা নেই স্যার। প্রতিনিয়ত বিধায়ক হিসাবে হাজার হাজার আধার কার্ড সংশোধনের ফর্মে সই করতে হচ্ছে। মানুষকে একটা ভুল পথে চালিত করছে। উন্নয়ন নিয়ে কোনো আলোচনা নেই, কোন সমালোচনা নেই। এর আগে অনেক বক্তা আপনার সামনে বলেছেন যে, খাদ্যে আমরা ২ টাকা কেজি চাল, গম আজকে ৭ কোটির উপর মানুষকে দিচ্ছি। স্বাস্থ্যে আমরা ৪২টা সুপার স্পেসালিটি হসপিটালসহ বিপুল পরিমাণ উন্নতি করেছি। কৃষিতে আমরা অনেক ভালো জায়গায় আছি। কৃষকের বিপদে আমাদের সরকার মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী কৃষিতে কৃষকবন্ধু; কৃষির বিপদে; প্রাকৃতিক দুর্যোগে ভর্তুকিসহ বিপুল পরিবর্তন হয়েছে এই পশ্চিমবঙ্গের বিভিন্ন দপ্তরে। তবুও স্যার, বিরোধীদের সমালোচনার মুখে অনেক কথা শুনতে হচ্ছে। এখানে এমপ্লয়মেন্ট নিয়ে অনেক কথা আপনার কাছে এসেছে। অনেক কথা অনেকে ধরেছে। স্যার, আমার এটা বলা ঠিক হবে কিনা জানি না তবু ভারতবর্ষের অন্যান্য রাজ্যে যে অবস্থা দেখছি যে ধরনের সিদ্ধান্ত গ্রহণ করে চলেছে আমার মনে হয় পশ্চিমবঙ্গে জাতি-ধর্ম নির্বিশেষে সরকারি এবং বেসরকারি চাকরির ক্ষেত্রে ভূমিপুত্র সংরক্ষণ করা উচিত। ভূমিপুত্র-সংরক্ষণ করা উচিত স্যার। কারণ অলরেডি রাজস্থান, এম.পি, মহারাষ্ট্র, অন্ধ্র প্রভৃতি রাজ্যগুলো এই সিদ্ধান্ত নিয়ে ফেলেছে। আমাদের রাজ্যেও স্যার, এই ধরনের সিদ্ধান্ত নেওয়া উচিত ভূমিপুত্র সংরক্ষণের। জাতিধর্ম বর্ণ নির্বিশেষে সর্ব দলীয় সমর্থনে পশ্চিমবঙ্গে ভূমিপুত্র সংরক্ষণ সরকারি এবং বেসরকারি কাজে আনা উচিত। আমি মাননীয় পরিষদীয় মন্ত্রী ও অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি আগামী বিধানসভার অধিবেশনে Bill আনার জন্য।

এটা আমি মনে করি আপনার মাধ্যমে। স্যার, ...(নয়েজ)... কেন্দ্রীয় বাজেটে স্যার, কেন্দ্রীয় বাজেটে স্যার, পশ্চিমবঙ্গের রেল বাজেটে শূন্য, আমার জেলা উত্তর দিনাজপুর স্যার, আমাদের রেলের কোনো যোগাযোগ নেই। একটিমাত্র রাধিকাপুর ট্রেন আর একটি DMU ট্রেন শিলিগুড়ি তাছাড়া আমাদের আর কোনো ট্রেন নেই। কোনো জংশন নেই স্যার দীর্ঘদিন অথচ মমতা ব্যানার্জী রেলমন্ত্রী থাকাকালীন আমাদের যে সুযোগ করে দিয়েছিলেন সেই প্রকল্পগুলো কোটি কোটি টাকা

খরচা হয়ে আজও মুখ থুবড়ে পড়ে আছে। আমাদের বি.জে.পি.র বন্ধুদের সেদিক দিয়ে কোনো প্রতিবাদ নেই স্যার। আমি অনুরোধ করব স্যার, আমি বিরোধীদের উদ্দেশ্যে একটা কথাই বলতে চাই ওরা যতই প্রতিবাদ করুক স্যার, বাংলার এই মুক্তিসূর্য আমাদের মমতা ব্যানার্জী। ওরা যতই চেষ্টা করুক। একটা কথা বলেই আমার কথা শেষ করব স্যার, "শক্তি যাদের নেই নিজে বড় হইবার, বড়কে ছোটো করিয়া ছোটো না সেকি পারে ?" ধন্যবাদ স্যার।

ডঃ সৌরভ চক্রবর্তী : Hon'ble Deputy Speaker, Sir and the members present in the House, আমি আজকে রাজ্যপাল মহোদয়ের বক্তব্যের পরিপ্রেক্ষিতে এমন একটা সময়ে - একদম শেষ বক্তা আমি। একদিকে দিল্লিতে একটা ঘটনা ঘটেছে। দিল্লিতে জনগণের রায় নাগরিকদের রায়, এটা পরিষ্কার প্রমাণ হয়ে গেছে যে সি.পি.এম. এবং কংগ্রেস দুই দলের পক্ষেই আমাদের নেতাজী সুভাষ চন্দ্র বসুর দিল্লি চলো ডাক দেওয়া আর তিনশো বছরেও সম্ভব নয়। বি.জে.পি. যেভাবে দিল্লিতে হেরেছে, যে percentage of voteএ নেমে গেছে এটা দেখে মনে হচ্ছে কিছু কিছু লোক বলছিল বাইরে যে সত্যিই দিল্লিতে N.R.C. চালু হয়ে গেছে। এবং মোদি আর শাহকে এখন কেজরিওয়ালের ডিটেনশান ক্যাম্পে থাকতে হচ্ছে। এ রকম একটা পরিস্থিতিতে বাংলার অগ্নিকন্যা ভারতবর্ষের অগ্নিকন্যা মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বেই আগামী দিনে দিল্লি চলোর ডাক তৃণমূল কংগ্রেস এবং এই পশ্চিমবঙ্গের মানুষ দেবে ভারতবর্ষের কেন্দ্রীয় সরকার গঠনে। এর জন্য বেশি দিন নেই। ভারতবর্ষের অর্থনীতি যে জায়গায় দাঁড়িয়েছে আমরা অর্থনীতির ছাত্র, demand = supply = investment। আজকে ভারতবর্ষের মানুষের চাহিদা আছে। কিন্তু সাপ্লাই নেই, জোগান নেই। জোগান এবং সাপ্লাই যদি সমান সমান না হয় তাহলে ইনভেস্টমেন্ট হবে কোত্থেকে ? ভারতবর্ষের বুকে দাঁড়িয়ে আজকে একজন নাগরিক হিসাবে বলতে লজ্জা হয় যে এই দেশের স্বাধীনতার এত বছর পর সংসদীয় রাজনীতিতে এত দিনের পর, ভারতবর্ষের মানুষ যখন এখনও বহু রাজ্যে দুবেলা ভালোভাবে খেতে পায় না বি.জে.পি. শাসিত রাজ্যে তখন নাগরিকত্বের সার্টিফিকেট তাদেরকে দেখাতে হয়। নাগরিকত্বের সার্টিফিকেট দেখাতে হয়। কিন্তু ভারতবর্ষের প্রধানমন্ত্রী তাঁর শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট দেখাতে সাহস পান না। ভারতবর্ষের স্বরাষ্ট্রমন্ত্রী তার শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট দেখাতে সাহস পান না। সেখানে ভারতবর্ষের সাধারণ মানুষকে demonetisationএর জন্য দাঁড়িয়ে রোদে পুড়ে মৃত্যুবরণ করতে হয়। ভারতবর্ষের নাগরিকদের দাঁড়িয়ে ছোটো ছোটো ব্যবসায়ীর G.S.T., সেই G.S.T.র প্রভাবে ক্ষুদ্র ব্যবসায়ীদের আজকে ব্যবসা বন্ধ হয়ে গেছে। বিজেপির নেতারা যেখানে যেখানে যাচ্ছেন পশ্চিমবঙ্গের মানুষ ধরছে। প্রশ্ন করছে যে, আমার যে সোনার কারবারটা ছিল, আমি যে বেকারিতে বিস্কুটটা তৈরি করতাম, আমি যে কাগজের ঠোঙ্গা তৈরি করতাম, আমি যে বাজারে সব্জি বিক্রি করতাম, আমি যে ওষুধের বিক্রেতা ওষুধ বিক্রি করতাম আমি আর বিক্রি করিতে পারি না। আমি যেখানে ছোটো ব্যবসায়ী আমার ব্যবসা শেষ হয়ে গেল। তাহলে কাদের জন্য G.S.T., কাদের জন্য demonetisation - কাদের জন্য ভারতবর্ষের নাগরিকত্ব। প্রশ্ন রাখছেন ভারতবর্ষের মানুষ।

[5:00 – 5:07 p.m.]

কোনো নতুন চাকরির সন্ধান দিতে পারছেন না। আজকে ব্যাঙ্ক্রাপসি প্রত্যেকটা ব্যাঙ্ক আজকে ভারতবর্ষের বড় বড় ব্যাঙ্ক সংযুক্তিকরণ হচ্ছে। সেই জায়গায় দাঁড়িয়ে ভারতবর্ষের নাগরিকদের আজকে বলতে হচ্ছে ভারতবর্ষের সরকার তাঁরা বলছেন নাগরিকত্বের সার্টিফিকেট দেখান। আমি ধিক্কার জানাই ভারতবর্ষের সরকারকে, কেন্দ্রীয় সরকারকে। অথচ বেঙ্গলে আজকে সোসিও ইকনমিক ডেভলপমেন্ট এবং আজকে যে হিউম্যান ইনডেক্স, আপনারা জানেন যে একটা দেশের, তার ইনফ্রাসট্রাকচার এবং তার উন্নতি বোঝা যায় হিউম্যান ইনডেক্সে। আসুন, বাংলার বুকে দাঁড়িয়ে দেখুন, সোসিও ইকনমিক স্ট্যান্ডার্ড, স্টেট প্লান এক্সপেন্ডিচার যেখানে ২০১১ সালে ১১,১৩৮ কোটি টাকা ছিল, সেটা ২০২০ সালে ৮০,১২০ কোটি টাকা হয়েছে। পশ্চিমবঙ্গের ক্যাপিটাল এক্সপেন্ডিচার '১১ সালে ২,২২৬ কোটি টাকা ছিল, আজকে ২০২০ সালে ২৩,১৭২ কোটি টাকা ছাড়িয়ে গেছে। জি.এস.ডি.পি. গ্রোথ যেখানে ৪.৬লক্ষ ক্রোর ছিল, ২০১৯ সালে সেটা ১১.৩১ লাক্ষ ক্রোর ছাড়িয়ে গেছে। ভারতবর্ষের যেখানে জি.ডি.পি. বৃদ্ধি মাত্র ৫ শতাংশ, পতন হতে হতে আজকে ৫ শতাংশে নেমে গেছে, আমার মনে হয় দিল্লির ফলাফলের ফলে এটা ফোর পার্সেন্ট এর নীচে নামবে। সেখানে পশ্চিমবঙ্গ টেন পারসেন্ট ক্রস করে ইলেভেন পারর্সেন্টের দিকে যাচ্ছে। মিঃ স্পিকার স্যার, সব বিষয়ে বাংলা এগিয়ে -জগৎ সভায় শ্রেষ্ঠ আসন লবে। এই শ্লোগানকে সামনে রেখে সব বিষয়ে বাংলা আগে। আজকে বাংলার বুকেই একমাত্র সম্ভব একই দিনে দুর্গাপূজার শোভাযাত্রা, একই দিনে মহরমের তাজিয়া, একই রাস্তা কলকাতা সহ সারা বাংলায় বেরোয়। উত্তরপ্রদেশে সম্ভব নয়, আসামে সম্ভব নয়, বিহার, গুজরাটে সম্ভব নয়। আজকে ভাবতে হবে, বাংলায় খাদ্যসাথী ১০ কোটি মানুষের কাছে পৌঁছে গেছে খাদ্য। চা-বাগান এলাকার মানুষ আমরা। যে চা বাগানে ফুড সিকিউরিটি বিল ছিল না, কেন্দ্রীয় সরকার বড় বড় কথা বলেন, মনোজবাবুরা - চা বাগান থেকে সাংসদ জিতেছেন, সাংসদ-এর সাথে খুনীদের ছবি দেখা যায়। অথচ চা বাগানের মানুষের সাথে সাংসদ বিধায়কদের বি.জে.পি.-র যোগাযোগ নেই। তাহলে ফুড সিকিউরিটি বিলে কেন তারা চা বাগানকে স্থান দিতে পারেনি। কেন্দ্রীয় বাজেটে একটা টাকাও চা বাগানের জন্য বরাদ্দ হয়নি। এক টাকাও উত্তরবঙ্গের জন্য বরাদ্দ হয়নি। উত্তরবঙ্গের মানুষের সাথে মিথ্যাচার করেছে, ভারতীয় জনতা পার্টি এবং কেন্দ্রীয় সরকার। ৭টা সিট জেতার পরেও একটা মন্ত্রী নেই, ৭টা সিট জেতার পরেও একটা টাকা নেই, একটা পরিকল্পনা নেই। মানুষকে জল দেওয়ার মতন এক টাকাও যদি দিত কেন্দ্রীয় বাজেটে, আজকে ধিক্কার জানাতে চাই কেন্দ্রীয় বাজেটকে। অথচ পশ্চিমবঙ্গ সরকার, চা বাগানের মানুষ, যে চা বাগানের ৭৫ শতাংশ দায়িত্ব কেন্দ্রীয় সরকারের, পশ্চিমবঙ্গের মাননীয়া মুখ্যমন্ত্রী তিনি চা বাগানের সেস মকুব করেছেন। তিনি সেস মকুব করেই সেখানে থেমে যাননি। তিনি সেখানে পানীয় জলের ব্যবস্থা করেছেন। ইলেকট্রিসিটির ব্যবস্থা করেছেন এবং যে শ্রমিকরা ভারতবর্ষের বুকে ২০০ বছর ইংরেজ রাজত্বে যাদেরকে ছোট নাগপুর থেকে নিয়ে, ঝাড়খন্ড থেকে নিয়ে যে আদিবাসী মানুষদেরকে ওই চা বাগানের জন্য, শ্রমিক হিসাবে ইংরেজরা নিয়ে গিয়েছিল, তাদের

জমির পাট্টা ইংরেজরাও দেয়নি, কংগ্রেসরাও দেয়নি, বি.জে.পি.ও দেয় নি। তাদের বাসস্থান মমতা বন্দ্যোপাধ্যায় ঘোষণা করেছেন গতকাল। আমি কৃতজ্ঞ মমতা বন্দ্যোপাধ্যায়ের কাছে আজীবন থাকব চা বাগানের মানুষের জন্য ভেবেছেন বলে। একটা দুটো লোক নয়, পনেরো লক্ষ লোক চা বাগানে কাজ করে, ৪৫লক্ষ লোক নির্ভরশীল চা বাগানে। আজকে ২৭টি বিধানসভা চা বাগানের সঙ্গে যুক্ত। আজকে ৫টি লোকসভা চা বাগানের সঙ্গে যুক্ত। দার্জিলিং-এর চা বাগানের মানুষরা ভোট দিয়েছিল বি.জে.পি.-কে। আজকে বি.জে.পি. ওখান থেকে দার্জিলিং-এর মানুষদের তাড়ানোর প্ল্যান করছে। আজকে আসামে, বাঙালি, নেপালি, আদিবাসীদের এন.আর. সি. করে তাড়ানোর প্ল্যান করছে। ভাবতে লজ্জা হয়। অথচ পশ্চিমবঙ্গের সরকার স্বাস্থ্যসাথী করেছে। ৪২টি হাসপাতাল, সুপার স্পেশালিটি করেছে। যেখানে ২০১১সালে বিশ্ববিদ্যালয় ছিল ১২টি, সেখানে আজকে ৪২টি বিশ্ববিদ্যালয় হয়েছে। স্বাস্থ্যসাথী স্কিমে প্রায় ৮কোটি মানুষকে স্বাস্থ্যসাথী স্কিমের আওতায় আনা হয়েছে। দেড় কোটি পরিবারের মানুষকে স্বাস্থ্যসাথী স্কিমের আওতায় নেওয়া হয়েছে। জীবনশক্তি অন লাইন, ও.পি.ডি., স্কুলের সবুজসাথী সাইকেল, এক কোটি ছাত্র ছাত্রীদের স্কুল ব্যাগ, আজকে শিক্ষাশ্রী ১২ লক্ষ, রূপশ্রী ৩.৫ লক্ষ ছাত্র ছাত্রীদেরকে ইনফ্রাসট্রাকচার তৈরি করার জন্যে আজকে তাদেরকে এগিয়ে নেওয়ার জন্য দেওয়ার হয়েছে।

আজকে 'সেফ ড্রাইভ সেভ লাইফ' শুধু ভারতবর্ষ নয়, আন্তর্জাতিক স্তরে নাম করেছে। আমাদের এই রাজ্যের 'কৃষি কর্মণ' অ্যাওয়ার্ড আমরা প্রায় ছয়বার পেয়েছি। কৃষকবন্ধুরা পাঁচ হাজার টাকা করে একর প্রতি ভাতা পায়, তারা ডেথ বেনিফিট পায় দু লক্ষ টাকা। আজকে ১৮৬টি কৃষক বাজার তৈরি হয়েছে। 'জল ধরো জল ভরো' হয়েছে। সামাজিক সুরক্ষা প্রকল্প হয়েছে। আর কত বলব বলুন। সেখানে স্কুল ড্রপের সংখ্যা নেই, সেখানে বড় বড় গলায় কথা বলছেন কংগ্রেসের মানুষরা। মিঃ স্পিকার স্যার, গতকাল আমি একটা সমন রিসিভ করি। ২০০৪ সালে এই ছাত্র রাজনীতি যখন আমরা করতাম সেই ছাত্র রাজনীতি করতে গিয়ে বিধানসভা অভিযান করেছিলাম। মিথ্যে মামলা দিয়েছিল বামফ্রন্টের বন্ধুরা। তখন আমরা কংগ্রেস করতাম, লজ্জা লাগে। আজকে কংগ্রেসের নেতারা এখানে সি, পি,এমের সাথে হাত মিলিয়েছে, আর ওদের জন্য আন্দোলন করতে গিয়ে আমাদের মত হাজার হাজার ছাত্র যুব এখনো কেস খেয়ে আজকে বাড়ির বাইরে ঘুরে বেড়ায়। লজ্জা লাগে এদের।

... (এইসময় লালবাতি জ্বলে ওঠে।) ...

শুধু ভোটে জেতার জন্য যে সি.পি.এমে.র হাতে রক্ত রঞ্জিত কংগ্রেস, ৫০ হাজার খুন করেছে সি.পি.এম. সেই সি.পি.এমে.র সাথে ঘুরে বেড়ায়। এরা লোকসভা নির্বাচনে বি.জে.পি.-র কাছে বিক্রি হয়ে গিয়েছিল। প্রত্যেকটা কংগ্রেস সি.পি.এমে-র নেতারা টাকা নিয়েছে বি.জে.পি.-র কাছ থেকে। টাকা নিয়ে বি.জে.পি.-কে ভোট দিয়েছে। আজকে ভোটের ফলাফল দেখুন। তাই লজ্জায় দিল্লি থেকে ধাক্কা মেরে বার করে দিয়েছে কংগ্রেসকে। শূন্য হয়ে গেছে আজকে গান্ধী পরিবার। লজ্জা লাগে না ? আপনারা মুখ দেখাবেন না। আপনারা মুখ দেখাবেন না, রিজাইন

করুন। গান্ধী পরিবার যে দিল্লিতে থাকে সেই দিল্লিতে একটা সিট জিততে পারেন নি আপনারা। এত আপনারা নির্লজ্জ দল। সি.পি.এমে.র সাথে জোট করছেন। কংগ্রেস - সি.পি.এমে-র সাথে জোট করছেন। বি.জে.পি.র সঙ্গে জোট করছেন। আজকে পশ্চিমবঙ্গে মমতা বন্দ্যোপাধ্যায়কে দেখলে আপনাদের জেলাসি হয়। মমতা বন্দ্যোপাধ্যায়কে দেখলে রাগ হয়। গরিবের ঘরের মেয়ে আপনাদের মাথার উপরে বসে মুখ্যমন্ত্রী হয়েছেন বলে আপনাদের রাগ হয়। উনি পরিবার থেকে শুরু করে সব ত্যাগ করে তিনি আজকে মানুষের নেত্রী হয়েছেন, মানুষের মা হয়েছেন। তাই আজকে সারা ভারতবর্ষের মানুষ তাকে সম্মান করেন। আপনারা সম্মান না করলেও কিছু যায় আসে না। কিন্তু আপনারা বিধানসভার মধ্যে যে পরিস্থিতি সৃষ্টি করার চেষ্টা করছেন আগামীদিনের প্রজন্ম আপনাদের কখনো ক্ষমা করবে না। আজকে তাই আপনাদের বলছি, অশোকবাবু এখানে ছিলেন, এখন নেই, বড় বড় গলায় কথা বলছিলেন। অশোকবাবু ১৯৯৬ সাল মনে করুন। আপনি দার্জিলিং মেলে উঠতে গিয়ে এক যুবক আপনাকে প্রতিবাদ করেছিল বলে আপনি শিলিগুড়ি থেকে পুলিশ নিয়ে এসে ওই যুবককে অ্যারেস্ট করিয়েছিলেন। আমাদের মনে আছে। আপনি প্রতিবাদ করছেন ! 'উত্তরবঙ্গ সংবাদের' দিবাকরকে কে খুন করেছিল ? 'আনন্দবাজার' কারা পুড়িয়ে দিয়েছিল ? কারা অগণতান্ত্রিক কাজ করেছিল বাংলার বুকে আপনারা করেছিলেন। সেই রাস্তা ধরে বি.জে.পি. এসেছে। ১৯৮৯ সালে জ্যোতি বসু, অটল বিহারী, আদবানী একসাথে মিটিং করেছিল কলকাতায়। আমরা সেটা ভুলিনি। এই বাংলায় সাম্প্রদায়িকতার বীজ আপনারা বপন করেছেন। আপনাদের নেতৃত্বেই সাম্প্রদায়িকতা, বিচ্ছিন্নতাবাদ তৈরি হয়েছে। তার জন্য আপনারা পুড়বেন। আবার ২০২১ সালে মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বেই বাংলায় তৃণমূল কংগ্রেসের সরকার প্রতিষ্ঠিত হবে। আপনাদের ...

... (এই সময় মাইক অফ হয়ে যায়।) ...

Adjournment

The House was adjourned at 5.07 P.M. till 11 A.M. on Wednesday the 12th February, 2020, at Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Wednesday, the 12th February, 2020 at 11:00 a.m.

P R E S E N T

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 16 Ministers-in-Charge, 14 Ministers of State and 155 Members.

[11:00 – 11:10 a.m.]

Starred Questions
(to which oral answers were given)

একশো দিনের কাজের লক্ষ্যমাত্রা

*১৬। (অনুমোদিত প্রশ্ন নং *৬৬) **শ্রী মোহিত সেনগুপ্ত :** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১৯-২০ আর্থিক বছরে একশো (১০০) দিনের কাজ প্রকল্পে, বিভিন্ন ধরনের কাজের লক্ষ্যমাত্রা কী; এবং

(খ) তন্মধ্যে, ৩১শে ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত উক্ত প্রকল্পের আওতায় কতটা কাজ করা সম্ভব হয়েছে?

শ্রী সুব্রত মুখার্জী : ক) প্রথমেই বলে রাখি যে এখানে লক্ষ্যমাত্রা বলে কিছু হয় না। আমাদের একশো দিনের কাজটা হলো সংবিধানের অধিকার। যে কাজ চাইবে, তাকেই কাজ দিতে আমরা বাধ্য। যদি টাটা গিয়ে গ্রামে থাকে তাহলে তাকে কাজ দিতে হবে, আবার যদি একজন ভিখারি কাজ চায় তাহলে তাকেও কাজ দিতে হবে। সুতরাং নির্দিষ্ট লক্ষ্যমাত্রা বলে কিছু নেই। কেন্দ্রীয় সরকার কিঞ্চিৎ বে-আইনি করে একটা লক্ষ্যমাত্রা ঠিক করে দিয়েছে, যেটা সংবিধান সম্মত নয়। আমরা সেই পথেই এগোচ্ছি। একশো দিনের কাজে বিভিন্ন ধরনের কাজের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে এবং সেই অনুসারে প্রতি বছর লেবার বাজেট তৈরি করা হয়। ২০১৯-২০২০ আর্থিক বছরে অনুমোদিত লেবার বাজেট হল ২৮ কোটি শ্রম দিবস।

খ) একশো দিনের কাজের প্রকল্পে (MGNREGA) বর্তমানে অনুসৃত MIS বা ব্যবস্থাপন তথ্য সংগ্রহ পদ্ধতিতে এই রাজ্যে ২০১৯-২০২০ আর্থিক বছরের ৩১শে ডিসেম্বর পর্যন্ত কত কাজ করা হয়েছে তা সংখ্যা নির্ণয় করা সম্ভব নয়। তবে ০৭.০২.২০২০ পর্যন্ত শ্রমদিবস তৈরি হয়েছে ১৮০২.২৫ (আঠারো কোটি দুই লক্ষ পঁচিশ হাজার। ৪৫.৬৮ লক্ষ (পঁয়তাল্লিশ লক্ষ আটষট্টি

হাজার) পরিবারকে কাজ দেওয়া হয়েছে। মোট ৫৮১৬৭১.২৯ (পাঁচ হাজার আটশত ষোল কোটি একাত্তর লক্ষ ঊনত্রিশ হাজার) টাকার কাজ হয়েছে।

শ্রী মোহিত সেনগুপ্ত : স্যার, মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, ৩০শে এপ্রিল, ২০১৯ সাপেক্ষে একশো দিনের কাজের প্রকল্পে রাজ্যে কত সংখ্যক তপশিলী উপজাতি পরিবার কাজ করেছে ?

শ্রী সুব্রত মুখার্জী : স্যার, জাতি-উপজাতি ধরে কাজ দেবার কোন ব্যবস্থা আমাদের নেই। গ্রামে বসবাসকারী গরীব মানুষ যারা কাজ চাইবে তাদেরই জব কার্ড দিতে হবে এবং সেইভাবেই আমরা কাজটা দিই। সে তপশিলী জাতিই হোক বা ব্রাক্ষ্মণই হোক তাদের মধ্যে কোন ফারাক আমরা করি না।

শ্রী মোহিত সেনগুপ্ত : স্যার, আমার দ্বিতীয় অতিরিক্ত প্রশ্ন,উক্ত প্রকল্পে প্রতি পরিবার বছরে গড়ে কতদিন কাজ পাচ্ছে এবং একশো দিনের কাজের মজুরি তাঁরা পেয়েছেন কিনা ?

শ্রী সুব্রত মুখ্যার্জী : স্যার, আমাদের কাছে যাঁরা কাজ চান, তাঁরাই কাজ পান। স্বভাবতই প্রত্যেক বছর আলাদা আলাদা। যদিও কেন্দ্রীয় সরকার একটা নির্দিষ্ট সংখ্যা ধার্য করে দেন এবং সেই ধার্যকে সামনে রেখে আমরা কাজ করি। বিগত কয়েক বছর এবং এই বছর currentএ আমরা প্রথম হয়েছি। এখানে আলাদা করে, ঠিক এইভাবে কাজের নিরূপণ হয় না। তবে গড়ে ৪০ দিন।

শ্রী সমর হাজরা : স্যার, অতিরিক্ত প্রশ্ন মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি, যে ১০০ দিনের কাজটা কি ২০০ দিন করার প্রস্তাব এবং ৩৫০ টাকা minimum wages হওয়ার প্রস্তাব দিয়েছিল, এটা কি কার্যকরী হবে ? বা কোন প্রস্তাব গেছে ২০০ দিন করা এবং মজুরি ৩৫০টাকা করার।

শ্রী সুব্রত মুখার্জী : স্যার, মজুরিটা আমি আপনাকে বলে দিই বিভিন্ন স্টেটে বিভিন্ন মজুরি কেন্দ্রীয় সরকার ধার্য করেছিলেন। আমাদের খুব কম ছিল। তার পর লড়াই করে করে আমরা এখন প্রায় ২০০ টাকার কাছাকাছি পৌঁছাতে পেরেছি। এখন ২০০ দিন কাজ করা হবে বলে কোন আইন নেই। তার কারণ এই একটা ব্যাপার, আমরা কাজ করি যে কাজটা সংবিধানের দ্বারা গ্রহীত প্রস্তাব। আর সংবিধানে ১০০ দিনের কাজের গ্যারান্টি দেওয়া আছে। সারা পৃথিবীতে উন্নয়ণশীল দেশে guarantee of job - এটা গরীব দেশে বা উন্নয়ণশীল দেশের কোথাও নেই, একমাত্র ভারতবর্ষে এটা করা সম্ভব হয়েছিল। এবং সেই সম্ভাবনার মধ্যেই কথাটাই হল "১০০ দিনের কাজ"। আবার যদি কোন সময় কেন্দ্রীয় সরকার এটাকে সংবিধানের পরিবর্তন করে ২০০ দিন করেন, সেই দিনের মধ্যে আমাদের অপেক্ষা করতে হবে। শুধু দাবি করে হবে না, সব পার্টি এক হয়ে এবং কেন্দ্রীয় সরকার যাঁরা চালাচ্ছেন তাঁরা যদি করেন, তাহলে আমরা রূপায়িত করব।

শ্রী শেখ আমজাদ হোসেন : থ্যাঙ্ক ইউ স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রশ্ন যে, উনি বলছেন যে যারা জব কাজ চাইছে তারা পাচ্ছে। কিন্তু স্যার, আমার

নিজের বাড়ি পঞ্চায়েত এলাকায়, আমি নিজে অনেককে দরখাস্ত করিয়েছি,পান্ডুয়া ব্লকে আপনি খবর নিন, যে আমি নিজে দরখাস্ত করিয়েছি, অনেক মানুষ জব কার্ড চাইছে। তাদের বাবার নামে একটা পরিবারে হয়ে আছে, পরিবার ভেঙ্গে গেছে এখন - নতুন জব কার্ড সে আবেদন করে মাসের পর মাস, বছরের পর বছর অপেক্ষা করছে, পাচ্ছে না। তাই এই নতুন জব কার্ড দেওয়ার ব্যাপারে আপনার দপ্তর কোন সিদ্ধান্ত গ্রহণ করেছে কিনা এবং সেটা দ্রুত বাস্তবায়িত হবে কিনা?

শ্রী সুব্রত মুখ্যার্জী : আমরা পরিবার প্রতি জব কার্ড দিই এবং সেই ভাবেই চলে। স্যার, আমাদের একটা নির্দিষ্ট গন্ডি আছে, যেখানে আমরা তার বাইরে যেতে পারি না। আমরা একটা পরিবারে চেষ্টা করি সব মানুষকে সংগ্রহ করার। কিন্তু ওই যে বললাম, আমাদের একটা নির্দিষ্ট কোটা ধার্য করে দেয় কেন্দ্রীয় সরকার, আমাদের সেটার মধ্যেই থাকতে হয়। তবে এটা ঠিক, যে জব কার্ড চাইলে আমরা তাকে চট করে ফিরিয়ে দিই না। তার কারণ কি - না, ফিরিয়ে দিলে আইনে আমাদের সরকারকে তাকে বসিয়ে বসিয়ে মাইনে দিতে হবে,এদের guaranted job। সুতরাং কেউ যদি চায়, তাকে বলবেন সাহস করে চাইতে এবং চাইলে না দিলে পশ্চিমবঙ্গ সরকারকে বসিয়ে বসিয়ে তাকে বেতন দিতে হবে। কাজেই এত শক্ত সংবিধানের গ্যারান্টি নিয়ে এই আইনটা। কাজেই এটাতে আপনি শক্ত হতে বলুন মানুষকে, যদি কেউ না পায়, সে যেন অভিযোগ করে এবং তাহলে আমরা ১০০টাকা বাড়িতে বসে দিতে বাধ্য হব।

শ্রী মোস্তাক আলম : স্যার, আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, যে আমরা গ্রামীণ এলাকার মানুষ, আমরা পঞ্চায়েতের প্রতিনিধি হিসাবে কাজ করে দেখেছি, MGNREGS-এর প্রকল্পে যারা 40 per cent কাজ করে পঞ্চায়েতগুলোয়, দুই বছরে payment পেতে যারা ঠিকাদারে কাজ করছে পাচ্ছে না বলে, যখনই দেওয়া হচ্ছে যে এই কাজগুলোকে করার কথা বলা হচ্ছে, তখন কিন্তু এজেন্সিরা reluctant attitude। সেখানে দিল্লি টাকা দেরিতে দিচ্ছে, না আমাদের advance performance reportগুলো পৌঁছাচ্ছে না, - কি কারণে paymentটা হচ্ছে না, কিন্তু কাজ হয়ে যাচ্ছে, payment হচ্ছে না বলে performance reportটাও কিন্তু সঠিকভাবে পৌঁছাচ্ছে না গভর্ণমেন্টের কাছে। এই ব্যাপারে আপনার মতামত কি ?

[11:10 – 11:20 a.m.]

শ্রী সুব্রত মুখার্জী : টাকা দেওয়ার সিস্টেমটা এমনই যে রাজ্য সরকারের খুব বড় করে কিছু করার নেই। এখানে এটা ঠিক যে কেন্দ্রীয় সরকার যেমন নিশ্চিত টাকা দেয় এটাও যেমন ঠিক, তেমনি অনেক সময় দেরিতে দেরিতে টাকা দেয়। যখন দেরিতে টাকা দেয় তখন আমাদের অপেক্ষা করা ছাড়া এবং সেটার আমরাও প্রতিবাদ করি আপনার মতনই যে এটা অন্যায় হচ্ছে কারণ কাজ করে যদি দেরি করে তাহলে লোকের কাজ করার স্পৃহাটা কমে যায় পরবর্তী কালে। আর ১০০ দিনের কাজে ঠিকাদারদের কোনো স্টিটেম নেই।

শ্রী রামশঙ্কর হালদার : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞেস করে জানতে চাই, যে, আপনি বলেছেন ৬৫ লক্ষ পরিবার ৪০ দিনের কাজ হয়েছে,এরা কাজ পেয়েছে। আমি জানতে চাইছি, যে আমাদের রাজ্যে জব কার্ড হোল্ডার কত? তার মধ্যে কত পার্সেন্টকে আপনি কাজ দিতে পেরেছেন।

শ্রী সুব্রত মুখার্জী : আমরা তো কত পার্সেন্ট কাজ দেবো সেটা, পার্সেন্টেজে নয়। এটার নির্দিষ্টকরণ থাকে। প্রত্যেকটা ইয়ারে সমস্ত স্টেটকে নিয়ে কেন্দ্রীয় সরকার মিটিং করে একটা ধার্য করেন যে এই স্টেট এত হাজার এবার কাজ করবে, এত কোটি কাজ করবে - ম্যানডেজ তৈরি করবে এবং সেটাকে ভিত্তি করেই আমরা করে থাকি এবং আপনি শুনে খুশি হবেন সেই টার্গেটে প্রত্যেকটা স্টেটের সাথে একেবারে কম্পিটিশান দিয়ে কাজ হয় এবং আমরা, পর পর কয়েক বারই এবং এবছর পর্যন্ত হায়েস্ট কাজ করে আমরা প্রথম হয়েছি সারা ভারতবর্ষে। ওরা কাজের দিন ঠিক করে দেয় এটা আপনারা মাথায় রাখবেন।

শ্রী রামশঙ্কর হালদার : সংখ্যাটা কত বলুন।

শ্রী সুব্রত মুখার্জী : এক একটা বছরের এক একটা সংখ্যা। আপনি যদি নির্দিষ্ট একটা বছর বলেন আমি ডিপার্টমেন্টকে জিজ্ঞেস করে এক্ষুনি বলে দেবো কোন বছরে কত।

শ্রী রফিকুল ইসলাম মন্ডল : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার একটা প্রশ্ন, যে, আমরা দেখছি প্রতি বছরই পরিবারের সংখ্যা বাড়ছে। আপনি একটু আগে বললেন যে, আমরা নতুন জব কার্ড দিচ্ছি। দয়া করে ২০১৬ থেকে অদ্যাবধি কত নতুন জব কার্ড দিয়েছেন যদি একটু বলেন তাহলে খুশি হবো।

শ্রী সুব্রত মুখার্জী : এটা নোটিশ দিতে হবে। তবে প্রত্যেক বছরই আমাদের কখনো বেড়েছে। কখনো কেন্দ্রীয় সরকার একটু কমিয়েছেন, এটা ঠিক।

শ্রীমতী সাবিনা ইয়াসমিন : ধন্যবাদ স্যার, আপনার মাধ্যমে মাননীয় বিভাগীয় মন্ত্রীর কাছে। আমার অতিরিক্ত প্রশ্ন,স্যার, এন.আর.ই.জি.এস. - এর মাধ্যমে যে প্রকল্প রুপায়ণ হচ্ছে, আমি একটু জানতে চাই, যে স্কিমগুলো নেওয়া হচ্ছে গ্রাম পঞ্চায়েত এবং পঞ্চায়েত সমিতি থেকে, এক্ষেত্রে প্রধান কিম্বা সভাপতি এককভাবে সেই প্রকল্প কি পাশ করাতে পারেন? কোনো রেজোলিউশান না নিয়ে মিটিং না করে।

শ্রী সুব্রত মুখার্জী : না, পারেন না। এটার একটা সিস্টেম আছে সেই সিস্টেম একেবারে রাজ্য থেকে কেন্দ্র পর্যন্ত অ্যাপ্রুভাল চাই। তার পরেই সেটা করতে পারবে।

শ্রীমতী সাবিনা ইয়াসমিন : স্যার, আমি একটু বলি, যে কমিটিতে বা পূর্তের কর্মাধ্যক্ষ হোক কিম্বা রেজোলিউশান নিয়ে প্রধান এককভাবে বা পঞ্চায়েত সমিতির সভাপতি এককভাবেই কিন্তু স্কিমটা পাঠাচ্ছে। আমি আপনাকে পরে এটা বিস্তারিত জানাবো।

শ্রী সুব্রত মুখার্জী : পাঠাতে পারেন কিন্তু উইদাউট সেন্ট্রালের অ্যাপ্রুভাল ছাড়া - আমাদের এখন যে সিস্টেম হয়ে গেছে প্রত্যেকটি ইঞ্চি ইঞ্চি জমিতে কেন্দ্রের সাথে ছবি, কার্ড, কাজ করা, কে কাজ করছে, জব কার্ড কিভাবে হচ্ছে সবটা দেখে তার পরে ওরা টাকা রিলিজ করে এবং এমন মজার টাকা এই টাকা রাজ্য সরকার দেখে না। আমরা ঐ টাকাতে স্পর্শ করতে পারি না। একেবারে দিল্লি থেকে যে কাজ করছে সব রিপোর্টের ভিত্তিতে তারা সন্তুষ্ট হয়েই সেই টাকা, চেক তার বাড়িতে পৌঁছে যাচ্ছে। সুতরাং এই স্কোপ খুব কম আছে, কাজটাও, যদি কেউ অনিয়মে কিছু করে তাহলে সেটা আমাদের জানাবেন।

শ্রী প্রদীপ কুমার সাহা : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে আমার প্রশ্ন এটাই যে, কৃষি কাজের সঙ্গে ১০০ দিনের কাজকে যুক্ত করার ক্ষেত্রে রাজ্য সরকারের কোনো ভাবনা আছে কি যে, কৃষি কাজের সঙ্গে এটাকে যুক্ত করতে হবে।

শ্রী সুব্রত মুখার্জী : আমাদের সাধারণভাবে এই রকম করে বলা নেই। তবে এটা ঠিকই যে আমরা কনভার্জেন্সের কাজ করি। অনেক ডিপার্টমেন্টের কাজ আমরা একসাথে করি। আমরা বাস্তু নির্মাণের কাজ করি, আমরা এগ্রিকালচারের কাজ করি যেমন, তেমনি আমরা অনেক জায়গায় ইরিগেশনের কাজ করি, অনেক জায়গায় রোডস্ -এর কাজ করি, অনেক জায়গায় মাইনরিটির কাজ করি, অনেক কনভার্জেন্সের কাজ আমরা করে থাকি। এই ক্ষেত্রেও করা সম্ভব।

শ্রী মানস মজুমদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে আমার অতিরিক্ত প্রশ্ন যে, লোকসভা নির্বাচনের আগে আমরা গ্রামের দিকে একশো দিনের কাজে ১৯১ টাকা রোজ বা যারা কাজে যেত তারা সবাই একশো দিনের কাজে ১৯১ টাকা না হলেও ১৮০,১৭০ রোজ পেত। কিন্তু বর্তমানে লোকসভা নির্বাচনের পরে বলেছে যে, ৬৫ সি.এফ.টি মাটি কাটতেই হবে, আর আট ঘন্টা কাজ করতেই হবে। নাহলে ১৯১ টাকার যে মাপ, সেই মাপটার টাকা পাওয়া যাবে না। কাজগুলো এমনভাবে স্ল্যাবগুলো তৈরি হচ্ছে, সেখানে কোথাও ১৮০,১৭০ বা কোথাও ১৯০ টাকা পাওয়ার সুযোগ নেই। দিনের শেষে মাপ করে দেখা যায় অনেক সময় ৭০ টাকাও পাচ্ছে, ১১০ টাকাও পাচ্ছে আবার ১৩০ টাকাও পাচ্ছে। ফলে অনেক জায়গায় এই কাজের যারা লেবার, তাদের কাছে জনপ্রিয়তা হারাচ্ছে। টোটাল চাপটা পঞ্চায়েতের উপর গিয়ে পড়ছে যে, আমরা কেন ১৮০ টাকা বা ১৯০ টাকা পাব না। এই জায়গায় দাঁড়িয়ে কাজটা পূর্বের অবস্থায় ফিরিয়ে নিয়ে যাওয়ার কোন চিন্তা-ভাবনা আছে কিনা ?

শ্রী সুব্রত মুখার্জী : উনি আমার সাথে একটু আলাদা কথা বললেই ভাল হয় কারণ টাকা একশো দিনের কাজ একদিনে কত পাবে, সেটা নির্দ্ধারিত থাকে। তা থেকে কিভাবে কেটে দিচ্ছে, আমার জানা নেই। তবে এখন প্রত্যেকটা ইঞ্চি কাজ তদ্বির করে মেপে তার পরেই অর্থ দেওয়া হয়। কিন্তু যাকে দেওয়া হয়, না দেওয়া হতে পারে, দেওয়া হলে একদিনের পুরো টাকা দিতে হবে।

শ্রীমতী নার্গিস বেগম : মাননীয় বিভাগীয় মন্ত্রীর কাছে আমার জিজ্ঞাসা যে, একশো দিনের কাজে স্কুলগুলোতে ৩৪ বছরের সি পি এম সরকার যেভাবে সুইপার নিয়োগ করত, সেই সুইপার তুলে দেওয়া হয়েছিল। সেই একশো দিনের কাজের জন্য মাননীয় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী সেই কাজ স্কুলগুলোকে দিয়েছিলেন। এখনও কি সেই নিয়ম চালু আছে ? ফুল গাছে জল দেওয়ার মত কাজও কি আপনারা করান ?

শ্রী সুব্রত মুখার্জী : সব ধরণের কাজ আমরা করাই না। 'সুইপার' এই শব্দটা করে ব্যবহার করে কোন কাজ আমরা একশো 2দিনের কাজ লোকদের দিয়ে করাই না। আর গাছ আমরা বসাই, আর গাছ বসালে জল দিতেই হয়। এই দুটো একের সঙ্গে অপরের পরম্পরা।

* প্রশ্ন নং -১৭

শ্রী দীপক হালদার : অনুপস্থিত।

*** প্রশ্ন নং -১৮**

শ্রী মিল্টন রসিদ : অনুপস্থিত।

বাংলা সড়ক যোজনা

*১৯। (অনুমোদিত প্রশ্ন নং *৫২) **শ্রীমতী গীতা রানী ভূঞ্যা :** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পি.এম.জি.এস.ওয়াই. বাংলা সড়ক যোজনাতে গ্রামবাংলায় পাকা রাস্তা নির্মাণের কাজ শুরু হতে চলেছে; এবং

(খ) সত্যি হলে—

(১) উক্ত যোজনাতে রাজ্যে কত সংখ্যক রাস্তা ও কত কি.মি. রাস্তা তৈরি হবে;

(২) উক্ত রাস্তাগুলি বাছাইয়ের পদ্ধতি কীরূপ; ও

(৩) পশ্চিম মেদিনীপুর জেলাতে উক্ত যোজনাতে কত সংখ্যক রাস্তা নির্মিত হবে?

শ্রী সুব্রত মুখার্জী : (ক) হ্যাঁ, এ কথা সত্য যে, বাংলা গ্রাম সড়ক যোজন-২ এর অধীনে গ্রাম বাংলা পাকা রাস্তা নির্মাণের কাজ শুরু হতে চলেছে।

(খ) (১) বাংলার গ্রাম সড়ক যোজনা-২ এর অধীনে সারা রাজ্যে মোট ২৯৪টি রাস্তা তৈরি হবে যার মোট দৈর্ঘ্য ২৫২৭,০১ কিলোমিটার (দুই হাজার পাঁচ শত সাতাশ কিলোমিটার দশ মিটার)।

(২) বাংলার গ্রাম সড়ক যোজনা-২ এর নির্দেশিকা অনুযায়ী এই প্রকল্পে যে রাস্তাগুলি নির্মিত হবে সেগুলি অন্ততঃ দশ বছরের পুরানো এবং District Rural Road Plan (DRRP)-এর অন্তর্গত রাস্তাগুলির মধ্যে থেকে জেলা পরিষদ নির্বাচন

করে এবং রাস্তার তালিকা তৈরি করে। এই তালিকাটি State Level Standing Committee at অনুমোদিত হয়।

(৩) পশ্চিম মেদিনীপুর জেলায় মোট ১৯টি রাস্তা বাংলার গ্রাম সড়ক যোজনা-২ এর অধীনে অনুমোদিত হয়েছে যার দৈর্ঘ্য ১৬৯.৬৩ কিলোমিটার (এক শত উনসত্তর কিলোমিটার ছয় শত তিরিশ মিটার)।

[11:20 – 11:30 a.m.]

Smt. Gita Rani Bhunia : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রশ্ন, বাংলায় সড়ক যোজনায় পশ্চিম মেদিনীপুর জেলায় এবং সবং ব্লকে NPCC এবং NBCC দু'টি কেন্দ্রীয় সংস্থা রাস্তা নির্মাণের কাজ করেছেন। কিন্তু তাদের কাজের মান ভালো না। এই বিষয়ে আপনি কোনো পদক্ষেপ নেবেন কি?

Shri Subrata Mukherjee : আমরা অন্যতম যতগুলো রাস্তা তৈরি করেছি মেদিনীপুর তার মধ্যে অন্যতম কারণ প্রথম আমরা যখন কাজ শুরু করি তখন BRGF-এর সুযোগ আমরা পেয়েছিলাম ঐখানে। এবং তার ফলে যত demand ই হোক সেই demand-গুলোকে পূরণ করার সুযোগ BRGF এর মাধ্যমে আমরা পেয়েছি। এখনও আমরা যেক'টা জেলায় সর্বাধিক করেছি তার মধ্যে আপনাদের জেলা অন্যতম প্রধান। আপনাদের পশ্চিম মেদিনীপুরেও আপনারা যত কাজ এখন চেয়েছেন সবই NBCC এবং NPCC থেকে বর্তমানে কাজ দেওয়া হচ্ছে না। BG-2 তে তারা নেই। তবে এটা ঠিক একটা সময় আপনার জানা উচিৎ যে, আপনাদের জেলায় যখন কাজ শুরু করি আমরা তখন কাজের লোক পাচ্ছিলাম না। আর জেলা পরিষদ ছিল সব অন্য রাজনৈতিক দলের। ফলে তারা কিছুতেই আমাদের কাছে coordinator থেকে পাশ করিয়ে দিচ্ছিল না। অথবা যেখানে RIDF-এর কাজ করা দরকার, করছিল না। তখন এখানে আপনাদের জেলায় বিশেষ করে কোনো রকম কেউ contractor আসছিল না। বহু জায়গায় দুর্বৃত্ত জায়গায় রাস্তা তৈরি করতেও আমরা লোক পাচ্ছিলাম না। আমরা বাধ্য হয়ে NBCC এবং NPCC থেকে আবেদন করি। সাধারণভাবে এই দু'টি সংস্থা যেখানে কাজ করে সেখানে সমস্ত রাজ্যের কাজ করে। তারা বিচ্ছিন্নভাবে একটি জেলা বা দু'টি জেলার কাজ করে না। আমাদের বিশেষ অনুরোধে মুখ্যমন্ত্রী নিজের সময়ে হস্তক্ষেপ করে এই NBCC এবং NPCC-কে রাজি করান এবং তারা কাজ করাতে বাকি contractor-রা পরবর্তীকালে ব্যাপকভাবে নেমে পড়ে। সুতরাং, এদের গুণগত মানে যদি কোনো জায়গায় কোনো সন্দেহ থাকে তাহলে আমরা কোনো compromise করবো না। নির্দিষ্ট করে বলবেন আমরা ব্যবস্থা নেব। তবে একটা সময় ছিল যখন তারা প্রচুর আমাদের সাহায্য করেছিল। আমরা কিন্তু কেউ কারোর কাছে রাস্তার গুণগত মান নিয়ে কারও কাছে আপোষ করার সেই অবস্থায় নেই। আমাদের অনেক ভালো contractor আছে এবং তাদের দিয়ে আমরা কাজ করাতে পারব। যদি আপনাদের জেলায় এরকম কোনো নির্দিষ্ট রাস্তায় খারাপ কাজের সম্বল দেখেন আপনি, আপনি আমার দৃষ্টি আকর্ষণ করবেন, আমার দপ্তর careful হবে।

Smt. Gita Rani Bhunia : পশ্চিম মেদিনীপুরের গ্রামীণ রাস্তা নির্মাণের জন্য তিন-চারবার করে টেন্ডার অর্ডার সত্ত্বেও কাজের অর্ডার ফাইনাল হচ্ছে না। আপনি এই বিষয়টি দেখবেন কি?

শ্রী সুব্রত মুখার্জী : অনেক সময় এই রকম ক্রিটিকাল হয় কনস্ট্রাকশানের ক্ষেত্রে। শুধু আপনাদের না বহু জায়গায় এই রকম পরিস্থিতি হয়। তবে আপনি নির্দিষ্ট করে যদি বলেন যে কোন জায়গায় এই বট্‌ল্‌নেক তৈরি হচ্ছে তাহলে আমরা ইমিডিয়েটলি অ্যাকশন নেব।

শ্রীমতী মিতালী রায় : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার একটি অতিরিক্ত প্রশ্ন। ১০০ দিনের কাজে নতুন করে পুকুর কাটা হলেও পুরনো অনেক পুকুর আছে যেগুলো নভেম্বর-জানুয়ারি-ফেব্রুয়ারির মধ্যেই শুকিয়ে যায়। অনেক মানুষ আছেন যাঁরা অর্থের অভাবে এই পুকুরগুলো সংস্কার করতে পারেন না। ১০০ দিনের কাজের মধ্যে দিয়ে কি ঐ পুকুরগুলো খনন করার কোন পরিকল্পনা আপনার দপ্তরের আছে ?

শ্রী সুব্রত মুখার্জী : এ ব্যাপারে তো প্রশ্ন হয়ে গেছে। তবে আপনি নির্দিষ্ট করে পুকুরের কথা বললেন আমি চেষ্টা করবো সংস্কার করার।

শ্রী সমরেশ দাস : মাননীয় স্পিকার মহোদয় আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে জিজ্ঞাস্য, PMGSY-2 পরিকল্পনায় পূর্ব-মেদিনীপুর জেলার এগরা-১ নম্বর ও ২ নম্বর ব্লকে কোন রাস্তার পরিকল্পনা আছে কি ?

শ্রী সুব্রত মুখার্জী : রাস্তার পরিকল্পনা তো প্রত্যেকটাতে আছে। মেদিনীপুর অন্যতম বড় জেলা এবং সেখানে আমরা বিস্তর রাস্তা করেছি। সমস্তটা পড়তে গেলে অনেক টাইম লেগে যাবে। আপনি যদি আমার অফিসে আসেন তাহলে আমি দেখে বলে দিতে পারি।

শ্রী হিতেন বর্মন : মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন। বাংলার গ্রাম সড়ক যোজনায় যে রাস্তাগুলো হচ্ছে, ধরুন, একটা রাস্তা ৬ কিলোমিটার কিন্তু স্যাংশান হল ৩ কিলোমিটার এবং তার কাজ হয়ে গেল।বাকি ৩ কিলোমিটার কিন্তু আর কোনদিন হচ্ছে না। ২-৪-৫ বছর পড়ে থাকছে। এতে এলাকার মানুষের খুব অসুবিধা হচ্ছে। ঐ রাস্তাগুলো কমপ্লিট করার জন্য কোন পরিকল্পনা নেওয়া যায় কিনা দেখা দরকার।

শ্রী সুব্রত মুখার্জী : অনেক সমস্যা না থাকলে আমরা ঐ রকম আধখানা করে করি না। কোন সময় রাস্তাটা উঁচু হয়, থাকে না, কোন সময় মামলা-মোকদ্দমা থাকে। এই রকম পরিস্থিতিতে আধখানা করতে হয়। তবে আমরা সাধারণভাবে চেষ্টা করি পুরো রাস্তা করবার। কিন্তু টেকনিক্যাল কারণে কোন কোন জায়গায় অর্ধেক করা হয়েছে। আপনার এলাকায় যদি এই রকম নির্দিষ্ট রাস্তা থাকে তাহলে আমি বলে দিতে পারবো কী কী সমস্যার সম্মুখীন আমরা হয়েছি। তবে আমাদের সাধারণ নিয়ম হল রাস্তা স্যাংশান হলে পুরো রাস্তাই স্যাংশান করি আমরা।

কুচবিহার জেলায় বিদ্যুতের বকেয়া বিল

*২০। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৮) **শ্রী নগেন্দ্র নাথ রায় :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কুচবিহার জেলায় ২০১৯ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত মোট কত পরিমাণ বিদ্যুৎ-এর বিল বাকি আছে;

(খ) বিল বকেয়া থাকার কারণ কী?

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় স্পীকার মহোদয়, মাননীয় সদস্য শ্রী নগেন্দ্র নাথ রায় প্রশ্ন করেছেন—

(ক) কুচবিহার জেলায় ২০১৯ সনের ৩১শে ডিসেম্বর পর্যন্ত মোট ১৩৬.৬৮ কোটি টাকার বিদ্যুৎ বিল বাকি আছে।

(খ) বিল বকেয়া থাকার কারণ হল, ২,৭৯,৪২১ সংখ্যক গ্রাহক নিয়মিত ভাবে বিদ্যুৎ বিল না দেওয়ার ফলে এই পরিমাণ বিল বাকি রয়েছে।

শ্রী নগেন্দ্র নাথ রায় : স্যার, এখানে যে বকেয়া বিলের কথা বলা হয়েছে তাতে আমার মনে হয় যে 'গ্রেটার কোচবিহার পিপল্স্ অ্যাসোসিয়েশান' -এর সদস্যরা বিল দিচ্ছেন না। মন্ত্রী মহাশয়ের কাছে আমার জিজ্ঞাস্য, এই 'গ্রেটার কোচবিহার পিপল্স্ অ্যাসোসিয়েশান'এর সদস্যদের কত টাকার বিল বাকি আছে ?

[11:30 – 11:40 a.m.]

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : এইভাবে আলাদা করে তো জানানো সম্ভব হয় না। কারা কারা গ্রেটার কোচবিহার, কারা গ্রেটার কোচবিহার নয় - আমি এভাবে বলতে পারবো না। আমি আপনাদেরকে এভাবে বলতে পারি ২ লক্ষ ৭৯ হাজার ৪২১ জনের কাছে যে মোট বকেয়া তার পরিমাণ ৯৬ কোটি ৮৩ লক্ষ। আর যাদের লাইন কেটে দেওয়া হয়েছে কিন্তু টাকা পাইনি আমরা, সেটা হচ্ছে ৫৯ হাজার ৪৪৪ জন। কিন্তু এর মধ্যে কে গ্রেটার কোচবিহার, কে গ্রেটার কোচবিহার নয় এইভাবে আইডেন্টিফাই করা অন্তত রাজ্য সরকারের পক্ষে সম্ভব না।

শ্রী নগেন্দ্রনাথ রায় : স্যার, আমার দ্বিতীয় অতিরিক্ত প্রশ্ন করার আগে আমি মন্ত্রী মহোদয়ের কাছে একটা আবেদন রাখবো, আমার এলাকায় খাগড়াবাড়ি সেক্টরে উত্তর খাগড়াবাড়ির দলেন দাস তার গত ২০১২ থেকে আজ পর্যন্ত ৭০ হাজার ৪০০ টাকার বিল বকেয়া আছে। তবে মাঝখানে মিটার নষ্ট হয়েছিল। আপনি এটা দেখবেন এটা আমার অনুরোধ। আর দিল্লির আপ সরকার ২০০ ইউনিট পর্যন্ত ছাড় দিয়েছে। আর আমাদের পশ্চিমবঙ্গে ৩০০ ইউনিট পর্যন্ত ছাড় দেওয়ার পরিকল্পনা আছে কিনা জানাবেন?

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : আজকে একটা জিনিস সত্যি শুনে ভাল লাগছে এই মুহূর্তে বিদ্যুৎ দপ্তর সম্পর্কিত খুব একটা নেগেটিভ প্রশ্ন বাংলার মানুষের থাকার কথা নয় কারণ ৯৯.৯৯

পার্সেন্ট মানুষকে আমরা বিদ্যুৎ পৌঁছে দিতে পেরেছি যেটা ২০১১ সাল পর্যন্ত ছিল ৮৬ লক্ষ অর্থাৎ আট বছরে - পশ্চিম বাংলায় প্রথম যেদিন বিদ্যুৎ এসেছিল সেদিন থেকে ২০১১ পর্যন্ত ছিল ৮৬ লক্ষ। আর আজকে আমরা ১ কোটি ৯৫ লক্ষ মানুষের কাছে বিদ্যুৎ পৌঁছে দিতে পেরেছি। এখানে আমাদের মুখ্যমন্ত্রী বার বার বলেছেন বিশেষ ক্ষমতা প্রয়োগ করে অর্থাৎ মানুষের ওপর পুলিশ দিয়ে মেরে ধরে গুলি চালিয়ে এইভাবে বিদ্যুতের বিল আদায় করবো না। আমরা চেষ্টা করছি পরিষেবা বাড়ানোর জন্য যাতে করে তাদেরকে বোঝাতে পারি যে কত সহজে আপনাদেরকে বিদ্যুতের লাইন পোঁছে দেব। আপনারা সব বিদ্যুতের দাম দিন এভাবে আমরা বোঝানোর চেষ্টা করছি। আর আপনি যেটা বললেন, আপনি দেখেছেন এবারের বাজেটে অমিত মিত্র মহাশয় ৭৫ ইউনিট পর্যন্ত অর্থাৎ তিন মাসের বিল ৭৫ ইউনিট পর্যন্ত হলে তাদের টাকা দিতে হবে না। ...(গোলমাল)...আমাদের রাজ্য সরকার গরিব মানুষের কথা ভেবে এ বছরে যে নতুন প্রজেক্ট নিয়েছে তাতে করে ৩৫ লক্ষ মানুষ এর দ্বারা উপকৃত হবে। আমরা অ্যাসেসমেন্ট করেই এই সিদ্ধান্ত নিয়েছি। ৩৫ লক্ষ মানুষ এর দ্বারা উপকৃত হবে। আপনি বললে কোন লাভ নেই। আমাদের দপ্তর থেকে অ্যাসেসমেন্ট করে রাজ্য সরকারকে জানাই, তার ভিত্তিতে এই সিদ্ধান্ত হয়েছে। আপনি যে বলছেন কারো লাভ হবে না- ৩৫ লক্ষ মানুষের উপকার হবে। তার জন্য ১০০ কোটি টাকা লাগবে রাজ্য সরকারের ভর্তুকি দিতে।

শ্রী পুলিন বিহারী রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন করছি। মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয় অবগত আছেন যে আমরা পশ্চিমবঙ্গে ইতিমধ্যে রাজ্যপালের বাজেট ভাষণে বলেছেন ৯৯.৯% লোকের গৃহে গৃহে বিদ্যুৎ পৌঁছে দিচ্ছি। আমার প্রশ্ন হচ্ছে, অনেক বাড়িতে মিটার নেই অথচ বিদ্যুৎ আছে। সেখানে হুকিং করে বহু জায়গায় বিদ্যুৎ চুরি করা হচ্ছে। তার প্রতিরোধের জন্য আমাদের কি পরিকল্পনা আছে যদি মন্ত্রী মহোদয় বলেন তাহলে আমাদের বিদ্যুৎ দপ্তরেরও সুবিধা হবে, আর আমাদের সরকারের রাজস্বও বাড়বে।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : এটা একটা সামাজিক সমস্যা। এই সমস্যা অনেকটা তৈরি করে রেখে গেছেন বামফ্রন্ট সরকার। চেঁচাবার কোনো কারণ নেই, বুঝিয়ে বলছি। সেই সময় বামফ্রন্টের আমলে 'লোকদ্বীপ' প্রকল্প বলে একটা প্রকল্প ছিল যাতে একটি আলো জ্বালাবার প্রভিশান ছিল। তখন ভোটের জন্য বলেছিলেন, এই বিদ্যুতের দাম দিতে হবে না। ফলে বাংলার একটা বিস্তীর্ণ অঞ্চলে এই 'লোকদ্বীপ' প্রকল্পে যারা বিদ্যুৎ নিয়েছিল তারা বাড়িতে একটা আলো নয়, অনেক কিছু জ্বালাচ্ছেন, কিন্তু তাঁদের বক্তব্য হচ্ছে আমাদের সরকার বলে দিয়ে গেছে, আমরা বিদ্যুৎ দেবো না। আমরা কোথায়ও বলপ্রয়োগ করছি না।

দুই, এ ছাড়াও কিছু মানুষ উৎসাহিত হচ্ছে, অনেক মানুষ বিদ্যুতের দাম দিচ্ছে। তার পাশে কিছু মানুষ বিদ্যুতের দাম দিচ্ছে না। এর ফলে যে লোকটা বিদ্যুতের দাম দিচ্ছে, সে বলছে আমি বিদ্যুতের দাম দিচ্ছি, আর পাশের লোকটা বিদ্যুতের দাম দিচ্ছে না। আমরা দুজনে বিদ্যুৎ এনজয়

করছি। এটা একটা প্রভাব পড়ছে। আমরা তার জন্য যে ব্যবস্থা নিচ্ছি সেটা আপনাদের বলি। একটা তো পরিষেবার ব্যাপার চলছে, মানুষকে বোঝানোর চেষ্টা চলছে। মাঝে মাঝে আমাদের ডিপার্টমেন্টের অফিসাররা গিয়ে চেঁচামেচি, জোরজবরদস্তিও করছে কেন আপনারা বিদ্যুতের দাম দিচ্ছেন না। কিন্তু যেটা হচ্ছে না বলে আমরা একটা বৈজ্ঞানিক ভিত্তি নিয়েছি এর উপরে সেই বৈজ্ঞানিক ভিত্তি হল, আমরা এ.টি. কেবল্‌স্ ব্যবহার করছি নর্মালি আপনারা জানবেন যত বিদ্যুতের তার আছে বাংলায় তার অধিকাংশ তারই ডেয়ার ব্যান্ড তার। এটা ডাইরেক্ট তার, এর উপর কোনো কভার নেই। আমরা বার্জ কেব্‌ল্ ব্যবহার করছি যে কেব্‌ল্ ব্যবহার করলে সরাসরি হুকিং করা যাবে না। তার ফলও আমরা পেয়েছি। সেই ফলটা হচ্ছে বহু জায়গায় যাঁরা এতদিন হুকিং করে বিদ্যুৎ নিতেন তাঁরা ওই কেব্‌ল্ ব্যবহারের ফলে তাঁরা উৎসাহিত হচ্ছেন। এখন তো আর বিদ্যুৎ নেওয়া যাবে না। তাঁরা আমাদের কাছে আবেদন করছেন বিদ্যুতের জন্য। আমরা বিদ্যুতের তার সংযোগ দিচ্ছি।

শ্রীমতী প্রতিমা রজক : মাননীয় স্পিকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি আপনারা জানেন যে আমার কান্দি সাব-ডিভিশান কৃষি প্রধান এলাকা। এখানে ধান চাষ প্রচুর পরিমাণে হয়। আমার বিধানসভাতে এখন হচ্ছে। আপনি জানেন এই সিজনে টেম্পোরারি কানেকশান দেওয়া হয়। আগের বার ছিল ১৬ হাজার টাকা, এখন সেটা বেড়ে হয়েছে ২৪ হাজার ৬৬০ টাকা। এই যে টাকা নেওয়া হচ্ছে সেটার পরিমার অনেক বেশি। এটা কি রাজ্য সরকার ঠিক করে না বিদ্যুৎ দপ্তর ঠিক করে। যদি এটাকে একটু কমানো যেত তাহলে আমার মনে হয় ভাল হত। এই ব্যাপারে আপনি যদি কিছু বলেন।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : বিষয়টা হল কতটা লোড নেবে তার উপর ভিত্তি করে আমরা তো মানুষের কাছে অকারণে টাকা চাইতে পারি না। কতটা সে লোড নেবে, কতটা জমি সে চাষ করবে সেই লোডের উপরে বিদ্যুতের দাম নির্ধারণ করি। এ ক্ষেত্রে আপনি যেটা বলেছেন আমি নিশ্চিতভাবে রাজ্য সরকার নয়, দপ্তর ঠিক করে। WBSEDCL ঠিক করে কি হবে এবং সেটাও রেগুলেটরি কমিশন বিদ্যুতের দাম ধার্য করে দিয়েছে। একটা বেসিক কথা মনে রাখবেন, বিদ্যুৎ দপ্তরের কিন্তু দাম নির্ধারণ করার কোনো ক্ষমতা নেই। আমার কোনো ক্ষমতা নেই বিদ্যুতের দাম ধার্য করার। ইলেকট্রিসিটি রেগুলেটরি কমিশন আমাদের কাছ থেকে জানতে চায় আমার কি, কি খরচ অর্থাৎ আমরা কয়লা কত দিয়ে কিনছি, তেল কত দিয়ে কিনছি, ফ্রেইট চার্জ কত লাগছে, সেস কত দিচ্ছি এবং আমার এস্টাব্লিসমেন্ট কত লাগছে - এই টাকার হিসাব আমরা রেগুলেটরি কমিশনকে জানাই। এবার রেগুলেটরি কমিশন বলে দেয়, আপনি এই দাম নেবেন বিদ্যুতের। এতদ্‌সত্ত্বেও ২০১৬ সালের আগস্ট মাসের পর থেকে এর মধ্যে অনেক কিছুর দাম বেড়েছে।

[11:40 – 11:50 a.m.]

কিন্তু মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় আমাদেরকে নির্দেশ দিয়ে দিয়েছেন। ২০১৬ সালের আগস্ট মাসের পর থেকে এক পয়সাও বিদ্যুতের দাম আমরা বাড়াইনি।

শ্রী কল্লোল খাঁ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার জিজ্ঞাস্য - প্রথমেই ধন্যবাদ জানাই যে গরিব মানুষের সাবসিডি ৭৫ ইউনিট ফ্রি, এর জন্য মাননীয়া মুখ্যমন্ত্রী সহ মাননীয় বিদ্যুৎমন্ত্রীকে অভিনন্দন জানাই, গরিব মানুষদের এই সুযোগ দেওয়ার জন্য। আপনার কাছে অনুরোধ আর একটি যুগান্তকারী সিদ্ধান্ত যদি নেওয়া হয়, যেহেতু পশ্চিমবঙ্গ কৃষি প্রধান রাজ্য, সেই ক্ষেত্রে কৃষকদের বিদ্যুতের যে চাহিদা, তাতে কিছুটা ছাড় দেওয়ার কথা এই সরকার ভাবছেন কিনা। বিদ্যুতের বিলে কিছুটা ছাড় দিলে আর্থিক দিক থেকে কৃষকরা উপকৃত হবে। এই ব্যাপারে আপনার দপ্তর নতুন করে কোনো কিছু চিন্তা-ভাবনা করছেন কিনা জানালে ভাল হয়।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : এগজাক্ট তথ্যটা যতটা মনে আছে সেটা আমি বলছি। এই বিদ্যুৎ সংক্রান্ত চাষিদের সুযোগ দেওয়ার জন্য আমরা একটা সিদ্ধান্ত করেছিলাম। যদি কেউ রাতের বেলা বিদ্যুৎ নেন, তাহলে তার দাম পড়বে মাত্র ২ টাকা সামথিং। কিন্তু যেটা পিক আওয়ার্স সকাল ৬ টা থেকে বিকেল ৫টা, এই সময় যদি কেউ বিদ্যুৎ নেন, তাহলে তার দাম বেশি পড়বে ৭ টাকা সামথিং। স্বাভাবিকভাবেই আমরা উৎসাহ দিতে চেয়েছিলাম যে সবচেয়ে নিম্ন ভারতবর্ষের কোথাও নেই এত কম পয়সায় কৃষিতে বিদ্যুৎ দেওয়ার। ২ টাকা ৪৮ পয়সার মত আমরা ধার্য করেছিলাম। কৃষকদের যাতে সাহায্য করা যায় তার চেষ্টা আমরা করব। এই জন্যই সর্বনিম্ন রেটে আমরা বিদ্যুতের দাম নির্ধারণ করেছিলাম।

শ্রী কমলেশ চ্যাটার্জী : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন - আপনি ৭৫ ইউনিট ছাড় করলেন, কিন্তু এখানে যাঁরা সদস্য আছেন তাঁরা চাইছেন যে যারা কৃষির জন্য সাবমার্সিব্ল্ চালাচ্ছে, তাদের ছাড় করার জন্য, সেটাও আপনি শুনলেন। আমার প্রশ্ন হচ্ছে, আমাদের দীর্ঘদিনের দাবি যে মাসে মাসে বিদ্যুতের যে বিল হচ্ছে, সেই ইউনিটটা যদি মাসে মাসে আপনি দয়া করে নেন, এই ব্যাপারে আপনার দপ্তর কি ভাবছে সেটা যদি বলেন তাহলে ভাল হয়।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : প্রথমত আপনাকে জানাই মাসে মাসে বিদ্যুতের বিল দিলে দাম বেশি পড়বে। আর তিন মাস অন্তর দেওয়ার জন্য কি কি সুবিধা পাচ্ছেন, প্রথমত আপনারা যে হিসাবটা করেন, সেই হিসাবটা একেবারেই ভুল। আমরা যখন বিদ্যুতের বিলটা নিই, তার প্রত্যেকটি স্ল্যাবে একটি করে সাবসিডি আছে। সেই সাবসিডিটা আপনারা দিচ্ছেন না। আপনারা কি করছেন, তিন মাসটাকে একেবারে তিন দিয়ে ভাগ করে দিচ্ছেন। যে কোনো ব্যক্তি এখানে যাঁরা আছেন,তাঁদের প্রত্যেককে আমি বলছি, আমি ঘরে অফিসারকে বসিয়ে রেখেছি। যদি কারুর মনে কোনো প্রশ্ন থাকে, আমি প্রমাণ করে দিতে পারি আপনাদের কাছে তিন মাসের বিল একসঙ্গে দেওয়ার জন্য আপনাদের কি লাভ হচ্ছে। আপনি জানুয়ারী মাসের যে বিলটা জুন মাসে দিতে পারছেন। ৬ মাস সময় পাচ্ছেন একটা বিল দেওয়ার জন্য। তিন মাস পরে দিতে পারছেন, অর্থাৎ জানুয়ারী-ফেব্রুয়ারী-মার্চটা আপনি এপ্রিল-মে-জুন মাসে দিতে পারছেন, এপ্রিলেও দিতে পারেন, মে তেও দিতে পারেন, জুন মাসেও দিতে পারেন। আর এটাও আমি আপনাদের দেখিয়ে দেব যে স্ল্যাবে পড়ার জন্য, মাসে মাসে বিল না দেওয়ার জন্য আপনাদের কতটা পরিমাণ লাভ

হচ্ছে, এটাও দেখিয়ে দেব। অনেকেই বলেন CESC দিচ্ছে, আপনারা দিতে পারেন না কেন। কেন পারিনা সেটা আপনাদের বলি। তিনমাসে বিল নেওয়ার জন্য আমাদের যা এস্টাব্লিশমেন্ট কস্ট পড়ে, সেটা দশগুণ বেড়ে যাবে। আর সেই দশগুণ বাড়ার জন্য সেই টাকার যেটা খরচ করা হবে, সেটা কিন্তু বিদ্যুতের বিলে যুক্ত হয়ে যাবে, সেটা মানুষের পক্ষে কল্যাণকর হবে না, বরং যে সিস্টেমে আমরা এখন নিচ্ছি তাতে আপনারা অনেকটা বেশি লাভবান হচ্ছেন।

*** প্রশ্ন নম্বর ২১ (অ্যাবসেন্ট)।**

*** প্রশ্ন নম্বর ২২**

মিঃ স্পীকার : পার্থবাবু আসতে পারেন নি। একটু আগে ফোন করে আমাদের চিফ হুইপকে বলেছেন। একটা খুব জরুরি কাজে উনি আটকে গেছেন। আপনারটা হেল্ড ওভার রাখা রইল।

গঙ্গাসাগরে সোলার পাওয়ার প্ল্যান্ট স্থাপন

*২৩। (অনুমোদিত প্রশ্ন নং *১০৫) **শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা :** অচিরাচরিত ও পুনর্নবীকরণযোগ্য শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) গঙ্গাসাগর মেলামাঠে ১ মেগাওয়াট গ্রিড কানেকটেড সোলার পাওয়ার প্ল্যান্ট স্থাপনের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা;

(খ) থাকলে, উক্ত প্ল্যান্টের জন্যে কত টাকা অনুমোদন করা হয়েছে; এবং

(গ) কবে নাগাদ ওই পাওয়ার প্ল্যান্টের কাজ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

শ্রী সুব্রত মুখার্জী : (ক) হ্যাঁ। তদানীন্তন বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তির উৎস দপ্তর গঙ্গাসাগর মেলামাঠে ১ মেগাওয়াট গ্রীড কানেক্টেড সোলার পাওয়ার প্ল্যান্ট স্থাপনের প্রকল্প অনুমোদন করেন। অনুমোদন নং - 04(Sanc) - PO/P/C-II/1B-02/2018 Dt. 19.04.2018.

(খ) প্রকল্পের জন্য অনুমোদিত অর্থের পরিমাণ টাকা ৬,২৯,৬৩,৬৯৭/- (ছয় কোটি উনত্রিশ লক্ষ তেষট্টি হাজার ছয় শত সাতানব্বই টাকা)। অনুমোদন নং - 04(Sanc) - PO/P/C-II/1B-I 02/2018 Dt. 19.04.2018.

(গ) এই প্রকল্পটি বাস্তবায়নের জন্য ২০১৮ সালে, টেন্ডার করে, নিউক্লিয়াস এনার্জি প্রাইভেট লিমিটেড বলে একটি সংস্থাকে বরাত দেওয়া হয়। নথির নং - ওয়েবরেড/১২(২০১৮)/৮৮৮ তারিখ - ১৬.১১.২০১৮। ওই সংস্থাটি সৌর মডিউলের টেস্টিং, মডিউলের মাউন্টিং স্ট্রাকচারের টেস্টিং, মাটি পরীক্ষার কাজ সম্পন্ন করে। কিন্তু প্রকল্পটি সম্পূর্ণ করতে ব্যর্থ হয়। ০৩.০৯.২০১৯ - ওই সংস্থাটির বরাত বাতিল করে দেওয়া হয়। কাজটি করবার জন্য, নতুন করে টেন্ডারের নথি তৈরি করা হয়েছে। আশা করা যায় প্রকল্পটি ২০২০ -২১ আর্থিক বর্ষে বাস্তবায়িত হবে।

শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন যে আমাদের সুন্দরবন এলাকায় সমস্ত গ্রাম পঞ্চায়েতে বিদ্যুৎ আছে। মাননীয় মন্ত্রী মহাশয় ভাল করেই জানেন যে ঘোড়ামারার দিকে বিদ্যুৎ যায়নি, যাওয়া সম্ভব নয়। ওখানে তৎকালীন পাওয়ার পয়েন্ট থেকে পাওয়ার প্যানেল বসানোর কথা ছিল। তার জন্য জায়গা নির্ধারিত হয়েছিল। স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন ঘোড়ামারার দিকে সোলার প্যানেল বসানোর কোনো পরিকল্পনা আমাদের রাজ্য সরকারের আছে কি না জানাবেন।

শ্রী সুব্রত মুখার্জী : এখনও পর্যন্ত কোনো পরিকল্পনা হয়নি। তবে আপনি যদি লিখিত দেন আমি নিশ্চয়ই দেখব সেটা।

'আনন্দধারা' প্রকল্পে স্বনির্ভর গোষ্ঠী

*২৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৯) **শ্রী সমীর কুমার জানা :** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে এন.আর.এল.এম.-এর অধীনে 'আনন্দধারা' প্রকল্পে গ্রামীণ স্তরে মোট কতগুলি স্বনির্ভর গোষ্ঠী তৈরি হয়েছে; এবং

(খ) স্বনির্ভর গোষ্ঠীগুলিকে শক্তিশালী করার উদ্দেশ্যে সরকার কী কী উদ্যোগ নিয়েছে?

শ্রী সুব্রত মুখার্জী : ক) আনন্দধারা প্রকল্পে গ্রামীণ স্তরে মোট ৮,৩০,০০০ (আট লক্ষ তিরিশ হাজার) টি স্বনির্ভর গোষ্ঠী তৈরী হয়েছে।

খ) আনন্দধারার অন্তর্গত স্বনির্ভর গোষ্ঠীগুলিকে সশক্তিকরণের জন্য বিভিন্ন ধরনের উদ্যোগ গৃহীত হয়েছে, যেমন -

১) দল পরিচালনার প্রাথমিক প্রশিক্ষণ, হিসাবরক্ষণের প্রশিক্ষণ, দক্ষতা নির্ভর প্রশিক্ষণ, ঋণের সঠিক ব্যবহারের প্রশিক্ষণ প্রদান।

২) স্বনির্ভর গোষ্ঠীর সদস্যদের জীবন জীবিকার উন্নয়নের জন্য ব্যাঙ্ক ঋণের ব্যবস্থা করা।

৩) আবর্তনীয় তহবিল প্রদান।

৪) কৃষি ও অকৃষিজ জীবিকার সাথে যুক্ত স্বনির্ভর দলের সদস্যদের জীবিকার মান উন্নয়ন।

৫) স্বনির্ভর দলের সদস্যদের তৈরি পণ্য বিক্রয়ের জন্য বিভিন্ন বাজারের সাথে সংযুক্তিকরণ ও ব্লক স্তরে কর্মতীর্থ ও রাজ্য স্তরে সৃষ্টিশী প্রতিষ্ঠা করা।

শ্রী সমীর কুমার জানা : মাননীয় অধ্যক্ষ মহোদয় মাননীয় মন্ত্রী মহোদয় স্বনির্ভর গোষ্ঠী গুলিকে শক্তিশালী করার উদ্দেশ্যে সরকার কি কি উদ্যোগ নিয়েছেন তাতে বিভিন্নভাবে ব্যাখ্যা দিয়েছেন। কীভাবে তাদের প্রশিক্ষণ দেওয়া হয় এবং দক্ষতার সঙ্গে তারা কাজকর্ম করতে পারে?

একই সঙ্গে সংযুক্তিকরণ হয়েছে যে, বিভিন্ন ব্লকে এই কর্মতীর্থ তৈরি হচ্ছে। এই আনন্দধারা গোষ্ঠীর অন্তর্গত স্বনির্ভর গোষ্ঠী রয়েছে। তারা যে জিনিসপত্রগুলি তৈরি করছে সেটা কর্মতীর্থে ব্যবসা বাণিজ্য করবার জন্য নিয়ে আসছে। কিন্তু যেগুলি ওখানে তৈরি করা হচ্ছে সেগুলি রাজ্য স্তরে বিক্রি করার ক্ষেত্রে কর্মতীর্থ থেকে আমাদের রাজ্য স্তরে কীভাবে সংযোগ হবে? যার ফলে তারা তৈরি করা জিনিসপত্রগুলির ভাল দাম পেয়ে নিজেদের কাজে অগ্রণী ভূমিকা নিতে পারে, মাননীয় মন্ত্রী মহোদয় যদি দয়া করে বলেন। কর্মতীর্থগুলি আমাদের ওখানেই হচ্ছে কিন্তু মালপত্র গুলি বিক্রি করার ক্ষেত্রে সরকারী লেভেলে রাজ্যস্তর পর্যন্ত যাতে পৌঁছানো যায় তার জন্য কি কর্মতীর্থ ডাইরেক্ট কাজ করবে নাকি এখান থেকে কোন সংযোগ তৈরি করা যাবে?

শ্রী সুব্রত মুখার্জী : এটা একদম সরাসরি আমরা নিয়ে তার বাজারের ব্যবস্থা করি। কখনও সরকারী, কখনও বেসরকারী।

***প্রশ্ন নম্বর - ২৫**

(নট কল্ড্)

[11:50 – 12:00 Noon]

পুরসভাগুলিকে পরিবেশবান্ধব করার পরিকল্পনা

*২৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৭) **শ্রী জ্যোতির্ময় কর :** নগরোন্নয়ন ও পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের পুরসভাগুলিকে পরিবেশবান্ধব করে তুলতে সরকার অঙ্গীকারবদ্ধ;

(খ) সত্যি হলে, এ বিষয়ে সরকার কী কী ব্যবস্থা নিয়েছে; এবং

(গ) কতগুলি পৌরসভাকে এ ব্যাপারে অনুদান দেওয়া হয়েছে?

শ্রী ফিরহাদ হাকিম : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য শ্রী জ্যোতির্ময় কর মহাশয় প্রশ্ন করেছেন যে এটা কি সত্যি, রাজ্যের পুরসভাগুলিকে পরিবেশবান্ধব করে তুলতে সরকার অঙ্গীকারবদ্ধ এবং সত্যি হলে এই বিষয়ে সরকার কি কি পদক্ষেপ নিয়েছেন। আমি স্যার আপনাকে বলতে চাই যে, সরকার অত্যন্ত সিরিয়াস যে শহরাঞ্চলগুলোকে পরিবেশবান্ধব করে তোলার জন্য অঙ্গীকারবদ্ধ এবং খুব সিরিয়াসলি এটা নিচ্ছে। তার কারণ আমাদের শহরাঞ্চলে আপনারা দেখেছেন - দিল্লি দেখে আমাদের শিক্ষা হয়েছে যে কীভাবে এয়ার পলিউশান লেভেলটা বেড়ে গিয়েছে। মানুষ প্রশ্বাস নিতে পারে না। বিগত দিনে অনেক পুকুর বুজিয়ে - আগের সরকারের সময় পুকুর বুজিয়ে বাড়ি করেছে, গাছ কেটে দেওয়া হয়েছে। এইখানে অত্যন্ত সিরিয়াসলি - অত্যন্ত সিরিয়াসলি এগুলোকে আমরা বন্ধ করেছি এবং গ্রীনারী একটা মাস্ট করেছি স্যার। আপনি নিশ্চিত দেখেছেন, যে জায়গাটা রাজারহাটে বিক্রি করে দেওয়া হয়েছিল

প্রোমোটারকে সেই জায়গাটা উদ্ধার করে ৪৮০ একরের মধ্যে মুখ্যমন্ত্রী নিজেরই উদ্যোগে প্রকৃত তীর্থ করেছেন। আমি স্পিকার সাহেবকে অনেক বার বলেছি যে, মাননীয় বিধায়কদের নিয়ে গিয়ে আমি দেখাতে চাই এই প্রকৃত তীর্থ। তার কারণ ভিক্টোরিয়ার পরে যে সৃষ্টি কলকাতার কাছে, সেটা হচ্ছে এই প্রকৃত তীর্থ। এটা বাংলার মানুষের কাছে একটা প্রকৃতি তীর্থ। এটা বাংলার মানুষের কাছে একটা উপহার মুখ্যমন্ত্রীর তরফ থেকে। এই ব্যাপারে জানাই স্যার, যে গ্রীন সিটি প্রকল্পের মাধ্যমে আমরা পরিবেশকে নিয়ন্ত্রণ করবার জন্য, আমরা কার্বন কমাবার জন্য পৌরসভাগুলিতে এল.ই.ডি. লাইটের প্রকল্প অলরেডি চালু করেছি এবং বেশিরভাগই পৌরসভায় আমরা এই এল.ই.ডি ফিকেশান করছি। আমরা এয়ার কোয়ালিটি মনিটরিং সিস্টেম - বিভিন্ন জায়গায় যেখানে গাড়ির বা পলিউশান লেভেল বেশি হয়, সেখানে আমরা এয়ার কোয়ালিটি মনিটরিং সিস্টেম লাগিয়েছি। সুব্রত মুখার্জী সাহেবের সহযোগিতায় সোলার প্যানেল প্রকল্প - আমরা বড় বাড়ি গ্রীন বিল্ডিং হলে সোলার প্যানেল প্রকল্পটাকে মাস্ট করেছি। আমাদের যে জলাশয়গুলো রয়েছে, এই জলাশয়গুলোকে পরিষ্কার করা যেটাকে বায়োরেমিডিয়েশন বলে, মানে গাছপালা দিয়ে এগুলোকে পরিষ্কার করা, পার্ক সৌন্দর্য ইত্যাদি করে আমরা চেষ্টা করছি যাতে আমাদের এয়ার কোয়ালিটি পলিউশানকে ঠিক রাখা যায়। এটার উপলব্ধি ওনারা আগে করতে পারেননি স্যার। এটার উপলব্ধি করতে পারেননি। আমি বিরাট বড় বাড়ি করলাম, অনেক টাকা রোজগার করলাম, কার জন্য করছি ? আমার শিশুর জন্য করছি, আমার বাচ্চার জন্য করছি। কিন্তু যদি আমার বাচ্চাটাই অসুস্থ হয়, যদি ইনহেলার নিয়ে বাঁচতে হয়, তাহলে সেই বাচ্চাটাই বলবে যে - বাবা, ফ্ল্যাটটা নাই দিয়ে গেলে, আমাকে এতগুলো টাকা নাই দিয়ে গেলে, একটু সুস্থ পরিবেশ দিলে আমি ভালভাবে বাঁচতে পারতাম। সেই কাজটা করার জন্য আমাদের সরকার অঙ্গীকারবদ্ধ। এখানে উনি স্যার জিজ্ঞেস করেছেন যে কতগুলো পৌরসভাকে আমরা এই গ্রিনসিটি প্রকল্পের আন্ডারে এনেছি। তার উত্তরে বলি যে, ১১০টা পৌরসভাকে আমরা গ্রিনিসিটি প্রকল্পের আন্ডারে এনেছি এবং সব কটা কর্পোরেশানকে গ্রিনসিটির প্রকল্পের আন্ডারে এনেছি।

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় অধ্যক্ষের মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি। আমার অতিরিক্ত প্রশ্ন স্যার, সেন্ট্রাল গভর্ণমেন্টের গ্রিনসিটির কনসেপ্ট আর স্টেট গভর্ণমেন্ট - আমাদের মুখ্যমন্ত্রীর এবং আপনার যে গ্রিনসিটির কনসেপ্ট এর একটা ডিফারেন্স আছে। ওটা ছিল কমার্শিয়াল, আমরা হচ্ছি কমিউনিটি বেসড্। এই ডিফারেন্সটা যদি হাউসে একটু বলেন ভাল হয়।

শ্রী ফিরহাদ হাকিম : সেন্টাল গভর্ণমেন্ট যেটা এনেছিল সেটা হচ্ছে স্মার্ট সিটি। স্মার্ট সিটি অর্থাৎ সেখানে আমাদের কম্পিউটারাইজড্ করে দিয়ে কোথায় আমাদের ওয়াটার লিকেজ আছে, কোথায় আমাদের ড্রেনেজ লিকেজ আছে, আমাদের ওপর থেকে জি.এস.ই. করে দিয়ে আমাদের কন্ট্রোলিংটা কীভাবে হচ্ছে, কত বাড়ি হচ্ছে এবং বায়োমেট্রিক করে দিয়ে এই স্মার্ট সিটির প্রকল্প করেছিল।

করে কয়েকটা শহর, ধরুন আমার পশ্চিমবঙ্গে দুর্গাপুর, সল্টলেক আর কলকাতার একটা অংশ এইটা আমাদের smart city প্রকল্পে ছিল, যেখানে আমাদের পুরো বাজেটটা দিয়ে দিতে হত। কিন্তু মুখ্যমন্ত্রী বলেছেন না, আমাদের সব সিটিকেই অগ্রাধিকার দিতে হবে। আমি শুধু কলকাতাকে দেখাব আর বহরমপুরকে বঞ্চিত করব, সেটা হতে পারে না। আমাদের সবকটা প্রকল্পই করতে হবে। তাই আমরা smart city প্রকল্প না নিয়ে green city প্রকল্পে গিয়েছি যেখানে আমরা পরিবেশের উপরে জোরটা বেশি দিয়েছি। একশ শতাংশ LED-fication, এখন আমরা একশ শতাংশ ডাম্পিং গ্রাউন্ডে segregation system-এ আস্তে আস্তে ঢোকার চেষ্টা করছি জনগণের সহযোগিতা নিয়ে।

শ্রী জ্যোতির্ময় কর : স্যার, আপনার মাধ্যমে আমার অতিরিক্ত প্রশ্ন আমি কাঁথি শহরে বাস করি, আপনার পরিকল্পনা হাতে হাতে পেয়েছি। একবার কালিম্পং-এর ক্লাইমেট আর কন্টাই-এর ক্লাইমেট এক হয়ে গেল। আমার এত বছর বয়েসে আমি এইসব শুনিনি। এটা সম্ভব হয়েছে পরিবেশের নিয়ন্ত্রণের জন্য অর্থাৎ পরিবেশবান্ধব সিটি হয়েছে বলে। সারা পশ্চিম বাংলার টাউনগুলিতে এই ধরনের ক্লাইমেট স্টাডি করার কোনো পরিকল্পনা আছে কি?

শ্রী ফিরহাদ হাকিম : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে জানাই এই যে আমরা Air Quality Controlling and Monitoring System যেটা করেছি, অলরেডি ৫৮টা পৌরসভায় Air Quality Controlling and Monitoring System দিয়েছি যেখানে এয়ার কোয়ালিটি এবং আমাদের যে পরিবেশ এটাকে রক্ষা করার জন্য যদি দেখা যায় যে এয়ার কোয়ালিটি খারাপ হচ্ছে, তাহলে সাথে সাথে আমাকে ওয়াটার স্প্রে করতে হবে। যেখানে আমাদের Carbon contentগুলো বেড়ে যাচ্ছে সেখানে সাথে সাথে ওয়াটার স্প্রে করে, গাছে স্প্রে করে সেখানে আস্তে আস্তে Carbon contentগুলো নামাতে হবে। কলকাতাতে যদি এখন শীতকালে দুপুরবেলায় দেখেন, এইটা কিন্তু দুপুরবেলায় এখন করছি। যেহেতু দুপুরবেলার দিকে Carbon contentটা বেড়ে যায়, transport pollution highest হয়ে যায়, এখানে আমাদের স্যার এটা করতে হচ্ছে। তাই আপনি যেটা বলেছেন কালিম্পং এবং কাঁথি, শুধু কাঁথি না, সব জায়গায় Air Qualityটাকে মেন্টেন করে তার জন্য সাথে সাথে কোনটা দরকার সেই কাজটা আমরা করছি।

শ্রী মনোজ চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে জানাই মাননীয় মন্ত্রী চেষ্টা করছেন এবং অনেক জায়গাতে সার্থকও হয়েছেন। আমি একটা প্রশ্ন করছি যদিও এই বিষয়ে অবগত আছেন যে বহরমপুর পৌরসভার অন্তর্গত যে গার্বেজ ডাম্পিং, আমি বহুবার এস.ডি.ও.কে বলেছি। ওখানে আগুন ধরে যাচ্ছে, দমকলকে এসে নেভাতে হচ্ছে এবং আমরা নিজেরাও গিয়ে বালতি বালতি জল ঢেলে নেভাচ্ছি। আপনি বলছেন এই পরিবেশ বান্ধব – ৬৭ হাজার মানুষ এতে এফেক্টেড। আপনি খোঁজ নেবেন আপনার সোর্সে। ১৩টি ওয়ার্ডের মানুষ রাত্রিবেলায় এবং দিনের বেলায় দুর্গন্ধে টিকতে পারছে না। আপনার কাছে আমার বিনীত অনুরোধ এবং জিজ্ঞাসা এই যে গার্বেজ ডাম্পিং আছে, একে সলিড ওয়েস্ট ম্যানেজমেন্টে কি করে রূপান্তরিত করা যায়,

এর কোনো পরিকল্পনা আপনি যদি নেন এবং আছে কি না জানাবেন। এটা হলে প্রায় এক লক্ষ মানুষ উপকৃত হবে। তা না হলে পলিউশান হচ্ছে। এই ব্যাপারে আপনার কোনো পরিকল্পনা আছে কি না দয়া করে জানাবেন।

শ্রী ফিরহাদ হাকিম : স্যার, এই ব্যাপারে জানাই এই ব্যাপারে আমাদের সরকার অত্যন্ত সক্রিয়। আপনারা জানবেন যে বিভিন্ন জায়গায় আমরা ডাম্পিং করছি, unscientific dumping এতদিন ধরে চলছে। আজকে না, প্রায় ৫০ বছর ধরে এই unscientific dumping চলছে। সেই ডাম্পিং -এর ফলে, যেহেতু mixed garbage আসছে, অনেক জায়গায় plastic contents বেশি, paper contents বেশি হওয়ার জন্য সেইসব জায়গায় আগুন লেগে যাচ্ছে। সেই আগুন পরিবেশকে একেবারে নষ্ট করে দিচ্ছে। এইটার জন্য এখন আমরা segregation-এ যাচ্ছি। segregation করে একটা ওয়েস্টেজ যেটা wet waste বলি আমরা, অর্থাৎ শাক, সব্জি, মাছ এগুলো আমরা compose-এর মাধ্যমে সার তৈরি করছি।

[12:00 Noon – 12:10 p.m.]

আর আমরা যেটা ড্রাই ওয়েস্ট বলি সেই ড্রাই ওয়েস্টটাকে তুলে নিয়ে রিসাইক্‌ল্ করবে, বাদ বাকিটা আমরা আর.আই.টি. করে, কেভ তৈরি করে বিভিন্ন পাওয়ার প্ল্যান্টে সেটাকে পাঠাচ্ছি। আপনারা জেনে খুশী হবেন স্যার, যে শুধু নতুন ওয়েস্টের ক্ষেত্রে নয়, যেগুলো পুরনো – বড়বড় পাহাড় হয়ে গেছে সেখানে আমরা বায়ো পদ্ধতিতে অর্থাৎ সেগুলোকে সেগ্রিগেট করে বায়ো-মাইনিং পদ্ধতিতে সেগুলোকে নষ্ট করছি। বহরমপুরে আমাদের একটু অসুবিধা হচ্ছে কারণ আমাদের বোর্ডটা এফেক্টিভ নেই। তাই ওখানে একটু অসুবিধা হয়েছে। কিন্তু আমরা ওখানেও বায়োমাইনিং করে ওই যে পাহাড়টা হয়ে রয়েছে তার পাশে জলাশয়টাও নষ্ট হয়ে যাচ্ছে, ওয়েস্টগুলো গিয়ে ওই জলের মধ্যে মিশে যাচ্ছে, আপনাদের ওই ঝিলটার মধ্যে সেটা আমি দেখে এসেছি। ওটাকেও আমাদের ঠিক করতে হবে বায়োমাইনিং পদ্ধতিতে। আপনি জেনে খুশী হবেন মনোজ বাবু যে ওখানে আমরা একটা ল্যান্ড আইডেনটিফাই করেছি যেখানে আমরা এই ডাম্পিং গ্রাউন্ড-এই সেগ্রিগেশন সাইটটা তৈরি করব। সেটার জন্য ২কোটি ৩০লক্ষ টাকা আমরা অলরেডি ডি.এস.-এর কাছে পাঠিয়ে দিয়েছি। একদিকে ওয়ার্ডগুলো নষ্ট হচ্ছে তেমনই জলাশয়টাকে নষ্ট করে দিচ্ছে। ওই জন্য আমরা একটা ল্যান্ড দেখেছি। ২কোটি ৩০লক্ষ টাকা অলরেডি পাঠিয়ে দিয়েছি ডি.এম.-র কাছে। ওই ল্যান্ডটা পার্চেজ করে ওখানে আমরা সাইটটা করব যেখানে আমরা সেগ্রিগেশনটা করব।

শ্রীমতী জাহানারা খান : ধন্যবাদ স্যার, আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। আপনি পরিবেশবান্ধবের কথা বলছেন, পরিবেশবান্ধবকে ঠিক রাখতে গেলে জলাশয়গুলোকে ঠিক রাখতে হবে। যদি জলাশয় বুজিয়ে দেওয়া হয় তাহলে পরিবেশবান্ধব ঠিকমত হবে না। কিন্তু আমরা দেখছি উত্তর কলকাতায় প্রায় ৩৭৫টি জলাশয়কে ভরাট করে দেওয়া হয়েছে এবং এর বিরুদ্ধে রাজ্য সরকারের রিপোর্ট যেটা খবরের কাগজে দেখলাম কদিন

আগে ৩৭৫টির মধ্যে মাত্র ৬টির বিরুদ্ধে আপনারা ব্যবস্থা নিয়েছেন। আর বাকিগুলোর বিরুদ্ধে আপনারা কোন ব্যবস্থা নেন নি। তাহলে পরিবেশবান্ধবের কথা যে বলছেন সেটা কিভাবে ঠিক হবে ? শুধু কলকাতা নয় সমস্ত জায়গায় দেখা যাচ্ছে যে জলাশয় ভরাট করে, বেশ কিছু প্রোমোটার তার উপরে আবাসন তৈরি করছে। এর বিরুদ্ধে আপনি কি ব্যবস্থা নিচ্ছেন, যদি জানান তাহলে উপকৃত হব।

শ্রী ফিরহাদ হাকিম : এই যে জলাশয় বন্ধ করে তার উপরে অট্টালিকা এবং প্রোমোটিংরাজ এটা সৃষ্টি হয়েছিল বামফ্রন্টের সময়ে। স্যার, ৭২-৭৭ সালে। স্যার, ৭২-৭৭-এ আপনি প্রোমোটিংরাজ শুনেছেন? ৭২-এ আপনি অ্যাক্টিভ, আপনি প্রোমোটাররাজ বলে কিছু শুনেছেন? ৭৭ সাল পর্যন্ত প্রোমোটাররাজ বলে কিছু শুনেছিলেন ? এখন এই যে প্রোমোটাররা বিভিন্ন জলাশয় বন্ধ করেছে প্রত্যক্ষভাবে রাজনৈতিক মদত ছাড়া এটা করা সম্ভব ছিল না। এই যে ২৩০টা বলেছেন, ২৩০টা নয় ৩০০০-এর উপরে জলাশয় সেই সময়ে ক্যালকাটা এবং এখন যেটা ক্যালকাটা অ্যাডেড এরিয়া আপনারা সেই সময়ে এটা নিয়েছিলেন, সেটা নিয়ে ৩০০০এর উপরে জলাশয়, সেগুলোকে বুজিয়ে দেওয়া হয়েছে। আমি ৩৩০টা আইডেন্টিফাই করেছি, সেগুলোকে আইডেন্টিফাই করে যখন গেছি তখন দেখেছি তার উপরে বাড়ি তৈরি হয়ে গেছে এবং ১০ থেকে ১৫বছর আগে সেই সব ফ্ল্যাট পজেশন দেওয়া হয়ে গেছে। তাই হাজার হাজার লোককে আমি ডিসপোজেস করব কি করে ? হাজার হাজার লোককে আমি কি করে ঘরছাড়া করব ? যদি সেগুলো ভাঙতে হয় তাহলে আজকে কয়েক হাজার লোককে রাস্তায় নামিয়ে দিয়ে আমাকে সেগুলো ভাঙতে হয়। আমরা এটা মানবিকতায় পারি না। তার মধ্যে যেগুলো আমরা পেরেছি, ৬টায় আমরা পেরেছি, সেই ৬টা আমরা অলরেডি ডেমলিশ করে দিয়ে সেখানে পুকুর পুনরুদ্ধার করেছি। কিন্তু বেশিরভাগ জায়গায় সেই সময়ে পুকুরগুলো বোঝাই করে সেখানে ফ্ল্যাট হয়েছে, বহু বছর ধরে সেখানে মানুষ রয়েছে এবং সেখানে মিড্‌ল্ ক্লাস এবং লোয়ার মিড্‌ল্ ক্লাস মানুষ রয়েছেন। এটা আপনাদের পাপ আমাদের বহন করতে হচ্ছে।

Starred Questions
(to which answers were laid on the 'Table')

নূতন কলেজ ও বিশ্ববিদ্যালয় স্থাপন

*১৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৭) **শ্রী দীপক কুমার হালদার :** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মে, ২০১১ থেকে ৩১শে ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত রাজ্য সরকার মোট কতগুলি নূতন কলেজ এবং নূতন বিশ্ববিদ্যালয় স্থাপন করেছে; এবং

(খ) উক্ত কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলি কোথায় কোথায় স্থাপিত হয়েছে?

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) মে, ২০১১ থেকে ৩১ শে ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত রাজ্য সরকার মোট ৫০ টি সরকারী ও সরকার-পোষিত নূতন কলেজ এবং ৮ টি সরকার-পোষিত নূতন বিশ্ববিদ্যালয় স্থাপন করেছে। এ ছাড়াও ১০ টি নূতন বেসরকারী বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়েছে।

(খ) তালিকাটি আলাদা পত্রে সংযোজিত হল।

নতুন কলেজের তালিকা

ক্রমিক নং	কলেজ
১.	কবি জগৎ রাম আর গভঃ জেনারেল ডিগ্রি কলেজ, মেজিয়া, বাঁকুড়া
২.	গভঃ জেনারেল ডিগ্রি কলেজ, রানীবাঁধ, বাঁকুড়া
৩.	গভঃ জেনারেল ডিগ্রি কলেজ, মঙ্গলকোট, পূর্ব বর্ধমান
৪.	গভঃ জেনারেল ডিগ্রি কলেজ, কালনা-১, পূর্ব বর্ধমান
৫.	গভঃ জেনারেল ডিগ্রি কলেজ, হিলি, দক্ষিণ দিনাজপুর
৬.	গভঃ জেনারেল ডিগ্রি কলেজ, কুশমান্ডি, দক্ষিণ দিনাজপুর
৭.	গভঃ জেনারেল ডিগ্রি কলেজ, পেডং, কালিম্পং
৮.	গভঃ জেনারেল ডিগ্রি কলেজ, গরুবাথান, কালিম্পং
৯.	গভঃ জেনারেল ডিগ্রি কলেজ, সিঙ্গুর, হুগলী
১০.	বানারহাট হিন্দি গভঃ জেনারেল ডিগ্রি কলেজ, জলপাইগুড়ি
১১.	গভঃ জেনারেল ডিগ্রি কলেজ, মুরাগাছা, নদীয়া
১২.	গভঃ জেনারেল ডিগ্রি কলেজ, তেহট্ট, নদীয়া
১৩.	গভঃ জেনারেল ডিগ্রি কলেজ, কালিগঞ্জ, নদীয়া
১৪.	গভঃ জেনারেল ডিগ্রি কলেজ, চাপরা, নদীয়া
১৫.	গভঃ জেনারেল ডিগ্রি কলেজ, নিউ টাউন, রাজারহাট, কলকাতা
১৬.	গভঃ জেনারেল ডিগ্রি কলেজ, ঠাকুরনগর, গাইঘাটা, উত্তর ২৪ পরগণা
১৭.	গার্লস উইং ঝাড়গ্রাম রাজ কলেজ, ঝাড়গ্রাম
১৮.	লালগড় গভঃ জেনারেল ডিগ্রি কলেজ, ঝাড়গ্রাম
১৯.	শালবনি গভঃ জেনারেল ডিগ্রি কলেজ, ঝাড়গ্রাম
২০.	নয়াগ্রাম পন্ডিত রঘুনাথ মুর্মু গভঃ কলেজ, ঝাড়গ্রাম
২১.	গভঃ জেনারেল ডিগ্রি কলেজ, দাঁতন-২, পশ্চিম মেদিনীপুর

ক্রমিক নং	কলেজ
২২.	গভঃ জেনারেল ডিগ্রি কলেজ, কেশিয়ারি, পশ্চিম মেদিনীপুর
২৩.	গভঃ জেনারেল ডিগ্রি কলেজ, গোপীবল্লভপুর-২, পশ্চিম মেদিনীপুর
২৪.	গভঃ জেনারেল ডিগ্রি কলেজ, মোহনপুর, পশ্চিম মেদিনীপুর
২৫.	গভঃ জেনারেল ডিগ্রি কলেজ, খড়গপুর-২, পশ্চিম মেদিনীপুর
২৬.	শহীদ মাতঙ্গিনী হাজরা গভঃ জেনারেল ডিগ্রি কলেজ ফর উইমেন, তমলুক, পূর্ব মেদিনীপুর
২৭.	গভঃ জেনারেল ডিগ্রি কলেজ, মানবাজার-২,পুরুলিয়া
২৮.	গভঃ জেনারেল ডিগ্রি কলেজ ফর গার্লস, আলিপুর, হেস্টিংস হাউস, কলকাতা
২৯.	একবালপুর গভঃ জেনারেল ডিগ্রি কলেজ ফর গার্লস, কলকাতা
৩০.	গভঃ জেনারেল ডিগ্রি কলেজ, নারায়ণগড়, পশ্চিম মেদিনীপুর

২টি নতুন গভঃ ইঞ্জিনিয়ারিং কলেজগুলি

৩১.	গভঃ ইঞ্জিনিয়ারিং কলেজ, কোচবিহার
৩২.	গভঃ ইঞ্জিনিয়ারিং কলেজ, পুরুলিয়া

১৮টি সরকার অনুমোদিত নতুন কলেজগুলি

৩৩.	ঘোকষাডাঙ্গা বীরেন্দ্র মহাবিদ্যালয়, কোচবিহার
৩৪.	দাশরথি হাজরা মেমোরিয়াল কলেজ, ভাতার, পূর্ব বর্ধমান
৩৫.	আচার্য সুকুমার সেন মহাবিদ্যালয়, গোটান, পূর্ব বর্ধমান
৩৬.	তেহট্ট সদানন্দ মহাবিদ্যালয়, পূর্ব বর্ধমান
৩৬.	বি.বি.কলেজ (হিন্দি মিডিয়াম), আসানসোল, পশ্চিম বর্ধমান
৩৮.	ধূপগুড়ি মহিলা মহাবিদ্যালয়, ধূপগুড়ি, জলপাইগুড়ি
৩৯.	সিদ্ধিনাথ মহাবিদ্যালয়, শ্যামসুন্দরপুর, পূর্ব মেদিনীপুর
৪০.	স্বর্নময়ী যোগেন্দ্রনাথ মহাবিদ্যালয়, পূর্ব মেদিনীপুর
৪১.	সীতারাম মাহাতো মেমোরিয়াল কলেজ, আনন্দদীপ, পুরুলিয়া
৪২.	শিবাণি মন্ডল মহাবিদ্যালয়, নামখানা, দক্ষিণ ২৪ পরগনা
৪৩.	চোপড়া কমলা পাল স্মৃতি মহাবিদ্যালয়, চোপড়া, উত্তর দিনাজপুর
৪৪.	মানিকচক কলেজ, মালদা

ক্রমিক নং	কলেজ
৪৫.	পীযুষকান্তি মুখার্জি মহাবিদ্যালয়, আলিপুরদুয়ার
৪৬.	লীলাবতী মহাবিদ্যালয়, ফালাকাটা, আলিপুরদুয়ার
৪৭.	আকুই কমলাবালা মহিলা মহাবিদ্যালয়, ইন্দাস, বাঁকুড়া
৪৮.	কুমারগঞ্জ কলেজ, দক্ষিণ দিনাজপুর
৪৯.	বিরসা মুন্ডা কলেজ, হিন্দি মিডিয়াম, দার্জিলিং
৫০.	ঘোষপুকুর কলেজ-ফাঁসিদেওয়া, দার্জিলিং

নতুন প্রতিষ্ঠিত সরকার অনুমোদিত বিশ্ববিদ্যালয়গুলি

১.	সিধো-কানহো-বিরসা বিশ্ববিদ্যালয়, পুরুলিয়া
২.	কোচবিহার পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়, কুচবিহার
৩.	ডায়মন্ড হারবার মহিলা বিশ্ববিদ্যালয়, দক্ষিণ ২৪ পরগণা
৪.	কাজী নজরুল বিশ্ববিদ্যালয়, আসানসোল
৫.	বাঁকুড়া বিশ্ববিদ্যালয়, বাঁকুড়া
৬.	রায়গঞ্জ বিশ্ববিদ্যালয়, উত্তর দিনাজপুর
৭.	পশ্চিমবঙ্গ শিক্ষক শিক্ষণ, শিক্ষা পরিকল্পনা এবং প্রশাসন বিশ্ববিদ্যালয়, কলকাতা
৮.	সংস্কৃত কলেজ এবং বিশ্ববিদ্যালয়, কলকাতা

নতুন প্রতিষ্ঠিত বেসরকারী বিশ্ববিদ্যালয়গুলি

১.	টেকনো ইন্ডিয়া বিশ্ববিদ্যালয়, উত্তর ২৪ পরগণা, সল্টলেক
২.	অ্যাডামাস বিশ্ববিদ্যালয়, উত্তর ২৪ পরগণা
৩.	অ্যামিটি বিশ্ববিদ্যালয়, রাজারহাট, উত্তর ২৪ পরগণা
৪.	জে আই এস বিশ্ববিদ্যালয়, আগরপাড়া, উত্তর ২৪ পরগণা
৫.	নেওটিয়া বিশ্ববিদ্যালয়, সরিষা, দক্ষিণ ২৪ পরগণা
৬.	সিকম স্কিলস্ বিশ্ববিদ্যালয়, বোলপুর, বীরভূম
৭.	ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট বিশ্ববিদ্যালয়, নিউ টাউন, কলকাতা
৮.	ব্রেনওয়ার বিশ্ববিদ্যালয়, বারাসাত, উত্তর ২৪ পরগণা
৯.	সেন্ট জেভিয়ার্স বিশ্ববিদ্যালয়, নিউ টাউন, কলকাতা-১৬০
১০.	সিস্টার নিবেদিতা বিশ্ববিদ্যালয়, নিউ টাউন, কলকাতা

তারাপীঠে বৈদ্যুতিক চুল্লি স্থাপন

*১৮। (অনুমোদিত প্রশ্ন নং *১১৪) **শ্রী মিলটন রশিদ :** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

হাঁসন বিধানসভা কেন্দ্রের তারাপীঠে বৈদ্যুতিক চুল্লি স্থাপনের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

হাঁসন বিধানসভা কেন্দ্রের তারাপীঠ মহাশ্মশানে বৈদ্যুতিন চুল্লি নির্মাণের জন্য অর্থ দপ্তরের কাছ থেকে প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে এবং বৈদ্যুতিন চুল্লি নির্মাণ বাবদ অর্থ দপ্তর ৭,৮৯,৮৫,০০০ (সাত কোটি উননব্বই লক্ষ পঁচাশি হাজার) টাকা মঞ্জুর করেছে। বরাদ্দকৃত অর্থের মধ্যে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর থেকে প্রথম কিস্তিতে ৫,৭৮,৯৪,০০০ (পাঁচ কোটি আটাত্তর লক্ষ চুরানব্বই হাজার) টাকা এবং দ্বিতীয় কিস্তি বাবদ ৪৬,৩৯,৭৭৮ (ছেচল্লিশ লক্ষ উনচল্লিশ হাজার সাত শত আটাত্তর) টাকা ইতিমধ্যেই সংশ্লিষ্ট জেলার জেলাশাসককে প্রদান করা হয়েছে।

একশো দিনের কাজে রাজ্যে কর্মসংস্থান

* ২৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৬১) **শ্রী দেবেশ মন্ডল :** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পঞ্চায়েত ব্যবস্থাকে জনমুখী করবার ক্ষেত্রে সরকার কী কী উদ্যোগ গ্রহণ করেছে;

(খ) একশো দিনের কাজে কর্মসংস্থানের ক্ষেত্রে রাজ্যের সাফল্য কীরূপ; এবং

(গ) কেন্দ্রীয় সরকার এই কাজের ক্ষেত্রে কোনো বাধানিষেধ আরোপ করেছে কি?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) পঞ্চায়েত ব্যবস্থাকে জনমুখী করবার ক্ষেত্রে রাজ্য সরকার নিম্নলিখিত ব্যবস্থাগুলি গ্রহণ করেছেন —

১) মানুষের সক্রিয় অংশগ্রহণে পাড়াবৈঠকের মাধ্যমে পঞ্চায়েতের পরিকল্পনা রচনা ও রূপায়ণ।

২) গ্রামসভা ও গ্রাম সংসদের মাধ্যমে অধিক সংখ্যক জনগণের অংশগ্রহণ সুনিশ্চিত করা।

৩) এছাড়াও জনগণের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে পঞ্চায়েতের কাজকর্ম সহ সাফল্যের খতিয়ান দূরদর্শন, বেতার সহ বিভিন্ন জনমাধ্যমে তুলে ধরা ইত্যাদি।

(খ) ২০১৮-২০১৯ আর্থিক বছরের ১০০ দিনের কাজে পশ্চিমবঙ্গ বিভিন্ন বিভাগে নিম্নলিখিত পুরস্কারগুলি পেয়েছে :

১) রাজ্যস্তরে "Convergence and Livelihood Augmentation" বিভাগে পশ্চিমবঙ্গ প্রথম স্থান অধিকার করেছে।

২) রাজ্যস্তরে "Implementation of Mission Water Conservation (NRM)" বিভাগে পশ্চিমবঙ্গ দ্বিতীয় স্থান অধিকার করেছে।

৩) এ ছাড়াও জেলাস্তরে "Effective implementation of MGNREGA by District Team" বিভাগে সারা দেশের মধ্যে পূর্ব বর্ধমান এবং কোচবিহার জেলা যথাক্রমে ১৭তম এবং ১৮তম স্থান অধিকার করেছে।

৪) গ্রাম পঞ্চায়েত স্তরে "Best Performing Gram Panchayat in Implementation of MGNREGS" বিভাগে দার্জিলিং জেলার শিলিগুড়ি মহকুমা পরিষদের অন্তর্গত নকশালবাড়ী ব্লকের অধীন আপার বাগডোগরা গ্রাম পঞ্চায়েতে দেশের মধ্যে ১২তম স্থান অধিকার করেছে।

(গ) গ্রামীণ এলাকায় একজন প্রাপ্তবয়স্ক মানুষ জব কার্ডের জন্য আবেদন করলে মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ কর্মনিশ্চয়তা আইন মোতাবেক সংশ্লিষ্ট পঞ্চায়েত ঐ পরিবারের কাজের ব্যবস্থা করবে। এ সম্পর্কিত কোনও বিশেষ বাধা নিষেধ কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে আরোপ করা হয় নি।

Held Over Starred Questions
(to which answers were held Over)

সুন্দরবনের দ্বীপসমূহে বিদ্যুৎ সংযোগ

*২১। (অনুমোদিত প্রশ্ন নং *৯৬) **শ্রী জয়ন্ত নস্কর :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে ডিসেম্বর, ২০১৯ সাপেক্ষে সুন্দরবন অঞ্চলের দ্বীপগুলিকে বিদ্যুৎ সংযোগ দেওয়ার জন্য রাজ্য সরকার কী কী পদক্ষেপ গ্রহণ করেছে; এবং

(খ) উক্ত সময় সাপেক্ষে কতগুলো দ্বীপে বিদ্যুৎ সংযোগ দেওয়া হয়েছে (ব্লকওয়ারি হিসেবসহ)?

জামুড়িয়া বিধানসভা কেন্দ্রে হিন্দী মহাবিদ্যালয়

*২২। (অনুমোদিত প্রশ্ন নং *২৩১) **শ্রীমতী জাহানারা খান :** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) জামুড়িয়া বিধানসভা কেন্দ্রে হিন্দী মহাবিদ্যলয় স্থাপনের কোনো পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকলে, কবে নাগাদ তা বাস্তবায়িত হবে ?

Mr. Speaker : Question Hour is Over.

Leave of Absence Under Rule 242

Mr. Speaker : Hon'ble Members, I have received an application from Shri Tushar Kanti Bhattacharya desiring permission of the House to remain absent from the sittings thereof under clause (4) of Article 190 of the Constitution of India. I read it out.

To

The Hon'ble Speaker,

West Bengal Legislative Assembly

Respected Sir,

I would kindly like to inform you that yesterday I visited my physician, and he has advised me to take rest for at least two weeks due to health reasons. So I am requesting you to grant me two weeks' leave of absence during the current Assembly Session. Enclosed the letter of Doctor's advice.

Thanking you,

Yours Sincerely,

Sd/-

Tushar Kanti Bhattacharya

I now ask whether Shri Tushar Kanti Bhattcharya has the permission of the Assembly asked for by him. ....(pause).......

There is no dissentient voice. I declare that Shri Tushar Kanti Bhattacharya has the permission of the Assembly to remain absent from the sitting of the House for two weeks with effect from the 10th February, 2020.

[12th February, 2020]

CALLING ATTENTION

Mr. Speaker : Today, I have received two notices of Calling Attention on the following subjects, namely:

	Subject		Name
i)	Urge for introduction of Govt. Bus Service Between Kishori Mohanpur to Dharmatala (via Piyalli Tourist Spot and Dhosahat and Dhakirmukh to Dharmatala (via Dakshin Barasat)	:	Shri Ram Sankar Halder
ii)	Urge for reconstruction of ADSR Office Building at Hasnabad in Basirhat Dakshin Assembly Constituency.	:	Shri Rafikul Islam Mondal

I have selected the notice of Rafikul Islam Mondal on the subject of Urge for reconstruction of ADSR Office Building at Hasnabad in Basirhat Dakshin Assembly Constituency.

The Minister-in-Charge may please make a statement to-day, if possible or give a date.

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : স্যার, রফিকুল ইসলাম মন্ডল সাহেব যে প্রশ্ন করেছেন সংশ্লিষ্ট মন্ত্রীকে জানাব, তিনি আজকে.নেই। যাতে তিনি এই বিধানসভা চলার মধ্যেই এর উত্তর দিয়ে দেন সেটা আমি বলে দেব।

মেনশান

শ্রী মহসিন আলি : স্যার, আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের ভূমি ও ভূমি রাজস্ব দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি মুর্শিদাবাদ জেলার নসিবপুর আজিমগঞ্জ রেলব্রীজ অনেকদিনের প্রকল্প। ২০০৯সালে শিলান্যাস করেছিলেন তৎকালীন রেলমন্ত্রী লালুপ্রসাদ যাদব। এই ব্রীজটির ৯০%কাজ শেষ হয়ে গেছে। কিন্তু ভূমি জটের কারণে জমিদাতারা এই ৩৫০ মিটার জায়গায় জটিলতা সৃষ্টি করে রেখেছে। ব্রীজটির ৯০%কাজ শেষ হয়ে গেলেও এই ব্রীজটি জনস্বার্থে সম্পন্ন করা যাচ্ছে না। এই জমি জট কাটানোর জন্য এই দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং এর ফলে উত্তরবঙ্গের গুরুত্বপূর্ণ রেল যোগাযোগ ব্যবস্থা সরাসরি শিয়ালদহের সঙ্গে সম্পন্ন হতে পারে। সেই কারণে এই জমি জট কাটানোর জন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীমতী শ্যামলী প্রধান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের রাজ্যের আই.সি.ডি.এস. কর্মী, আশা এবং মিড-ডে মিল কর্মী যাঁরা আছেন, তাঁরা এই সমাজের মায়েদের এবং শিশুদের কল্যাণের জন্য কাজ করে থাকেন। আমরা দেখছি যে এই সমস্ত কর্মীদের ভাতা রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকার যেটা করেছেন এই মূল্যবৃদ্ধির বাজারে, সেটা খুবই কম। আই.সি.ডি.এস. কর্মীরা ভাতা পান ৭৩১৩টাকা। এখানে রাজ্য সরকার দেন ২৭৫০ টাকা এবং কেন্দ্র দেন ৪৫৬৩ টাকা। এ ক্ষেত্রে এই টাকা বাড়ানোর দাবি জানাচ্ছি এবং তাদেরকে ৬৫ বছর বয়সে রিটায়ার করার কথা বলা হয়েছে। কিন্তু অবসরকালীন কোন ভাতার ব্যবস্থা নেই। এই কর্মীদের অবসরকালীন ভাতার যাতে ব্যবস্থা করা হয় তার দাবি জানাচ্ছি। মিড-ডে মিল কর্মী যাঁরা আছেন তাঁরা ১০মাসের টাকা পান। তাঁরা যাতে ১২মাসের টাকা পায় তার জন্য দৃষ্টি আকর্ষণ করছি। আশা কর্মীরা প্যাকেজের ভিত্তিতে টাকা পেয়ে থাকেন, তাঁদের টাকাও যাতে বাড়ানো হয়, তার দাবি জানাচ্ছি।

শ্রী রুনু দত্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়,আপনার মাধ্যমে মাননীয় বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, রাণীগঞ্জ এলাকায় দুটি পুরাতন শ্মশানঘাট আছে। একটা হচ্ছে বল্লভপুর শ্মশানঘাট, সিয়াসোর শ্মশানঘাট। রানীগঞ্জ এবং পার্শ্ববর্তী এলাকায় প্রচুর মানুষ এই শ্মশানঘাটে মৃতদেহ সৎকারের জন্য আসেন। দূরদূরান্ত থেকে মানুষরা সৎকারের জন্য এখানে এসে দীর্ঘসময় থাকেন। কয়লা এবং কাঠের আগুন দিয়ে এই সৎকারের কাজ করা হয়। এর ফলে দূষণ বাড়ছে। অপর দিকে দামোদর নদী পাশে থাকার জন্য এখানেও পলিউশান হচ্ছে। স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই এই অঞ্চলের মানুষের বহু দিনের দাবি যে এই দুটি শ্মশানঘাটে বৈদ্যুতিক চুল্লি বসানো হোক। এই চুল্লি বসানোর ফলে মানুষের যেমন সময় বাঁচবে এবং এলাকার দূষণ নিয়ন্ত্রণ হবে। এই ব্যাপারটি বিশেষভাবে দেখার জন্য অনুরোধ জানাচ্ছি।

[12:10 – 12:20 p.m.]

শ্রী সুজিত চক্রবর্তী : ধন্যবাদ স্যার। আপনার মাধ্যমে আমি যে বিষয়টা বলতে চাইছি, সেই বিষয়টা কোন দপ্তরে বলব আমি খুঁজে পাচ্ছি না কারণ, স্বরাষ্ট্র দপ্তরের পুলিশ এই ব্যাপারে জানে। আবার পরিবহন দপ্তরে বলতে যাব,' পরিবহন দপ্তরের এম.ভি.আই, এই ব্যাপারটা জানেন। অথচ সবাই চুপচাপ আছে। আমার বড়জোড়া বিধানসভায় দুর্গাপুর ব্যারেজের ওপরে সন্ধ্যে ৬টার পর থেকে কিছু লোকজন গাড়ি নিয়ে এবং আর্মস্ নিয়ে দাঁড়িয়ে থাকছে। রাতের অন্ধকারে রামপুরহাট থেকে পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া, বর্ধমান - এইসব জায়গায় যে পাথর আসছে, সেই পাথরের গাড়ি থেকে 'ভি.এম.কে. স্টোন স্লিপ্' নামে একটা চালান দিয়ে প্রতি গাড়ি থেকে ১৬০০-১৮০০ টাকা কালেকশান করছে। এমনিতেই জি.এস.টি. এবং অন্যান্য যে পরিবহন ট্যাক্স আছে, রয়্যালটি আছে - এইসবের জন্য বাড়ি তৈরি বা রাস্তা তৈরির পাথরের দাম বেড়ে গেছে, যেটা অবিলম্বে বন্ধ হওয়া দরকার।

...... (প্রচন্ড গোলমাল) ......

মিঃ স্পিকার : ...... (প্রচন্ড গোলমাল) ...... আমি একটা কথা বলি শুনুন, আমাকে বলতে দিন। ...... (প্রচন্ড গোলমাল) ...... আপনারা বসুন, বসুন। ...... (প্রচন্ড গোলমাল) ...... আমি এটা দেখব ...... (প্রচন্ড গোলমাল) ...... আমাকে বলতে দিন.......(প্রচন্ড গোলমাল) ......আর আপনাকে একটা কথা বলি, আপনি যে অভিযোগ করবেন, It is your liability to prove it. You first produce document, then you speak on it. আপনি তথ্য দিয়ে তারপর কথা বলবেন। আপনি হাওয়ায় - একটা তথ্য আমাকে দিয়ে যাবেন, আমি দেখব - ঐসব মোবাইল-টোবাইল চলবে না ...... (প্রচন্ড গোলমাল) ......

শ্রী ফিরহাদ হাকিম : স্যার, আমরা সবাই সদস্য এবং মানুষ আমাদেরকে ভোট দিয়ে এখানে পাঠিয়েছে। রাস্তায় যে ছ্যাবলামি করি সেই ছ্যাবলামি বিধানসভার কক্ষে করাটা বিধানসভাকে অপমান করা হয় স্যার। ছ্যাবলামি করার জন্য মানুষ আমাদের আনে নি। (হইচই) স্যার, এখানে discussion হওয়া উচিত মানুষের প্রয়োজনে। নিশ্চিতভাবে সরকার কোনো কাজ করতে না পারলে বিরোধীদের অধিকার আছে সেই পয়েন্টটাকে তোলা এবং সরকারের দৃষ্টি আকর্ষণ করা বা তার প্রতিবাদ করা এটার অধিকার আছে। কিন্তু কিছু মেছো কথা, যে কথাটার কোনো অর্থ হয় না সেই কথা বলে কাউকে personal attack করা - এতে এই বিধানসভার dignityটা নষ্ট হচ্ছে। আমার মনে হয় স্যার, যারা এই ছ্যাবলামি করতে আসছে, যারা বিধানসভার এই গরিমাকে নষ্ট করতে আসছে, এর পরে নিশ্চিতভাবে মানুষ ভোট দিয়ে তাদের আর এখানে এই ছ্যাবলামি করতে পাঠাবে না। তাই আমি আবার আপনাকে আবেদন করছি বিধানসভার গরিমাকে রক্ষার জন্য, the dignity of the House। এখানে আমি অত্যন্ত seriously হাউসটা করি। আমি homework করে এখানে আসি স্যার। তাই এই dignity of the House মনে রেখে - আমি বার বার বলছি যারা এই dignity নষ্ট করছে তাদের সম্পর্কে যথাযথ ব্যবস্থা নেওয়ার দায়িত্ব আপনার, কারণ You are the custodian of the House।

(হইচই)

মিঃ স্পিকার : Please, please take your seat. Let me tell you one thing. আমি আপনাদের একটা কথা বলি আপনারা এই যে Mention Caseগুলো দেন সেটা একটা বা দুটো লাইনে দেন। কিন্তু বলার সময় আপনারা এমন কিছু কথা বলেন যে কথাগুলোর এর সঙ্গে কোনো সম্পর্ক নেই। আমি এবার থেকে বলব যা লিখে দেবেন তার বাইরে মেনশন করতে পারবেন না। তাহলে কোন মেনশন কেস নেওয়াই হবে না। আমি আমার ডিপার্টমেন্টকে বলে দিচ্ছি যে আপনাদের যে text থাকবে, সেই পুরো textটা আপনারা লিখে দেবেন। সেই textটুকুই আপনারা এখানে পড়বেন। তা না করে আপনারা এমন কিছু জিনিস সংযোজন করেন যেগুলো বাঞ্ছনীয় নয়। আর যেটা মাননীয় ফিরহাদ হাকিম বলেছেন, ঠিকইতো, আমাদের সবার দায়িত্ব আমাদের এই বিধানসভার গরিমা বজায় রাখার। অনেক সময় ধরুন আপনাদের কোনো সদস্য

আমার সাথে কথা বলতে এলেন, সেই মুহূর্তে কেউ কোনো কথা বললে আমি অনেক সময় omit করে যাই, আমি শুনতে পাই না। আমি এটা প্রত্যাশা করি আমাদের সদস্যরা যাঁরা বলবেন তাঁরা নিশ্চয়ই অনেক সচেতন হয়ে বলবেন যাতে বিধানসভার মর্যাদা রক্ষা করতে পারি। আমাদের দেখতে হবে আমরা যেন সেই সীমারেখাটা লঙ্ঘন না করি।

শ্রী সন্তোষ দেবরায় : স্যার, আপনার মাধ্যমে মাননীয় সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি Durgapur Chemicals পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের একটি ....

(হইচই)

মিঃ স্পীকার : প্লিজ আপনারা বসুন, কথা বলবেন না কেউ, এই ভাবে হলে এই সবগুলো সংবাদ মাধ্যমে রিপোর্টিং হচ্ছে। সব মানুষ পড়ছেন এবং পড়ার পরে আমাদের এই বিধানসভার সদস্যদের সম্পর্কে মানুষের কি প্রতিক্রিয়া হতে পারে বলুনতো আপনারা। প্লিজ বসুন। আপনি বলুন।

শ্রী সন্তোষ দেবরায় : স্যার, আপনার মাধ্যমে মাননীয় সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি Durgapur Chemicals পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের একটি সংস্থা, সেখানে চাকরি করেন স্থায়ী ১৮৫ জন, আর অস্থায়ী প্রায় ২০০ জন। গত ২৬.১২.২০১৯ তারিখ থেকে দূষণজনিত কারণ দেখিয়ে কারখানা কর্তৃপক্ষ একতরফাভাবে কারখানার উৎপাদন বন্ধ করে দিয়েছেন।

[12:20 – 12:30 p.m.]

দূষণ রোধে দ্রুত উদ্যোগ না নিলে রাসায়নিক কারখানার প্রভূত ক্ষতির সম্ভাবনা রয়েছে। তাই উৎপাদন চালু করতে দূষণ রোধে দ্রুত কার্যকরী ব্যবস্থা গ্রহণ অত্যন্ত জরুরি। এ ছাড়া উৎপাদন বন্ধ হওয়ার পর জানুয়ারি ২০২০ সালের মাসিক বেতন এখনও তারা পায় নি। মাসিক বেতন না পেয়ে সংস্থার কর্মীরা চরম আর্থিক অসুবিধার মধ্যে দিন যাপন করছেন। কর্মীরা যাতে তাঁদের বেতন সময়মত পান এবং দূষণ নিয়ন্ত্রণ করে উক্ত কারখানার উৎপাদন চালু করা যায় সেই জন্য সদর্থক ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয়ের কাছে অনুরোধ করছি।

শ্রী রামশঙ্কর হালদার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে সুন্দরবন দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কুলতলী ও মথুরাপুর ২নং ব্লকের সংযোগস্থল দিয়ে ঠাকুরান নদী বয়ে গিয়েছে। এই নদীর উপরে মাঝের খেয়াতে একটা ব্রীজ করবার জন্য ২০১৩ সাল থেকে কয়েকবার মাটি পরীক্ষা-নিরীক্ষা হয়েছে। কিন্তু এখনও পর্যন্ত কোনো সবুজ সঙ্কেত মেলে নি। সেই সাথে মণি নদীর উপর আর একটা ব্রীজ এই দুটো ব্লকের মধ্যে সেটা হচ্ছে ঢাকিরমুখ ব্রীজ, তার ৯০ ভাগ কাজ ২০১১ সালের আগে হয়ে গেছে, কিন্তু সেই ব্রীজ এখনও পর্যন্ত সম্পূর্ণ করা যায় নি। এই দুটো ব্রীজের কাজ অবিলম্বে শুরু করা এবং শেষ করার জন্য আমি বিভাগীয় মন্ত্রীর কাছে আবেদন জানচ্ছি।

শ্রী প্রদীপ কুমার সাহা : স্যার, আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর কাছে আবেদন করছি যে, ২০১৬ সালে এস.এস.সি.র যে পরীক্ষা সেই পরীক্ষা থেকে আপার প্রাইমারিতে এখনও পর্যন্ত নিয়োগ করা সম্ভব হয় নি। এদিকে গ্রাম বাংলার অসংখ্য জুনিয়ার হাইস্কুলগুলোকে বন্ধ করে দিতে হচ্ছে শিক্ষকের অভাবে। আমার বিধানসভা এলাকায় দুটো স্কুলে শিক্ষক না থাকার ফলে ছাত্রদের অন্য স্কুলে পাঠাতে হয়েছে। স্বাভাবিকভাবে মাননীয়া মুখ্যমন্ত্রী কিছু দিন আগে আপার প্রাইমারি, ওদের ধর্ণা মঞ্চে গিয়ে বলেছিলেন খুব দ্রুততার সঙ্গে তার নিস্পত্তি করা হবে। এটা যদি নিস্পত্তি না করা হয় তাহলে রাজ্যের শিক্ষা ব্যবস্থার উপর বিরাট আঘাত আসছে। তাই স্বাভাবিকভাবে দ্রুততার সঙ্গে এই শিক্ষক নিয়োগের দাবি রাখছি।

শ্রী রফিকুল ইসলাম মন্ডল : বসিরহাট উত্তর বিধানসভার অধীন ঘোড়ারস কুলীনগ্রাম গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত ঘোড়ারস দিঘি যা প্রায় ৩০/৩৫ একর জলাশয়বিশিষ্ট যেটি দীর্ঘদিন যাবৎ তত্ত্বাবধানবিহীন অবস্থায় পড়ে আছে। উক্ত জলাশয়টি যদি কোনো ব্যক্তি বা সংস্থাকে লীজ দেওয়া হয় অথবা সরকার নিজে মৎস্য চাষের উদ্যোগ নেয় তাহলে সরকারের বছরে একটা বিরাট পরিমাণ টাকা উপার্জন হয়। সে কারণে, উক্ত দিঘিটির অবিলম্বে কোনো ব্যক্তি বা সংস্থাকে মাছ চাষের জন্য লীজ দেওয়া বা সরকার যদি মাছ চাষের উদ্যোগ নেয় তার জন্য মাননীয় মৎস্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ স্যার।

মিঃ স্পিকার : শ্রী আমজাদ হোসেন, আপনি যেটা দিয়েছেন সেটার বিষয়বস্তু নিয়ে অলরেডি পুলিশ কেস ইনিসিয়েটেড করেছে। Subject matter is under investigation, so this cannot be raised here. Case has already been started. এটা হয়েছে। পুলিশ already action নিয়েছে। Police have taken action এবং এটা নিয়ে কেস স্টার্ট হয়েছে। আপনারা সবাই জানেন মামলা হয়েছে। এটা বিচারাধীন ব্যাপার এবং বিচারাধীন ব্যাপার তোলা যায় না। I disallowed that.

শ্রী সফিউল আলম খান : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে আমি খাদ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কান্দী, সেখানে কোনো শিল্প নেই। কৃষিকাজের উপর নির্ভর, তাই এখানে মূলত ধান চাষটাই আমাদের প্রধান কৃষি। ওখানে এই ধান চাষিরা ধান বিক্রির জন্য অপেক্ষা করছে, তাতে ধানগুলো নষ্ট হয়ে যাচ্ছে, কিন্তু তারা ধান বিক্রির কোনো রকম সুযোগ পাচ্ছে না। এখানে ১ লক্ষ ৪২ হাজার চাষির নাম নথিভুক্ত করা হয়েছে। তার মধ্যে ৬২ হাজার চাষির ধান সরকার কিনতে পেরেছে। তাই মহাশয়ের কাছে আমার বিনীত নিবেদন যে, যাতে এই চাষিরা ধানটা বিক্রি করতে পারে এবং সামনে যে চাষ ওদের হাতে পয়সা না আসলে সেই চাষটা করতে পারবে না।

চাষীরা যখন আপনার ধান বিক্রি করতে যায় তখন সমস্ত চাষিরই ধলতা যে ধান কুইন্টাল প্রতি তা বাদ দিয়ে দেওয়া হয়। সে ভালো ধানেরও বাদ দিয়ে দিচ্ছে আবার খারাপ ধানেরও বাদ দিয়ে দিচ্ছে। যারা ভালো ধানটা নিয়ে যাচ্ছে সেই চাষিরা কিন্তু ক্ষতিগ্রস্ত হচ্ছে। এই ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করছি, এটা মানবিকতার সঙ্গে একটু দেখলে ভালো হয়।

মিঃ স্পিকার : আপনি সরকারের দৃষ্টি আকর্ষণ করেছেন। সরকার has taken note of it. Please.

শ্রী তন্ময় ভট্টাচার্য : ধন্যবাদ, ধন্যবাদ স্যার। আমি এই সুযোগে মাননীয় মন্ত্রী ফিরহাদ হাকিমকে বিশেষ অভিনন্দন জানাব। একটু আগে ঘটা একটি অনভিপ্রেত ঘটনায় খুবই চমৎকারভাবে intervene করবার জন্য। আমি তাঁকে ধন্যবাদ জানাব আরো বেশি এই কারণে যে, তিনি সঠিকভাবেই বলেছেন যে, কিছু শব্দবন্ধ যার কোনো অর্থ নেই যা সাধারণত ছ্যাবলামি,

মিঃ স্পিকার : আপনি আপনার subjectটা বলুন please. আপনি যে বিষয়টা দিয়েছেন মেনশান কেসে সেটা বলুন। এটা মেনশান hour চলছে।

...(Noise)...

শ্রী তন্ময় ভট্টাচার্য : আমার যেটা মেনশান, সেটা হচ্ছে, Filling of ponds. একটু আগে মাননীয় মন্ত্রী বিগত সরকারের আমলে পুকুর ভরাটের কথা বলেছেন, আমি অস্বীকার করব না। বিগত সরকারের আমলেও পুকুর ভরাট হয়েছে। এই সরকারের আমলেও যে পুকুর ভরাট হয়েছে, এটা পালিয়ে যেন অস্বীকার করা না হয়। এই মুহূর্তে ৫০ নম্বর কমল পার্ক, বিরাটি, কলকাতা ৫১। আজকে এই মুহূর্তে পুকুর ভরাট হচ্ছে মাননীয় মন্ত্রী ব্যবস্থা নিন। এই মুহূর্তে বিরাটিতে ২০ নম্বর ওয়ার্ড, চার বার পুকুর ভরাটের প্রয়াস হয়েছে। চার বার বাধা দিয়ে আটকেছি। চার বারই অন্য একজন মন্ত্রীর হস্তক্ষেপে পুকুর ভরাটের ব্যবস্থা হয়েছে। আটকানো হয়নি - চার বারই। আমি আপনাকে আগেও বলেছিলাম মাননীয় মন্ত্রীকে ব্যক্তিগত পর্যায়ে যে, আপনারা যে বেলঘরিয়া এক্সপ্রেসওয়ে বানিয়েছেন তার সার্ভিস রোডের ধার ধরে যে জলাভূমি ছিল সেই জলাভূমি দিনের পর দিন একটু একটু করে ভরাট হচ্ছে। অনুগ্রহ করে ব্যবস্থা নিন। আপনার ওই কথাটা আমি মেনে নিলাম। আমার এই অনুরোধটা আপনি রক্ষা করবেন। ধন্যবাদ।

মিঃ স্পিকার : সি পি এম এবং কংগ্রেস ব্যাপার নয়। উনি যেটা বলেছেন, ওয়াটার বডিজ যেগুলো রয়েছে সেগুলো ফিল আপ করাটা মাননীয় মন্ত্রী নিজেই বলেছেন। এটা কোনো ব্যাপার না।

শ্রীমতী জাহানারা খান : ধন্যবাদ স্যার, আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের শিল্প দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে, অন্ডাল বিমানবন্দর দশ বছর হল চালু হয়েছে এবং সেখানে বর্গাদাররা যারা আছে - এক হাজার বগাদার পরিবার, তাদেরকে আগে কথা দেওয়া হয়েছিল যে, তারা ওই বিমানবন্দরের পাশে এক কাঠা করে জমি পাবে এবং তাদের ছেলেমেয়েদেরকে প্রশিক্ষণ দেওয়া হয়েছিল বিভিন্ন কাজের জন্য। কিন্তু দশ বছর হয়ে গেল তাদের পরিবারের ছেলেমেয়েরা কোনো কাজ পায় নি এবং তারা এক কাঠা করে জমিও পায় নি। প্রায় সময় তারা আন্দোলন করছে। তাই আমি সদনে আপনার মাধ্যমে মন্ত্রীর কাছে বলতে চাই যে, বিমান বন্দর কর্তৃপক্ষের সঙ্গে রাজ্য সরকারের শিল্পমন্ত্রী আলোচনা করে তাদের

যোগ্য যে পাওনাটুকু আছে তারা যাতে পেতে পারে তার জন্য ব্যবস্থা করলে খুবই ভালো হয়। ধন্যবাদ স্যার।

শ্রী শেখ ইব্রাহিম আলি : ধন্যবাদ স্যার, আপনার মাধ্যমে আমি রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, আমার জেলা পূর্ব মেদিনীপুর জেলার কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্র, যেখানে বিদ্যুৎ উৎপাদন এখন তলানিতে এরকম একটা অবস্থায় গত ৭ই ফেব্রুয়ারিতে কতিপয় দুষ্কৃতি পাওয়ার প্ল্যান্টের ভেতরে ঢুকে আধিকারিকদের উপর মারধর করে।

[12:30 – 1:30 p.m.(Including Recess)]

এবং যিনি যুক্ত তৃণমূলের ব্লক সভাপতি দিবাকর জানা গ্রেপ্তার হলেও অসংখ্য দুষ্কৃতিকে এখনও গ্রেপ্তার করা হয়নি। অবিলম্বে যাতে কোলাঘাট তাপ বিদ্যুৎ কেন্দ্রে শান্তির ব্যবস্থা ফিরে আসে তার জন্য আমি রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি এবং দোষীদের কঠোর শাস্তির দাবি করছি।

শ্রীমতী মিতালী রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, কোচবিহার এবং জলপাইগুড়ি জেলার সীমান্তে ধূপগুড়ির বরাঘড়িয়া অঞ্চলের অন্তর্গত, গানডারা, টোকরাই এবং কুমলাই নদীর সংযোগস্থলে যেটি দোমুখা নামে পরিচিত, সেখানে একটি ব্রীজ নির্মাণের জন্য পূর্ত দপ্তর উদ্যোগ গ্রহণ করে এবং ডি.পি.আর. ডিজাইন তৎপরতার সঙ্গে করলেও এটি কবে নাগাদ নির্মাণ কাজ শুরু হবে, এই বিষয়ে আমি স্যার, আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, ধন্যবাদ।

শ্রী ইদ্রিস আলি : Hon'ble Speaker, Sir, I am deeply grateful to you for giving me the scope. আমার একটা ছোট্ট আবেদন। সেই আবেদনটি হচ্ছে আমার উলুবেড়িয়ার পূর্ব কেন্দ্রে বাউড়িয়াতে একটি নজরুল ভবন করার জন্য আমি সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীকে আপনার মাধ্যমে আপিল করছি, নমস্কার।

জিরো আওয়ার

শ্রী মোস্তাক আলম : (নট প্রেজেন্ট)

শ্রী সমর হাজরা : স্যার, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রাজ্যে বেআইনি অস্ত্রে এবং অস্ত্র যেগুলো নিয়ে কিছু মানুষ, দুষ্কৃতকারীরা দাপাদাপি করে বেড়াচ্ছে। সর্বত্র এটা হচ্ছে। আমি রাজ্যের মন্ত্রীসভার ও স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এটা প্রশাসনিক তরফ থেকে কীভাবে অস্ত্র উদ্ধার করা যায় সেটা দেখার জন্য আমি এই দাবি করছি স্যার।

শ্রী মনোজ চক্রবর্তী : স্যার, ধন্যবাদ আপনাকে। স্যার, হয়ত আপনিও দেখে থাকবেন বা হাউসের সবাই দেখে থাকবেন। গতকাল যেভাবে হঠাৎ করে দিল্লিতে হেরে যাওয়ার পর গ্যাসের দাম এক লাফে ১৪৯ টাকা করে দেওয়া হল,মানে আজকে মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্তের

হাঁড়ি চাপানোর দায় হয়ে যাচ্ছে। এমন জায়গায় নিয়ে যাচ্ছে যে ১৪৯টাকা এক লাফে - আপনি ভাবতে পারেন ! আমি সেই জায়গায় দাঁড়িয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি এবং এই বিধানসভার সমস্ত সদস্যকে বলছি, দলমত নির্বিশেষে এর বিরুদ্ধে তীব্র ধিক্কার এবং তীব্রভাবে এর প্রতিবাদ জানানো হোক,এটা আমার আবেদন আপনার মাধ্যমে স্যার। তাই অবিলম্বে গ্যাসের দাম কেন্দ্রীয় সরকারকে কমাতে এই বিধানসভা থেকে সিদ্ধান্ত নেওয়া হোক, আমরা এখানে চিঠি লিখে জানাই যাতে করে গ্যাসের দাম কমাতে হবে। ধন্যবাদ স্যার।

শ্রী মোস্তাক আলম : স্যার, আপনার মাধ্যমে জানাই ভারতবর্ষের মাটিতে কেন্দ্রীয় সরকার যে অরাজকতার রাজনীতি চালাচ্ছে, গতকালকে দিল্লি বিধানসভার যে রায় বেরিয়েছে তাতে সি.এ.এ., এন.আর.পি., এন.আর.সি.এর বিরুদ্ধে জনগণ রায় দিয়েছে। সংবিধান রক্ষার্থে গণতন্ত্রের পক্ষে। *** আপনার মাধ্যমে দিল্লিবাসীকে আমরা শুভেচ্ছা জানাতে চাই এবং ***

মিঃ স্পিকার : লাস্ট লাইন দুটো বাদ যাবে। প্লীজ, দিল্লির সরকারের যে কথাগুলো উনি বললেন, পুলিশ টুলিশ সম্বন্ধে বললেন, ওই পোর্শানটা বাদ যাবে। ধন্যবাদ জানানোটা ঠিক আছে, that is a different matter হাউসের মাধ্যমে, কিন্তু ওইগুলো যাবে না। আমজাদ এটা আজকে আর হবে না, ইট'স নট টু ডে।

(At this stage the House was adiourned till 01:30 pm)

[1:30 – 1:40 p.m.]

After Adjournment

Discussion On Governor's Address

Mr. Speaker : Hon ble Members, today is the second day of the Discussion on Motion of thanks in reply to Governor's Address. Yesterday, there was a lively discussion in which fourteen members took part. I would expect that the members who will participate in the discussion will do so in a lively manner and preserve the dignity and decorum of the House.

শ্রী ভূপেন্দ্রনাথ হালদার : থ্যাঙ্ক ইউ স্যার। ভারতীয় সংবিধানের ১৭৬ নং অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের ষোড়শ বিধানসভার পঞ্চদশ অধিবেশনে পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল শ্রী জগদীপ ধনখড় মহাশয় গত ৭ই ফেব্রুয়ারি এই মহতী সদনে যে ভাষণ রেখেছিলেন, সেটার ওপরে যে আলোচনা গতকাল থেকে শুরু হয়েছে, আজকে তার দ্বিতীয় দিন। আজকে আমরা সেই আলোচনায় অংশগ্রহণ করছি। তারই পরিপ্রেক্ষিতে কিছু কথা এই সদনে তুলে ধরব। স্যার, রাজ্যপাল মহাশয় যে ভাষণ রেখেছিলেন প্রত্যেকটি কথা আমরা এই পবিত্র সদনে শুনেছি এবং

*** অধ্যক্ষের আদেশক্রমে বাতিল

তাঁর যে ভাষণ বই সেই বইটাও আমি পুঙ্খানুপুঙ্খভাবে পড়ে যেটুকু বুঝতে পেরেছি, শেষের দিক থেকে আমার কথাগুলো আমি তুলে ধরব। ঠিক ১৫নং পাতায় যে কথাটা তুলে ধরা আছে - অত্যন্ত সঙ্কটময় মুহূর্তে আমাদের এই অবস্থান - এই মুহূর্তে আমাদের দেশ একটি সঙ্কটজনক সন্ধিক্ষণে এসে দাঁড়িয়েছে। সংবিধান প্রণেতারা যে নীতি, আদর্শ ও মূল্যবোধগুলিকে সমুচ্চ স্থান দিয়েছিলেন সেগুলি আজ চ্যালেঞ্জের মুখোমুখি। গণতন্ত্রে সংখ্যাগরিষ্ঠতার ভিত্তিতে সরকার গঠন করা হলেও সরকারের উচিত সব শ্রেণির মানুষের নিরাপত্তা ও ভাবাবেগকে সম্মান জানানো। অত্যন্ত সুন্দরভাবে এই কথাগুলি তুলে ধরা হয়েছে। কিন্তু বাস্তবে পরিস্থিতি আজকে অত্যন্ত সঙ্কটময়। ভারতবর্ষের পাশাপাশি আমাদের রাজ্যেও ঠিক একই অবস্থা। অবশ্যই ভারতবর্ষের মধ্যে আমাদের এই রাজ্য। আমাদের এই যে নীতি, আদর্শ, মূল্যবোধ এই কথাগুলি আস্তে আস্তে হারিয়ে যাচ্ছে এটা অস্বীকার করার নয়। এই পবিত্র সদনে কিছুক্ষণ আগে যে প্রশ্নোত্তর পর্ব চলছিল, সেখানে মাননীয় মন্ত্রী ফিরহাদ হকিম সাহেব একটি সুন্দর কথা বলেছেন। এটাই তো আমরা চাই যে পরিবেশটাকে গড়তে হবে। আজকে পরিবেশ যদি ভালো না হয় এই পরিবেশের কুফলে কিন্তু প্রত্যেকেই আমরা জর্জরিত হ’ব।

তার জন্য তিনি পরিবেশবান্ধব অনেক কথা তুলে ধরলেন। গণতান্ত্রিক পরিবেশ - যে গণতান্ত্রিক পরিবেশের উপরে আমাদের রাজ্যের সকল মানুষ শান্তিতে থাকবে, ভালো থাকবে, সুন্দর থাকবে - সেই গণতান্ত্রিক পরিবেশ আজকে বিঘ্নিত হয়েছে। যে কথাগুলো আমি তুলে ধরবো এই পবিত্র সদনে আজকে সেই গণতান্ত্রিক পরিবেশ নষ্ট হচ্ছে। সেই মূল্যবোধের নীতি আদর্শ কোথায় ? গতকাল আমরা দেখলাম পরিষদীয় মন্ত্রীকে তেড়ে আসতে। এটা পেপারে, খবরে ছয়লাপ হ’ল। বিধানসভার অন্দর যেটাকে আমরা মনে করি গণতন্ত্রর পীঠস্থান, মন্দির-মসজিদ, সেখানে এই অবস্থা হলে মানুষের কাছে কি বার্তা যাবে। এটা অত্যন্ত বেদনাদায়ক। গত ৯ তারিখে এই হাউসে এস.সি., এস.টি. বিলের উপরে যে আলোচনা ছিল আমরা সেখানে দেখলাম, NRC প্রসঙ্গ আসতে বামফ্রন্টের দলনেতা সুজন বাবুকে যেভাবে উক্তি করা হয়েছিল সেটা ভালো নয়। তাই আমরা মনে করি, এই পবিত্র সদনে পবিত্রতা রক্ষা করা যেমন আমাদের কর্তব্য সেই রকম বাইরের পরিবেশটাকে রক্ষা করার দায়িত্বও আমাদের সকলের। আমরা গণতন্ত্রের কথা বলছি, আজকে পশ্চিম বাংলার গণতন্ত্র কোথায় গেছে। এটাই কি গণতন্ত্র, আমরা প্রতিটি মুহূর্তে শুনতে পাই বিরোধী শূণ্য করে দিতে হবে। কংগ্রেসকে সাইন বোর্ডে পরিণত করে দিতে হবে, বামফ্রন্টকে সাইন বোর্ডে পরিণত করে দিতে হবে। প্রতিটি মুহূর্তে একটাই হুঙ্কার বিরোধী দলকে শূণ্য করে দিতে হবে। স্যার, বিরোধী ছাড়া কি এই সদন চলতে পারে? বিরোধী ছাড়া কি রাজ্য ভালো থাকতে পারে? আমরা মনে করি যাঁরা এই হুঙ্কার দিচ্ছেন, তাঁদের এই অহঙ্কার বন্ধ হওয়া দরকার কারণ বিরোধী ছাড়া এই সদন চলতে পারে না। কালকে এই হাউসে একটি সুন্দর নিদর্শন আপনি রেখেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কালকে ঘটনাটা ঘটে যাওয়ার পরে আপনি তৎক্ষণাৎ যেভাবে আপনার কক্ষে ডেকে বিষয়টি নিয়ে আলোচনা করলেন এটা অত্যন্ত আনন্দজনক। এটাইতো আমরা চাই। গণতন্ত্র রক্ষার নামে আমরা যারা শপথ

নিয়েছি, আমরা প্রতিটি মুহূর্ত কি গণতন্ত্র রক্ষা করতে পারছি। কিসের গণতন্ত্র ? আমরা রিগিং শব্দটা আগে শুনেছিলাম। ২০১১ সালের পঞ্চায়েত নিবার্চনে আমরা দেখলাম সেই রিগিং শব্দটা কতভাবে ব্যবহার করা যায়। নমিনেশানে রিগিং - নমিনেশান করতে দেব না। নমিনেশান হওয়ার পরে পঞ্চায়েতের ভোটের দিন রিগিং, ছাপ্পা ভোট। তার পরে আমরা দেখেছি কাউন্টিং হলে রিগিং। এমনও নিদর্শন আছে যে পিস্তল দেখিয়ে উইনিং সার্টিফিকেট লেখানো হয়েছে, সেই নিয়ে এখনও মামলা চলছে। এটার নাম কি গণতন্ত্র ? আজকে নির্বাচিত প্রতিনিধিদের ঠাঁই নেই। একটা দল থেকে নির্বাচিত হওয়ার পরেও, জোর করে পঞ্চায়েত দখল করা হচ্ছে। পঞ্চায়েত সমিতির মেম্বার, জেলা পরিষদের মেম্বার, সকল কিছুর দখলদারি নিতে হবে। এমনকি এম.এল.এ., এম.পি.কেও নিতে হবে। এটা অত্যন্ত বেদনাদায়ক। আমরা এই বিধানসভায় যারা নির্বাচিত হয়ে এসেছিলাম, তাদের মধ্যে অনেকে দলবিরোধী কার্যকলাপ করার পরেও তাদের আজকে শাস্তি হচ্ছে না। তারা দলবিরোধী কার্যকলাপ করেও দিব্যি এখনো ঘুরে বেড়াচ্ছে, তারা বহাল তবিয়তে বসে রয়েছে।

[1:40 – 1:50 p.m.]

এটা যদি আইন হয় সেই আইন বলে তাদের শাস্তি পাওয়া উচিত। আজকে যদি তাদের শাস্তি না হয় আগামী দিন এই পশ্চিমবঙ্গটা কোন পথে যাবে? তাই আমি এই শব্দটা পড়ে খুব আনন্দিত হয়েছি। যদি হয়, গণতন্ত্রে সংখ্যাগরিষ্ঠতার ভিত্তিতে সরকার গঠন করা হলেও, সরকারের উচিত সব শ্রেনির মানুষের নিরাপত্তা ও ভাবাবেগকে সম্মান জানানো, অত্যন্ত ভাল কথা লিখেছেন, কিন্তু বাস্তবে এটা প্রমাণ করতে হবে - ভাবাবেগ। জেলায় জেলায় প্রশাসনিক সভা হয় স্যার। প্রত্যেকটা জেলায় সভা হয়। সেই সভায় আমরা বিরোধী বিধায়করা আমন্ত্রণ পাই না। এটা অত্যন্ত দুঃখজনক। প্রত্যেকটা জেলায় সভা হচ্ছে। আপনি খোঁজ নিয়ে দেখুন। বিরোধী দলের বিধায়ককে আমন্ত্রণ জানানো হয় না। কথা বলার সুযোগ নেই। আজকে আই.সি.ডি.এস, যে আই.সি.ডি.এস. - এর ওপর নির্ভর করে, যখন মাননীয়া প্রাক্তন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী এই প্রকল্পটি করেছিলেন, তার উদ্দেশ্যই ছিলো শিক্ষা জগতের ভিত, যে ভিতটার ওপরে নির্ভর করে গরীব মানুষের ছেলেমেয়েরা ভবিষ্যত তৈরি করার স্বপ্ন দেখবে। সেই আই.সি.ডি.এস. - এ যখন চেয়ারম্যান ছিলেন নিবাচিত প্রতিনিধি, সেই ব্লকের এম.এল.এ. - রা সেখানে আমরা দেখলাম হঠাৎ করে সেখান থেকে এম.এল.এ. - দের সরিয়ে দিয়ে জেলার একজন, যে কোনো একজন ব্যাক্তিকে মাথার ওপরে প্রত্যেকটা আই.সি.ডি.এস. - এর চেয়ারম্যানের জায়গায় বসিয়ে দিলেন, অর্থাৎ আই.সি.ডি.এস. - গুলোর অবস্থাটা হচ্ছে, সেখানে কিন্তু বিরোধীরা যদি সভাপতিত্ব করতেন তাহলে লড়াই করে সেই জায়গাটায় নিয়ে যেতে পারতেন। এক নায়কতন্ত্র চলছে। স্কুলের কমিটিগুলোর কি অবস্থা? দলতন্ত্র চলছে। আজকে এই অবস্থা থেকে যদি স্যার আমরা বেরিয়ে আসতে না পারি তাহলে আগামী দিনে অবস্থা আশঙ্কাজনক। আমাদের অনেক উন্নয়নের কথা এখানে বলা হয়েছে। প্রচুর উন্নয়ন,অবশ্যই। আমি অস্বীকার করছি না। উন্নয়নমূলক পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। কিন্তু উন্নয়নের বাস্তবতাটা কোথায়? এই গভীরে

যেতে হবে স্যার। আজকে বাস্তবতাটা কোথায়? আজকে আমি যদি এই প্রসঙ্গে বলি, যদি উন্নয়ন এতই হয়ে থাকে, এত উন্নয়ন হয়েছে তাহলে জোর জুলুম কেন? পঞ্চায়েতের দখলদারী কেন? গত নিবার্চনে, ২০১৯ সালের নিবার্চনে এই গণতন্ত্রকে টুটি চেপে হত্যা করার জন্য এই পশ্চিমবঙ্গের মানুষ কিন্তু একটা শক্তির জন্ম দিয়েছে। আজকে যে শক্তির জন্ম হয়েছে, আমরা সবাই চিৎকার চেঁচামেচি করছি একটা শক্তিকে নিয়ে। ভারতবর্ষের একটি দল, সাম্প্রদায়িক শক্তির উত্থান হয়েছে এই পশ্চিম বাংলায়, ৩৪ বছর পশ্চিম বাংলায় ক্ষমতায় ছিলো বামফ্রন্ট। আপনারা বামফ্রন্টের ৩৪ বছর ৩৪ বছর বলে চিৎকার করেছেন। ৩৪ বছর ক্ষমতায় থেকেও এই বি .জে. পি. - র বা এই সাম্প্রদায়িক শক্তির উত্থান হয়নি। তারা ৫, ৬ বা ৭ শতাংশর বেশি ভোট পায় নি আর আজকে ৪০ শতাংশ ভোটে গিয়ে পৌঁছেছে। কারণটাই হচ্ছে যে গণতন্ত্রকে গলা টিপে হত্যা করা। কংগ্রেসকে সাইন বোর্ডে পরিণত করা, সি.পি.এম. বামফ্রন্টকে সাইন বোর্ডে পরিণত করা। এটা আমাদের বর্তমান সরকার যাঁরা আছেন তাঁরা বুঝতে পারলেন না, যে সব দলকে সাইন বোর্ডে পরিণত করে বিরোধী শূন্য করতে গিয়ে গোবরের ওপরে পদ্ম ফুল ফুটলো এই পশ্চিমবঙ্গে। ১৮ খানা সিট নিয়ে ৪০ শতাংশ ভোটে গেছে। আজকে আপনারা চিন্তিত হচ্ছেন? আরও চিন্তার কারণ বাড়িয়ে দিচ্ছেন যতদিন আপনারা এইভাবে গণতন্ত্রকে লুঠ করবেন, গণতন্ত্রের টুটি চেপে ধরবেন মানুষ কিন্তু আতঙ্কিত হয়ে একটা তৃতীয় শক্তির জন্ম দিয়েছে। তাই আমরা বলবো, যে, আসুন আগামী দিনে, আজকে উন্নয়নের বার্তা নিয়ে দিল্লিতে প্রমান করে দিয়েছে মানুষ উন্নয়নের পক্ষে। আর আজকে যদি প্রকৃত উন্নয়ন এই পশ্চিমবঙ্গের বুকে হয়ে থাকে তাহলে আগামী দিনেও হয়তো আপনাদের ফিরিয়ে নিয়ে আসবে। কিন্তু প্রকৃত উন্নয়ন এই পশ্চিমবঙ্গে হচ্ছে না। আজকে কোন দপ্তরের কথা বলবো? আপনার যে দপ্তরগুলো, কালকেই আমাদের মন্ত্রী পান্ডে বাবু বলছিলেন, যে বেকার ছেলেদের এস.বি.এস.কে.পি. লোন দিয়ে তাদের স্বনির্ভর করা হচ্ছে। প্রকৃত অর্থে কি তাই? সেখানে লোন পাচ্ছে না। ব্যাঙ্ক খবরদারী করছে কাকে লোন দেবো আর কাকে দেবো না। পি.আই.ইউ. হবার পরেও আমরা একটা প্রজেক্ট ইমপ্লিমেন্টেশান ইউনিটে থাকার পরেও সেখানে কিন্তু আমরা নাম পাঠানোর পরেও ব্যাঙ্ক নিজের ইচ্ছে মতো যাকে খুশি লোন দিচ্ছে।

এবং নিজের খুশিমত বাদও দিচ্ছে অর্থাৎ প্রকৃত লোন নিয়ে যারা স্বাবলম্বী হতে চায় তারা লোন পাচ্ছে না। যাই হোক আমার সময় শেষ হয়ে আসছে, অনেক কথা ছিল, শেষ কথা এই কথাই বলব যে উন্নয়ন যদি প্রকৃত অর্থেই হত তাহলে উন্নয়ণের পক্ষে মানুষ ভোট দিত আগামী দিনে আপনারা বিতাড়িত হতেন না। আপনারাও চিন্তিত আপনাদের উন্নয়ন সত্যিই কি উন্নয়ন, যার জন্য আপনাদেরকে ভাড়াটিয়া করে অ্যাডভাইসরি নিয়োগ করতে হচ্ছে যে আগামী দিনে ভোটের বৈতরণী কিভাবে পার হব। এটাই প্রমাণ যে প্রকৃত উন্নয়ন হয় নি বলেই একজন অ্যাডভাইসারি, উপদেষ্টাকে আমদানি করা হচ্ছে ভাড়াটিয়া হিসাবে, যে আগামী দিন আপনাদের ‘বৈতরণী পার করতে হবে। তাই আমি বলি, যে আগামী দিন এই গণতন্ত্রকে রক্ষা করার দায়িত্ব এই মন্দির-মসজিদ এই পবিত্র সদনে, আপনারা সতর্ক হোন গণতন্ত্রকে রক্ষা করুন নাহলে

আগামীদিনে বিপজ্জনক অবস্থায় আসছে, সেই বিপজ্জনক অবস্থা থেকে মুক্তি পাবেন না। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ স্যার।

শ্রী ব্রজমোহন মজুমদার : মাননীয় স্পিকার মহোদয়, আজ ১২ই ফেব্রুয়ারি, তারিখটা উল্লেখ করলাম এই জন্যেই যে আজকে এমন দুই জন কবির জন্মদিন ছন্দের যাদুকর সত্যেন্দ্রনাথ দত্ত এবং কবি সুভাষ মুখোপাধ্যায় - দুইজনেই বাংলার উন্নতির কথা, বাংলার রূপছবির কথা, সাম্প্রদায়িক ঐক্যের কথা - যেগুলো আমাদের রাজ্যপালের ভাষণে ধ্রুবপথ, সেগুলো ছন্দিত আকারে উপস্থাপিত করেছিলেন, তাঁদের সেই ছন্দেরই গদ্যের রূপায়ণ এই রাজ্যপালের ভাষণ। মনে হয় আমরা যখন আলোচনা করি, সংক্ষিপ্ত পরিসরের মধ্যে, আলোচনা গীত-কবিতা বিস্তৃত হওয়া প্রয়োজন। যদি মাত্র ১২ মিনিটে সংক্ষিপ্ত সনটের মধ্যে তার অঞ্জলি গাঁথতে হয়, নিঃসন্দেহে তা খুব কষ্টকর ব্যাপার। এতৎসত্বেও আমি বিক্ষিপ্ত আলোচনায় না গিয়ে, যে ধারাবাহিকতার পথ ধরে আজকে রাজ্যপালের ভাষণ উপস্থাপিত হয়েছে ৭ই ফেব্রুয়ারি, যে ধারাবাহিকতার পথ ধরে আমাদের মাননীয় পরিষদীয় মন্ত্রী ডঃ পার্থ চট্টোপাধ্যায় অভিনন্দনসূচক প্রস্তাব এনেছেন। যে ধারাবাহিকতার মধ্যে দিয়ে সেই প্রস্তাবের সমর্থনে এবং রাজ্যপালের ভাষণের উপর আলোচনার প্রেক্ষিতে, একটা আলোচনার দুয়ার মাননীয় স্পিকার খুলে দিয়েছেন তার জন্য ধন্যবাদ জানাচ্ছি। আমি দেখছিলাম, যখন প্রথম সৃষ্টি হল রাজ্যপালের ভাষণ ১৯৫১ সাল থেকে, সেই একই ধারাবাহিকতা এবং কি বিচিত্র তার সমাপতন। সেদিন উত্থাপিত হয়েছিল রাজ্যপালের ভাষণের উপর আলোচনা ৮ই ফেব্রুয়ারি - আর ২০২০র ৭ই ফেব্রুয়ারি উচ্চারিত হল আমাদের রাজ্যপালের ভাষণ। সেদিনের রাজ্যপাল ছিলেন, Dr. Kailash Nath Katju,আর আজকের রাজ্যপাল জগদীপ ধনখড় মহাশয় তিনি বক্তব্য রেখেছেন। আমরা অনেকে আশা করেছিলাম, হয়'তো আশঙ্কা করেছিলাম যে একটা কিছু ঘটবে, কত উত্তাপ, কত তাপ, মধ্যদিনের রক্ত নয়নকে অন্ধ করে দিয়ে আসছেন, কেন আলো নেভানো, কেন বাতি নেভানো, কেন সন্ত্রস্থ হওয়া, তাহলে রাজ্যপাল কি বিদ্রোহ করবে। আমরা অনেকে উগ্রীব হয়েছিলাম, স্বস্তিতে কাটল, সৌজন্যের বাতাবরণে এসে তিনি ভাষণ রাখলেন, আসন গ্রহণ করলেন, জাতীয় সংগীতের সঙ্গে সুর মেলালেন, হাত বাড়ালেন, করমর্দন করলেন, চা আপ্যায়ণে আপ্যায়িত হওয়ার জন্যে সদলবলে গেলেন। এই পরিবেশ ছিল, কিন্তু সেই রাজ্যপালের ভাষণ যখন আমাদের কাছে এল আলোচনার জন্যে, তখন আমরা বিক্ষিপ্ত আলোচনা করতে আরম্ভ করলাম। কখনও কখনও বললাম, এ অতি-কথনের দোষে দুষ্ট, যা হয়নি বাড়িয়ে বলছেন, কখনও বললাম অকপটের দোষে দুষ্ট। কখনও বললাম অনেক কথা এর মধ্যে নেই, অনেক দুর্ঘটনা, অনেক আইনশৃঙ্খলার অবনতির নজির এর মধ্যে নেই।

[1:50 – 2:00 p.m.]

অনেক আইন-শৃঙ্খলার অবনতির নজির এর মধ্যে নেই - বলে তারা ক্ষিপ্ত হয়ে উঠলেন। কিন্তু যখন পাঠ হল, যখন অভিনন্দনসূচক প্রস্তাব উত্থাপিত হল, তখন মৌন সম্মতি লক্ষণম্

- এই অজুহাতে তারা চুপ করে রইলেন। আজ দাঁড়িয়ে আমার মনে হচ্ছে, আমরা কিন্তু বিক্ষুব্ধ হয়ে বেরিয়ে যাচ্ছি। আমরা কেউ ঠিক আলোচনার মধ্যে সীমাবদ্ধ থাকছি না। কি আছে এই ১৬ পাতার রাজ্যপালের অভিভাষণের মধ্যে ? আমরা কি একবারও বিশ্লেষণ করে দেখেছি ? কোনো কথাটি কি অসত্য, অর্ধসত্য না সত্য ? এর পরীক্ষা আমরা করব না? যে প্রকল্পের মালা গেঁথে সেই সত্যেন্দ্রনাথের কবিতার মত "মুক্ত বেণীর গঙ্গা যেথায় মুক্তি বিতরে রঙ্গে। আমরা বাঙালি বাস করি সেই তীর্থে বরদ বঙ্গে"। যেখানে মুক্তি বিতরণ করছেন বঙ্গমাতা, সেখানে মমতা বন্দোপাধ্যায় আমাদের মুখ্যমন্ত্রী উন্নয়নের মালা সাজিয়ে দিচ্ছেন, কন্টকের শয্যায় শুয়ে আছেন, তীরে তাঁকে বিঁধছে, তিনি উত্তর দিচ্ছেন - 'যতই মারো আমাকে তীর, ভালে আমি মেরেছিনু চৈত্রে ফোটা কুসুমের ডালে / তারি প্রতিবাদে ফুল ঝরিল এই স্পর্ধিত কপালে, নিয়ে এই বিবাগের দান, এ বসন্তে, চৈত্র মোর হল অবসান। যত বেশি তাঁকে কন্টকিত করবার চেষ্টা হয়েছে, মিথ্যা করার চেষ্টা হয়েছে, যত বেশি পশ্চিম বাংলাকে নোটবন্দী, নেটবন্দী করে রাখার চেষ্টা হয়েছে, যত বেশি সাম্প্রদায়িক জিঘাংসার কথা উচ্চারিত হয়েছে, তত বেশি সুরেলা কণ্ঠে জীবনের জয়গান গেয়েছেন বিভিন্ন প্রকল্পের মাধ্যমে ফুল উপহার দিয়ে। এ কি তাঁর অপরাধ ? এটা কি অসত্য ? যদি আমরা বেরিয়ে যাই, "যজ্ঞ শালার খোলা আজি দ্বার", সেই দুয়ার দিয়ে বেরিয়ে চলো, ১৬ পাতার রাজ্যপালের ভাষণের এইটুকু ছোট্ট অংশে নয়, ভোলা মন নিয়ে খোলা চোখ নিয়ে পশ্চিম বাংলায় বেরিয়ে পড়ো, দেখো, এখন কোথায় কি চলছে, কোথায় রূপশ্রী, কোথায় ঐক্যশ্রী, কোথায় কণ্যাশ্রী, কোথায় সবুজ সাথী, চলছে কিনা। সেই বালকগুলো যারা যাচ্ছিল নগ্ন পদে, খালি গায়ে, উপোস করে, সেই বিদ্যালয় পথে, তাদের পা পাদুকায় ভরেছে কিনা, তাদের গা জামায় ভরেছে কিনা, তাদের পেট অন্নে ভরেছে কিনা। খোঁজ নাও, বেরিয়ে পড়ো। যদি প্রমাণ করতে পারা যায় সত্যি হয় নি, নিঃসন্দেহে। যদি খুঁটিনাটি কোথাও হয়, দু-একটা আইন-শৃঙ্খলার অবনতি হয়, জঙ্গলমহলে সেই নিত্য কি শোনা যাচ্ছে দুর্ঘটনার কথা, মৃত্যুর কথা, হত্যার কথা ? দার্জিলিংয়ে কি মাঝে মাঝে শোনা যায়নি জীবনের কথা, জয়ধ্বনির কথা ? পর্যটকরা কি আবার আনন্দ করে যান নি? এ কি মিথ্যা ? রাজ্যপালের ভাষণে আমরা কি বলব ? রাজ্যপালের ভাষণ তো কোন রকম কোনো সরকারের অলঙ্কৃত সম্ভাষণ নয় ? বরঞ্চ একটি মাটির সরকারের, মা-মাটি-মানুষের সরকারের বিনম্র প্রতিবেদন দিয়েছেন, তাঁর এই কৃতির প্রতিবেদন দিয়েছেন এই ভাষণের মধ্য দিয়ে। আমরা ৭০ টি অনুচ্ছেদে বিশ্লেষিত এই ভাষণ যদি সত্যি সত্যি স্ক্রুটিনাইজ করি, বিশ্লেষণ করি আমরা প্রমাণ করি, দেখতে পাব, এর মধ্যে অনেক কথা এমন আছে, যে কথাগুলো সত্যি এখনও কিছু আছে বাকী, এখনও কিছু করা দরকার। অত্যন্ত সঙ্গতভাবে আমার আগের বক্তা মাননীয় সতীর্থ একটা প্রস্তাব তুলেছেন, একটা কথা বলেছেন, সবার মধ্যে থেকে একটা বেছে নিয়েছেন সেই কথাটি আমি পুনরাবৃত্তি করব এই অর্থে, সত্যি সত্যিই এই তো জিস্ট, আমরা বস্তু হিসাবে কি পেলাম, কতটা জামা, কতটা কাপড়, কতটা বস্ত্র পেলাম, নিশ্চয়ই জানব। কিন্তু যারা আমার জীবনের ছন্দ কেড়ে নিচ্ছে আমাদের আনন্দের, দস্যুতা করে আমার আনন্দকে চুরি করছে, তাদের বিরুদ্ধে আমি

সোচ্চার হব না ? আমার সাম্প্রদায়িক সম্প্রীতি যারা ভাঙছে, তাদের বিরুদ্ধে আমি সোচ্চার হব না ? যারা আমার ধর্মবোধ, ধর্মচেতনতাকে বারেবার খানখান করে দিচ্ছে, তাদের বিরুদ্ধে আমরা সজাগ হব না ?

আজকের এই বিধ্বংসী কেন্দ্রীয় সরকার সবচেয়ে বড় যে কাজ করেছে হাতে, ভাতে, আঁতে আমাদের শুধু মারেনি, সংবিধানকে লঙ্ঘন করেনি আমাদের জীবনী শক্তিকে হরণ করছে। জীবন তো শুধু খাদ্যে নয়, শুধু বস্ত্রে নয়, শুধু বাসস্থানে নয়, কোনো নিজস্বী ছোট্ট নীড়ে নয় জীবন মুক্ত আনন্দে। সেই মুক্ত আনন্দের যে জীবন - আনন্দধারা বইছে ভূবনে সেই কর্মবোধকে ছিনিয়ে নিচ্ছে, কর্মচেতনাকে হত্যা করছে। আমাদের গর্ব, আমরা যে কথা বলতে চাই, মা মাটি-মানুষের সরকার যে কথা বলতে চায় সেই কথাটা এটাই যে, আমাদের ধর্ম প্রদীপ হয়ে আলো দেবে, তোমাদের পথ দেখাবে। আমাদের ধর্ম আগুন হয়ে পুড়বে না, তোমাকে পোড়াবে না। আমাদের গর্ব ভীতির হুঙ্কার নয় আমাদের গর্বের মধ্যে জীবনের ঝঙ্কার। আমরা জীবন বুঝি তাকেই যে জীবন যেমন, খাদ্যে, শস্যে পূর্ণ হবে। সে জীবন তেমনি ছন্দে, আনন্দে সরগরম থাকবে। এই তো জীবন, এই তো জিনিস। এই কথা নিঃসন্দেহে আমাদের এই ছোট্ট ভাষণের মধ্যে ব্যবহৃত হয়েছে এবং বার বার উচ্চারিত হয়েছে। অনেকে বলছেন এবং বলা খুব স্বাভাবিক, এতো রাজ্যপালের ভাষণ নয় এতো দ্বিচারিতা। আমি কালকে শুনেছি, কেউ কেউ বলেছেন, এটা দ্বিচারিতা। যে রাজ্যপাল নিন্দে করছেন আইন-শৃঙ্খলার অবনতি সেই রাজ্যপাল এইখানে সদনে এসে বলছেন, আইন-শৃঙ্খলা সত্যি সত্যি সুস্থিতি। এখানে তাঁর দ্বিচারিতা। তার উত্তরে আমাদের স্নেহাশিষ বাবু দিয়েছেন যে, বাইরে যেটা বলেছেন রাজ্যপাল সেইটি তাঁর কর্মের কথা, তাঁর মর্মের কথা, তাঁর রাজনীতির কথা। কিন্তু সদনে এসে যেটা বলবেন সেটা সত্য কথা, তাঁর মর্মের কথা। এবং এ কথা কে না জানে সেই ১৯৫১ সাল থেকে চলে আসছে, মুখ্যমন্ত্রী লিখে দেন ভাষণ, রাজ্যপাল পাঠ করেন। এবং পাঠ করতে গেলে বার বার বলেন, 'আমার সরকার, আমার সরকার', 'আমার গভর্ণমেন্ট, আমার গভর্ণমেন্ট'। তেমনি করে কিছু কিছু দিয়েছেন। আমি বার বার বহু জায়গায় বলেছি। বাজেটের সঙ্গে এই মিল, এই মিল জগতে হয়। কেন হয়? কিছুই নয়। রাজ্যপালের ভাষণ যে কোনো বাজেটে একটি আগমনী গান। রাজ্যপালের ভাষণ প্রমাণ করে দেয় আমরা কেমনভাবে আছি, কেমনভাবে ছিলাম, কোত্থেকে উন্নতি করলাম। রাজ্যপালের ভাষণ আমাদের প্রত্যাশা পূরণের দলিল হিসাবে কাজ করে। আর বাজেট আমরা কেমনভাবে থাকব, কি কি করবো, কি কি শপথ গ্রহণ করবো, সংখ্যাতত্ত্ব হিসাবে অনুযায়ী কেমনভাবে কাজ করবো তারই বিশ্লেষণ করে। আমি এই রাজ্যপালের ভাষণকে সমর্থন করি এই জন্যই কারণ এই রাজ্যপালের ভাষণ আমাকে একটি শব্দ থেকে উত্তরিত করবার চেষ্টা করেছে। এই রাজ্যপালের ভাষণের মধ্যে এমন অনেক সৃষ্টির মন্ত্র আছে সেই মন্ত্র শুধু কবিতার ছন্দ নয়, জীবনের আনন্দ এবং পরিপূর্ণ, সর্বাঙ্গীন জীবনের একটা আহ্বান। আমি সর্বাঙ্গীন জীবনের যিনি আহ্বান করেছেন রাজ্যপালের সেই ভাষণকে আমি সমর্থন করছি। আমি আমাদের এই অঞ্চলের মানুষকে, এই সদনের মানুষকে সবাইকে সমর্থন করছি। শুধু ভেবে নিন, রাজ্যপাল যে কথা

বলেছেন, সরকারের কথা, আমাদের মুখ্যমন্ত্রীর কথা, স্বপ্নের কথা, শপথের কথা। যদি সত্যি মেনে নিতে নাও পারেন, মনে নিতে না পারেন অন্তত মেনে নিন, মেনে নিন। নমস্কার।

Mr. Speaker : মাননীয় সদস্যগণ, আগামীকাল বনদপ্তর থেকে সংবাদ দিয়েছেন, আমাদের বিধানসভায় তাঁরা একটা মেডিশিনাল প্ল্যান্টের ওপর একটি বই, সেই সঙ্গে এক শিশি মধু এবং একটা গাছ দেবেন আমাদের মাননীয় সদস্যদের জন্য। আপনারা কাউন্টার থেকে কালেক্ট করে নেবেন।

Shri Sk. Amjad Hossain : স্যার, আপনার মাধ্যমে মাননীয় রাজ্যপাল যে ভাষণ পাঠ করেছেন সেই বিষয়ে যা বলার স্যার। বিধানসভার শুরুতে রাজ্যপালের ভাষণ এটা আমাদের সাংবিধানিক নীতি। সরকারের প্রস্তুত করা ভাষণই রাজ্যপাল পাঠ করবেন।

[2:00 – 2:10 p.m.]

এর মধ্যে স্যার নতুন কিছু নেই। যেটা ব্রজমোহনবাবু বললেন তা ঠিকই স্যার। এবারে মাননীয় রাজ্যপালের ভাষণের আগে স্যার একটা গরম হাওয়া তৈরি হচ্ছিল। যা গর্জন হচ্ছিল তাতে তো বর্ষে ভেসে যাওয়ার কথা; আমরা আশঙ্কিত হচ্ছিলাম। কিন্তু স্যার তার পরে যা দেখলাম, কিছুদিন আগে আপনারাও দেখেছেন সংবাদ মাধ্যমে এসেছিল, আমার হুগলী জেলার কোন্নগরে স্যার, হাওড়া থেকে ট্রেনে গেলে মিনিট ২০ লাগবে, বলছে বাঘ বেরিয়েছে কোন্নগরে। সবাই আতঙ্কিত হয়ে যাচ্ছে, বাচ্ছারা বেরোচ্ছে না। মানুষ রাতে বাড়ীর বাইরে বেরোচ্ছে না। বন দপ্তরের লোক গেল। সব খুঁজে, তল্লাশী করে দেখা গেল যে ওটা বাঘের থাবা নয়, বন বিড়ালের থাবা। ওটা বাঘ নয় স্যার বন বিড়াল। আসলে হালুমের গর্জন হবে বলে আমরা ভেবেছিলাম। যাইহোক, সেই গর্জন না হয়ে, ওটা বাঘ না হয়ে ঐ কোন্নগরের হাল হল স্যার। বিগত কয়েক বছর যাবৎ এ রকম সেটিং দেখতে পাওয়া যাচ্ছে শুধু প্রধানমন্ত্রীর সাথেই নয়।

কিন্তু যেটা এই মাননীয় রাজ্যপালের ভাষণের ওপর বলার সেটা হচ্ছে, যেমন রাজ্যের ভালো কথা আছে তেমনি জাতীয় পর্যায়ের বিপর্যয়ের কথাও থাকার কথা। আবার বিশেষ করে এই মুহুর্তে, যখন আমাদের গোটা দেশের সংবিধানটাকে একটা নির্বাচিত সরকার, আমাদের দেশের সংবিধানের প্রিঅ্যাম্বলে যা কিছু বলা আছে স্যার, সাংবিধানিক অধিকার, গণতন্ত্র, ধর্মনিরপেক্ষতা, সাম্প্রদায়িক সম্প্রীতি, যুক্তরাষ্ট্রীয় কাঠামো, এগুলোর মূলে আঘাত হানতে চাইছে স্যার। এই সমস্ত বিষয়গুলো, দেশের সাংবিধানিক এই সমস্ত যা কিছু আছে সেখান থেকে একেবারে আমাদের যে উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের কর্তৃত্ব পর্যন্ত দখল করতে চাইছে বর্তমান এই দিল্লির সরকার। এই সমস্ত কথাগুলো তো মাননীয় রাজ্যপালের ভাষণের মধ্যে দিয়ে বলানো যেত। অন্তত এ বছর যখন বলছেন 'আমরাই নেতৃত্ব দিচ্ছি আর কেউ নেই' তখন তো বলিয়ে নিতে পারতেন। তখন এই কথাগুলো বললেন না কেন ? আসলে ওরা যে দোষে দুষ্ট সেই দোষে আপনারাও দুষ্ট স্যার। এটাই হচ্ছে আসল কথা স্যার। স্যার একজন মুক্তমনা, একজন যুক্তিবাদী সে একক মানুষ হতে পারে, গৌরী লঙ্কেশ, কালবুর্গী, পানসারে তারা পর্যন্ত রেহাই পাচ্ছে না। তেমনি এখানেও স্যার

সারের দাম জানতে চাইলে শিলাদিত্যকে জেলে চলে যেতে হয়। এখানে স্যার তানিয়া ভরদ্বাজের মত একজন ছাত্রী প্রশ্ন করলে তাকে মাওবাদীতে আখ্যায়িত হ'য়ে দেশ ছেড়ে চলে যেতে হয়। একই দোষে দুষ্ট হয়ে আছেন আপনারাও। উনি যদি তিলক টেনে নেন তো আপনারা হিজাব টেনে নিচ্ছেন। তিলক চওড়া করে হিন্দুদের দায়িত্ব নিতে চাইছেন। এখানে ওড়না তত নিচে নামছে। পারলে আপনি মুসলমানদের খালা সেজে যান। তো স্যার ওখানে 'জয় শ্রীরাম' আছে তো এখানে 'ইনসাল্লাহ' আছে। ওখানে মন্দির আছে। হ্যাঁ স্যার, এই মন্দিরের কথা যদি বলেন স্যার, আমার দেশের ধর্ম নিরপেক্ষতা নিয়ে আমি অহংকার করি। আমি গর্ব করি স্যার যে আমার বাপ-ঠাকুরদাদা, তাদের বাপ-ঠাকুরদাদারা সেদিন সঠিক সিদ্ধান্ত নিয়েছিলেন। আমাদের সামনে পাকিস্তানে চলে যাওয়ার অপশান ছিল স্যার। কিন্তু যখন পাকিস্তানে চলে যাচ্ছে আমাদের দেশের স্বাধীনতা সংগ্রামের বীর সেনানীরা, দেশ স্বাধীন হওয়ার পর যাঁরা দেশ গড়তে নেতৃত্ব দিচ্ছেন, পণ্ডিত জওহরলাল নেহেরু থেকে, সর্দার বল্লভভাই প্যাটেল থেকে মৌলানা আবুল কালাম আজাদ-রা, তাঁরা বলেছিলেন, ওটা ইসলামিক রাষ্ট্র হতে পারে কিন্তু ভারতবর্ষ ধর্মনিরপেক্ষ দেশ, কেন আপনারা এই দেশ ছেড়ে যাবেন? আপনারা চাইলে থাকতে পারেন। আমার বাপ-ঠাকুরদার বাপ-ঠাকুরদারা সঠিক কথাই বলেছিলেন। আমাদের বাপ-ঠাকুরদারা সেদিন দাঁড়িয়ে পাকিস্তানকে প্রত্যাখান করেছিলেন। বলেছিলেন 'এটাই আমার দেশ'। এই দেশের মাটিতে আমার বাপ-দাদার দফন হয়েছে। আমরা এখানে জন্মেছি আমাদেরও দফন এই মাটিতেই হবে। স্যার, সঠিক সিদ্ধান্ত নিয়েছিলেন তাঁরা। তার আমরা প্রমাণ পেলাম কোথায় ? যে নেতারা আমাদের বলেছিলেন এই দেশে থাকুন আপনারা তখন এই রকমই একটা মন্দিরের সঙ্কট তৈরী হয়েছিল। আজকের এই RSS, হিন্দু মহাসভা, যাদের গর্ভে জন্ম, এই জনসঙ্ঘীরা সেদিন দাবি করেছিলেন সোমনাথ মন্দিরকে যখন সুলতান মামুদ দখল করে নিয়েছিল, জোর করে মসজিদ বানিয়েছিল তারা মন্দির ফেরত চেয়েছিল। হ্যাঁ, মন্দির ফেরত দেওয়া হয়েছিল। কিন্তু এই জনসঙ্ঘীরা বলেছিল সরকারের টাকায় মন্দির গড়তে হবে আর ভারতের প্রথম রাষ্ট্রপতি ডক্টর রাজেন্দ্রপ্রসাদ ঐ মন্দির উদ্বোধন করবেন। কিন্তু তখন এই সেকুলার কান্ট্রি ভারতবর্ষ, তার নেতা মহাত্মা গান্ধী বলেছিলেন 'হিন্দুদের যথেষ্ট পয়সা আছে, একটা ধর্মনিরপেক্ষ রাষ্ট্রে সরকার টাকা দিয়ে মন্দির বানাবে না। আর, তার প্রধানমন্ত্রী পন্ডিত জওহরলাল নেহেরু বলতে পেরেছিলেন যে এই দেশটা ধর্ম নিরপেক্ষ দেশ। তার রাষ্ট্রপতি ঐ মন্দিরের দ্বারোদঘাটন করবেন না।

সঠিক সিদ্ধান্ত নিয়েছিলেন আমাদের বাপ-ঠাকুরদারা। আসলে তাঁদের মন্দিরের নামে ভোট চায় না স্যার। সেদিন মন্দিরের নামে ভোট চাননি। কিন্তু এখন যাঁরা মন্দির মন্দির করছেন, তাঁরা মন্দিরের নামে ভোট চাচ্ছেন। হ্যাঁ ঠিক বলছেন। পরের কথাটা এরকম শান্তির সাথে শুনতে হবে। ওরা যেমন মন্দিরের নামে ভোট চাইছে আপনিও তেমনি ইমাম ভাতা, মুয়াজ্জম ভাতার নামে ভোট চাইছিলেন। ২০১১ সালে হ্যাঁ ঠিক বামফ্রন্ট সরকার ইমাম ভাতা, মুয়াজ্জম ভাতা দেয় নি স্যার। কিন্তু দেয় নি বলে কি গোটা পশ্চিম বাংলায় লাখ লাখ মসজিদ ববি হাকিম সাহেব বসে আছেন, আমি আছি এখানে গাঁয়েতে এক একটা পাড়ায় চারটে পাঁচটা

মসজিদ আছে স্যার। একটা মসজিদ দেখাতে পারবেন যে ৩৪ বছরে ইমাম ভাতা সরকার দেয় নি বলে সেই মসজিদে ইমাম পাওয়া যায় নি নমাজ পড়ানোর? মুয়াজ্জিম ভাতা সরকার দেয়নি বলে সেই মসজিদে আজান পড়েনি? যেরকম মহাত্মা গান্ধী বলতে পেরেছিলেন হিন্দুরা নিজেদের মন্দির বানিয়ে নিতে জানে তেমনি মুসলমানরা নিজেদের ইমামদের পুষতে জানতো, মুয়াজ্জিমদের পুষতে জানতো। ৩৪ বছরে কাউকে মসজিদের বারান্দায় ভোট চাইতে হয় নি, মন্দিরের বারান্দায় ভোট চাইতে হয় নি। কারণ রাজ্য সরকারটাও ছিল ধর্মনিরপেক্ষ সরকার। আর আপনাদেরকে ভোট চাই ইমাম ভাতার নামে, মুয়াজ্জিম ভাতার নামে তার জন্য ওড়না লাগাতে হয়, তার জন্য ইনসা আল্লা বলতে হয়। এই জায়গাটা ওদের সঙ্গে আপনারাও বাংলায় চওড়া করেছেন বিজেপিকে ঢুকিয়ে দেওয়ার জন্য। এই জন্য রাজ্যপালকে দিয়ে এই কথা বলান নি স্যার। স্যার, এত কিছুর পরেও গোটা পৃথিবীর সামনে শিকাগোতে ধর্ম সম্মেলন সেখানে ভারতবর্ষকে চিনিয়েছিলেন যিনি সেই স্বামী বিবেকানন্দ দেড়শো বছর আগে বলেছিলেন আমি গর্বিত যে, আমি যে দেশকে প্রতিনিধিত্ব করি সেই দেশ এই পৃথিবীর সব ধর্মের এবং সব দেশের অত্যাচারিত ও উদ্বাস্তুদের আশ্রয় দিয়ে এসেছে। কিন্তু বর্তমানে আমাদের ধর্মনিরপেক্ষ গণতান্ত্রিক সংবিধানকে পরিবর্তন করে ভারতকে এক ধর্মীয় রাষ্ট্রে রূপান্তরিত করার অভিযান চলছে। তার জন্য দিল্লির সরকারের ধ্বংসাত্মক পথে ভারতবর্ষকে নিয়ে যাওয়ার জন্য এগোচ্ছে। ধর্মের নামে বিভাজনের পথ আমাদের শত্রুদেরকে উৎসাহিত করবে, আমাদের বরং ক্ষতিই করবে স্যার। তবে এইখানে দাঁড়িয়ে স্যার, আবার আমাদের অহংকার যখনই কোনো শক্তি আমার দেশের মাটিতে এই বিভেদের বীজ বোনার চেষ্টা করেছে আমার দেশের মাটি সেই বীজকে উগলে দিয়েছে, বমি করেছে স্যার। দেখেছেন ঝাড়খণ্ডের পরে আবার দিল্লিতে গত বার প্রমাণ হয়েছিল – যারা গালি দিয়েছিল, যারা গুলি মারার কথা বলেছিল মানুষ তাদের ঝাড় মেরে বিদায় করেছে স্যার। স্যার, ক্রোনোলজিটা বুঝতে হবে। দিল্লি দেখিয়েছে কানহাইয়া কুমার, ঐশী ঘোষ জে.এন.ইউ., জামিয়া মিলিয়া থেকে শুরু করে যে প্রদীপের সলতে তারা জ্বালিয়েছিল আজকে সেই প্রদীপের সলতে এমন শিখা জ্বালিয়েছে যে লুঙ্গি দেখনেওয়ালাকে দিল্লিতে আজকে লুঙ্গি ড্যান্স করতে হচ্ছে। স্যার এই পরিস্থিতি তৈরি হয়েছে। স্যার, এই পরিস্থিতিতে দাঁড়িয়ে যা ওনারা করছেন তাই স্যার এখানেও হচ্ছে। স্যার, আইনশৃঙ্খলা – রাজ্যপালের ভাষণে বলেছেন স্যার, যে আইন শৃঙ্খলার পরিস্থিতি শান্তিপূর্ণ ছিল। আরে এই সবে লোকসভা ভোট গেল। লোকসভার ভোটে নদীয়াতে এক ভদ্রমহিলা আমার বোনের বয়সী,আমার চেয়েও বয়সে ছোট, কোলে বাচ্চাকে নিয়ে ভোট চেয়ে বেড়াচ্ছে। তার স্বামী সত্যজিৎ বিশ্বাস কোন দলের এম.এল.এ. ছিলেন? খুন হয়েছেন স্যার। আরেকজন এ.এল.এ.– আমি খুশী হয়েছি, আমি খুশী কারণ উনি বেঁচে গেছেন কেননা একই সংগে একই কমিটিতে আছি। আরেকজন জয়নগরের এম.এল.এ., বিশ্বনাথ দাস কি ভাগ্যি গাড়িতে ছিলেন না স্যার। গাড়িটা গেছে পেট্রল পাম্পে তেল ভরতে, ভেতরে যারা ছিলেন বোমা পড়ে গেল, তিনজন মারা গেল। স্যার, এমএলএ-রা খুন হয়ে যাচ্ছে। আর আপনি রাজ্যপালকে দিয়ে বলাচ্ছেন আইন শৃঙ্খলার পরিস্থিতি নাকি

শান্তিপূর্ণ, এটা দ্বিচারিতা স্যার। এটা সত্য ভাষণ বলছেন স্যার? পঞ্চায়েতের ভোট বিস্তারিত বলার সময়ও নেই, দরকারও নেই স্যার। গোটা রাজ্যের মানুষ দেখেছে স্যার। বিজেপিকে গালাগালি দিচ্ছি হ্যাঁ সঠিক, ত্রিপুরাতে ৯৬ ভাগ আসন বিনা প্রতিদ্বন্দ্বিতায় জিতেছে আর পশ্চিম বাংলায় দাঁড়িয়ে আপনারা যারা মা-মাটি-মানুষের কারবার করেন আপনারা ৩৪ ভাগ আসন বিনা প্রতিদ্বন্দ্বিতায় জিতেছেন স্যার। আমি চারিদিকের উদাহরণ দেব না।

[2:10 – 2:20 p.m.]

আমার হুগলী জেলায় আরামবাগে সবাই দেখেছে মহিলারা প্রার্থী হবে বলে গেছে, তাদের মুখে কালি লেপে দেওয়া হয়েছে। তাদের শাড়ি খুলে দেওয়া হয়েছে। আর স্যার, গণতন্ত্রের কি পরিহাস। যে ঐ মহিলার শাড়ি টেনে খুলে দিয়েছিল, কয়েক মাস পরে দেখা গেল তার লাশ রাস্তার ধারে পড়ে আছে তৃণমূলের নেতা শেখ মুকতার আলি। যে মহিলার শাড়ি টেনে খুলে দিয়েছিল, এখন তার লুঙ্গিটা টেনে দেওয়ার লোক নেই। এই হল পশ্চিম বাংলার আইন শৃঙ্খলার পরিস্থিতি। আজকে বলা হচ্ছে জঙ্গল মহল হাসছে। একবার বলবেন এই জঙ্গল মহলে যাদেরকে সিঁড়ি করে আজকে এই মসনদ দখল করেছেন, সেদিন ওরা কোথায় ছিল ? তাদেরকে সাথে নিয়ে দখল করেছেন। এটা কেন তুললাম স্যার কারণ আবার আমরা অশনি সংকেত দেখছি। আমরা দেখেছি স্যার, যখন প্রয়োজন ফুরিয়েছে তখন কিষাণজী হয়েছে। প্রয়োজন ফুরিয়েছে যখন ছত্রধর মাহাতোকে জেলে থাকতে হয়েছে। আবার ছত্রধর মাহাতোর প্রয়োজন হয়ে পড়েছে, আবার তাকে নিয়ে গেছেন কিন্তু দেখবেন যেন ফ্রাঙ্কেনস্টাইন না হয়ে যায়। বলছেন পাহাড় হাসছে, অরূপদাও হাসছে ঠিক কথা স্যার কিন্তু একবার বলবেন সেদিন যারা পাহাড়ে মা বলে ডেকেছিল, তাদের নেতাকে আজকে পাহাড়ে দেখতে পাওয়া যাচ্ছে না। কর্মসংস্থান নিয়ে অনেক বড় বড় কথা বলেছে। কর্মসংস্থান নিয়ে যে কথা বলল, ৪০% কর্মসংস্থান কমেছে। গত এক বছরে বলেছেন ৯ লাখ ১১ হাজারকে চাকরী দিয়েছেন, অথচ গতকাল মন্ত্রী বলছেন - আপনাদের হিসাব অনুযায়ী ১ কোটি ২০ লাখ বেকারের চাকরী হল। আর মন্ত্রী বলছে, এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে নথীভূক্ত বেকারের সংখ্যা এখনও ৩৪ লক্ষ। আসলে কোনটা সত্যি কথা এখানে বলেছেন, একটাও খুঁজে পাওয়া যাচ্ছে না। স্যার, গুড গভর্নেন্সের কথা বলা হয়েছে। রাজ্যপালকে দিয়ে লেখালেন গুড গভর্নেন্স চলছে। আর মুখ্যমন্ত্রীর লোকসভা ভোটের পর কপালে ভাঁজ পড়ে গেছে, নেতাদের বাড়ি ঘেরাও হয়ে গিয়েছিল আর রাজ্যপালকে দিয়ে বলাচ্ছেন গুড গভর্নেন্স। আর মুখ্যমন্ত্রী বলছেন কাট মানির দল। কাট মানি খেয়ে ফাঁক করে দিয়েছেন। তাই গোটা ভাষণ অসত্য ভাষণে ভর্তি। তাই এই ভাষণের বিরোধিতা করে, সকলকে ধন্যবাদ জানিয়ে আমার কথা শেষ করছি।

শ্রী শীলভদ্র দত্ত : মাননীয় স্পিকার মহোদয়, ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের ষোড়শ বিধানসভার পঞ্চদশ অধিবেশনে পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল জগদীপ ধনখড় কর্তৃক প্রদত্ত ভাষণকে সম্পূর্ণ সমর্থন জানিয়ে কয়েকটি কথা বলতে চাইছি। স্যার, রাজ্যপালের ভাষণের শুরুতে আমি প্রথমে ভারতবর্ষের ইতিহাসে আবার নতুন করে একটা

ঘটনা ঘটেছে যা প্রমাণ করে দিয়েছে ভারতবর্ষ যেখানে ছিল সেখানেই আছে। আমাদের সংস্কৃতি, ভগবান বুদ্ধের সংস্কৃতি, আমাদের সংস্কৃতি চৈতন্যের সংস্কৃতি। আমাদের সংস্কৃতি রামকৃষ্ণের সংস্কৃতি, বিবেকানন্দের সংস্কৃতি, কবীরের সংস্কৃতি, রবীন্দ্রনাথের সংস্কৃতি, নজরুলের সংস্কৃতি যে ধারা আমাদের যে জায়গায় রেখেছিল, সেই জায়গাতে আছে। ভারতবর্ষ বারে বারে আক্রান্ত হয়েছে। বারে বারে বিদেশী শক্তি ভারতবর্ষকে আক্রমণ করেছে, লুঠ করেছে, আমাদের মধ্যে ঝগড়া লাগানোর চেষ্টা করেছে কিন্তু ভারতবর্ষের মানুষ, ভারতবর্ষের সংস্কৃতিকে বাঁচিয়ে রেখেছে। নতুন করে ধর্মীয় একটা দল যে দলটা ভারতবর্ষের ভ্রাতৃত্বের ভাঙ্গন ধরাতে চেয়েছিল যে দলটা আমাদের মধ্যে ভাঙ্গন ধরাতে চেয়েছিল কালকে দিল্লির মানুষ প্রমাণ করে দিয়েছে কোনো ধর্মীয় বাতাবরণে নয়, আমরা ভারতবর্ষের সংস্কৃতিকে বাঁচিয়ে রাখার জন্য বিজেপির অমিত শাহদের সরিয়ে দিয়ে নতুন করে ধর্মীয় নিরপেক্ষ শক্তিকে জিতিয়েছে তাই দিল্লির সমস্ত মানুষকে ধন্যবাদ জানাচ্ছি। আজকে রাজ্যপালের ভাষণের শুরুতে বক্তৃতা দিতে গিয়ে ভূপেনবাবু বললেন গণতান্ত্রিক পরিবেশের কথা। স্যার, এখন নাকি গণতান্ত্রিক পরিবেশ থাকছে না। গণতান্ত্রিক পরিবেশ যদি না থাকতো বিধানসভার অলিন্দে, বিধানসভার বাইরে বাংলার মুখ্যমন্ত্রী এবং তাঁর পরিবারকে নিয়ে অসত্য ভাষণ দেওয়ার পরেও সে মানুষগুলো ঘুরে বেড়ায়। গণতান্ত্রিক পরিবেশ আছে বলেই এটা সম্ভব। স্যার, গণতান্ত্রিক পরিবেশের কথা বলেছেন ভূপেনবাবু এবং আমজাদও বলেছে গণতান্ত্রিক পরিবেশ পঞ্চায়েতের ইলেকশানে বলে ভোট করতে দেওয়া হয় নি। আমরা জোর করে দখল করেছি। ত্রিপুরার চেয়ে আমরা খারাপ। অনেক কিছু বললেন।

স্যার, আমি জানিনা ১৯৯০ সালে, আমজাদ আমার থেকে অনেক ছোট হবে, কিন্তু ৯০ সালে নিশ্চয় আমজাদ হোসেন পলিটিক্সে ছিল, ছাত্র রাজনীতি করেছে। এখানে তাপস রায় মহাশয় আছেন। তাপস রায় কলকাতা কর্পোরেশানের ইলেকশানে দাঁড়িয়েছিলেন ৪৮ নম্বর ওয়ার্ড থেকে। তাপসদারা ভুক্তভোগী স্যার। আমজাদদের দলের মানুষরা ৯০ সালের মিউনিসিপ্যাল কর্পোরেশান ইলেকশানে, কলকাতা কর্পোরেশান ইলেকশানে যেভাবে ভোট করেছে, সেটা কি গণতন্ত্র ছিল ? ১৯৯১ সালের বিধানসভায় গণতান্ত্রিক কোন উপায়ে ভোট হয়েছিল ? ১৯৯৮-সালের পঞ্চায়েত ইলেকশানে আমজাদ বলে গেল প্রার্থী দেওয়া হয়নি। ভূপেন্দ্রনাথবাবু বললেন পঞ্চায়েত নির্বাচন দখল হয়েছে। আরামবাগের কত মানুষ প্রার্থী দিতে পেরেছিলেন ? বিরোধী দলকে আরামবাগে প্রার্থী দিতে দেওয়া হয়েছিল কি ? আমজাদ ভাইয়েরা কি সে কথা বলবেন। ভোটের সময় বা ভোটের দিন খুন হয়েছে। আমার যেখানে অরিজিনাল বাড়ী বলাগড়ে, গুপ্তিপাড়াতে তখনকার কংগ্রেস কর্মী খুন হয়েছেন ভোটের দিন। সেটা কি গণতান্ত্রিক পরিবেশ ছিল ? পানিহাটী পুরসভা দখল করেছেন। আমাদের উল্টোদিকে বসে আছেন মাননীয় মানস মুখার্জী। জিজ্ঞাসা করুন কি ডায়লগ দিয়েছিলেন সেদিন। জিজ্ঞাসা করুন মানসবাবুকে, ওটা কি গণতান্ত্রিক পরিবেশ ছিল ? এই কথাগুলো বলতে গেলে আমি রাজ্যপালের ভাষণের মধ্যে ঢুকতে পারব না। জাঙ্গীপাড়া, নন্দীগ্রাম, নেতাই, সিঙ্গুরে যদি ঢুকতে যাই, সিঙ্গুর যদি গণতান্ত্রিক সভ্যতার লক্ষণ হয়ে থাকে তাহলে আমার কিছু বলার নেই। আমি

এই কথাগুলোই বলতে এসেছি। আমজাদ হোসেন বলতে গিয়ে ধর্ম নিরপেক্ষতার কথা বলল। আমজাদ হোসেন ইমাম ভাতা, মোয়াজ্জেম ভাতা – সেগুলো দিয়ে আমরা ধর্মনিরপেক্ষতার মূলে আঘাত করেছি। আমজাদ বলছিল যে ইমামদের ভাতা দিতে হয় নি, বামফ্রন্টকে ভোট দেওয়ার জন্য ভাতা দিই নি। গত দু'দিন আগে একজন ইমাম সাহেব আমার কাছে এসেছিলেন। তিনি আমাকে বলছিলেন যে টাকা পায় তাতে চলে না। আমাকে যদি একটু কাজের ব্যবস্থা করে দিতে পারেন, বিবাহ রেজিস্ট্রার করতে পারেন তাহলে আমার পক্ষে ভাল হয়। আমি বললাম আমি জানিনা নিয়মটা কি, জেনে নিই তারপরে আপনাকে বলব। কিন্তু আমজাদ হোসেন যেটা জানে না বা জেনেও বলেননি ইমাম ভাতা, মোয়াজ্জেম ভাতা রাজ্য সরকার দেয় না,ওটা ওয়াকফ বোর্ড দেয়, ওয়াকফ বোর্ডের টাকা। আমজাদ হোসেন যেটা বলতে গেছিল, শুধু ইমাম ভাতা, মোয়াজ্জেম ভাতার কথা বলেছে, কিন্তু আমজাদ যেটা চেপে গেছে। সেটা হচ্ছে ব্রাহ্মণদের যে মাসিক টাকা দেওয়া শুরু হয়েছে, সেটাও সরকার দেয় না, সেটাও দেয় মন্দিরের ট্রাস্ট। তবে একটা ব্যাপারে আমি মাননীয় মন্ত্রী ফিরহাদ হাকিমকে ধন্যবাদ দেব। মন্দিরের পূজারীরা টাকা পাচ্ছেন, মসজিদের ইমাম, মোয়াজ্জেমরা টাকা পাচ্ছেন। কিন্তু আমরা জানি ব্রাহ্মণ সম্প্রদায়ের মধ্যে একদল ব্রাহ্মণ আছেন, যাদের আমরা অগ্রদানী ব্রাহ্মণ বলি। শ্মশানে যাদের কাজ আছে, পিণ্ডদানের সময়ে যাদের লাগে, সে মানুষগুলো কিন্তু বেশি টাকা পায় না। আমি মাননীয় মন্ত্রী ফিরহাদ হাকিমকে ধন্যবাদ দেব। তিনি সেই দিকটা দেখেও ওই মানুষগুলোকে প্রতিদিন ৩৫০ টাকা করে দেওয়ার ব্যবস্থা করেছেন। এর থেকেই প্রমাণ হয় তৃণমূলের সরকার, মা মাটি মানুষের সরকার, মমতা ব্যানার্জীর সরকার মানুষের জন্য কাজ করতে চায়। প্রতিদিন ৩৫০ টাকা করে দিলে মাসে ৯ হাজার টাকার বেশি হয়। এটা কি আমজাদরা জানে, নাকি বলতে চায় না। এখানে স্বাস্থ্য দপ্তরের রাষ্ট্রমন্ত্রী আছেন। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী ২০১১ সালের পর থেকে মানুষের কল্যাণের জন্য চেষ্টা করছেন। আমি ভূপেনবাবুকেও দেখলাম, আমজাদকেও দেখলাম কাজের কথায় ঢুকল না, অন্য কথা বেশি বলে চলে গেল কারণ কাজের কথায় ওদের বলার কিছু নেই। স্যার আপনি এবং এখানকার সকলেই জানেন আমার নিজের লিভার ট্রান্সপ্ল্যান্ট হয়েছে গত বছর ৯ই ফেব্রুয়ারীতে। আমি হরিয়ানার একটি হসপিটাল থেকে করিয়েছি কারণ বাধ্য হয়ে আমি বাইরে গেছিলাম। এখানে থাকলে মানুষের দেখতে যাওয়াতে স্বাস্থ্যের অবনতি হত। তাই এখানকার ডাক্তাররাই বলেছেন আপনি এখানে করবেন না। কিন্তু স্যার আপনি জানেন আমাকে যে টাকা দিতে হয়েছিল, কিন্তু আমি গর্বিত আমার সরকারের জন্য।

[2:20 – 2:30 p.m.]

আমি গর্বিত মমতা ব্যানার্জীর জন্য, আমি গর্বিত তৃণমূল কংগ্রেসের জন্য। পশ্চিম বাংলায় পি.জি হাসপাতালে যে কোনো ট্রান্সপ্ল্যান্টে, সরকারী যে কোনো হাসপাতালে যে কোনো ট্রান্সপ্ল্যান্ট সে কিডনী হোক, লিভারই হোক, হার্ট -ই হোক একটা পয়সাও লাগে না। এটা মাথায় আসেনি যখন ওই দিকের মানুষগুলি সরকারে ছিলেন। এটা মাথায় আসেনি কংগ্রেসের মানুষগুলির যে ভারতবর্ষের সরকারে এবং বিভিন্ন রাজ্যে সরকারে থাকা সত্ত্বেও, এই কথা এদের মাথায়

আসেনি। যে মানুষটার মাথায় এসেছিল তাঁর নাম মমতা ব্যানার্জী। সেই কথাটা রাজ্যপাল বললে কি ভুল করেছেন ? আমি এই কথাটাই জিজ্ঞাসা করতে এসেছি। দেখুন SNCU-এর কথা, SNSU-এর কথা, আমাদের CCU -এর কথা। আজকে শিশু মৃত্যুর হার কমেছে কারণ ২০১১ সাল অবধি সারা পশ্চিম বাংলার একটাও SNSU ছিল না। আজকে ৩০০টার উপরে SNSU হয়েছে। ছয়টা SNCU ছিল আজকে ৭০টা SNCU হয়েছে। আজকে সাব-ডিভিশন হসপিটাল-গুলিতে পর্যন্ত CCU হচ্ছে। ভাবতে পেরেছিলেন ? ভারতবর্ষের কটা সরকার ভেবেছিলেন ? বিনা পয়সায় dialysis হচ্ছে। ভাবতে পেরেছিলেন ? বিরোধী পক্ষে দাঁড়িয়ে যখন সমালোচনা করছেন, তৃণমূল কংগ্রেসের সমালোচনা করছেন, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর সমালোচনা করছেন, মন্ত্রীদের সমালোচনা করছেন তখন একবারের জন্য ভেবেছেন আপনারা কি বলছেন ? দুই টাকা কিলো দরে চাল – আজকে ৯ কোটি মানুষের মধ্যে ৭ কোটির উপর মানুষ হয়তো কেন্দ্রীয় সরকারের প্রকল্পে টাকা পাচ্ছেন। কিন্তু বাকি যে মানুষগুলি ৯ কোটির মধ্যে বাকি যে মানুষগুলি প্রায় এক কোটির উপরে মানুষ, দেড় কোটির মতন মানুষ তারা যে টাকায় দান সংগ্রহ হচ্ছে, খাবার সংগ্রহ হচ্ছে তার অর্ধেক দামে পাচ্ছেন। ভাবতে পেরেছেন ? আমাদের একটি চাষিও যেন অভাবে ধান বিক্রি না করেন তার জন্য পশ্চিমবঙ্গের সরকার কত লক্ষ মেট্রিক টন ধান সংগ্রহ করছেন। আজকে সাড়ে তিনশোর উপরে ধান কেনার জন্য কেন্দ্র তৈরি হয়েছে। আজকে পশ্চিম বাংলার গরিব মানুষগুলি সস্তায় খাবার পায়, সস্তায় জিনিস কিনতে পারে তার জন্য অনেক সস্তার দোকান তৈরি হয়েছে। হিসাব রেখেছেন ? কন্যাশ্রী প্রকল্প -কেন্দ্রীয় সরকারও করেছে ‘বেটি বাঁচাও, বেটি পড়াও’। প্রায় ৬৪৪ কোটি টাকা দিয়েছেন। তার মধ্যে একটা ছোট্ট খবর, কেন্দ্রীয় মন্ত্রী নিজে বলছেন যে এই যে কেন্দ্রীয় সরকার ৬৪৪ কোটি টাকা দিয়েছেন তারমধ্যে কেন্দ্রীয় মন্ত্রী ড: বরেন্দ্র কুমার যিনি Union Minister of State for Women and Child। তিনি জানুয়ারী মাসে ৪ তারিখে সংসদে সাংসদদের প্রশ্নের উত্তরে বলছেন যে ২৫% কম ফান্ড ছাড়া হয়েছে ভারতবর্ষের জেলাগুলিতে দেওয়ার জন্য, ৬৪৪ কোটি। আমরা সবাই শুনলে অবাক হয়ে যাব যে এই টাকার ৫৬% টাকা খরচ হয়েছে প্রচারের জন্য। আর উল্টো দিকে পশ্চিমবঙ্গের সরকার ৭ হাজার কোটি টাকার উপরে খরচ করেছেন বাংলার মেয়েদের শিক্ষার আলোয় আলোকিত করার জন্য। স্যার, লাইট জ্বালিয়ে দিয়েছেন আর বেশি বলতে পারব না। হয়তো ভূপেন্দ্রনাথবাবু বলেছিলেন আই.সি.ডি.এস কর্মীদের নিয়ে। স্যার, আই.সি.ডি.এস. কর্মীদের কমিটি থেকে এম.এল.এ.-দের বাদ দেওয়া হয়েছে, খুব দুঃখ পেয়েছেন। আই.সি.ডি.এস.নতুন কমিটি হয়েছে তাতে নেই কেন তাতে দুঃখ পেয়েছেন। কিন্তু একবারের জন্য মন্ত্রী ডাঃ শশী পাঁজা বা মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীকে ধন্যবাদ দিচ্ছেন না যে, কেন্দ্রীয় সরকার পরপর দুটো বছর আই.সি.ডি.এস.-এর টাকা কমিয়ে দেওয়া সত্ত্বেও পশ্চিম বাংলায় একটাও আই.সি.ডি.এস. কর্মী ছাঁটাই হয়নি।

পশ্চিম বাংলার বাচ্চা ছেলেমেয়েরা এবং তাদের মায়েরা সকালবেলার খাবারটাও এক্সট্রা পাচ্ছেন। এগুলো ওদের চোখে পড়ে না। স্যার আমি আর সময় নিচ্ছি না আজকের এই তিন ঘণ্টার আলোচনায়। আমি সবাইকে ধন্যবাদ দিয়ে বিরোধী পক্ষকে বলছি যে, সমালোচনা করুন,

কিন্তু ভালোটাকে ভালো বলুন, তাহলে বাংলার মানুষ আপনাদের আবার হয়ত কিছুটা ভোট দেবেন।

শ্রী মোহিত সেনগুপ্ত : স্যার, ভারতীয় সংবিধানের ১৭৬ অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের ষোড়শ বিধানসভার পঞ্চদশ অধিবেশনের পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল শ্রী জগদীপ ধনখড় কর্তৃক প্রদত্ত ভাষণ গত ৭ই ফেব্রুয়ারী এই পবিত্র সদনে হয়েছিল। সেই ব্যাপারে আমি কিছু কথা বলতে চাই। উনি বলেছেন একটা কথা যে 'রাজ্যসরকার উত্তরবঙ্গের জেলাগুলির বিশেষ চাহিদা সম্পর্কে সম্পূর্ণভাবে অবগত। এখনও পর্যন্ত উত্তরবঙ্গের ৮টি জেলাজুড়ে বিদ্যালয়, মহাবিদ্যালয়, বিশ্ববিদ্যালয়ের নির্মাণ কার্য এবং নদীগুলির উপরে প্রচুর সংখ্যক সেতু নির্মাণের কাজ সহ মোট ২,১৭১টি প্রকল্পের কাজ সম্পূর্ণ হয়েছে।' কিন্তু স্যার মাননীয় রাজ্যপাল সাহেব লিখিত ভাষণে কখনও উল্লেখ করেন নি উত্তরবঙ্গের সম্পদ, পশ্চিমবঙ্গের গর্ব চা বাগানগুলির কথা বলেননি। আপনি জানবেন যে আজকে উত্তরবঙ্গের চা বাগানগুলির করুণ অবস্থা। ১০টি চা-বাগান ইতিমধ্যেই বন্ধ হয়ে গিয়েছে। ডানকানে ১৫টি চা বাগান আছে। তার মধ্যে এমন অবস্থা হয়েছে যে এই তিন মাস থেকে রেশন, বেতন। বন্ধ হয়ে গিয়েছে, মৃত্যুর মিছিল শুরু হয়ে গিয়েছে। আজকের এই চা-বাগানের শ্রমিকরা বাইরে কাজ করতে যাচ্ছে। বাইরে গিয়ে তাঁরা অত্যাচারিত হয়ে ফিরে চলে আসছেন। ফলে সেইসব শ্রমিকরা এখন নদীতে পাথর ভাঙছেন। আজকে তাঁদের কি করুণ অবস্থা। তাঁরা রেশন পাচ্ছেন না। কিন্তু রাজ্যপাল তাঁর ভাষণে একবারও কোথাও চা-বাগানের কথা বলেননি স্যার। আজকে উত্তরবঙ্গের কথা বলছেন কিন্তু আমাদের রায়গঞ্জে বারসই সড়ক রোড আজ অবধি হল না। তিন তিনবার এই সড়কের রাস্তার কাজের জন্য শিলান্যাস হয়েছে কিন্তু আজও সেই বারসই রাস্তার কাজ, ব্রীজের কাজ এখনও পর্যন্ত এলাকায় হয় নি। লেখা আছে সাড়ে তিন লাইনে যে 'সরকার কর্তৃক উক্ত জেলাগুলির বিশেষ চাহিদা সম্পর্কে অবগত।' আমি মনে করি এই কথা সম্পূর্ণ ভিত্তিহীন। কেননা এখন উনি বলছেন যে, নদীর উপরে ব্রীজ করেছেন, রাস্তা করেছেন কিন্তু আজকে আমাদের দোমোহনা ব্রীজের অবস্থা খুবই খারাপ। যখন - তখন ভেঙ্গে যেতে পারে। রায়গঞ্জের কুলিক ব্রীজের অবস্থা খুবই খারাপ, যখন - তখন ভেঙ্গে যেতে পারে, দুর্ঘটনা ঘটে যেতে পারে। কিন্তু এইসব কিছুই উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই। কিন্তু আপনারা জানেন প্রয়াতঃ মন্ত্রী প্রিয়রঞ্জন দাসমুন্সি রায়গঞ্জে এইমস-এর ধাঁচে হাসপাতাল করার পরিকল্পনা নিয়েছিলেন। সেই হাসপাতাল পশ্চিমবঙ্গের বর্তমান সরকার কল্যাণীতে নিয়ে গিয়েছে। কিন্তু তার পরিবর্তে আমরা কি পেলাম ? কেন্দ্রীয় সরকারের দেওয়া একটা মেডিকেল কলেজ – রায়গঞ্জ মেডিকেল কলেজ এবং সুপার স্পেশালিটি হাসপাতাল। আপনারা গিয়ে দেখে আসুন যে আজকে সেই হাসপাতালগুলির কি অবস্থা। আজকে যত্রতত্রভাবে জায়গা দখল করে আছে ৮-১০টা পরিবার। তারা তৃণমূল শাসকের দলের লোক। তাদেরকে ওঠাতে পারছে না। হাসপাতালের ভিতরে রাতের বেলায় নার্সদের উপর আক্রমণ হচ্ছে, ডাক্তারদের উপরে আক্রমণ হচ্ছে, রিভালবার নিয়ে মস্তানবাজ হচ্ছে। এই কারণে সেখানে ডাক্তার আসছে না। একজন ভাইস প্রিন্সিপ্যাল ছিলেন। তিনি চুরি ধরতে গিয়েছিলেন, তাই তাকে ফোনে থ্রেটনিং দেওয়াতে

তিনি মেডিকেল কলেজ ছেড়ে, ভয়ে চলে গিয়েছেন। এই হচ্ছে রায়গঞ্জ মেডিকেল কলেজের অবস্থা। আমরা দেখেছি যে আজকে রায়গঞ্জ বিশ্ববিদ্যালয় হয়েছে,

বিশ্ববিদ্যালয়ের নামে ব্যবসা হচ্ছে, বাণিজ্য হচ্ছে। বিশ্ববিদ্যালয়ে চাকরীর ক্ষেত্রে কাটমানি নেওয়া হচ্ছে। ভর্তির ক্ষেত্রে কাটমানি নেওয়া হচ্ছে। কলেজে কন্ট্রাক্টচুয়াল স্টাফদের কাছ থেকে কাটমানি নিয়ে একটা ব্যবসায়িক পরিকল্পনা হচ্ছে। কিন্তু আসল কাজ হচ্ছে না। পড়াশুনা হচ্ছে না। এই হচ্ছে রায়গঞ্জ বিশ্ববিদ্যালয়ের অবস্থা। কিন্তু আজকে আমি এটা বলতে পারি, মহামান্য রাজ্যপাল উল্লেখ করেছেন 'আইন শৃঙ্খলার পরিস্থিতি খুব ভাল পশ্চিমবঙ্গে'। কিন্তু আমরা কি দেখলাম ?

[2:30 – 2:40 p.m.]

দক্ষিণ দিনাজপুর জেলায় কুমারগঞ্জে তিনটি মহিলার উপর আক্রমণ হল, অত্যাচার হল, তাদের মেরে ফেলা হল। এই কি আইন শৃঙ্খলার ভালো অবস্থা? আমাদের ভয় লাগছে আবার এপ্রিল মাসে পৌরসভা ভোট হবে। এখন ভোট মানে বিভীষিকা, ভোট মানে আতঙ্ক। আগে ভোট মানে উৎসব ছিল। আমরা রায়গঞ্জ পৌরসভা ভোটে দেখেছি কি বিভীষিকা! কাউকে ভোট দিতে দেওয়া হয় নি। ভোট কেন্দ্রের বাইরে থেকে লাঠি দিয়ে এবং রিভালবার দিয়ে মেরে পিটিয়ে বাড়ি পাঠিয়ে দিয়েছে পুলিশ এবং শাসক দলের লোকেরা। শাসক দলের লোকেরা ছাপ্পা ভোট দিয়ে রায়গঞ্জ পৌরসভা দখল করেছে। গত পঞ্চায়েত নির্বাচনেও একই অবস্থা হয়েছে। এক কোটি পঁচাত্তর লক্ষ মানুষ পঞ্চায়েতে ভোট দিতে পারেনি। আবার সেই ভোট আসছে, আবার আতঙ্ক। আবার এপ্রিল মাসে আমাদের পশ্চিমবঙ্গে ৯৩ টা পৌরসভার ভোট হবে। এই পরিস্থিতিতে গত লোকসভা নির্বাচনে তৃণমূলকে শিক্ষা দেওয়ার জন্য সমস্ত মানুষ জোট হয়ে একটা দলকে ভোট দিয়েছে, তারা আরো ভয়ঙ্কর। বি.জে.পি. আরো ভয়ঙ্কর, আর.এস.এস. আরো ভয়ঙ্কর। কে সৃষ্টি করল বি.জে.পি., আর.এস.এস.-কে? পশ্চিম বাংলায় আর.এস.এস., বি.জে.পি.র উত্থান হয়েছে তৃণমূল কংগ্রেসের জন্য কারণ আজকে ভোটের নামে যে বিভীষিকা, মানুষ ভোট দিতে পারছে না, সর্বত্র আতঙ্ক, সর্বত্র আইনশৃঙ্খলার অবনতির জন্য মানুষ আজকে নিজেদের বাঁচার-জন্য দিশাহারা হয়ে বি.জে.পি.-কে ভোট দিয়েছে, ওই সাম্প্রদায়িক দলকে ভোট দিয়েছে। এই সাম্প্রদায়িক দল আরো ভয়ঙ্কর। রাজ্যপাল তাঁর ভাষণে বলেছেন আইনশৃঙ্খলা খুব ভালো রয়েছে, আমি এই অসত্য ভাষণ মানতে পারছি না। ভাষণে বলা হয়েছে পানীয় জল বাড়ি বাড়ি পৌঁছে দিয়েছেন। কিন্তু রায়গঞ্জ শহরে পৌরসভা এখনও পানীয় জলের ব্যবস্থা করতে পারে নি। রায়গঞ্জ শহরে একটিও শৌচালয় করতে পারেননি, অথচ শুনছি সরকার টাকা দিয়েছে কিন্তু টাকা গুলো কোথায় গেল? আমার বিধানসভা কেন্দ্রে সুপারস্পেশালিটি হাসপাতালে গর্ভবতী মায়েদের প্রাতিষ্ঠানিক প্রসবের হার ৫০ শতাংশের নীচে। এখানে সংখ্যা বেশি দেখানো হয়েছে। আমাদের জেলা উত্তর দিনাজপুরে ৫০ শতাংশের নীচে গর্ভবতী মায়েদের প্রাতিষ্ঠানিক প্রসবের হার। অবিলম্বে ডাক্তার, নার্সের সংখ্যা বৃদ্ধি করে এই হার বাড়ানোর ব্যবস্থা করুন।

আমার বিধানসভা কেন্দ্রে কৃষক বাজার তৈরি হল কিন্তু একটি বাজারও সফল ভাবে চালু হয় নি। কৃষক বাজারের ঘরগুলোতে নেশাখোরদের আস্তানা হয়েছে, মস্তানদের আস্তানা হয়েছে। কন্যাশ্রী প্রকল্প নিয়ে অনেক বড় বড় কথা বলা হয়। আজকে নাকি পশ্চিমবঙ্গ মডেল। ২৫ হাজার টাকা করে দেওয়া হয় বিবাহযোগ্য মেয়েদের। মহারাষ্ট্রে মেয়েদের দেওয়া হয় ৫০ হাজার টাকা। আমি প্রস্তাব রাখছি পশ্চিমবঙ্গ সরকারের কাছে মাননীয় স্পিকারের মাধ্যমে যে পশ্চিম বাংলাতেও ৫০ হাজার টাকা করে দেওয়া হোক। অতি সম্প্রতি পেঁয়াজের দাম ১৫০ টাকা অতিক্রম করলে মাননীয়া মুখ্যমন্ত্রী কলকাতায় রেশনিং ব্যবস্থা চালু করলেও উত্তরবঙ্গে এই ধরনের কোনো ব্যবস্থাই জেলাস্তরে গৃহীত হয় নি, অথচ রাজ্যপাল মহোদয় বলেছেন উত্তরবঙ্গের বিশেষ চাহিদা সম্পর্কে তাঁর সরকার নাকি সম্যক অবহিত। ভাবতে অবাক লাগে কিভাবে এই অসত্য ভাষণ লিপিবদ্ধ হয়! ধান দিন চেক নিন প্রকল্প আমার বিধানসভায় মুখ থুবড়ে পড়েছে। সরকার যতই দাবি করুক না কেন বাস্তব চিত্র অন্যরকম কথা বলে। গ্রামীণ হাটগুলোতে দেখা যায় দালালদের দুর্নীতি ও দমন-পীড়ন-এর ফলে অভাবী চাষিরা রেহাই পায় না। উৎকর্ষ বাংলা প্রকল্প ১৮,৪৯,৪৩৬ জন প্রার্থীকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। কজন প্রশিক্ষিত প্রার্থী কাজ পেয়েছে বা কাজ করছেন তার কোনো পরিসংখ্যান নেই। আমি সরকার বাহাদুরকে মনে করিয়ে দিতে চাই শুধু প্রশিক্ষণে পেট ভরবে না, কাজের জোগাড় করতে হবে। এই প্রসঙ্গে বলি বর্তমান পশ্চিমবঙ্গে চরম বেকারি চলছে, কর্মসংস্থানের প্রশ্নে প্রতিটি ক্ষেত্রে আজ সরকার ক্রমশ পিছিয়ে পড়েছে। যেটুকু কর্মসংস্থানের জায়গা তৈরি হচ্ছে সেখানে কাটমানির জন্য শিক্ষিত বেকারদের চাকুরী পাওয়া দুষ্কর হয়ে যাচ্ছে।

যেটুকু কর্মসংস্থান তৈরি হচ্ছে সেটাও কাটমানির চাকরি। বিভিন্ন চাকরির বিভিন্ন দাম যা একমাত্র পশ্চিমবঙ্গেই সম্ভব। মহামান্য রাজ্যপাল মহোদয়ের ২০১৯সালের ৭।৮এর ভাষণে জানলাম পঞ্চম গ্লোবাল বিজনেস সামিটে নাকি ২লক্ষ ২৮৮কোটি টাকার বিনিয়োগের প্রতিশ্রুতি এসেছিল, আজ এক বছর পর প্রায় তিন লক্ষ কোটি টাকার বিনিয়োগ প্রতিশ্রুতির কত টাকা বাস্তবে বিনিয়োজিত হয়েছে তা জানতে ইচ্ছা করি এবং দাবি করি অবিলম্বে তা সদনকে জানাতে হবে। আমি প্রস্তাব রাখছি একটা শ্বেতপত্র প্রকাশ করা হোক। কত শিল্প ১২সাল থেকে পশ্চিমবঙ্গে হয়েছে, কতজন শিল্পপতি এখানে এসেছেন? সেখানে কত মানুষ চাকরি পেয়েছে? তার একটা শ্বেতপত্র প্রকাশ হোক। এত কাজ হচ্ছে, অথচ মানুষের কাছে আসছে না, সব কিছুই প্রচার মাধ্যমে হচ্ছে। অতি সত্বর একটা শ্বেতপত্র প্রকাশ করা হোক। বলা হচ্ছে ৪০%চাকরি হয়েছে। কিভাবে কোথায় কোন কোন কর্মসংস্থানের মাধ্যমে ৪০% বেকারত্ব হ্রাস পেয়েছে তা সরকারকে জানাতে হবে। চাকরি হয়েছে আপনাদের আমলে একবার মাত্র এস.এস.সি. পরীক্ষা হয়েছে। আর কোনো এস.এস.সি. পরীক্ষা নেই অথচ অজস্র কাটমানি নেওয়া হয়েছে। কোন পরীক্ষা হচ্ছে না। বামফ্রন্ট সরকারের আমলে প্রতি বছর এস.এস.সি. পরীক্ষা হত। শিক্ষিত বেকাররা চাকরি পেত। আজকে শিক্ষিত ছেলেমেয়েরা, গ্র্যাজুয়েট, এম.এ. পাশ ছেলেমেয়েরা চাকরি পায় না। তাই আমি মনে করি আজকে রাজ্যপাল যে ভাষণ রেখেছেন তা সর্বৈব অসত্য। এই ভাষণ দিয়ে

মানুষকে বিভ্রান্ত করা হবে। তাই আজকে উল্লেখ করতে হবে কত বেকার চাকরি পেয়েছে। আমি মনে করি পশ্চিমবঙ্গে বেকারের কারাগার তৈরি হয়েছে। এই কারাগার ভাঙতে হবে। তবেই এই পশ্চিমবঙ্গে সুস্থ পরিস্থিতি আসবে। যতই আপনারা বলুন গণতন্ত্র, এই গণতন্ত্রকে ধ্বংস করেছেন আপনারা। এই পশ্চিমবঙ্গে গণতন্ত্র বলে কিছু নেই। এই ভাষণ সম্পূর্ণ অসত্য। আমি এর বিরোধিতা করছি। ধন্যবাদ স্যার।

শ্রীমতী নার্গিস বেগম : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে মাননীয় রাজ্যপাল গত ৭ই ফেব্রুয়ারি এই মহতী সদনে যে ঐতিহাসিক ভাষণ দিয়েছেন তা আমি সম্পূর্ণ সমর্থন করে দু-চারটি কথা বলতে চাই। মহামান্য রাজ্যপাল শ্রী জগদীপ ধনখড় মহোদয় তাঁর ভাষণের প্রতি ছত্রে ছত্রে মা-মাটি-মানুষের সরকারের নেতৃত্বে এই রাজ্যে যে সামাজিক, অর্থনৈতিক, আইনশৃঙ্খলা, সাম্প্রদায়িক সম্প্রীতি সর্বক্ষেত্রে যে উন্নয়ন, যে শান্তির বাতাবরণ রয়েছে তার কথা বলেন। মহামান্য রাজ্যপাল তাঁর ভাষণে আরও বলেছেন সারা ভারতবর্ষে যতগুলি অর্থনৈতিক সূচক আছে তার সব কটি নীচের দিকে নেমেছে। আবার অন্যদিকে মূল্যবৃদ্ধি বেড়েই চলেছে। বর্তমানে ভারতবর্ষে জি.ডি.পি. হার সর্বকালের নীচে ৫% ঠেকেছে। সেখানে বাংলার জি.ডি.পি. হার ১০.৪ শতাংশ বেড়েছে। কেন্দ্রীয় সরকার হঠাৎ করে বিমুদ্রাকরণ ও পরিকাঠামো ঠিক না করে জি.এস.টি. চালু করায় সবচেয়ে ক্ষতিগ্রস্ত হয়েছে ক্ষুদ্র ও মাঝারি শিল্পের সঙ্গে যুক্ত যারা।

[2:40 – 2:50 p.m.]

কেন্দ্রীয় সরকার হঠাৎ করে বিমুদ্রাকরণ ও পরিকাঠামো ঠিক না করে জি.এস.টি. চালু করায় ক্ষুদ্র ও মাঝারি শিল্পের সাথে যুক্ত যারা তারা সবচেয়ে বেশী ক্ষতিগ্রস্ত হয়েছে। ক্ষতিগ্রস্ত হয়েছে আমাদের কৃষক ভাইরা। গাড়ী বিক্রি কমে যাওয়ায় আমাদের শিল্প ও গাড়ী কারখানায় উৎপাদন কমেছে। তার ফলে ব্যাপক ছাঁটাই হচ্ছে এবং মানুষ কাজ হারাচ্ছেন এবং বেকারের সংখ্যা বেড়েই চলেছে। এই রকম অবস্থায় দাঁড়িয়ে আমাদের রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রী যেভাবে রাজ্যটাকে এগিয়ে নিয়ে গেছেন তাতে রাজ্যের আর্থসামাজিক অবস্থার উন্নতি ঘটেছে। মহামান্য রাজ্যপাল তাঁর ভাষণে আরও বলেছেন যে আমাদের রাজ্যের যোজনাখাতে ব্যয় নয় বছরে সাতগুণ বেড়েছে। মূলধন ব্যয় ১১গুণ বেড়েছে। রাজ্যের আভ্যন্তরীণ উৎপাদন ২.৪৫গুণ বেড়েছে। সামাজিক ক্ষেত্রে ব্যয় ৫.৭২গুণ বেড়েছে। আর্থিক ঘাটতি কমেছে। এর থেকে বোঝা যায় বাংলার রাজ্য সরকার আর্থিক শৃঙ্খলার ক্ষেত্রেও এই রকমই তৎপর। এটা সম্ভব হয়েছে কারণ সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষার ব্যাপারে রাজ্য দেশের মধ্যে সেরা। তাই দেশের মধ্যে সেরা মুখ্যমন্ত্রী মাননীয়া মমতা ব্যানার্জী দেখিয়েছেন। রাজ্যের সাম্প্রদায়িক সম্প্রীতি থাকার জন্য শান্তি আছে। আর শান্তি থাকার জন্য একতা আছে। আর একতা থাকার জন্য সবার প্রচেষ্টায় সামাজিক উন্নতি ঘটেছে। মাননীয়া মুখ্যমন্ত্রীর আন্তরিক ইচ্ছায় এটা সম্ভব হয়েছে। এটাই আমাদের রাজ্যের উন্নয়নের চাবিকাঠি। সারা দেশের মধ্যে তাঁর জন্যই আমরা বারবার প্রথম

হই। ক্ষুদ্রশিল্পে প্রথম হই। মাইনরিটি স্কলারশিপে প্রথম হই। একশো দিনের কাজে প্রথম হই। গ্রামীণ গৃহ নির্মাণে প্রথম হই। গ্রামীণ রাস্তা তৈরীতে প্রথম হই। স্কিম ডেভলপমেন্টের ক্ষেত্রে ই.ও.ডি.পি.তেও প্রথম হই। ই-টেন্ডারেও প্রথম হই। মাননীয়া মুখ্যমন্ত্রী তাঁর পরিকল্পনায় কন্যাশ্রী, রূপশ্রী, সবুজসাথী, খাদ্যসাথী, স্বাস্থ্যসাথীর মত ৫০ টি আর্থিক জনকল্যাণকর সামাজিক প্রকল্প রাজ্যের গ্রহণ করেছেন। রাজ্যের দরিদ্র থেকে দরিদ্রতম মানুষ উপকৃত হচ্ছেন। মহামান্য রাজ্যপাল তাঁর ভাষণের ছত্রে ছত্রে ধর্মের নামে, ভাষার নামে মানুষের সাথে মানুষের বিভাজনের রাজনীতিকে প্রত্যাখান করেছেন। দেশের সঙ্কটজনক পরিস্থিতিতে দেশের সংবিধান রক্ষা করার জন্য তিনি আবেদন করেছেন। জনবিরোধী সি.এ.এ. আইনের বিরোধিতা করে রাজ্য সরকার বিধানসভায় তথা মাননীয়া মুখ্যমন্ত্রী প্রস্তাব পাঠ করেছেন এবং সি.এ.এ. প্রত্যাখান করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন জানিয়েছেন। তাই রাজ্যপালকে ধন্যবাদ জানাই এবং সাথে সাথে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীকেও ধন্যবাদ জানাই। কন্যাশ্রীর জন্য আপনারা জানেন ড্রপ আউট কমেছে। কন্যাশ্রীর জন্য আপনারা জানেন দারিদ্র্যসীমার নীচে যে সমস্ত মানুষ আছে, তাদের মধ্যে যে বাল্যবিবাহ চালু ছিল, সেটা কমেছে। আপনারা দেখবেন খাদ্যসাথী দারিদ্র্যসীমার নীচের মানুষদের অন্ন জোগাচ্ছে। তেমনি সারা বাংলায় বিরোধীরা যতই গালাগাল দিক, যতই দু চারজন মিলে সকাল থেকে রাত পর্যন্ত নিন্দা করুক তৃণমূলের, কিন্তু ওরা বুকে হাত দিয়ে অসত্য কথা বলতে পারবে না। মাননীয়া মুখ্যমন্ত্রী গোটা ভারতবর্ষের মধ্যে শ্রেষ্ঠ মুখ্যমন্ত্রী হিসাবে স্বীকৃত হয়েছেন। তাঁরা অসত্য কথা কখনোই বলতে পারবেন না। ৩৪ বছরের কথা সি.পি.এম. যদি বলেন তাঁরা সেই সময় কংক্রিটের রাজ্য তৈরী করেছিলেন এবং আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী সেই কংক্রিটের রাজ্য থেকে দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী মানুষের মুখে ভাত তুলে দিচ্ছেন। আপনারা জানেন আপনারা সেই সময়ে দরিদ্র মানুষকে আরও দরিদ্র করে তুলেছিলেন। আপনারা সি.পি.এম. সরকার এটা করেছিলেন।

এই সি.পি.এম. সরকার তথা বামফ্রন্ট সরকার। তাতে গলা মিলিয়েছেন এখন কংগ্রেসীরা। যাঁরা চলে গেলেন দিল্লী থেকে, যাঁরা চলে যাচ্ছেন পশ্চিম বাংলা থেকে। সি.পি.এম.-এর হাত ধরে তাঁরা আরো শেষ হবেন, সি.পি.এম. তো শেষ হচ্ছে। চার-পাঁচজন, দশজন আছেন। সকাল থেকে কেউ হাত তুলছেন, কেউ মেনশন করছেন – একই জন বসে বসে করে যাচ্ছেন। হাত নাড়িয়ে লাভ নেই। আবার তো দু'দিন পর আসবেন তৃণমূলে। আপনারা স্মরণাপন্ন হবেন এই মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর কাছে। কেউ পার্থ চ্যাটার্জীর কাছে যাবেন – দয়া করে আমাদের নিন। তাই আপনারা শুনুন, মাননীয়া মুখ্যমন্ত্রী দয়ার সাগর, মাননীয়া মুখ্যমন্ত্রী দয়ার ডালি নিয়ে বসে রয়েছেন। আপনারা আসেন, তাই আপনাদেরকে নেন। এই বলে আমি পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী প্রদীপ কুমার সাহা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, রাজ্যপালের ভাষণের ওপর বলতে উঠে প্রথমেই বলি, ছোটবেলা থেকেই একটা স্বপ্ন দেখতাম যে, আমরা এমন এক ভারতবর্ষে বাস করবো, যে ভারতবর্ষে আমরা সকলে ধর্ম-বর্ণ নির্বিশেষে একসঙ্গে বাস করতে পারবো।

সেই ভারতবর্ষটাকে কেউ ভাঙতে চায়, টুকরো টুকরো করে দিতে চায়। গতকাল একটু আনন্দ পেয়েছি মনে। আনন্দ পেয়েছি এইজন্য – এতদিন আম জনতা বলছিল, নো এন.পি.আর., নো এন.আর.সি., নো সি.এ.এ.। গতকাল দিল্লীবাসী বলে দিয়েছে নো বি.জে.পি.। একটা আলাদা সুখানুভূতি। এর পাশাপাশি আমাদের রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রী বা তাঁর সরকার রাজ্যপালকে দিয়ে সরকারের বক্তব্য রেখেছেন। সত্য-মিথ্যা, অর্ধসত্য অনেক কথাই এর মধ্যে বর্ণিত আছে। এখন সরকার পক্ষ তো বলবেনই যে সব সত্যি কথা বলে গেছেন। এই একটু আগে যখন বলছিলেন যে, কন্যাশ্রী প্রকল্প একেবারে আন্তর্জাতিক স্বীকৃতি পেয়েছে এবং এর ফলে নাকি আমাদের বিরাট ডেভেলপমেন্ট ঘটে গেছে। আমি একটা পরিসংখ্যান যদি দিই তাহলে স্যার বুঝতে পারবেন যে, কন্যাশ্রী প্রকল্প ভালো। কিন্তু সেই প্রকল্পটা যা বুদ্ধদেববাবুর আমলে শুরু হয়েছিল 'বালিকা সমৃদ্ধি যোজনা' নাম নিয়ে, যা পরবর্তিকালে কন্যাশ্রী প্রকল্প। এখন এই প্রচারের জন্য একটা ঢাক দারুণভাবেই পেটানো হচ্ছে। ন্যাশনাল ফ্যামিলি হেল্‌ড সার্ভে একটা রিপোর্ট স্যার দিয়েছে। সেই রিপোর্টে বলছে, অকাল মাতৃত্বের হার ১৫ থেকে ১৮ বছর, তাতে পশ্চিমবঙ্গ সবার ওপরে। গ্রাম ভারতবর্ষে এখন ৯.২ শতাংশ। আর আমার পশ্চিমবঙ্গে সেটা ২০.৬ শতাংশ। শহরে ৫ শতাংশ। আর আমার পশ্চিমবঙ্গের শহর এলাকায় ১২.৪ শতাংশ। আমাদের রাজ্যের মুর্শিদাবাদে এই মুহূর্তে ১৫ থেকে ১৮ বছরের মেয়েরা মাতৃত্ব লাভ করছে, এর সংখ্যা ৩১.৫ শতাংশ। বাঁকুড়াতে ২৭.৫ শতাংশ। দক্ষিণ চব্বিশ পরগণায় ২০ শতাংশ। উত্তর চব্বিশ পরগণায় ২৩.৪ শতাংশ। তাই স্বাভাবিকভাবে বলছি যে, প্রচারের ঢাক পেটানো হচ্ছে, বাস্তবটাকে জানার চেষ্টা করা হচ্ছে না। এখন গতকালের রেজাল্টে অনেকেই আনন্দ পেয়েছেন, তৃণমূল কংগ্রেসও আনন্দ পেয়েছে। দেখছিলাম টি.ভি. চ্যানেলে আমাদের চন্দ্রিমাদি বসে বসে যখন একজন বলছিলেন যে, এতে বোধহয় তৃণমূলের খুব লাভ হবে – লাভটা হবে না স্যার। কেন হবে না জানেন ? হবে না এই জন্য, ওখানে যে সরকারটি আছে, তার বিরুদ্ধে দুর্নীতির কালিমা কেউ লিপ্ত করতে পারে নি। আর এখানে যে সরকার আছে, সবাই জেনে গেছে এটা একটি 'কাটমানির সরকার'। আমি বলিনি স্যার, রিপোর্ট বলছে। কোথায় রিপোর্ট ? দিদিমণি বলেছেন বিভিন্ন জায়গায় যে, এদের কাউকে বিশ্বাস করবেন না, সব আমাকে বলবেন। তিনি একটা প্রকল্প খুলেছেন – 'দিদিকে বলো'। আচ্ছা, এই 'দিদিকে বলো' প্রকল্পে কত লক্ষ আবেদন হয়েছে ? ৩ লক্ষ। যার বেশিরভাগটাই হচ্ছে কাটমানির বিরুদ্ধে। তাহলে কাটমানি কে খাচ্ছে ? যারা পরিচালিত করছে। আজকে দিল্লীতে যে সরকারটা জিতেছে, তাদের মধ্যে কার বিরুদ্ধে এইরকম অভিযোগ এসেছিল ?

[2:50 – 3:00 p.m.]

আজকে সরকারের উঁচুতলা থেকে নীচুতলা সবার বিরুদ্ধেই অভিযোগ একটা দূর্নীতিপরায়ণ সরকার চলছে। এখন ওই সরকার শিক্ষা ব্যবস্থার কিছু কাজ করেছেন। আমাদের এখানে মাননীয় শিক্ষামন্ত্রী আছেন, তাঁরতো অনেক দায়িত্ব, শিক্ষার অনেক অনেক বিষয় তাঁর দায়িত্বে আছে। আমাদের রাজ্যে শিক্ষা ব্যবস্থাটা কেমন চলছে, বললে বলবেন দারুণ চলছে। আজকেই বলছিলাম, আমি যে বিধানসভা এলাকায় থাকি দুটো স্কুল এবার বন্ধ করতে হয়েছে এবং আমরা

গিয়ে তার ছেলেমেয়েদের অন্য স্কুলে ভর্তি করেছি শিক্ষকের অভাবে। এখন বিষয়টা হচ্ছে শুধু কলকাতাতেই ১০০ উপরে স্কুল বন্ধ হয়েছে। একটা পরিসংখ্যান বলছে দিল্লীবাসী মনে করছেন ৬১% আমাদের ছেলেমেয়েদের সরকারী স্কুলে পড়ানো উচিত। এটা একবার সার্ভে করবেন পশ্চিমবঙ্গে কত গার্জেন বলেন যে আমাদের ছেলেমেয়েদের সরকারী স্কুলে পড়ানো উচিত। কি রিপোর্টটা বেরিয়ে আসবে ? তার প্রথম প্রমাণ – যদিও আমি বলছি আজকে রাজ্যপালের ভাষণের উপর, বলবে বাজেটে – এই সরকার এবারের বাজেটে রাজ্যে বিদ্যালয় শিক্ষায় ৬৮% তার যে বাজেট বরাদ্দ হ্রাস করেছে। উচ্চশিক্ষায় ৮৩% বাজেট বরাদ্দ সে হ্রাস করেছে। আর স্বাভাবিকভাবেই দিল্লীর সরকার শিক্ষা খাতে মোট বাজেটের ২৬% ব্যয় করে। ভাবছেন আমরা সুন্দরভাবে রাজ্যটাকে শিক্ষার দিকে এগিয়ে নিয়ে যাচ্ছি। আমি আজকে জিজ্ঞাসা করতে চাই এখানে দাঁড়িয়ে যে, একদিন শিক্ষামন্ত্রী কি সারপ্রাইজ ভিজিট করেছেন, একদিন কোন স্কুলে গিয়ে দেখেছেন স্কুলগুলোর মূল সমস্যাটা কি ? কেন ছেলেমেয়েগুলো বেসরকারী স্কুলের দিকে যাচ্ছে? কেন আমাদের প্রতিষ্ঠিত স্কুলগুলোতে আমাদের পাঠানো সেখানে শিক্ষক আছে, সব যা যা আছে, কেন তারা পড়ছে না। একদিন ভিজিট করে দেখেছেন ? একদিন অনুসন্ধান করে দেখেছেন? কেন কি অবস্থায় দাঁড়িয়ে আছে স্কুলগুলো? ড্রপ আউট, একটু আগে বলছিলেন ড্রপ আউট নাকি দারুণ ভাবে কমে গেছে। আমাদের ড্রপ আউট হচ্ছে তিনটি জেলা মালদহ, মুর্শিদাবাদ, উত্তর দিনাজপুর। সর্বভারতীয় ড্রপ আউটের থেকে অনেক উপরে উঠে গেছে, এই অবস্থায় দাঁড়িয়ে আছে ড্রপ আউট। তাই স্বাভাবিকভাবে বলতে চাই যে, এই বিষয়গুলো কিন্তু রাজ্যপালকে দিয়ে একবারও বলার চেষ্টা করেন নি। কি করে আমরা সমর্থন করতে পারি। কি অবস্থা। দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে এই সরকারের কি ভূমিকা আছে বলতে পারবেন। আপনারা বলছেন টাস্কফোর্স না কি সব তৈরী করেছেন। তাদের কাজ কি? তারা একবারও কাজ করেছে? আজকে পেঁয়াজের দামটা কত? কোন জায়গায় উঠে গেছিলো জিনিসপত্রের দাম। এখনও যান দেখবেন প্রকৃত যে চাষী তার দ্রব্যমূল্যের ন্যায্য দাম পায় না। ফোড়েরা সে সমস্ত কারবারটা চালাচ্ছে। কোন অবস্থায় দাঁড়িয়ে গেছি আমরা। আপনারা গর্ব করছেন, আপনারা বলছেন দারুন সব হেলথের ব্যবস্থা করেছি, দারুণ দারুণ সব ব্যবস্থা।

আপনারা হেলথের একটা পরিসংখ্যান দিয়েছেন ৭.৫ কোটি মানুষকে স্বাস্থ্যবিমায় যুক্ত করা হয়েছে স্বাস্থ্যসাথী প্রকল্পে। গত বছরে আপনারা বলেছেন রাজ্যপালকে দিয়ে ৫৫ লক্ষ পরিবার এবং ২.৫ কোটি মানুষকে এর আওতায় এনেছেন। এক বছরের মধ্যে আপনারা বলছেন ৭.৫ কোটি মানুষকে আপনারা এর সঙ্গে যুক্ত করতে পেরেছেন। বাস্তবে কি তাই। একবার গ্রামে গ্রামে গিয়ে দেখেন তৃণমূল কংগ্রেস জোর করে পঞ্চায়েত দখল করেছে, সেই পঞ্চায়েতের প্রধান, উপপ্রধান এবং যাঁরা মেম্বার আছেন তাঁদের বাড়ীতে বাড়ীতে সমস্ত কিছু রয়ে গেছে, তাঁরা কার্ড করার জন্য কাগজগুলো পর্যন্ত দেয় নি। বেশীর ভাগ মানুষ বঞ্চিত হয়েছে, তারা স্বাস্থ কার্ডের সুযোগ পায় নি। স্বাস্থবিমার যে কার্ড স্বাস্থ্যসাথীর সুযোগ পায় নি। একবার গিয়ে দেখবেন তারা কি অবস্থায় আছে। আপনারা বলছেন দারুণ ডেভোলপমেন্ট করেছেন। আজকে

পি.জি. গিয়ে দেখবেন সেখানে লাইন পাওয়া যায় কিনা ? লাইনটা দেখে আসবেন। পি.জি.র এত ব্যবস্থা করেছেন, কত কিছু করেছেন, কিন্তু একটু গিয়ে দেখে আসবেন কোন অবস্থার মধ্যে আমরা দাঁড়িয়ে আছি। আমি বলতে চাই আপনারা অনেক অনেক দাবী করেছেন, এই করেছি, সেই করেছি, কিন্তু আসল কাজ যেটা করা দরকার বিদ্যুতের দাম কমানো, যেখানে ঝাড়খন্ডের মতো জায়গায় একশো ইউনিট বিদ্যুতের দাম ১৭৫ টাকা, আমাদের এখানে ৭১২টাকা, কেরালায় ৩১৫টাকা, তামিলনাড়ুতে ৩৫৩টাকা। অথচ এই রকম একটা অবস্থায় রাজ্যে ডেঙ্গি – ডেঙ্গি আপনারা স্বীকারই করেন না, ডেঙ্গি আছে রাজ্যে। গত বার একটু স্বীকার করেছেন। সরকারিভাবে ২৩জন। ৪০ হাজার মানুষ ডেঙ্গিতে আক্রান্ত হয়েছে। তাই স্বাভাবিকভাবেই এই কথা বলেই আমি শেষ করতে চাইছি যে, আমাদের গোটা ভারতবর্ষের মানুষ বলেছে, আমজনতা বলেছে নো এন.আর.সি, নো ক্যা, নো বিজেপি। ২০২১ সালে পশ্চিমবঙ্গের মানুষ বলবে নো বিজেপি, নো তৃণমূল। এই কথা আপনারা জেনে নিন। যতই রাজ্যপালকে দিয়ে যা বলান পশ্চিমবঙ্গের মানুষ তা '২১ সালে বুঝবে না। '২১ সালে আপনাদের পরাজয় অবশম্ভাবী।

শ্রী ধীমান রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভারতীয় সংবিধানের ১৭৬নং ধারার অনুচ্ছেদে পশ্চিমবঙ্গের ষোড়শ বিধানসভার পঞ্চদশ অধিবেশনে পশ্চিমবঙ্গের রাজ্যপাল মাননীয় জগদীপ ধনখড় কর্তৃক প্রদত্ত ভাষণকে আমি সমর্থন করছি। আমি ২০২০-২১ অর্থবর্ষে যে বাজেট পেশ করা হয়েছে সেই বাজেটকে সম্পূর্ণভাবে সমর্থণ করছি। এই কারণে সমর্থন করছি যে, এই বাজেট দেশে যেখানে ক্রমবর্ধমান জি.ডি.পি. বড়সড় বিপর্যয়ের ইঙ্গিত দিচ্ছে সেখানে বাজেটে আজকে আমরা একটা দিশা দেখাতে পেরেছি এবং ঋণের বোঝা আমরা পশ্চিমবঙ্গে অনেকটাই ঠিক জায়গাতে এনে রেখেছি। আপনারা জানেন যে এই সরকার ২,৫৫,৬৭৭ কোটি টাকার বাজেট প্রস্তাব পেশ করেছে এবং সেই প্রস্তাবকে আমি সম্পূর্ণভাবে সমর্থন করছি। স্যার, এইমাত্র প্রদীপবাবু বলছিলেন ভাবছিলাম পরের একটা জায়গা থেকে শুরু করব, কিন্তু প্রদীপবাবুর কথা বলতে হল যে স্বাস্থ্যের অবস্থা নাকি খুব বেহাল। উনি জানি না সাধারণ মানুষের সঙ্গে যোগাযোগ রাখেন কিনা? আমরা যারা গ্রাম বাংলায় থাকি তারা আমাদের গেলে পরেই বলছেন যে, স্বাস্থ্য পরিষেবা যা হয়েছে গত আট বছরে তাতে আমরা বলতে পারি বিগত যত সরকার একদম স্বাধীনতার পরে যত সরকার সেই সরকারের আমলে এই জিনিস হয় নি। স্যার, আমি একটা ছোট্ট ঘটনা আপনাকে বলি। আমাদের ওখানকার একটি ছেলে এ.এস.এ.– অশোকনগর স্পোর্টস অ্যাসোসিয়েশনেরও সেক্রেটারি। ওর ভাগ্নের নাম আমার ঠিক এই মুহূর্তে মনে পড়ছে না, ও আর.জি.কর হসপিটালে এসেছে। আর.জি.কর হসপিটালে আসার পর কারণ আমাদের জেলার সবই আর.জি.কর-এ পাঠানো হয়। অশোকনগর স্টেট জেনারেল হসপিটাল থেকে পাঠিয়েছেন। গত ৭/৮ দিন আগের ঘটনা। তাকে আর.জি.কর হসপিটাল পাওয়ার পরই সঙ্গে সঙ্গে বললেন ওর হার্টে একটা প্রব্লেম দেখা দিচ্ছে এবং ওকে হার্টের মেশিন দিতে হবে। ও সঙ্গে সঙ্গে আমাকে ফোন করেছে এবং হাউ হাউ করে কাঁদছে বলছে আমার একটা ভাগ্নে। প্রদীপবাবু আপনার কথাতে বলছি। একটু মাটির সঙ্গে কান পেতে, মানুষের সঙ্গে কান পেতে কথাগুলো শুনুন। স্বাস্থ্য

ব্যবস্থার যা পরিবর্তন হয়েছে এবং ডাক্তারবাবু বলেছেন হার্টের মেশিন বসাতে হবে। সঙ্গে সঙ্গে ও কান্নাকাটি করছে, কান্নাকাটি করার পর আমি বললাম তুই আয় আমরা দেখি কি ভাবে কি করতে পারি। প্রয়োজন হলে আমরা স্টেশনে দাঁড়াবো, বাসস্ট্যান্ডে দাঁড়াবো, দোকানে দোকানে যাব তোকে আর্থিক ভাবে যদি কোন সহযোগিতা করতে হয়। তার পরে ডাক্তারবাবু, সুপারিনটেন্ডেট ওটা শুনলেন এবং শোনার পরে ওকে বললেন যে, তুমি বসো আমি দেখছি কি করা যায়। স্যার, আমি আপনাকে বলি গত পরশু দিন ওর অপারেশান হয়ে গেছে। ওকে মাত্র ৩৭ টাকা দিতে হয়েছে। স্যার, এর চাইতে ঐতিহাসিক আর কিছু হতে পারে না। স্যার, আমরা গ্রাম বাংলাতে যাই। বলুন তো যিনি যে দলেরই সমর্থক হোন না কেন সমালোচনা – সমালোচনা নিশ্চয়ই করবেন। কিন্তু আমি আপনাদের কাছে বলি আপনারা বলুন। তো সে দিনের সেই ঘটনার পর রতন যখন সামনে এসেছে রাত্রি সাড়ে ১০টার পরেও ওর বাড়িতে গেছি ও হাউ হাউ করে কেঁদে বলছে দাদা আমাকে বাঁচিয়ে দিল। আমাকে একটু মমতা ব্যানার্জীর ফোন নাম্বারটা দেবেন। আমি ইচ্ছে করেই বললাম যে, আমার কাছে মমতাদির ফোন নাম্বারটা নেই। বলল আমি দিদিকে বলতে বলব। দিদিকে বলতে বলেছে। ও দিদিকে বলতে বলেছে। এখন ও অনেকটা সুস্থ আছে এবং আশা করছি কয়েক দিনের মধ্যে বাড়িতে ফিরবে। আচ্ছা আপনারা বলুন, আপনারা বলুন এই ঘটনা সত্যিই স্বাধীনতার পরে এক নজিরবিহীন ঘটনা কিনা? হসপিটালে ওষুধ ফ্রি। আপনারা যে হসপিটালে যাবেন সেই হসপিটালেই ম্যাক্সিমাম ওষুধটাই ফ্রি। বাকি যে ওষুধটা ৬৯% - হ্যাঁ, আমরা জানি মাননীয়া রাষ্ট্রমন্ত্রী রয়েছেন স্বাস্থ্য দপ্তরের।

[3:00 – 3:10 p.m.]

এবং সেখানে আপনার যত যা কিছু চাইবেন সব free। আমি স্যার, আপনাকে বলি আমিও গ্রাম বাংলায় যাই, আমি গ্রামেরই ছেলে আমি আমার এলাকাতে ঘুরি এবং তাঁরা বলেন, আপনাদের ভালো লাগে কেন জানেন, আমরা যদি হাসপাতালে যাই আমার স্টেট জেনারেল হাসপাতাল, স্যার নামটা কোট করা ঠিক হবে কি না জানি না, সি.পি.এমের আমলে, বামফ্রন্টের আমলে ময়ূখ গোস্বামী বলে একজন ডেন্টাল সার্জেন ছিলেন সেই হাসপাতালের superintendent, ডেন্টাল সার্জেন, টোটাল তিনজন ডাক্তার। আজকে মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এবং এই দপ্তর থেকে আমাদের মাননীয়া মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য তাঁর কাছে বলার পরে তিনি নিজেও গিয়েছিলেন, গিয়ে হাসপাতালের জায়গা দেখেছেন এবং সেখানে আজকে ১৩ জন ডাক্তার। মেডিসিনের ডাক্তার আছেন, গাইনোকোলোজিস্ট আছেন, আমাদের অপারেশন থিয়েটার পর্যন্ত আছে। সুতরাং স্যার, যিনি যাচ্ছেন তিনি একটু খোঁজ নিয়ে দেখবেন, সমালোচনা করার জন্য সমালোচনা করা যায়। যুক্তি যেখানে শেষ তর্ক সেখানে শুরু। যুক্তি আপনাদের শেষ হয়ে গেছে। তাই তর্ক আপনারা শুরু করেছেন। আবার দেখলাম, আমজাদ বন্ধু বলছিলেন, আমজাদ বন্ধু আজকে এ কথা বলার সময় আপনার বলা উচিত ছিল কালকে কেন গ্যাসের দাম বাড়লো। আপনি বলতে পারতেন কেন্দ্রীয় সরকার যে কালা আইনগুলো সারা ভারতবর্ষে আনছে সেটা বলা উচিত ছিল। আমজাদবাবু আপনার ভালো হতো কথাটা বললে পরে যে, গতকাল দিল্লিতে আপ

নির্বাচনে জয় লাভ করার জন্য দিল্লিবাসীকে যারা দিল্লিতে বসবাস করেন তাদের সকলকে এই হাউস থেকে আমরা অভিনন্দন জানাচ্ছি। তা না বলে, পঞ্চায়েত নির্বাচনে কি করেছেন। আমরা ভুলে যাই নি কারণ আপনি যেমন ছাত্রজীবন থেকে রাজনীতি করছেন, আমরাও ছাত্রজীবন থেকে রাজনীতি করছি। এখানে আমাদের ছাত্র সভাপতি তাপসদা রয়েছেন, অশোকদা আজকে হাউসে নেই, আমাদের সকলের প্রিয় মাননীয় মন্ত্রী সুব্রতদা এখানে রয়েছেন। ছাত্র পরিষদের কথা বলছেন ? পঞ্চায়েত নির্বাচনের কথা বলছেন ? আমি আপনাদের কাছে বলি, জায়গাটার নাম লিখে নিন। জায়গাটার নাম মসলন্দপুর এক নম্বর অঞ্চল। জায়গাটার নাম মসলন্দপুর এক নম্বর অঞ্চল। আপনাদের দল করতেন। বাপ-ছেলে দুজনেই আপনাদের দল করতেন। পঞ্চায়েত ইলেকশানে শুধু বলশেভিক করেছিলেন।

কংগ্রেস করেন নি, বলশেভিক পার্টি করেছিলেন। সেই জন্য বাবা এবং ছেলেকে শালতিয়ায় নির্বাচনের প্রচারের শেষ দিনে তাকে কুপিয়ে কুপিয়ে কাটা হয়েছিল। ৩৯টা বুথকে ফ্রি করে দিয়েছিলেন। এর পরে আপনারা বলছেন সন্ত্রাসের কথা ? বলছেন আইনশৃঙ্খলার কথা ? শুনুন তাহলে বলি, মনি শরখেল বলে একটি ছেলে আমাদের ট্রেনে প্রতিদিন যাতায়াত করে ৬.৩৫এর ট্রেনে যায়। আমাদের ওখানে ৬.৩৫এ, দমদমে তার একটা মোবাইল হারিয়ে যায়। হারিয়ে যাওয়ার সঙ্গে সঙ্গে লোকাল GRPকে জানায় ট্রেন থেকে নেমে। তার পরে অনেক দিন, তার পরে সে ভুলে গেছে। কয়েক দিন পরে তাকে আসতে বলা হয়েছে। তিনি কয়েক বার এসেছেন, গত সপ্তাহে তাকে কিন্তু বলা হয়েছে যে আপনি আপনার মোবাইলটা প্রমাণ দিয়ে নিয়ে যান। বন্ধুগণ আমি আপনাকে বলি, আজকে আপনারা জানবেন, বিধায়কগণ, বিরোধী আসনে যাঁরা আছেন। মাননীয় স্পীকার সাহেব আপনি আছেন আপনার অনুমতি নিয়ে বলি, আজকে জানবেন, কোথাও কোনো ঘটনা হলে ২৪ ঘন্টার মধ্যে সেই আসামী গ্রেপ্তার হয়। আইনশৃঙ্খলা, আপনাদের সময়ে বলুন তো, ক্যাডার ভিত্তিক দল করে দলটাকে কোন জায়গায় নিয়ে গিয়েছিলেন? থানা আপনাদের দখলে ছিল। থানায় আমরা ঢুকতে পারতাম না। থানায় গেলে পরে আপনারা যে ব্যবহার করতেন, যেন মনে হয় আমরা তৃতীয় শ্রেণীর নাগরিক। এর পরেও আপনাদের লজ্জা হওয়া উচিত। সুতরাং গণতন্ত্রের কথা আপনাদের মুখে মানায় না। বলুন, যে আসনে আছি সেই আসনটা ধরে রাখি, এটাই আপনার চেষ্টা থোক। এর বেশি চেষ্টা করবেন না। এ বাংলা আপনাদের চিনে গেছে। এ বাংলা আপনাদের ক্ষমা করতে পারে না, পারে না, পারে না। তবু বলি স্যার, আমাদের মাননীয় রাজ্যপাল মহাশয় যে বক্তব্য রেখেছেন সেই বক্তব্যকে আমি সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ। নমস্কার।

শ্রীমতী জাহানারা খান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গ বিধানসভার পঞ্চদশ অধিবেশনে পশ্চিমবঙ্গের মহামান্য রাজ্যপাল শ্রী জগদীপ ধনখড় গত ৭ই ফেব্রুয়ারী, ২০২০ সদনে এসে যে ভাষণ দিয়েছেন। তার জন্য ওনাকে ধন্যবাদ জানাই। কিন্তু রাজ্য সরকারের যে লিখিত বক্তব্য তার সঙ্গে একমত হতে পারলাম না। এবং আমি আমাদের দলের যে ধারণা তার থেকে আমি কয়েকটি কথা বলতে চাই।

আমরা এখানে দেখছি, প্রথমেই লিখছেন যে আকস্মিক বিমুদ্রাকরণ এবং তৎপরবর্তীকালে সমগ্র দেশজুড়ে জি.এস.টি., রূপান্তর এবং জাতীয় অর্থনীতির মারাত্মকভাবে ক্ষতিগ্রস্থ এবং যার ফলে প্রভাব পড়েছে কর্মসংস্থানের বিষয়টি উদ্বেগের একটি প্রধান কারণ। আবার ১৫পাতায় বলছেন যে, ১১-১২ থেকে ১৭-১৮সময়কালের মধ্যে বড় রাজ্যগুলির মধ্যে পশ্চিমবঙ্গের দারিদ্র্য হ্রাসের পরিমাণ সর্বোচ্চ পরিলক্ষিত হয়েছে, ৬শতাংশ বিন্দু। এই কাল পর্বে বেকারত্ব পশ্চিমবঙ্গে সেখানে ৪০শতাংশ হ্রাস পেয়েছে। এবং যেটা বলছেন, ৪৫বছরের মধ্যে ভারতের বেকারত্ব তীব্রতর সর্বাধিক বলে জানা গিয়েছে, যেখানে ভারতবর্ষের মধ্যে বেকারত্ব সর্বাধিক বেশি, সেখানে এই বেকারত্ব ৪০শতাংশ হ্রাস পায় কি করে ? কারণ, আমরা দেখেছি সরকারের গদিতে বসেই মাননীয় মুখ্যমন্ত্রী ঘোষণা করলেন ৯০শতাংশ সমস্যার সমাধান করে ফেলেছেন এবং ৯০লক্ষ চাকরি দিয়ে ফেলেছেন। সরকার পরিচালনায় ৮৯বছর পরেও রাজ্যের চাকরি বাকরির যে কি অবস্থা সকলেই টের পাচ্ছেন। বাম আমলে স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে প্রতি বছর ১৬-১৭হাজার ছেলে মেয়েদের রাজ্যে চাকরি হোত, স্থায়ী চাকরি হোত। কলেজ সার্ভিস কমিশন থেকে নিয়মিত পরীক্ষার মাধ্যমে প্যানেলভুক্ত হয়ে কলেজে চাকরির সুযোগ পেত। আর এখন এই সরকারের জন্মলগ্ন থেকে স্কুল কলেজে পরীক্ষা বিভ্রাট। নানা কলঙ্কিত ডামাডোল। কেস, কাছারিতে সব লোক হয়রান। কলেজ সার্ভিস কমিশনে তথৈবচঃ অবস্থা। অন্য দিকে তলে তলে গোপনে গোপনে লক্ষ লক্ষ টাকা কাট মানি দিয়ে নিয়ম বহির্ভূতভাবে নিয়োগ দেওয়া হচ্ছে। নতুন এক রীতি শিক্ষক বদলির নামে কাট মানি আদায় করে রাজ্যের বিভিন্ন জায়গাতে এই রকমভাবে দূর্নীতি হচ্ছে এবং আমরা দেখতে পেলাম এক নেতার মেয়েকে প্যানেলে নাম নেই, তা সত্ত্বেও তার সেখানে চাকরির পিছন থেকে তার নাম এসে তার চাকরি হল। এটা প্যানেলে নাম ঢুকিয়ে দিয়ে তার চাকরি হল এবং এই ব্যাপারে কাগজে অনেক হৈচৈ ফলাও করে হল, কিন্তু তাতে কি আসে যায় ? যে সরকার কোর্টের রায় মানে না, তার কাছে নীতি আর দূর্নীতি অনর্থই মনে হয়। যে মুখ্যমন্ত্রী প্রকাশ্য দলের মিটিং ঘোষণা করেন যে টাকা তুলুন, কিন্তু দলকে ৭৫শতাংশ দিন আর নিজে ২৫শতাংশ রাখুন তিনি আবার দলের সোনার ছেলেদের কাট মানি খাওয়ার বিরুদ্ধে সরব হবেন কি করে ? এখানে লিখছেন যে বিগত বছরে আইনশৃঙ্খলার পরিস্থিতি শান্তিপূর্ণ ছিল। আমরা দেখেছি যে বর্ধমান জেলাতে খাগড়াগড়ে যে বিস্ফোরণ, সেই বিস্ফোরণ চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিয়েছে যে পশ্চিমবঙ্গ হচ্ছে দুষ্কৃতিদের স্বর্গরাজ্য। এখানে অস্ত্র কারখানা যেমনভাবে ব্যাপক হারে বাড়ছে, তেমনি হচ্ছে বোমা শিল্পর কারখানা বাড়ছে। আমরা দেখলাম যে নৈহাটীর দেবক গ্রামে সেখানে বাজী কারখানাতে ৫ জনের মৃত্যু হল। এবং সেখানে যে অবশিষ্ট বাজী ছিল, যেগুলোকে নিয়ে গিয়ে নিষ্ক্রিয় করা হল, সেগুলো যে পরমাণু বোমের মত শেষে বিস্ফোরণ হল। আমরা ভুলে যাচ্ছি বীরভূম জেলা, সেখানে বোমের উপরে দাঁড়িয়ে আছে। প্রতিদিন বোমা বিস্ফোরণ এবং দুঃখের বিষয়,একটু আগে আমাদের সদনের বিধায়ক স্বাস্থ্য সম্বন্ধে এত কথা বললেন, শুনেও খুব ভাল লাগছিল। কিন্তু হাসপাতালে গিয়ে ঔষধের বদলে বোমা পাওয়া যায়, এ অভিজ্ঞতা নেই এবং সব থেকে দুঃখের বিষয় যে দিদির অনুপ্রেরণাতেই মানুষের চিকিৎসা।

অনেককে আমরা দেখছি দিদিকে বলো তে যারা বলছে, অভিযোগ জানাচ্ছে তাদের হাসপাতালে চিকিৎসা হচ্ছে। কিন্তু আমাদের যে সমস্ত গরীব মানুষ হাসপাতালে ভর্তি, করতে গিয়ে হিমসিম খেয়ে যায়,আপনাদের শাসক দলের অনেক বিধায়ককে তো আমরা ফোন করে বলি, যাতে ভর্তির ব্যবস্থা হয়। এই ব্যাপারটায় কিন্তু আমরা আপনাদের সঙ্গে এক মত হতে পারলাম না। খাদ্যসাথী প্রকল্প ভাল। কিন্তু আমরা গতবারে বারবার করে বলেছিলাম যে বহু মানুষ দুই টাকা কেজির বদলে তেরো টাকা পঞ্চাশ পয়সা করে তাদের চাল কিনতে হয়। মাঝখানে রেশন ব্যবহার আবার ফর্ম ফিলাপ হয়েছে। কিন্তু আমরা দেখলাম এই পনেরো কুড়ি দিন আগে ফুড ইন্সপেক্টার অফিসে কার্ড এসেছে। শাসক দলের যারা সমর্থক তারা কার্ড পেয়ে যাচ্ছে। যারা বিরোধী দলের, তাদেরকে বলছে, আপনাদের বাই পোস্টে কার্ড চলে যাবে। আমি খাদ্যমন্ত্রী থাকলে জানতে চাইতাম যে এই কার্ড কি ২০২১এর বিধানসভা নির্বাচনের আগে গরীব মানুষরা পাবে ? যদি জানাতেন তাহলে ভাল হোত। এবং স্বাস্থ্য সাথী ভাল প্রকল্প, যেটা মুখ্যমন্ত্রী করেছেন। কিন্তু স্বাস্থ্য সাথী প্রকল্পে যে সমস্ত মানুষ হাসপাতালে গিয়ে চিকিৎসা পাচ্ছে,আমাদের চন্দ্রিমাদি এখানে। আছেন,আমরা দেখছি যে বিভিন্ন হাসপাতালে, বিভিন্ন অপারেশানের জন্য তাদের কাছে বিভিন্ন ভাবে টাকা নিচ্ছে। কারোর হয়ত গল ব্লাডারের অপারেশান, কারোর হয়ত হার্টের অপারেশান, সে স্বাস্থ্য সাথী কার্ডে তারা নিজের ইচ্ছামতন তারা টাকা কেটে নিচ্ছে। একেক হাসপাতাল একেক ধরণের করছে। এই ব্যাপারে আমি বলব, রাজ্য সরকারের উচিত এই ব্যাপারে একটু লক্ষ্য দেওয়া।

[3:10 – 3:20 p.m.]

বিশ্ববিদ্যালয়ের কথা বলেছেন। ১২টি থেকে ৪২টি হয়েছে। ভালো ব্যাপার। আমার পশ্চিম বর্ধমান জেলায় একটা হয়েছে - কাজী নজরুল বিশ্ববিদ্যালয়। আমরা খুব আশা করেছিলাম। কিন্তু জানেন সেই বিশ্ববিদ্যালয়ের অবস্থা কি। আমরা দেখছি, পশ্চিমবঙ্গের সমস্ত বিশ্ববিদ্যালয়ে PG-semester এর পরীক্ষা হয়ে গেছে, রেজাল্ট বেরিয়ে গেছে, দ্বিতীয় semesterএ ক্লাস শুরু হয়েছে। কিন্তু কাজী নজরুল ইউনিভার্সিটিতে কোনো পরীক্ষা এখনো পর্যন্ত হয় নি। দুর্ভাগ্যবশতঃ পরীক্ষার আগে অ্যাডমিট কার্ড পায় না, রেজাল্ট সময়মত হয় না। রেজাল্ট যখন পায় তখন দেখা যায়, যে বিভাগে সে পরীক্ষা দিয়েছিল অন্য বিভাগে তার কাছে। রেজাল্ট চলে এসেছে। ফিজের ব্যাপারে কাজী নজরুল ইউনিভার্সিটিতে আমরা দেখলাম, গত বছর পরীক্ষার ফিজ ছিল ৩৭৫ টাকা, এই বছরে সেটা ১৩৫০ টাকা অর্থাৎ চার গুণ বৃদ্ধি পেল। এটা কিন্তু দেখা উচিত শিক্ষামন্ত্রীরও। তফসিলী জাতি ও উপজাতিদের জন্য আপনারা যে 'শিক্ষাশ্রী' স্কলারশিপ দিচ্ছেন, বামফ্রন্ট সরকারের সময়েও 'শিক্ষাশ্রী' দিত। আমরা বলতে চাইছি, তফসিলী জাতি ও উপজাতি যারা পড়াশুনা করে তাদের জন্য আবাসিক হস্টেলগুলো বন্ধ হয়ে গেছে। আমাদের সময়ে আপনাদের তো অনেক বিধায়ক আছেন যারা আবাসিক হোস্টেলে থেকে পড়াশুনা করেছেন। এখন যে আবাসিকগুলো বন্ধ হয়েছে সেই ব্যাপারে রাজ্য সরকার কি পদক্ষেপ নিলেন সেখানে কিন্তু কোনো কথা বলা নেই। 'কন্যাশ্রী' - সারা ভারবর্ষে সমাদৃত। ভালো বলছেন।

আমরাও ভালো বলছি। নারীর ক্ষমতা উন্নয়ন ভালো। নারীর ক্ষমতা উন্নয়ন হলে তবেই দেশ এগিয়ে হবে। কিন্তু নারীর নিরাপত্তা বলে কিছু আছে কি। গোটা রাজ্যে যেভাবে নারীদের উপর অত্যাচার হচ্ছে, ৬ বছর থেকে ৬০ বছরের মহিলার উপর অত্যাচার হচ্ছে, যেটা দেখে এখনো পর্যন্ত আপনারা কোনো সিদ্ধান্ত নিতে পারছেন না। মানুষ অভিযোগ করতে পারছে না। উত্তরবঙ্গ থেকে দক্ষিণবঙ্গ সমস্ত জায়গাতেই দেখুন - গতকালও মেনশানে শ্যামলীদি তুলেছেন - বীরভূমে দলবদ্ধভাবে গণধর্ষণ। দক্ষিণ দিনাজপুরের গঙ্গারামপুরেও ধর্ষণ, বাঁকুড়া, সিমলা, শালবনীতেও ধর্ষণ, পশ্চিম বর্ধমান জেলায়ও ধর্ষণ, হাওড়া জেলার উলুবেড়িয়াতে একাদশ শ্রেণির ছাত্রীকে ধর্ষণ করে তাকে মেরে ফেলা হয়েছে। গোটা রাজ্যে যেভাবে নারীদের উপরে অত্যাচার চলছে, আমার মনে হয় রাজ্যের মুখ্যমন্ত্রী একজন মহিলা, সব থেকে দুঃখের বিষয় এই ব্যাপারে কোনো পদক্ষেপ নিচ্ছেন না। কঠোর থেকে কঠোরতম শাস্তি দরকার। আজও দেশের অবস্থা তাই।

... (এই সময় লালবাতি জ্বলে ওঠে।) ...

আজও নির্ভয়া কাণ্ডে অভিযুক্তরা দোষী সাব্যস্ত হল না। কামদুনি কাণ্ড যারা করেছে সেই অভিযুক্তরা এখনও আরামেই ঘুরছে। তারা যদি উপযুক্ত শাস্তি পায় তবেই এই অবস্থার পরিবর্তন হবে। 'জল ধরো জল ভরো' এই প্রকল্পের পরিবর্তে আমার মনে হয় 'জল ধরো পকেট ভরো' প্রকল্প বললেই ভালো হত কারণ সারা রাজ্যে যেভাবে জলাভূমিকে ভরাট করে দেওয়া হচ্ছে এবং আজকেই পূর্ব কলকাতাতে ৩৭৫টির মধ্যে মাত্র ৫টির বিরুদ্ধে অ্যাকশান নেওয়া হয়েছে। আমার মনে হয় এই প্রকল্পটার নাম ' জল ভরো পকেট ভরো ' রাখলেই ভালো হত। আপনারা বলছেন রাজ্যে বন্ধ হরতাল। কিন্তু আপনারা ভেবে দেখুন তো, '৯৮ থেকে আপনাদের জন্ম। ২০১১ সালের আগে আপনারা রাজ্যে কতগুলো বনধ্ করেছিলেন - ৭৩টি বনধ ডেকেছিলেন। তখন কি কর্ম দিবস নষ্ট হয় নি ? আজ আপনারা বনধে্ কর্ম দিবস নষ্টের কথা বলছেন। শ্রমিকের মূল অধিকার হচ্ছে বনধ্। তারা তাদের ন্যায্য কথা বলার জন্য 'বনধ্' করবে। আমি বলতে চাই সামাজিক সুরক্ষার কথা। সামাজিক সুরক্ষা প্রকল্প বামফ্রন্টের সময়ে চালু হয়েছিল। গুজরাটের মডেলে সামাজিক সুরক্ষা প্রকল্পের টাকা যেমনভাবে সেখানে রাজ্য সরকার নিয়েছে, এই রাজ্য সরকারের পক্ষ থেকেও বাজেটের আগে নির্মাণ কর্মীদের ২৭০০ কোটি টাকা থেকে ১৪০০ কোটি টাকা রাজ্য সরকারের ট্রেজারিতে ট্রান্সফার করা হয়েছে। তাহলে নির্মাণ কর্মীদের ভবিষ্যৎ কি হবে ? এটা খুব খারাপ ব্যাপার। সারা দেশে যে অগণতান্ত্রিক অবস্থা চলছে তার মধ্যে আমাদের রাজ্যও কম যায় না। সকলেই এখন চিন্তিত। কিন্তু জলঙ্গীতে আমরা কি দেখলাম। সংবিধান বিরোধী আন্দোলন করতে গিয়ে শাসকদলের গুলিতে দুজন মারা গেলেন। পার্ক সার্কাসে আন্দোলন করতে গিয়ে একজন মারা গেলেন। তাদের নাম যদি এই শোক প্রস্তাবে থাকত তাহলে আমরা খুশি হতাম। এই কথা বলে এবং রাজ্যপালের ভাষণকে বিরোধিতা করে আমার কথা এখানে শেষ করছি। ধন্যবাদ স্যার।

শ্রী সমরেশ দাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাকে বলার সুযোগ দেওয়ার জন্য। আপনাকে অশেষ ধন্যবাদ। গত ৭ই ফেব্রুয়ারী, ২০২০ তারিখে মাননীয় রাজ্যপাল এই হাউসে

যে ভাষণ দিয়েছেন এবং তার উপরে যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। ১৯৫১ সাল থেকে মাননীয় রাজ্যপাল এই ভাষণ দেওয়া শুরু করেছেন এবং সত্তর বছর ধরে মাননীয় রাজ্যপাল এই ভাষণ দিচ্ছেন। এমন একটা বছর পাওয়া যাবে না, যে বছর বিরোধী দলে যাঁরা থাকেন তাঁরা মাননীয় রাজ্যপালের ভাষণকে সমর্থন করেছেন। প্রথা মেনেই সরকারের লিখিত বক্তব্য রাজ্যপাল পাঠ করে থাকেন, এটা নতুন কোন ঘটনা নয়। রাজ্যপাল বাইরে যাই-ই বলুন না কেন, সংবিধান মেনে সদনের মধ্যে সরকারের লিখিত বক্তব্যই রাজ্যপাল পাঠ করেছেন। আমাদের অনেক অধিবেশন হয়, কিন্তু তার মধ্যে বাজেট অধিবেশন হচ্ছে গুরুত্বপূর্ণ। প্রথা মেনে বাজেট অধিবেশনের প্রথমে মাননীয় রাজ্যপাল সরকারের লিখিত ভাষণটা এসে পাঠ করেন। রাজ্য সরকারের পক্ষ থেকে মাননীয় পরিষদীয় মন্ত্রী প্রথা মেনে এই ধন্যবাদ প্রস্তাব উপস্থাপিত করেছেন সদনে আলোচনার জন্য। সমালোচনা নিশ্চয়ই হবে, কিন্তু সমালোচনা করতে গিয়ে কতগুলো জিনিসকে আমাদের লক্ষ্য রাখা দরকার। রাজ্যপালের ভাষণ নিশ্চয়ই রামায়ণ বা মহাভারত হবে না। কিন্ত সংঘবদ্ধভাবে একটা উপস্থাপনা যাতে থাকে, সেটাকে লক্ষ্য রেখে পরবর্তীকালে রাজ্য সরকার আগামী দিনে কি উন্নয়ন করা যাবে এবং বিগত দিনে কি হয়েছে তার পরিসংখ্যান উপস্থাপিত করবেন। মাননীয় রাজ্যপাল বলেছেন এখানকার আইন-শৃঙ্খলা পরিস্থিতি শান্তিপূর্ণ। তুলনামূলক পরিস্থিতিতে এটা বিচার করতে হবে সারা দেশের নিরিখে। অন্যান্য রাজ্যের তুলনায় আমাদের রাজ্যের অবস্থাটা কেমন। পশ্চিম বাংলায় বিগত দিনগুলিতে আইন-শৃঙ্খলা পরিস্থিতি যা ছিল তার থেকে এখন আইন-শৃঙ্খলা পরিস্থিতির উন্নতি হয়েছে কি হয়নি, এটা আমাদের লক্ষ্য রাখা দরকার। ২০১১ সালের আগে একটা সরকার ক্ষমতায় ছিল, এখন অন্য একটা সরকার ক্ষমতায় রয়েছে। আমাদের রাজ্যের মধ্যে উঁচুতে পাহাড় এবং পাদদেশে জঙ্গলমহল, ২০১১ সালের আগে আমরা দেখেছি এই জায়গাগুলোতে রাজ্যের মুখ্যমন্ত্রী যেতে পারতেন না। আইন-শৃঙ্খলার পরিস্থিতি যদি অনুকূল থাকতো তাহলে অবধারিতভাবে তিনি সেইসব জায়গায় যেতে পারতেন। কিন্তু ভয়ে তিনি এইসব জায়গায় যান নি। কয়েক দিন আগে ভারতবর্ষের প্রধানমন্ত্রী কলকাতায় এলেন, তিনি সড়কপথ ব্যবহার না করে জলপথ এবং বিমানপথ ব্যবহার করলেন। তিনি পশ্চিমবঙ্গকে চেনেন না। শালীনতা, সৌজন্যের পীঠস্থান হচ্ছে পশ্চিমবঙ্গ। সড়কপথে গেলে তাঁকে কেউ আক্রমণ করতো না, কোন কূকথা বলতো না। কিন্ত আশঙ্কাগ্রস্থ হয়ে তিনি জলপথে এবং বিমানপথে ভ্রমণ করে চলে গেলেন। সেই জায়গায় দাঁড়িয়ে ২০১১ সাল থেকে ২০২০ সাল পর্যন্ত, প্রত্যেক বছর আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী শহরে-গ্রামে রাস্তায় হেঁটে যাচ্ছেন, সভা করছেন। কোন অশান্তির কারণ কিন্তু ঘটেনি। ফলে অবস্থা যে শান্তিপূর্ণ আছে এটা অস্বীকার করবার কোন কারণ নেই। অর্থনীতির সার্বিক মন্দার কথা বলেছেন। সারা দেশ যখন মন্দায় ভুগছে, সারা দেশের মানুষের আয় যখন কমছে, সেই জায়গাতে পশ্চিমবঙ্গের মানুষ উপলব্ধি করতে পারছে না আমরা খারাপ জায়গায় আছি। এটাই হচ্ছে পশ্চিমবঙ্গ, অন্য রাজ্যের সঙ্গে ব্যতিক্রম এই জায়গাতেই। এখানে মানুষ দু'বেলা দু'মুঠো খেতে পারে, রাত্রিতে ঘুমোতে পারে। সারা দেশে কর্মসংস্থানের সুযোগ না

থাকলেও, আমাদের রাজ্যে কিন্তু কম হোক বা বেশি হোক কর্মসংস্থানের সুযোগ আছে। এটা আমাদের রাজ্য সরকারের বক্তব্য নয়, কেন্দ্রীয় সরকারের মন্ত্রী পার্লামেন্টে দাঁড়িয়ে একথা বলেছেন। পশ্চিমবঙ্গই হচ্ছে একমাত্র রাজ্য যেখানে লোক নিয়োগের ব্যবস্থা হচ্ছে।

[3:20 – 3:30 p.m.]

স্বাভাবিকভাবেই অন্য রাজ্যের তুলনায় আমাদের এখানকার অবস্থা নিশ্চয়অনেক বেশি উন্নত এটা অস্বীকার করার উপায় নেই। এ কথা অস্বীকার করার উপায় নেই, সারা দেশের চর্তুদিকে অসহিষ্ণুতা, ধর্মান্ধতা এবং বিদ্বেষের হাওয়া আছে যা দেশকে কলুষিত করার চেষ্টা করছে। আমাদের যে সত্য, আমাদের যে নিষ্ঠা, আমাদের যে নীতি, আমাদের যে আদর্শ যা সংবিধানে লিপিবদ্ধ আছে তাকে বিনষ্ট করাবার চেষ্টা হচ্ছে। ভারতবর্ষ এমন একটা দেশ পৃথিবীর বহু দেশ থেকে মানুষ এখানে এসেছে লুণ্ঠন করবার জন্যে। শক, হূণ,পাঠান মোগল,ইংরেজ তারা এসেছে, লুণ্ঠণ করেছে। কিন্তু তাদের সংস্কৃতি এখানে স্থাপন করতে পারেনি। ভারতের সঙ্গে লীন হয়ে গেছে। তাদের এখান থেকে চলে যেতে হয়েছে। ইংরেজ চলে যাওয়ার পরে বর্তমানে আর.এস.এস. নামক একটি সংগঠন বি.জে.পি. নামক রাজনৈতিক দলের মাধ্যমে ভারতবর্ষকে। আবার আক্রমণ করেছে। একজন কেউ বলছিলেন, এখানকার সরকারের লোকের পেছনে অনেক কালিমা আছে। কেন্দ্রীয় সরকারের কালিমা নেই একবার পড়ে দেখুন, জানবার চেষ্টা করুন। হাজার হাজার কোটি নয়, লক্ষ লক্ষ কোটি টাকা তাঁরা তছরূপ করেছেন, যা কল্পনার বাইরে এমন একটি অবস্থা। ভারতবর্ষের সংবিধানকে তাঁরা কোনো গুরুত্ব দেওয়া চেষ্টা করছেন না। সংবিধানে যাদের যাদের স্বাধিকার দেওয়া হয়েছিলো সেগুলোকে অপহরণ করার চেষ্টা হয়েছে। সুপ্রিম কোর্ট তার মর্যাদা পায় না, আর.বি.আই. তার মর্যাদা পায় না, ইলেকশান কমিশন তার মর্যাদা পায় না। সি.বি.আই. তার মর্যাদা পায় না। এগুলোকে দলদাসে রূপান্তরিত করা হয়েছে। ভোটে কারচুপির কথা বলছেন, গত লোকসভা নিবার্চনে যদি আমরা দেখি, আগে থেকে তারা ঠিক করেছিলো, ই.ভি.এম. মেশিনে কারচুপি করবে, বিজ্ঞানের অগ্রগমণ ঘটেছে। ৩৫৩ টা আসনে কারচুপি করে ভারতবর্ষের শাসন ক্ষমতায় এসেছে। পরবর্তীকালে ভোটের ফলাফল ঘোষিত হয়েছে। বিশ্ব জানছে বি.জে.পি. জিতছে কিন্তু ভারতবর্ষের নাগরিক তাদের ভোট দেয় নি। ভারতবর্ষের নাগরিকের প্রদত্ত ভোটে যদি তাঁরা নির্বাচিত হতেন নিবার্চনের অব্যবহিত পরেই নির্বাচক মণ্ডলীর পিঠে লাথি মেরে ভারত থেকে তাড়ানোর ব্যবস্থা তাঁরা করতেন না। নতুন নতুন আইন আনবার চেষ্টা করছেন। বন্ধুগণ তাই আমরা বলি, কুরুক্ষেত্রে যুদ্ধ হয়েছিলো - ধর্মযুদ্ধ। সত্যের জয় হবে, চিন্তার কোনো কারণ নেই। ভারতবর্ষে যত আন্দোলন হয়েছে তার কেন্দ্রবিন্দু হচ্ছে পশ্চিমবঙ্গ। কেন্দ্রে যে দল শাসন করছে, পশ্চিমবঙ্গেই প্রথম লোকসভার নির্বাচনের পরে আমাদের মধ্যবর্তী নির্বাচন হয়েছে। এখানে পশ্চিমবঙ্গের নির্বাচনের মধ্যে দিয়ে তাদেরকে পরাজিত করবার ব্যবস্থা হয়েছে। আমাদের এই বিধানসভার এক সদস্য, মেদিনীপুর কেন্দ্র থেকে লোকসভায় দাঁড়িয়েছিলেন, বিপুল ভোটে জয় যুক্ত হয়েছিলেন কারচুপির মধ্যে দিয়ে। পরবর্তীকালে সেখানে যখন বিধানসভার পুনর্নিবাচন হলো শোচনীয় হার হয়েছে তার।

স্বাভাবিকভাবে পরবর্তীকালে ঝাড়খণ্ড এবং সর্বশেষ হচ্ছে দিল্লি - একে একে নিভিছে দেউটি। সত্যের জয় হবে, চিন্তার কোনো কারণ নেই। ইংরেজরা যেমন গেছে, মোগলরা যেমন গেছে, পাঠানরা যেমন গেছে ঠিক তেমনি করে বি.জে.পি. -কেও চলে যেতে হবে। পরিশেষে তাই আমি কথা না বাড়িয়ে বলি, যে ধন্যবাদসূচক প্রস্তাব আনা হয়েছে তাকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার কথা শেষ করছি।

শ্রীমতী সোনালী গুহ (বোস) : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ৭ তারিখে মাননীয় রাজ্যপাল জগদীপ ধনখড়,১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গ বিধানসভায় যে ভাষণ দিয়েছেন, সেই ভাষণের ওপর আমি কিছু কথা রাখছি। পুরোটাই সমর্থনযোগ্য। তার আগে, গতকাল দিল্লিতে আম আদমি পার্টি যে বি.জে.পি. - কে সাফ করে দিয়েছে তার জন্য দিল্লি বাসীকে লাখো কুর্ণিশ, লাখো সালাম,লাখো শ্রদ্ধা, দিল্লীবাসীকে লাখ প্রণাম জানিয়ে আমি বলি, সেখানে যে কংগ্রেস আর সিপিএম গাঁটবন্ধন করেছিল, তারা একটিও সিট পায়নি, সেখানে আম আদমি পার্টি নিরঙ্কুশ সংখ্যাগরিষ্টতা এসেছে। স্যার, আজকে যাঁরা গণতন্ত্রের কথা বলছেন, তাঁরা জানেন না, যে পশ্চিমবঙ্গে গণতন্ত্র কি ছিল, কোথায় নানুর, কোথায় নন্দীগ্রাম, কোথায় নেতাই, কোথায় শালতোড়া - মানুষ যেতে ভয় পেত। আর সেখানে আমি আমার আগের বক্তা সমরেশ দাসকে সমর্থন করছি যে এখন আমাদের মুখ্যমন্ত্রী administrative-এর মিটিং ২০১১ সাল থেকে ২০২০ পর্যন্ত প্রত্যেকটা জেলায় জেলায় যেমন জনসভা করছেন,তেমনি administrative মিটিং করে প্রশাসনকে তিনি সতর্ক করে দিচ্ছেন যাতে করে প্রশাসন সতর্কভাবে কাজ করে এবং ঠিকভাবে কাজ করে। স্যার, আজকে যাঁরা বলছেন এখানে আইনশৃঙ্খলার অবস্থা খারাপ, যাঁরা বলছেন মোয়াজ্জেম ভাতা, আর ইমাম ভাতা দিয়ে রাজ্য সরকার ভুল করছে, তাঁরা জানেন না রাজ্য সরকার এই ভাতা দেন না,ওই ভাতা দেয় ওয়াকফ কমিটি। যারা পুরোহিতদের ভাতা দেন, তারা জানেন না ....(নয়েজ)...... ঠিক আছে, ঠিক আছে, তুমি অনেক জানো, বসো। তোমার মা কেন জেলে আছে, সেটা আগে বল ? ওর মা কেন জেলে আছে ওকে জিজ্ঞাস্য করুন তো। ....(নয়েজ)...... আজকে ডিস্টার্ব করে ওরা থামাতে পারেনি, আর পারবে না। স্যার,যাঁরা পুরোহিতদের ভাতা দেন, তাঁদের মন্দির কমিটি থেকে, ট্রাস্টি বোর্ড থেকে ভাতা দেওয়া হয় এবং আপনার জানা উচিত এবং আপনি জানেনও, আপনি শিক্ষিত লোক যে আজকে ‘কন্যাশ্রী’, ‘ভাগ্যশ্রী’, ‘সবুজসাথী’, ‘ঐক্যশ্রী’ সমস্ত কিছু মমতা ব্যানার্জী যে তৈরি করেছে। আর নো এন.আর. সি, নো সি.এ.বি. - যেটা মমতা ব্যানার্জী ভাবেন সেটা ভারতবর্ষ পরে ভাবে। মমতা সেটা আগে ভাবেন, ভারতবর্ষ সেটা পরে ভাবে। তাই মমতা ব্যানার্জী প্রথম ডাক দিয়েছিলেন, জোড়াসাঁকো থেকে, ধর্মতলার গান্ধীমূর্তি থেকে,আম্বেদকরের মূর্তি থেকে গান্ধীমূর্তি ছুঁয়ে জোড়াসাঁকো পর্যন্ত পদযাত্রা। লাখ মানুষের ভীড় হয়েছিল সেই মিছিলে। মমতা ব্যানার্জী পরের মিটিং করেছিলেন হাওড়ায়, তার পরে মিছিল করেছিলেন কলকাতা শহরে। একটার পর একটা মিছিল করে তিনি যখন শিলিগুড়িতে পৌঁছান,তখন পাহাড়ি মানুষেরা মমতা ব্যানার্জীকে শিঙ্গা বাজিয়ে বরণ করে নিয়েছিলেন। আর এই ‘কন্যাশ্রী’ বিজেপি করেছে, ‘বেটি বাঁচাও, বেটি পড়াও’। তাঁরাও পুরোটা

খরচ করতে পারেননি স্যার। ওদের কেন্দ্রীয় মন্ত্রী আজকে শিলভদ্র দত্ত বলেছিলেন, যে ২৫ শতাংশ খরচ করতে পারেন নি প্রত্যেকটা রাজ্যে রাজ্যে। বিজেপির সব নকল করা যা করছে মমতা ব্যানার্জী তাই বিজেপি'কে করতে হবে। যা করছেন টি.এম.সি. সরকার তাই বিজেপি'কে করতে হবে। আর কংগ্রেস সিপিএমের তো কিছু বলার নেই, তাই আজকে বলছে গণতন্ত্র নেই। আমরা বলছি গণতন্ত্র আছে, তাই তো তোমরা আজকে বিধানসভায় বলতে পারছো,গণতন্ত্র আছে, তাই তো তোমরা আজকে বাসে করে আসতে পারছো। গণতন্ত্র আছে তাই তো তোমরা আজকে গ্রামে যেতে পারছো। আর যদি বামফ্রন্ট আরও ২০ বছর থাকত,তাহলে বাংলার অবস্থাটা যে কি হত,বাংলা বেহাল অবস্থায় পৌঁছাতো। আর এই বামফ্রন্টকে যারা সমর্থন করছে, যে কংগ্রেসকে বামফ্রন্ট মেরে টুকরে টুকরে করে দিয়েছে, সেই সাঁইবাড়িতে মাকে রক্ত মাখা ভাত খাওয়াতে বাধ্য করেছে, সেই বামফ্রন্টকে আজকে কংগ্রেস সমর্থন করছে, এর থেকে লজ্জা আর কি হতে পারে, এর থেকে লজ্জা আর কি হতে পারে স্যার। গণতন্ত্র নেই - গণতন্ত্র আছে বলেই তো তোমরা অপজিশানে বসে আছো, আর আমরা ট্রেজারি বেঞ্চে বসে আছি। গণতন্ত্র আছে বলেই তো তোমরা আজকে জোড়ে কথা বলতে পারছো। গণতন্ত্র আছে বলেই তো কালকে মনোজ চক্রবর্তী ওয়ার্কআউট করেছে। তারও ফটোসেশান চাই। তাপস রায় ফোনে কথা বলতে বলতে ঢুকেছেন,উনি তার প্রতিবাদ করতে পারেন। আমি আপনার জায়গায় ছিলাম একদিন, বলেছিলাম যে ফোন করবে, তার ফোন কেড়ে নেব, তার ফোন আমি সিজ করে দেব।

[3:30 – 3:40 p.m.]

কিন্তু ফটো সেশন করার মত অবস্থায় আমার মনে হয় কালকে কংগ্রেস ছিল না। কিন্তু ফটো একটা দরকার, তাই ফটো সেশন করেছেন। ফটো একটা দরকার, তাই বেরিয়ে গিয়েও আবার মিঃ স্পিকারের মাধ্যমে একটা মধ্যস্থতা করেছেন। স্বাস্থ্যবিমা - স্বাস্থ্যবিমা আজকে কার ঘরে নেই ? খাদ্যশ্রী আজ কার ঘরে নেই ? প্রত্যেকটা গরিব মানুষ আজকে দু' টাকা কেজি দরে চাল পাচ্ছেন। প্রত্যেকটা গরিব মানুষ আজকে অন্ন বস্ত্র, রোটি, কপড়া ঔর মকান বেঁচে আছেন। আর উন্নয়ন, সড়ক, সড়ক বললে মাটির ওপর দিয়ে মানুষ এখন আর যায় না। মানুষ এখন সিমেন্টের রাস্তার উপর দিয়ে যায় স্যার। লোকে বলে ঘর থেকে বেরোলেই রাস্তা। এর থেকে আর কী দরকার। লোকে বলছে, ঘর থেকে বেরোলেই পানীয় জলের কল, ঘর থেকে বেরোলেই রাস্তা।

(ভয়েজ - জলের ট্যাঙ্ক তো পরে গেছে)

পরে গেছে। জলের ট্যাঙ্কই পরে গেছে, সেটা তোমাদের জন্য। তোমাদের ৩৪ বছরে কিছুই হয় নি, তাই পরবে কি করে। আমাদের ওখানে স্যার সুব্রত মুখোপাধ্যায় প্রথম আর্সেনিক ফ্রি ওয়াটার প্রজেক্ট করেছিলেন। আর সেটা করতে গিয়ে সি.পি.এম. আমাদের (তৃণমূল কংগ্রেসের) তিনটি ছেলেকে খুন করেছিল - প্রদীপ পাল, মৃণাল দে, আর ধ্রুব দত্ত, তিনজনকে খুন করেছিলেন। তারা আবার গণতন্ত্রের কথা বলে ? আজকে খবরের কাগজে দেখলাম বিজেপি-র লোকেরা আপের একজন বিধায়ককে হত্যার চেষ্টা করেছেন স্যার। তারা আবার গণতন্ত্রের কথা

বলে ? তারা বলে আজকে মমতা কে ঘর মে গণতন্ত্র নেহি হায়, মমতা কে ঘর মে ডেমোক্রেসি নেহি হ্যায়। 'আর এই লোকসভা নির্বাচনে বামপন্থীদের ভোট, বি জে পি-র সঙ্গে গট আপ, আমরা করি? এই লোকসভা নিবার্চনে কেন বামপন্থীদের ভোট বি.জে.পি.-তে গেল ? তোমরা বলো সেটা। আজকে বলতে লজ্জা করে ? আমি অভিষেক ব্যানার্জীর ইলেকশানে ছিলাম স্যার, সক্রিয়ভাবে ছিলাম। সেখানে দেখেছি।

...(গোলমাল)...

বাচ্চা মেরেছিলি, লজ্জা নেই ? আই.সি.ডি.এস. থাকাকালীন বাচ্চা মেরেছিলি, লজ্জা হয় না জাহানারা? এখন তুই বড় বড় কথা বলছিস ? খবরের কাগজে বেরিয়েছিল, জাহানারা বেগম বাচ্চা মেরে বাচ্চাকে আহত করেছে। অন্ রেকর্ড বলছি স্যার সেটা আমাদের মন্ত্রী বলাতে জাহানারার গোসা হয়েছিল। সে আবার গণতন্ত্রের কথা বলে। বাচ্চা মেরে বাচ্চা প্রেম ? 'সেম সেম সি পি এম। স্যার, আজকে সি.পি.এম.-এর লোকেরা পরিকল্পিতভাবে বি.জে.পি.-কে ভোট দিয়েছে। বি.জে.পি. এত ভোট পায় না। বাংলায় বি.জে.পি. এত ভোট পায় না।

...(গোলমাল)....

স্যার, আমি একটা কথাই বলব। সি.পি.এম, বি.জে.পি. আর কংগ্রেস, দে আর দ্য সেম। ওদের কোনো নীতি নেই। কংগ্রেসের লোকেরা কংগ্রেসকে আগেই সি.পি.এম.-এর হাতে বিক্রি করে দিয়েছে, সেই জন্য আমাদের তৃণমূল কংগ্রেসের প্রতিষ্ঠা। আর সি.পি.এম.-এর লোকেরা বি.জে.পি.-র কাছে নিজেকে বিক্রি করে দিয়েছে, সেই জন্য আমাদের প্রতিবাদ। তাই আমি সবাইকে ধন্যবাদ জানিয়ে, যারা আমাকে বলতে দিতে বাধা দিলেন, তাদেরকেও ধন্যবাদ জানাচ্ছি। কারণ ওদের থেকে আমি অনেক সিনিয়র। ২০ বছরের আমি এম.এল.এ হয়ে গেছি। তাই আপনার মাধ্যমে সবাইকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করলাম।

শ্রী মানস মুখার্জী : স্যার, মাননীয় রাজ্যপাল সংবিধানের ১৭৬ ধারা অনুযায়ী যে বক্তব্য এই সদনে পেশ করেছেন, সেই বক্তব্যের প্রত্যেকটিতে ধন্যবাদসূচক যে প্রস্তাব, সেই প্রস্তাবের বিরোধিতা করে, বিরোধীদের আনা কাটমোশন সেই সম্পর্কে কিছু কথা আমি উপস্থাপন করতে চাই। ভাষণের শেষ পৃষ্ঠায় ১৬ নং পৃষ্ঠায় যে বিষয়টি নিয়ে গোটা দেশের মানুষ এখন বেশি উদ্বিগ্ন যে, কি হবে তাদের ভবিষ্যৎ। তারা ভারতীয় নাগরিক থাকবেন, না থাকবেন না।

এই যে ভয়ঙ্কর অসহিষ্ণুতা ধর্মীয় এবং রাজনৈতিক, তার অন্তিম পরিণতি কি হবে? সর্বনাশ না মনুষ্যত্বের জয়? এই প্রসঙ্গকেই সামনে রেখে আমরা এই বিধানসভায় পরিশেষে সর্বসম্মত প্রস্তাব নিয়েছি এবং সেই সর্বসম্মত প্রস্তাব ১৬ পৃষ্ঠায় উল্লেখিত আছে। কিন্তু আমাদের কথার মধ্যে যা ঝাঁঝ, আমরা কথা বলতে গিয়ে যা বলি সেই সোচ্চার মনোভাব বিশেষ করে শাসক দলের সেই ঝাঁঝ এই বক্তব্যে কিছুটা দুর্বল বলে আমার মনে হয়েছে। আমরা দেখেছি, দুর্গাপুজোর আগে সরকারি টাকায় বিজ্ঞাপন হয়েছে, মুখ্যমন্ত্রী বিজ্ঞাপন দিয়েছেন সেনসাস তার নাম করে।

পরবর্তীকালে মুখ্যমন্ত্রী বলেছেন, এটা ঠিকই যে তিনি ভুল বুঝেছিলেন। কিন্তু ভুল বোঝার তো কথা না। ৩১শে জুলাই ভারত সরকারের যে গেজেট প্রতিটি রাজ্য কমিটির কাছে আসে সেই গেজেটে পরিষ্কার করে বিশেষ করে পালামেন্ট লোকসভা, রাজ্যসভা তাদেরকে জয়েন্ট কমিটি সেই কমিটি একটা সতর্কীকরণ করেছিল। সেটা হচ্ছে- The Union Government of India has decided to create a National Population Register (NPR) of all the usual residents in the country as a first step towards creation of a National Register of Indian Citizen (NRC) অর্থাৎ, এই যে এনপিআর এই এনপিআর হচ্ছে এনআরসি তৈরি করবার প্রথম ধাপ। সেইটা যদি আমরা ভুল বুঝি ইচ্ছাকৃতভাবে অনিচ্ছাকৃত, ভুল বুঝে তার পরিপ্রেক্ষিতে যদি বিজ্ঞাপন দিই সর্বনাশটা ঔই পথেই আসে। যাই হোক এখন আমরা সবাই মিলে একসঙ্গে বলছি। আমাদের বাধা দিতে হবে কারণ আমাদের দেশের সামনে সবচেয়ে বড় বিপদ হচ্ছে অসহিষ্ণুতা। এবং অসহিষ্ণুতার পথ ধরেই আমাদের রাজ্যের রাজ্যপালের ভাষণে আছে যে, মনোরম পরিস্থিতি। সত্যি কি তাই? আমরা কি ভুলে যাব কিছু দিন আগে ভাটপাড়া। চার মাস, পাঁচ মাস সময় লাগল সেই ভাটপাড়াকে কিছুটা নিয়ন্ত্রণে আনতে। আমরা ভুলে যাব এই কিছুদিন আগে মুর্শিদাবাদের জলঙ্গিতে দুইজন খুন হয়ে গেলেন এই এনপিআর-এর আন্দোলনটাতে পার্টিসিপেট করতে গিয়ে। সন্দেশখালিতে দু'জন খুন হলেন। আমরা গেলাম। এবং শুধু খুন হলেন তাই না আসামীকে যারা গ্রেপ্তার করতে গেল - মাননীয় অর্থমন্ত্রী আছেন, আমি বলব, বিষয়টা ভাবতে - আইন-শৃঙ্খলা তাকে রক্ষা করার প্রশ্নে, আসামী ধরে নিয়ে আসার প্রশ্নে এই সিভিক ভলেন্টিয়ার তাদেরকে নিয়ে যাওয়া হচ্ছে। এই সিভিক ভলেন্টিয়ারদের বেতন কম, কোনো ট্রেনিং নেই, কোনো সরকারি তেমন স্বীকৃতি নেই। তারা আসামী গ্রেপ্তার করতে যাচ্ছে। আর সেই আসামী গ্রেপ্তার করতে গিয়ে একজন সিভিক ভলেন্টিয়ার প্রাণ দিলেন। কনেস্টবলের প্রাণ গেল, এসআই-এর প্রাণ গেল তাঁর মতন কমপেনসেশান তিনি পাবেন না। তার কোনো সরকারি অধিকার নেই। সিভিক ভলেন্টিয়াররা কি কাজ করবেন? তার কোনো গাইড-লাইন নেই, নির্দেশিকা, আমি জানি সরকারের আছে কিনা। আমাদের কাছে অন্তত কোনো কিছু নেই। বলছেন, ভারতবর্ষের মধ্যে পশ্চিম বাংলার আইন-শৃঙ্খলার প্রশ্নে অনেক মনোরম পরিবেশে আছে। কি বলছে ন্যাশনাল ক্রাইম ব্যুরো রিপোর্ট? যদিও সব রিপোর্ট আপনারা পাঠান না। আমি তিনটি রাজ্যের কথা বলব স্যার। একটি বিজেপি শাসিত রাজ্য কর্ণাটক ২০১৮ সালের রিপোর্ট অনুযায়ী ১৩৩৪ জন মানুষ খুন হয়েছেন। শতাংশের হিসাবে ৪.৬ শতাংশ। বাম শাসিত কেরালায় ২৯২ জন খুন হয়েছে। শতাংশের হিসাবে ১ শতাংশ। আর তৃণমূল শাসিত পশ্চিম বাংলায় ১৯৩৩ জন খুন হয়েছেন। ৬.৭ শতাংশ।

[3:40 – 3:50 p.m.]

মহিলাদের ওপর হিংসার ঘটনা। কর্ণাটক। ১৩,৫১৪। ৩.৬ শতাংশ। কেরালা। ১০,৪৬১। ২.৮ শতাংশ। পশ্চিমবঙ্গ। ৩০,৩৯৩। ৮ শতাংশ। এর পরেও কী আত্মতৃপ্তি আমাদের থাকতে

পারে ? এই কথা কী আমরা বলতে পারি যে আমরা খুব সুন্দর পরিবেশে আছি? তার কারণটা কী ? তার কারণ একটা বড় অংশ হচ্ছে আমাদের রাজ্যের পুলিশ, আমাদের কলকাতার পুলিশ। আগে স্কটল্যান্ড ইয়ার্ডের সঙ্গে তাদের তুলনা হত। তাদের দক্ষতার কোন অভাব নেই। কিন্তু সেই পুলিশ বাহিনীকে অপরাধী ধরার জন্য যে স্বাধীনতা দেওয়া, অপরাধ দমন করার জন্য যে স্বাধীনতা দেওয়া সেই স্বাধীনতা তারা পাচ্ছে কিনা জানিনা, তাদের যোগ্যতা কমে যাচ্ছে কিনা জানিনা। এটা বিচারের প্রশ্ন সরকারের। বরং আমরা দেখছি এই কাজের থেকে তারা অনেক বেশি আক্রমণাত্মক, অনেক বেশি সক্রিয় গণতান্ত্রিক আন্দোলনকে ধ্বংস করার জন্য, তাকে স্তব্ধ করার জন্য। সহজেই লাঠি চালাচ্ছে, সহজেই মানুষকে আহত করছে, গণতান্ত্রিক আন্দোলন বিঘ্নিত হচ্ছে। যে ভয়ঙ্কর ফ্যাসিবাদী শক্তির সঙ্গে আমরা লড়াই করছি সেই লড়াইয়ে গণতন্ত্রের পরিসর যদি না বাড়ে, সেই লড়াইয়ে সমস্ত রাজনৈতিক দল তার রাজনৈতিক দায়িত্ব পালন করার জন্য যদি গণতান্ত্রিক আন্দোলন করতে না পারে তাহলে এই ভয়ঙ্কর শক্তিকে প্রতিহত করা আমাদের রাজ্যে এবং গোটা দেশকে আলো দেখানো পুলিশের এই আচরণ থাকলে পরে বা কোনো রাজনৈতিক দলের অসুস্থ এই আচরণ থাকলে পরে এ কাজ করে ওঠা যাবে না।

স্যার, মাননীয় শিক্ষামন্ত্রী ছিলেন। আমাদের রাজ্যে শিক্ষায় একটা বড় সমস্যা দেখা দিয়েছে। আগামী ১০ বছর পরে এটা আরো ভয়ঙ্কর হবে। হয়তো এমন হবে যে বাংলা মাধ্যম স্কুলগুলোর ভবিষ্যৎ বলে কিছু থাকবে না। সেই শিক্ষার ক্ষেত্রে যতটা বেশী জোর দেওয়া উচিৎ, গুরুত্ব দেওয়া উচিৎ। এর আগে আমাদের দু'তিনজন বক্তা বলেছেন যে সেক্ষেত্রে ব্যয়বরাদ্দ কমেছে। কিন্তু ব্যয়বরাদ্দ কোথায় বাড়ছে জানেন স্যার? সমাবর্তন উৎসবে। ২০১২-১৩ আর্থিক বছরে কলকাতা বিশ্ববিদ্যালয়ে সমাবর্তনে খরচ হয়েছিল ১ লক্ষ ৯৮ হাজার টাকা। আর, ২০১৮ সালের ১১ই জানুয়ারী যে সমাবর্তন হল সেই সমাবর্তন উৎসবে খরচ হল ১ কোটি ২১ লক্ষ টাকা। রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রীকে ডিলিট উপহার দিতে হবে তো তাই অনুষ্ঠান চলে গেল কলকাতার ইউনিভার্সিটি ইনস্টিটিউট হল থেকে নজরুল মঞ্চে এবং ১ কোটি ২১ লক্ষ টাকা খরচ হল। যে টাকা খরচ করার কথা শিক্ষার মৌলিক উন্নয়নের ক্ষেত্রে সেই টাকা খরচ হচ্ছে সেখানে যেখানে মানুষ কম বেনিফিট পাবে, সরকারেরও কাজের কাজ কম হবে।

আরেকটা বিষয় বলে আমি শেষ করব। মাননীয়া স্বাস্থ্য রাষ্ট্রমন্ত্রী আছেন। আমি ওনাকে ধন্যবাদ জানাতে চাই, যখন যে বিষয়েই ফোন করি উনি ফোন ধরেন, এ্যাটেন্ড করেন এবং সঙ্গে সঙ্গে কিছু পদক্ষেপ নেন। কিন্তু উনিও জানেন যে একটা সিটি স্ক্যান করতে হলে, একটা এম.আর.আই. করতে হলে কতদিন সময় লাগে, রুগী কতদিন পরে ডেট পায়। ৬ মাস, ৮ মাস, ৯ মাস। এমনকি রক্ত পরীক্ষার ক্ষেত্রেও ৩ মাস, সাড়ে ৩ মাসের বেশি সময় লাগে। কাজেই উন্নয়ন হয়েছে, অগ্রগতি হয়তো আপনারা ঘটিয়েছেন কিন্তু এগুলো যদি দূর করতে না পারেন, এম.আর.আই., সিটি স্ক্যানের জন্য যদি চিকিৎসা আটকে যায় তাহলে সেই রুগী আরও বিপন্ন হবে। কাজেই সাফল্য সাফল্য দাবি করে, চিৎকার করে লাভ নেই। সাফল্যের পথে যে দুর্বলতাগুলো আছে সেই দুর্বলতাগুলো চিহ্নিত করে পদক্ষেপ গ্রহণ করার যে ইচ্ছাশক্তি সেই

ইচ্ছাশক্তি বাড়ুক। এই কথা বলে এবং পুনরায় আমি প্রস্তাবের বিরোধিতা করে আপনাদের সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করছি। নমস্কার।

Shri Pradyut Kumar Ghosh : ধন্যবাদ স্যার। ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের ষোড়শ বিধানসভার পঞ্চদশ অধিবেশনে গত সাতই ফেব্রুয়ারি রাজ্যপাল মহোদয় কর্তৃক প্রদত্ত ভাষণকে সম্পূর্ণ সমর্থন করে আমি দু-একটি বক্তব্য এখানে রাখছি। স্যার, রাজ্যপাল মহোদয়ের ভাষণে বাংলার সার্বিক উন্নয়ন এবং অর্থনৈতিক দিক থেকে বাংলা কতটা মজবুত এবং কতটা সুদৃঢ় তারই প্রতিফলন রাজ্যপালের ভাষণে ফুটে উঠেছে। স্যার গতকাল দিল্লির নির্বাচনের পরেই যে রেজাল্ট ঘোষণা হয়েছে কেন্দ্রীয় সরকারের কালা কানুন এনআরসি, এনপিআর, সিএএ-র বিরুদ্ধে দিল্লির মানুষ রায় দিয়ে ভারতবর্ষের বিজেপিকে আমাদের কেজরীওয়ালাজীর তৈরি ডিটেনশান ক্যাম্পে পাঠিয়ে দিয়েছে। তাই আমরা আজকে এই সদন থেকে সমস্ত দিল্লিবাসীকে আন্তরিক অভিনন্দন এবং শ্রদ্ধা জানাই। স্যার, দিল্লির মানুষ রায় দিয়েছে জাত নয় ভাত চাই, ধর্ম নয় কর্ম চাই, ভাষণ নয়, উন্নয়ন চাই। যেটা বাংলার মুখ্যমন্ত্রী মাননীয়া মমতা ব্যানার্জী অলরেডি করে দেখিয়েছেন পশ্চিমবাংলায়। স্যার, গতকাল এই সদনে আমাদের অশোক ভট্টাচার্যবাবু যিনি দীর্ঘদিনের মন্ত্রী কমিউনিস্ট পার্টির ছিলেন, চলে গেলেন। একটা কথা কালকে বলছিলেন পলিটিক্যাল টলারেন্স এই সরকারের নেই। পলিটিক্যাল টলারেন্স রাজনৈতিক সহিষ্ণুতা- অশোকবাবুর মত কমিউনিস্ট নেতাদের কাছ থেকে আমাদের শিখতে হবে টলারেন্স। এ রাজ্যে ক্ষমতায় থাকার জন্য অশোকবাবুরা এই কমিউনিস্ট পার্টি তাদের পলিটিক্যাল স্ট্যান্ড হয়েছিল, পলিটিক্যাল এজেন্ডা নিয়েছিলেন, মানুষ যখন সিপিএমের সঙ্গে থাকবে না, ভোটাররা যখন সিপিএমকে ভোট দেবে না, তখন বন্দুকই হবে ক্ষমতার উৎস। বন্দুক দেখিয়ে ক্ষমতায় থাকার প্রচেষ্টা চালিয়েছেন এই কমিউনিস্ট পার্টি। আজকে স্যার, সারা বাংলার সাথে সাথে আমার পশ্চিম মেদিনীপুর জেলায় আমরা লক্ষ্য করলাম এবং ঝাড়গ্রামে শয়ে শয়ে বেআইনি বন্দুকের কারখানা তৈরি করে সিপিএমের হার্মাদদের হাতে বন্দুক তুলে দিয়ে, শয়ে শয়ে তৃণমূল কর্মীকে খুন করে মাটির তলে পুঁতে দিয়েছিলেন এই কমিউনিস্ট পার্টি। তাদের মুখ থেকে আজকে শুনতে হচ্ছে পলিটিক্যাল টলারেন্স। অশোকবাবু নেই চলে গেলেন। আজকে খানাকুল, গোঘাট, আরামবাগ, গড়বেতা, কেশপুর কারা তৈরি করেছিলেন? যাঁরা পলিটিক্যাল টলারেন্সের কথা বলছেন তাঁরা এই সমস্ত এলাকায় পলিটিক্যাল টলারেন্সকে শ্মশানে পরিণত করেছিলেন। আজকে বিরোধী শূন্য করার চেষ্টা -এই কমিউনিস্ট পার্টি সারা বাংলায় চালিয়েছিলেন বিরোধী শূন্য করে দিতে। স্যার, আমরা একটা কথা জানি পাপ কখনও বাপকে ছাড়ে না। অশোকবাবুরা জানেন, কমিউনিস্ট পার্টির যাঁরা এখানে সদস্য আছেন তাঁরাও জানেন। ২০১৬ সালে এই পশ্চিম মেদিনীপুর এবং ডেপুটি স্পিকার স্যার আপনার নিজের জেলা ঝাড়গ্রামের ১৯ টা বিধানসভা যাঁরা এই হার্মাদের রাজত্ব তৈরি করেছিলেন, সেই ১৯ টি বিধানসভায় একটা আসনও সিপিএম জিততে পারেনি। তার কারণ এই হার্মাদের রাজত্ব তৈরি করতে যাওয়ার ফলে। আজকে পলিটিক্যাল টলারেন্সের কথা আমাদেরকে শুনতে হচ্ছে কমিউনিস্ট পার্টির কাছ থেকে।

[3:50 – 4:00 p.m.]

২০০৬-০৭ সালের কথা অশোকবাবুরা ভুলে গেছেন, কমিউনিষ্ট পার্টির সদস্যরা ভুলে গেছেন। তৎকালীন বাংলার মুখ্যমন্ত্রী বুদ্ধদেববাবু কি বলেছিলেন? বলেছিলেন, আমরা ২৩৬ আর তোমরা ৩০। তোমাদের কথা আমাদের শুনতে হবে নাকি? এটা কোন পলিটিক্যাল টলারেন্স বলতে পারবেন? আজকে স্যার, ইদানিং আমরা লক্ষ্য করছি গ্রামে গঞ্জে সি.পি.এম.-য়ের কমিউনিষ্টরা একটা কথা বলছেন, বলছেন আমাদের মূল শত্রু তৃণমূল। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় আমাদের মূল শত্রু। তাই আমাদের প্রথম এবং প্রধান কাজ আগে তৃণমূলকে শেষ করো। মমতা ব্যানার্জীকে শেষ করা। সেই লক্ষ্যে ২০১৯ সালের লোকসভা নির্বাচনে কমিউনিষ্ট পার্টি তাঁদের ভোটটা বিজেপির দিকে ট্রান্সফার করে দিলেন। পশ্চিম বাংলায় নিজেদের ভোটটা তাঁরা বিজেপি-কে ট্রান্সফার করে তাঁরা নাগা সন্ন্যাসী হয়ে ঘুরে বেড়াচ্ছেন। নিজের নাক কেটে, পরের যাত্রা ভঙ্গ করছেন। আজকে আমরা দেখলাম সি.পি.এম.-এর অধুনা জাতীয় কংগ্রেস - কালকে অসিতবাবু খুব দুঃখ করে বলছিলেন টি.ভি.-তে কয়েকদিন ধরে দেখছিলাম রাজ্যপালের বক্তব্যের আগে ব্রেকিং নিউজ হচ্ছিল। ঐতিহাসিক ভাষণ, যুগান্তকারী ভাষণ বিধানসভায় পেশ করবেন রাজ্যপাল মহাশয়। অসিতবাবুরা ভেবেছিলেন আমাদের মত রাজ্যপালও বোধ হয় মিথ্যাচার করবেন। শান্তি, শৃঙ্খলা, উন্নয়ন বিরোধী বক্তব্য রেখে সরকারকে চাপে ফেলে দেবেন, কালিমালিপ্ত করবেন। কিন্তু রাজ্যপাল মহোদয় সম্পূর্ণ উল্টো পথে হেঁটে তিনি সরকারের উন্নয়ন এবং শান্তি, শৃঙ্খলাকে সিলমোহর দিয়েছেন। স্যার, রাজ্যপালের সঙ্গে আমাদের সেটিং হয়েছে বলে একটা কথা সি.পি.এম.,কংগ্রেসের বন্ধুরা এখানে বলে বেড়াচ্ছেন। সেটিং কথাটা কংগ্রেস, সি.পি.এম. ভাল বোঝেন। ৩৪ বছরের শাসনকালে সি.পি.এম.-এর সাথে কংগ্রেসের সেটিং বা ইটিং কতটা কি ছিল সেটা বাংলার মানুষ ভাল করে জানেন। তাই পশ্চিম বাংলায় ১৯৯৮ সালে তৃণমূলকে তৈরি করতে বাধ্য হয়েছিলেন আমাদের নেত্রী। আর সেই সেটিংটাকে আমরা ভেঙ্গে দিতে পেরেছি পশ্চিম বাংলায় মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে। এটা আমাদের চেয়ে ওনারা অনেক ভাল বোঝেন। স্যার, আজকে আমরা লক্ষ্য করে দেখলাম কমিউনিষ্ট পার্টি দীর্ঘদিন ক্ষমতায় থাকলেও - ডেপুটি স্পিকার মহাশয় আপনার জেলা আমলাশোলে মানুষ না খেতে পেয়ে মারা গেল। আমাদের নেত্রী দৌড়ে গেলেন। সেই মানুষগুলোর সাথে কথা বলে বুঝতে পারলেন তাঁরা অভাবের তাড়নায় মৃত্যুবরণ করেছেন। পিঁপড়ের ডিম খেয়ে বেঁচে আছেন। সেদিন ওখানে সবার সামনে বলেছিলেন, যদি কোনোদিন ক্ষমতায় আসি বাংলায় আমরা গরিব মানুষের মুখে দুবেলা দুমুঠো ভাত পেট ভরে খেতে দেব। যাতে তাদের মৃত্যুমুখে পতিত না হতে হয়। তিনি তার কথা রেখেছেন। তাই আমরা ধন্যবাদ জানাই আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী আজকে জঙ্গল মহলের মানুষের মুখে হাসি ফুটিয়েছেন। তাই এই সদনে রাজ্যপাল মহোদয় তাঁর যে বক্তব্য রেখেছেন তাঁর বক্তব্যকে সম্পূর্ণভাবে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি, নমস্কার।

শ্রী শ্যামল মন্ডল : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে গত ৭ ই ফ্রেবুয়ারি পশ্চিমবঙ্গের মহামান্য রাজ্যপাল ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে বিধানসভার

পঞ্চদশ অধিবেশনে এই পবিত্র সদনে যে ভাষণ প্রদান করেছেন তাকে সম্পূর্ণভাবে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য পেশ করছি। আমরা কয়েকদিন আগে তাকে বলেছিলাম নিয়মতান্ত্রিক শাসক, নিয়মসর্বস্ব শাসক। তিনি মনোনীত, তিনি নির্বাচিত নন।

কিন্তু ভারতবর্ষের পবিত্র সংবিধানকে মাথায় রেখে মহামান্য রাজ্যপাল যতদিন ধরে এই বিধানসভা প্রতিষ্ঠা হয়েছে বা যেদিন থেকে রাজ্যপালের অভিভাষণের উপর আলোচনা চলছে, সেই ট্র্যাডিশান কিন্তু তিনি ভাঙ্গলেন না। সংবিধানকে মান্যতা দিয়ে বর্তমান পশ্চিমবঙ্গের সরকার, মা-মাটি-মানুষের সরকার যেভাবে উন্নয়ন করছেন, সেই উন্নয়নকে সামনে রেখে সর্ব ক্ষেত্রে তিনি তাঁর প্রদত্ত ভাষণে প্রশংসায় পঞ্চমুখ হলেন। তাই কবির ভাষায় বলি - "বাংলা মোদের গর্ব, বাংলা দেখায় পথের আলো, বাংলা দেখায় স্বপ্ন, বাংলা মানেই নতুন প্রভাত, বাংলা চাঁদের আলো"। প্রতিটি লাইনের ক্ষেত্রে ক্ষেত্রে মহামান্য রাজ্যপালের ভাষণের যে আলোচনা আছে, তাতে প্রত্যেকটা ক্ষেত্রে বাংলার নতুন প্রভাত, নতুন স্বপ্ন আমাদের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী দেখিয়েছেন। মাননীয়া মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা ব্যানার্জী তাঁর 'সোনার বিতান' কবিতায় বলেছেন -

"এই মাটিতেই করব মোরা উন্নয়নের ঘাঁটি

আমাদের এই বাংলা হোক সোনার চেয়েও খাঁটি।"

প্রতিটা অক্ষরে অক্ষরে মিল আছে। রাজ্য যোজনা খাতের ব্যয় ২০১১ সালে ১১৮৩৮ কোটি টাকা থেকে বৃদ্ধি পেয়ে ২০১৮-১৯ সালে ৮০১২০ কোটি টাকাতে দাঁড়িয়েছে। রাজ্যের মোট আভ্যন্তরীণ উৎপাদন GSDP লাফিয়ে লাফিয়ে বাড়িয়েছে। ২০১৮-১৯ এ সামাজিক ক্ষেত্রে এবং বাস্তব পরিকাঠামো ক্ষেত্রে ব্যয় অস্বাভাবিকভাবে বৃদ্ধি পেয়েছে। তার মানে উন্নয়ন ঘটছে, উন্নয়ন হচ্ছে। এটা আমাদের স্বীকার করতে হবে। বর্তমান সরকার জনসাধারণের আর্থ সামাজিক পরিস্থিতি, সার্বিক উন্নয়নের জন্য বদ্ধপরিকর। কিন্তু কেন্দ্রীয় সরকার ১লা ফেব্রুয়ারি যে বাজেটটা পেশ করল চরম আর্থিক সংকটের মধ্যে, দৈন্যদশার মধ্যে ভারতবর্ষের সরকার চলছে, এ কথা আর বলার অপেক্ষা রাখে না। ভারতবর্ষের যে পঞ্চদশ অর্থ কমিশন, অর্থ কমিশনের টাকা, যেটা প্রত্যেক রাজ্যের কোটা বরাদ্দ হয় এই বছর এই প্রথম ভারতবর্ষের সরকার, একটা সাম্প্রদায়িক সরকার, বি.জে.পি. সরকার প্রত্যেক রাজ্যের কোটা অস্বাভাবিকভাবে হ্রাস করতে চলেছে, পঞ্চদশ অর্থ কমিশনের টাকা। তারা তো খেয়েই ফেলছে। জীবন বিমার টাকার শেয়ারেও হাত দিয়েছে। ইতিপূর্বে একশো শতাংশ প্রতিরক্ষা খাতে বিনিয়োগ, বিদেশী বিনিয়োগ করেছে। আবার বলছে শিক্ষা খাতেও বিদেশী বিনিয়োগ আসছে। এরা দেশটাকে কোথায় নিয়ে যাচ্ছে! তার ফলাফল তো হাতে পরিষ্কার পেয়ে গেল। এখানে সি পিএমের কলিগরা নেই, চলে গেছেন। ৬ই সেপ্টেম্বর থেকে আজ পর্যন্ত সি.পি.এমে.র পরিষদীয় থেকে সাধারণ নেতারা এই পবিত্র সদনে NRC, NPR এবং CAA এর বিরুদ্ধে যে বিপ্লবী বক্তব্য পেশ করেছে, সেই বক্তব্য কিন্তু ওদের মুখে মানায় না। কেন মানায় না ? ২০১৬ সালে ওরা ৩২-৩৩ টি বিধানসভা আসনে জিতেছিল। কংগ্রেস প্রায় ৪৩-৪৪ টি। তারা কথায় কথায় বলছে তৃণমূলকে হারাতে

হবে। ২০১৯ সালে লোকসভায় তৃণমূলকে হারাতে হবে। তৃণমূলকে হারালেই তো সাম্প্রদায়িক শক্তির উত্থান ঘটবে ভারতবর্ষে বা পশ্চিম বাংলায়। এখানে বামফ্রন্টের মুখ্য সচেতক বা অন্যান্য বিধায়করা কেউ নেই। আমরা পরিষ্কার জানি, চ্যালেঞ্জ করে বলতে পারি যখন লোকসভার নির্বাচন ঢাকঢোল পিটিয়ে ডিক্লেয়ার হয়েছে, সেই সময় একটা গট আপ গট আপ খেলা হয়ে গেল। প্রায় ৫০০ কোটি টাকার ডিল হল বি.জে.পি.র সঙ্গে আর সি.পি.এম. -কমরেডদের সঙ্গে।

[4:00 – 4:10 p.m.]

বক্তৃতায় সংবিধান নস্যাৎ করছে ভারতবর্ষের সরকার এবং রাষ্ট্রহীন করার চক্রান্ত করছে ভারতবর্ষের সরকার, বি.জে.পি. সরকার। এটাতো মমতা ব্যানার্জীর বক্তব্য। সি.পি. আই.এম.-এর এই বিপ্লবী বক্তব্য এখানে খাটে না। সি.পি.আই.এম.-এর কমরেডরা গোপনে সেই ভোটটা পুরোপুরি বি.জে.পি. -কে দিল। ২০১৬ সালে ৩৩ টা আসন পেয়েছিল আর ২০১৯ সালে একটাও আসন পেল না। ২০১৬ সালে ৩৩ আর ২০১৯ সালে হল শূন্য। দে গট আ বিগ জিরো। আবার কথায় কথায় বলছে যে ওরাই নাকি সাম্প্রদায়িক শক্তির বিরুদ্ধে লড়াই করছে। কিন্তু মূল পেরেকটা কফিনে পুঁতে দিল ২০১৯ সালে সি.পি.আই.এম.-এর কমরেডরা টাকার বিনিময়ে। ওরাতো শূন্য হয়ে যাচ্ছে। দিল্লিতে যে জিতেছে সেটা মমতা ব্যানার্জীর জন্যই জিতেছে, পরিষ্কার কথা। ৭০-এ ৬২টা আসন পেয়েছে কেজরীলালকে পিছন থেকে সমর্থন করেছে আমাদের তৃণমূলের সাংসদ, লোকসভার সাংসদ। দিল্লিতে অবিজেপি সরকার গঠন হয়েছে। সি.পি.আই.এম. - এর নাচানাচির কোনো কারণ নেই। তারা তো গট আপ, গট আপ খেলেছে। তাদের কোনো যোগ্যতা নেই। সম্পূর্ণভাবে যোগ্যতা শ্রীমতী মমতা ব্যানার্জীর। একজন শিক্ষক মহাশয় বলছিলেন, উনি স্ট্যান্ডিং কমিটির একজন সদস্য। বলছেন গ্রামেগঞ্জে অবস্থা নাকি খুব খারাপ। কিন্তু সেই লাল সন্ত্রাস আর তো হয় না। তৃণমূল তো লাল সন্ত্রাস করে না। আপনিতো বামফ্রন্টের সময়ে লাল সন্ত্রাস করেছেন। সেই লাল সন্ত্রাসতো আর গ্রামে হয় না। কিসের গ্রামের পরিস্থিতি খারাপ ? গ্রামে তো যথেষ্ট উন্নয়ন ঘটেছে। শিক্ষক নিয়োগের জটিলতা নিয়ে বললেন। সি.পি.আই.এম - এর একজন সদস্য আছেন প্রাক্তন কলকাতা কর্পোরেশনের মেয়র। হাইকোর্টে বসে বসে পরীক্ষার্থীদের ডেকে ডেকে উচ্চ প্রাথমিকে শিক্ষক নিয়োগে মামলা ঠুকে দিচ্ছেন। উচ্চ প্রাইমারীতে শিক্ষক নিয়োগ হচ্ছে না। প্রত্যেককে ডেকে ডেকে কেসগুলি করাচ্ছেন। উনি একজন উকিল, হাইকোর্টে বসেন। এঁদের সম্বন্ধে কী আর বলব। এইভাবে আমাদের সরকারকে পর্যুদস্ত করার চেষ্টা করছে। আমাদের সরকার সার্বিকভাবে উন্নয়ন করেছে। সামাজিক ক্ষেত্রে, পরিকাঠামো উন্নয়ন সমস্ত ক্ষেত্রে পশ্চিম বাংলা উন্নয়ন করেছে। বর্তমান সরকার আমাদের রাজ্য সরকারি কর্মীদের নতুন 'রোপা' তৈরি করেছে। আমাদের সরকারের আয় বেড়েছে। আগামী দিনে ডি.এ. চালু করার জন্য রাজ্য সরকারের সম্পূর্ণ সদিচ্ছা আছে। আগামী দিনে সেই ব্যবস্থা কার্যকরী করবেন, আমাদের প্রিয় মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা ব্যানার্জী। কারো চিৎকার করে হাউসে বলার দরকার নেই। নতুন কর্মসংস্থানের কোন দিশা কেন্দ্রীয় সরকার রাখে নি। ২৫ কোটির কাছাকাছি বেকার। ৬৬টা জিনিসের দাম বাড়িয়ে ৪টে জিনিসের দাম কমাচ্ছে কেন্দ্রীয় সরকার।

কিসের দাম কমাচ্ছে - দেশি মদ, বিদেশি মদ আর সিগারেটের দাম কমবে। আর নিত্যপ্রয়োজনীয় যেটা মানুষ সবসময় চায় সেই জিনিসের দাম বাড়াল। সেই কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে আমাদের লড়াই চলবে স্যার। রাষ্ট্রহীন করার চক্রান্ত করছে যে সরকার তাদের বি.জে.পি. সাংসদরা কথায় কথায় unconstitutional word বলছে। গুলি করার কথা বলছে, মারার কথা বলছে। দেশের স্বাধীন নাগরিক হিসাবে বাঁচার জন্য আমরা যদি প্রতিবাদ করি তাহলে দেশদ্রোহী হয়ে যাব। তার বিরুদ্ধে যারা বলতে চাইছে তাদের গুলি করে মারার চক্রান্ত হবে। এটা কীভাবে মানা যায়? ভারতবর্ষের পবিত্র সংবিধান যেখানে লেখা আছে - আমরা স্বাধীন গণতান্ত্রিক ধর্মনিরপেক্ষ সার্বভৌম প্রজাতান্ত্রিক রাষ্ট্র।

ধর্মনিরপেক্ষতা হচ্ছে আমাদের সংবিধানের সবচেয়ে বড় ঐতিহ্য স্যার। এটাকে ধ্বংস করার ক্ষমতা কোনো কেন্দ্রীয় সরকারের উগ্র সাম্প্রদায়িক শক্তির নেই। সি.পি.এম. আজকে তারা হালে পানি পাচ্ছে না। কংগ্রেস আর সি.পি.এম. আজকে মাসতুতো পিসতুতো ভাই হয়ে গিয়েছে। তারা আজকে কোনোক্রমেই আমাদের এই অগ্রগতিকে ব্যাহত করতে পারবে না। তাই এই রাজ্যপালের ভাষণের উপর যে সংশোধনী প্রস্তাব এনেছেন, সেই সমস্ত কাটমোশানকে নস্যাৎ করে রাজ্যপালের এই ভাষণকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মইনুল হক : মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আজকে দীর্ঘক্ষণ বক্তব্য শুনছিলাম আমরা। বিশেষ করে শাসক দলের বন্ধুরা কর্মসংস্থান, আইনশৃঙ্খলা, উন্নয়ন - এসব নিয়ে যে গর্ব করছিলেন, খুব ভালো কথা। আজকে আপনারা যাঁরা সরকারি দলে রয়েছেন, আপনারা বলুন যে গত ৯ বছর - 'মে মাসে আপনাদের সরকারের ৯ বছর পূর্ণ হবে। এখনও ৮ বছর বলছেন। ৩৪ ছিল বামের, সেটা ৩৫ বলছিলেন মমতা ব্যানার্জী। সেই রেকর্ড আপনারা বাজিয়ে গিয়েছেন। আমরা যেমন লক্ষ্য করেছি এর আগের সরকার ৭২-৭৭ নিয়ে গোটা ৩৪ বছর পার করেছে। আর আপনারা একই কথা - 'অন্য রাজ্যের তুলনায় এই রাজ্যের আইনশৃঙ্খলার অবস্থা অনেক ভাল।' আজকে এমন একটা দিন বলুন, একটা দিন বলুন যে এখানে এই রাজ্যে রাজনৈতিক বা অরাজনৈতিকভাবে মানুষ খুন হচ্ছেন না ? এখানে আমাদের মহিলারা ধর্ষিত হচ্ছে না ? শিশুরা ধর্ষিত হচ্ছে না ? কলকাতার বুকে এই তো ক'দিন আগে একটি নাবালিকা মেয়েকে ধর্ষণ করা হয়েছে তালা বন্ধ করে। কী নিয়ে গর্ব করছেন আপনারা ? আজকে আমি যেটা দায়িত্ব নিয়ে বলছি যে, আইনশৃঙ্খলা - সে যে পার্টিরই লোক খুন হোন না কেন, আমরা তো দেখছি আপনাদের লোকরাই আপনাদের লোককে খুন করছে। যেই খুন হোক না কেন, তার বাবা - মা ছেলেহারা হচ্ছে, ছেলে-মেয়েরা বাবা হারা হচ্ছে, বোনেরা স্বামী হারা হচ্ছে। এটা কি খুন নয়? এখানে আইন শৃঙ্খলা বলতে কি বোঝাচ্ছে ? এই, তো ক'দিন আগে বাজি নষ্ট করার জন্য যে ভয়ংকর ভয়ানক কাণ্ড ঘটল। কি করে এতো বড় ঘটনা ঘটতে পারে ? সেখানে একজন দায়িত্বশীল আধিকারিক রয়েছেন পুলিশের, তাঁরা কী করে এই ধরনের কাজ করতে পারে? তাঁদের বিরুদ্ধে এই সরকার কী ব্যবস্থা নিয়েছে ? আপনি কথায় - কথায় অন্য রাজ্যের তুলনা টানছেন। আমি যে রাজ্যে বসবাস করছি, এই রাজ্য নিয়ে আমরা কথা বলতে চাই। এখানকার আইন-শৃঙ্খলা নিয়ে আমরা

ভাবব। এটার আর ভাল কিছু করা যায় না ? আজকে ‘সেফ ড্রাইভ সেভ লাইফ’ - বলুন, এখানে আপনারা বলেন প্রধানমন্ত্রী নাকি প্রচারবিমুখ। হোর্ডিংয়ে নাকি কোটি - কোটি টাকা খরচ হয়। আপনারা কী করেন ? আপনারা কী করেন ? কত টাকা হোর্ডিংয়ে খরচ হয় ? দুর্ঘটনা এড়াতে পেরেছি আমরা ? দুর্ঘটনা কমাতে পেরেছি ?

[4:10 – 4:20 p.m.]

আমি আমার শুধু ফারাক্কার কথা বলছি। পয়লা জানুয়ারি থেকে ৩০ জানুয়ারি পর্যন্ত ১০ জন শুধু দুর্ঘটনায় মারা গিয়েছে। ‘সেফ ড্রাইভ সেভ লাইফ’ এ দিদির ছবি দেওয়া বি.ডি.ও. অফিসে লাগানো, এস.ডি.ও. অফিসে লাগানো, ডি.এম. অফিসে লাগানো। এইসব করেন আপনারা। কর্মসংস্থানের ব্যাপারে ভুল তথ্য, ভুল ভাষণ রাজ্যপালকে দিয়ে পড়ান। এটা আমরা জানি যারা সরকারে থাকে তারাই এটা করে, বাস্তবের সঙ্গে কোনো মিল থাকে না। আমরা তো দরকারে দপ্তরে দপ্তরে যাই। সেই দপ্তরের আধিকারিকরা বলেন যে আমার দপ্তরে এত ভ্যাকেন্সি আছে। কোথাও ৫০০, কোথাও ১০০০ এইরকম পদ খালি আছে। কেন এই শূন্যস্থান পূরণ করা হয় না? টাকার অভাব, টাকা নেই, মাইনে দেব কোথা থেকে। যেদিন থেকে সরকারে এসেছে ২০১১, সেই থেকে একই গল্প শুনছি ঋণের দেনার বোঝা আমাদের ঘাড়ে চেপে বসেছে। কত ছিল? অর্থমন্ত্রী আছেন এখানে। ২ লক্ষ ৪ হাজার কোটি টাকার দেনা নাকি রেখে গিয়েছে। ২০১৯ পর্যন্ত কত দেনা আপনাদের ঘাড়ে চেপেছে? প্রায় ৪ লক্ষ ১০ হাজার কোটি টাকা। এটা তো বলছেন না আপনারা! আজকে কর্মসংস্থান কী করে হবে? টাকার জোগান আপনি কোথা থেকে দেবেন, এত যদি মেলা, ঠেলা, খেলার জ্বালায় আমরা থাকি, এত যদি উৎসব হয়। আজকে আমার বন্ধু আমজাদ বলছিলেন যে এখানে ইমাম ভাতা ও মোয়াজ্জেন ভাতা দেওয়া হয়, যেদিন শুধু করেছিলেন সেদিন থেকে বলছি। এখানে আপনাদের একজন মেম্বার কাউন্টার দিয়ে বললেন যে, উনি জানেন না, টাকাটা আমরা দেই ওয়াকফ বোর্ড থেকে। কেন মুখ্যমন্ত্রী তো নিজেই কতবার এই হাউসে দাবি করেছেন যে, আমরা পেমেন্ট করছি, আমরা টাকার ব্যবস্থা করেছি। একবারও ওয়াকফ বোর্ডের কথা বলা হয় নি। আজকে আপনারা বলুন কংগ্রেস, সি.পি.এম. বাদ দিন, কোনো মুসলিম সমাজ বা সংগঠন থেকে কেউ দাবি করেছিল ইমাম ভাতা, মোয়াজ্জেন ভাতার জন্য? যদি জানা থাকে তাহলে দয়া করে বলবেন। ২০১৯ এ লোকসভার ভোট হল আপনারা দেখলেন, এই যে বার বার আপনাদের মাননীয় সদস্যরা বলছেন সি.পি.এম.- কংগ্রেসের জোট। কংগ্রেসের লোকেদের নাকি খুন করেছে, মেরেছে। তার জন্য আমরা নাকি জোট করতে পারব না। জাতীয় কংগ্রেস দল বরাবরই আমরা সাম্প্রদায়িক শক্তির বিরুদ্ধে লড়াই করেছি জন্মলগ্ন থেকে। আপনাদের কাছ থেকে শিখতে হবে? এই তো ১৯৯৮ সালে জন্ম হল এই পার্টির। আপনাদের কাছ থেকে এগুলো শিখব না আমরা। আজকে বলছেন সি.পি.এম. ভোট ট্রান্সফার করে দিয়েছে। ভোট ট্রান্সফার হয়? দিল্লিতে কি হল? দিল্লিতে ১৫ বছর আমাদের সরকার ছিল ২০১৪ সালের আগে। শীলা দীক্ষিত আমাদের মুখ্যমন্ত্রী ছিলেন। আজকে কী হয়েছে সেখানে? ভোট ট্রান্সফার করতে হয় না। মানুষ জানে এখানে কেজরিওয়াল

জিতবে, এখানে আমআদমি পার্টি জিতবে, বি.জে.পি. কে হারাতে হবে, তাই কংগ্রেসকে ভোট দিয়ে কোনো লাভ নেই।

এটাই তো হয়েছে। এটাই তো বাস্তব কথা। এখানে আমরা সীট পাই নি। তার জন্য একজন মেম্বার বলছিলেন কংগ্রেস কি হল ? আর চলে গেল মুখ্যমন্ত্রী ঝাড়খন্ডে শপথ গ্রহণ অনুষ্ঠানে। এমন ভাব করছেন যেন ওঁর দয়াতেই আমরা ওখানে সরকার গড়ছি। এমন ভাব করছেন। যেন গাঁয়ে মানে না আপনি মোড়ল। এখানে কেজরিওয়াল কোথায় কী একটা বিবৃতি দিল, ওঁর বিবৃতিতে ভোট হয়ে গেল, বিজেপি হেরে গেল। এটা কী ঠিক ? কোথায় আপনাদের লড়াই করার ক্ষমতা। ত্রিপুরায় আপনারা কংগ্রেসের ১৩টা এম.এল.এ.কে ভেঙ্গেছিলেন, খরিদ করেছিলেন। ধরে রাখতে পারেন নি। সেখানে বিজেপি ক্ষমতায় এসেছে। আপনাদের যে কটা প্রার্থী ছিল তাদের জামানত জব্দ হয়ে গেছে। তৃণমূলকে আর খুঁজে পাওয়া যায় নি। মাঝে মধ্যে কোথায় মণিপুরে দু একটা হল, বাপরে সর্বভারতীয় দল হয়ে গেল। সর্বভারতীয় দল আপনারা হতে পারবেন না কারণ আপনাদের অহংকার। এই যে একজন মহিলা সদস্যা বলছিলেন, ইমরান একজন বাচ্চা ছেলে, আমি মনে করি সে একজন বাচ্চা ছেলে, সে কি বলল, তার মা জেলে আছে তাকে জিজ্ঞেস কর। এ কী রকম ভাষা। এগুলো বলেন না আপনারা ? এটা সভ্যতা ? এটা বলা যায়? তার মা কেন জেলে আছে? তাকে জিজ্ঞেস কর। আজকে আপনাদের বলি এত অহংকার ভাল নয়। এত ঔদ্ধত্য ঠিক নয়। এই অমিত শাহ বলছেন, ইতনা জোর সে ভোট ডালো শাহিনবাগ মে কারেন্ট লাগে। কি হল ? লুকিয়ে গেছেন। আর খুঁজে পাওয়া যাচ্ছে না অমিত শাহকে। কদিন ধরে খুঁজে পাওয়া যাচ্ছে না। আজকে মনে রাখবেন যারা আজকে এই ধরণের আচরণ করছেন আমাদের মূল কংগ্রেস থেকে বেরিয়ে গিয়ে কংগ্রেসকে যে ভাষায় অ্যাটাক করছেন আগামী দিনে তার পরিণতি খারাপই হবে। আপনারা যতই ঢাকঢোল পেটান একটা তৃতীয় শক্তি জন্ম নিয়েছে এখানে কি দরকার ছিল এত উন্নয়ন করেছেন আপনারা ! আমরা জানতাম একটা জেলা পরিষদ কি দুটো জেলা পরিষদ বিরোধীরা পেতে পারে। দু চারটে পঞ্চায়েত সমিতি, কয়েকজন প্রধান এটাই তো ? তাতে কি হত আপনাদের ? কেন আপনারা মানুষের সঙ্গে পঞ্চায়েত ভোটে এই আচরণ করলেন ? আমরা দেখি নি মহিলার চুলের ঝুঁটি ধরে আছাড় মারছেন রাস্তায়। নমিনেশান করতে দেবেন না। তার স্বামীকে আটকে দিয়ে নমিনেশান উইথড্র করতে বউকে বাধ্য করছেন। এগুলো আমরা দেখি নি। যারা নমিনেশন পেল তাদের নমিনেশান করতে দিলেন না। কোথাও ভোট হল, কোথাও ভোট হল না। যেখানে ভোট হল সেখানে কাউন্টিং-এ গিয়ে জোর করে হারানো হয়েছে। এরকম উদাহরণ মুর্শিদাবাদ জেলা পরিষদে আছে। আমার নিজের এলাকায়, আমরা চারটে জেলা পরিষদ। একটা জিতেছে। ১২শো ভোটে বলছে রিকাউন্টিং করতে হবে। জোর করে হারাবে। আর তিনটে জোর করে হারিয়ে দিল। এই অবস্থা। মুর্শিদাবাদে জেলা পরিষদে যিনি সভাধিপতি, একজন মহিলা -শ্রীমতী মন্ডল, তিনবার করে কাউন্টিং-এ তাঁকে জোর করে জেতানো হয়েছে। এরই তো প্রতিফলন ১৯-এর পার্লামেন্ট ভোটে দেখেছি। কিসের ভোট ট্রান্সফার করা ? ভোট ট্রান্সফার হয় না। আজকে আমাদের বিরুদ্ধে লড়াই করেছিল রাজস্থানে,

মধ্যপ্রদেশ, ছত্তিশগড়ে মায়াবতীর দল, সমাজবাদী পার্টির দল কংগ্রেস যাতে ক্ষমতায় না আসতে পারে। পারে নি রুখতে আমরা সরকার করেছি। আজকে বলছেন, গর্ব করছেন মমতা ব্যানার্জী অগ্রণী ভূমিকা নিয়েছেন। এন.সি.এ, এন.পি.আর, এন.আর.সি লাগু না করার জন্য। অবশ্যই অগ্রণী ভূমিকা নিয়েছে, কিন্তু তার মধ্যে কজন সিনিয়র সদস্য বলছিলেন যে রাজপাল ভাষণ দেবেন আমরা আশঙ্কায় ছিলাম। কেন ভাই, কেন আপনি আশঙ্কা করছিলেন ? আপনার মধ্যে কীসের আশঙ্কা ছিল?

[4:20 – 4:33 p.m.]

কিসের আশকা আপনাদের মধ্যে ঢুকল। আমাদের অসিত মিত্র সেদিন বলেছিলেন। এগুলি তো গট-আপ কেস। এগুলি বি.জে.পি. বলুন, রাজ্যপাল বলুন, আপনাদের মধ্যে একটা আন্ডারস্ট্যান্ডিং রয়েছে। এই রাজ্যপাল এখনই চলে যাচ্ছেন আমাদের রাজ্য সরকারের মুখিয়ার নাতিকে হসপিটালে দেখতে। দশমীতে আমন্ত্রণ করা হচ্ছে কালিঘাটের বাড়ীতে। আমরা দেখি না এগুলি? প্রধানমন্ত্রী আসাম যেতে ভয় পাচ্ছেন। নিজের রাজ্যে গুজরাট যেতে ভয় পাচ্ছেন। আর উনি পশ্চিম বাংলায় আমন্ত্রণ করছেন। মুখ্যমন্ত্রী প্রধানমন্ত্রীকে আমন্ত্রণ করছেন। রাজভবনে পৌনে এক ঘন্টা আপনি আলোচনা করলেন। কী আলোচনা করলেন কেউ জানেন না, দুজন ছাড়া। উনি নাকি দেনা নিয়ে কথা বলেছেন। ঋণের বোঝা মাথায় নিয়ে আয়লা, বুলবুল এইসব কিছুর পাওনা টাকা নিয়ে কথা বলছেন। কোথায় বলছেন-বাইরে এসে। আমরা কী ঘাসে মুখ দিয়ে চলি? আমরা কিছু বুঝি না? অর্থমন্ত্রী অনেক সময় অসুস্থ থাকেন। অর্থ সচিবরা থাকবে না? অর্থ দপ্তরের কেউ থাকবে না? এ কিসের আলোচনা? আমরা সবকিছু এগুলি অনুধাবন করি যে আজকে কতটা আন্তরিক যে আজকে পার্লামেন্ট ভোটের আগে গলা ফাটাচ্ছেন, চিৎকার করছেন। প্রধানমন্ত্রী বলছেন যে দিদি কিতনা গালি দেঙ্গে। আরে হামকো তো দিল্লি মে মিঠাই খিলাতি হ্যায়, লাড্ডু খিলাতি হ্যায়। ইনি বলেন এমন লাড্ডু খাওয়াবো-কাঁকড় আর মাটি মিশিয়ে নাকি লাড্ডু খাওয়াবে। আর বললেন অমিত শাহের কোমরে দড়ি দিয়ে নাকি লক-আপে ঢুকিয়ে দেবেন। বলেছেন-আর আমরা দেখলাম ঠিক দুর্গাপুজোর আগে মোদীর কি সাইজের জ্যাকেট লাগে, মোদী জ্যাকেট, কুর্তা পায়জামা, এটা বড় বড় বি.জে.পি.-র নেতাও জানেন না, দিদি জানেন কোন সাইজের এটা লাগে। চলে গেলেন। আর তার পরে রাজীব কুমার যিনি লুকিয়ে বেড়াচ্ছিলেন মাস তিনেক থেকে, তার পরের দিন উনি ওপেন হয়ে গেলেন। এগুলি বলে লাভ নেই। কতটা আন্তরিকতা আছে আপনাদের, বিরোধীরা যখনই বি.জে.পি.-র বিরুদ্ধে এককাট্টা হচ্ছে, আর তখনই এখান থেকে দিদিমণি কলকাঠি নাড়ছেন যাতে আমরা এককাট্টা না হতে পারি। আর আপনি বলছেন বি.জে.পি.-র বিরুদ্ধে আপনারা লড়াই করছেন? আপনাদের কাছ থেকে শিখতে হবে বি.জে.পি.-র বিরুদ্ধে লড়াই করা? আপনারা মানুষের সাথে দ্বি-চারিতা করছেন মানুষের সাথে। আজকে দ্বি-চারিতার জবাব আগামী বিধানসভায় মানুষ আপনাদের দেবে। এটা দায়িত্ব নিয়ে বলছি। আর একটা কথা বলব পঞ্চায়েতে যে ভুল করেছেন, আমি আগেও স্বীকার করেছি। আমরা ভেবেছিলাম জেলা পরিষদে আরও এক দুটো পাব। কয়েকটা পঞ্চায়েত সমিতি পাব, তার

বেশি নয়। সবই আপনারা পেতেন। আপনারা নিজের খাল নিজে খুঁড়েছেন। আপনারা নিজের সর্বনাশ নিজে করেছেন। দয়া করে এই যে পৌরসভা নির্বাচন হবে, এখানে ওই একই জিনিস পুনরাবৃত্তি করতে যাবেন না। নাহলে আগামী বিধানসভায় সাফাই হয়ে যাবেন। ধন্যবাদ।

শ্রী শেখ শাহনেওয়াজ : মাননীয় ডেপুটি স্পিকার স্যার,গত ৭ই ফেব্রুয়ারি মাননীয় রাজ্যপাল মহাশয় শ্রী জগদীপ ধনখড়, পনেরোতম অধিবেশনে যে বক্তব্য রেখেছেন তাকে পুরোপুরি সমর্থন করে আমার বক্তব্য রাখছি। সারা দেশে যে অর্থনীতির মন্দা চলছে, ডিমনিটাইজেশনর জন্য, জি.এস.টি. রূপায়ণের সিদ্ধান্তের জন্য ঘটছে, জাতীয় অর্থনীতি যে মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে তিনি সেই কথা পুরোপুরিভাবে স্বীকার করেছেন অথচ আমাদের বাংলার সরকার আর্থসামাজিক পরিস্থিতির দিকে নজর রেখে বাংলার উন্নয়ন করে যাচ্ছেন।

রাজ্য যোজনা খাতে যেখানে ২০১০-১১ সালে ১১ হাজার ৮৪৮ কোটি টাকা ব্যয় করা হয়েছিল, বাংলার সরকার সেখানে ২০১৮-১৯ সালে ৮০ হাজার ১২০ কোটি টাকা ব্যয় করছেন যোজনা খাতে। মূলধনী ব্যয়ও সেই। ২০১১ সালে যখন ২২২৬ কোটি টাকা মূলধনী ছিল, সেটা বর্তমানে ২৩হাজার ৭১৭ কোটি টাকাতে পৌঁছেছে। জি.এস.ডি.পি. ৪ কোটি ৬০ লক্ষ টাকা থেকে ১১ কোটি ৩১ লক্ষ টাকায় এসে পৌঁছেছে। সামাজিক ক্ষেত্রে ব্যয় ৬ হাজার ৮৪৬ কোটি টাকা থেকে বেড়ে বর্তমানে ৩৯ হাজার ১৮১ কোটি টাকা হয়েছে। এই উন্নয়ন, এত বাজেট বরাদ্দ এবং সরকার যে এই বিভিন্ন খাতে ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্টের যে উন্নতি করছে এবং রাজ্যে যে শান্তি-শৃঙ্খলা বজায় রয়েছে, সেটা ছত্রে ছত্রে রাজ্যপাল স্বীকার করেছেন। বিরোধীরা যাই বলুক, কারণ বিরোধীরা শুধু বিরোধিতার জন্যই বিরোধিতা করবে। যেখানে জঙ্গলমহলে প্রতি মুহূর্তে খুন হ'ত, যেখানে দার্জিলিং-এর পাহাড়ে যাওয়ার ক্ষমতা বামপন্থী মুখ্যমন্ত্রী, মন্ত্রীদের ছিল না, সেই পাহাড়ের আবহাওয়াকে পরিবর্তন করে, সেখানকার মানুষরা হিংসার পথ ছেড়ে সামাজিক স্রোতে এসে মিশেছে। জঙ্গলমহলে ৩৪ ব্লকে প্যাকেজ ঘোষণা করে শান্তি ফিরে এসেছে। আর সারা বাংলায় - আজকে বিরোধীরা তো চিৎকার করবেই কারণ, বাংলার সরকার ২ টাকা কেজি চাল নিয়ে সারা বাংলার ৬০ কোটি মানুষের কাছে পৌঁছে গেছে। ১ কোটি ৪৫ লক্ষ মানুষকে অর্ধেক দামে চাল দিচ্ছে। স্বাস্থ্যের যে উন্নতি - কোনদিনও হাসপাতালে বিনা ব্যয়ে চিকিৎসা হ'ত না। এতগুলো সুপার স্পেশালিটি হসপিটাল, এতগুলো মেডিকেল কলেজ, এতগুলো মানুষের স্বাস্থ্যসাথী কার্ড - তাতে ৬০ কোটি মানুষ উপকৃত হবে। দেড় কোটি পরিবারের কাছে স্বাস্থ্যসাথী কার্ড পৌঁছে গেছে। মানুষের কাছে বাংলার সরকার পৌঁছে গেছে। কয়েকদিন আগে একটা নির্বাচন হ'ল। সেই দিল্লীর সরকারের বিরুদ্ধে ২৫০ জন এম.পি., অতগুলো মুখ্যমন্ত্রী, প্রধানমন্ত্রী - সবাই গিয়ে প্রচার করেছিলেন। কিন্তু এই বি.জে.পি., এই সন্ত্রাসবাদী দল, এই দেশ বিভাগকারী দল - যে দলের বিরুদ্ধে আমরা, বাংলার সরকার প্রথম ওই এন.পি.আর. চালু করার বিরুদ্ধে অঙ্গীকার করেছিল বিধানসভায়। কংগ্রেস-সি. পি.এম. মনে করছে আমরা গট্ আপ করছি। গট্ আপ কারা করছেন বুঝবেন। গট্ আপ্ করতে করতে, এই মিথ্যা কথা বলতে বলতে এমন একদিন হবে যে, মিথ্যা কথা বলার পরে

আপনারা ঐ ৩৩টা থেকে যেমন গত নির্বাচনে গট্ আপ্ গেম্ খেলতে খেলতে একটাও সিটে পৌঁছাতে পারেন নি, আবার যেমন দিল্লীতে পৌঁছাতে পারেন নি, তেমনই আগামি যে নিবার্চন আসছে, মানুষের কাজে, মানুষের দুঃখে, মানুষের ব্যাথায়, মানুষের বেদনায় মমতা ব্যানার্জী যেমন প্রত্যেকটি মানুষের পাশাপাশি যাচ্ছেন, যেখানে কচি বাচ্চারা যাতে স্কুল যেতে পারে, তাদের পায়ের জুতো, তাদের জামা, তাদের ড্রেস, স্কুলের ইনফ্রাস্ট্রাকচার থেকে আরম্ভ করে, হাসপাতালের ইনফ্রাস্ট্রাকচার থেকে আরম্ভ করে সব দিক থেকে যখন উন্নয়ন চলছে, গত বাজেটে আমরা মানবিক স্কিমে লক্ষ লক্ষ মানুষকে উপকৃত করেছি, গত বাজেটে রূপশ্রীতে আমরা ৩ কোটি ৬৩ লক্ষ মানুষকে উপকৃত করেছি, ১ কোটি ৪৬ লক্ষ মানুষকে আমরা কন্যাশ্রীর আওতায় এনেছি - আবার হাসির রোল উঠছে। হাসির স্কিম আসছে, সেই স্কিমে আমরা তপশিলী জাতি, আদিবাসী মানুষের মাঝে পৌঁছে যাব। আপনারা শুধু মিথ্যা কথা বলে বলে - যেমন এখানে কতগুলো মুসলিম দরদী এবং মুসলিম সমাজের কলঙ্ক কতগুলো মানুষ, পিছিয়ে-পড়া মানুষ, যাঁরা সংখ্যালঘু মানুষ, যাঁরা পিছিয়ে আছেন, যাঁদের কথা কোনো সরকার কোনোদিন চিন্তা করেনি, তাঁদের কথা বাংলার মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী চিন্তা করে তাঁদের জন্য একটা ব্যবস্থা করেছেন। তাঁদের বিরুদ্ধে বলা হচ্ছে তাঁদের বিরুদ্ধে এখানে বলা হচ্ছে সাম্প্রদায়িকতার জিগির। এত বড় দরদী। এরা বিধানসভার ভিতরে বলছে, কিন্তু এদের ক্ষমতা নেই ওইসব মানুষের কাছে গিয়ে, সমাজের কাছে গিয়ে এই কথাগুলো বলার, কারণ আমাদের সরকার এই মুসলিম সমাজের মোয়াজ্জেমদের ভাতা দিচ্ছে, তাদের ইমাম ভাতা দিচ্ছে। ওয়াকফ্ বোর্ড যেমন দিচ্ছে। তেমনি এই ওয়াকফ্ বোর্ডের টাকা দিয়ে বিগত সরকার দিতে পারে নি। এই সরকার ওয়াকফ্ বোর্ডের সহায়তা নিয়ে মানুষের উপকার করছে এবং সেই মোয়াজ্জেম, মৌলবীদের সমাজের কাজে লাগাচ্ছে, বাংলা এগিয়ে যাচ্ছে। বাংলা একশো দিনের কাজে এগিয়ে যাচ্ছে, ফিল্ড ডেভালপমেন্টে এগিয়ে যাচ্ছে, বাংলা উৎকর্ষ বাংলা রাষ্ট্র সংঘের পুরস্কার পাচ্ছে, কন্যাশ্রীর পুরস্কার পাচ্ছে। আরও কত উন্নয়ন বাংলার মানুষ পাচ্ছে, রাস্তাঘাট থেকে শুরু করে, শিক্ষা থেকে শুরু করে, স্বাস্থ্য থেকে আরম্ভ করে, কৃষি থেকে আরম্ভ করে সব দিক থেকে উন্নয়ন প্রতিদিন প্রতিনিয়ত ঘটছে। এই যে বুলবুল আমাদের দুর্যোগ হল, সেই দুর্যোগে মমতা ব্যানার্জী মানুষের পাশে দাঁড়িয়েছেন, তাদের জন্য টাকা বরাদ্দ করেছেন, তাদের উন্নয়ন চলছে, কৃষক বন্ধুদের উন্নয়ন চলছে। তাদের বিলি চলছে, তার প্রক্রিয়া চলছে। প্রতিনিয়তই উন্নয়নের কাজ চলছে। আমাদের সরকার বাংলার মুখ্যমন্ত্রী তিনি যে উন্নয়ন করেছেন সেই উন্নয়নের কথা রাজ্যপাল বলেছেন। রাজ্যপাল শুধু এই বছরই নয়, প্রত্যেক বছরই প্রত্যেকটি রাজ্যপাল রাজ্য সরকারের কথা বলেন। আপনারা মনে করেছিলেন রাজ্যপাল অন্য উদ্দেশ্যপ্রণোদিতভাবে যদি বলেন তাহলে সুযোগ আপনারা পাবেন। কিন্তু সেই সুযোগ আপনারা পান নি। কারণ সুযোগ মমতা ব্যানার্জী রাখেন নি। বাংলার সরকার রাখে নি। প্রত্যেকটি জায়গায় যেখানে দরকার সেখানেই উন্নয়ন হয়েছে। আপনারা কাটমানি, কাটমানি করে চিৎকার করছেন। কাটমানির ব্যাপারে একমাত্র বাংলার মুখ্যমন্ত্রী তিনিই প্রথম বলেছেন এই সমস্তর বিরুদ্ধে তিনি গর্জে

উঠবেন, তিনি ব্যবস্থা নিয়েছেন। এইসব বন্ধ হয়েছে। তাই প্রত্যেককে সরকার পক্ষ, বিরোধী পক্ষ সবাইকে রাজ্যপালের ভাষণকে সমর্থন করার জন্য অনুরোধ জানিয়ে এবং এই বক্তব্যকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শ্রীকান্ত মাহাতো : (নট প্রেজেন্ট)।

Adjournment

The House was adjourned at 4.33 P.M. till 11 A.M. on Wednesday the 13th February, 2020, at Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Thursday, the 13th February, 2020 at 11:00 a.m.

P R E S E N T

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 18 Ministers-in-Charge, 14 Ministers of State and 165 Members.

[11:00 – 11:10 a.m.]

***২৭ (নট কল্ড)**

Starred Questions
(to which oral answers were given)

পুরানো মন্দির ও তীর্থস্থান সংস্কার

*২৮। (অনুমোদিত প্রশ্ন নং *৩২) **শ্রী মানস মজুমদার ঃ** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার ২০১১ সালের পর থেকে পুরানো মন্দির ও তীর্থস্থান সংস্কারের জন্য কেন্দ্রের বরাদ্দ মাত্র ৬ কোটি টাকা দেওয়া সত্ত্বেও ৩৫০ কোটি টাকার বেশি খরচ করেছে বা করবে;

(খ) সত্যি হলে, – গোঘাটের বিধানসভা এলাকার পুরানো মন্দিরগুলি সংস্কারের কোনো চিন্তাভাবনা সরকারের আছে কি; এবং

(গ) থাকলে, কবে নাগাদ তা শুরু হবে বলে আশা করা যায়?

শ্রী গৌতম দেব : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়ক শ্রী মানস মজুমদারের প্রশ্নের উত্তরে জানাই,

ক) রাজ্য সরকার ২০১১ সালের পরে কেন্দ্রীয় সরকারের ‘প্রসাদ’ প্রকল্পে বেলুরমঠের উন্নয়নের জন্য মোট ২৩ কোটি টাকা পেয়েছে। এ ছাড়াও রাজ্য সরকার ২০১১ সালের পর থেকে রাজ্যের বিভিন্ন মন্দির ও তীর্থস্থান সংস্কারের জন্য নিজের প্ল্যান হেড থেকে এখন পর্যন্ত মোট ৮৩.৫৬ কোটি টাকা বরাদ্দ করেছে।

খ) জেলাস্তর থেকে এখনও পর্যন্ত এ ধরনের কোন প্রস্তাব আমাদের পর্যটন দপ্তরে আসে নি। এ ধরনের প্রস্তাব জেলা থেকে আমাদের দপ্তরে আসলে আমরা অ্যাক্টিভলি কনসিডার করব।

গ) এটা প্রযোজ্য নয়।

শ্রী মানস মজুমদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার প্রথম অতিরিক্ত প্রশ্ন, আমি নির্বাচিত হওয়ার পরে দেখেছি গোঘাটের যে সমস্ত ২০০ বছর, ৩০০ বছর ঐতিহ্যবাহী মন্দির সংস্কারের অভাবে জরাজীর্ণে পরিণত হচ্ছে আমি এই রকম ১৩টি মন্দির সংস্কার করার জন্য ০১.০৩.১৭-তে আপনার ডিপার্টমেন্টে আবেদন জমা করেছিলাম। ডিপার্টমেন্ট থেকে জানানো হয়েছিল ডি.এম.-কে পাঠিয়ে দেওয়া হবে। কিন্তু ডি.এম.-এর পক্ষ থেকে কোন সদুত্তর আমি পাই নি মানে যায় নি। আমার কাছে কপি রয়েছে। এটা যদি আমি আপনার হাতে দিই এগুলো সংস্কারের জন্য কোন পদক্ষেপ নেবেন কিনা?

শ্রী গৌতম দেব : দেখুন এই মুহূর্তে আমি আপনাকে স্পষ্ট কিছু বলতে পারছি না। আপনি আমাদের দিন আমরা ডিপার্টমেন্টে আলোচনা করব এবং সংশ্লিষ্ট ডি.এম.-এর সাথে আলোচনা করে আমাদের পক্ষ থেকে যা করণীয় সেটা আমরা আপনাকে লিখিতভাবে জানিয়ে দেব।

শ্রী মানস মজুমদার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার দ্বিতীয় এবং শেষ অতিরিক্ত প্রশ্ন, গোঘাটের এমন অনেক জায়গা আছে যেখানে অনেক পিরের ধর্মীয় মাজার আছে যেখানে হিন্দু ও মুসলিম মানে বিভিন্ন সম্প্রদায়ের মানুষ সেখানে মিলিত হয় এবং প্রার্থণা করে তাদের মনবাসনা পূর্ণের জন্য। এটা সত্য যে, মানুষ স্বীকার করে যে হ্যাঁ, আমরা এখানে সুফল পেয়েছি। তো এরকম কিছু মাজার আছে যেমন শাহী গড়মান্দারণের যেটা বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের দুর্গেশ নন্দিনী সেই গড়মান্দারণের শাহ ইসমাইল গাজীর মাজার বড় আস্তানা, মান্দারণের ইসমাইল গাজী গঞ্জ লস্করের ছোট আস্তানা মাজার, ভাদুর জঙ্গলের মকদম পিরের মাজার যেখানে এক দিনে কয়েক লক্ষ হিন্দু-মুসলিম বিভিন্ন ধর্মের মানুষ কোথা থেকে এসে উপস্থিত হয় আমরা বুঝতে পারি না। জঙ্গলের ভিড়ে মাজার। হাজীপুরের দেবখণ্ডের শাহ ইসমাইলগাজীর মাজার, মান্দারণের শকুনজলা এনায়েত আলী শাহের মাজার। এই মাজারগুলো যেগুলো ২০০ বছর ৩০০ বছর আগে মাজারগুলো স্থাপিত হয়েছিল, এখানে এসে পীরসাহেবরা আস্তানা তৈরি করেছিলেন। এগুলো সংস্কারের জন্য দপ্তরের কোনো চিন্তাভাবনা আছে কি না ?

শ্রী গৌতম দেব : মাননীয় অধ্যক্ষ মহাশয়, দেখুন, ইতিমধ্যেই আমরা আমাদের রাজ্যের বহু তীর্থস্থান মাজার এবং আমরা বিশ্বাস করি সর্বধর্ম সমন্বয়ে, সমস্ত ধর্মের সমন্বয়ের যে জায়গাগুলো আছে মানুষের বিশ্বাসের জায়গা, সেই জায়গাগুলোকে আমরা যতটা সম্ভব রাজ্য সরকার আমরা চল্লিশ কোটি টাকা থেকে – এবছর আর্থিক বছরে ৪০০ কোটি টাকা পেয়েছি, প্ল্যান হেডে আমরা খরচ করছি। আপনি যেগুলো ডিটেইল বলেছেন সেগুলো একটু ডিটেইল আমাদের দিন আমরা সেগুলোকে examine করবো thorough। সারা রাজ্যে বহু জায়গায় ছড়িয়ে আছে, আমাদের সাধ এবং সাধ্যের মধ্যেও একটা বাধ্যবাধকতা আছে। তার মধ্যে আমরা priority ঠিক করবো এবং priority ঠিক করে যে যে জায়গাগুলো আমাদের করা উচিত, আমাদের district board গুলো তৈরি হয়েছে প্রত্যেকটা জেলায় জেলাশাসককে সাথে নিয়ে। সেখানে আমরা আলোচনা করে যতটা সম্ভব আমরা actively consider করবো।

শ্রী সুজিত চক্রবর্তী : ধন্যবাদ স্যার, আপনার মাধ্যমে মাননীয় পর্যটন মন্ত্রীকে আমার একটা প্রশ্ন যে, আমি গত ২০১৬ সালে মানে নির্বাচনের পর থেকে যখন থেকে এই সদনে আসছি প্রতি বারই একটা question এবং mention বিভিন্নভাবে করেছি। কোনো উত্তর পাই নি। আজকে আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাই যে, বিশ্ববরেণ্য শিল্পী যামিনী রায়ের পীঠস্থান আমার বিধানসভা এলাকা বেলিয়াতোড় গ্রামে। এই যামিনী রায়ের বসতভিটা আছে, এটার অবস্থা খুব খারাপ। এটা সরকারিভাবে অধিগ্রহণ করে এখানে একটা art gallery করার কোনো পরিকল্পনা আপনার আছে কি ? আজকে জানাবেন ?

শ্রী গৌতম দেব : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখনও পর্যন্ত আমাদের কাছে specific এই ধরনের কোনো পরিকল্পনা নেই। তবে এটা ঠিক যে, যামিনী রায়ের বাসস্থান নিয়ে এর আগে অনেকবার আলোচনা হয়েছে এবং আমরা জেলা আধিকারিকদের সাথে কথা বলে এবং এর অনেকগুলো প্রথা প্রকরণ আছে। এখানে দাঁড়িয়ে এই মুহূর্তে সবটা আমার পক্ষে বলা সম্ভব নয়। কিন্তু আমরা খুব দ্রুত এই ব্যাপারে আমাদের তরফ থেকে সরকারের তরফ থেকে যা করণীয় আমরা সেটা দেখবো এবং আপনাকে আমি জানাবো।

শ্রীমতী নার্গিস বেগম : স্যার নমস্কার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার জিজ্ঞাস্য, "ভোরের আলো" মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর স্বপ্নের প্রকল্প। তাঁর কাজটা কতদূর এগিয়েছে ? এটা কি আপনি বলবেন?

শ্রী গৌতম দেব : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে ধন্যবাদ যে, আমাদের রাজ্যে তিনটি প্রকল্প হচ্ছে যেটা যৌথ উদ্যোগে এই প্রকল্প হচ্ছে। তার মধ্যে আমাদের দেশে সবচেয়ে বড় integrated tourism hub ২০৮ একর জমির উপরে 'ভোরের আলো' সেটাতে আমরা এই কাজটা করছি। এটা গাজলডোবা, জায়গাটির পরিচিত নাম এবং শিলিগুড়ি থেকে ২৩ কিলোমিটার এটার দূরত্ব। আমরা infrastructure এর অনেকগুলো কাজ ইতিমধ্যেই করেছি। যেমন, internal road, electricity, জল, underground cabling এটার কাজগুলো আমরা করেছি। এবং সাথে সাথে আমবাড়ী দিয়ে গাজলডোবা একটা রেলওয়ে ব্রীজের উপর দিয়ে যাওয়ার জন্য সম্পূর্ণ রাজ্য সরকারের প্রায় ২৩ কোটি টাকা ব্যয়ে আমরা একটা railway over bridge এর কাজ করছি। যে কাজটা expected যে, আর কয়েক মাসের মধ্যে এটা হয়ে গেলে ৯ কিলোমিটার আমাদের দূরত্ব কমবে। গাজলডোবা থেকে লাটাগুড়ি যাওয়ার একটা বিকল্প পথ আমরা তৈরি করছি মাননীয়া মুখ্যমন্ত্রীর নির্দেশে এবং active supervision-এ হচ্ছে। এবং সেই কাজটি হলে ৭৯ কিলোমিটার যেটার দূরত্ব আছে শিলিগুড়ি থেকে লাটাগুড়ি আর একটা destination point ভায়া গাজলডোবা সেটা ৫৩ কিলোমিটার হবে। তো এই দূরত্বটা কমে যাওয়া একটা খুব গুরুত্বপূর্ণ বিষয়।

ইতিমধ্যেই ৬টি cottage মাননীয়া মুখ্যমন্ত্রী এটা বছরখানেক আগে গিয়ে চালু করেছেন। সেই এলাকার মধ্যে আরো ২০টি cottage-এর কাজ আমাদের চলছে। এ ছাড়া আমাদের

ভূগর্ভস্থ subterranean আরও কতগুলো cottage যেগুলো ভারতবর্ষে কোনো জায়গায় নেই এটা আমরা তৈরি করছি। সেটা tendering stage-এ আছে। এ ছাড়া ১১ একর জমির উপরে আমরা একটা eco-tourism park করছি। এ ছাড়া তিনটে সংস্থা যেহেতু যৌথ উদ্যোগে প্রকল্প, তিনটে সংস্থা ওখানে কাজ করছে। তার মধ্যে দুটির একটি hotel, resort সেটা চালু হয়ে গেছে।

[11:10 – 11:20 a.m.]

ওখানে যুব কল্যাণ দপ্তর তাদের একটা প্রজেক্ট করছে। প্রায় ৫০জন মানুষ একসঙ্গে থাকতে পারবেন। সেটার প্রজেক্ট প্রায় কমপ্লিট, সেটা তারা তাড়াতাড়ি অপারেশনাল করবে। এ ছাড়া হাতির পিলখানা রেডি হয়ে গেছে যেখানে চারটি হাতি আমরা রাখবো, ওখানে কিছু দিনের মধ্যে এলিফ্যান্ট সাফারি শুরু হবে। এবং গাজলডোবা থেকে শালুগাড়া বেঙ্গল সাফারি পর্যন্ত আমরা জঙ্গলের ভেতর দিয়ে একটা অল্টারনেটিভ রোড তৈরি করেছি। ফরেস্ট ডিপার্টমেন্টকে দিয়ে আমরা রোডটা তৈরি করেছি সরস্বতীপুর চা বাগানের ভিতর দিয়ে। ভারী সুন্দর, দৃষ্টি-নন্দন রাস্তা, সেই রাস্তাটার কাজ প্রায় ৯৫ শতাংশ শেষের দিকে আর এক-দুই মাসের মধ্যে কাজটা শেষ হয়ে যাবে। এ ছাড়া একটা হাতিনালা আমরা তৈরি করছি, সেখানটায় বোটিং-এর ব্যবস্থা করা হবে। যেটা পাখি বিচরণ, ঐ জায়গাটাকে আমরা ডেভ্লপ্ করছি। এবং এ ছাড়া ইরিগেশানকে দিয়ে যাতে জল জমা না হয় এবং এই জলটাকে বাইরে বের করে দেওয়া এই কাজটা আমরা ৫৩কোটি টাকার প্রজেক্টে করছি, সেটায় বাজেটটা আরো বাড়বে। এই ভাবে টোটাল গাজলডোবাকে নিয়ে ২০৮একর জমির উপর ধীরে ধীরে গাজলডোবা মানুষের কাছে একটা ফেভারিট ট্যুরিজ্‌ম্ ডেস্টিনেশান হিসাবে এগিয়ে গেছে। ওখানে একটা পাখি বিচরণ করবো বড় আকারে,তারও পরিকল্পনা চলছে। সব মিলিয়ে এখন ভোরের আলো আস্তে আস্তে পূর্ণাঙ্গ রূপ নিচ্ছে। আমরা আশা করি যে ভোরের আলো খুব তাড়াতাড়ি ফেজ ওয়াইজ ম্যানারে একটা একটা করে কম্পোনেন্টস্ শেষ করে ফেলতে পারবো।

শ্রী জগদীশ চন্দ্র বর্মা বাসুনিয়া : মাননীয় স্পিকার স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রীকে জানাতে চাই, আমার বিধানসভা এলাকায় কামতেশ্বরী মন্দির এবং কামতেশ্বর রাজার রাজবাড়ী যেটা সম্ভবত পাল যুগের শেষ দিকে খান বংশের রাজার শেষ রাজা ছিলেন,রাজা কামতেশ্বর। রাজবাড়ী খননের কাজ আরকিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া শুরু করেছিল কয়েক বছর আগে এবং সেই কাজটা বন্ধ হয়ে আছে। এবং গত বছর সেখানে মাটি খুঁড়তে গিয়ে পাশেই আরো অনেক পুরনো যুগের পাথরের তৈরি মূর্তি, বাসনপত্র ইত্যাদি পাওয়া যায়। এবং ঐ এলাকার মানুষ গোসানী বাড়ী নাগরিক কমিটির নামে পর্যটন বিষয় নিয়ে বিভিন্ন জায়গায় দরবার করে মাননীয় মন্ত্রীর কাছে বোধ হয় তারা একটা আবেদন করেছে। আমি এর আগেও এই সদনে বলেছিলাম কুচবিহারেও ভাবাবেগ কামতেশ্বরী মন্দির, রাজা কামতেশ্বর রাস্তা, গড় কামতেশ্বর, সিতাই বিল ইত্যাদি নিয়ে একটা ট্যুরিজ্‌ম্ হাব তৈরির পরিকল্পনার কথা এর আগেও মাননীয় মন্ত্রীকে আমি বলেছিলাম। মাননীয় মন্ত্রীর কাছে আমার আবেদন, যদি এটা করা যায়, তাহলে কুচবিহার ট্যুরিজ্‌মের মানচিত্রে নতুন একটা পালক আমরা অন্তত পাব।

শ্রী গৌতম দেব : হ্যাঁ, আপনাকে অসংখ্য ধন্যবাদ। আমরা কুচবিহার জেলার টোটাল ট্যুরিজ্‌মের মানচিত্রে কুচবিহারকে ফোকাস স্টেজে করবার জন্যে আমাদের রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রী তিনি নিজে বিশেষভাবে উদ্যোগী হয়েছেন এবং আপনি জানেন আই.আই.টি. খড়গপুরকে দিয়ে তিনি আমাদের রাজ্যের দুটি পুরনো শহর একটা কুচবিহার শহর এবং কুচবিহার জেলা আর একটা হচ্ছে নবদ্বীপ; তার বিশেষত্ব এবং ফোকাস এরিয়া সেটা ঠিক করার জন্য ডিটেল্স সার্ভে হয়েছে। আমি উত্তরবঙ্গে থাকি এবং আজকেও যাবো কুচবিহারে। কুচবিহারে অনেক বার গেলাম এবং আই.আই.টি. পুরো এক্সপার্ট টিমের সাথে আমাদের মিটিং হয়েছে। এবং ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট-এর সাথে ইন ডিটেল্স এই ব্যাপারগুলো নিয়ে মিটিং হয়েছে এবং কয়দিন আগেও আমাদের প্রিন্সিপাল সেক্রেটারী যখন শিলিগুড়িতে ছিলেন তখন কুচবিহারের ডি.এম. উনি এসেছিলেন এবং তারা একটা পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশান দিয়েছেন। গড়কামতেশ্বর এবং গোঁসাইবাড়ী এই জায়গাটা আমাদের চিন্তা-ভাবনার মধ্যে অ্যাক্টিভলি আছে; অ্যাকচুয়ালি ঐ জায়গাটায় এ.এস.আই. কাজ করছে। এ.এস.আই. যেখানে কাজ করে, সেখানে রাজ্য সরকার তাদের সাথে আলাপ-আলোচনা করতে পারে, কিন্তু সেটা এ.এস.আই. করবে। সাবজেক্টগুলো ভাগ করে দেওয়া আছে। এ.এস.আই. ওখানে কাজটা করছে। গড়কামতেশ্বর এবং গোঁসাইবাড়ী টোটাল জায়গাটা নিয়ে ট্যুরিজ্‌মের একটা বড় সম্ভাবনা আছে। হেরিটেজ ট্যুরিজ্‌ম্। এই ব্যাপারটা নিয়ে আমাদের সরকার এবং আমাদের দপ্তর আমরা খুব অ্যাকটিভলি এটা কনসিডার করছি এবং কুচবিহারের যে ট্যুরিজ্‌ম্ মানচিত্রের যে ভবিষ্যৎ রূপরেখা আমরা তৈরি করছি ডিস্ট্রিক্ট অ্যাডমিনিস্ট্রেশান এবং আই.আই.টি. খড়গপুর তাদের রেকমেন্ডেশানগুলো নিয়ে তার মধ্যে আমাদের গড়কামতেশ্বর এবং গোঁসাইবাড়ী নিশ্চিতভাবে ইনক্লুডেড হবে।

শ্রী রফিকুল ইসলাম মন্ডল : স্যার, বিগত অধিবেশনে আমি মাননীয় মন্ত্রীর কাছে একটি প্রশ্ন রেখেছিলাম। আমাদের সুন্দরবনে বুড়িরটিপি বলে একটি জায়গা আছে যেখানে অলরেডি ওনাকে দিয়েছিলাম যাতে ওখানে পরপর দুটি ট্যুরিষ্ট স্পট করা হয়। ওনার দপ্তর থেকে আমি চিঠিও পেয়েছিলাম। সেই কাজের কতদূর অগ্রগতি হয়েছে সেটা যদি জানান তাহলে আমি খুশি হব।

শ্রী গৌতম দেব : দেখুন, সুন্দরবনের ক্ষেত্রে এখন আমরা কতগুলো কাজ করছি। আমাদের নিজেদের যে ট্যুরিজ্‌ম্ প্রজেক্টটা আছে ওটাকে আমরা ডেভেলপ করছি। এ ছাড়া পিপিপি মোডে যে প্রজেক্টটা করছি, যেখানে আমাদের টেকনো ইন্ডিয়া তারা ইতিমধ্যেই একটা প্রজেক্ট করেছে, সেখানে অনেক বড় প্রায় ৭০ একর জায়গার ওপরে প্রজেক্টটা হবে – ঝড়খালিতে, একটা প্রজেক্ট তারা তৈরি করেছে। কিন্তু একটার কম্পোনেন্টস্ নেই, অত বড় এলাকাতে পর্যটনটাকে অত বেশি ডেভেলপ করা যাবে না। এটা তো ঠিক, দ্বীপ এবং দ্বীপে ছড়িয়ে থাকা বিভিন্ন যে কম্পোনেন্টগুলো আছে, এক দিকে বকখালি থেকে শুরু করে বিস্তীর্ণ এলাকা, আমাদের পশ্চিমবঙ্গের মানচিত্রে যেমন দার্জিলিঙকে ছাড়া পর্যটনটাকে আমরা ভাবতে পারি না, তেমনি সুন্দরবন, তার ম্যানগ্রোভ, এই বিষয়গুলো আমাদের কাছে খুবই গুরুত্বপূর্ণ। আপনি যে ব্যাপারগুলো বলেছেন, আমাদের সরকারের যে অবস্থান তার মধ্যে ধীরে ধীরে সুন্দরবনের বিভিন্ন প্রজেক্টগুলো আমরা নিচ্ছি।

প্রত্যেকটি প্রজেক্টই আমরা অত্যন্ত গুরুত্বসহকারে আমাদের দপ্তর থেকে আমাদের দপ্তরের অফিসাররা এবং জেলা প্রশাসনের সাথে close proximity-তে আমরা কাজ করছি। আমরা ধীরে ধীরে সুন্দরবনের এই কাজগুলো করব।

শ্রী অসীম কুমার মাঝি : স্যার, আপনার মাধ্যমে বলি, বলাগড় বিধানসভায় সবুজদ্বীপ বলে একটি দ্বীপ আছে। সেই দ্বীপটিতে ইতিমধ্যে মাননীয় বিভাগীয় মন্ত্রী মহাশয় গিয়েছিলেন এবং শুনেছি যে সেখানে টেন্ডারটা হয়েছে। কাজটা কবে নাগাদ স্টার্ট হবে একটু যদি বলেন তাহলে আমাদের সুবিধা হবে।

শ্রী গৌতম দেব : আপনি তো জানেন, আপনি আমার সঙ্গে ছিলেন। আমি সবুজদ্বীপটায় গিয়েছি। সবুজদ্বীপটা আমাদের একটা something unique project হবে। যারা কাজ করছে সেই এজেন্সি - Sikaria Group তাদের সাথে কিছুটা সমস্যা হয়েছিল, সেটাও আপনি জানেন। আমরা ঢোকার মুখে জেটি এবং জেটির পরে জেটিটাকেও আমরা কিছুটা কারেকশান করেছি এবং আর একটি জেটি সামনের দিকে যদি করা যায় এবং ভেতরটায় ওখানে অনেকগুলো ইকো-ফ্রেন্ডলি পুরোটাই এবং ওখানে যোগাযোগ ইত্যাদি ব্যবস্থা একটা ফেজের কাজের টেন্ডারটা হয়েছে। আমি খবর নিয়ে আপনাকে বলব যে ওটা কোন্ স্টেজে আছে ফাইনালি, কবে কাজ শুরু হবে। আমরা চেষ্টা করব খুব তাড়াতাড়ি কাজ শুরু করার কিন্তু আমাদের কাছে যে নির্দেশ আছে, মাননীয়া মুখ্যমন্ত্রী চান, যে কটা প্রজেক্ট, আমাদের তিনটি প্রজেক্ট আমরা রাজ্যে পিপিপি মোডে করছি, একটা সুন্দরবনে, একটা বলাগড় অ্যাডমিনিস্ট্রেটিভ ব্লকে সবুজদ্বীপ এবং আর একটা গাজলডোবা। এই তিনটি প্রজেক্টই আমরা খুব দ্রুত করব এবং আমাদের যে স্টেজে আছে তাতে আমরা খুব তাড়াতাড়ি কাজটা শুরু করব।

শ্রী মনোজ চক্রবর্তী : ধন্যবাদ স্যার। মাননীয় মন্ত্রী আপনার প্রচেষ্টা আছে আমি নিজে জানি এবং দেখেওছি কাজের পরিধি। আপনার কাছে আমার একটা অনুরোধ আছে এবং আপনি এটা নিতেও পারেন তাতে আপনার দপ্তরের রোজগারও বাড়তে পারে টোকেন হিসাবে। মুর্শিদাবাদ জেলার বহরমপুর সদর শহর। সেখানে বড় ট্যুরিস্ট লজ আছে, সেখানে জায়গা আছে। মুর্শিদাবাদ বাংলা-বিহার-উড়িষ্যার রাজধানী ছিল। সেখানে সার্কিট ট্যুরিজ্‌ম্ বা সার্কুলার ট্যুরিজ্‌ম্ করা যায়, ট্যুরিস্ট লজ থেকে বাস ছেড়ে কর্ণসুবর্ণ, রামেন্দ্র সুন্দর ত্রিবেদীর বাড়ি থেকে আরম্ভ করে, তার পরে গঙ্গার ধার দিয়ে কিরীটেশ্বরী, তার পরে মুর্শিদাবাদ করে একদিনে - যেমন আমি ব্যাঙ্গালোরে দেখেছি। এবং আমি নিজে ঘুরেওছি সরকারি ট্যুরিজ্‌মে একদিনে গোটা শহরটা ঘুরিয়ে দিল - আপনার এইরকম কোনো পরিকল্পনা মুর্শিদাবাদ জেলায় বহরমপুর শহরে ট্যুরিস্ট লজকে কেন্দ্র করে করা যায় কিনা বা আপনার কোনো পরিকল্পনা আছে কি ?

শ্রী গৌতম দেব : আপনাকে ধন্যবাদ। মুর্শিদাবাদ জেলা একটা ইতিহাসের জায়গা, বাংলা, বিহার, উড়িষ্যার রাজধানী ছিল। মুর্শিদাবাদে গেলে মনে হয় আমরা যেন ইতিহাসের একটা ছোঁয়া পাই।

[11:20 – 11:30 a.m.]

এবং আমি এনিয়ে ৫ - ৬ বার গেলাম। ডিসেম্বরেও এ নিয়ে আমি গিয়েছিলাম জায়গাগুলোতে। ট্যুরিস্ট লজটাকে আমরা খুব ভালভাবে তৈরি করছি এবং আমি নিজে দেখছি। আপনি দেখবেন খুব যত্ন করে তৈরি করছি। ওর বাউন্ডারী ওয়াল, ওখান থেকে জল বেরিয়ে যাওয়া, ঘরগুলো এবং ওখানে ম্যারেজ হল, কনফারেন্স রুম সবটা আমরা করছি। সাথে মতিঝিলটা আমরা টেক ওভার করেছি। মতিঝিলে আরও বড় কাজ হবে। খুব সম্ভাবনা আছে। মতিঝিলে এবং ওখানে আর একটা প্রজেক্ট আছে আমাদের যেটা আমরা নিয়েছি মুর্শিদাবাদে। সেটার কাজ আমরা খুব তাড়াতাড়ি করবো। আমরা হেরিটেজ কমিশন থেকে এবং আমরা আর্কিটেক্ট নিয়োগ করেছি যারা এই বিষয়টা দেখছে। এত ইতিহাস এখানে ছড়িয়ে আছে, এই কাজগুলো আমরা করবো। আপনি যে প্রস্তাবগুলো দিচ্ছেন যে মুর্শিদাবাদকে নিয়ে একটা ট্যুর, সার্কিট ট্যুরিজ্‌ম্ এবং বিভিন্ন জায়গাগুলোয় এটা আমরা এগজামিন করবো, যদি পসিব্‌ল্ হয় আমরা সেটা নিশ্চয়ই অ্যাকটিভলি কনসিডার করবো।

শ্রীমতী জাহানারা খান: ধন্যবাদ স্যার। পর্যটন মন্ত্রীকেও ধন্যবাদ রাজ্যের বিভিন্ন পর্যটন কেন্দ্রগুলোকে তিনি যেভাবে ঢেলে সাজাচ্ছেন সে জন্য। স্যার, তবে আমার একটা কথা, সেটা হলো, চুরুলিয়ায় কাজি নজরুল ইসলামের জন্মস্থান। সেখানে আগে শেখ হাসিনাও এসেছেন এবং রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রীও সেখানে গেছেন। বিগত সরকারের সময় ঘোষণা করা হয়েছিলো সেখানে পর্যটন কেন্দ্র গড়া হবে। এ জন্য রাস্তা-ঘাটেরও উন্নতি করা হয়েছে। আপনার দপ্তরের কি কোনো পরিকল্পনা আছে চুরুলিয়াতে। সেখানে পাথর শিল্পর সঙ্গে মানুষ যুক্ত ছিলো। সেখানে পাথরের বিভিন্ন জিনিস তৈরি হতো। আস্তে আস্তে সেটাও হারিয়ে যাচ্ছে। সেখানে যেহেতু কাজি নজরুল ইসলামের জন্মস্থান, বহু মানুষ সেখানে যায়। এবং সেখান থেকে ঘিরে আসানসোলের বিভিন্ন জায়গা আছে। পর্যটন কেন্দ্র হিসাবে চুরুলিয়াকে গড়ে তোলার কোনো পরিকল্পনা এই সরকারের আছে কি? থাকলে জানাবেন।

শ্রী গৌতম দেব : এই ধরনের প্রশ্ন এর আগেও হয়েছিলো এবং আমার যতটা স্মরণে আছে যে অনারেবল চিফ মিনিস্টার উনি চুরুলিয়া নিয়ে উত্তর দিয়েছিলেন এবং ওখানে আমাদের ইউনিভার্সিটি ও অন্যান্য বিষয়গুলো যেমন রাস্তা-ঘাট যে সংকীর্ণ আছে সেটাকে চওড়া করা এবং সেই রাস্তার ডেভেলপমেন্ট ইত্যাদি সমস্ত বিষয়গুলো বলেছেন। যেহেতু কাজি নজরুল ইসলাম আমাদের হৃদয়ে আছেন আমাদের চেতনায় আছেন, আমরা চুরুলিয়ার ব্যাপারটা, ইউনিভার্সিটি এবং তার সাথে সাথে কাজি নজরুল ইসলামের, তার ভাবনাকে চিরস্থায়ী করার মতো কি কি পরিকল্পনা ওখানে নেওয়া যেতে পারে সেটা আমাদের দফতর থেকে আমরা অ্যাক্টিভলি কনসিডার করছি।

মিঃ স্পিকার : বিক্রম প্রধান আমি আপনার প্রশ্নটা নিচ্ছি। অনেকেই হাত তুলেছেন আমার কাছে সবার নাম নোট করা আছে। সবার প্রশ্নই আমি নেবো। যেহেতু বিক্রম প্রধানের আপনার দপতরের একটা প্রশ্ন রয়েছে আমি সেটা একসঙ্গে নিচ্ছি।

প্রসিদ্ধ ও প্রাচীন স্থানগুলিকে "হেরিটেজ" স্বীকৃতি প্রদান

*৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *২১০) **শ্রী বিক্রম চন্দ্র প্রধান** ঃ পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দাঁতন-১নং ব্লক ও মোহনপুর ব্লকে অবস্থিত বিভিন্ন প্রসিদ্ধ ও প্রাচীনতম স্থানগুলিকে হেরিটেজ হিসেবে স্বীকৃতি দেওয়ার কোনো পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) (১) দাঁতন-১নং ব্লকে 'ইকো টুরিজম পার্ক' গড়ে তোলার কোনো পরিকল্পনা সরকারের আছে কি? ও

(২) থাকলে, তা কবে ঘোষিত হবে?

শ্রী গৌতম দেব : মাননীয় বিধায়ক উনি প্রশ্ন করেছেন, উত্তরে বলি—

ক) বিক্রম প্রধান, মাননীয় বিধায়ককে আমি জানাতে চাই, যে আমাদের রাজ্যের বিভিন্ন স্থানে হেরিটেজ প্রপার্টি অনেকগুলো আছে যেগুলোর গুরুত্ব বিচার করে কিছু কিছু প্রপার্টি এ.এস.আই. নিয়েছে যেমন— বিষ্ণুপুর নিয়েছে, যেমন, কুচবিহার রাজবাড়ি নিয়েছে ইত্যাদি এরকম আরও অনেকগুলো প্রপার্টি আছে। বাকী যেগুলো গুরুত্বপূর্ণ জায়গা সেগুলো হেরিটেজ কমিশন পশ্চিমবঙ্গ সরকার, রাজ্য হেরিটেজ কমিশন, সেই কমিশন এই কাজগুলো করছে। এটার ক্ষেত্রে কমিশানের যে ডাইরেক্টিভস্ থাকে, তাদের যে অ্যাডভাইসারি থাকে তার ওপরেই অ্যাক্টিভলি কাজ করে পর্যটন দফতর। সুতরাং আমরা রাজ্য হেরিটেজ কমিশনের সাথে যোগাযোগ করে দেখবো যে এই বিষয়গুলো সম্পর্কে তাদের ধারণা কি।

খ) (১) এই ধরনের পরিকল্পনা এই মুহূর্তে আমাদের কাছে নেই। জেলা থেকে আমাদের কাছে এই ধরনের কোনো প্রস্তাব এলে তখন আমরা এটা বিবেচনা করবো।

(২) সেটা এখন প্রযোজ্য নয়।

শ্রী বিক্রম চন্দ্র প্রধান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার অতিরিক্ত প্রশ্ন যে যেটা ক'তে ছিল দাঁতন এবং মোহনপুর ব্লকে প্রসিদ্ধ স্থানগুলিকে হেরিটেজ হিসাবে, তার এক নম্বর হচ্ছে মোগলমারি বৌদ্ধ বিহার যেটা বাংলার সর্ববৃহৎ বৌদ্ধ বিহার বলে খননকার্যে পাওয়া গিয়েছে। সেটার জন্য আমি মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আবেদন রাখছি যে আপনি নিজে চাক্ষুষ পরিদর্শন করে দেখুন এবং সেখানে বহু দেশ-বিদেশের মানুষ, প্রায় দশ থেকে বারে হাজার মানুষ প্রত্যেক বছর সেখানে আসেন এবং দাঁতনের যে ইতিহাস যে পুড়ানো heritage যে জায়গাগুলো আছে শ্রী চৈতন্য মহাপ্রভু তিনি পুরী যাওয়ার পথে দাঁতনের উপর দিয়ে গিয়েছিলেন এবং সেখানে কাকরাজিতে শ্রী চৈতন্যদেব মহাপ্রভুর মন্দির প্রায় ৫০০ বছরের প্রাচীন। সেই মন্দিরে বহু ভক্ত সেখানে আসেন, রাজবাড়িও আছে এবং মোহনপুর ব্লকে একটি মাজার আছে, সেই মাজারে হাজার হাজার মানুষ সেখানে আসেন। আর একটা অতিরিক্ত প্রশ্ন হচ্ছে যে eco-tourism যেটা আমাদের দাঁতনে শশঙ্গা প্রায় ১৫০ একর জলাশয়। সেটা মাননীয়া মুখ্যমন্ত্রীর উদ্যোগে সংস্কার

হয়েছে। সেখানে এখন হাজার হাজার পরিযায়ী পাখি আসছে। জলাশয়টা ১৫০ একর এবং চতুর্দিকে প্রায় ৫০০ একর জায়গা আছে। সেখানে যদি boating থেকে শুরু করে এবং সেখানে যদি সুন্দর করে টুরিজ্‌ম্ গড়ে তোলা যায়,তাহলে সেই এলাকার অর্থনৈতিক অবস্থার পরিবর্তন ঘটতে পারে কারণ অবিভক্ত মেদিনীপুর ভাগ হওয়ার পরে পূর্ব মেদিনীপুর এবং ঝাড়গ্রাম জেলাতে আমাদের পর্যটন কেন্দ্রগুলি থেকে গেছে। পশ্চিম মেদিনীপুরে নতুন করে ভাববার জন্য আমি আবেদন রাখছি, এই বিধানসভাতে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যেটা মোহনপুরে জগন্নাথের মন্দির ছিল অতিপ্রাচীন, সেই দাবিগুলো আপনার কাছে রাখছি। সব থেকে বেশি গুরুত্ব মোগলমারি বৌদ্ধ বিহার। এই মোগলমারি বৌদ্ধ বিহারে প্রচুর দেশ-বিদেশের মানুষ সেখানে আসেন প্রত্যেক বছর। এখানে প্রায় প্রতি বছর বহু মানুষ উপস্থিত থাকেন। বিভিন্ন জায়গা থেকে আসেন, এমন কি ভারতবর্ষের বাইরে থেকেও আসেন, জাপান থেকে আসেন। সেটার জন্য আমি আবেদন রাখছি, বিশেষ করে মোহনপুর ব্লকে।

শ্রী গৌতম দেব : আমি খুব সংক্ষেপে আপনাকে বলতে চাই, আপনি লিখিতভাবে আমাকে detail-এ দিন আমি চেষ্টা করব, আপনার বিধানসভার এই এলাকাগুলো যাব, আমি রাজ্য ঘুরি, আপনার ওখানে সময় করে যাব, খুব তাড়াতাড়ি আমি যাব, আপনি লিখিত দিন আমি বিষয়টা দেখব।

শ্রী যোগরঞ্জন হালদার : মাননীয় মন্ত্রীকে অতিরিক্ত প্রশ্ন রাজ্যে অনেক প্রাচীন ও গুরুত্বপূর্ণ মন্দির আছে - রাজ্যে কোন কোন মন্দিরকে ঘিরে পর্যটন কেন্দ্র গড়ে তোলার আপনার পরিকল্পনা আছেন, অনুগ্রহ করে জানাবেন কি ?

শ্রী গৌতম দেব : রাজ্যে সারা বাংলায় প্রচুর এই ধরনের বিষয়গুলো আছে, যেটা নিয়ে আমাদের পর্যটন দপ্তর কাজ করছে, বাংলায় মরুভূমি ছাড়া এবং desert ছাড়া বাংলায় সমস্ত কিছু আছে এবং তার মধ্যে heritage tourism এবং religious tourism একটা গুরুত্বপূর্ণ বিষয় যেটা নিয়ে আমরা কাজ করছি। বিষ্ণুপুর মন্দির, সেই মন্দির সংলগ্ন এলাকায় এবং সেখানে আমাদের রাজ্য সরকারের tourist lodge, সেটাকে develop করা এবং সেখানে বিষ্ণুপুরে ধ্রুপদী মিউজিক আছে, সেটা নিয়ে আমাদের cultural programme, classical programme ইত্যাদি ওই জায়গাটাই করছি। বিষ্ণুপুর ঢোকার মুখে আমরা একটা খুব বড় গেট বানিয়েছি, যেটাকে নিয়ে আমরা কাজ করছি। আমরা সাগরে অনেকগুলি কাজ করেছি, কপিলমুনির আশ্রমের সামনে নওগাঁ এবং কচুবেড়িয়া,বেলুবন এই জাতীয় আমরা অনেকগুলো কাজ করেছি এবং সেখানে pilgrims থাকার জায়গা ১২০টা cottage এবং ১০০ dormitory সেই কাজটাও আমরা করেছি। বাঁশবেড়িয়ায় হংসেশ্বরী মন্দিরের কাজটাও করেছি।

[11:30 – 11:40 a.m.]

মদনমোহন ঠাকুরবাড়ি কোচবিহারে, তার উপর আমাদের কাজ হয়েছে। এ ছাড়া বেলুড়েও একটা কাজ হচ্ছে 'কোসা' স্কীমে। আমরা দক্ষিণেশ্বরে অনেকগুলো কাজ করেছি, অন্যান্য

দপ্তরও করেছে এবং ট্যুরিজ্‌ম্‌ থেকেও আমরা কাজ করেছি। মহাতীর্থ কালীঘাটেও আমাদের একটা প্রজেক্ট হয়েছে। তারকেশ্বরে আমরা একটা প্রকল্প করেছি। যেগুলো খুবই অতি প্রাচীন এবং এ.এস.আই. যে জায়গাগুলোতে স্থাপত্যের জন্য তারা টেক-আপ করেছে গভর্নমেন্ট অফ ইন্ডিয়া, সেগুলোতে আমরা যেতে পারি না। কিন্তু আমরা তাদের সাথে একটা সংযোগ রেখে তার আশেপাশে যে ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট সেটা করেছি, যাতে পর্যটকরা যেতে পারে।

শ্রী আবদুল খালেক মোল্লা : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে আমার অতিরিক্ত প্রশ্ন - মেটিয়াবুরুজের বড় ইমামবারা, যেটা আমাদের বাংলার শেষ নবাব সিরাজ-উদ-দৌলার বংশধর ওয়াজেদ আলি শাহ্‌ -এর স্মৃতিসৌধ খুব ভগ্ন অবস্থায় আছে। মহরমের সময় প্রতি বছর সেখানে হাজার হাজার মানুষের সমাগম হয়। এটা সংস্কার করার কোন পরিকল্পনা আপনার আছে কি ?

শ্রী গৌতম দেব : এই মুহুর্তে এই ধরনের কোন পরিকল্পনা আমাদের দপ্তরের কাছে নেই। কিন্তু আপনারা এটা পাঠান। এটা খুব গুরুত্বপূর্ণ একটা বিষয় আমাদের কাছে তুলেছেন। আমি নিশ্চয়ই এটা অ্যাক্টিভলি কনসিডার করব যাতে খুব তাড়াতাড়ি এটা অ্যাটেনশন দেয়।

Dr. Rohit Sharma : Thank you, Hon-ble Speaker, Sir, I would like to know through you from the Hon-ble MIC of Tourism that Hon-ble Chief Minister has announced certain schemes for promotion of village tourism in Darjeeling Hills and for that she has also announced that certain Home Stays - registered Home Stays - shall be given incentive from the State Government. There are many registered Home Stays in my area/constituency who are yet to receive the incentive from the Government. I would like to know from the Hon-ble MIC as to by when they shall receive this incentive and secondly, Sir, whether there is any plan or programme to be announced to set up Tourism Development Corporation for the GTA area, Thank you, Sir.

Shri Gautam Deb: Sir, thank you, Mr. Sharma, I would like to inform that so far as the second part of your question is concerned, it is a policy decision and I am not in a position to answer, but at present the Tourism Department does not have any other programme to set up this kind of Corporation or whatever in the GTA area. For the Home Stays, our Government has already approved the Home Stays policy of the State and Hon-ble Chief Minister has already announced that Rs.1.50 lakh for each Home Stay who wants to give rooms will be given the incentive scheme. But before getting this incentive, they have to get their Home Stays registered. So we are working. The procedure

for registration is on. Now the District Magistrate is given the full authority to go through the applications and get it done immediately and we have our budgetary provisions and we will fund it as and when the application is vetted through by the concerned authority. Thank you.

শ্রীমতী বনশ্রী মাইতি : মাননীয় স্পিকার স্যার, আপনার মাধ্যমে আমাদের সম্মানীয় পর্যটন মন্ত্রীর কাছে আমার জিজ্ঞাস্য - উত্তর কাঁথির দাগাপুর অঞ্চলে সাহিত্য সম্রাট ঋষি বঙ্কিমচন্দ্রের অমর সৃষ্টি কপালকুণ্ডলা, যেটা ইতিমধ্যেই হেরিটেজ হয়েছে এবং সংস্কারের কাজও হয়েছে। সেখানে আরও দর্শনীয় লাইট হাউস আছে এবং সেই সঙ্গে সঙ্গে অনেক প্রাচীন একটি বাংলো আছে। সেটার ক্ষেত্রে আপনাদের কোন চিন্তা-ভাবনা আছে কিনা। রসুলপুর নদীর ওপাড়ে মসনদিয়ানা আছে, যেখানে হাজার হাজর পূণ্যার্থীরা, হিন্দু মুসলমান সমস্ত ধর্মের মানুষেরা ওখানে প্রতিদিন যাতায়াত করেন। এই নিয়ে আপনাদের কোন পরিকল্পনা আছে কিনা। যদি জানেন, তাহলে যদি বলেন আমি উপকৃত হই।

শ্রী গৌতম দেব : এই মুহূর্তে এর পরিকল্পনা নেই। কিন্তু কপালকুণ্ডলা যেখানে সৃষ্টি হয়েছিল যে এলাকায়, সেই জায়গাগুলোতে আমি গেছি। তখন সেটা নিয়ে অনেকগুলো মিটিং হয়েছিল। এম.পি. শিশির অধিকারীর সাথে আমার মিটিং হয়েছে এবং তাঁদের যে ডেভেলপমেন্ট অথোরিটি, তাদের সাথেও অনেকগুলো বিষয় নিয়ে আলোচনা হয়েছে।

ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট তিনিও অনেকগুলো প্রোপোজাল দিয়েছেন। আপনি একটু দয়া করে লিখিতভাবে প্রোপোজাল দিন। সারা রাজ্যে ছড়িয়ে আছে এই ধরনের অনেক গুরুত্বপূর্ণ বিষয়। ধীরে ধীরে সেগুলোকে accumulate করে আমরা দেখবো পরে কি করা যায়।

Shri Ranajit Mondol : মাননীয় স্পিকার স্যার, আমার নিবার্চনী ক্ষেত্র খেজুড়ি। বঙ্গোপসাগরের উপকণ্ঠেই পুরোটাই আমাদের খেজুড়ি নির্বাচনী ক্ষেত্র। আমাদের দু'টি জায়গা আছে। প্রাচীন ডাকঘর, ভারতবর্ষের প্রথম ডাকঘর খেজুড়িতে অবস্থিত। বিস্তীর্ণ বনাঞ্চল। এ ছাড়াও মসনদিয়ানা, দিদি এটা বললেন, যদিও এটা পাশেই। মসনদিয়ানা কয়েশো বছর আগে ওখানে কেউ যায় না। কিন্তু প্রচুর মানুষ ওখানে প্রতিদিনই যায়। সেখানে মুসাফির খানা থেকে শুরু করে থাকবার ব্যবস্থা নেই। এখনও পর্যন্ত মাজারটা খুব ভগ্ন অবস্থায় আছে। মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমি বলবো যে, এটা নিয়ে কোনো পরিকল্পনা আছে কিনা। দু'টি জায়গা - খেজুড়ি এবং মসনদিয়ানা। দু'টি পার্টই বঙ্গোপসাগরের উপকণ্ঠে অত্যন্ত সুদৃশ্য জায়গা।

Shri Goutam Deb : এই মুহুর্তে এই পরিকল্পনা নেই। আমি আপনাকে একটা অনুরোধ করবো, আপনি ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের থ্রু দিয়ে আসুন।

श्री मनोज तिग्गा : धन्यवाद सर, आपके माध्यम से माननीय मंन्त्री से मेरा पश्न है— मेरा विधान सभा का नहीं है, लेकिन मेरा बगल का फालाकाटा। जब मदारीहाट हायरबाड़ी कुन्जनगर होते हुए चिलाकाटा होते हुए एक राउन्ड लगाकर मदारी, हाट आते है। इसलिए जो कुन्जन नगर है बहुत बड़ा एरिया है। लेकिन अभी

फाका फुटबॉल माठ जैसे पड़ा हआ हैं तो इसको फिर से डवलप करके फिर से टूरिस्टों को वहाँ पर ले जाने के लिए आपका कोई परिकल्पना है या नहीं ?

श्री गौतम देव : मनोज तिग्गा साहब,आप देखिये जो आप कुन्ज नगर का बात बोल रहा है वो कुन्ज नगर पहले फारेस्ट डिपार्टमेन्ट कर रहा है तो हम फोरेस्ट डिपार्टमेन्ट से टेक अप किया है। इसके पहले जो मिनिस्टर था व्रात्य वसु and हमरा विनय वर्मन उन लोगों के साथ बात हुआ है। हम राजीव वनर्जी से भी बात किया है हम integrated करके करेंगे। कुन्ज नगर importent place है। शायद आपको जानकारी होगा चिलाकाटा मे हमलोग बहुत सारे काम हमलोग किया है,जब North Bengal Development मे था। बहुत सारे रास्ता हर जगह के लिये किया हमलोग। उधर पे भी और कुन्जनगर मे भी हमलोग फोरेस्ट डिपार्टमेंन्ट करेंगे, लेकिन टूरिस्ट डिपार्टमेन्ट उसमें रहेगे।

Shri Sk. Amjad Hossain : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার একটা প্রশ্ন এবং তার সঙ্গে একটা প্রস্তাব আছে। স্বপনবাবু আমার পান্ডুয়ার ওপর দিয়ে যাতায়াত করেন, উনিও জানেন। পান্ডুয়া মেলা একটা ঐতিহাসিক মেলা। আগে তেরোর মেলা নামে বিখ্যাত ছিল। চার-পাঁচশে বছরের পুরানো মেলা। সুলতানী যুগ থেকে হয়ে আসছে পান্ডুয়াতে। আপনার কাছে খবর নিশ্চয় আছে স্যার যে, ঐ মেলা এ বারে অন্যরকম, ঐ মেলার জায়গাকে কেন্দ্র করে যে মিনার আছে সেটা কয়েকমাস আগে একটা ডিস্টার্বেন্স হয়। আগেও হয়েছিল কিন্তু তাতে মেলার ব্যাঘাত হয় নি। এ বারে ঐ চার-পাঁচশো বছরের পুরানো মেলা যেটা একমাস খাতায়-কলমে কিন্তু দেড় মাস চলে। সেই মেলা বন্ধ। ঐ মেলাতে কোলকাতা থেকেও মানুষ আসে। পাশে মাজার শরিফ আছে। সেই মেলা বন্ধ হয়ে গেছে। বন্ধ হয়ে পাশে একটা ক্যানেল পারে যেমন ঝাপান হয় ঐ রকম ঝাপান হচ্ছে। এই বিষয়টা আমার জেলার যিনি এমআইসি, তপন দাসগুপ্ত পর্যন্ত পৌঁছিয়েছিল। সেইটা আপনার কাছে আমার অনুরোধ, এবারে যা গেছে গেছে আর যেন না হয়। সামনের বারে মেলা যাতে ফিরে আসে নিজের জায়গায় তার জন্য আপনি কোনো উদ্যোগ গ্রহণ করবেন কিনা।

Shri Goutam Deb : পান্ডুয়া মেলা আমরা জানি এবং এটা নিয়ে সেন্সিটিভ বিষয় আছে। আমি এখান থেকে কিছু বলছি না। তবে আপনি যে প্রস্তাবটা বললেন সেটা নিয়ে আমি সংশ্লিষ্ট দপ্তরের সঙ্গে কথা বলবো।

Shri Asit Mitra : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় পর্যটন মন্ত্রীর কাছে আমার প্রশ্ন, আপনি জানেন যে, শরৎচন্দ্র চট্টোপাধ্যায়, কথাসাহিত্যিক, তাঁর শেষ জীবনটা যেখানে কাটিয়েছিলেন সেটা হাওড়া জেলার সামতাবেড়। একটা সময় তিনি ছিলেন, হাওড়ার রামরাজাতলায় যখন তিনি সরাসরি কংগ্রেস রাজনীতির সঙ্গে যুক্ত ছিলেন। আমি আপনার কাছে একটা আবেদন রাখতে চাইছি, সামবেড়ের যে বাড়িটি যেখানে তিনি প্রায় দশ বছর মতো ছিলেন তাঁর শেষ জীবনে এই বাড়িটির সঙ্গে কখনো কখনো শরৎচন্দ্রের বিভিন্ন গল্পকে নিয়ে তার পর্যটন কেন্দ্র তৈরি করা অথবা তাঁর স্ট্যাচু তৈরি করা - এই সমস্ত বিভিন্ন জায়গা নিয়ে আলোচনা হয়েছে।

[11:40 – 11:50 a.m.]

ঐ জায়গাকে নতুন করে পর্যটন কেন্দ্র করার জন্য আপনার কাছে কী কোন প্রস্তাব আছে আমাদের হাওড়া জেলা থেকে ? নির্দিষ্ট কোন পরিকল্পনা দিয়েছে? আর, যদি দিয়ে থাকে তবে কবে থেকে কাজ শুরু হবে?

শ্রী গৌতম দেব : না, এই ধরনের কোন প্রস্তাব আমার ডিপার্টমেন্ট, আমার কাছে অন্ততপক্ষে এখনও অবধি আসে নি। আপনি গুরুত্বপূর্ণ বিষয় বলেছেন। আমি আপনাকে অনুরোধ করবো আমাকে একটু লিখে দিন।

বাজেট বরাদ্দ ও ব্যয়

*২৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৯) **শ্রী ভূপেন্দ্র নাথ হালদার ঃ** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১৯-২০ আর্থিক বর্ষে পর্যটন বিভাগের বাজেট বরাদ্দের মধ্যে কত অর্থ ব্যয়িত হয়েছে;

(খ) উক্ত আর্থিক বর্ষে মালদা জেলায় উক্ত বিভাগ কর্তৃক কোথায় কোথায় কাজ হয়েছে ও কত ব্যয় হয়েছে; এবং

(গ) আগামী দিনে মালদা জেলায় নতুন কোনো পর্যটন কেন্দ্র গড়ার পরিকল্পনা আছে কি?

মিস্টার স্পিকার : ভূপেন্দ্র নাথ হালদার আসেননি। আমার কাছে অনুমতি চেয়েছেন আমাদের মাননীয় সদস্য। আমি ওনাকে অনুমতি দিয়েছি একটা সাপ্লিমেন্টারি করার জন্য। The answer is laid on the table of the House. I am allowing one supplementary.

শ্রী গৌতম দেব :

ক) ২০১৯-২০ আর্থিক বর্ষে পর্যটন বিভাগ এখনও পর্যন্ত বিভিন্ন উন্নয়ন প্রকল্পে **১৯৫** কোটি টাকা প্রদান করেছে।

খ) ২০১৯-২০ আর্থিক বর্ষে এখনো পর্যন্ত মালদা জেলায় কোনো নতুন প্রকল্প গ্রহণ করা হয়নি এবং কোনো পুরোনো প্রকল্পে কোনো অর্থ বরাদ্দও করা হয় নি।

গ) এই মুহূর্তে বিবেচনার মধ্যে নেই।

Shri Alberuni Zulkarnain : আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন। পুরাতন মালদার সাহাপুর গ্রাম-পঞ্চায়েতের মোরগ্রামে ইতিহাস প্রসিদ্ধ রূপ ও সনাতনের জন্মভিটে। সেই স্থানকে কেন্দ্র করে কোনো পর্যটন কেন্দ্র গড়ে তোলার পরিকল্পনা আছে কি ?

শ্রী গৌতম দেব : আমাকে একই উত্তর দিতে হবে। এখনও পর্যন্ত এই ধরনের কোন প্রস্তাব আসেনি। রূপ ও সনাতনের যে কথা আপনি বললেন সে ব্যাপারে আমি আপনাকে অনুরোধ করবো ডি.এম.-এর থ্রু দিয়ে প্রস্তাব পাঠাবেন।

শ্রী নেপাল মাহাত : অনারেবল স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে অনুরোধ করছি, এই কিছুদিন আগেও আপনাকে জিজ্ঞাসা করেছিলাম, ৬-৮ মাস আগে, পুরুলিয়ার অযোধ্যা পাহাড়তো একটা পর্যটন কেন্দ্র এবং তার আকর্ষণ আরও বেড়েছে। সেখানে রোপওয়ে যেটা হওয়ার কথা ছিল সেটা কী ষ্টেজে আছে? এখনও পর্যন্ত কিছুই আমরা বুঝতে পারছিনা। অথচ আপনি বলেছিলেন সব হয়ে গেছে, টেন্ডার হয়ে গেছে, কাজ শুরু হবে। এই রোপওয়ের কাজ কী অবস্থায় আছে এটা জানালে উপকৃত হব।

শ্রী গৌতম দেব : আপনি রোপওয়ের কথা বলেছেন। আপনি খুব ভালোভাবে জানেন যে রোপওয়ে করতে গেলে লোয়ার ড্যাম থেকে আপার ড্যাম অবধি সয়েল টেস্টিং থেকে অনেকগুলো বিষয় আছে। এটা ঠিক বিষয়টি নিয়ে আপনি আমাকে টাইম-অ্যান্ড-এগেইন বলেছেন। লাস্ট ৬-৭ মাস আগেও এটা নিয়ে কথা হয়েছিল। আমাদের ডিপার্টমেন্ট এটা অ্যাক্টিভলি কনসিডার করছে। তবে কতগুলো টেকনিকাল প্রবলেমের জন্য এই কাজে আমরা বেশি দূর এগতে পারিনি। কিন্তু আমরা দেখছি যাতে অযোধ্যা পাহাড়ের রোপওয়ের ব্যাপারে একটা পজিটিভ কোন ডাইরেকশনে যাওয়া যায়।

মিস্টার স্পিকার : এটা ভেরি ইন্টারেস্টিং। রোপওয়ে হলে পর্যটন অনেক বাড়বে। যদি পারে তাহলে আপনার দপ্তর যেন একটু তাড়াতাড়ি করে। এটা দেখবেন।

পশ্চিম বর্ধমান জেলায় সরকার পোষিত গ্রন্থাগারের সংখ্যা

*৩১। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৯) **শ্রী রুনু দত্ত ঃ** জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিম বর্ধমান জেলায় কতগুলি সরকার পোষিত গ্রন্থাগার আছে; এবং

(খ) পশ্চিম বর্ধমান জেলার সরকারি পোষিত গ্রন্থাগারগুলিতে পুস্তক কেনার জন্য এই অর্থবর্ষে কত অর্থ দেওয়া হয়েছে?

Shri Siddiqullah Chowdhury : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে মাননীয় বিধায়ক শ্রী রুনু দত্তের :

ক) পশ্চিম বর্ধমান জেলায় মোট সরকার পোষিত ৬১টি গ্রন্থাগার আছে।

খ) পশ্চিম বর্ধমান জেলার সরকার পোষিত গ্রন্থাগারগুলিতে পুস্তক কেনার জন্য এই অর্থবর্ষে ১২,০৬,২৯০ টাকা দেওয়া হয়েছে। (৬০টি সরকার পোষিত গ্রন্থাগারে ১১,৪৬,০০০ টাকা) (১টি সরকার পোষিত গ্রন্থাগারে রাজ্য উন্নয়ন খাত থেকে ৬০,২৯০ টাকা।)

শ্রী রুনু দত্ত : স্যার, আপনার মাধ্যমে আমার প্রথম অতিরিক্ত প্রশ্ন। আমাদের এলাকায় যে লাইব্রেরি বা গ্রন্থাগারগুলো দেখছি তার গ্রন্থাগারিকরা রিটায়ার করার পরও কোন লোক নিয়োগ না হওয়ার ফলে গ্রন্থাগারগুলো বন্ধ হয়ে যাচ্ছে। আমাকে মাননীয় মন্ত্রী গতবার বলেছেন রাজ্যে প্রায় দেড়শো, দুশো গ্রন্থাগার বন্ধ হয়ে আছে। যদি গ্রন্থাগার গ্রন্থাগারিকের অভাবে বন্ধ হয়ে যায় তাহলে তো এই সংখ্যা থাকছে না, আপনি যে সংখ্যা সব বলছেন ; ৬১টি গ্রন্থাগার আছে বলছেন। কিন্তু রিটায়ার হয়ে যাওয়ার পর তার মধ্যে অনেকগুলোই, আমার আসেপাশে জামুরিয়া, রানীগঞ্জে আমরা দেখছি গ্রন্থাগারগুলো বন্ধ থাকছে। এর বিকল্প ব্যবস্থা কী আছে বা লোক নিয়োগের কী ব্যবস্থা আছে সেটা আমি জানতে চাইছি মাননীয় মন্ত্রীর কাছে।

শ্রী সিদ্দিকুল্লা চৌধুরি : রাজ্যে এই মুহূর্তে ৩৩৯ গ্রন্থাগার বন্ধ আছে। আমাদের দপ্তরের পক্ষ থেকে সুনির্দিষ্ট পরিকল্পনার ভিত্তিতে আমরা ইতিমধ্যে একটা টিম করেছি। এই বন্ধ অবস্থাটা বাম জমানা থেকে চলে আসছে। কিছু লাইব্রেরি এখন বন্ধ হয়েছে কর্মচারীর অভাবে। সুনির্দিষ্টভাবে টিম করে প্রত্যেক লাইব্রেরির ডিজিটাল ছবি, এলাকার মানুষের কথা, স্থাবর অস্থাবর সম্পত্তি কি অবস্থায় আছে, দুষ্প্রাপ্য বই কোথায় আছে, ব্যাঙ্ক অ্যাকাউন্ট কোথায় আছে, চাবি কার কাছে আছে। অলরেডি এর সার্ভে শুরু হয়ে গেছে। এটা সি.এম.ও. অফিস থেকে মাননীয় চিফ সেক্রেটারির মাধ্যমে আমার কাছে এসেছে। এই অবস্থায় কাজটা চলছে। দ্বিতীয় হল ৪৮৩টি লাইব্রেরি আছে যেখানে অতিরিক্ত দায়িত্ব নিয়ে আমরা চালাচ্ছি। প্রশ্ন গঠনমূলকভাবে করার জায়গা আছে। আমি মাননীয় অধ্যক্ষের মাধ্যমে আপনাদের একথা বলি লাইব্রেরি দপ্তরের কাজকর্মের বিষয়ে আপনারা খবর নেন। আমরা যে কাজগুলো করেছি সেগুলোর কথা ইতিপূর্বে বাম জমানায় মানুষ ভাবেনি। যেমন ৫২টি দিবস আমরা পালন করি সারা রাজ্যে। প্রত্যেক দিবসের জন্য এক হাজার টাকা করে বরাদ্দ আছে। বিভিন্ন মনীষীর উপরে। এর পরেও প্রায় ২৪টি বইমেলা রাজ্য করেছে। দার্জিলিং বাদ দিয়ে সব কটায় হয়েছে। ৫ লক্ষ টাকা বইমেলার জন্য বরাদ্দ। বইমেলাতে প্রবেশের জন্য অর্থ দিতে হত, টিকিট কাটতে হত। সেটা বন্ধ হয়েছে। লাইব্রেরির সদস্যকরণের জন্য পয়সা দিতে হত, সেটাও নেই। এই সমস্ত পজিটিভ কাজগুলো আলোচনার মধ্যে আনলে কাজের গতিপ্রকৃতি বাড়বে। আর এই যে শূন্য পদের প্রশ্নে দপ্তরের পক্ষ থেকে সমস্ত জেলাস্তরে গ্রন্থাগার আধিকারিকদের কাছ থেকে জেলার শূন্য পদের রিপোর্ট আমরা সংগ্রহ করেছি। সুনির্দিষ্ট প্রস্তাব অর্থ দপ্তরে পাঠিয়েছি। যেটার যুক্তিযুক্ত উত্তর আমি আপনাদের সামনে দিলাম।

শ্রী রুনু দত্ত : স্যার, আমার দ্বিতীয় প্রশ্ন, আমরা শুনলাম ৩৩৯টি লাইব্রেরি বন্ধ আছে। সাথে সাথে আমরা এটাও দেখছি একজন লাইব্রেরিয়ান ৫টা লাইব্রেরি চালাচ্ছে। সোমবার এক জায়গায়, মঙ্গলবার এক জায়গায়, বুধবার এক জায়গায় এই ভাবে। তার মানে আপাতত ৩৩৯ এর সঙ্গে সপ্তাহে একদিন করে লাইব্রেরিগুলো খুলছে আর বাকি দিন বন্ধ থাকছে। এই অবস্থা আপনার। দ্বিতীয় হচ্ছে তাহলে এত টাকার বই কিনছেন, বইটা পড়বে কে? লাইব্রেরি তো বন্ধ। আপনি এত টাকার বই কিনলেন আর সপ্তাহে একদিন লাইব্রেরিটা খুলছে।

শ্রী সিদ্দিকুল্লা চৌধুরি : আমাদের কাছে এই মুহূর্তে যে পরিসংখ্যান রাজ্যে বইয়ের সংখ্যা হল দু কোটি কুড়ি লক্ষ। পাঠকের সংখ্যা এক কোটি আশি লক্ষ। ....(গোলমাল)... আপনারা লাইব্রেরিতে যান, সেখানে পাঠকদের দেখতে পাবেন, পাঠকেরা বই পড়ে। বইয়ের চাহিদার শেষ নেই।

শ্রীমতী প্রতিমা রজক : মাননীয় স্পিকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার জিজ্ঞাস্য উনি বলছিলেন অনেক দিবস পালন হয় লাইব্রেরিতে, বইমেলা এগুলো সবই হয়। কিন্তু আমরা কি করে জানবো সেখানে আমাদের তো আমন্ত্রণ করা হয় না। কিছু দিন আগে আমার মুর্শিদাবাদ জেলায় ডিসট্রিক্ট লাইব্রেরিতে বইমেলা হল। সেখানে শাসক দলের এম.এল.এ.দের নাম আছে, যারা কংগ্রেস থেকে তৃণমূলে গেছে তাদের নামও আছে। কিন্তু আমরা যারা কংগ্রেসের তারা বাতিল। ঠিক আছে কোন ব্যাপার নেই।

[11:50 a.m. – 12:00 Noon]

যেটা ঘটনা আপনি গত ৬ই ফ্রেবুয়ারি আমার বিধানসভা বঁড়এ্যায় পাঁচথুপি অঞ্চলে আপনি উদ্বোধন করতে গেলেন। সেখানে ৩০ লক্ষ টাকা দিয়েছেন। লাইব্রেরি বিল্ডিং হয়েছে। আমি ঐ লাইব্রেরির সদস্য, আমার বাড়ি থেকে ৫ মিনিট দূরে। আপনি একটা মন্ত্রী হিসাবে সেখানে গিয়েছেন। সেখানে আমাদেরকে আমন্ত্রণ জানানো হল না, কার্ডে নাম লেখা হল না, অথচ এই অঞ্চলের পঞ্চায়েত প্রধান, পঞ্চায়েত সমিতির প্রধান, বি.ডি.ও. সহ আপনার দলের সবাই আমন্ত্রিত। এই দ্বিচারিতা কেন ? আমাদের সেখানে বলা হল না, আমরা জানবো কি করে লাইব্রেরিতে কি করছেন না করছেন দয়া করে বলবেন।

শ্রী সিদ্দিকুল্লা চৌধুরী : আপনি স্বীকার করলেন পাঁচথুপিতে দীর্ঘদিনের পরে প্রায় ৩৪ লক্ষ টাকা দিয়েছে, দারোদঘাটন হয়েছে। এটা স্থানীয়ভাবে যাঁরা দেন নি, তাঁদের কর্তব্য বর্তায়। আমাদের পক্ষ থেকে মাননীয় বিধায়কদের বলবেন না এই রকম কোন নির্দেশিকা নেই। আপনার বাড়ির কাছে লাইব্রেরি, আপনি সেখানে গিয়ে রিমার্কস্ দেবেন। প্রত্যেক লাইব্রেরিতে একটা রেজিস্টার আছে মতামতের জন্য। আপনি চিঠি দেবেন, কারা দেননি আমরা সেটা বুঝবো। আমাদের পক্ষ থেকে কোন বাঁধা নেই।

শ্রী রফিকুল ইসলাম : স্যার, এর আগের অধিবেশনের মন্ত্রী মহাশয় বলেছিলেন, ৩ হাজার লাইব্রেরিয়ান পোস্ট খালি আছে। বাজেটে আমরা দেখলাম লক্ষ লক্ষ কর্মসংস্থানের ব্যবস্থা হয়েছে। আপনার দপ্তরে এই পদগুলো পূরণ করার ব্যাপারে কি হল ? কীভাবে লাইব্রেরিগুলো চলবে।

শ্রী সিদ্দিকুল্লা চৌধুরী : প্রত্যেকটি জেলায় এল.এল.এ. আছে। জেলা শাসক তার মাথায় আছে। এল.এল.এ. -র সুনির্দিষ্ট কমিটি আছে। নিয়োগের ক্ষেত্রে জেলা শাসকের মাধ্যমে পদগুলো পূরণ হবে। ইতিপূর্বে সদনে শুনিয়েছি ১৮০ জনকে নেওয়া হয়েছিল। তার পরে ৬ জন ডি.এল.ও. নেওয়া হয়েছে। আকস্মিকভাবে যাদের মৃত্যু হয়েছে এই রকম প্রায় ৩০ জনকে নেওয়া হয়েছে। এই অনুশীলন কিন্তু লাইব্রেরিতে আগে হয় নি। এটা স্বীকার করলে সম্পর্ক এবং কাজ ভাল হবে।

মৎস্য উৎপাদনে ধার্য্য লক্ষ্যমাত্রা

*৩২। (অনুমোদিত প্রশ্ন নং *১২৯) **শ্রী সমীর কুমার জানা** ঃ মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১৯-২০ অর্থবর্ষে রাজ্যে মৎস্য উৎপাদনের ধার্য্য লক্ষ্যমাত্রা কত; এবং

(খ) সরকার কি ঐ লক্ষ্যমাত্রা পূরণে সফল হতে চলেছে?

শ্রী চন্দ্রনাথ সিনহা : ক) ২০১৯-২০ অর্থবর্ষে রাজ্যে মৎস্য উৎপাদনের লক্ষ্যমাত্রা ধার্য হয়েছে ১৮.১১ লক্ষ মেট্রিক টন।

খ) হাঁ, সরকার ঐ লক্ষ্যমাত্রা পূরণে সফল হতে চলেছে। এই আর্থিক বছরে ৩১শে জানুয়ারি পর্যন্ত ১৪.৫৮ লক্ষ টন মাছ উৎপাদন হয়েছে।

শ্রী সমীর কুমার জানা : সম্মানীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় প্রশ্নের উত্তরে বলেছেন আমাদের যে লক্ষ্য সেই লক্ষ্যর দিকে এগিয়ে চলেছি। আমি এটা জানি স্যার, মা-মাটি মানুষের সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে বিভিন্নভাবে কখনও জল ধরো, জল ভরো, বহু পুকুর কাটা হয়েছে, ময়না মডেলে এইভাবে চারাপোনা চাষ করা, বড় মাছগুলোকে তৈরি করা। ছোট ছোট প্রজাতিগুলো যে নষ্ট হচ্ছে সেগুলোকে রক্ষা এবং উত্তোরণ সংগঠিত হয় রাজ্য সরকারের মাননীয় মন্ত্রীমহোদয় সেই ব্যাপারে উদ্যোগ গ্রহণ করেছেন। আমার স্পেসিফিক প্রশ্ন মন্ত্রী মহাশয়ের কাছে, মা-মাটি-মানুষের সরকার আসার সময় আমাদের বার্ষিক মাছের উৎপাদনের লক্ষ্যমাত্রা কতটা ছিল।এই তথ্যটা যদি জানান তাহলে বাধিত হব।

শ্রী চন্দ্রনাথ সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে জানাই, আমাদের ২০১১-১২ সালে যখন সরকারে এসেছি তখন ১৪.৭২ লক্ষ মেট্রিক টন প্রথম উৎপাদন করেছিলাম। এই হিসাবটা আমার কাছে আছে এবং বর্তমানে ১৮.১১ লক্ষ মেট্রিক টন উৎপাদন হতে যাচ্ছে। তার আগের হিসাবটা এই মুহূর্তে আমার কাছে নেই। আগের সরকারের হিসাব আমরা পরে দিয়ে দেবো।

শ্রী সমীর কুমার জানা : স্যার, মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন উত্তরোত্তর আমাদের মাছের বার্ষিক চাহিদা পূরণ করার জন্য সরকার আন্তরিকতার সঙ্গে তা পূরণ করার জন্য এগিয়ে চলেছেন। অন্য রাজ্য থেকেও মাছ আমাদের এখানে আমদানি হয়ে থাকে। রাজ্য যে উদ্যোগ গ্রহণ করেছে তাতে কতদিনের মধ্যে 'ভাতে-মাছে বাঙালি', নিজেদের উৎপাদিত মাছ চাষে আমরা স্বাবলম্বী হব।

শ্রী চন্দ্রনাথ সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে বলি, এটা ঠিকই আমাদের মাছের উৎপাদনের ঘাটতি আছে। আমাদের রাজ্যে মাছের ডিম্যান্ড যেভাবে বাড়ছে আমদানির মাধ্যমে সেই ঘাটতি পূরণ করবার জন্য আমরা চেষ্টা করছি। ২০২২ সালের

মধ্যে আমরা স্বাবলম্বীর জায়গায় পৌঁছাতে পারব বলে আশা করি, বাজার এখন উন্মুক্ত। অন্য রাজ্য থেকে আমাদের এখানে মাছ যেমন আসছে, তেমনি আমাদের এখান থেকেও মাছ অন্য রাজ্যে বা বিদেশে রপ্তানি হচ্ছে। তবুও যে প্রবাদ আছে মাছে-ভাতে বাঙালি, আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায় আমরা সেদিকে এগোবার চেষ্টা করছি।

শ্রী সমর কুমার হাজরা : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। মাননীয় মন্ত্রীমহাশয় বিস্তারিতভাবে বলেছেন, আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে জানতে চাইছি, রঙীন মাছ চাষের কথা আপনি বিধানসভায় বলেছিলেন। রঙীন মাছ চাষ স্ব-নির্ভর গোষ্ঠীগুলি করছে, ব্যাপারটা কি পর্যায়ে আছে এবং রঙীন মাছ বিদেশে রপ্তানি করে কত বিদেশী মুদ্রা পাওয়া যাচ্ছে।

শ্রী চন্দ্রনাথ সিনহা : মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে জানাই রঙীন মাছ চাষের ব্যাপারে আমরা আস্তে আস্তে স্বাবলম্বী হতে যাচ্ছি। সেল্ফ হেল্প গ্রুপের মেয়েরা এই রঙীন মাছ চাষ করেন। তাদের মাধ্যমে আমরা হাওড়া, হুগলী এবং জলপাইগুড়ি জেলায় এই রঙীন মাছ চাষ ব্যাপকভাবে করছি। অন্যান্য জেলাতেও আমাদের দপ্তরের মাধ্যমে সেলফ হেল্প গ্রুপের মেয়েদের। ট্রেনিং দিচ্ছি, যাতে তারা বাড়ির মধ্যেই বা ছাদে যাতে রঙীন মাছ চাষ করতে পারেন। শুধু ট্রেনিং দিয়ে মাছ চাষ করলেই হবে না, সেই মাছ বিক্রি করবার জন্য আমরা ব্যবস্থা করছি। সেল্ফ হেল্প গ্রুপের ডিম্যান্ড অনুযায়ী আমরা সেইসব জায়গায় মার্কেটও তৈরি করছি, যাতে সেই মাছগুলো বিক্রির সুযোগ তারা পান। এ ছাড়া বিদেশেও এই রঙীন মাছ রপ্তানি করা হচ্ছে।

শ্রী নরেশ চন্দ্র বাউড়ি : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, বর্তমান সরকার মাছ চাষ বৃদ্ধি করার জন্য সরকার থেকে মৎস্যজীবিদের কী কী সাহায্য বা উপকরণ দিয়ে থাকেন, তা এই সদনে বললে আমরা উপকৃত হব।

শ্রী চন্দ্রনাথ সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়ককে জানাই, সরকার সব সময় মৎস্যজীবি এবং সমবায় সমিতিগুলোর পাশে আছে। জেলা থেকে আমাদের কাছে যেভাবে খবর আসে সেই ভাবে আমরা মাছের চারা, খাবার থেকে শুরু করে চুণ-জাল-হাঁড়ি এবং তার সঙ্গে সঙ্গে যাতে বড় মাছ চাষ হয় তার জন্য তাদের ট্রেনিং দিয়ে তৈরি করি। এই ভাবে আমরা মাছের উৎপাদন বাড়াবার চেষ্টা করছি।

[12:00 Noon – 12:10 p.m]

বিলুপ্ত প্রজাতির মৎস্য সংরক্ষণে গৃহীত ব্যবস্থা

*৩০। (অনুমোদিত প্রশ্ন নং *৮৭) **শ্রী জয়ন্ত নস্কর ঃ** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সরকার বিলুপ্ত প্রজাতির মৎস্য সংরক্ষণের জন্য কী কী পদক্ষেপ গ্রহণ করেছে/করছে; এবং

(খ) এই প্রকল্প বাবদ মোট কত টাকা খরচ হয়েছে?

শ্রী চন্দ্রনাথ সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই—

(ক) পশ্চিমবঙ্গ সরকার বিলুপ্ত প্রজাতির মৎস্য সংরক্ষণের জন্য বিভিন্ন ধরনের প্রকল্প গ্রহণ করেছে। তার মধ্যে বিলুপ্ত প্রজাতির মৎস্য সংরক্ষণের জন্য সাধারণ মানুষ এবং মৎস্যজীবীদের মধ্যে সচেতনতা শিবির আয়োজন, বিলুপ্ত প্রজাতির মাছের চাষ উল্লেখযোগ্য।

(খ) বিলুপ্ত প্রজাতির মাছের মধ্যে শিঙ্গি ও মাগুর মাছ উল্লেখযোগ্য প্রজাতি। সরকার বর্তমান আর্থিক বছরে সাধারণ মৎস্যজীবী ও আদিবাসী মৎস্যজীবীদের জন্য দেশি মাগুর ও শিঙ্গি মাছের চাষ প্রকল্পের মাধ্যমে মোট ৩ কোটি ৬৪ লক্ষ ৮৭ হাজার টাকা খরচ করেছে।

এ ছাড়াও বিলুপ্ত প্রজাতির মৎস্য সংরক্ষণের সচেতনতার জন্য পশ্চিমবঙ্গ সরকার খাল বিল চুনোপুঁটি উৎসবের জন্য ৭ লক্ষ টাকা এবং বিভিন্ন জেলায় কৃষি মেলায় সচেতনতা শিবির আয়োজনের মাধ্যমে ৩৪ লক্ষ টাকা খরচ করেছে।

শ্রী জয়ন্ত নস্কর : স্যার, মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন - আয়লায় সুন্দরবনের প্রায় বিস্তীর্ণ অঞ্চলে নোনা জল আসাতে মিষ্টি জলের মাছ প্রায় শেষ হয়ে গেছে। তার মধ্যে আপনি বলেছেন শিঙ্গি, মাগুর ইত্যাদি মাছের কথা। কিন্তু শিঙ্গি, মাগুর যেগুলো দেওয়া হচ্ছে, সেই মাছ আমরা পেয়েছি। কিন্তু যে মাছগুলো হচ্ছে না তার বিভিন্ন কারণ আছে। এ ছাড়াও বহু মাছ যেমন ন্যাদোস মাছ, ভোলা মাছ, বোয়াল মাছ, কই মাছ, অন্যান্য যে সমস্ত দেশি মাছ আছে, নোনা জলের ফলে সবই মারা যাচ্ছে বিশেষ করে সুন্দরবন অঞ্চলে। সুন্দরবনের আয়লা অধ্যুষিত অঞ্চলগুলোতে ব্যাপকভাবে এই মাছগুলো চাষ করার কোন পরিকল্পনা আছে কি ?

শ্রী চন্দ্রনাথ সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে জানাই আমরা প্রতি বছরই পুঁটি, মৌরলা, পাবদা, ট্যাংরা, ফলুই, মাগুর, কই, সরপুঁটি, চাপিলা, শোল, শিঙ্গি থেকে শুরু করে এই রকম মাছের চারা মৎস্যজীবীদের দিই। সামনের বছর থেকে আরও বেশি করে দেব এবং আমরা যেটা স্থির করেছি যে আমাদের SFDC আছে, যে কর্পোরেশান আছে, আমাদের সরকারের তরফ থেকে শুধু সুন্দরবন এলাকা কেন, বাংলার সমস্ত জেলায় সুবিধার্থে অন্ততঃ সরকারিভাবে সাধারণ মাছের জন্য একটা করে হ্যাচারি আমরা করতে চাইছি, যাতে সেই জেলার মৎস্যজীবীদের অন্য জেলার থেকে মাছের চারা আনতে না হয়। সেই জেলায় যেন তারা মাছের চারা পেয়ে যায় এবং আমরা করলে মাছের চারার গুণগত মানটাও ঠিক থাকবে এবং সেই মাছ বাড়ন্ত হবে। আমরা আশা রাখছি এটা সামনের আর্থিক বছর থেকে করলে আমাদের বড় মাছের যে ঘাটতি সেটা তাড়াতাড়ি মেটাতে পারব।

Starred Questions
(to which answers were laid on the 'Table')

গ্রামীণ গ্রন্থাগারগুলিতে কর্মী নিয়োগসহ বিবিধ পরিকল্পনা

*২৭। (অনুমোদিত প্রশ্ন নং *১১৮) **শ্রী মিলটন রসিদ ঃ** জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

গ্রামীণ গ্রন্থাগারগুলিতে স্থায়ী কর্মী নিয়োগ, নতুন বই ক্রয় ও সেই সঙ্গে নিজস্ব গৃহ নির্মাণের কোনো পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি?

জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় ঃ

গ্রামীণ গ্রন্থাগারগুলিতে স্থায়ী কর্মী নিয়োগ, নতুন বই ক্রয় ও সেই সঙ্গে নিজস্ব গৃহ নির্মাণের পরিকল্পনা রাজ্য সরকারের আছে।

আদিবাসী জনগোষ্ঠীর সুরক্ষা

*৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৮) **শ্রী জ্যোতির্ময় কর ঃ** আদিবাসী উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, আদিবাসী জনগোষ্ঠীকে উন্নত ও সুরক্ষিত রাখতে রাজ্য সরকার উৎসাহী; এবং

(খ) সত্যি হলে, (১) রাজ্যে আদিবাসী জনগোষ্ঠীর সংখ্যা কত; ও।

(২) রাজ্য সরকার তাদের উন্নয়নে ও সুরক্ষায় কী কী ব্যবস্থা নিয়েছে?

(ক) আদিবাসী জনগোষ্ঠীকে উন্নত ও সুরক্ষিত রাখতে রাজ্য সরকার খুবই উৎসাহী সেই কারণে অনগ্রসর শ্রেণি কল্যান থেকে আলাদা করে ২০১৩ সালে শুধুমাত্র আদিবাসীদের জন্য আদিবাসী উন্নয়ন বিভাগ তৈরি করা হয়েছে। ২০১৪-১৫ সালে ৭১৫ কোটি টাকা থেকে বেড়ে ২০১৯ ২০২০ সালে বরাদ্দ ৯৬৭.৩৪ কোটি টাকা হয়েছে। ২০১৮-১৯ সালে ৯১.৯৭% অর্থই অনুমোদন করা হয়েছে।

(খ) (১) ৫২, ৯৬,৯৫৩ জন। পুরুষ-২৬৪৯৯৭৪, মহিলা- ২৬৪৬৯৭৯

(২) ১. আদিবাসী মানুষদের নিবিড় উন্নয়নে অগ্রাধিকারের লক্ষ্যে ২০১৩ সালে আলাদাভাবে আদিবাসী উন্নয়ন দপ্তর তৈরি হয়।

২. অরণ্যের অধিকার আইন (FRA,২০০৬) এ আদিবাসীদের ব্যক্তিগত পাট্টা ৪৭৮১৪ ৭৩৮টি সমষ্টিগত পাট্টা, ৬৪টি বনজ সম্পদ সংগ্রহের সমষ্টিগত অধিকার প্রদান করা হয়েছে।

৩. ওয়েস্ট বেঙ্গল কেন্দু লিভস কালেক্টরস স্যোশাল সিকিউরিটি স্কিম, ২০১৫-র সামাজিক সুরক্ষার আওতায় ৩৪,৭২২ কেন্দু পাতা সংগ্রহকারী দরিদ্র আদিবাসী পরিবার নথিভূক্ত হয়েছে।

এই প্রকল্পের অধীনে ৮৮ জনকে মাতৃত্বজনিত সাহায্য, ৩২ জনকে স্বাভাবিক মৃত্যুর সাহায্য এবং ৩৮০ জন ষাটোর্ধ ব্যক্তিকে বার্ধক্যজনিত খরচ বাবদ এককালীন সাহায্য দেওয়া হয়েছে।

৪. আদিবাসী বার্ধক্য ভাতা প্রাপকের সংখ্যা বেড়ে এখন প্রায় ১৪৯৩২৭ জন। তারা মাসিক ভাতা ১০০০ টাকা করে পাচ্ছেন।

৫. আদিবাসী মা ও শিশুদের উন্নততর স্বাস্থ্য পরিষেবা প্রদান ও দূরবর্তী জায়গায় অঙ্গনওয়াড়ী কেন্দ্র তৈরিতে জোর দেওয়া হয়েছে। গত তিন বছরে ১৫৯৬টি কেন্দ্র তৈরি হচ্ছে।

৬. পড়ে থাকা সরকারি শূন্য পদগুলিতে ২,৬৭৯ আদিবাসী মানুষকে বিশেষ উদ্যোগে নিয়োগ করা হয়েছে।

৭. জাতিগত শংসাপত্র দেওয়াতে উল্লেখযোগ্য বৃদ্ধি হয়েছে। এখন বছর প্রায় ৯০ হাজার সার্টিফিকেট দেওয়া হচ্ছে। জাতিগত শাংসাপত্র প্রদান ও তথ্য যাচাই এখন অনলাইনে হয়। ২০১১ সাল থেকে এ পর্যন্ত ৬.৯ লক্ষ শংসাপত্র প্রদান করা হয়েছে।

৮. গত ৮ বছরে প্রায় ৬.৩ লাখ আদিবাসী পড়ুয়া শিক্ষাবৃত্তির আওতায় এসেছে। পঞ্চম শ্রেণি থেকে অষ্টম শ্রেণির জন্য নতুন শিক্ষাশ্রী ২০১৪-১৫ সালে চালু হয়েছে। এই প্রকল্পের আওতায় আরও ১০.৮০ লক্ষ পড়ুয়া নথিভুক্ত হয়েছে।

৯. রাজ্যব্যাপী ৩৬টি কেন্দ্রে তফশিলী উপজাতির ২৩৮ জনকে বিশেষ পেশাবেশ প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। আদিবাসী ছেলেমেয়েদের ডাক্তার, ইঞ্জিনিয়ার হওয়ার পূরণের সুযোগ পাচ্ছেন।

১০. পাটনা আই.আই.টি. তে ১ জন, মেডিকেলে ২ জন, বি-ফার্মা ২ জন ও সরকারি ইঞ্জিনিয়ারিং কলেজে ২৫১ জন আদিবাসী পড়ুয়া ২০১৯ সালে ভর্তির সুযোগ। পেয়েছে।

১১. ৪৯৫০০ জন দূরবর্তী পড়ুয়াদের ছাত্রাবাসের সুবিধা পাচ্ছে। হোস্টেল বৃত্তি মাসে ৭৫০ টাকা থেকে বেড়ে এখন ১০০০ টাকা করা হয়েছে।

১২. আদিবাসী ছাত্রছাত্রীদের জন্য ১৬টি বিশেষ আবাসিক স্কুল - ৭টি একলব্য মডেল রেসিডেন্সিয়াল এবং ৯টি পন্ডিত রঘুনাথ মুর্মু স্কুল। ছাত্রাবাসে ৫৮২০ ছাত্রছাত্রীদের থাকার ব্যবস্থা রয়েছে। ছাত্রছাত্রীদের স্পোকেন ইংলিশ ও কম্পিউটারের বিশেষ প্রশিক্ষণের ব্যবস্থা রয়েছে। পাহাড়ের আদিবাসী ছাত্রদের সুবিধার জন্য কালিম্পং - এ একটি নতুন একলব্য মডেল রেসিডেন্সিয়াল স্কুলের কাজ চালু হচ্ছে।

১৩. বছরে প্রায় ১৫০ জন ছাত্রছাত্রী উচ্চশিক্ষার জন্যে শিক্ষা ঋণ যোজনার সুবিধা পাচ্ছেন।

১৪. নবম থেকে দ্বাদশ শ্রেণির সরকারি সাহায্যপ্রাপ্ত স্কুলের প্রায় ৪ লক্ষ ২১ হাজার ৭২৩ জন আদিবাসী পড়ুয়াদের কাছে সবুজ সাথী প্রকল্পের সাইকেল বিতরণ করা হয়েছে।

১৫. আদিবাসী মহিলা স্বনির্ভর গোষ্ঠীকে সহায়তা — বছরে গড়ে ৩৫,০০০ মহিলাদের স্বনিযুক্তি ও আয় বৃদ্ধি।

১৬. জীবন জীবিকার লক্ষ্যে দক্ষতা বৃদ্ধি প্রশিক্ষণের সুযোগ পাচ্ছেন বছরে গড়ে ১০,০০০ আদিবাসী যুবক-যুবতী।

১৭. ৩২৩টি জাহের থান-এর শ্রীবৃদ্ধি করা হয়েছে। আরো ৩৭৫টির জন্য উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ১৫০২টি মাঝিরথান সংরক্ষণ করা হয়েছে।

১৮. এখনও পর্যন্ত ১২টি বনজ সম্পদের যথা- তিল, শালপাতা, হরিতকি, কেন্দুপাতা, মহুয়া, বনজ মধু, বাঁশ, শালবীজ, লাক্ষা, তেঁতুল প্রভৃতির লাভজনক সহায়ক মূল্য নির্ধারণ ও বিপণনের পরিকাঠামো উন্নয়ন করা হয়েছে। আদিবাসী সমবায়ের মাধ্যমে এগুলি সংগ্রহ করা হয়।

১৯. জাতীয় স্তরের আদিবাসী ক্রীড়াবিদদের ক্রীড়া সরঞ্জামের জন্য সহায়তা করা হয়েছে। বিখ্যাত তিরন্দাজ সুপর্না সিং ও মনিকা সোরেন কে আর্থিক সাহায্য দেওয়া হয়েছে।

২০. ৫.৭৪ লক্ষ আদিবাসী মানুষের হাতে জমির পাট্টা দেওয়া হয়েছে। সমস্ত প্রাপকদের মধ্যে ১৭ শতাংশেরও বেশি আদিবাসী।

২১. ৯.২৪ লক্ষ আদিবাসী মানুষ সরকারি প্রকল্পে বাড়ি (পেয়েছেন ও মিশন নির্মল বাংলা প্রকল্পে শৌচাগার পেয়েছেন।

২২. ১০০ দিনের কাজে, শুধু আদিবাসীরাই বছরে ২.১৪ কোটি কর্মদিবস তৈরি করেন। সমগ্র প্রকল্পের ১০ শতাংশ উপভোক্তাই আদিবাসী।

২৩. জনজাতিভিত্তিক উন্নয়নের লক্ষ্যে নিরলস প্রয়াসে ব্রতী বিভিন্ন উন্নয়ন ও সাংস্কৃতিক বোর্ডের মাধ্যমে জীবন জীবিকা ও সংস্কৃতি রক্ষণ ও উন্নয়ন করা হচ্ছে। এ সমন্ধে ছয়টি বোর্ডের কার্যকলাপ আলাদাভাবে দেওয়া হল।

২৪. অলচিকি ভাষায় পঠনপাঠনের জন্য পাঠ্যপুস্তকগুলি অলচিকি ভাষায় অনুবাদ করা হয়েছে।

- জাহের থান- আদিবাসী সম্প্রদায়ের উপাসনাস্থল।
- মাঝির থান- আদিবাসী সম্প্রদায়ের বিচারকের আসন।

Mr. Speaker : The Question Hour is over.

LEAVE OF ABSENCE UNDER RULE 242

Mr. Speaker : Hon'ble Members, I have received an application from Shri Rabindra Nath Ghosh desiring permission of the House to remain absent from the sittings. thereof under Clause (4) of Article 190 of the Constitution of India. I read it out.

"মাননীয় অধ্যক্ষ মহাশয়,

বিশেষ জরুরী কাজের জন্য বর্তমান অধিবেশনের ১২,১৩,১৪,১৫ই ফেব্রুয়ারি সভায় উপস্থিত থাকতে পারছি না। তাই মহাশয় উক্ত দিনগুলির ছুটী মঞ্জুর করতে আজ্ঞা হয়"।

I now ask whether Shri Rabindra Nath Ghosh has the permission of the Assembly asked from by him. .... (pause)......

There is no dissentient voice. I declare that Shri Rabindra Nath Ghosh has the permission of the Assembly to remain absent from the sittings of the House for the period from the 12th February, 2020 to 15th February, 2020.

CALLING ATTENTION (Notices)

Mr. Speaker : Today, I have received four (4) notices of Calling Attention on the following subjects, namely—

	Subject		**Subject**
i)	Urge for setting up of an I.T.I. College in Kandra under Ketugram Constituency area.	:	Shri Sekh Sahonawez
ii)	Urge for construction of a flyover at Barjora Choumatha More in Barjora Block area	:	Shri Sujit Chakraborty
iii)	Urge for setting up of a Fire Station in Jamuria Assembly Constituency area	:	Smt. Jahanara Khan
iv)	Urge for repairing of road from Mathur to Majerat via Rekha, Jobrali and Gangadharpur under Diamond Harbour 2 and 1 Panchayat Samiti.	:	Shri Dipak Kumar Halder (Selected)

I have selected the notice of Shri Dipak Kumar Halder on the subject of ‘urge for repairing of road from Mathur to Majerat via Rekha, Jobrali and Gangadharpur under Diamond Harbour 2 and 1 Panchayat Samiti’.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য্য : স্যার, এই রাস্তাটির বিষয়ে সম্মানীয় বিধায়ক দীপক হালদার মহাশয় বলেছেন, আমরা বিষয়টি দেখে নেব।

MENTION CASES

Smt. Shyamali Pradhan : মাননীয় স্পিকার স্যার, আপনার মাধ্যমে মাননীয়া স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নানুর বিধানসভা এলাকায় কীর্ণাহার একটা PHC আছে। এই PHCটি bedded এবং এখানে outdoor চালু আছে। কিন্তু এই PHCতে আগে delivery হত এবং লাইগেশন হত। কিন্তু এখন আর সেই অবস্থা নেই। লাভপুর এলাকা থেকে এবং মুর্শিদাবাদের একটা অংশ থেকে বহু মানুষ দেখানোর জন্য আসে। একজন ডাক্তার আছেন কিন্তু ডাক্তারবাবু সব সময় না থাকলে PHCটি প্রায় বন্ধ থাকে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এটি সচরাচর চালু থাকার জন্য।

Shri Mahasin Ali : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহোদয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি মুর্শিদাবাদ জেলার ২৬টা ব্লকের মধ্যে ভগবানগোলা বিধানসভার অন্তর্গত ভগবানগোলা ওয়ান এবং টুয়ে ব্যাপক হারে আর্সেনিক যুক্ত। এখানে নলবাহী জলের ব্যবস্থা করা হয়েছে কিন্তু কোনটারই জল আর্সেনিক মুক্ত নয়। এখানকার মানুষ নলবাহী জল পান করে না। ভগবানগোলার উপর দিয়ে ভাগীরথী নদী প্রবাহিত হয়েছে। মানুষের জন্য আর্সেনিক মুক্ত পানীয় জলের জন্য এই নদীর জল তুলে treatment plant স্থাপনের জন্য মাননীয় বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

Smt. Jahanara Khan : আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। জামুড়িয়া বিধানসভাতে আইন শৃঙ্খলা নেই বললেই চলে। পুলিস প্রশাসন কয়লা, বালি পাচারেই ব্যস্ত। নির্গুন দুবে, দিলীপ সরকার, অর্পণা মুখার্জীর খুনীরা এখন অধরা। দামোদরপুর সরকারি আবাসনে ৩০০ মিটার দূরে শিবপুর, ধোঁয়াডাঙা, কুনুস্টোর ই.সি.এল, কোয়াটারের পাশে কুনুস্টোর শ্মশানঘাটের কাছে কেন্দা, চুচুড়িয়া, ডোবরান ব্যাপক অবৈধ কয়লা খাদান চলছে। এলাকায় চুরি, ডাকাতি বেড়েই চলেছে। সম্প্রতি বাইক চুরি ব্যাপক হারে বাড়ছে। প্রশাসন এই ব্যাপারে উদাসীন। কয়লা গাড়ী যে ভাবে রাস্তায় চলছে সাধারণ মানুষের যাতাযাতে ভীষণ অসুবিধা হচ্ছে। প্রতিদিন দুর্ঘটনা বেড়েই চলেছে। অবিলম্বে কয়লা খাদান ও বালি খাদান পাচার বন্ধ এবং আইনী ব্যবস্থা নেওয়ার জন্য স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ স্যার।

Shri Nagendra Nath Roy : মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি আপনার মাধ্যমে মাননীয় সমাজ কল্যাণ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কোচবিহার এক নম্বর ব্লকে অবস্থিত আখড়াহাট Treachery Handicap School and Training Centre-টিতে ৪০ জন ছাত্রছাত্রী পড়াশুনা করে। এটা সরকার পোষিত স্কুল। স্কুলের সীমানা পাঁচিল নেই। ইতিপুর্বে ছাত্র পালানোর ঘটনা ঘটেছে এখানে। এ ছাড়া ক্লাসরুমে bench নেই। ছাত্ররা মেঝেতে বসে পড়াশুনা করে। স্কুলটিতে দশজন staff থাকার কথা কিন্তু মাত্র দুইজন শিক্ষক এবং তিনজন অশিক্ষক কর্মী আছেন। কিন্তু রাধুনী, matron, super নেই। এইগুলি পূরণের জন্য মন্ত্রী মহোদয়ের নিকট দাবি জানাচ্ছি।

Shri Shafiul Alam Khan : স্যার, আমার কান্দি বিধানসভায় কান্দিরাজ হাই স্কুল ১০৭ বছর আগে কান্দি রাজারা এই স্কুল প্রতিষ্ঠা করেছিলেন। নাট্যমঞ্চ ওখানে প্রতিষ্ঠা হওয়ার পরে সেখানে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরকে আমন্ত্রণ জানান। বিদ্যাসাগর মহাশয় ওখানে উপস্থিত থেকে দেখলেন এখানে নাট্যমঞ্চের থেকে স্কুল করা প্রয়োজন বেশি। তাই উনি রাজাদেরকে আবেদন করলেন যে ওটা নাট্যমঞ্চ না করে স্কুল প্রতিষ্ঠা করা হোক। রাজারা সঙ্গে সঙ্গে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মহাশয়ের কথা মেনে নিয়ে সেখানে স্কুল প্রতিষ্ঠা করেছিলেন। সেই স্কুলটা কান্দিরাজ হাই স্কুলে পরিণত হয়েছিল। কিন্তু স্যার, এই বিদ্যাসাগর ভবন নাম দিয়েছিলেন সেটার এখন ভগ্ন অবস্থা। আমি শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি আপনার মাধ্যমে যাতে ভবনটির রক্ষণাবেক্ষণ হয় এর জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করুন।

[12:10 – 1:30 p.m. (Including Recess)]

শ্রী সুজিত চক্রবর্তী : স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় অর্থমন্ত্রী এবং মাননীয় শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, সর্বশিক্ষা মিশনের অনেক কর্মচারী এখন— যেমন ধরুন সি.এল.আর.সি. অফিসে, রাজ্য এবং জেলাস্তরে যে সমস্ত সি.এল.আর.সি. অফিস আছে, সেই দপ্তরগুলোতে কাজ করছে। গত ২০১২ সালে এদের একটা মেমো নম্বর দিয়ে একটা অর্ডার এসেছিল। মেমো নম্বরটা হচ্ছে, 135-SE(pry)/PBRPSUS/ADMN/9.04-05 dated 26/2/2009। এই অডার অনুযায়ী ২০১২ সালে গভর্নমেন্ট ১৮% একটা ডি.এ. দেয়। সর্বশিক্ষা মিশনের পার্মানেন্ট স্টাফ না থাকার কারণে সি.এল.আর.সি. অফিসে সর্বশিক্ষা মিশনের সব কাজ এই সব কর্মচারীদেরকে করতে হয়। কিন্তু পার্মানেন্ট স্টাফের বেতন যেখানে ৪০ হাজার টাকা, সেখানে এদের পেমেন্ট হচ্ছে ১০ হাজার টাকা। তাই আমার স্যার অনুরোধ, এই ২৪৬২ জন সারা রাজ্যে যে সর্বশিক্ষা স্টাফ আছে। এদের এই বেতনটা যাতে বাড়ানো যায় তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হোক।

শ্রী রুনু দত্ত : পশ্চিম বর্ধমান জেলার আমড়াসোতা গ্রাম পঞ্চায়েতে বাঁশড়া মৌজায় আদিবাসীদের পাট্টাজনিত জমিতে ই.সি.এল. কর্তৃপক্ষ কোনরকম ক্ষতিপূরণ না দিয়ে জোর করে কয়লা উত্তোলন করছে। ২০০০ সালে মোট ৮ জন ব্যক্তির পাওয়া জমির উপরে ই.সি.এল.

কর্তৃপক্ষ মাইনিং অপারেশান চালাচ্ছে। জমির দাগ নং ৭৬১,৭৬১,৭৬১, ৭৯৩, ৭৬৬, ৭৬৬, ১৬। শুধু তাই নয়, আদিবাসীদের পাড়ার একদম সন্নিকটে মাইনিং অপারেশান চালাচ্ছে। ফলে ওদের খামারবাড়িতে এবং বাড়িতে ফাটল ধরছে। আদিবাসীদেরকে এই এলাকা থেকে উঠে যেতে বাধ্য করছে এই কর্তৃপক্ষ। আদিবাসীদের অত্যন্ত পবিত্র স্থান -'জাহের থান' জমির দাগ নং ৬৪১, বাঁশড়া মৌজা, রাণীগঞ্জ ব্লক। এই জমিতে ই.সি.এল. কর্তৃপক্ষ জোর করে মাইনিং অপারেশান করতে চাইছে। তাই মাননীয় মন্ত্রীকে এই বিষয়ে হস্তক্ষেপ করা ও দৃষ্টি দেওয়ার জন্য অনুরোধ করছি।

শ্রী রফিকুল ইসলাম মন্ডল : স্যার, আমার বসিরহাট উত্তর বিধানসভার অন্তর্গত আমলানী গ্রাম পঞ্চায়েতের অধীন সায়মালপুর গ্রামের পূর্ব পাড়ায় রুহুল আমিন গাজির বাড়ির পূর্ব দিকে মুসলিম সংখ্যালঘু সম্প্রদায়ের একটি কবরস্থান আছে যেখানে ১৯৭১ সালের মুক্তিযুদ্ধের সঙ্গে যুক্ত ৬ জন মুক্তিযোদ্ধার কবর আছে। কবর স্থানের মৌজা হচ্ছে সায়মালপুর, জে.এল. নং ৩৬, আমলানী জি.পি. দাগ নং ২১৭, এরিয়া ৫৭ শতক। কাজেই উক্ত মুক্তি যোদ্ধাদের স্মরণে এম.এস.ডি.পি. প্রকল্পে কবর স্থানটির বাউন্ডারী ওয়াল নির্মাণের জন্য মাননীয় সংখ্যালঘু মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী তন্ময় ভট্টাচার্য্য : স্যার, আমাদের রাজ্যে বহু জায়গায় তরুণ প্রজন্মের উল্লেখযোগ্য অংশ সিভিক পুলিশ এবং ভিলেজ পুলিশ হিসাবে কর্মরত আছে। এদের নিয়োগ প্রক্রিয়া নিয়ে যে প্রশ্নই থাকুক না কেন তরুণ প্রজন্মের এই ছেলেমেয়েরা কাজ করছে, পরিশ্রম করছে এবং খুবই সামান্য বেতনে কাজ করছে। আমি তাই সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, এদের ন্যূনতম ২১ হাজার টাকা বেতন সহ রাজ্য সরকারি কর্মচারীরা যে ধরনের ছুটি ইত্যাদি সুবিধা উপভোগ করে, এদেরকেও তার আওতায় আনা হোক। একই সাথে স্যার উত্তর কলকাতার টালা ব্রীজ পুনর্নির্মাণের জন্য ভাঙা হয়েছে এবং এই সময়ের যানজট যেটা সম্ভাব্য ছিল, তার মোকাবিলায় কলকাতার ট্র্যাফিক পুলিশ এখন পর্যন্ত যে উল্লেখযোগ্য দৃষ্টান্তমূলক ভূমিকা পালন করছে, আমি তাদেরকে বিধানসভার পক্ষ থেকে অভিনন্দন জানাতে চাই।

শ্রী মানস মুখার্জী : অনুপস্থিত

শ্রী শেখ শাহনাওয়াজ : মাননীয় স্পিকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় দমকল মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে জানাচ্ছি আমার বিধানসভা এলাকায় বারবার আগুন লাগে। আগেও বিধানসভাতে বলেছি। আমি দেখেছি যখনই কলকাতায় আগুন লাগে মাননীয় মন্ত্রী ছুটে যান এবং বিভিন্ন ব্যবস্থাও গ্রহণ করা হচ্ছে। ওই এলাকায় যাতে একটি দমকল কেন্দ্র স্থাপন করা হয় সেই বিষয়ে আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী দীপক কুমার হালদার : মাননীয় স্পিকার মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় সেচ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ডায়মন্ডহারবার এক নম্বর পঞ্চায়েত সমিতির অধীন পারুলিয়া গ্রাম পঞ্চায়েতের মধ্যে রাণীরাসমণি ঘাট ও ময়দান নামে নদীপাড়ে দীর্ঘদিন ধরে একটি শ্মশান ও ফুটবল খেলার মাঠ আছে। আনুমানিক ২৫০ মিটার নদীপাড় ভেঙে যাওয়ায়

আগামী দিনে ওই শ্মশান ও খেলার মাঠটি সম্পূর্ণ ভাবে ধ্বংস হওয়ার পথে। সেই কারণে ওই ২৫০ মিটার নদীপাড় সংরক্ষণ সহ শ্মশান এবং মাঠটিকে সৌন্দর্যায়নের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ রাখছি।

শ্রী ইদ্রিস আলি : Hon'ble speaker, sir, I am deeply grateful to you for giving me chance to say in this matter স্যার, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করে সরকারের কাছে জানাতে চাই যে আমার উলুবেড়িয়া পূর্ব কেন্দ্রের মধ্যে কানোরিয়া জুট মিলটি দীর্ঘদিন ধরে বন্ধ হয়ে আছে। যাতে এই জুট মিলটি খেলার ব্যবস্থা হয় তার জন্য রাজ্য সরকারের কাছে আপনার মাধ্যমে অনুরোধ করছি।

দ্বিতীয় আর একটি আমার হাম্বল্ প্রেয়ার স্যার, হাওড়া জেলার মধ্যে একটিও বিশ্ববিদ্যালয় নেই। স্যার, আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীর কাছে আমার হাম্বল্ প্রেয়ার যাতে উলুবেড়িয়াতে একটি ইউনিভার্সিটি স্থাপন করা হয়।

শ্রী অরূপ বিশ্বাস : মাননীয় সদস্য যে কথা বলেছেন, উনি নিশ্চয়ই অবহিত আছেন গত তিন দিন আগে আমি নিজে ইনস্পেকশানে গিয়েছিলাম। পি.ডব্লিউ.ডি. এবং ইরিগেশানের আধিকারিকদের নিয়ে আমরা মিটিং করেছি। সেই মিটিং-এ যেভাবে কাজ করার দরকার তার পদক্ষেপ আমরা নিয়েছি। ইতিমধ্যেই ওখানে কাজ চলছে। বিধায়ককে আমি সেটাই জানালাম।

মিঃ স্পিকার : আমি শ্রীমতী জাহানারা খানকে বলছি, আপনার কলিং অ্যাটেনশানটা আমি অ্যাডমিট করি নি। তবু আপনি যেহেতু অ্যাটেনশান ড্র করেছেন setting up of a fire station in Jamuria Assembly, আপনাকে বলছি আপনি একটু দেখবেন।

শ্রী অরূপ বিশ্বাস : এই বিষয়টা আমার দপ্তরের না। যদি সংশ্লিষ্ট দপ্তর আমাদের পি.ডব্লিউ.ডি.-কে করতে দেয় তাহলে আমি নিশ্চয়ই দেখব।

জিরো আওয়ার

শ্রী মোস্তাক আলম : মাননীয় স্পিকার স্যার, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় আমি পি.এইচ.ই. দপ্তরের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মালদহ জেলার ভালুকা পি.এইচ.ই. আন্ডার হরিশচন্দ্রপুর ব্লক টু আউট অফ অর্ডার হয়ে আছে। ওখানে একটা প্রাইমারি হেল্থ সেন্টার আছে। ওখানে একটা আউট পোস্টও আছে, একটা হাই স্কুলও আছে, বাজারও আছে। ওটা যাতে দ্রুত রেনভেশান হয় তার জন্য আবেদন রাখছি।

মিঃ স্পিকার : মাননীয় সদস্যগণ আজকে সরোজিনী নাইডুর ১৪১তম জন্মজয়ন্তী। আমাদের লবিতে ওনার প্রতিকৃতিতে মাল্যদান করে শ্রদ্ধা জানাবার জন্য সবাই যাব। আমি মাননীয় সদস্যদের অনুরোধ করব ওখানে যাওয়ার জন্য।

(At this stage, the House was adjourned till 1.30 P.M.).

After Recess

[1:30 – 1:40 p.m.]

Discussion on Governor's Address

শ্রী মোস্তাক আলম : মাননীয় স্পিকার স্যার, ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গ ষোড়শ বিধানসভার পঞ্চদশ অধিবেশনে পশ্চিমবঙ্গের রাজ্যপাল শ্রী জগদীপ ধনখড় কর্তৃক প্রদত্ত ভাষণ ৭ই ফেব্রুয়ারি ২০২০ যেটা পেশ করেছেন এবং সোমবার থেকেই এর উপরে আলোচনা চলছে। এই ব্যাপারে কিছু বলার আগে আমি রাজ্যপালের ভাষণের শেষ পাতায় আসছি, শেষ পাতার প্রথম Stanza-তে আছে এই রাজ্যে যাতে কোনভাবে এন.আর.সি. চালু না করা হয় সেই মর্মে পশ্চিমবঙ্গ বিধানসভা ৬-৯ ২০১৯তারিখে একটি সিদ্ধান্ত গ্রহণ করে। পশ্চিমবঙ্গ বিধানসভা ২৭-১-২০২০ তারিখে ২০১৯ সালের নাগরিকত্ব সংশোধনী আইন অবিলম্বে প্রত্যাহার করার জন্য কার্যকরী পদক্ষেপ গ্রহণের বিষয়ে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানিয়ে একটি সিদ্ধান্ত গ্রহণ করেছে। রাজ্য সরকার এ ছাড়াও এন.আর.সি. প্রক্রিয়া কার্যকর না করার এবং এন.পি.আর. প্রক্রিয়া অবিলম্বে প্রত্যাহার করার দাবি জানিয়েছে। স্যার, এই বক্তব্যকে আমি পূর্ণাঙ্গভাবে সমর্থন করছি। শেষ পাতায় রাজ্য সরকার এই রাজ্যকে এমন একটি আদর্শ রাজ্য রূপে গড়ে তুলতে বদ্ধপরিকর, যেখানে পিছনের সারিতে দাঁড়িয়ে থাকা শেষ মানুষটিও যেন কোন পরিষেবা থেকে বঞ্চিত না হন এবং যেখানে প্রত্যেকের বক্তব্যকে গুরুত্ব দেওয়া হয় ও প্রত্যেকের মতামতকে সম্মান জানানো হয়। এই জায়গায় স্যার আমার মূল বক্তব্য। যে কথা বলা হয়েছে তা সঠিক কথা নয়। এই ব্যাপারে বলার আগে স্যার, আমি একটু এগিয়ে যেতে চাইছি। আমাদের ইতিহাসকে বিকৃত করা হয়েছে। স্বাধীন দেশের নাগরিক হিসাবে কেন্দ্র এবং রাজ্য যৌথ ইনফ্রাস্ট্রাকচারের ভিত্তিতে দেশ চলবে, রাজ্য চলবে। কিন্তু এখানে আমরা যেটা দেখতে পাচ্ছি কেন্দ্রীয় সরকার নিজের ক্ষমতার অপব্যবহার করে সংবিধানকে কুক্ষিগত করতে চাইছেন, সংবিধানকে কুঠারাঘাত করতে চাইছেন যার মাধ্যমে সংবিধানকে বিপন্ন করতে চাইছেন এবং ইতিহাসকে বিকৃত করে শুধু সংখ্যাধিক্যের জোরে আবোলতাবোল কথা বলে ভারতবর্ষের মাটিতে এমন একটা পরিবেশ তৈরি করতে চাইছেন যেখানে আজকে মানুষ বিপদগ্রস্ত, বিপন্ন। যাঁরা কেন্দ্রে সরকারে আছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ এঁদের গড ফাদার হচ্ছে শ্যামাপ্রসাদ মুখার্জী। ইতিহাসের উদ্ধৃতি তুলে, তথ্য দিয়ে স্যার এখানে আমি প্রথমে একটা কথা এই হাউসে রেকর্ড করাতে চাই। শ্যামাপ্রসাদ মুখার্জী বাংলার বাঘ আশুতোষ মুখার্জীর ছেলে। বিজেপি পিতার মত তাঁকে শ্রদ্ধা করে এবং শ্যামাপ্রসাদ মুখার্জী ব্রিটিশ এবং মহম্মদ আলি জিন্নাকে গুরু মানতেন জুলাইয়ের ২৬ তারিখ ১৯৪২সাল, যখন শ্যামাপ্রসাদ মুখার্জী মহম্মদ আলি জিন্নার সরকারের উপমুখ্যমন্ত্রী ছিলেন তখন তিনি ব্রিটিশ গভর্ণর হার্ভার্ডের কাছে একটা চিঠি লিখেছিলেন। কি লেখা ছিল সেই চিঠিতে ? এক, যে কোন পরিস্থিতিতে কংগ্রেস এবং ভারত ছাড়ো আন্দোলনকে আমরা প্রতিহত করব। (খ) আমাদের সরকার কংগ্রেসের স্বাধীনতা

সংগ্রামের সমস্ত চেষ্টা ধূলিসাৎ করে দেবে। (গ) আমরা জনতাকে বলব স্বাধীনতার লড়াই ভিত্তিহীন। (ঘ) বৃটিশ আমাদের ভাগ্যবিধাতা। (ঙ) জনতা যেন বৃটিশ সরকারের প্রতি বিশ্বাস রাখে। (চ) আমি ঘোষণা করছি হিন্দু মহাসভা এবং মহম্মদ আলি জিন্না বৃটিশের সাথে আছে। এই ছিল সেই চিঠিতে। শ্যামাপ্রসাদ মুখার্জী নেতাজী সুভাষ বসুর ভাই শরৎচন্দ্র বসুকে হত্যা করার জন্য হুমকি দিয়েছিলেন। তাঁর ভাগ্য ভালো ছিল কারণ সেই সময়ে নেতাজী দেশে ছিলেন না। নাহলে চৌরাস্তার মোড়ে ঠুকে দিত। এর সূত্র হচ্ছে শ্যামাপ্রসাদ মুখার্জী Leaves from a Diary, Oxford University Press, Page No.183। এর থেকে আমি উদ্ধৃতি দিলাম। শ্যামাপ্রসাদ মুখার্জী হলেন বঙ্গবিভাজনের মূল নায়ক। কারণ উনি ছিলেন বঙ্গবিভাজনের নেতা এবং পরবর্তী সময়ে উনি ক্ষমাপ্রার্থনা করেছিলেন। ১৯৪৪ সালে শ্যামাপ্রসাদ কলকাতায় তিনি বঙ্গবিভাজনের পক্ষে একটি সভা ডেকেছিলেন। ক্ষুব্ধ জনতা ইট পাটকেল ছুঁড়ে মেরেছিলেন সেদিন। ১৯৪৭ সালের ২রা মে শ্যামাপ্রসাদ মুখার্জী Lord Mountbaten-কে একটা চিঠি লিখেছিলেন। বলেছিলেন— ভারত দ্বি-খণ্ডিত হোক বা না হোক বাংলা দ্বি-খণ্ডিত হবেই। পরাধীন বঙ্গের তৎকালীন প্রধানমন্ত্রী সুরাবর্দি। নেতাজীর ভাই শরৎচন্দ্র বোস, কংগ্রেস নেতা কিরণশংকর রায় প্রমূখ অবিভাজিত বাংলাকে ভারতে রাখার প্রস্তাব দিয়েছিলেন। কিন্তু শ্যামাপ্রসাদ মুখার্জী উসকানি দিতে শুরু করলেন। ব্যাস, বঙ্গবিভাজনের কাজ নিশ্চিত হয়ে গেল। এই চরমতম ভুল শ্যামাপ্রসাদ নিজে ১৯৫১ সালে স্বীকার করলেন এবং ক্ষমাও চাইলেন। দুই বাংলাকে এক করার প্রস্তাবও দিলেন। কিন্তু তখন অনেক দেরী হয়ে গেছে। বর্তমান বি.জে.পি. দলটি তৎকালীন জনসংঘ, ১৯৫২ সালে এই জনসংঘ দলটি গো-হারা হেরেছিল। বাংলা বিধানসভায় মাত্র ৪% আসন তারা জয়লাভ করেছিল। যখন বঙ্গবিভাজনের চক্রান্ত সফল হল, তখন এই শ্যামাপ্রসাদ মুখার্জী কাশ্মীর বিভাজনের প্রস্তাব দিয়েছিলেন। কিন্তু তার পরেই তার মৃত্যু হয়। যার ফলে সেই সময়ে সফল হতে পারে নি। এর পরেও যারা শ্যামাপ্রসাদ মুখার্জীকে দেশপ্রেমী বলবেন তারা হয় মূর্খ, আর নাহয় মানসিক উন্মাদ। এর তথ্যসূত্র হল R.C. Mazumdar– শ্যামাপ্রসাদের Diary, নেহেরু মিউজিয়াম, British মিউজিয়াম, Netaji Research Centre-এ ১৯৪০ এবং ১৯৫৪ সালের বহু পত্রপত্রিকায় এই তথ্য পাওয়া যাবে। স্যার, একটা অদ্ভুত কথা বলতে চাইছি একজন স্বরাষ্ট্রমন্ত্রী পার্লামেন্টে বলছেন ধর্মের ভিত্তিতে দেশভাগ হয়েছিল বলে এক সম্প্রদায়ের মানুষ এখানে থাকতে পারবে । আমি বলতে চাই আজকে দেশের অরাজকতার জন্য অর্থনৈতিক যে দুরবস্থা, কেন্দ্রীয় সরকারকে Reserve Bank থেকে ১ লক্ষ ৭৬ হাজার কোটি টাকা দেনা নিতে হচ্ছে। LIC থেকে দেনা নিতে হচ্ছে এবং ভারত সরকার বিভিন্ন কর্পোরেশানগুলিকে আজকে বিক্রি করে দিয়ে সেই দেনা আজকে শোধ করে দিতে চাইছেন। আমরা বলতে চাই আজকে যাঁরা এই কথাগুলি বলছেন যে সংখ্যালঘু সম্প্রদায়কে তাড়িয়ে দিতে চায় আমি তাঁদেরকে শুধু বলতে চাই, স্বাধীনতার দিনের সময়ে যারা আজাদী হয়েছিল তাদের মধ্যে প্রায় ৯৩ হাজার মানুষ এর নাম লিপিবদ্ধ আছে। তার মধ্যে India Gate-এ ৬১ হাজার ৩৯৫ জন মুসলিমের নাম লিপিবদ্ধ আছে। শিখ সম্প্রদায়ের ৮,০৫০ জনের নাম আছে। Backward class-এর ১৪,৪৮০ জনের

নাম আছে। দলিত সম্প্রদায়ের ১০,৭৭৭ জনের নাম আছে। উচ্চ বর্ণের মাত্র ৫৯৮জন। আর RSS-এর লোকরা আজকে মাত্র ০ নাম্বারে আছে। আজকের দিনে কেন্দ্রের গিরিরাজ সিং উত্তরপ্রদেশ-এর সাহারানপুরে যারা প্রতিবাদ করেছে সি.এ. এ.-এর বিরুদ্ধে,এরা তাদেরকে বলছে পাকিস্তানের গুপ্তচর। পাকিস্তানের আতঙ্কবাদ নাকি তৈরি হচ্ছে। আমি স্যার বলতে চাইছি তার এই কথা বলার অর্থ হচ্ছে এই ভারতবর্ষের অর্থকোষ আজকে শেষ হয়ে যাচ্ছে। দেশ আজকে যখন বিপন্ন, এই রকম একটা জায়গায় আছে, সেই জায়গায় তার effect পশ্চিম বাংলায় পড়বে এটা ঠিক। এটা কোন অস্বীকার করার কথা নয়। আমি বলতে চাই পশ্চিমবঙ্গের যে বাজেট ঐ বাজেটে খুব পরিষ্কারভাবে আমার একটা বক্তব্য হচ্ছে যে, আমি support করার আগে বা বিরোধিতা করার আগে শুধু কিছু তথ্য তুলে ধরতে চাই। ছয় বছরে পশ্চিমবঙ্গ সরকার ১৬০০০ ক্লাবকে ৬৪০কোটি টাকা দিয়েছে।

[1:40 – 1:50 p.m.]

কৃষক ভর্তুকি দিয়েছে ১২ কোটি ৭৫ লক্ষ টাকা। আমি জানতে চাই পশ্চিমবঙ্গ বিধানসভার যারা বিরোধী সদস্য আছেন, এই ক্লাবগুলো অনুমোদনের ক্ষেত্রে বা রেকমেন্ডেশানের ক্ষেত্রে একটা বিরোধী সদস্যের নাম নেওয়া হয়েছে বা রেকমেন্ডেশন নেওয়া হয়েছে ? উত্তর আসবে – না। আজকে আমরা বলতে চাই, বামফ্রন্টের আমলে অন্ততঃ আর কিছু না হোক রোগী কল্যাণ সমিতির যে চেয়ারম্যান, সেই ব্যাপারে কিন্তু কনসার্ন এরিয়ার এম.এল.এ.দেরকে দায়িত্ব দেওয়া হ'ত। আই.সি.ডি.এস.-এর ক্ষেত্রেও কিন্তু সেই জিনিসটা করা হ'ত। আজকে আমাদের ক্ষেত্রে আমরা এর থেকে বঞ্চিত হচ্ছি। গীতাঞ্জলী থেকে শুরু করে বাংলা আবাস যোজনা - বিরোধী সদস্যদেরকে কিন্তু কোনো জায়গায় কিছু দেওয়া হচ্ছে না। তাহলে আজকে কি করে বিরোধীদেরকে এক জায়গায় নিয়ে আসার চেষ্টা করা হচ্ছে বা হবে ? আমি স্যার একটা স্ট্যাটিসটিক্স তুলে ধরতে চাইছি, স্টেট বেস পারফর্মিং র‍্যাঙ্কিংস্ - ইকনমিতে তেলেঙ্গানা যেখানে এক নম্বরে, মহারাষ্ট্র ৯ নম্বরে, আমরা পশ্চিম বাংলা ১৮ নম্বরে। ইনফ্রাস্ট্রাকচারে হিমাচল এক নম্বরে, আমার বেঙ্গল সেখানে ১৮ নম্বরে। এগ্রিকালচারে অন্ধ্রপ্রদেশ এক নম্বরে, মধ্যপ্রদেশ ২ নম্বরে, পাঞ্জাব ৮ নম্বরে, সেখানে আমার বাংলা ১৫ নম্বরে। এডুকেশনে হিমাচল প্রদেশ এক নম্বরে, সেখানে আমার বাংলার র‍্যাঙ্কি হচ্ছে ৫ নম্বর। হেল্ফ-এ হিমাচল প্রদেশের র‍্যাঙ্ক হচ্ছে ১ নম্বরে, জম্মু-কাশ্মীর হচ্ছে ৩ নম্বরে, আমার বাংলা ১৪ নম্বরে। আজকে ল' অ্যান্ড অর্ডার ইস্যুতে স্যার, তামিলনাড়ু যেখানে ২ নম্বরে, কেরালা ৩ নম্বরে, জম্মু-কাশ্মীর ৩ নম্বরে, আমার বাংলা ১১ নম্বরে। স্যার, এখানে ল' অ্যান্ড অর্ডারে একটা কথা না বললেই নয়, আমি এই বিধানসভার সদস্য হিসেবে - আজকে ওয়াকফ বোর্ডের মিটিং আছে। সেকেন্ড হাফে আমরা সেই মিটিং-এ যাবো। আমাদের চেয়ারম্যান সাহেব ছিলেন, কথা বলছিলাম - রতুয়ার বিধায়ক সমর মুখার্জীও এখানে উপস্থিত আছেন। উনি এলাকার বিধায়ক। আমাদের ওয়াকফ বোর্ডের প্রপার্টিটা গভর্ণমেন্টের প্রপার্টি স্যার। এটা কোনো কংগ্রেসের নেতার বা অন্য কারো নয় স্যার। ওয়াকফ বোর্ড - ই.পি. নাম্বার

হচ্ছে ৭৪৭, থানা রতুয়া, গ্রাম পঞ্চায়েত রতুয়া, মৌজা রুকমন্দিপুর, জে.এল. নাম্বার ৩৭, ব্লক নাম্বার ৫৮৫-তে ৫ একর ৬ ডেসিমেল, ৫৩৭-এ আছে ৩ একর ১৯ ডেসিমেল, ৮৩১-এ আছে ৪ একর ১৭ ডেসিমেল। টোটাল ১২ একর ৩৭ ডেসিমেল। স্যার, এখানে আম গাছ ছিল। ১৩৭টি মোটা আম গাছ। এয়াসিন নামে একজন যার বিরুদ্ধে হরিশচন্দ্রপুর থানা, পি.এস. কেস্ নাম্বার ৫২৫/১৫ - সি.আই.ডি. থেকে তার নামে চার্জশীটও হয়েছে। আমি বুঝতে পারছি না, প্রকাশ্য দিবালোকে সেই ১৩৭টা আম গাছকে কেটে নিয়ে - ওয়াকফ বোর্ডের প্রপার্টি একটা মিলে তিনি জমা দিলেন। আমি আপনার মাধ্যমে পুলিশ মন্ত্রীকে বলতে চাই, জেলার ডি.এম., এস.পি. আছেন, আমি আজকে এই হাউসে বলতে চাই, চেয়ারম্যান সাহেব ডি.এম.কে বললেন। একটু বাইরে গিয়ে কথা বলছিলাম তখন ওঁনার সাথে। আমি বলতে চাই, আইন-শৃঙ্খলা যদি সঠিক থাকে, এতগুলো গাছ ওয়াকফ প্রপার্টির, এটা কোনো ব্যাক্তিগত মালিকানা নয়, পশ্চিমবঙ্গ সরকারের দায়বদ্ধতা, দায়িত্ব এবং ওয়াকফ বোর্ডের প্রপার্টি একজন ব্যক্তি - তার পরিচয়ও আমি বললাম, তিনি একজন ওয়ান্টেড় পার্সন, জেলও খাটছিলেন ঐ কেসে। আমি আজকে বলতে চাই, আজকে রাজ্যপাল যে ভাষণ আমাদের কাছে পেশ করেছেন, সেই ব্যাপারে আমি বলতে চাই যে, পশ্চিম বাংলার বেশিরভাগ সদস্য তো শাসক দলের আছে। পাশে আমাদের ঝাড়খন্ড। ৩ কোটি টাকা উন্নয়ন খাতে দেওয়া হয়। বিহার থেকে শুরু করে ভারতবর্ষের কোনো একটি রাজ্য নেই যেখানে উন্নয়ন খাতে - কিন্তু আমাদের ৬০ লক্ষের বেশি কেন দেওয়া হচ্ছে না ? খেলা, মেলায় টাকা দেওয়া হচ্ছে। আজকে এদের ওপরে কি তাহলে আস্থা নেই ? আমি বলতে চাই যে, দয়া করে এই ডেভেলপমেন্টের জন্য যেন বিধায়ক এলাকা উন্নয়ন ফান্ডের টাকাটা আজকে বাড়ানো হয়। আর সবচেয়ে বেশি বলতে চাই .... আজকে পশ্চিম বাংলার মাটিতে মাননীয় মুখ্যমন্ত্রী যেটা সিদ্ধার্থ শংকর রায় করেছিলেন, বুদ্ধদেব ভট্টাচার্য করেছিলেন আবার উনিও পুলিশের উপর নির্ভর করছেন। পশ্চিমবঙ্গের মাটিতে আমরা জানতে চাইছি মোটরসাইকেল ধরে কত কোটি টাকা রাজকোষে জমা হচ্ছে। মোটরসাইকেল ধরে আজকে রাজ্য তহবিল গড়ে তোলা হচ্ছে। তাই বলতে চাই প্রশাসনের উপর যে নিয়ন্ত্রণ সেই নিয়ন্ত্রণ দেখা দরকার। তাই রাজ্যপালের ভাষণের উপর আমি কতগুলি তথ্য তুলে ধরলাম। এই ব্যাপারে সর্তক থাকা দরকার। নমস্কার।

শ্রী রফিকুল ইসলাম মন্ডল : স্যার, ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের ষোড়শ বিধানসভার পঞ্চদশ অধিবেশনে পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল শ্রী জগদীপ ধনখড় প্রদত্ত ভাষণ যা ৭ই ফেব্রুয়ারি ২০২০তে দেওয়া হয়েছে, তার উপরে আমি সামান্য দু-একটি কথা রাখছি স্যার। কয়েকটি বিষয় এখানে পরিষ্কার করে বলা হয়েছে, সে রকম কয়েকটি বিষয়ের উপরে আমি দু-চারটি কথা বলছি। প্রথমত খাদ্যসাথী প্রকল্প। প্রকল্পটা নিশ্চিত ভালো, এবং এই প্রকল্পে যেটা সমস্যা হচ্ছে সেটা হলো আমরা এই হাউজে জানতে পারছি যে সবাই রেশন কার্ড পেয়েছে। কিন্তু বাস্তবে দেখা যাবে এবং যারা এখানে আমরা বিধায়করা আছি, আমরা দেখছি যে অধিকাংশ জায়গায় সব মানুষ রেশন কার্ড পায় নি। এবং এই সদনে আমাদের

মাননীয় মন্ত্রী ঘোষণা করেছিলেন যে ৯ই সেপ্টেম্বর সমস্ত ব্লক অফিসে নতুন করে রেশনকার্ড কারেকশান, নাম কারেকশান ইত্যাদি হবে। ক্যাটাগরীর চেঞ্জের ব্যাপার হলেও দরখাস্ত করা যাবে, এগুলি ব্লক অফিসে হওয়ার কথা ছিল। যথা নিয়মে ব্লক অফিসে শুরু হয়, কিন্তু দেখা গেল পরবর্তীতে এক-দু দিন চলার পরে সবগুলোই গ্রাম পঞ্চায়েত এলাকাতে চলে গিয়েছে, ব্লক অফিসে আর হয় নি। এবং গ্রাম পঞ্চায়েতে যাওয়ার ফলে যে সমস্যাটা হয়েছে সেখানে অনেকের নামটা জানতে চাওয়া হয়েছিল, মুখটা চেনা হয়েছে ফলে খুব স্বাভাবিকভাবেই যারা প্রাপক তারা অনেকেই বঞ্চিত হয়েছে। সব মানুষের কাছে এখনও রেশন কার্ড পৌঁছায় নি। সুতরাং এই ক্ষেত্রে আমি বলবো একটা জিনিস মাননীয় মন্ত্রীকে অবশ্যই দেখা উচিত যাতে আবার এই রকম একটা ডেট করে ব্লক লেভেলে যারা এখনও বাকি আছে সেই মানুষরা যাতে রেশন কার্ড পায় বা তাদের ক্যাটাগরী চেঞ্জ হয় সেদিকে দেখলে খুবই ভালো হবে বলে আমি মনে করি। দ্বিতীয় হচ্ছে, আমরা রাজ্যপালের ভাষণে দেখলাম আইন-শৃঙ্খলার পরিস্থিতি বিগত বছরে শান্তিপূর্ণ ছিল। এটা আমরা দেখেছি, কিন্তু এটার পাশাপাশি আমরা দেখছি নিত্য খবরের কাগজ দেখলে আমরা দেখবো চারি দিকে গন্ডগোল, অশান্তি লেগে আছে। কয়েক দিন আগে আমরা দেখলাম NRC, CAA এবং CAB নিয়ে চারদিকে সমস্ত সরকারি সম্পত্তি নষ্ট হলো, ভাঙচূড় হলো, জ্বালাজ্বালি হলো, বাসগুলো পুড়িয়ে নষ্ট করা হলো। কিন্তু আমরা দেখেছি বাস্তবে ওই সময় সরকার এবং প্রশাসন পুরোপুরি নীরব ছিলেন প্রথম কয়েক দিন। পরবর্তীকালে সরকারের পক্ষ থেকে বলা হয়েছে যে সরকারি সম্পত্তি নষ্ট না করা। কিন্তু প্রশাসন যদি প্রাথমিক অবস্থায় অ্যালার্ট থাকতেন তাহলে এই সরকারি সম্পত্তি ক্ষতি হতো বলে মনে হয় না। সুতরাং এটা খানিকটা বলা যেতে পারে যে প্রশাসনিক দুর্বলতা।

এই দুর্বলতা আমাদের সরকারের প্রশাসনের কাটিয়ে ওঠা উচিত বলে আমি মনে করি, কারণ দুর্বলতা যদি আমাদের থেকেই যায় তাহলে আগামী দিনে যে কোন ইস্যুতে আবার কিন্তু এই ধরনের পরিস্থিতির সৃষ্টি হবে। সুতরাং সরকারের এই ব্যাপারে আরো মনোযোগী হওয়া উচিত বলে আমি করি। এর সঙ্গে সঙ্গে আমরা একটা জিনিস দেখছি, আপনারা সবাই দেখছেন আমাদের দক্ষিণ ২৪ পরগণার বাসন্তী সেটা একটা খুনের কারখানাতে রূপান্তরিত হয়েছে। খবরের কাগজ খুললেই প্রতিদিন দেখি বাসন্তীতে কেউ না কেউ খুন হয়েছে। এবং সেই খুনটা একটা অন্ত:দলীয় বলয়ে খুন হচ্ছে। যে দলেরই হচ্ছে আমি সেই দলকে বলবো দয়াকরে এটা দেখুন, নতুবা এটা এই ভাইরাসটা ধীরে ধীরে সারা পশ্চিম বাংলায় ছড়িয়ে পড়বে। এটাকে নজর দেওয়া উচিত যাতে এগুলো বন্ধ হয়। এবং এটা শুধু দক্ষিণ ২৪ পরগণাতে নয়, আমরা এটা মুর্শিদাবাদে দেখছি, এটা পশ্চিম দিনাজপুরে দেখছি এবং অন্যান্য জেলাতেও দেখছি। সর্বোপরি আইন শৃঙ্খলার ব্যাপারে একটা কথা বলতেই হয় সেটা হচ্ছে আমাদের বিগত যে পঞ্চায়েত নির্বাচন হয়েছিল সেই পঞ্চায়েত ভোটের সময় প্রশাসনিক নিরপেক্ষতা যথেষ্ট ত্রুটিপূর্ণ ছিল, যার জন্য বিরোধীরা নমিনেশান জমা দিতে পারে নি, আর নমিনেশান দিতে পারে নি বলেই একটি সাম্প্রদায়িক দল, কিন্তু তারা অনেকগুলো সিট পশ্চিম বাংলার মাটিতে পেলো।

[1:50 – 2:00 p.m.]

এটা খুব দুর্ভাগ্যজনক বিষয়। যদি নিরপেক্ষভাবে প্রশাসন থাকত, ভোট যদি নিরপেক্ষভাবে হত তাহলে যারা বিরোধী দলে আছে তারা হয়তো কিছু কিছু সিট পেত কিন্তু সরকারের দলীয় প্রার্থীরাই ম্যাক্সিমাম সিট পেত এবং এই সাম্প্রদায়িক দলের কিন্তু এইভাবে উত্থান হত না। সুতরাং সরকারের উচিত প্রশাসনকে আরও কঠোরভাবে দেখা। আর একটা খুব দুঃখের বিষয় যারা বিরোধী দলের সদস্য আছে সেই বিরোধী দলের সদস্যদের, তাদের সমর্থক কোন লোকজন যদি অত্যাচারিত হয় থানায় গেলে তাদের ডায়রি নেওয়া হয় না এবং তাদেরকে ফেরত দেওয়া হয়। উল্টে সে যদি কিছু বলতে যায় তাকে ভয় দেখানো হয় যে, তোমাকে এমন কেস দেব গাঁজার কেস দেব যে তুমি জেল থেকে বার হতে পারবে না। এটা খুব মারাত্মক। এটা হয়তো আজকে কারও কারও খুব ভালো লাগতে পারে কিন্তু আগামী দিনে এটা ঘুরে তো আমার দিকেও আসতে পারে। সুতরাং সেই দিকে লক্ষ্য রেখে সরকারের উচিত, প্রশাসনের উচিত নিরপেক্ষতা বজায় রাখা। পুলিশ প্রশাসন বিশেষ করে নিরপেক্ষ থাকলে আগামী দিনে আমাদের সমাজটা সুন্দর থাকবে, ভালো থাকবে, নয়তো এর কুফল আগামী দিনে আমাদের প্রত্যেককে পেতে হবে। এটা লক্ষ্য রাখতে হবে। আমরা দেখছি নারী নির্যাতন, নারী খুন, নারী ধর্ষণ একটা কমন ব্যাপার হয়ে উঠেছে। সুতরাং সরকারকে অনেক বেশি অ্যালার্ট হতে হবে। আরও বেশি সচেতন হতে হবে যাতে এই নারী খুন, নারী ধর্ষণ ইত্যাদিগুলো বন্ধ হয়। তা না হলে কিন্তু এটা আগামী দিনে আমাদের সমাজকে ধ্বংসের পথে টেনে নিয়ে যাবে এটা নিশ্চিত আমরা মনে করি। স্বাস্থ্য পরিষেবার ক্ষেত্রে বলি যে, আমাদের অনেক সুন্দর সুন্দর সুপার স্পেসালিটি হসপিটাল তৈরি হয়েছে। আমরা সরকারকে এর জন্য ধন্যবাদ জানাই। কিন্তু পাশাপাশি এই কথা বলব যে, শুধু পরিকাঠামো তৈরি করলে হবে না, তার সঙ্গে উপযুক্ত স্পেসালিস্ট ডাক্তার দিতে হবে যাতে মানুষ পরিষেবা পায়। মাননীয় মন্ত্রীকে বিশেষ করে এটাও বলব এমন অনেক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র আছে যেখানে এখনও নিয়মিত ডাক্তার নেই। এই ডাক্তার যাতে নিয়মিত থাকে তার বন্দোবস্ত করা খুব জরুরী বলে মনে হয়। আমার ওখানে একটা হসপিটাল আছে যেটা ১৯৭০-৭২ সালে তৈরি হয়েছিল। এটাকে বলা হয় প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র। সেই স্বাস্থ্য কেন্দ্রে অদ্যাবধি কোন বেড এখনও স্যাংশানি হয় নি। কিন্তু আমরা জানি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র হলে সেখানে বেড থাকে এবং লোকাল মানুষ তার থেকে পরিষেবা পেতে পারে। আমরা দেখছি এগুলো নেই। যাতে প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে ডাক্তার থাকে, মানুষ পরিষেবা পায় তার জন্য অবশ্যই দেখা উচিত বলে আমি মনে করি। পাশাপাশি রোগী কল্যাণ সমিতি বলে একটা সমিতি আছে। আমি বিধায়ক হিসাবে নির্বাচিত হওয়ার পর প্রথম দিনই বি.এম.ও.এইচ.-এর ডাকা একটা মিটিং পেয়েছিলাম, সেখানে গিয়েছিলাম এবং মিটিংও করেছিলাম। জানি না কোন এক অজ্ঞাত কারণে চার বছর শেষ হতে গেল আর কোন দিন রোগী কল্যাণ সমিতির ডাক পাইনি। আরও বিশ্বস্ত সূত্রে জেনেছি যে বি.এম.ও.এইচ. আমাদেরকে ডেকেছিলেন তাঁকে সতর্ক করা হয়েছে। এভাবে চললে আমাদের সমাজ ভালো জায়গায় যাবে না। আমরা দেশের এবং রাজ্যের উন্নতি করতে

পারব না। সুতরাং এই ব্যাপারটাও দেখতে হবে। পাশাপাশি বলি রূপশ্রী প্রকল্প। এই প্রকল্পে সরকার আমাদের মেয়েদের জন্য টাকা দিচ্ছে। খুবই ভালো কথা। নতুন প্রকল্প, ভালো প্রকল্প, সরকারকে ধন্যবাদ জানাই। কিন্তু পাশাপাশি এ কথাই বলব এই প্রকল্প দেখিয়ে নতুন করে ম্যারেজ রেজিস্ট্রেশান সার্টিফিকেট তৈরি করে বিগত দিনে তাদের বিয়ে হয়েছে বাচ্চাকাচ্চা হয়ে গিয়েছে তারা এই প্রকল্প থেকে টাকা তুলে নিচ্ছে। সুতরাং সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীর অবশ্যই এটা দেখা উচিত। কন্যাশ্রী প্রকল্প - এই প্রকল্প খুবই ভালো প্রকল্প। প্রতি বছর ব্লক লেভেলে এই কন্যাশ্রী দিবস উদযাপিত হয়। আমাদের দুঃখের বিষয় চার বছর আমরা বিধায়ক হয়ে গেলাম কিন্তু ব্লকে কোন দিন কন্যাশ্রীতে যেতে পারলাম না। এটা খুব দুঃখের বিষয়, পরিতাপের বিষয়। আর এক বছর আছে যেতে পারব কিনা জানি না। কিন্তু সরকারের সফলতার সঙ্গে আমরা নিশ্চয়ই অংশীদারী। আমরা থাকলে মনে হয় সরকার এই প্রচারটা আরও বেশি পেত। সুতরাং সরকারের এটা ভেবে দেখা উচিত এবং এগুলো রাজ্যপালের ভাষণের মধ্যে আসা উচিত বলে আমি মনে করি। সঙ্গে সঙ্গে আর একটি কথা বলতে চাই সেফ ড্রাইভ সেভ লাইফ - ভালো প্রকল্প কিন্তু এই প্রকল্পে রাস্তায় পুলিশ দাঁড়িয়ে লাইফ সেভ করা বাদ দিয়ে পাব্লিকের কাছ থেকে পয়সা হাত পেতে নিচ্ছে। এটা খুব অন্যায় কাজ। দেখতে খারাপ লাগে আমাদের বিধায়কদের পালিয়ে যেতে হয়। বৈতরণী প্রকল্পটি খুবই ভালো প্রকল্প এবং মানবিক প্রকল্প। এই প্রকল্পে আমরা দেখেছি একটা নির্দিষ্ট পরিমাণে টাকা দেওয়া হয়। এই টাকাটা যদি একটু বাড়ানো হয় তাহলে খুব ভালো হয়। আর একটা কথা বলছি, অনেক দিন আগে মারা গেছে কিন্তু তাদের টাকা তোলা হচ্ছে। আমি ব্লকের নাম বলছি - হাসনাবাদ ব্লক। দয়া করে অনুরোধ করব যে দিন মারা যাচ্ছে সেই দিনই এমন একটা ব্যবস্থা করা হোক যাতে গরীব মানুষরা দিনের দিন টাকা পায় এবং তাদের সৎকার করতে পারে, কফনের কাপড় কিনতে পারে, শ্মশানের কাঠ কিনতে পারে। সেই জন্যে তাৎক্ষণিক টাকা দেওয়ার জন্য আমি সরকার বাহাদুরকে অনুরোধ করব। সবাইকে এবং আপনাকে ধন্যবাদ জানিয়ে আমার কথা শেষ করছি।

শ্রী সমীর কুমার জানা : সম্মানীয় অধ্যক্ষ মহোদয়, ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের ষোড়শ বিধানসভার পঞ্চদশ অধিবেশনে পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল জগদীপ ধনখড় সাহেব যে ভাষণ দিয়েছিলেন ৭ই ফেব্রুয়ারি, ২০২০ তাকে পূর্ণাঙ্গভাবে সমর্থন করে আমি আমার বক্তব্য উপস্থাপন করছি। স্যার, রাজ্যপাল সাহেবের ভাষণের শেষ লগ্নে যে বিষয়গুলোকে নিয়ে প্রাথমিক পর্যায়ে উপস্থাপন করবার চেষ্টা করছি যে, এটি রাজ্যপালের ভাষণ এবং রাজ্যের উন্নয়ন সংক্রান্ত যে বিষয়বস্তুগুলো উপস্থাপিত হয় এবং সেটা কতকগুলো পারিপার্শ্বিকতার উপর নির্ভর করে। বর্তমান ভারতবর্ষের যে রাজনৈতিক পরিস্থিতি তৈরি হয়েছে কেন্দ্রীয় সরকার যেভাবে ধর্মান্ধতায় মত্ত হয়েছে এবং যেভাবে করে এলাকাতে অশান্তির পরিবেশ তুলে ধরার চেষ্টা করছে যে কারণের জন্য ধর্মের ভিত্তিতে গোটা দেশটাকে বিভাজন করতে গিয়ে যেভাবে সংবিধানকে লঙ্ঘন করে পরিবেশটাকে দূষিত করবার চেষ্টা করেছেন তার বিরুদ্ধে গোটা ভারতবর্ষে জনমত তৈরি হয়েছে। মাননীয়া মুখ্যমন্ত্রী নিজের উদ্যোগে গোটা পশ্চিমবঙ্গে এই

ধর্মান্ধতার বিরুদ্ধে একটা প্রতিবাদ আন্দোলন অনেক আগে থেকে সুচনা করে এখনও পর্যন্ত কিন্তু সেটাকে তিনি সেই প্রতিবাদের আসর থেকে এখনও পর্যন্ত সরে আসেন নি। এই কারণের জন্য যে পরম্পরায় আমরা দেখতে পাচ্ছি যে সরকার কেন্দ্রীয় সরকার ভারতবর্ষের সর্বস্তরের মানুষের মধ্যে শান্তিশৃঙ্খলা যেমন লাগবে, তেমনি তাদের উন্নয়নের গতিপ্রকৃতিটাকে সুন্দরভাবে গড়ে তোলার জন্য চেষ্টা করবেন। কিন্তু তাঁরা পরস্পর এই ২০১৪ সালের পরবর্তীকালে ২০১৯ সালে ব্যাপক majority পাওয়ার জন্য যেভাবে অবিচার অত্যাচার করছে, এবং অর্থনৈতিক বুনিয়াদটাকে যেভাবে ভেঙ্গে চুরমার করে দিয়েছে সেই কারণের জন্য আমরা দেখতে পাচ্ছি যে, আজকে বর্তমান রাজকোষটা কোথায় গিয়ে দাঁড়িয়েছে। আমরা সেখানে দেখতে পাচ্ছি যে বর্তমান পরিস্থিতিতে আমরা GDP হারটাকে ৫ শতাংশের নীচে, মুদ্রাস্ফীতি ৭.৫৯ শতাংশতে পৌঁছে গেছে। গ্যাসের দাম বাড়ছে ১৪৯ টাকা অভাবনীয়। এবং সেটা বোধ হয় দিল্লি নির্বাচন থাকাকালীন সক্ষম হচ্ছিলেন না। যখন দিল্লির নির্বাচনে গাড্ডু খেয়ে যখন বিজেপি আসতে আসতে করে হঠে যাচ্ছে তার পরের দিনই কিন্তু ১৪৯ টাকা গ্যাসের দামটা বাড়িয়ে একটা অনন্য নজির তৈরি করে ভারতবর্ষের সর্বস্তরের মানুষকে একটা বিভাজনও যেমনি করেছে তেমনি অস্বস্তিকর অবস্থার মধ্যে গড়ে তোলার চেষ্টা করেছে। বেকারি দিন দিন বাড়ছে। মানুষের আজকে কোনো কাজ নেই। ব্যাঙ্কের সুদের হার আসতে আসতে কমতে শুরু করেছে। তেমনিভাবে দেখা গেছে প্রায়ই ১০ পার্সেন্ট মানুষের স্বার্থরক্ষা করতে গিয়ে ৯০ শতাংশ মানুষের ক্ষতি করবার চেষ্টা করে চলেছেন। যে সমস্ত রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলি ছিল, সেগুলোকে আসতে আসতে বিলগ্নীকরণের মধ্য দিয়ে ভারতবর্ষের অর্থনৈতিক বুনিয়াদটাকে ভেঙ্গে চুরমার করে দিয়েছে। সে বীমা LIC হতে পারে, IDBI হতে পারে, BSNL হতে পারে এবং Air India এগুলোকে বিক্রি করে দিয়ে একটা দেশের ভগ্ন অবস্থা - অর্থনীতির বুনিয়াদটাকে শেষ করে দেওয়ার চেষ্টা করেছে। এই অবস্থার পরিপ্রেক্ষিতে আমরা দেখছি কি আজকে যখন আমরা পশ্চিমবঙ্গের অধিবাসী আমরা এখানে দেখছি কি ? যেখানে ভারতবর্ষের এই অবস্থা হয়ে গেল সেই জায়গাতে পশ্চিমবঙ্গ যেভাবে করে তার অর্থনৈতিক বুনিয়াদটাকে এখনও পর্যন্ত একটা সঠিক জায়গায় নিয়ে আসতে পেরেছে। এবং সামাজিক ক্ষেত্রে যে বিবর্তন তৈরি করা হয়েছে যেটা অন্য কোনো রাজ্য দিশা দেখাতে পারেনি। মমতা ব্যানার্জীর রাজত্বে আজকে সেভাবে করে উন্নয়ন সংঘটিত হয়েছে। এবং সামাজিক ক্ষেত্রে বিশেষ প্রভাব প্রতিপত্তি বিস্তার করতে আমরা সক্ষম হয়েছি। আজকে আমার এই আলোচনার আগে মুস্তাক সাহেব তাঁর বক্তব্য রেখেছেন, এটা নিঃসন্দেহে - এবং আমরা মনে করি আমাদের রফিকুল ইসলাম সাহেব তিনি তাঁর বক্তব্যের মধ্য দিয়ে তাঁর বিষয়বস্তুকে উপস্থাপন করার চেষ্টা করেছেন। আমরা যেটা দেখতে পাচ্ছি যে, আজকে জনসংঘ হিসাবে যাদের কথা যিনি বলেছেন, আমরা সেখানে একমত। ভারতবর্ষকে দ্বিখণ্ডিত করে দ্বিজাতি তত্ত্বের ভিত্তিতে ব্রিটিশের সঙ্গে পরামর্শ করে ব্রিটিশের সঙ্গে হাত মিলিয়ে গোটা ভারতবর্ষের মধ্যে একটা গণআন্দোলনের সূচনা করে দিয়েছিলেন যেটাকে আমাদের মাননীয় মুস্তাক সাহেব বলেছেন। নিশ্চয়ই এটাকে স্বাগত জানাই। কিন্তু রফিকুল ইসলাম সাহেব তিনি বলেছেন, সমস্তকিছু উন্নয়ন সংগঠিত হচ্ছে। কোথাও

কোথাও খাদ্যসাথী প্রকল্পের ক্ষেত্রে আমি মনে করি এটা একটা অনবদ্য ইতিহাস তৈরি করতে পেরেছে যেখানে ৯ কোটি ১৬ লক্ষ মানুষের জন্য আজকে একদম দু'টাকা কেজি দরে চাল এবং অর্ধেক মূল্যে খাদ্য সরবরাহ করে গোটা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গ একটি অনন্য নজির তৈরি করতে পেরেছে। ফলে, একে অস্বীকার করা - কোথাও কিছু সামান্য ত্রুটি থাকতেই পারে। সেটা সংশোধন করে রাখা হবে।

[2:00 – 2:10 p.m.]

প্রত্যেকটি স্তরে এবং মমতা ব্যানার্জীর প্রত্যেকটা প্রকল্পয় নিশ্চয় আপনি একমত হবেন যে এখানে কোন রকম দলমত নির্বিশেষে সকলের জন্য সমস্ত মানুষের জন্য করা হয়ে থাকে। এটা কেবলমাত্র তৃণমূল কংগ্রেসের লোকেদের দেখে দেখে দেওয়া হয় না। যত প্রকল্প আছে, সমস্ত বেনিফিসিয়ারী, সর্বস্তরের মানুষ কিন্তু সেই সুযোগসুবিধাকে আজকে বহন করতে পারে। আজকে আপনি আবার একটা প্রসঙ্গ উত্থাপন করে দিয়েছেন যে আজকে কোথাও কোথাও শান্তির পরিবেশটা বিঘ্নিত হচ্ছে। আপনাকে বলতে হবে, আপনাদের প্রতি বছর সি.পি.এম.-এর আমলে যেভাবে করে গোটা পশ্চিম বাংলায় অন্যায়, অবিচার, অত্যাচার চলছিল, যেভাবে করে দুর্নীতি ছিল, যেভাবে করে মানুষের খুনখারাপি হত, যেভাবে করে ঘর লুটপাট হয়ে যেত, এটা একটা অনন্য নজির আপনারা তৈরি করে গেছেন। সেই কারণের জন্য আমি মনে করি, মা মাটি মানুষের সরকার এখানে আসার পরে, সে জঙ্গলমহল হতে পারে, দার্জিলিং হতে পারে, সমস্ত জায়গায় শান্তির বাতাবরণ তৈরি হয়েছে। এ থেকে স্বীকার করতে হবে, মাননীয়া মুখ্যমন্ত্রী তাঁর দলের নিজেদের লোক, নিজেদের কাউন্সিলার হতে পারে, যে অন্যায় করে তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে এতটুকু দ্বিধাগ্রস্ত হন নি। ফলে এই ব্যাপারগুলোকে নিয়ে আপনারা যারা বলছেন হয়ত রাজনীতির কারণে বলছেন কিনা আমি জানি না, কিন্তু আমার মনে হয় যদি আমরা উন্নয়নের দিকে চলে যাই তাহলে দেখা যাবে যে আস্তে আস্তে করে কেন আজকে এই বাজেটটাকে আমরা সমর্থন করছি। তার অর্থনৈতিক দিকটা কোন দিক থেকে এবং কি কি প্রকল্পগুলোকে আমরা বিশেষভাবে কার্যকরী করতে পেরেছি। আপনারা জানেন ২ লক্ষ ৩ হাজার কোটি টাকার ঋণ-এর বোঝা নিয়ে এই ভাবে করে কাজকর্ম করতে করতে এত উন্নয়নকে সংগঠিত করতে গিয়ে যেটাকে বলা হচ্ছে আপনারা কি মনে করেন, এটা কি মনগড়া, এটাকে মনগড়ার মতন করে, এভাবে করে আজকে জি.এস.ডি.পি. ১০শতাংশ হারে, তার থেকে আমরা বেশি আর্ন করতে পারি। যেখানে জি.ডি.পি. ৮.৫শতাংশ, বাংলায় কি করে জি.এস.টি. আজকে ১০শতাংশ, এটা কি মনগড়া ব্যাপার হতে পারে ? এটা কি অর্থনৈতিক দলিল নয় ? অতএব এখানে সেটাকে আমরা দেখতে পেয়ে, এই জায়গায় আমরা দেখতে পাচ্ছি যে আজকে যোজনা খাতে বৃদ্ধি ৭ গুণ হয়েছে। আজকে মুলধনী ব্যয় ১১গুণ, সামাজিক ক্ষেত্রে ব্যয় বৃদ্ধি ৫গুণ, রেগুলার বেসিসে আমরা উন্নয়ন সংগঠিত করতে পেরেছি। বাস্তব পরিকাঠামোর ক্ষেত্রে ৬গুণ, ফিসকাল ডেফিসিটটা ৪.২৪ শতাংশ থেকে নেমে এসেছে ২.৯৬, এটা আমরা আনতে সক্ষম হয়েছি। আজকে খাদ্যসাথী, স্বাস্থ্যসাথী এটা একটা অনবদ্য। আপনারা হিসাব করে দেখুন, স্বাস্থ্যসাথীর ক্ষেত্রে প্রত্যেকটা বাড়ী বাড়ী,

আপনারা কে কি দল করেন, জানার দরকার নেই, প্রত্যেকটি বাড়ীতে বাড়ীতে খোঁজ নিয়ে দেখুন, আজকে স্বাস্থ্যসাথীতে অন্তর্ভুক্ত করা হয়েছে ৭.০৫ কোটি মানুষকে। যারা এক লক্ষ থেকে পাঁচ লক্ষ টাকা পর্যন্ত যেখানে বড় বড় হাসপাতালে চিকিৎসা হচ্ছে, তারা সেই সুযোগসুবিধা ভোগ করছে। আজকে তেমনিভাবে সুপার স্পেশালিটি, বিনা খরচে ভাল চিকিৎসার সুযোগ পাচ্ছে। আজকে প্রাতিষ্ঠানিক প্রসব ৬৮ শতাংশ থেকে প্রায় ৯৯শতাংশয় উত্তীর্ণ হয়ে গেছে। সি.সি.ইউ. ৬৯শতাংশ, এস.এন.সি.ইউ. ৭০শতাংশ, আজকে এস.এন.এস.ইউ. তে সেখানে ৩০৭টি করে, ছোট ছোট শিশুগুলিকে বাঁচানোর জন্য বিশেষভাবে চেষ্টা হচ্ছে। সবুজ সাথী, ১কোটি সবুজ সাথী, সেই সাইকেলগুলো সবাই ব্যবহার করছে। এই সবুজ সাথীর সৌজন্যে আজকে মা-মাটি-মানুষের সরকার, এক কোটি সাইকেল দিতে সক্ষম হয়েছে। রূপশ্রী এক বছর চালু হয়েছে। যে কথা বলছেন, এক বছরে ৩.০৫লক্ষ মানুষ আজকে এই রূপশ্রীতে বিশেষভাবে সুযোগসুবিধা গ্রহণ করতে পেরেছে। বলতে পারেন, গরীব বাড়ীর বাবা মা যারা তাদের কন্যাকে বিবাহ দিতে পারেন না, তাদের জন্য মা-মাটি-মানুষের সরকারের মানবিক মূল্যবোধ যেভাবে করে দিয়েছেন যার জন্য এত মানুষকে পরিষেবা দেওয়া সম্ভব হচ্ছে। কন্যাশ্রীতে আজকে ৬০ লক্ষ ২৮ হাজার মেয়েরা যেভাবে সুযোগ পেয়েছে, বিশেষ করে মানবিক - ৩.৬৩ লক্ষ, যারা হ্যান্ডিক্যাপ্ড সেই সমস্ত ছেলে আজকে ১ হাজার টাকা করে প্রতি মাসে, আজকে এই টাকাগুলো দেওয়া সম্ভব হয়েছে। সেফ ড্রাইভ, সেভ লাইফ-এর মধ্যে দিয়ে ১৭.৭৫ শতাংশ উন্নয়ন করতে আমরা সক্ষম হয়েছি, এতে আমাদের যে দুর্ঘটনাগুলো ঘটছিল, তাকে আমরা কমাতে সক্ষম হয়েছি। সামাজিক সুরক্ষার ক্ষেত্রে অনবদ্য ইতিহাস যেটা এবারের বাজেটের সেসানে দেখতে পাবেন, কিভাবে করে সামাজিক সুরক্ষার ক্ষেত্রে ভারতবর্ষে অনন্য নজির তৈরি করে মা-মাটি-মানুষের সরকার, মমতা ব্যানার্জীর সরকার একটা সুযোগ করেছে।

কৃষির ক্ষেত্রে তো বলার উপায় নেই - আমরা কৃষি কর্মন উপাধিতে ভূষিত হয়েছি। ১ লক্ষ কৃষককে আমরা পেনশান দিতে সক্ষম হয়েছি। বুলবুল ঝড় নিশ্চয় বলতে হবে,বুলবুল ঝড়টা কয়েকদিন আগে অতিবাহিত হয়েছে, বাংলার বুকে বিশেষ করে সুন্দরবনের প্রত্যেকটি এলাকায় যেভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে মানুষের, আজকে কৃষক বন্ধুর মধ্যে দিয়ে তাদেরকে যেমন ১ একর জায়গার জন্য ৫ হাজার টাকা, দুটোর কাজ করে দেওয়া হয়েছে। তেমনি করে, এবারে যারা ক্ষতিগ্রস্ত হয়েছে বুলবুল ঝড়ে,তাতে প্রায় ৪০লক্ষ মানুষ আজকে তাদের নাম নথিভুক্ত করে সেখানে তাদেরকে সুযোগটা গ্রহণ করতে সক্ষম হয়েছে। এবং শুধু তাই নয়, এই কৃষক বন্ধু যারা মারা যাচ্ছে তাদের পরিবারের জন্য। প্রত্যেকটা পরিবারের জন্য দুই লক্ষ টাকা করে ইতিমধ্যে দেওয়া হয়েছে প্রায় ৪হাজার ৪৪৫জনকে এই টাকা আমরা দিতে সক্ষম হয়েছি। এমনিভাবে, বিভিন্নভাবে উৎকর্ষ বাংলা আজকে ভারতবর্ষে শুধু নয়, বিশ্বের দুনিয়ায় উৎকর্ষ বাংলা আজকে বিশেষভাবে সমাদৃত, সম্মানিত হয়েছে।

কোন ক্ষেত্রে আজকে পিছিয়ে গেছে ? এম,এস, এম ই,ছোট ছোট ক্ষুদ্র শিল্পের ক্ষেত্রে আজকে অনবদ্য ইতিহাস তৈরি করেছে। মাননীয় মন্ত্রী মহাশয় তিনি দায়িত্ব নিয়ে কাজকর্ম

করার ফলে এইভাবে উন্নয়ন সংগঠিত হয়েছে। বিশ্ব ব্যাঙ্কের কাছ থেকে মা-মাটি-মানুষের সরকার বিশেষভাবে দায়িত্ব নিয়ে যেসব জায়গায় আজকে বন্যা হয়, হাওড়া, হুগলি, বর্ধমান, সেই জায়গাগুলো থেকে বন্যা প্রতিরোধ করার জন্য কেন্দ্রীয় সরকারের বঞ্চনা সত্ত্বেও মা-মাটি-মানুষের সরকার এশিয়ান ব্যাঙ্ক থেকে আরম্ভ করে, বিশ্ব ব্যাঙ্ক থেকে টাকা ঋণ করে বন্যা প্রতিরোধের জন্য ব্যবস্থা গ্রহণ করছে। লোক প্রসার শিল্পীদের জন্য ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। কি করে নি আজকে এই বাজেট? সেই জন্য রাজ্যপাল তাঁর যে বক্তব্য এই বিবৃতির মধ্যে তুলে ধরার চেষ্টা করেছেন একে আন্তরিকভাবে সমর্থন করি এবং বাংলাকে উন্নত স্থানে পৌঁছে দেওয়ার জন্য মা-মাটি-মানুষের সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী যেভাবে আজকে ত্যাগ স্বীকারের মধ্য দিয়ে মানুষের কাছে পৌঁছে দিতে পেরেছেন তার প্রতি শ্রদ্ধা জানিয়ে এবং মাননীয় রাজ্যপালের ভাষণকে পূর্ণাঙ্গভাবে সমর্থন করে আপনাদের সকলকে আন্তরিক কৃতজ্ঞতা জানিয়ে আমার বক্তব্য শেষ করলাম। ধন্যবাদ, নমস্কার।

श्री मनोज तिग्गा : डिपुटी स्पीकर सर,विगत 7 फरवरी 2020 को माननीय राज्यपाल महोदय ने जो इस अगस्त हाउस में जो भाषण दिया उन्होंने उस भाषण का विरोध करते हुए मैं अपना बात रखना चाहता हूँ और विशेष करके मुझे इस समय बोलने के लिए जो समय दिया गया है उसके लिए मैं आपको डिपुटी स्पीकर सर तहेदिल से धन्यवाद देना चाहता हूँ। महामहीम राज्यपाल साहव ने इस सदन में जो अभिभाषण दिये है मैं चाय वगान का श्रमिक का बेटा हूँ,उस हिसाब से मैं कह सकता हूँ कि राज्यपाल जी इस अभिभाषण में जो उतर बंगाल की रीढ़ की हडठी मानी जाने बाली चाय उधोग उस चाय उधोग के बारे में एक शब्द भी उल्लेख नहीं किया गया हैं। वहाँ पर 15 चाय बगान अभी भी बन्द पड़े है। डिपुटी स्पीकर सर, मधु चाय बगान, बन्दापानी चाय बगान, ढेकला पाड़ा चाय बगान, लंकापाड़ा चाय बगान,बीर पाड़ा चाय बगान, मजमई चाय बगान, रेडबैंक चाय बगान, सुरेन्द्र नगर चाय बगान, धरमपुर चाय बगान, केरोन चाय बगान, बगराकोट चाय बगान, किलकोट चाय बगान, नगाश्री चाय बगान, मोनाबाड़ी चाय बगान, पानी घाटा चाय बगान। ये 15 चाय बगान आज भी बन्द पड़े हुए है। डिपुटी स्पीकर सर,लेकिन इस बन्द चाय वगान के बारे में एक शब्द का भी उल्लेख नही किया गया हैं। यहाँ पर कितने हजारों श्रमिकों की मौत हुई है। CAA में लोग मारे गये हैं या फिर अन्य राज्य में जाकर मारे गये है उनके लिए राज्य सरकार पैसा देती हैं, लेकिन चाय बगान में जो श्रमिक मारे जाते है उनका कोई खोज खबर भी नहीं रखा जाता हैं। आप देखिये डिपुटी स्पीकर साहब, बहुत दिन से जो लम्बित पड़े यहाँ पर जो minimume Wage की बात है, चाय बगान का जमीन की पटटा का बात हैं और भी बहुत सारे issue है जो कि यहाँ पर उल्लेख नहीं किया गया हैं एइसी बात का उल्लेख होना चाहिए था। लेकिन दुःख की बात है कि यहाँ पर इस बात का कोई उल्लेख नहीं किया गया है। बन्द चाय बगान होने के कारण वहाँ पर Human Trafficking मानव तस्करी का एक गिरोह तराई और डुअर्स क्षेत्र मे काफी फैले हुए है

और वहाँ से आदमियों को ले जाकर अन्य राज्य में बेचे जाते है। वहाँ पर लोग काम करने के लिए जाते है काम करने को तो जाते है लेकिन वो जिन्दा नहीं आते बल्कि उनका Death Body केरल से दिल्ली से हरियाणा से उनका घर में वापस आता है। डिपुटी स्पीकर सर, यह बहुत दुःख की बात है लेकिन राज्य सरकार दुसरों के लिए तो रुपया देती हैं लेकिन चाय श्रमिक मारे जाते है उनके बारे में राज्य सरकार सोचती नहीं हैं। सर, अब हमलोग चाय बगान की बात उठाते हैं तो राज्य सरकार कहती है कि यह तो केन्द्र का मामला है।

निश्चय ही केन्द्र का मामला है। मैं कहना चाहूँगा Tea Board और जो केन्द्र का मामला है वहाँ पर Tea Board है Tea Board वहाँ पर Development और Regulatory part देखती है लेकिन State Government का भी जिम्मेदारी बनता है कि Legal और Labour Welfare का बात रखे। लेकिन ज केन्द्र के वहपर सारा दोष लगा करके अपना जो Legal और Labour Welfare का काम करना चाहिये वो काम भी राज्य सरकार नहीं करती है। सर, यहाँ पर देखा गया है कि राज्यपाल साहब बोले हैं कि। inform you with pleasure that the law and order situation in the State was peaceful in the preceding year. सर,आप सन्देसखाली से जा करके मुर्सिदाबाद की जालंगी जा करके देखिये वहाँ की जमीन खुन से रंगा हुआ हैं। सर, राजनीतिक हिंसा मे लगभग 100 से ज्यादा लोग मारे जा चुके हैं। आप Panchayat Election से आ करके लोक सभा Election तक आज पूरे पश्चिम बंगाल में राजनीतिक हिंसा का माहौल हैं और लोग जितने भी विरोधी पार्टियाँ है उनको मिटिंग मिछिल करने नही देंगे। राज्य सरकार कहती है राज्यपाल साहब कहते है कि यहाँ पर गणतंत्र है। यदि गणतंत्र होता तो विरोधियों को क्यो मिछिल करने के लिए कोई मिटिंग करने के लिए कोई कार्यक्रम करने के लिए अनुमति नहीं दी जाती है। सर, यहाँ पर (शोरगुल)एक दिन पहले अलीपुरदवार में गण विवाह हुआ था। वहाँ पर गण विवाह गरीव आदिवासियों के लिए था। गरीव आदिवासियों के लिए जो शादी नही कर पाते है उनके लिए गण विवाह का आयोजन किया गया था लेकिन वहाँ पर पुलिस को लगा करके जो 250 जोड़े गरीब आदिबासी जो भाई बहन शादी नहीं कर पाते उनके लिए आयोजन किया गया था; उनको पुलिस अलीपुर द्वार के S.P. को लगा करके उनको जोर जबरदस्ती माझेर टाबरी मे T.M.C के झण्डे तले शादी कराया गया। यह आप देख लिजियेगा हमारे अरुप साहब वहाँ पर जाते है। आपको पता लग जायेगी क्या घटना घटा है। आप आदिवासी को इस तरह से डरा, करके -धमका करके क्योकि आदिवासी को डरा रहे है धमका रहे है क्योकि उतर बंगाल का SC/ST का पूरा वोट पिछले लोक सभा निर्वाचन में पूरा B.J.P के पक्ष में गया हैं। इसलिए आप पुलिस से डरा करके धमका करके उनका वोट हासिल नही कर सकते है बल्कि आप उनसे दूर चले जायेंगे,कुछ हासिल होनेबाला नहीं है तो इसलिए आपको जबाब भी मिला है। 8 मे से 7 सीट भारतीय जनता पार्टी जीत करके संसद में गई है। मैं बहुत ही ध्यान से यहाँ पर सुन रहा था दिल्ली- दिल्ली की बात करते है लेकिन मेरे हिसाब से आपलोग जो दिल्ली की बात करते है उनको यहाँ M.L.A का टिकट नहीं देकर के M.P. का टिकट, देना चाहिये ताकि पार्लियामेन्ट में जाकर के भाषण दे सके। सब लोग यहाँ बोलते है कि दिल्ली मे Election जो लोग बोलते है उनका हश्र क्या हुआ है वो भी मैं आपलोगों को बताना चाहता हूँ किसको कितना प्रतिशत वोट मिला हैं। मैं 1998 जब अटल बिहारी बाजपेयी जी 13 दिन के प्रधानमंत्री थे और उनका 1 वोट से सरकार गिर गया था उस समय कॉग्रेस के लोग उनके ऊपर पर हँसे थे उस समय सदन में अटल बिहारी वाजपेयी जी ने खड़ा होकर के कहा था कि जो लोग आज मुझ पर आज हँस रहे है आने बाले समय में भारतीय जनता पार्टी पूर्ण बहुमत के साथ दिल्ली में आयेगी और पूरा देश काँग्रेस के उपर में हॅसेगा इसी कारण 2014 में N.D.A की सरकार पूर्ण बहुमत के साथ में आई दुसरी बार स्वयं B.J.P अकेले 303 सीट ले कर पूर्ण बहुमत के साथ केन्द्र में है। तो जो लोग कहते है कि यहाँ पर केजरीवाल जी जीत कर आये आज सुबह में कुछ नेता जाने के लिए तैयार थे कि हमलोग को वहाँ पर शपथ समारोह में आमन्त्रित किया जायेगा लेकिन आज सुबह केजरीवाल साहव ने कहा कि हम किसी भी विरोधी को जो 16 तारिख शपथ ग्रहण समारोह का आयोजन

किया गया है हम किसी भी विरोधी दल को शपथ ग्रहण समारोह में आमन्त्रित नहीं करेगें। उन्होंने कह दिया हैं। जहाँ तक भाषण में कहा गया है कि शिक्षा व्यवस्था के बारे में डिपुटी स्पीकर सर मै आपके माध्यम से बताना चाहूँगा क्या हाल है ? मेरे ही इलाके में दो स्कुल जुनियर स्कुल बन्द है जो कि दुसरे स्कुल मे चले गये है तो शिक्षा का भी बुरा हाल हैं लेकिन बार -बार कहा जा रहा है कि शिक्षा का अवस्था अच्छा है। थोड़ा सा समय लूंगा कि जो राज्यपाल साहब के भाषण देने के लिए आये थे कि सर, एक तरफ चिन्ता का विषय था कि राज्यपाल साहब क्या कहेंगे एक तरफ खुशी का माहौल था। एक तरफ चिन्ता, का माहौल था उसके ऊपर मै दो लाइन बोलना चाहूँगा कि कुण्डली में शनि दिमाग में मनी

और जीवन में दुश्मनी तीनो ही हानिकारक होती हैं। बदला लेने में मजा क्या है मजा तो तब आता है जब आप सामने बाले को ही बदल दे। समझदार व्यक्ति वो नहीं है जो ईट का जबाब पत्थर से देते है बल्कि समझदार व्यक्ति तो वो है जो फेके हुए ईटों से अपना आशियाना बना लेते है। तो मै इस राज्यपाल जी के अभिभाषण को विरोध करते हुए अपनी बात को यही समाप्त करता हूँ।

[2:10 – 2:20 p.m.]

শ্রী অরূপ বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বি.জে.পি-র পরিষদীয় নেতা মনোজ টিপ্পা বক্তব্য রাখলেন। আমি ওনার বক্তব্য শুনলাম,আমি শুধু ওনার কাছ থেকে একটা জিনিস জানতে চাই, মাননীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছিলেন কেন্দ্রীয় সরকার নর্থ বেঙ্গলের সাতটি চা-বাগানকে অধিগ্রহণ করবেন। সে বিষয়টা যদি আপনার বক্তব্যের মধ্যে উল্লেখ থাকতো তাহলে আমি খুব খুশী হতাম।

শ্রী সওকত মোল্লা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে, পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল যে প্রতিবেদন এই হাউসে পাঠ করেছেন তার উপরে যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে পূর্ণাঙ্গ সমর্থন করছি এবং সকল বিরোধী ও সরকার পক্ষের সদস্যদের ধন্যবাদ জ্ঞাপন করছি। স্যার, ধন্যবাদ জ্ঞাপন করছি মহামান্য রাজ্যপালকে, তিনি তাঁর বক্তব্যে রাজ্যের যে প্রকৃত উন্নয়ন, সেই প্রকৃত ছবিটাকেই তিনি তুলে ধরার চেষ্টা করেছেন।

আমি ধন্যবাদ জানাচ্ছি মাননীয় রাজ্যপাল মহাশয়কে যে বিশেষ করে আমাদের রাজ্যের মাননীয় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে গত কয়েক বছর ধরে যে সার্বিক উন্নয়ন সেই উন্নয়নের রূপরেখা তিনি অনেকটা তুলে ধরেছেন। এবং সেই সঙ্গে সঙ্গে আমাদের দেশের সরকার যে সরকারের নেতৃত্বে গোটা দেশ জুড়ে অরাজকতা চলছে, বিশৃঙ্খলা চলছে দেশের স্বাধীনতা সার্বভৌমত্বকে জলাঞ্জ দিয়ে,দেশের সংবিধানকে অবমাননা করে স্বদেশী মানুষদের বিদেশী বানানোর যে চক্রান্ত সাম্প্রদায়িকতার নাম করে গোটা দেশ জুড়ে হিংসা ও যে আতঙ্কের পরিবেশ তৈরি করছে সেই বিষয়টা মাননীয় রাজ্যপাল কিছুটা তুলে ধরার চেষ্টা করেছেন এবং সঙ্গে সঙ্গে আমাদের প্রজ্ঞালব্ধ মাননীয় মুখ্যমন্ত্রীর নেতৃত্বে গোটা রাজ্য জুড়ে যে শান্তির পরিবেশ তৈরি হয়েছে সেই বিষয়টা তিনি তুলে ধরার চেষ্টা করেছেন। আমরা এক্ষুনি বক্তব্য শুনছিলাম

আমাদের বি.জে.পি. - র মনোজ টিগ্গা সাহেবের যিনি রাজনৈতিক হিংসার কথা বলেছেন। আমি ভারতীয় জনতা পার্টির নেতাদের একটা প্রশ্ন করতে চাই আপনার মাধ্যমে যে গত কয়েক দিন আগে আমরা জানি, যে, ভারতবর্ষ হলো গণতান্ত্রিক দেশ, এখানে প্রত্যেকটি মানুষের রাজনৈতিক আন্দোলনের অধিকার আছে। উত্তর প্রদেশে CAA বা NRC নিয়ে যে আন্দোলন, সেখানে যে ৩০ জন মানুষকে গুলি করে খুন করা হলো,বেশ কিছু মানুষকে নির্বিচারে গুলি চালিয়ে তাদেরকে মৃত্যুর মুখে ঠেলে দেওয়া হলো। এটা কি রাজনৈতিক হিংসা নয়? আমরা প্রশ্ন করতে চাই, আজকে আমরা জানি যে স্বাধীনতার আগে আমাদের দেশের ব্রিটিশ সরকার, তৎকালীন শাসন কর্তা ব্রিটিশ সরকার। গোটা দেশ জুড়ে, শিক্ষা থেকে,স্বাস্থ্য থেকে,পরিকাঠামো থেকে শুরু করে সাধারণ মানুষের ওপরে নির্বিচারে একটার পর একটা আগ্রাসী মনোভাব নামিয়ে এনেছিলো। আজকে সারা দেশ জুড়ে যেভাবে শিক্ষা ক্ষেত্রে ছাত্রছাত্রীদের ওপর যে আক্রমণ নামিয়ে আনা হয়েছে আজ জামিয়া মিলিয়া বিশ্ববিদ্যালয়, সেখানে নির্বিচারে বি.জে.পি. সরকারের পুলিশ সেখানে ক্যাম্পাসের মধ্যে ঢুকে তছনছ করে দিয়েছে। জওহরলাল নেহেরু ইউনিভার্সিটির ছাত্রছাত্রীরা আক্রান্ত হয়েছে। তাদের ওপরে নির্বিচারে মারধোর করা হয়েছে। হায়দ্রাবাদ ইউনিভার্সিটির ছাত্রছাত্রীরা মার খেয়েছে। গোটা দেশ জুড়ে যারা হিংসার পরিবেশ তৈরি করছে। তাদের মুখ থেকে অন্তত বাংলায় রাজনৈতিক হিংসা শব্দটা মানায় না কারণ আমরা মনে করি, যে পশ্চিম বাংলায় গত ৮ - ৯ বছর ধরে বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় যেভাবে প্রশাসনটাকে পরিচালনা করছেন আমরা যারা হিন্দু-মুসলমান,খ্রিস্টান,আদিবাসী যারা আছি আমাদের বিভিন্ন পরবগুলো হয়। ইদ হয়, মিলাদ হয়, জলসা হয়, লক্ষ্মী পুজো,কালি পুজো থেকে শুরু করে সরস্বতী পুজো থেকে শুরু করে বিভিন্ন পরব হয়, ছট পুজো থেকে শুরু করে বিভিন্ন পুজো পার্বণ হয়। বলতে পারবেন যে কোনো জায়গায় এতটুকু হিংসা সেখানে হয়েছে। ল অ্যান্ড অডার সেখানে ব্রেক করেছে। বরং এটা বলা যায় যে বি.জে.পি. -র নেতা থেকে শুরু করে কিছু বিরোধী রাজনৈতিক দল আছে তারা বিভিন্ন ভাবে উস্কানি দিয়ে এই বাংলার আইন শৃঙ্খলাকে বিভিন্ন ভাবে একটা বিপথে পরিচালিত করার চেষ্টা করেছে। একটা বিষয়, আমাদের রাজ্যে বেশ কিছু বিরোধী দল আছে, তার মধ্যে দুটি ভাগে ভাগ। একটা জোট হলো কংগ্রেস আর সিপিএম, যাদের মূলত কাজ হলো যে রাজনৈতিক বন্ধুত্বের পরিবর্তে, রাজনৈতিক শত্রুতা করা। ভাল কাজ করলে বিরোধিতা করবেন, খারাপ কাজ করলেও বিরোধিতা করবেন। আর, আর একটা দল আছে, বিজেপি যাদের কাজ হলো গোটা বাংলা জুড়ে সাম্প্রদায়িকতার আবহাওয়া তৈরি করা। হিন্দু - মুসলমানদের মধ্যে দাঙ্গা বাধিয়ে দাও। আদিবাসী মুসলিমদের - হিন্দুদের মধ্যে দাঙ্গা বাধিয়ে দাও। মসজিদ ভেঙে দাও, মন্দির ভেঙে দাও, গির্জা ভেঙে দাও, গুরুদোয়ারা ভেঙ্গে দাও গোটা বাংলা জুড়ে অস্থিরতা তৈরি করো। কাউকে গুলি করো, কাউকে পুঁতে ফেলো বিভিন্ন সময়ে এক এক সময়ে এই ধরণের কথা বলে আজকে গোটা বাংলার পরিবেশকে এক অস্বস্তির দিকে ঠেলে দেওয়ার এক গভীর চক্রান্ত করছে। ঠিক সেই সময়ে আমাদের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এক অভিনব উদ্যোগ নিয়ে আমাদের রাজ্যের ডেভেলপমেন্ট থেকে শুরু করে সর্ব ক্ষেত্রে এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করছেন।

[2:20 – 2:30 p.m.]

স্যার, আমরা জানি আমাদের দেশের সরকার নোটবন্দি থেকে শুরু করে জিএসটি যেটা একটা হিটলারি সিদ্ধান্ত, সেটা প্রথম বিরোধিতা করেছিল আমাদের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। যে বিষয়টা রাজ্যপালের ভাষণে উঠে এসেছে, যে নোটবন্দির ফলে ১৫৬ জনের মৃত্যু। নিজেরা বেলাইন হয়ে যাচ্ছে আর মানুষকে লাইনে দাঁড় করিয়ে দিচ্ছে। জিএসটি'র ফলে আজকে গোটা দেশজুড়ে সাধারণ মানুষের নাভিশ্বাস হচ্ছে, নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম বাড়ছে এবং সেই সঙ্গে সঙ্গে প্রত্যেকটা জিনিসের উপরে কর বসানো হচ্ছে। ফলে সাধারণ মানুষের আজকে নাভিশ্বাস। এবং এর বিরুদ্ধে মানুষ যখন রাস্তায় দাঁড়িয়ে লড়াই করছে, তখন আমরা লক্ষ্য করছি যে, বিরোধী রাজনৈতিক দলগুলি বিভিন্ন কথা বলে মানুষকে অন্য দিকে নিয়ে যাওয়ার চেষ্টা করছে। স্যার, আমরা যারা কৃষক পরিবারের সন্তান, আমি ধন্যবাদ জানাব মমতাদিদিকে - স্বাধীনার পরে সর্বপ্রথম পশ্চিম বাংলায় কোনো একটি সরকার - কারণ আমরা জানি, পশ্চিম বাংলায় কখনও কংগ্রেসের সরকার, কখনও যুক্ত ফ্রন্টের সরকার, কখনও বামফ্রন্টের সরকার এসেছে। এই প্রথম পশ্চিম বাংলায় মা-মাটি মানুষের সরকারের নেতৃত্বে আজকে বাংলা ৮০ থেকে ৮৫ শতাংশ কৃষি পরিবারের মানুষ আমরা বসবাস করি। রাজ্যের মুখ্যমন্ত্রীর নেতৃত্বে আজকে যে কৃষক বিমা, কৃষকদের চাষবাস নষ্ট হলে তার ক্ষতিপূরণ। সঙ্গে সঙ্গে কৃষকবন্ধু প্রকল্প যা কৃষকদের মুখে অনেকটা হাসি এসেছে, একর প্রতি পাঁচ হাজার টাকা। এবং বিশেষ করে আমরা লক্ষ্য করি যে যখন কৃষকের বাড়ির কোন guardian বা কোন সদস্য মারা যান, ওই পরিবারটা অনেকটা ফ্রাসট্রেটেড হয়ে যায়। তাদের পাশে দাঁড়াবার কেউ থাকে না। কিন্তু আমাদের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়, আজকে যেমন একর প্রতি পাঁচ হাজার টাকা, কেউ মারা গেলে তাকে দুই লক্ষ টাকা তাদের সহায়তা দেওয়ার কথা ঘোষণা করেছেন। যেটা অনন্য নজির বলে আমরা মনে করি। আমাদের দুই-একজন বন্ধুরা বলছিলেন যে, 'রূপশ্রী'র কথা। স্বাধীনতার পরে তো অনেক সরকার এসেছে তাহলে কেন 'রূপশ্রী' প্রকল্প তৈরি করান, কেন 'সবুজসাথী' প্রকল্প তৈরি করে নি। কেন আজকে ৪৫-৪৬টা স্কীম কেটে রাজ্য সরকার করছে। তৎকালীন সরকার কেন এ ভাবে মানুষের পাশে এসে দাঁড়ায় নি। সেই কথা আপনারা বলবেন না, কারণ আমরা জানি - বিরোধিতা করতে হয় তাই বিরোধিতা। আমরা মনে করি যে এর ফলে বাংলার মানুষকে বিপথে পরিচালিত করা যাবে না এবং আমরা লক্ষ্য করছি, যে বিশেষ করে গত পার্লামেন্ট ইলেকশানের পর বেশ কিছু দিন আমরা দেখেছি কংগ্রেস আর সিপিএম' এর মধ্যে একটা বড় লম্বা-চওড়া হাসি ছিল,অন্য দিকে,বিজেপি কিন্তু তিনটে উপনির্বাচনের পর অনেকটা চুপসে গেছে বলে আমরা মনে করি। তার কারণ আগামীদিনে পশ্চিম বাংলায় মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে সার্বিক উন্নয়নকে সামনে রেখে পশ্চিম বাংলার তৃতীয় বারের জন্য মা-মাটি-মানুষের সরকার আসবে,এটা আমরা নিশ্চিতভাবে মনে করি। এই কথা বলে সবাইকে নমস্কার জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী শিউলি সাহা : সম্মাননীয় ডেপুটি স্পিকার স্যার, এক যুগান্তকারী ঐতিহাসিক সময়ের প্রেক্ষাপটে দাঁড়িয়ে মহামহিম রাজ্যপালের অধিভাষণের উপর আমাকে বলতে দেওয়ার

জন্য আমি কৃতজ্ঞ। রাজ্যপালের অভিভাষণের পরিপ্রেক্ষিতে যদি সামগ্রিক ভাবে ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে অর্থনৈতিক স্থিতিবস্থার তুলনা করা যায়,তাহলে দ্বীপ্তকণ্ঠে,দ্বিধাহীন কণ্ঠে আমি ঘোষণা করতে পারি,অসম অর্থনৈতিক বৈষম্য সত্ত্বেও এই সরকার,উন্নয়নের সরকার,পশ্চিমবঙ্গ সরকার এগিয়ে চলেছে। রাজ্যের যোজনা খাতে ব্যয়,মূলধনী ব্যয়,অভ্যন্তরীণ উৎপাদন, মূল উৎপাদন এবং সামাজিক খাতে ব্যয় - এটা দৃঢ় সত্য, শহর-নগর সভ্যতা থেকে শুরু করে গ্রামীণ অর্থনীতিকে,অর্থনৈতিক শৃঙ্খলাকে রক্ষা করতে আমার সরকার বদ্ধপরিকর এবং তৎপর। স্যার, গোটা দেশের অর্থনৈতিক বৃদ্ধির হার যখন তলানিতে গিয়ে ঠেকেছে,দুই হাত তুলে ভিক্ষাবৃত্তি যখন সরকারি বিভিন্ন সংস্থাগুলি বেসরকারি সংস্থার কাছে ভিক্ষাবৃত্তি করছে, বেসরকারিকরণের নাম করে অর্থমন্ত্রী,কেন্দ্রীয় সরকারের অর্থনৈতিক যে অবস্থা উলঙ্গ রাস্তাতে অর্থনীতিকে দাঁড় করিয়েছে মোদি সরকার।

ঠিক সেই মুহূর্তে আমাদের সরকার, আমাদের মা-মাটি মানুষের সরকার তার ব্যতিক্রমী সত্ত্বা দিয়ে নতুন নতুন প্রকল্প ঘোষণার মধ্য দিয়ে মানুষের কাছে তার দায়বদ্ধতাকে প্রমাণ করে নব স্বর্ণযুগের সূচনা করেছে। স্যার, আমরা কি দেখতে পাচ্ছি, জি ডি, পি, কোট গোটা ভারতবর্ষ জুড়ে যখন পাঁচ পার্সেন্ট, তখন মা-মাটি-মানুষের সরকারের শ্বেতপত্র প্রকাশের মধ্য দিয়ে আমাদের উন্নয়নের যে কথা রাজ্যপালের অভিভাষণের মধ্য দিয়ে ব্যক্ত হয়েছে, আমাদের মুখ্যমন্ত্রী ব্যক্ত করেছেন, তা সম্পর্কে বিরোধীদের কোয়েশ্চেন থাকতে পারে, কিন্তু সত্যকে সত্য হিসাবে গ্রহণ করতে হয়। কারণ, আমাদের জিডিপি কোট ১০.৪% ইমরানভাই।

(ভয়েজ : ডি.এ ?)

ডি.এ, ডাল ভাত খেয়ে তোমাদের নিঃস্ব করে দেওয়া বাংলাকে বাঁচিয়ে রেখেছে মমতা ব্যানার্জী। মাছ ভাত, মাংস ভাত খাওয়ার সময় আছে। বেতন পাচ্ছে ১লা তারিখে। রাজ্য সরকার শিক্ষাকর্মী থেকে শিক্ষকদের আট তারিখে বেতন দিচ্ছে, যেটা তোমরা দিতে না,৩৪ বছরের সরকার। ভারতবর্ষের রাষ্ট্রীয় সরকার যখন বেসরকারিকরণের মাধ্যমে বণিকের মানদন্ড নবরূপে রাজদন্ড হিসাবে আমাদেরকে উদ্রেক করছে, ভয়ের দেখা দেবে, দেশকে বেচে দেওয়ার কল্পনা করছে, তখন আমার নেত্রী, আপনার মুখ্যমন্ত্রী, বাংলার জননেত্রী, আগামী দিনে ভারতেবর্ষের চালিকা শক্তি হবেন, সেই মুখ্যমন্ত্রী বিভিন্ন প্রকল্পের মধ্য দিয়ে কখনও 'ঐক্যশ্রী', কখনও 'সবুজ সাথী', কখনও 'কন্যাশ্রী', কখনও 'জাগো', কখনও' আনন্দধারা', কখনও 'সাথী', কখনও 'বাংলাশ্রী', কখনও 'জয় জওয়ান', কখনও 'হাসির আলো', কখনও 'বন্ধু', কখনও শিক্ষা ক্ষেত্রে ১২ থেকে ৪২ বিশ্ববিদ্যালয়, কখনও 'চা সুন্দরী'। বি. জে. পি. বন্ধু বলছিলেন, টিগ্গাজী উত্তরবঙ্গে থাকো, বাংলায় আসো, নিশ্চিতভাবে বাংলা বিগত দিনে কি ছিল, আজকে কি হয়েছে, সেটা প্রত্যক্ষ করছ। মিডডে মিল থেকে শুরু করে, শিক্ষা থেকে বিনা মূল্যে স্বাস্থ্য তোমার এলাকার লোক পাচ্ছে। আমি এসটি। তুমিও এসসি বা এসটি। নিশ্চিতভাবে জানো আমাদের জন্য এই সরকার যা করেছে, বিগত দিনে কোন সরকার করে নি, এমনকি তোমার কেন্দ্রীয় সরকার বিভিন্ন রাজ্যে করে নি। বরঞ্চ দলিত বলে, তাদের অসম্মান করে তাদেরকে পুড়িয়ে মারা হচ্ছে। তাদেরকে

সামনের সারিতে বসতে দেওয়া হয় না। লজ্জা করুক তোমার, তুমি একজন দলিত সম্প্রদায়ের মানুষ। স্যার, 'সমব্যথী', 'বৈতরণী' - এগুলো আমরা দেখেছি,আমরা দেখেছি 'মানবিক', একটা মানুষ যদি মানবিক না হয়, প্রতিবন্ধীদের 'মানবিক' এই প্রকল্পের মধ্য দিয়ে তাদেরকে উত্তোলন করার চেষ্টা করা হয়েছে। ভারতবর্ষের অধিকাংশ রাজ্য যখন বন্ধ্যা ভূমিতে তৈরি করছে কৃষি বনানী,এই ভারতবর্ষকে তখন আমার সরকার কৃষি ক্ষেত্রে সংস্কার এনে দিয়ে, আমার সরকার ভূমি সংস্কার বিভিন্ন আইনের মধ্য দিয়ে কৃষি ক্ষেত্রে এক যুগান্তকারী পদক্ষেপ এনেছে। আমাদের ছ' বারেরও বেশি কেন্দ্রীয় সরকার কৃষির জন্য পুরস্কৃত করা হয়েছে। আমরা একশো দিনের কাজেও পুরস্কৃত হয়েছি।ই-টেন্ডারিংয়ে পুরস্কৃত হয়েছি। সংখ্যালঘুদের স্টাইপেন্ড দেওয়ার ক্ষেত্রে আমরা পুরষ্কৃত হয়েছি। আমরা একের পর এক ক্ষেত্রে পুরস্কৃত হচ্ছি। তোমার কেন্দ্রীয় সরকার পুরস্কৃত করছে। 'কন্যাশ্রী' বিশ্বের দরবারে পৌঁছেছে। ভারতবর্ষের মুখ উজ্জ্বল করেছে। মুখ উজ্জ্বল করেছে মোদী, লজ্জা হয় না, লজ্জা থাকুক। স্যার, আমাদের মনে রাখা উচিত, বনধ আর হরতালকে কেন্দ্র করে ৩৪ বছরের সি, পি,এম, সরকার টিকেছিল 'গাড়ীর চাকা ঘুরছে না, ঘুরবে না' - সেই পথকে রুখে দিয়ে আমাদের সরকার একটা দিনও কর্ম দিবস নষ্ট করে নি। আমরা পুরস্কৃত হয়েছি স্যার। কর্মমুখর বাংলা - আমরা প্রতিশ্রুতিবদ্ধ, আমরা করতে চাই। নিশ্চিতভাবে, অর্থনৈতিকভাবে যারা দুর্বল, তাদেরকে আমরা বিভিন্ন পর্যায়ে বাসস্থানের মধ্য দিয়ে 'নিজস্বী' তার মধ্যে অন্যতম। আমাদের আধুনিক প্রযুক্তিতে নারী এবং যুব অথাৎ যুবক-যুবতীদের এই শিক্ষায় শিক্ষিত করে তুলছি স্যার।

[2:30 – 2:40 p.m.]

অনেকগুলো পয়েন্টস্ ছিল স্যার। সবুজ আলো জ্বলে গেছে। আমি বলতে চাই, এক গভীর সঙ্কটময় মুহূর্তের মধ্যে আমরা এসে দাঁড়িয়েছি। সংখ্যাগরিষ্ঠ দল সরকার গঠন করে। সব গণতন্ত্রের এই অনিবার্য সত্য এটাই। কিন্তু এটাও সত্য সংখ্যালঘিষ্ঠদের, মোর্চাদের সম্মান বিশেষ করে তাৎপর্যপূর্ণ। তাই আমার মুখ্যমন্ত্রী প্রথম অধিবেশন ২০১১ তে যখন হয়েছিলেন তখন বিরোধীদের সুযোগ করে দেন। বিরোধীদের অতিরিক্ত সময় দেন। তিনি তা প্রমাণ করেন। কিন্তু কেন্দ্র কি করছে স্যার? কেন্দ্র কি করছে? যে ভাবে অসহিষ্ণুতাকে আমদানি করে ধর্মীয় মেরুকরণের মধ্য দিয়ে কুৎসিত্ ধর্মীয় যে দাঙ্গা বাঁধানোর চক্রান্ত করছে, সাম্প্রদায়িক দাঙ্গা লাগানোর চেষ্টা করছে। আর আমরা তা লক্ষ্য করছি স্যার। একের পর এক, দেখুন - গ্যাস। আমরা মেয়েরা রান্না করি, গ্যাস জ্বালাতে পারছি না। আজ ছ'শো, কাল সাতশো, কাল আটশো আজকে তো হাজার টাকার গ্যাস। এ ক'দিনে গ্যাসের দাম বাড়িয়ে দিয়েছে। দেখতে পেলেন দিল্লির নির্বাচনে ঝাড়ু দিয়ে পদ্মকে ঝাটিয়ে দিয়েছে। তিনটি উপনির্বাচনে বাংলার মানুষ ঝাঁটা মেরেছে মোদি সরকার, অমিত সরকারদের গালে তখন তাদের লজ্জা হয় না। ঝাড়খন্ডে হেরেছো। লজ্জা থাকুক তোমাদের। স্যার, আমি শুধু বলতে চাই, যখন আমরা অন্ন চাই, বস্ত্র চাই, জনতা চায় অন্ন আর বস্ত্র সীমান্তে বেজে ওঠে যুদ্ধের বাদ্য। এরা যুদ্ধ যুদ্ধ খেলা দিয়ে মানুষকে ভুলিয়ে রাখতে চাই। তাই এইরূপ মুহূর্তে আমি আপনাদের কাছে এই সভায় সবাইকে আহ্বান

করবো - আসুন, অন্ধকার মুছে দিয়ে আসুক দিশার আলো, আজ একসাথে এই ভারতে সংহতির প্রদীপ জ্বালো। মন চাই সব মুছে যাক, কুসংস্কার দূরে থাক, বিভেদের আইন বাতিল করে মুছে দাও সব কালো, হোক সবাকার আলো। নমস্কার, ধন্যবাদ।

Shri Tanmoy Bhattacharya : ধন্যবাদ স্যার। আমাদের রীতি অনুযায়ী মাননীয় রাজ্যপাল। রাজ্য সরকার কর্তৃক লিখিত ভাষণ বিধানসভায় পাঠ করবেন এবং সেই লিখিত ভাষণ বিধানসভায় পাঠ করবার শেষে রাজ্য সরকারের পক্ষ থেকে, বিধানসভার পক্ষ থেকে সেই ভাষণের জন্য তাঁকে অভিনন্দন জানানো হবে। এটা রীতি। রাজ্য সরকার যে ভাষণ প্রস্তুত করে দেবেন সেই ভাষণে যদি অসত্যের আশ্রয় নেন রাজ্যপালকে সেই অসত্যই পাঠ করতে হবে। এটাই আমাদের সাংবিধানিক বাধ্যবাধকতা। রাজ্যপাল ভাষণে বলেছেন তিনের পাতায়, গুরুতর অশান্তির ঘটনা ঘটেনি। আমি সরকার পক্ষের বিধায়কদের দৃষ্টি আকর্ষণ করবো, আপনারা সকলেই কি এক মত? ভাটপাড়া গুরুতর ঘটনা না? আমি আপনাদের দৃষ্টি আকর্ষণ করবো, আপনারা সকলেই কি নিশ্চিত, জলঙ্গি কি গুরুতর ঘটনা না? যদি আপনারা সকলেই নিশ্চিত হন তাহলে আপনারা হাত তুলে সমর্থন করুন আমরা আপত্তি করবো না। কিন্তু আপনাদের নিশ্চয়তাটাকে আপনারা অনুগ্রহ করে প্রকাশ করবেন। স্যার, এটা কি কোনো কৃতিত্ব? সব বক্তা বলছেন, শিউলিদেবীও বললেন, আগের বক্তারাও বলেছেন, সমিরবাবুও বলেছেন। আমাদের রাজ্যে সাড়ে দশ কোটি মানুষের ভেতর ন'কোটি ষোলো লক্ষ মানুষ - রাজ্যপাল বলছেন, আপনারা এত অর্থনৈতিক উন্নয়ন দাবী করছেন, রাজ্যের অবস্থা বদলেছে বলছেন - আমি জানি না, রাজ্যপালের ভাষণ পড়ে বলছেন কিনা, তিনের পাতার শেষ পরিচ্ছেদটা প্রথম থেকে পড়ুন, সমাজের প্রান্তিক এবং আর্থিক ভাবে দুর্বল শ্রেণির মানুষদের জন্য খাদ্য নিরাপত্তা সুনিশ্চিত করার লক্ষ্যে 'খাদ্যসাথী' চালু করা হয়েছে, মোট ন'কোটি ষোলো লক্ষ উপকারভোগী।

তার মানে মাননীয় রাজ্যপাল বলছেন ৯ কোটি ১৬ লক্ষ মানুষ এই রাজ্যে প্রান্তিক এবং আর্থিক ভাবে দুর্বল শ্রেণির। যদি বাংলা মানে আপনারা বোঝেন তাহলে এই বাংলা মানেটাকে আপনারা চিৎকার করে সমর্থন করছেন। আপনারা যদি সমর্থন করেন, আপনারা সংখ্যাগরিষ্ঠ, সেটাই অনুমোদিত হবে। সমর্থনের আগে আপনারা ভেবে নিন যেটাকে সমর্থন করছেন সেটা আপনাদের ব্যাখ্যার সঙ্গে মেলে কিনা। আর, এর মধ্যে দিয়ে তো মাননীয় রাজ্যপাল আসলে মাননীয়া মুখ্যমন্ত্রীকে অপমান করলেন। গতকাল মাননীয়া মুখ্যমন্ত্রী বাঁকুড়ায় প্রশাসনিক সভায় বলেছেন 'জনগণের এত ক্ষোভ কেন?' তিনজন পুরপ্রধানকে তিনি ধমক দিয়েছেন। তার মানে মাননীয়া মুখ্যমন্ত্রী মনে করছেন, আমি মনে করি সঠিক ভাবেই মনে করছেন, জনগণের ক্ষোভের কারণ আছে। যারা দায়িত্বপ্রাপ্ত তারা সঠিক কাজ করছেন না। তাহলে এটা যদি মাননীয়া মুখ্যমন্ত্রী মনে করেন সরকারের সেই কথাটা মাননীয় রাজ্যপালের ভাষণে আসে না কোন ম্যাজিকে? আমি এটা উপলব্ধি করতে পারছি না স্যার, আমাকে বুঝিয়ে দিয়ে সাহায্য করবেন।

এটা ঠিকই স্যার, উন্নয়ন হচ্ছে। উন্নয়ন হচ্ছে না আমরা কেউ বলছি না। প্রশ্ন হচ্ছে, উন্নয়নটা আমরা দেখতে পাচ্ছি কোথায় ? আপনি যদি সমুদ্র দেখতে চান তাহলে আপনি দীঘায়

যাবেন। আপনি যদি পাহাড় দেখতে চান তাহলে দার্জিলিঙে যাবেন। কিন্তু মুশকিল হচ্ছে উন্নয়ন দেখতে চাইলে তৃণমূলের কাউন্সিলরদের বাড়িতে যেতে হবে, তৃণমূলের পঞ্চায়েত প্রধানদের বাড়িতে যেতে হবে। আর কোথাও গেলে আপনি উন্নয়ন দেখতে পাবেন না স্যার। এই দুটো জায়গা ছাড়া উন্নয়ন আর কোথাও নেই।

মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছেন 'সরকার কাজ করেছে। বুলবুল ঘূর্ণিঝড় আকস্মিকভাবে এসেছিল। আমরা প্রস্তুত ছিলাম না। বুলবুল ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্ত বাসন্তীর উত্তর চুনাখালি দাসপাড়ার বাসিন্দা একজন গৃহবধু ক্ষতিপূরণ চাইতে গিয়েছিলেন। তাঁকে মোটর সাইকেলে তুলে নিয়ে গিয়ে ধর্ষণ করা হয়েছে। যিনি করেছেন তাঁর নাম দুর্গা দাস। তৃণমূল কংগ্রেসের কর্মী। RSS-র দুর্গা মহিলা কিন্তু এই দুর্গা TMC-র যে দুর্গা এই কাজ করলেন তার জন্য কী শাস্তি হয়েছে তা আমরা কেউ এখনও জানি না স্যার।

স্বাস্থ্য খাতে আপনারা অনেক সাফল্যের কথা বলছেন। আমি প্রথমে আপনাদের কথা মেনে নিতে চাই। ৪২টা সুপার স্পেশালিটি হাসপাতাল। মেনে নিলাম। ১৮টা মেডিকেল কলেজ। মেনে নিলাম। কিন্তু স্যার, আমার কাছে সব রেকর্ড আছে বলে যেতে পারি তবে ১৩ মিনিটে সম্ভব না। জবাব দেবার সময় শুধু একটা প্রশ্নের উত্তর চাইবো - ৪২টা সুপার স্পেশ্যালিটি এবং ১৮টা মেডিকেল কলেজের মধ্যে মাত্র একটার নাম বলবেন যেখানে অনুমোদিত পদ অনুযায়ী ডাক্তার আছেন, অনুমোদিত পদ অনুযায়ী নার্স আছেন, অনুমোদিত পদ অনুযায়ী টেকনিশিয়ান আছেন। জবাব দেওয়ার সময় একটার নাম বলবেন। হিম্মৎ বুঝে নেবো। সেই তথ্য আপনার মুখের ওপর ছুঁড়ে দেবো চ্যালেঞ্জ জানিয়ে রাখলাম।

প্রাতিষ্ঠানিক প্রসবের হার কমেছে। কবে কমে নি স্যার? ১৯৪৭ সাল থেকে ২০২০ সাল পর্যন্ত একটা বছর বের করুন যে বছর কমে নি। প্রসূতি মৃত্যুর হার কমেছে। কবে কমে নি স্যার? কোন সরকারের আমলে কমে নি ? সভ্যতার অগ্রগতির বৈজ্ঞানিক নিয়ম এটা। তাহলে উন্নয়নকে মাপতে হয় কিসে ? কমেছে বলে না, কমবার হার কত সেটা দেখে। যদি দেখা যায় কমবার হারের ক্ষেত্রে আমরা তামিলনাড়ু থেকে পিছিয়ে, আমাদের সমমাপের রাজ্য, যদি দেখা যায় কমবার হারের ক্ষেত্রে আমরা মহারাষ্ট্রের থেকে পিছিয়ে, আমাদের সমমাপের রাজ্য, যদি দেখা যায় কমবার হারের ক্ষেত্রে আমরা কেরালার থেকে পিছিয়ে, আমাদের অর্ধেক রাজ্য, ওড়িষ্যার থেকে এগিয়ে, অসমের থেকে এগিয়ে, বিহারের থেকে এগিয়ে তাহলে এটা স্যার বাংলার সাফল্যের পরিচায়ক নয়।

স্যার, মাননীয় রাজ্যপাল বলেছেন স্কুল ছুট কমছে।

[2:40 – 2:50 p.m.]

স্যার, ঠিক বলেছেন, ভুল বলেন নি। কিন্তু যেটা বলেন নি সেটা হচ্ছে মাধ্যমিক পরীক্ষার্থীও কমছে। স্যার, স্কুল ছুট কমছে। রাজ্যপাল বললেন না সরকারি স্কুল ছাত্রাভাবে ধুকছে। অসরকারি স্কুলে বাড়তি ছাত্র ভর্তি হচ্ছে। অসরকারি স্কুল বাড়ছে, রাজ্যপালের ভাষণের মধ্যে

নেই। গতকাল শীলভদ্রবাবু তিনি অত্যন্ত সঠিকভাবে সুজিতের প্রশ্নের উত্তর দিয়েছিলেন। ঠিকই তো ওয়াকফ বোর্ড মোয়াজ্জেম ভাতা দেয়, ইমাম ভাতা দেয় আমরা সবাই জানি স্যার। আমার শুধু বিনম্র জিজ্ঞাসা ঘোষণাটা ওয়াকফ বোর্ড করে নি কেন? ঘোষণাটা মাননীয়া মুখ্যমন্ত্রী করেছিলেন কেন? করেছিলেন তো একটা শ্রেণিকে, একটা সম্প্রদায়কে বাড়তি তোল্লাই দিয়ে বিজেপির হাত শক্তিশালী করার জন্য। আজকে ব্যাকলাশ বুঝতে পারছেন তাই ওয়াকফ বোর্ডের ঘাড়ে চাপাচ্ছেন। সেইদিন কেন মুখ খোলেননি? ঘোষণা করেছিলেন ইমাম ভাতার কথা, মোয়াজ্জেম ভাতার কথা। সরকার যে টাকা দেবে না তার কৃতিত্ব কেন নিতে গিয়েছিলেন সেদিন। 'সবুজ সাথী' প্রচুর সাইকেল দিচ্ছেন, কোনটা কতদিন চলছে হিসেব রাখছেন না। বাজেট অ্যালোকেশনটা এসসি, এসটি ফান্ড থেকে কেন স্যার? স্যার, রাজ্যপাল যেদিন ভাষণ দিলেন মাননীয় উপাধ্যক্ষ আছেন সেদিন অধ্যক্ষ ছিলেন। এই প্রথম স্যার দেখলাম রাজ্যপালের ভাষণের সময় ইলেকট্রনিক্স প্রচার মাধ্যম নেই। আশা করি কালকে মুখ্যমন্ত্রীর ভাষণের সময় থাকবে এবং সেটা লাইভ হবে। কিন্তু রাজ্যপালের ভাষণের সময় ছিল না। এই প্রিসিডেন্টটা তৈরি করবার খুব প্রয়োজন ছিল কিনা সরকার একটু ভেবে দেখবেন। স্যার, রাজ্যপালের ভাষণে সব আছে *** নেই কেন? *** নেই কেন? আসলে কি স্যার, মোদী সাহেব সহায় হলে যে সিবিআই অসহায় হয় তা যেরকম আমরা জানি সেরকম রাজ্যপালও জানেন। তাই তিনিও কি অসহায় হয়ে পড়লেন?

মিঃ ডেপুটি স্পিকার : বিচার বিভাগীয় শব্দ যেগুলো আছে সেগুলো বাদ যাবে।

শ্রী তন্ময় ভট্টাচার্য : কোনটা তাহলে অসাংবিধানিক? কোন কথাটা অসাংবিধানিক? *** অসাংবিধানিক? *** অসাংবিধানিক? মাননীয় ডেপুটি স্পিকার আপনার অধিকার নেই অসাংবিধানিক বাদে অন্য শব্দ বাদ দেওয়ার। শাসক দলের চিফ হুইপের ইচ্ছায় শব্দ বাদ যায় না। তাহলে বলুন *** অসাংবিধানিক শব্দ? *** অসাংবিধানিক শব্দ বলুন, আমি মেনে নেব। ঘোষণা করুন অসাংবিধানিক। শাসক দলের চিফ হুইপের কথায় শব্দ বাদ যায় না। এটা বিধানসভা, এটা নবান্ন না। এটা বিধানসভা। কোনটা অসাংবিধানিক? বলতে হবে *** অসাংবিধানিক, *** অসাংবিধানিক। না হলে বাদ যাবে না থাকবে, চ্যালেঞ্জ করছি আমি আপনাকে, থাকবে। শাসক দলের চিফ হুইপ নির্দেশ দেবে আর আপনি বাদ দিয়ে দেবেন? স্পিকারের চেয়ারে বসে আছেন কেন তাহলে? স্যার কর্মসংস্থান, কর্মসংস্থান নিয়ে অনেক কথা বলেছেন। বনধ বন্ধ করে দিয়েছেন। ৭৩ টা বনধ করেছিলেন ভুলে গেছেন? আচ্ছা স্যার শুধু বনধে কাজ হয় না কর্মসংস্থান নষ্ট হয়? ছটে তিনদিন ছুটি, দুর্গাপুজোয় ১৫ দিন ছুটি, সরস্বতী পুজোয় ৫ দিন ছুটি। স্যার, কর্মদিবস নষ্ট হয় না? এই যে এক অদ্ভুত অঙ্ক চলছে আমাদের রাজ্যে সেই ডিএ প্রসঙ্গটায় ফিরে আসতে হবে। একটা গোয়েন্দা গল্প বেরিয়েছে স্যার বাজারে। একজন ভদ্রলোক ওড়িশার বর্ডারে থাকেন। বাড়িতে তিনি একা আর তার বাড়িতে একটা কাজের লোক আছে। প্রত্যেকদিন তিনি দেখেন বিকেলবেলায় তার বাড়িতে দরজাটা খোলা থাকে, অথচ দরজাটা ভেতর থেকে বন্ধ করেন। তার পরের দিনই গোয়েন্দা ডাকলেন। গোয়েন্দা এসে দেখছে কোন পায়ের ছাপ

*** উপাধ্যক্ষের আদেশক্রমে বাতিল।

নেই। গোয়েন্দা এসে দেখছে কেউ ঢুকেছে বেরিয়েছে কোনো হিসেব নেই। জিজ্ঞেস করলেন ভদ্রলোককে কাউকে দেখতে পান না? বললেন এই যে বইয়ের রেকটার পাশে একটা ঘামে ভেজা পিঠের ছাপ পাওয়া যায়। ভদ্রলোক ওড়িশা বর্ডারে, ওনার বাড়ি ওড়িশায়। জিজ্ঞেস করলেন গোয়েন্দা আপনার প্রতিবেশী কোনো পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের কর্মচারীকে চেনেন? বললেন হ্যাঁ স্যার চিনি, কিন্তু তিনি তো মারা গেছেন। বললেন তিনি আসেন অতৃপ্ত আত্মা হয়ে। ওদেরই একমাত্র পিঠ দেওয়ালে ঠেকে গেছে। তাই ওদেরই পিঠের ছাপ লাগা থাকে আপনার দেওয়ালের ভেতরে। তাই ডি.এ. টা ফিরিয়ে আনুন নাহলে দেওয়ালে পিঠের ছাপটা থেকে যাবে। আপনাদের পিঠটাও দেওয়ালে ঠেকে যাবে, উপায় থাকবে না। ধন্যবাদ।

শ্রী সমীর চক্রবর্তী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের ষোলতম বিধানসভার পঞ্চদশ অধিবেশনে পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল শ্রী জগদীপ ধনখড় কর্তৃক প্রদত্ত ভাষণকে প্রথমে সম্পূর্ণভাবে সমর্থন করছি। আমি আমার পূর্ববর্তী বক্তার বক্তৃতাটা মন দিয়ে শুনছিলাম। একটু ভাবছিলাম কি নিয়ে বলা যায় প্রতিপক্ষে উনি আছেন, উনি আমার পূর্ববর্তী বক্তা অনেক কথা বললেন সেই কথার তো উত্তর দেওয়ার প্রয়োজন আছে। আমি প্রথমে রাজ্যপালের এই ভাষণকে সম্পূর্ণভাবে সমর্থন করছি। তন্ময়বাবু প্রথা এবং রীতি দিয়ে শুরু করলেন, আমি সেখান থেকে ওনার কথার উত্তর দেবো। সেই স্বাধীনতার পর থেকে রীতি হয়ে আছে উনি যেটা বললেন না দিল্লিতে কেন্দ্রীয় সরকার লিখিত যে ভাষণটা দেয় রাষ্ট্রপতি সেটা পড়েন, এটা আপনি বললেন না। ঠিক একইভাবে, রাজ্য সরকার যেটা লিখিতভাবে ভাষণ তৈরি করে দেন রাজ্যপাল সেটা পড়েন, সেটাও রীতি।আপনাদের ৩৪ বছরের রাজ্যকালে এই রীতিটা বলবৎ ছিল।এই বলতে বলতে দিল্লিতে ০.৩% ভোট পেয়েছেন। কোন লজ্জায় মুখ আছে একটা কথা বলুন তো কংগ্রেসকে সঙ্গে নিয়ে তো জোটের কথা বলছেন। ২০১৬ সালে যে জোটের মধ্যে দিয়ে এখানকার বিধানসভার নির্বাচন, আমরা বিধায়ক হয়েছি তৃণমল থেকে। আর কংগ্রেস-সিপিএম-এর জোট বাধা - পলিটব্যুরোর রিপোর্টটা কি হল জোটটা সঠিক না বেঠিক। রিপোর্টটা বেরিয়েছি। সেন্ট্রাল কমিটির রিপোর্টটা বেরিয়েছে। উত্তরটা দিন এই সদনকে। অস্তিত্ব রক্ষার সংকটে পড়ে গেছেন। মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, তন্ময়বাবু বলেছেন উন্নয়ন দেখা যাচ্ছে না। দেখা নাকি যাচ্ছে শুধু তৃণমূল কংগ্রেসীদের বাড়িতে গেলে। আসলে ওনার তো দোষ নেই, ৩৪ বছরে উন্নয়নের মানে ছিল চন্দন আর নন্দন। এ ছাড়া তো উন্নয়ন দেখেন নি ৩৪ বছরে। এই উত্তরটা দিতে পারেন তন্ময়বাবু। মনে পড়ে উন্নয়নের নাম ছিল চন্দন আর নন্দন। আমি আর বিশদ ব্যাখ্যায় যাচ্ছি না। আপনি আইন শৃঙ্খলার কথা বলছেন। কেন রাজ্যপালের ভাষণে রাজ্য সরকারের আইন শৃঙ্খলার কথা নেই। ভাটপাড়ার কথা পূর্ববর্তী বক্তা টানলেন। আমি শুধু তন্ময়বাবু আপনাকে বলছি, আপনি ভাটপাড়ার ঘটনা টেনে আনলেন। গত ৩৪ বছরের রাজ্যপালের একটা ভাষণে মরিচঝাঁপি উল্লেখ পেয়েছে। বানতলার মহিলা অনিতা দে তাঁকে ধর্ষণ করে খুন করেছিলেন, উল্লেখ হয়েছে। আমি জানতে চাইছি আপনার কাছে। উত্তর দিন না। তার কারণ এই করতে করতে ঐ যে একটা পিঠের ছাপের গল্প বলছিলেন না - ঐ ছাপটা

হচ্ছে মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির। পশ্চিম বাংলায় ৭% তে নেমেছেন, আর ভারতবর্ষে ০.৩% নেমেছেন, আগামী বার মুছে যাচ্ছেন।

[2:50 – 3:00 p.m.]

আবার বলছি বস্তা পচা রাজনীতির ভেতর থেকে বের হন। তার কারণ ৫০ সালের যা রাজনীতি আর আজও একই রাজনীতি, ওই বনধের বন্ধ্যাত্ব রাজনীতি দিয়ে হয় না। মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকারকে দেখে শিখুন, উন্নয়ন শেষ কথা বলে। সেখানে ধর্মান্ধতাও শেষ কথা বলে না। সেখানে অত্যাচারীরাও শেষ কথা বলে না। দিল্লির নিবার্চন দেখলেন না। তন্ময়বাবু, আপনি তো সারদা নিয়ে চেঁচাচ্ছিলেন, আপনার উত্তরটা দিচ্ছি। সারদার কথা কেন উল্লেখ নেই, আপনি সে কথা বলছেন। তন্ময়বাবু, সারদাটা তৈরি কোন সালে ? কাদের হাত দিয়ে তৈরি ? একটু তারিখটা বলুন, একটু জবাবটা দিন। আর নারদার কথা বললেন। ২০১৬ সালের মার্চ মাসের ১৪ তারিখে প্রথম, আমি আবার বলছি তারিখ ধরে, নির্বাচনের প্রক্রিয়া শুরু হয়ে গেছে, নির্বাচন চলছে, মার্চ মাসের ১৪ তারিখে টেলিভিশনে দেখানো হল। মমতা বন্দ্যোপাধ্যায় তার উত্তরে বলেছিলেন বাংলায় ঘুরে ঘুরে। কুৎসার জয় হবে, না উন্নয়নের জয় হবে, মানুষ আপনাদের কুৎ সাকে দূরে ফেলে দিয়ে উন্নয়নকে আর্শীবাদ করে ২১১টি আসনে তৃণমূল কংগ্রেসের প্রার্থীদের জিতিয়ে নিয়ে এসেছিলেন। উত্তর আছে ? জনগণ শেষ কথা বলে। জনগণের রায়টাই শেষ কথা। সারদা এবং নারদা আপনাদের ইস্যু ছিল। টেলিভিশন এবং সংবাদমাধ্যমের ইস্যু ছিল ২০১৬ সালে। শুধু তাই নয়, মাননীয়া বিধায়িকা স্মিতা বক্সী এখানে বসে আছেন। দুর্ভাগ্যবশতঃ সেই সময় পোস্তাতে একটা ব্রীজ ভেঙ্গে পড়েছিল। সেটাকেও ইস্যু হয়েছিল। মানুষ কিন্তু ওনাকে নির্বাচিত করেছিল। মমতা বন্দ্যোপাধ্যায়ের প্রার্থীদের নির্বাচিত করে প্রত্যেকে বলেছিল সি.পি. এম, কংগ্রেস এবং বি.জে.পি.র কুৎসার বিরুদ্ধে মানুষ উন্নয়নের সঙ্গে আছে। ঠিক যেভাবে, এই তো তিনদিন আগে দিল্লিতে ধর্মান্ধতার বিরুদ্ধে, উন্নয়নের পক্ষে রায় দিল দিল্লির মানুষ, একটা ঐতিহাসিক রায়। ওই নির্বাচনে আপনারাও প্রতিদ্বন্দ্বিতা করেছিলেন। ০.৩% ভোট পেয়েছেন তন্ময়বাবু, সেটা মনে আছে তো ? আর মাননীয় বিধায়ক শংকর মালাকারকে বলছি, আপনি ৪% এ নেমেছেন। আর টিগ্গাভাই কিছুক্ষণ আগে চা বাগানের কথা বলছিলেন। দু'টাকা কেজি দরে চা-বাগানে চাল কে দিয়েছে, বি.জে.পি.র সরকার না মমতা ব্যানার্জী, উত্তরটা দিন। ওখানে বিনা পয়সায় চিকিৎসার ব্যবস্থা কে করেছে ? বি.জে.পি.র সরকার না মমতা ব্যানার্জী ? কোথায় গেল নরেন্দ্র মোদীর প্রতিশ্রুতি, সাতটা চাবাগানকে অধিগ্রহণ করবে কেন্দ্রীয় সরকার, কোথায় গেল প্রধানমন্ত্রীর সেই প্রতিশ্রুতি, জবাবটা দিন। কতদিন মানুষকে ধোকা দেবেন। দিল্লির নিবার্চন মিটে গেল, ২৪ ঘণ্টা কাটল না। গ্যাসের সিলিন্ডার ১৫০ টাকা বেড়ে গেল। এই প্রশ্নগুলোর উত্তর দিতে হবে। আমি জানি আজকে এখানে রাজনীতির কথা বলার দরকার ছিল না। রাজ্যপালের ভাষণের উপরেই বক্তব্য ছিল। আপনারা বাধ্য করলেন যে প্রশ্নগুলো আপনারা এখানে তুলে দিয়ে গেলেন, সেই প্রশ্নগুলো কোন প্রতিবাদ যদি না করা যায়, সেটাই তাহলে ওই গোয়েবেলসের থিওরি একটা মিথ্যাকে একশো বার বল, সেটাই সত্যে রূপান্তরিত হবে, হিটলারের জন্ম হবে।

এক দিকে অমিত শাহ একটা অসত্যকে একশোবার বলে সেটাকে সত্যে রূপান্তরিত করছেন। আর একদিকে কংগ্রেস এবং বি.জে.পি, জগাই আর মাধাই, যদি একশো বার মিথ্য বল, সেটাই সত্যে রূপান্তরিত হবে। আজও বলে যাচ্ছি পশ্চিম বাংলায় আগামী নিবার্চনে উন্নয়নের সঙ্গে ধর্মান্ধতার লড়াই হবে। উন্নয়নের সঙ্গে অশুভ আঁতাতের লড়াই হবে, কংগ্রেস এবং সিপিএম এখন থেকে প্রস্তুত থাকুন। তন্ময়বাবু বলছিলেন দেওয়ালে পিঠ ঠেকেছে, দেওয়ালে পিঠ আপনাদের ঠেকেছে, এবার সিঁদ কেটে ঢুকতে হবে, তার জন্য প্রস্তুত থাকুন, আগামী দিন ভয়ংকর। এই কটি কথা বলে আমাকে বলার জন্য মাননীয় ডেপুটি স্পিকার সাহেবকে ধন্যবাদ জানিয়ে, রাজ্যপালের ভাষণকে সম্পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী আসিফ মেহবুব : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ভারতীয় সংবিধানের **১৭৬** নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের ষোড়শ বিধানসভার পঞ্চদশ অধিবেশনে মাননীয় রাজ্যপাল শ্রী জগদীপ ধনখড় মহাশয় যে ভাষণ গত ৭ই ফেব্রুয়ারি, ২০২০ তারিখে দিয়েছেন, সেখানে তাঁর ভাষণে অনেকগুলি অনুচ্ছেদ রয়েছে।

তার মধ্যে সবথেকে যে জায়গায় উনি আশঙ্কা প্রকাশ করেছেন শেষের দিকে **১৫-১৬** পাতায় সেই জায়গাটা আমরা একদমই অস্বীকার করতে পারি না। বর্তমানে ভারত তথা আমাদের বাংলার যে পরিস্থিতির মধ্যে আমরা দাড়িয়ে আছি, যে পরিবেশে আমাদের জন্ম, আমাদের কর্ম সেই পরিবেশ কোথায়ও যেন একটা জায়গায় নষ্ট হয়ে যাচ্ছে। বৈচিত্র্যের মধ্যে ভারতের ঐক্য আমরা রচনাতে লিখেছি, রচনাতে পড়েছি, বিশ্বাস করেছি। আজকে সেই বিশ্বাসের জায়গায় কোথায় যেন একটা অভাব বোধ করছি আমরা। যেখানে হয়তো জ্ঞানের আলো পৌছায়নি সেই সব জায়গাতেও কিন্তু কিছু সুবিধাবাদী মানুষ তারা সুযোগ খুঁজছেন। এই সুন্দর সুস্থ বাংলার পরিবেশকে নষ্ট করে দেওয়ার। সাম্প্রদায়িক সম্প্রীতি, ভাই-বন্ধু তাদের মধ্যে প্রেম-প্রীতি তা নষ্ট হয়ে যাক এবং তাতে রাজনৈতিক ফায়দা হোক। আজকে আমাদের যুদ্ধ অনেক কিছুর বিরুদ্ধে শুধু NRC, NPR, CAA তার বিরুদ্ধে নয়। অশিক্ষার বিরুদ্ধে, বেকারত্বের বিরুদ্ধে বাংলা তথা ভারতবর্ষের আগামী দিনের যে নাগরিক তারা যাতে সুশিক্ষা পায় তার জন্য আমাদের লড়াই। চালাতে হবে। এই প্রশ্নটা বারবার আসে যে এই ধরনের সুযোগ আমাদের বাংলায় বি.জে.পি তথা ভারতীয় জনতা পার্টি এবং আরও বেশ কিছু দল তারা পাচ্ছে কেন ? কিছু দলকে দেখা যাচ্ছে সংখ্যালঘু এলাকার মানুষদের প্রভাবিত করবার চেষ্টা করছে। সংখ্যালঘু এলাকায় তাদের বুঝিয়ে দেওয়া যাচ্ছে তাদের ধর্ম, তাদের নিরাপত্তা আজকে নেই। কোন একটা জায়গায় নিশ্চয়ই অভাব হচ্ছে। প্রশাসনিক জায়গায় হোক অথবা আমাদের মানসিক জায়গাযতেই হোক সেই হতাশা, ক্ষোভ আমাদের যুব সম্প্রদায়কে অবশ্যই গ্রাস করছে। দিনের পর দিন নিয়ে যাচ্ছে অন্ধকারে। আমার আগের বক্তা সমীরবাবু তিনি খুব উচ্চাঙ্গের এক বক্তব্য দিলেন। কিন্তু আমাদের মনে হয় রাজ্যপালের ভাষণের সঙ্গে তার মিল খুব যৎ সামান্য। তাই আমি বলতে চাই আজকে যখন সারা বাংলা উন্নয়নের জোয়ারে ভেসে যাচ্ছে কিন্তু সারা বাংলা পাহাড় থেকে জঙ্গল প্রত্যেকটা জায়গায় প্রত্যেকটা মানুষের অভাব, যারা পিছিয়ে পড়ে আছে তাদের এগিয়ে নিয়ে

যাওয়ার প্রয়াস তারা করছেন আর আপনারা সরকার পক্ষ বারবার বলছেন আপনারা এগিয়ে আসুন। আপনারা বলছেন গণতন্ত্রে বিশ্বাস করি আমরা, গণতন্ত্রের সঙ্গে থাকুন। কিন্তু আমরা যারা বিরোধী পক্ষের বিধায়ক তথা জনপ্রতিনিধি বিভিন্ন এলাকাতে যেখানে আমাদের বাস সেখানে প্রত্যেকটা সরকারি অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। কয়েক বছর আগে দেখতাম আমাদের হয়তো কার্ডে নাম থাকত না। বর্তমানে দেখছি সেখানকার আমন্ত্রণ পত্রটা হারিয়ে গেছে। আমাদের অপমানিতবোধ করতে হয়। এই ঘরের বাইরে গেলে বিরোধী, অন্য দল, তাদের মত, তাদের আদর্শ সেই জায়গায় কিন্তু গণতন্ত্র লুণ্ঠিত হচ্ছে। আমরা যখন দেখি বিধানসভায় আমাদের মন্ত্রী মহোদয়রা, আমাদের মাননীয় সদস্যরা তারা দাবি করেন যে অমুক কাজ হয়ে গেছে। প্রথম চাহিদা অবশ্যই আমাদের সকলের জীবন। সেখানে আমরা যখন দেখি স্বাস্থ্য পরিষেবা - যেখানে সরকার পক্ষ থেকে দাবি করা হচ্ছে ৪২টা super speciality /hospital এখানে তৈরি হয়েছে। কিন্তু বারবার আমরা এটাই দাবি করছি তার মূল কাঠামোটা এখনও পর্যন্ত তৈরি হয় নি। সেখানে যতজন ডাক্তার, যতজন নার্স পরিষেবার জন্য প্রয়োজন, কর্মচারী প্রয়োজন এখানে যথেষ্ট সংখ্যাক নয়। দেখবেন প্রত্যেকটা হসপিটালে প্রত্যেক দিন কোথায়ও না কোথায়ও অশান্তি চলছে। রোগীর পরিবার তারা হয়তো আহত হচ্ছেন, পরিষেবা পাচ্ছেন না, তারা বিভোক্ষের স্বীকার হচ্ছেন। আমার বিধানসভা কেন্দ্র চাঁচোলে সেখানে একটি super speciality hospital আছে। সেখানে যে ventilation, CCU unit আছে সেখানে কোন technician নেই। মালদা জেলা সদর থেকে যদি কেউ আসেন তবে সেখানে রোগী থাকতে পারে। মালদা জেলা সদর হসপিটালে, Malda Medical College -এ যেখানে মাত্র দশটি bed রয়েছে সেখানে waiting list -এ প্রায় ৭০ থেকে ৮০ জন মানুষের নাম। অতএব একজন কেউ যাবেন, একজন কেউ সেখান থেকে সরবেন তবে আর একজন ventilation এর সুবিধা পাবেন, CCU-এর সুবিধা পাবেন। এই জায়গা গুলি অবশ্যই রাজ্য সরকারের দেখা দরকার যার উল্লেখ অবশ্যই আগামী দিনে আমরা রাজ্যপালের ভাষণে চাই।

[3:00 – 3:10 p.m.]

আমরা চাইব অবশ্যই যে,মালদা জেলা আপনারা জানেন কলকাতা থেকে অনেক দূরে, শিলিগুড়ি থেকেও দূরে। সেখানে হার্টের যদি কোন পেসেন্ট থাকে তাকে অতো কিলোমিটার দূর থেকে যদি তার প্রাণের আশা থাকে তবে সে বাঁচবে, না হলে সে মরবে। সেখানে হার্টের কোন নিয়মিত চিকিৎসা নেই। সেখানে ও.টি-তে কোন ব্যবস্থা নেই। সপ্তাহে মাত্র দু'জন – একজন ডাক্তারবাবু আসেন এবং তিনি সারা সপ্তাহেই চিকিৎসা করেন। রোগীরা সেখানে ভিড় করে থাকেন। আমাদের এই পরিষেবা আমাদের অধিকার। এটা আমরা চাই।আমরা দেখেছি গণতন্ত্র কাকে বলে। গণতন্ত্র আমরা দেখেছি আমাদের মালদা জেলার মহকুমা শহর চাঁচোল, যেখানে দীর্ঘদিনের দাবি যে সেখানে একটা পৌরসভা করার। আপনার এই মহতী সদনে দাঁড়িয়ে বারবার আমরা এই দাবি করেছি আমাদের এলাকার মানুষের স্বার্থে জনপ্রতিনিধি হিসাবে। সেখানে কিন্তু আজ পর্যন্ত কর্ণপাত করা হয় নি। যেখানে আমরা দেখেছি অন্যান্য জেলাতে, যেখানে নতুন

মহকুমা তৈরি হয়েছে। পৌরসভা সেখানে পরিষেবা দিচ্ছে অথচ সেখানকার মানুষ না ড্রেনেজের সুবিধা পাচ্ছে, না রাস্তাঘাটের সুবিধা পাচ্ছে, না সেখানে পৌরসভার কোন সুবিধা পাচ্ছে। তাই মালদা জেলা, মালদা সদর থেকে প্রায় ৮০ কিলোমিটার দূরে এই যে শহরটি, সেখানে আগামিদিনে পৌরসভা হবে কিনা আমরা আশঙ্কা বোধ করছি। মাননীয় রাজ্যপালের টেবিল থেকে সেই ফাইল কিন্তু আজকে আর খুঁজে পাওয়া যাচ্ছে না। আমরা অবশ্যই আমাদের মিডিয়ার মাধ্যমে দেখতে পাচ্ছি এবং বিভিন্ন খবরের কাগজে মাধ্যমে দেখছি যে, বিভিন্ন জায়গাতে এই রাজ্যে নারী নিগ্রহের পরিমাণ দিনের পর দিন বাড়ছে। অদ্ভুত ধরণের মানসিকতা তৈরি হচ্ছে। আমি বলব যে বেকার যুবকদের হতাশার জায়গা থেকে তা তৈরি হয়েছে। আমরা যখন দেখি আমাদের জেলাতে যখন বন্যা হল ২০১৭ সালে,সেখানে প্রচুর হাজার - হাজার মানুষ তারা বেঘর হল, তাদেরকে অনুদান দেওয়া হল সরকার থেকে। কিন্তু সেখানে দেখা যাচ্ছে যার অ্যাকাউন্টে, যারা নামে আসা উচিত তা কিন্তু আসে নি। তাদের কারোর বাড়ি গুজরাটে, কারোর বাড়ি মধ্যপ্রদেশের অ্যাকাউন্টে, বিহারের অ্যাকাউন্টে সেখানে তাদের অ্যাকাউন্টে টাকা জমা হয়ে গিয়েছে। আমরা অভিযোগ জানিয়েছি স্থানীয় বি.ডি.ও,- কে,অভিযোগ জানিয়েছি ডি.এম,- কে। তাদের এনক্যোয়ারীতে কোন ভুল কিন্তু আজ পর্যন্ত ধরা পড়ে নি। আমরা অবশ্যই চাই যে, এই মানুষের প্রত্যেকদিনের চাহিদা, এই দুর্নীতিগুলোকে বন্ধ করা হোক। যেখানে আজকে পঞ্চায়েত সদস্যরা যারা ভাবছেন যে দুর্নীতি করে তাঁরা শুধু দলবাজি করে বেঁচে যাবেন তাদেরকে অবশ্যই উপযুক্ত শাস্তি দেওয়া হোক। তবেই গণতন্ত্র রক্ষা হবে এখানে। আমরা দেখেছি বনধ্ এর দিন যখন সারা ভারতবর্ষে বনধ্ পালন হল, মালদা জেলা সুজাপুরে কিন্তু গণ্ডগোল হয়েছে, অশান্তি হয়েছে। তাই রাজ্যপালের এই দাবিকে আমরা কখনই স্বীকার করতে পারব না। প্রশাসন নিজে থেকে দাঁড়িয়ে থেকে সেখানে অন্যায়ভাবে মানুষকে সেখানে আঘাত করেছে, গাড়ি ভাঙচুর করেছে, ব্যবসায়ীদের দোকান ভাঙচুর করেছে, সি.সি. ফুটেজে তার প্রমাণ আছে। তা মানতে বাধ্য হয়েছেন সেখানকার এস.পি,যে, 'এটা আমাদের দোষ, আমাদেরই লোক। আজকে তাদের উপযুক্ত শাস্তি দিতে হবে এবং এই ধরনের মানসিকতাকে যদি ঠিক না করতে পারে তাহলে আগামি দিনে এই পশ্চিমবঙ্গকে বি.জে.পি-র আগ্রাসন থেকে বাঁচাতে পারবে না। আমরা অবশ্যই দাবি করব দীর্ঘদিন ধরে যে ডি. এ -র জন্য প্রত্যাশা নিয়ে এখানকার সরকারি কর্মচারীরা যে দাবি করে আসছেন, আন্দোলন করছেন, তাদের এই দাবি পূর্ণ হোক, তাদের এই আশা পূর্ণ হোক। বিরোধী দলের সকলেই এই দাবির পিছনে, এই দাবির সমর্থনে অবশ্যই আছি। প্রচুর - প্রচুর পদ আজকে খালি পড়ে আছে। দপ্তরগুলোতে ঠিকঠাক কাজ হচ্ছে না। সেখানে কীভাবে আমরা সন্তোষ প্রকাশ করতে পারি ! যে প্রকল্পগুলো হচ্ছে, সেগুলো ঠিকঠাকভাবে যাতে হয় সেটা দেখতে হবে। আমরা যখন দেখি যে অনুদান প্রকল্পগুলোতে যখন রাজ্য সরকার থেকে অনুদান দেওয়া হয় তখন যে ফর্ম আসছে সেখানকার মানুষ ফর্ম ফিল আপ করছে। কিন্তু সেখানে দেখা যাচ্ছে অনুদান যখন তাঁরা নেবেন, তারা যখন ঋণ নেবেন, সেইসময় আশেপাশের যে ব্যাঙ্কগুলি তারা যথেষ্ট পরিষেবা পাচ্ছে না। ব্যাঙ্কের ফিল্ড অফিসাররা দিনের পর দিন তাদেরকে ঘোরাচ্ছেন,

ব্যাঙ্কগুলোতে ঘুরিয়ে তাদের আশাকে হতাশায় পরিণত করছে। ফলে বাধ্য হয়ে অন্য রাজ্যে তারা চেষ্টা করছে ব্যবসা করার, চেষ্টা করছে বাইরে কাজ করে জীবিকা নির্বাহ করে তাদের পরিবারকে চালানোর। তাই আমি বলব যে, এই রাজ্যের মহামান্য রাজ্যপাল যে ভাষণ তিনি এখানে দিয়েছেন, তা অবশ্যই রাজ্য সরকারের লিখিত। কিন্তু আজকে তিনি বাইরে মিডিয়াতে যা প্রকাশ করছেন সেখানে তিনি কখনই এটাকে সমর্থন করছেন না। তার কারণ আজকে রাজ্যে স্কুল, বিশ্ববিদ্যালয়, সেখানে আজকে যে পরিবেশ তৈরি হচ্ছে, সেখানে বিশ্ববিদ্যালয়ের যিনি আচার্য তাঁকে বিশ্ববিদ্যালয়ে জায়গা দেওয়া হচ্ছে না, আমন্ত্রণ পত্রে তাঁর নাম থাকছে না। অতএব আমি মনে করি রাজ্যপাল নিজেই এই কথায় বিশ্বাস করেন না, তাঁর নিজের ভাষণে বিশ্বাস করেন না। তাই আমি এই ভাষণকে সমর্থন করতে পারছি না। আমাকে এখানে বলার সুযোগ দেওয়ার জন্য মাননীয় উপাধ্যক্ষ মহোদয়কে ধন্যবাদ জানাই।

শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী : অনুপস্থিত

শ্রী সুজিত চক্রবর্তী : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, ১৭৬ নং অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের ষোড়শ বিধানসভার পঞ্চদশ অধিবেশনে ৭ই ফেব্রুয়ারি, ২০২০ পশ্চিমবঙ্গের রাজ্যপাল শ্রী জগদীপ ধনখড় যে ভাষণ দিয়েছেন তার উপর আলোচনা করতে গিয়ে বলতে চাই ৫ নং পাতাতে বলা আছে ১৮টি মেডিক্যাল কলেজে ও হাসপাতালে বহির্বিভাগে অনলাইন বুকিং চালু হয়েছে। স্যার, খুব ভালো কথা। এই অনলাইন বুকিং চালু হওয়ার পরে হসপিটালে গিয়ে দেখেছেন কি অবস্থা হয়েছে? স্ট্যাম্প দেওয়ার জন্য আবার একটা ৫০০-৭০০ লোকের লাইন হচ্ছে। এতে গরিব মানুষের কি লাভ হচ্ছে? আমাদের বাঁকুড়া মেডিক্যাল কলেজ এই ১৮টা মেডিক্যাল কলেজের মধ্যে আছে। বাঁকুড়া মেডিক্যাল কলেজে অনলাইন হয়েছে ঠিকই, কিন্তু বাম আমলে বাঁকুড়া মেডিক্যাল কলেজে নিউরোসার্জারি ডিপার্টমেন্ট ছিল। নিউরোসার্জারি ডিপার্টমেন্টটা বাঁকুড়া মেডিক্যাল কলেজ থেকে উঠে গিয়েছে। স্যার, এই নিউরোসার্জারি ডিপার্টমেন্ট উঠে যাওয়ার ফলে আমার জেলাতে যে অ্যাক্সিডেন্ট হচ্ছে, যে কোনো পেসেন্টকে কলকাতায় রেফার করতে বাঁকুড়া মেডিক্যাল কলেজের ডাক্তারবাবুরা সবসময় ব্যস্ত হয়ে যাচ্ছেন। বর্তমানে হাসপাতাল গুলির পরিকাঠামো উন্নতি হলেও স্যার, বাঁকুড়া মেডিক্যাল কলেজের এমার্জেন্সি ওয়ার্ডে ডাক্তারবাবুরা বসে আছেন পেসেন্ট গেলেই Refer to SSKM/ NRS or any other Medical Collelge এইটা লেখার জন্য। কোনো অ্যাকসিডেন্ট পেসেন্ট গেলে তাকে রেফার করে দেওয়া হচ্ছে। তখন পেসেন্ট পার্টির শুরু হয়ে যাচ্ছে যন্ত্রনা। স্যার, প্রথমে পি.জি. হাসপাতালে আসছে। সেখানে বলে দেওয়া হল বেড নেই। পি.জি. হসপিটালের emergency তে গেলেই বলছে তিনটের সময় আসুন, বেড খালি হলে দেখব। এই করতে করতে সন্ধ্যে। অথচ unconscious একটা পেসেন্ট, সেই পেসেন্টকে নিয়ে পেসেন্ট পার্টি সবসময় হয়রাণি হচ্ছে এবং শেষে সন্ধ্যেবেলাতে ডাক্তারবাবুরা বলছেন শম্ভুনাথে নিয়ে চলেন। এবার ওই unconscious পেসেন্টকে নিয়ে শম্ভুনাথ পণ্ডিত হসপিটালে যাওয়া হচ্ছে। যাওয়ার পরে শম্ভুনাথ পণ্ডিত হসপিটালের ডাক্তারবাবুরা বলছেন এখানে তো নিউরোসার্জারির কোনো

ট্রিটমেন্ট হবে না। এখানে বন্ড করে লিখুন যে পেসেন্টের রিস্ক নিজেদের। লিখলে তবে ওখানে থাকার জায়গা হবে। এখন পেসেন্ট পার্টি সারাদিন হয়রাণি হয়ে। যাওয়ার পরে সে শম্ভুনাথ পণ্ডিত হসপিটালে ভর্তি করতে বাধ্য হচ্ছে। সেখানে কিন্তু নিউরোর কোনো ট্রিটমেন্ট হচ্ছে না। আপনারা প্রতিদিন টি.ভি.তে, খবরের কাগজে, বিধানসভার ভিতরে ঢাক পেটাচ্ছেন যে আমরা এই করেছি, ওই করেছি, সেই করেছি। কিন্তু এই গুলো বাস্তব বিষয়, এগুলোকে আপনারা এড়িয়ে চলছেন সবসময়। স্যার, এর পর আসি 'স্বাস্থ্যসাথী' প্রকল্পে। অনেকে এটা নিয়ে আলোচনা করেছেন। সমীরবাবু বলছিলেন বেশ ভালো এবং সাধারণ মানুষও বলছে ভালো একটা প্রকল্প। আমিও বলছি ভালো প্রকল্প। কিন্তু 'স্বাস্থ্যসাথী' কার্ড যখন বেনিফিসিয়ারি পাচ্ছে তখন তার খুব আনন্দ। একটা 'স্বাস্থ্যসাথী' কার্ড পেয়েছি, যাক আমার ৫ লক্ষ টাকা পর্যন্ত চিকিৎসা করাতে হলে সরকার আমাকে এই টাকাটা সহায়তা করবে, ইনসিয়োরেন্স কোম্পানি সহায়তা করবে। কিন্তু হাসপাতালে যাওয়ার পরে - আমি একটা স্পেসিফিক ঘটনার কথা বলছি। আমার বিধানসভা এলাকার সুশীল কর্মকার নামে একটি ছেলের হঠাৎ করে সেরিব্রাল অ্যাটাক হয়। পরে তাকে বাঁকুড়া মেডিক্যাল কলেজে ভর্তি করা হয়। বাঁকুড়া মেডিক্যাল কলেজে ভর্তি হওয়ার পরে সেই পেসেন্টকে সঙ্গে সঙ্গে Refer to SSKM/NRS or any other State Medical Collelge বলে লিখে দিয়েছেন।

[3:10 – 3:20 p.m.]

লিখে দেওয়ার পরে তারা দেখেছে স্বাস্থ্যসাথীর কার্ড তার স্ত্রী'র নামে আছে। অতএব, পরিষেবা পাওয়ার জন্য তারা সামনেই দুর্গাপুরে প্রথমেই গেছে মিশন হাসপাতালে, মিশন হাসপাতালে যাওয়ার পরে বলেছে বেড নেই। ওই কার্ডটা দেখলেই বলে বেড নেই। তার পরে গেছে হেলথ ওয়ার্ল্ডে, সেখানে যাওয়ার পরে সেই পেশেন্টকে বলেছে এখানে ভর্তি হবে না। শেষে হাতে পায়ে ধরে তারা বিবেকানন্দ হসপিটালে যায়। আমি যে হাসপাতালগুলো বলছি এই হাসপাতালগুলোর সবগুলোতেই স্বাস্থ্যসাথী কার্ড অ্যালাও আছে। বিবেকানন্দ হাসপাতালে যাওয়ার পরে তারা বলেছে এইরকম সিরিয়াস পেসেন্টকে ভরতি করতে হলে ক্যাশ পেমেন্ট করতে হবে। স্যার, আমার নিজের অভিজ্ঞতা। আমার নিজের বোন তার স্বাস্থ্যসাথী কার্ড আছে। আমার বাঁকুড়াতে, জীবন সুরক্ষাতে আমি নিজে ভর্তি করতে নিয়ে গিয়েছিলাম, স্বাস্থ্যসাথী কার্ড দিলে বলে আর.এম.ও -কে দিয়ে চিকিৎসা করানো হবে। আর স্পেশাল কোন ডাক্তারকে দিয়ে চিকিৎসা করাতে হলে তখন বলছে যে টাকা দিতে হবে। তাহলে স্যার, এগুলো দেখবে কে ? শুধু কার্ড তৈরি করে দিলাম, আর অ্যাডভার্টাইজমেন্ট করলাম, ঢাক পেটালাম এটা নয়। এই যে কাজগুলো, এই কাজগুলোকে দেখতে হবে। এটা দেখার লোক কে আছে ? কৃষক বন্ধু। ভাল স্কীম। এইরকম ধরণের সব স্কিমে একটা কেমন যেন একটা গন্ধ পাওয়া যাচ্ছে। দিচ্ছেন কিন্তু কাজ ঠিক মতো হচ্ছে না। হসপিটালের পেসেন্ট নিয়ে এম.এল.এরা গেলে সেখানে তাদের হেকল করা হয়। প্রাইভেট যে সমস্ত সিকিউরিটি আছে তারা হেকল করে। গত ৯ই জানুয়ারি ২০২০ আমাদের বিধায়ক শেখ আমজাদ হোসেন আর.জি.কর-এ গিয়ে হেকলড হলেন। মারাত্মক একটা

ব্যাপার চলছে। আপনারা কৃষক বন্ধু স্কিম করেছেন। ভাল কিন্তু দেখেছেন পঞ্চায়েতগুলোতে কি ভাবে কৃষক বন্ধু নির্বাচন করা হচ্ছে ? স্যার, প্রতিষ্ঠিত ব্যবসায়ী তাদের নিজেদের পেপার ঠিক আছে। তারা কৃষক বন্ধুর যা অনুদান সেটা পেয়ে যাচ্ছে। কিন্তু যারা বর্গাদার, যারা ছোট কৃষক এবং পাট্টাদার এরা কিন্তু কৃষক বন্ধুর কোন অনুদান পাচ্ছে না। এই সব কথা রাজ্যপালের ভাষণে লেখা নেই। রাজ্যপালের ভাষণে স্যার গণতন্ত্রের কথা লেখা আছে। কিন্তু স্যার, এই রাজ্যে গণতন্ত্র ভূলুন্ঠিত হচ্ছে এই কথাটা লেখা উচিত ছিল। স্যার, এন.আর.সি, এন.পি.আর, সি.এ.এ এর ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সঙ্গে যা বোঝাপড়া - সারদা, নারদা তদন্তের হাত থেকে বাঁচতে তার কোন বিরোধিতা রাজ্যপালের ভাষণে নেই। বামপন্থীরা এর শেষ দেখে ছাড়বে। এই কথাটা এই সদনে বলে যাচ্ছি। তাই আমার মনে হয়েছে রাজ্যপালের ভাষণের কপি পেশ করার অনেক আগেই রাজ্যপালকে দিয়ে অনুমোদন করানো হয়েছে। বাকী যা ঘটনা ঘটেছে তার সবটাই হচ্ছে নাটক। সেই কারণে রাজ্যপালের ভাষণের সম্পূর্ণ বিরোধিতা করে সদনের সকলকে অভিনন্দন এবং স্পিকার মহাশয়কে নমস্কার জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী দীপক কুমার হালদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভারতীয় সংবিধানের ১৭৬নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের ষোড়শ বিধানসভার পঞ্চদশ অধিবেশনে পশ্চিমবঙ্গের রাজ্যপাল শ্রী জগদীপ ধনখড় মহাশয় গত ৭ই ফেব্রুয়ারি ২০২০তে যে ভাষণ প্রদান করেছেন সেই ভাষণ পূর্ণ সমর্থন জানিয়ে দু একটি কথা আমি বলতে চাই। কদিন ধরে এই সদনে আমরা বিভিন্ন বক্তার বক্তব্য শুনছি। বিশেষ করে বিরোধীদলের যাঁরা সদস্য আছেন তাঁরা বলছেন যে এই ভাষণ নাকি অসত্য, অর্ধসত্য। একটু আগে আমার পূর্ববর্তী বক্তা বললেন যে, এটা অনেক আগেই অনুমোদন করিয়ে নেওয়া হয়েছে এবং এখানে যেটা হচ্ছে সেটা না কি শুধুমাত্রই নাটক। তাহলে এটা স্যার খুবই পরিস্কার যে আপনারা এটা স্বীকার করলেন ৩৪বছর ধরে তাঁরাও রাজ্যপালকে দিয়ে অসত্য ভাষণ প্রদান করিয়েছেন বা নাটক করে এসেছেন। আমি তার তীব্র বিরোধিতা করছি। এই জন্যই পবিত্র সদনে রাজ্যপালের যে বক্তব্য সেই বক্তব্যকে কখনোই এইভাবে অর্ধসত্য, অসত্য বা নাটক বলা যায় না বলে আমি মনে করি।

স্যার, রবি ঠাকুরের একটা কথায় আছে "হেথা হতে যাও পুরাতন, হেথায় নতুন খেলা আরম্ভ হয়েছে, আবার বাজিছে বাঁশি, আবার উঠিছে হাসি, বসন্তের বাতাস বইছে।" কাজী নজরুল ইসলাম বলেছেন 'আজ সৃষ্টির সুখের উল্লাসে মোর মুখ হাসে, মোর চোখ হাসে, মোর টগবগিয়ে খুন হাসে, আজ সৃষ্টি সুখের উল্লাসে।' স্যার, এটা খুব সত্যি কথা যে পশ্চিমবঙ্গের মানুষ আজ সৃষ্টি সুখের উল্লাসে মেতেছেন এবং বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় সত্যিই তাঁর যে কর্মকাণ্ড এবং কর্মপ্রচেষ্টা, তাতে আজকে মানুষ উল্লসিত। মানুষ আজকে সৃষ্টি সুখের উল্লাসে মেতেছেন। স্যার, আজকে বলি- যখন একটা বাচ্চা বিশ্বের এই ভারতে জন্মগ্রহণ করছে, তখন তাকে 'সবুজশ্রী' দেওয়া থেকে শুরু করে অনেক প্রকল্প এনেছেন। অর্থের অভাবে কেউ যদি সৎকারের কাজে অসমর্থ হয়,তাহলে তাকে 'সমব্যথী 'প্রকল্পের মাধ্যমে ২০০০ টাকা সাহায্য করা হয়। স্যার, বৈতরণী স্কিমের কথা আমরা সবাই জানি। তার পরে কন্যাশ্রী, রূপশ্রী,

শিক্ষাশ্রী, যুবশ্রী, ঐক্যশ্রী, সবুজসাথী, স্বামী বিবেকানন্দ স্কলারশিপ, আনন্দধারা, প্রতিবন্ধীদের জন্য মানবিক, বার্ধক্যভাতা, বিধবাভাতা, কৃষকবন্ধু থেকে শুরু করে শস্যবীমা, সামাজিক সুরক্ষা যোজনা, জল ধরো জল ভরো, মিশন নির্মল বাংলা, পশ্চিমবঙ্গ স্ব-রোজগার সহায়ক প্রকল্প, ট্রাইবাল ওল্ড পেনশান স্কিম, অঙ্গনওয়াড়ী পরিষেবা কেন্দ্র, লোকপ্রসার শিল্প, মাভৈঃ, পথবন্ধু, উৎকর্ষ বাংলা, নিজস্বী, পথসাথী প্রকল্পসহ বিভিন্ন স্কিমের মধ্য দিয়ে যেভাবে আজকে সত্যি সত্যি মমতা বন্দ্যোধ্যায় একের পর এক সৃষ্টি করেছেন, আজকে যেভাবে তা পশ্চিমবঙ্গে বাস্তবায়িত করেছেন, তাতে আজকে সত্যি সত্যি সৃষ্টি সুখের উল্লাসে মমতা ব্যানার্জী উল্লসিত, বাংলার মানুষও উল্লসিত। স্যার, অনেক কথা রাজ্যপাল বলেছেন। তার মধ্যে থেকে দু একটি কথা বলতে চাই। স্যার, আজকে এরা বলছেন অর্ধসত্য বা অসত্য ভাষণ প্রদান করা হয়েছে। আমরা ওদেরকে বলতে চাই কৃষিক্ষেত্রে যেভাবে উন্নতি ঘটেছে, উন্নতমানের বীজ দেওয়া থেকে শুরু করে, পাওয়ার টিলার দেওয়া থেকে শুরু করে, সার দেওয়া থেকে শুরু করে, জলসেচের মেশিন দেওয়া থেকে শুরু করে, এককালীন পাঁচ হাজার টাকায় ছোটখাট যন্ত্রপাতি কেনার জন্য অনুদান দেওয়া থেকে শুরু করে,বিদ্যুৎ সংযোগের জন্য সহায়তা প্রকল্পে আজকে দিয়েছেন। এর সাথে সাথে আমরা বলতে চাই অ্যাসিওরড্ ইনকাম প্রকল্পে কৃষকবন্ধুর মধ্য দিয়ে যেভাবে ৩৯ লক্ষ ৫১ হাজার ৮০০ জন মানুষকে ৬২০ কোটি ২৩ লক্ষ টাকা প্রদান করা হয়েছে কৃষকরা মারা গেলে আগে দেখতাম যে তার পরিবার শেষ হয়ে যেত। আজকে সেই পরিবারের মানুষগুলো যাতে বেঁচে থাকতে পারে, তার জন্য মমতা বন্দ্যোপাধ্যায় কৃষকবন্ধুর এই মৃত্যুকালীন সহায়তা ২লক্ষ টাকা করে সাহায্য প্রদান করেছেন। সেখানে '৪ হাজার ৪৫৪ জন ৮৯ কোটি ৮ লক্ষ টাকা প্রদান করিয়াছেন। এটা কি অর্ধসত্য? এটা কি অসত্য? আজকে ওদের কিছু বলার নেই, করারও নেই। আজকে ওরা সর্বহারা হয়ে গেছে, তাই ওরা আজকে এই মিথ্যাকথাগুলি সদনে বলছেন। শিক্ষার ব্যাপারে বলি-অঙ্গনওয়াড়ী বিদ্যালয়, এস.এস.কে. প্রাথমিক বিদ্যালয়, উচ্চ বিদ্যালয়, কলেজ, বিশ্ববিদ্যালয় সব জায়গাতেই উন্নতি ঘটেছে। এটা বামফ্রন্টের আমলে ঘটেনি। শুধু বামফ্রন্ট নয় এই সময় ভারতের আর কোন রাজ্যে এত উন্নতি ঘটেনি। আমরা দেখছি ১০৮ লক্ষ স্কুলের ছাত্রছাত্রীকে পোশাক প্রদান করা হয়েছে। ১৫ লক্ষ ছেলেমেয়েকে স্কুলব্যাগ দেওয়া হয়েছে। ৬০ লক্ষের বেশি ছেলেমেয়েকে জুতো প্রদান করা হয়েছে। শুধু তাই নয় পঞ্চম থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত প্রায় বারো লক্ষ তফশিলি জাতি উপজাতি সম্প্রদায়ের ছেলেমেয়েকে এবং ২ লক্ষ তফশিলি জাতি উপজাতির ছেলেমেয়েকে স্টাইপেন্ড প্রদান করা হয়েছে। ২০১৪ সাল থেকে আজ পর্যন্ত প্রায় ৭২.৫ লক্ষ তফশিলি জাতির ছেলেমেয়েরা এবং ১২.৫ লক্ষ তফশিলি উপজাতির ছেলেমেয়েরা ছাত্রছাত্রীরা আজকে সাহায্য সহযোগিতা পেয়েছেন। স্যার, ২০১১ সাল থেকে দেখি যে তখন ১২টা বিশ্ববিদ্যালয় ছিল। আজকে এই সাড়ে আট বছরে দেখছি ৪২টি বিশ্ববিদ্যালয়। তার মানে নতুন করে ৩০টি বিশ্ববিদ্যালয় তৈরি হয়েছে। এটা কি অর্ধসত্য, নাকি অসত্য? আমি বলছি এটা শুধুমাত্র নিজেদেরকে জাহির করার জন্য, বেঁচে থাকার লক্ষ্যে আজকে এই পবিত্র সদনে তারা অসত্য ভাষণ প্রদান করছেন।

[3:20 – 3:30 p.m.]

স্যার, আমরা স্বাস্থ্যের দিকে যদি তাকিয়ে দেখি - ৪২টা সুপার স্পেশালিটি হসপিটাল তৈরি হয়েছে। নতুনভাবে ৮টা মেডিকেল কলেজ হয়েছে, আরো চারখানা মেডিকেল কলেজ তৈরি হচ্ছে। স্বাস্থ্যসাথী প্রকল্পে ১.৫ কোটির কাছাকাছি পরিবার অর্থাৎ প্রায় সাড়ে ৭ কোটি মানুষ উপকৃত। একটু আগেই বলছিলেন আমার আগের বক্তা যে, সেখানে নাকি সাহায্য সহযোগিতা পাচ্ছেন না। গত তিন দিন আগে এক ভদ্রলোক আমাকে এসে বলছেন, "আমি মারা যেতাম। আমাকে বলেছিল সাড়ে তিন লক্ষ টাকা লাগবে হার্ট অপারেশনের জন্য। আজকে সেখানে মমতা বন্দ্যোপাধ্যায়ের জন্য, মা-মাটি-মানুষের সরকারের জন্য আমি বিনা পয়সায় এই স্বাস্থ্যসাথী কার্ডের মধ্য দিয়ে চিকিৎসা করাতে পেরেছি।" এটা স্যার একদম সত্যি কথা, বাস্তব ঘটনা, আমার চোখের সামনে ঘটা। স্যার, ১৪টা মাদার অ্যান্ড চাইল্ড হাব তৈরি হয়েছে, ৬৯টা ক্রিটিক্যাল কেয়ার ইউনিট চালু হয়েছে। স্যার, ১ লক্ষ ৮২ হাজার মানুষ এই ক্রিটিক্যাল ইউনিট থেকে সাহায্য-সহযোগিতা পেয়েছেন, উপকৃত হয়েছেন। ৭০টা এস.এন.সি.ইউ. তৈরি হয়েছে স্যার। ২০১১ সালের আগে যেখানে স্যার পশ্চিমবঙ্গে ৬টা মাত্র এস.এন.সি.ইউ. ছিল। আজকে সেখানে ৭০টা এস.এন.সি.ইউ. তৈরি হচ্ছে। আজকে ৩০৭টা এস.ইউ. চালু হয়েছে। ২০১১ সালের আগে পশ্চিমবঙ্গের কোনো হসপিটালে স্যার এই এস.ইউ. চালু ছিল না। আজকে ১১৭টা ন্যায্য মূল্যের ওষুধের দোকান তৈরি হয়েছে। সেখান থেকে মানুষ আজকে প্রায় ৬৯% এর মত ছাড়ে ওষুধ কিনতে পারছেন, সাহায্য, সহযোগিতা পাচ্ছেন। ১৪৯টা সর্বাধিক সুবিধা যুক্ত ন্যায্য মূল্যের রোগ নিরাময় কেন্দ্র নির্মিত হয়েছে। ৩৯টা ডায়ালিসিস সেন্টার তৈরি হয়েছে। এই কথাগুলো কিন্তু তাদের মধ্যে নেই। তারা কিন্তু এগুলো দেখতে পায় নি। স্যার, তারা দেখতে পেলেন কি না পেলেন বড় কথা নয়, মানুষ যেটা দেখতে পেয়েছেন, মানুষ যে উপকারিতা পাচ্ছেন, সেটা মানুষ বুঝতে পারছেন। সেটা আগামি দিনে মানুষ কি শিক্ষা দেবেন, সেটা বাংলার মানুষ জানেন। স্যার, আমি একটা স্কিম আপনাকে বলি। সামাজিক সুরক্ষায় বাংলার মানুষ বিভিন্ন ভাবে সাহায্য, সহযোগিতা পেয়েছেন, উপকৃত হয়েছেন। এই প্রকল্পে মাত্র ২৫ টাকা সাহায্য দিতে হয়। ২৫টাকা জমা দিতে হয়, সরকার ৩০টাকা দেয়। তার সঙ্গে সঙ্গে বিভিন্ন সুযোগ-সুবিধা তারা পেয়ে থাকেন। আজকে স্যার আমি একটা প্রশ্ন-উত্তরের মধ্যে দিয়ে জানতে পারলাম যে, প্রকল্পটা ২০০০ সালে বাস্তবায়িত হয়েছিল। ২০১১ সালে, অর্থাৎ ১১ বছরে পশ্চিম বাংলায় ক্ষমতায় থাকা মার্কসবাদী কমিউনিস্ট পার্টির সময়ে মানুষ ৯ কোটি ২৫ লক্ষ ২০ হাজার ২৭৫টাকা অনুদান পেয়েছিলেন। আর ২০১১ সালের পর থেকে ২০১৯-এর ডিসেম্বর পর্যন্ত আমরা স্যার কি দেখতে পাই ? সাড়ে আট বছরে স্যার মা-মাটি-মানুষের সরকার ১৭১০ কোটি ৯৬ লক্ষ ১১ হাজার ৮২৪ টাকা অনুদান দিয়েছেন। সবশেষে বলি স্যার, আজকে ১০০ দিনে বাংলা প্রথম, ক্ষুদ্র শিল্পে প্রথম, গ্রামীণ বৃহৎ শিল্পে প্রথম, গৃহ নির্মাণে প্রথম, গ্রামীণ রাস্তাথ নির্মাণে প্রথম, মাইনরিটি স্কলারশিপে প্রথম, আজকে স্কিম ডেভেলপমেন্টে প্রথম, ডি.ও.ডি.বি.তে প্রথম, ই-টেন্ডারিং-এ প্রথম। তাই আমি মনে করি, আগামী দিনে বাংলা প্রতিটি ক্ষেত্রে প্রথম স্থান দখল করবে। তাই

মমতা বন্দ্যোপাধ্যায়ের কবিতাবিতান থেকে বলি, যা আমাদের অর্থমন্ত্রী বাজেট ভাষণে ব্যক্ত করেছেন। সোনার বাংলা কবিতা থেকে -

"সভ্যতার এই পীঠস্থানে আমরা জ্বালাবো দীপ,
নতুন করে বাংলায় জ্বলুক সভ্যতার প্রদীপ।
এই মাটিতেই গড়বো মোরা উন্নয়নের ঘাঁটি,
আমাদের এই বাংলা হোক সোনার চেয়েও খাঁটি।"

শ্রী রফিকুল ইসলাম : ধন্যবাদ স্যার। ভারতের সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের ষোড়শ বিধানসভার পঞ্চদশ অধিবেশনে গত ৭ তারিখে আমাদের মাননীয় রাজ্যপাল রাজ্য সরকারের লিখে দেওয়া যে ভাষণ পাঠ করেছেন, যে কথাগুলো এখানে আছে, সেটা আমি সমর্থন করতে পারছি না। কেন পারছি না, কোন বিষয়টা, সেই ব্যাপারে আমি কিছু বক্তব্য এখানে রাখতে চাই। প্রথম বিষয়টা হচ্ছে আইন-শৃঙ্খলার বিষয়। কয়েকদিন আগে ঝাড়খণ্ড রাজ্যে নির্বাচন হ'ল। তার পরেই দিল্লীতে নিবার্চন হ'ল। এই দুটো নিবার্চনে কোথাও কোনো গোলমাল, কোনো অশান্তি, কোনো বুথ দখল, ভোট লুঠ - কোনো ঘটনা ঘটে নি। শান্তিপূর্ণভাবে নির্বাচন হ'ল। শাসক দল নিবার্চনে হেরে গেলেন, বিরোধীরা ক্ষমতায় এলেন।

পশ্চিমবঙ্গে এই সরকারের আমলে কোন নির্বাচনে এই শান্তি থাকে না। চরম অশান্তির মধ্যে এখানে নির্বাচন হয়, বোমাবাজি হয়, গোলাবাজি হয়, এখানে মানুষ খুন হয়, এখানে ভোট লুঠ হয়, কাজেই এখানে আইনশৃঙ্খলার যে স্বাভাবিক পরিস্থিতি তা বলা যাচ্ছে না। আজকে পশ্চিম বাংলায় অনেকগুলো জেলায় গ্রামে গ্রামে অনেক জায়গায় বোমা এবং পিস্তলের কারখানা একটা কুটির শিল্প হয়ে গেছে। বোমাবাজি এবং গলাবাজি এটা এখন মামুলী ব্যাপার। আগে আমরা স্যুট আউটের কথা বোম্বেতে হয় শুনেছিলাম, কখনও কখনও সিনেমায় হয় দেখেছিলাম, কীভাবে একদল লোক এসে সরাসরি পিস্তল উঁচিয়ে গুলি করে মেরে ফেলছে। তাকে স্যুট আউট বলছে। আজকে পশ্চিম বাংলায় স্যুট আউটের ঘটনা ঘটছে। বোমাবাজির ব্যাপারতো কোন ব্যাপারই না। শাসকদলের গোষ্ঠীবাজী এমন একটা জায়গায় গিয়ে আইন শৃঙ্খলা পরিস্থিতি এমন জায়গায় নিয়ে গেছে যে মানুষ ভীত, আতঙ্কিত। তাদের বোমাবাজির মধ্যে, গোলাগুলির মধ্যে পড়ে গিয়ে সাধারণ মানুষ আজকে প্রাণ হারাচ্ছে। তৃণমূলের লোক আজকে তৃণমূলের লোককে মেরে ফেলছে। তৃণমূলের পার্টি অফিসে তৃণমূলের লোক তৃণমূলের এম.এল.এ.-কে মেরে ফেলছে গুলি করে। আর বলছে পশ্চিম বাংলায় আইন শৃঙ্খলা পরিস্থিতি শান্তিপূর্ণ। কি করে হয় ? আজকে এখানে চলছে চরম তোলাবাজি, আজকে আমার ব্লকে দুটো পাকা রাস্তার কাজ হচ্ছিল। কিছু দিন পরে আমি শুনলাম যে সেই এজেন্সি কাজ ছেড়ে মেসিন নিয়ে চলে গছে। কারণ তার কাছে এতটাকা তোলাবাজি চাওয়া হয়েছিল সেটা দিতে সে সক্ষম হয় নি। তখন বাধ্য হয়ে আমি মন্ত্রী রবীন্দ্রনাথ ঘোষকে বলেছি, আমি আমাদের ওখানে প্রাক্তন এম.পি. অর্পিতা ঘোষকে ফোনে বলেছি যে, আপনাদের লোকেদের তোলাবাজির জন্য আমার বিধানসভা এলাকায় দুটো রাস্তার

কাজ বন্ধ হয়েগেছে। আমি তাঁদের ধন্যবাদ দেব তাঁরা যে অ্যাকশান নিয়েছেন এবং সঙ্গে সঙ্গে সেখানে রাস্তা দুটোর কাজ শুরু হয়েছে। এই ভাবে তোলাবাজি, কয়লা মাফিয়া, মাটি মাফিয়া, বালি মাফিয়া এই সমস্ত কিছু চলছে আজকে। আগে দিদি বলতেন পাহাড় হাসছে, জঙ্গলমহল হাসছে, সব জায়গায় কাজ আমি করে দিয়েছি, ১০০ ভাগ কাজ আমি করে দিয়েছি। সিঙ্গুরে সমস্ত উন্নয়ন আমি করে দিয়েছি, সমস্ত জমি আমি ফিরিয়ে দিয়েছি। আবার তারা ফসল ফলাচ্ছে। কিন্তু লোকসভা নির্বাচনে ভয়াবহ খারাপ ফলাফল হওয়ার পর দিদি অনুসন্ধান করলেন, দিদি বললেন ওখানে প্রকৃত উন্নয়নের জন্য যা টাকা আমি পাঠিয়েছি ওখানে মানুষের কাছে সেই টাকা যায় নি, আমার দলের নেতারা, কর্মীরা সেটা কাটমানি হিসাবে খেয়েছে, তাদের খুব তাড়াতাড়ি সেই টাকা ফেরত দিতে হবে। এই হচ্ছে আমাদের উন্নয়নের চেহারা, আইন শৃঙ্খলার পরিস্থিতি। আজকে বেকার ছেলেমেয়েদের বেকারত্বের সুযোগ নিয়ে এখানে সিভিক ভলেন্টিয়ার হিসাবে তাদের নিয়োগ করে, তাদের কোন কাগজপত্র নেই, নিয়োগপত্র নেই। তারা যে কাজ করছে তার কোন গ্যারান্টি নেই। অল্প বেতন দিয়ে তাদের কাজ করানো হচ্ছে, ছেলেদের বয়স বেড়ে যাচ্ছে, তারা আর কোন সরকারি চাকরী পাবে না। অথচ তাদেরকে দিয়ে পুলিশের পদগুলো শূন্য রেখে দিয়ে আজকে সমস্ত রাজ্যজুড়ে পুলিশের কাজ সিভিক ভলেন্টিয়ারদের দিয়ে করানো হচ্ছে। আজকে সামান্য বেতন দিয়ে এই ভাবে বেকার ছেলেমেয়েদের জীবন নিয়ে ছিনিমিনি খেলা হচ্ছে। আজকে পশ্চিম বাংলায় নিরাপত্তার ব্যবস্থা কোথায়? মহিলাদের নিরাপত্তা কোথায়? অন্যান্য রাজ্যে তুলনায় পশ্চিম বাংলায় মহিলারা যে বেশি নিরাপদ এই কথাটা কি আমরা জোর গলায় বলতে পারবো?

[3:30 – 3:40 p.m.]

আজকে পশ্চিম বাংলায় মহিলাদের উপরে অ্যাসিড হামলা হচ্ছে। পশ্চিম বাংলায় বিভিন্ন জায়গায় প্রায় প্রতিদিন আমরা খবরের কাগজে, টিভি চ্যানেলে শুনছি এখানে ধর্ষণ করে খুন করে দেওয়া হল, ওখানে ধর্ষণ করে পা দু'ফাঁক করে চিরে দেওয়া হল, ওখানে ধর্ষণ করে আগুন দিয়ে পুড়িয়ে মেরে ফেলা হল। এই হচ্ছে পশ্চিম বাংলার পরিস্থিতি। এখানে পশ্চিম বাংলায় স্বাস্থ্য ক্ষেত্রে অনেক উন্নয়নের কথা বলা হয়েছে। জেলা হাসপাতাল বা সুপার স্পেসালিটি হাসপাতাল, মেডিকেল কলেজের সংখ্যা কিছু বেশি হয়েছে এটা আমরা মানছি। কিন্তু সেই তুলনায় ব্লক স্বাস্থ্য কেন্দ্র, প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের দিকে সরকারের নজর নেই। আমার বিধানসভা এলাকায় দুটো প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের বিশাল বিশাল বিল্ডিং তৈরি হয়েছে ৩ কোটি। সাড়ে ৩ কোটি টাকা খরচ করে। সেখানে একটা ডাক্তারেরও কোন আউট ডোর চালু হচ্ছে না, বিল্ডিং আবার কনডেম হয়ে যাচ্ছে। আমি আগে স্বয়ং মুখ্যমন্ত্রীকে বলেছি, আমি চন্দ্রিমা ভট্টাচার্যকে বললাম - বলল আপনি লিখে দিন। আমি লিখে দিয়েছি কিন্তু এখনও পর্যন্ত সেখানে সমস্যার কোন। সমাধান হয় নি। তাদের পরিষেবা, ঘড়বাড়ির অভাব। আমাকে এম.এল.এ ফান্ড থেকে টাকা দিতে হয়েছে। ওখানে এমার্জেন্সির ঘর হয়েছে, আউট ডোরের ঘর হয়েছে, ওখানে লেবার রুম ঠিক করে তৈরি করা হয়েছে, ওখানে ল্যাবরেটরি রুম ঠিক করতে হয়েছে। এগুলোর ব্যাপারে রাজ্য সরকারের

কোন মাথা ব্যথা নেই। এখানে দেখবেন লেখা আছে কয়েকটা শহরে বৈদ্যুতিক চুল্লী বসিয়েছে আর গ্রামাঞ্চলে কয়েকটা শ্মশান করেছে। কেন, গ্রামাঞ্চলের মানুষ যদি মরে যায় তাদের। পোড়ানোর জন্য একটা বৈদ্যুতিক চুল্লীও কি করা যেত না? এই ভাবে সমস্ত অবিচার করা হয়েছে। যাই হোক সামগ্রিকভাবে এখানে শিক্ষার ক্ষেত্রে যে, ...(নির্দিষ্ট সময় অতিক্রম হওয়ার ফলে মাননীয় সদস্যের মাইক অফ হয়ে যায়)।

মিঃ স্পিকার : একটা কথা মাননীয় সদস্যদের বলি, আপনারা যদি সময়টা রাখেন ভালো হয়। কেন না আমার মাইকটা অফ করে দিতে ভালো লাগে কারণ আপনারা আবার প্রেসে গিয়ে বলেন যখন তখন মাইক - আপনাদের নির্ধারিত সময় শেষ হওয়ার পরেই আমি আপনাদের বলি। আপনি অলরেডি ২ মিনিট ৩০ সেকেন্ড বেশি বলেছেন। তাও আপনাকে বলাতেও আপনি কন্টিনিউ করছেন।

শ্রীমতী মিতালি রায় : মাননীয় স্পিকার স্যার, আপনার মাধ্যমে মহামান্য রাজ্যপালের ১৭৬নং অনুচ্ছেদ অনুসারে তাঁর ভাষণের সমর্থনে দুই/একটা কথা বলছি। স্যার, গণতন্ত্রের মাধ্যমে মানুষ আমাদেরকে ভোটে নির্বাচিত করে জনপ্রতিনিধি তৈরি করেন এবং মানুষই ভোটের মাধ্যমে এই সরকার নির্বাচিত করেন। তাই আমরা যারা রয়েছি এই বাংলার বুকে এই মানুষের দৈনন্দিন জীবনে এবং সামাজিক জীবনে সুস্থ এবং স্বাভাবিকভাবে বেঁচে থাকবার জন্য সরকারের যা যা কর্তব্য যা যা করণীয় বাংলার মুখ্যমন্ত্রী জননেত্রী মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায়ের মা-মাটি-মানুষের সরকার সেই কাজগুলো করেছেন বলেই রাজ্যপাল তাঁর ভাষণে সেই কথাগুলো বলেছেন। স্যার, এখানে আমি বিশেষ কিছু বলব না কারণ গত কয়েকদিন ধরেই অনেক আলোচনা হয়েছে অনেক সমালোচনা হয়েছে। মা-মাটি-মানুষের সরকার সার্বিক উন্নয়নের জন্যই ২০১০-১১ সালে ১১,৮৩৮ কোটি টাকা থেকে বেড়ে সেটা ২০১৮-১৯ সালে ৮০,১২০ কোটি টাকা হয়েছে। মূলধনী ব্যয় ২০১০-২০১১ সালে ২,২২৬ কোটি টাকা থেকে ১১ গুণ বৃদ্ধি পেয়েছে। ২০১৮-১৯ সালে ২৩,৭১৭ কোটি টাকা হয়েছে। তাই যারা সমালোচনা করছে তারা হয়তো এই ভাবে এই সদনে দাঁড়িয়ে নানা রকম ভাবে মানুষকে বিভ্রান্ত করবার চেষ্টা করছে। তারা সঠিক তথ্যটা মেনে নিতে চাইছে না। স্যার, জি.এস.ডি.পি.- ২০১১ সালে ৪.৬০ লক্ষ কোটি টাকা থেকে বেড়ে ২০১৮ সালে ১১.৩১ লক্ষ কোটি টাকা হয়েছে। সার্বিকভাবে শিক্ষায় রাজ্য সরকার ১০৮ লক্ষ, ১৫ লক্ষ এবং ৬০ লক্ষের বেশি ছাত্রছাত্রীকে স্কুলের পোশাক, স্কুল ব্যাগ, জুতো দিয়েছে। 'সবুজ সাথী' প্রকল্প দ্রুততার সঙ্গে এগিয়ে চলেছে।

স্যার, বিশ্ববিদ্যালয়ের সংখ্যাও ২০১১ সালে ১২টি থেকে বেড়ে ২০১৯ সালে ৪২টি পর্যন্ত হয়েছে। স্যার, কন্যাশ্রী প্রকল্প যে কথাটা বাদ দিয়ে কোনো আলোচনা হয় না এই সরকারের কন্যাশ্রী প্রকল্পে এখনও পর্যন্ত মোট ৬০.২৮ লক্ষ কন্যা এই প্রকল্পে অন্তর্ভুক্ত হয়েছে। অন্তর্ভুক্ত কন্যার উচ্চশিক্ষার জন্য বৃত্তি, দক্ষতা, উন্নয়ন, প্রশিক্ষণ এবং স্বাস্থ্য সংক্রান্ত প্রকল্পের মতো অন্যান্য সরকারি উদ্যোগের সঙ্গে যুক্ত করা হয়েছে। স্যার, কৃষিতে খাদ্যশস্য উৎপাদনের ক্ষেত্রে

ভারত সরকার ২০১৯ সালে এই পশ্চিমবঙ্গকে পুনরায় ষষ্ঠবারের জন্য কৃষিকর্মন পুরস্কার প্রদান করেছেন। স্যার, শুধু তাই নয়, আমরা যারা বাংলার মানুষ যারা কৃষির সঙ্গে যুক্ত তাদের পাশে দাঁড়িয়ে তাদের সহমর্মিতা এবং তাদের হৃদয়ের কথা বোঝার জন্য - তিনি বুঝতে পেরেছিলেন বলেই কৃষকবন্ধুর মতো একটা প্রকল্প স্যার করেছিলেন ২০১৯ সালের জানুয়ারি মাসে। এর স্যার দুটো দিক। কিষাণবন্ধু প্রকল্প যেটা একরপিছু ৫০০০ টাকা দেওয়া হচ্ছে এবং শুধু স্যার একরপিছু নয় যার এক বিঘে জমি রয়েছে সেখানেও কিন্তু ২০০০ টাকা করে এই মা-মাটি-মানুষের সরকারের মাননীয় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় তিনি কিন্তু ঘোষণা করেছেন যে, এক বিঘে জমি থাকলেও তিনি কিন্তু ২০০০ টাকা করে পাবেন। স্যার, এই কথাগুলো কিন্তু এখানে দাঁড়িয়ে কেউ সমালোচনা করে বললেন না যে, যাদের এক বিঘে জমি রয়েছে তারাও কিন্তু ২০০০ টাকা করে এই কৃষকবন্ধু প্রকল্পে তারা কিন্তু সেই টাকাটা পাবে। শুধু তাই নয় স্যার, একজন কৃষক সে সামান্য জমির উপরে হয়তো তার জীবনযাপন চলছে, স্যার, সেই কৃষক যদি মারা যায় তার মৃত্যুকালীন সহায়তায়ও এই সরকার তার জন্য দুই লক্ষ টাকা বরাদ্দ করেছে। স্যার দু' লক্ষ টাকা তারা মারা গেলে সেই কৃষক পাবে। সেটাও স্যার, কৃষকবন্ধু প্রকল্পের মৃত্যুকালীন সহায়তা। স্যার, এই কথাগুলো আমাদের মাননীয় রাজ্যপাল তিনি বলেছেন তাঁর আলোচনায়। অনেক কথা স্যার, যা বলে শেষ করা এখানে যাবে না। তিনি তাঁর প্রত্যেকটি কথা এখানে তুলে ধরেছেন। স্যার, আমাদের পশ্চিমবঙ্গ বৈচিত্রে পূর্ণ। তাই মৎস্য সম্পদে সমৃদ্ধ। ২০১৮-১৯ সালে স্যার রাজ্য ৫২৪৯.০৩ কোটি টাকা মূল্যে এক লক্ষ আঠারো হাজার ছ'শত ষাট মেট্রিক টন মৎস্য রপ্তানি করেছে। যা ভাবা যায় না। সেই কথাগুলোই স্যার রাজ্যপাল তাঁর ভাষণে তিনি বলেছেন।

শুধু তাই নয় স্যার, মৎসজীবীদের আর্থসামাজিক বিকাশের লক্ষে বার্ধক্যকালীন যে পেনশান প্রকল্প, মৎস্যজীবী গোষ্ঠীর ব্যক্তিগত দুর্ঘটনাবীমা প্রকল্প, মৎস্যজীবীদের বায়োমেট্রিক পরিচয় প্রদান, বিপদসংকেত প্রেরক যন্ত্র ইত্যাদি নানাবিধ কল্যাণমূলক প্রকল্প তিনি ঘোষণা করেছেন। এবং সেটাই মহামান্য রাজ্যপাল এখানে তাঁর আলোচনায় তিনি রেখেছেন। স্যার, আমি বেশি সময় নেব না। সময়ের আগেই শেষ করে দেব। ৭ তারিখ আমাদের মহামান্য রাজ্যপালের ভাষণ ছিল, সে দিন তিনি তাঁর বক্তব্যে বলেছিলেন যে, তপশিলি জাতি তপশিলি উপজাতি যারা মানুষ রয়েছে তাদেরকে old age pension এর schemeএর আওতায় প্রবীণ মানুষদেরকে অন্তর্ভুক্তি চালিয়ে যাচ্ছে এই সরকার। স্যার, সে দিন তিনি তাঁর ভাষণে বলেছেন যে এই সরকার তপশিলি জাতি তপশিলি উপজাতি মানুষদের জন্য old age pensionএর schemeএ আনা যায় অন্তর্ভুক্ত করা যায় সেই প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। তার পরে ১০ তারিখ বাজেট বক্তৃতায় সেদিন স্যার দেখতে পেলাম যে আমাদের বাজেট বক্তৃতার মধ্য দিয়ে আমাদের এই সরকার বাংলার মুখ্যমন্ত্রী এবং মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র ঘোষণা করেছিলেন যে, তপশিলি জাতি তপশিলি উপজাতির যারা বয়স্ক মানুষ যাদের বয়স ষাট বছর হয়ে গেছে তারা এই এপ্রিল মাস থেকেই এক হাজার টাকা করে মাসিক পেনশান পাবে। আমি স্যার ধন্যবাদ জানাই যে কথাটা তিনি তাঁর ভাষণে রেখেছেন এবং সেই কাজটা আমরা পরের দিনই দেখলাম যে, সেটা শুধু বক্তব্যের

মধ্যেই সীমাবদ্ধ নয়। সেটা স্যার ঘোষণাও হয়ে গেছে। আগামী এক-দু'মাসের মধ্যেই এই স্কীম চালু হয়ে যাবে। স্যার আমি আমার বক্তব্য আর দীর্ঘায়িত করতে চাইনা কারণ যা বাস্তব সেই বাস্তব কথাগুলো একটি মানুষের জীবনে একটি সরকারের যা যা করণীয় সেগুলোই করেছে এবং সেগুলোই মাননীয় রাজ্যপাল সরকারের অনেক উন্নয়নের কথা তিনি বলেছেন। যাই হোক স্যার, বাংলার মুখ্যমন্ত্রী মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায়, মা মাটি-মানুষের সরকারের নেতৃত্বে এই সরকার সার্বিক উন্নয়নের জোয়ারে সারা পশ্চিমবঙ্গ জুড়ে চলছে। তাই স্যার আমি মহামান্য রাজ্যপালের ভাষণকে সমর্থন করে আমি আমার সংক্ষিপ্ত বক্তব্য এখানেই শেষ করছি। ধন্যবাদ, নমস্কার।

[3:40 – 3:50 p.m.]

শ্রী শঙ্কর মালাকার : মাননীয় স্পিকার মহোদয়, আপনার মাধ্যমে ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে, পশ্চিমবঙ্গের ষোড়শ বিধানসভার পঞ্চদশ অধিবেশনে, রাজ্যপাল কর্তৃক ভাষণের সম্পূর্ণ বিরোধিতা করে, আমি কতকগুলো কথা তুলে ধরতে চাই। রাজ্যপালের ভাষণে অনেক কথাই লেখা আছে। কিছু উল্লেখযোগ্য কথা না তুললে হয় না, তাই বলতে চাচ্ছি। যখন অন্য রাজ্য উন্নয়নে আকাশ ছোঁয়া - হরিয়ানা, পাঞ্জাব, দিল্লি, মহারাষ্ট্র, গুজরাট সেই দিকে নজর দিলে আমাদের রাজ্যপালের মাধ্যমে, আমাদের সরকার যে ভাষণটি পড়িয়েছেন, তাতে দেখা যাচ্ছে স্বাস্থ্যের উপরে জোর দেওয়া হচ্ছে, কিন্তু বাস্তবে তার কোন মিল নেই। যেমন ধরুন, আমি স্বাস্থ্য পরিষেবা দিয়েই শুরু করছি। উত্তরবঙ্গে থাকি,উত্তরবঙ্গে একটা মাত্র মেডিক্যাল কলেজ, যেটা কংগ্রেস আমলে তৈরি হয়েছিল ৫৯১টি বেড নিয়ে। এত বছর পরেও, একটা বেড বাড়ে নাই। এত বছর পরেও একটা নিউরো সার্জেন নাই। এত বছর পরেও একটা ভাল অর্থোপেডিক ডাক্তার নেই। একটা মেডিকেল কলেজে, এত মানুষের পরিষেবা দিতে গেলে, যতজন ডাক্তারের দরকার, সেই ডাক্তার মেডিকেল কলেজে নাই, অথচ রাজ্যপালের ভাষণে আমরা দেখলাম অনেকগুলো মেডিকেল কলেজ, অনেকগুলো সুপার স্পেশালিটি হসপিটাল তৈরি হচ্ছে বা হয়েছে। কিছু দিন আগে জলপাইগুড়িতে সুপার স্পেশালিটি হসপিটালের উদ্বোধন করা হয়েছে। দায়িত্ব নিয়ে বলতে পারি, সুপার ছাড়া এক দুইটা পেটের রোগীর ডাক্তার ছাড়া কোন ভাল ডাক্তার নেই, এম.ডি. ডাক্তাররা নেই। মেডিকেল কলেজে, রোগী কুকুর একসাথে ঘুমোয় স্যার। ওষুধ পাওয়া যায় না। ডাক্তার থাকে না। এক্সরে মেশিনটি প্রায়ই খারাপ থাকে। মানুষ তাহলে যাবে কোথায় ? অথচ কয়েক কোটি টাকা খরচ করে মেডিকেল কলেজের সামনে একটা বিশাল আকারে গেট তৈরি করা হল, এটার দরকার ছিল কী ? এই কথাটা তো উল্লেখ নেই - উন্নয়নের জন্য আর একটা দুর্গাপুরের দরকার ছিল নাকি ? আর একটা আসানসোলের দরকার ছিল নাকি? আর একটা কল্যাণীর দরকার ছিল নাকি ? উন্নয়ন কী এগুলো ? খাতায় কলমে উন্নয়ন দেখিয়ে লাভ কী ? আপনাদের শিখতে হবে, আজকে যারা সরকারে আছেন তারা তো কংগ্রেসের দুধ ভাত খেয়ে মোটা হয়েছেন, সরকার চালাচ্ছেন। কংগ্রেসের অতীতটাও জানেন। তাহলে উন্নয়ন কীভাবে হবে ? কাগজে কলমে উন্নয়ন করলে তো হবেনা, উন্নয়ন করতে হবে, প্রকৃত অর্থে যেটা বিধান রায় করেছিলেন, সিদ্ধার্থ রায় করেছিলেন, আপনাদের ৯ বছর, বামপন্থীদের

৩৪ বছর। একটা সাঁওতালডিহির মতন বিদ্যুৎ প্রকল্পর প্রস্তাব এনে, একটা কোলাঘাটের মতন বিদ্যুৎ প্রকল্পর প্রস্তাব এনেই, একটা ব্যান্ডেল এর মতন,..

(গোলমাল)

বলতে দিন, কারণ আপনাদের তো প্রবলেম হচ্ছে, শুনতে চান না, ভাল কথা বললেও শুনবেন না। একটু হরিয়ানা ঘুরে আসুন, দেখুন কত পিছনে ছিল, কতদূর এগিয়ে গেছে। আজকে তাই বলছি, সুপার স্পেশালিটি হসপিটাল করছেন, ভাল কথা। ডাক্তারের ব্যবস্থা করুন, নিউরো সার্জেন-এর ব্যবস্থা করুন, নার্স দিন, জি.ডি.এস. স্টাফ দিন। মেডিক্যাল অফিসার দিন। সুচিকিৎসার জন্য যা যা দরকার, সেটা দিন। শুধু নীল রঙ, সাদা রঙ করে, হাততালি কুড়িয়ে খবরের কাগজে টি.ভি. তে এসে প্রকৃতপক্ষে কোন লাভ নেই।

এখানে বলা হচ্ছে উত্তরবঙ্গের উন্নয়নের কথা। কিন্তু এ ক্ষেত্রে যে মূল বিষয়টা নজর রাখা উচিত ছিল - রাজ্য সরকারের লিখিত তথ্যটাই তো রাজভবন থেকে রাজ্যপাল বিধানসভার ভেতরে এসে বলেন। কেন উল্লেখ নেই উত্তরবঙ্গের চা শিল্পের দুর্দশার কথা ? উত্তরবঙ্গের চা শ্রমিকরা রিটায়ারমেন্টের পরে যাবে কোথায় ? দীর্ঘ দিন ধরে সবাই মিলে আমরা এটা দাবি করছি তাদের জমির অধিকার, ল্যান্ডস রাইট, রিটায়ার করার পরে চা শ্রমিকরা যাবে কোথায়? জমির অধিকার যার স্থায়ী সমস্যা, সেটা সমাধানের কথা ভাবা দরকার ছিল, এটার নেই উল্লেখ। দার্জিলিঙের সমস্যার স্থায়ী সমাধানের কথা উল্লেখ নেই। এখানে দেখাচ্ছে যে জি.টি.এ.র মাধ্যমে দার্জিলিঙে নাকি শান্তি ফিরে এসেছে। জি.টি. এটা কোথায় ? এটা তো অবৈধ জি.টি.এ.। এটা তো রাজ্য সরকারের তৈরি করা জি.টি.এ.। মানুষের নির্বাচনের জি.টি.এ.র মাধ্যমে পাহাড়ের উন্নয়ন সম্ভব, সেটা আপনারা করতে দেন নি। দখলের রাজনীতি করতে গিয়ে পাহাড় অশান্ত করে রেখেছেন। ধুক ধুক করে পাহাড়ে আজকে আগুন জ্বলছে। সমাধানের পথ কিন্তু রাখা হয় নি। এখানে উল্লেখ করা হচ্ছে সিডিউল্ড কাস্ট, সিডিউল্ড-ট্রাইব সার্টিফিকেটের ক্ষেত্রে সরলীকরণ। অনেক সিডিউল্ড কাস্ট বিধায়করা এখানে আছেন, সত্যি করে বলুন তো, কয়টা সিডিউল্ড কাস্ট, সিডিউল্ড ট্রাইব রাতারাতি সার্টিফিকেট পেয়েছেন ? মাসের পর মাস ঘুরে সিডিউল্ড কাস্ট সার্টিফিকেট তারা সংগ্রহ করতে পারে না। যদি প্রকৃত সিডিউল্ড কাস্ট, সিডিউল্ড ট্রাইবদের জন্য কিছু করতে চান তাহলে সেই দিকগুলোতে নজর দিন। কাগজে কলমে লিখলে হবে না, নজর দিতে হবে প্রকৃত অর্থে ওই পিছিয়ে পড়া সিডিউল্ড কাস্ট, সিডিউল্ড ট্রাইব মানুষগুলোর দিকে। শংসাপত্র পাওয়ার ক্ষেত্রে বি.ডি.ও. এবং এস.ডি.ও. অফিসে যে সুযোগটা থাকা দরকার সেই সুযোগটাও তাদের দেওয়া হচ্ছে না। আজকে অন্যান্য রাজ্য এগিয়ে যাচ্ছে। আমরা গর্ব করছি শ্রী শ্রী করতে করতে - কন্যাশ্রী, অমুকশ্রী, তমুকশ্রী। একটা সাইকেল দিয়ে একটা মানুষের সারা জীবনের রোজগার হতে পারে। একটা ভাঙা সাইকেল দিয়ে একটা মানুষের উন্নতি হতে পারে না। কর্ম সংস্থানের পরিকল্পনা করতে গেলে দুর্গাপুরের মত শিল্প নগরী করা দরকার। কর্ম সংস্থানে ব্যবস্থা করতে গেলে আসানসোলের মত শিল্প নগরীর পরিকল্পনা রাখা দরকার। কর্ম সংস্থানের

জন্য চিত্তরঞ্জনের মত শিল্প নগরীর পরিকল্পনা রাখা দরকার। গতবারও দেখলাম রাজ্যপালের মুখ দিয়ে এই একই কথা - কন্যাশ্রী, রূপশ্রী, যুবশ্রী - শুধু শ্রী শ্রী দিয়ে আমরা নয় বছর পার করে দিলাম। কিন্তু প্রকৃত অর্থে পশ্চিম বাংলার উন্নয়নের ক্ষেত্রে যে ভাবনা, যে দূরদৃষ্টি থাকা দরকার সেই দূরদৃষ্টির অভাব কিন্তু। আমরা প্রত্যেকবার দেখতে পাই। আর একটা উল্লেখযোগ্য ঘটনা হল, রাজ্যপালের ভাষণে যে বিষয়গুলো তুলে আনা হয়েছে উন্নত মানের স্বাস্থ্য পরিষেবার ওপর জোর দেওয়া হয়েছে। এখানে তো নির্মলবাবু আছেন, স্বাস্থ্য প্রতিমন্ত্রী থাকলে ভালো হত। তাঁর কাছে আমি একগুচ্ছ প্রস্তাব দিয়েছিলাম, উত্তরবঙ্গের মানুষের স্বাস্থ্য পরিষেবার কি করুণ দুর্দশা। মেডিকেল কলেজে রোগী কুকুরকে একসাথে থাকতে হয়, মানুষ চিকিৎসা না পেয়ে অন্যত্র যাচ্ছে। শিলিগুড়ি শহরে ৩০ খানা বেসরকারি নার্সিং হোম প্রতিদিন উত্তরবঙ্গের অসহায় মানুষগুলোকে লুট করছে। তার মধ্যে সর্বশ্রেষ্ঠ নেওটিয়া হাসপাতাল। ওই হাসপাতালের যিনি মালিক নেওটিয়া সাহেবকে সবসময় মুখ্যমন্ত্রীর পাশে, আপনাদের পাশে দেখা যায়। খবর নিন, বিশ্বরঞ্জন সরকার আপনাদের অনেকেরই পরিচিত। তার মৃতদেহ নিয়ে নেওটিয়া হাসপাতালে ভর্তি করা হয়েছিল, তার মৃতদেহের বিল হয়েছিল এক লক্ষ সত্তর হাজার টাকা। এইভাবে প্রতিদিন চিকিৎসার নামে বেসরকারি হাসপাতালগুলো মানুষকে ঠকাচ্ছে। একবার ভেবে দেখবেন না, চা বাগানের শ্রমিকদের দুর্দশা। আজকের দিনে আমাদের সরকার ১৭২ টাকা ন্যূনতম মজুরি রেখেছেন। কিন্তু ১৭২ টাকা দিয়ে আজকের দিনে একটা সংসার চলে? কত মানুষ না খেয়ে মরেছে চা বাগানে তার উল্লেখ রেখেছেন ? একদিন চাল দিলে হবে না, একদিন গম দিলে হবে না।

[3:50 – 4:00 p.m.]

স্থায়ী সমস্যার সমাধানের জন্য, চা-বাগানের শ্রমিকদের অন্ততঃপক্ষে মহারাষ্ট্রে, কেরলে, হরিয়ানাতে যে হারে মজুরি দেওয়া হয় সেই ন্যূনতম হারে এখানে মজুরি দেওয়া হলে তারা বাঁচতে পারে। আজকে রাজ্যপালের ভাষণের মধ্যে এইসব কথার কোনো উল্লেখ নেই। সরকারের থেকে যা লিখে দেওয়া হয়েছে মাননীয় রাজ্যপাল সেটাই বলেছেন। পার্থদা এখানে উপস্থিত আছেন, তাই তাঁকে বলছি এই সমস্যার স্থায়ী সমাধানের জন্য যে পরিকল্পনাগুলো নেওয়া দরকার সেই পরিকল্পনাগুলোর কথা রাজ্যপালের ভাষণের মধ্যে রাখা হয় নি। আজকে স্বাস্থ্য, শিক্ষা, কর্মসংস্থান, শিল্প - এইসব ব্যাপারে কত ইনভেস্টার এই রাজ্যে এসেছে, কত জমি শিল্পের জন্য শিল্পপতিদের দেওয়া হয়েছে, তার উল্লেখ কিন্তু রাজ্যপালের ভাষণের মধ্যে নেই। একটা রাজ্যকে এগিয়ে নিয়ে যেতে গেলে শুধু নীল-সাদা রং করলে চলবে না, নীল-সাদা লাইট লাগিয়ে দুর্গাপুজোর মত সাজিয়ে তুললে চলবে না, আবার সেই বিধান রায়ের আমলের মত ফিরে যেতে হবে। বিধান চন্দ্র রায়ের পরে পশ্চিম বাংলার আর কোনো মুখ্যমন্ত্রী পশ্চিম বাংলার জন্য কিছু করেননি। একটা সময় পশ্চিম বাংলায় স্বাস্থ্য, শিক্ষা, সংস্কৃতি, শিল্প সমস্ত কিছুতেই এক নম্বরে ছিল। কেন বাংলার মানুষকে চিকিৎসার জন্য চেন্নাইতে যেতে হচ্ছে, কেন বাংলার মানুষকে চিকিৎসার জন্য হায়দ্রাবাদে যেতে হচ্ছে, কেন বাংলার মানুষকে চিকিৎসার জন্য বিহারে যেতে হচ্ছে। আপনারা দেখাতে পারবেন কী, চিকিৎসার জন্য কেরালার লোক বাংলায় আসছে, তামিলনাড়ুর লোক

বাংলায় আসছে, বিহারের লোক বাংলায় আসছে। তার একটাই মাত্র কারণ, আমার রাজ্যে শিক্ষার পরিবেশ, স্বাস্থ্যের পরিবেশ সমস্ত কিছু আপনারা ভেঙ্গে তছনছ করে দিয়েছেন। প্রত্যেকদিন আমরা টি.ভি-তে, খবরের কাগজে দেখছি হয় বিশ্ববিদ্যালয়ে মারামারি, নয় মেডিকেল কলেজে মারামারি। এই হচ্ছে আপনাদের উন্নয়নের নমুনা। তাই আজকে এই কথাগুলো আপনাদের জানা দরকার কারণ আপনারা রাজ্যে ক্ষমতায় আছেন। আমাদের কথা শুনতে আপনাদের ভালো লাগবে না, কারণ আপনারা অপ্রিয় কথা শুনতে অভ্যস্ত নন। দেখুন গুজরাট, হরিয়ানাসহ অন্য রাজ্যগুলো কীভাবে এগিয়েছে। গত ২৭.১.২০২০ তারিখে ভারতবর্ষকে টুকরো টুকরো করার যে চক্রান্ত কেন্দ্রীয় সরকার করছে, গোটা ভারতবর্ষের রাজনীতিকে অমিত শাহ, নরেন্দ্র মোদীরা ধর্মের নামে বিভাজন তৈরি করার চেষ্টা হচ্ছে, এর জন্য বিধানসভায় সরকার পক্ষ থেকে যে প্রস্তাব আনা হয়েছিল, সেই প্রস্তাবকে আমরা সেদিন সমর্থন করেছিলাম কারণ আমরা দায়িত্বশীল রাজনৈতিক দল। একটা দায়িত্বশীল রাজনৈতিক দলের প্রতিনিধি হিসাবে মানুষ আমাদেরকে ভোট দিয়ে বিধানসভায় পাঠিয়েছে, এখানে মানুষের কথা বলার জন্য। আমরা উত্তরবঙ্গের মানুষ, দেখে আসুন সেখানে শিশু শ্রমিকদের কী অবস্থা, তার কোনো উল্লেখ রাজ্যপালের ভাষণের মধ্যে নেই। নদী-ভাঙ্গনের কি দূর্দশা, তার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণের মধ্যে নেই। বর্ষার সময় উত্তরবঙ্গ জলে ডুবে যায়, সেই ব্যাপারে কোন মাস্টার প্ল্যান নেই। তাই রাজ্যপালের ভাষণকে আমরা সমর্থন করতে পারছি না। উত্তরবঙ্গের মানুষের কথা চিন্তা করে তৎকালীন কেন্দ্রীয় মন্ত্রী প্রিয়রঞ্জন দাশমুন্সির প্রচেষ্টায় তৎকালীন প্রধানমন্ত্রী মনমোহন সিং উত্তরবঙ্গে এইমস্ হাসপাতাল স্থাপনের প্রচেষ্টা করেছিলেন। আপনারা উত্তরবঙ্গের মানুষকে বঞ্চিত করে তা এদিকে নিয়ে এসেছেন। এই সরকার উত্তরবঙ্গকে বার বার বঞ্চিত করছে, উত্তরবঙ্গের মানুষকে বার বার বঞ্চিত করছে।

তাই আমি মনে করি এই যে ভাষণ মাননীয় রাজ্যপাল মহাশয় এখানে রেখেছেন,তাতে উল্লেখ থাকা দরকার উত্তরবঙ্গে এইমস্‌টাকে আবার ফিরিয়ে দিতে হবে উত্তরবঙ্গের মানুষের কথা চিন্তা করে, আপনাদের এটা ভাবা দরকার। তাই বলছি, এই যে বক্তৃতা আমাদের মাননীয় রাজ্যপাল মহাশয় গত ৭ তারিখে,এখানে রেখেছেন সম্পূর্ণ অসত্য কোনো মতেই তা সমর্থন করা যায় না। পরিশেষে মাননীয় স্পিকার মহোদয়কে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মানস মজুমদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের ষোড়শ বিধানসভার পঞ্চদশ অধিবেশনে মাননীয় রাজ্যপালের যে ভাষণ সেই ভাষণকে সমর্থন জানিয়ে, তাঁর যে বক্তৃতা তার ওপর আমি আলোকপাত করার চেষ্টা করছি। মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণের শেষের দিকে বলেছেন রাজ্য সরকার এই রাজ্যকে এমন একটি আদর্শ রাজ্য রূপে গড়ে তুলতে বদ্ধপরিকর যেখানে পেছনের সারিতে দাঁড়িয়ে থাকা শেষ মানুষটিও যেন কোনো পরিষেবা থেকে বঞ্চিত না হন। এবং যেখানে প্রত্যেকের বক্তব্যকে গুরুত্ব দেওয়া হয় ও প্রত্যেকের মতামতকে সম্মান জানানো হয়। প্রথমেই রাজ্যপাল তাঁর ভাষণে বলেছেন যে এই বাংলার বুকে তথা এই ভারতবর্ষে বিভিন্ন জায়গায় NRC, CAA তার বিরুদ্ধে আন্দোলন

করতে গিয়ে ভারতের যে নির্ভীক সন্তানরা প্রাণ হারিয়েছেন তাঁদের মৃত্যুতে তিনি শোক জ্ঞাপন করেছেন। একই সাথে তিনি আরও যেসমস্ত বক্তব্য তাঁর এই ভাষণে তুলে ধরেছেন।

.. (ভয়েস ফ্রম অপজিশান বেঞ্চ : জলঙ্গির কথা বলুন।)..

এখানে বলি, যাঁরা জলঙ্গির কথা বলছেন তাঁরা আসামে NRC কেন সমর্থন করেছেন তার জবাবটা আগে দেবেন তার পর জলঙ্গির হিসেব চাইবেন। বাংলায় NRC - র বিপক্ষে আর আসামে NRC - র পক্ষে মানুষ এই দ্বিচারিতা এরও তো ব্যাখ্যা চায়, তার জবাব দেবেন। তো সেই জায়গায় দাঁড়িয়ে তিনি অনেকগুলো বিষয় তাঁর এই বক্তৃতায় তুলে ধরেছেন। আমরা বলি, এই ভাষণকে আমরা কেন সমর্থন জানাচ্ছি, আমরা যদি একটু পেছনের দিকে যাই। কিছু দিন আগে কেন্দ্রীয় সরকারের যে বাজেট সেই বাজেটে আমরা দেখেছি, সেখানে এল.আই.সি. - র শেয়ার বিক্রি করা থেকে শুরু করে একের পর এক জনবিরোধী সিদ্ধান্ত নিয়েছে। তার ফলে ভারতবর্ষে আজকে আমরা কঠিন জায়গায় দাঁড়িয়ে আছি। বাজেট ঘোষণার পরে আজকের যে আনন্দবাজার পত্রিকা, সেই পত্রিকার প্রথম পাতায় রয়েছে আমাদের যে খুচরো মূল্য বৃদ্ধি। সেই মূল্য বৃদ্ধিতে মুদ্রাস্ফীতির যে হার সেটা ৭.৫৯ শতাংশ এবং গ্যাসের যে ভর্তুকি, সেই ভর্তুকি কীভাবে কোনো রকম নোটিশ ছাড়া একের পর এক কমিয়ে দিচ্ছে যার চাপ সবটাই সাধারণ মানুষের ওপরে পড়ছে। সেই জায়গায় দাঁড়িয়ে কেন্দ্রীয় সরকারের যে জনবিরোধী নীতি তার ফলে মানুষের জীবন ওষ্ঠাগত। আবার মাননীয় রাজ্যপাল তাঁর যে ভাষণ এই সদনে রেখেছেন, সেই ভাষণে তিনি বাংলার সরকার কীভাবে বাংলার মেহনতী - খেটে খাওয়া মানুষ থেকে সর্বস্তরের মানুষের জন্য কাজ করে চলেছেন তার পুঙ্খানুপুঙ্খ ব্যাখ্যা দিয়েছেন। আমরা দেখলাম, আমাদের এখানে বিরোধী দু-একজন বক্তা তাঁদের বক্তব্যও আমি শুনছিলাম। একটু আগেই শঙ্করদা কংগ্রেসের মাননীয় সিনিয়ার বিধায়ক, তিনি এখানে বলছিলেন যে এস.সি., এস.টি . সম্প্রদায়ের যে সার্টিফিকেট, সেই সার্টিফিকেট পেতে নাকি খুব হয়রানি হয়। আমি দায়িত্ব নিয়ে বলতে পারি, আমিও একজন এস. সি. সম্প্রদায়ের সন্তান, একটা সময় ছিল, সি পি এম - এর সরকার ছিল, যখন মাসের পর মাস এই এস.সি., এস.টি. সার্টিফিকেটের জন্য ঘুরতে হতো।

[4:00 – 4:10 p.m.]

কিন্তু আমাদের বাংলার মুখ্যমন্ত্রী আমাদের সম্প্রদায়ের কথা মাথায় রেখে, আজকে যাতে কোথাও আমাদের হয়রানি না হতে হয় সেই জায়গাটা, সেই পরিকাঠামোটা তৈরি করে দিয়েছেন। একমাসের মধ্যে, সর্বোপরি একমাস। একমাসের মধ্যে আমাদের সম্প্রদায়ের ছেলে-মেয়েরা যারা সার্টিফিকেট চায়, তারা সার্টিফিকেট পেয়ে যায়। সুজিতদা আমাদের সিপিএমের বিধায়ক উনি কৃষকবন্ধু নিয়ে বলছিলেন। যে বর্গাদার বা পাট্টাদার তাদের এখানে যে অনুদান, সেই অনুদান পাওয়ার সুযোগ নেই। আমি দায়িত্ব নিয়ে বলছি, কৃষি দপ্তর কোথাও বর্গাদার বা পাট্টাদার বঞ্চিত এই রকম কোনো নজির নেই কৃষি দপ্তরে। একমাত্র যারা ওয়ারিসান,তাদের এই কৃষকবন্ধু প্রকল্পে তারা যে অনুদান পাচ্ছে তার কারণ একটাই, আমাদের

সরকার বিনা পয়সার মিউটেশান করার সুযোগ দিচ্ছে। এই জায়গায় দাঁড়িয়ে তাদেরকে আবার যারা ওয়ারিসান তারা আর মিউটেশানটা করবে না, এই ভাবনা থেকে এটা করা হয়েছে। আর আমাদের সিপিএমের বিধায়ক তন্ময়দা, তিনি এখানে বলেছেন, তিনের পাতায় গুরুতর অশান্তির ঘটনা ঘটেনি, যেটা রাজ্যপাল ভাষণে বলেছেন, ভাটপাড়া, জলঙ্গিকে। আমি তন্ময়দাসহ এখনও সিপিএমের যাঁরা বিধায়করা আছেন তাঁদের উদ্দেশ্যে এখানে বলতে চাই, যে ভাটপাড়া, জলঙ্গি দেখিয়ে পার পেয়ে যাওয়া যাবে না। ১৯৯৮ সাল থেকে ২০১১ সাল আরামবাগ, খানাকুল, গোঘাট - আমরা এখনও সেইদিন ভুলে যাইনি। দিনের পর দিন যে ভাবে সন্ত্রাসের বাতাবরণ মানুষের মৃত্যু নিয়ে হোলি খেলা। আমার গোঘাট বিধানসভায় ১৮জন তৃণমূল কংগ্রেস খুন হয়েছে। তার মধ্যে কাশীবিকাশ থেকে কোমর আলি,মদন চক্রবর্তী - এখানে আমাদের পরিষদীয় মন্ত্রী বসে আছেন, শিক্ষামন্ত্রী বসে আছেন - মাসে এমন একটা দিন নেই, যেদিন আরামবাগ সাব-ডিভিশানে পার্থদাকে কলকাতা মেডিক্যাল, না হলে পারে পি.জি. হাসপিটাল থেকে - আমাদের যারা তৃণমূল কংগ্রেসের কর্মী তাদের দেহ নিয়ে সেখানে যেতে হত না। তাই সেই জায়গায় দাঁড়িয়ে এই কথা সিপিএমের মুখে মানায় না। এবং এন.আর.সি. থেকে রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন, রাজ্যপাল বলেছেন এখানে একদম পয়েন্ট ধরে ধরে, যে এন.আর.সি. কীভাবে আমাদের বাংলায় সরকার চাইছে না, কেন চাইছে না। আমরা এন.আর.সি.র মাধ্যমে দেখতে পাচ্ছি হিন্দু-মুসলিম উভয় সম্প্রদায়ের মধ্যে একটা বিভাজন তৈরি করার চেষ্টা করছে। যেখানে যাদের ভোটার কার্ড আছে, যে ভোট দিচ্ছে কিন্তু সে নাগরিক নয় কেন্দ্রীয় সরকার বলছে। আমাদের বাংলার মুখ্যমন্ত্রী বলছেন, যাদের ভোটার কার্ড আছে, যাদের আধার কার্ড আছে তারাই বাংলার নাগরিক, এই অখন্ড ভারতবর্ষের সন্তান, তাদেরকে তাড়ানোর অধিকার কারও নেই। সংবিধানের ৩২৬ নং ধারা ও ১৯৫০ সালের রিপ্রেজেনটেটিভ অ্যাক্টের ১৬(ক) ধারায় বলা আছে, যাঁরা ভোট দেন তাঁরা ভারতবর্ষের নাগরিক। আর বিজেপি বলছে, যে যাঁরা ভোট দেন তাঁরা ভারতবর্ষের নাগরিক নয়। যাঁদের কাছে ভোটার কার্ড, আধার কার্ড আছে তাঁরা ভারতবর্ষের নাগরিক নয়, তাঁদের কাছে সিটিজেনশিপ সার্টিফিকেট থাকতে হবে, তা নাহলে তাঁরা ভারতবর্ষের নাগরিক নয়। আর আমাদের নেত্রী, আমাদের বাংলার মুখ্যমন্ত্রী তিনি বলছেন, ভোট দিলে ভোটার কার্ড থাকবে, আধার কার্ড থাকবে তিনি ভারতের নাগরিক তাদেরকে আমরা বাংলা থেকে তাড়াতে দেব না, মোদি সরকার যতই চেষ্টা করুক না কেন। তো সেই জায়গায় দাঁড়িয়ে আমরা আজকে কঠিন পরিস্থিতির মধ্যে দাঁড়িয়ে আছি। আজকে এন.আর.সি, আমরাও পূর্ববঙ্গের মানুষ, পূর্ববঙ্গ থেকে এমন অনেক মানুষ এসেছেন, যাঁরা যে কোন ধর্মীয় কারণেই হোক বা অন্যান্য কারণেই হোক হয়তো তাঁরা এক কাপড়ে পালিয়ে এসেছেন, কিন্তু এন.আর.সি.র যা নিয়ম, সি.এ.এ. যা নিয়ম - সেই জায়গায় বৈধ কাগজপত্র না থাকলে পরে তাদেরকে এই দেশ থেকে তাড়িয়ে দিতে হবে, তাঁদেরকে অসমের মত ডিটেনশান ক্যাম্পে থাকতে হবে। আমরা এই জায়গায় দাঁড়িয়ে এন.আর.সির বিরুদ্ধে সেটা আমাদের নেত্রী বলেছেন এবং রাজ্যপাল তাঁর ভাষণেও এন.আর.সি.র বিরুদ্ধে তার মতামত ব্যক্ত করেছেন। সেই জায়গায় দাঁড়িয়ে আমরা এই কারণে,

এই ভাষণকে আরও সমর্থন করছি, যে আমাদের খাদ্যসাথী থেকে শুরু করে স্বাস্থ্যসাথী, রূপশ্রী প্রকল্প, কৃষক বন্ধু প্রকল্প, কৃষকবন্ধু মৃত্যুকালীন সহায়তা প্রকল্প, মানবিক প্রকল্প, ১০০ দিনের কাজে ৩৩.৮৩ কোটি শ্রমদিবস তৈরি করে ৭৭ দিন কাজ এবং সাত হাজার সাতশো সাতাশ কোটি টাকা ব্যয় করে ভারতবর্ষের প্রথম স্থান অধিকার করা। ২০১১ সাল থেকে ২০১৮ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গের দারিদ্র হ্রাস পেয়েছে, সর্বোচ্চ প্রায় ৪০ শতাংশ বেকারত্ব হ্রাস পেয়েছে। আর সেই জায়গায় ৪৫ বছরে বেকারত্বের হার কেন্দ্রের সর্বোচ্চ - সবটাই এই রাজ্যপালের ভাষণে ফুটে উঠেছে। সেই জায়গায় দাঁড়িয়ে এই রাজ্যপালের বক্তব্যকে আমাদের সমর্থন না জানানোর কোনো কারণ আছে বলে আমি মনে করি না। তাই রাজ্যপালের এই ভাষণ, সেই ভাষণকে আমি সমর্থন জানিয়ে এবং সদনে যাঁরা আছেন, আমাদের পরিষদীয় মন্ত্রী পার্থ চট্টোপাধ্যায় থেকে শুরু করে অন্যান্য সকলকে প্রণাম জানিয়ে, সদস্যদের সম্মান জানিয়ে আমি আমার এই বক্তব্য শেষ করছি।

শ্রী মিল্টন রসিদ : আমাদের গ্রামাঞ্চলে একটা কথা আছে - ‘কাজ থাকলে কাজি, আর কাজ ফুরালেই পাজি’। বেগানে সাদি মে আবদুল্লা দিওয়ানা, আমাদের বাংলার রাজ্যপাল মহাশয়, তিনি বক্তব্য রেখেছেন। সেই বক্তব্যের পরিপ্রেক্ষিতেই আলোচনা। এই আলোচনা খুব বিড়ম্বনার আমার মনে হচ্ছে। রাজ্য সরকারের বিভিন্ন পদে বসে প্রত্যেকদিন যাঁদের রাজ্যপাল সম্পর্কে বিরুদ্ধ কথা বলতে শুনি, কিন্তু আজকে এই রাজ্যপালের বক্তব্যের তাঁরা পক্ষে বলছেন, আমরা বিপক্ষে বলছি, এ মহা বিড়ম্বনার। তবে রাজ্য সরকারকে একটা ধন্যবাদ অবশ্যই জ্ঞাপন করব, অসাধ্যসাধন করেছেন। মাননীয় স্পিকার স্যার, আপনার মাধ্যমে রাজ্য সরকারকে ধন্যবাদ জ্ঞাপন করব, রাজ্যপালকে দিয়ে এই বক্তব্য পাঠ করানো একটা বড় দুর্ঘটনা এবং একটা বড় ব্যাপার, এটা শুধুমাত্র এই রাজ্য সরকার বলেই সম্ভব হয়েছে। তার জন্য আপনাদের অশেষ ধন্যবাদ জ্ঞাপন করছি। রাজ্যপাল সাংবিধানিকভাবে পাঠ করেছেন এবং ওনাকে পাঠ করতে হবে, এটাই স্বাভাবিক। দিনের পর দিন এই বাংলার সব জায়গায় রাজ্যপালের পদমর্যাদাকে হানি ঘটতে দেখেছি, সেই রাজ্যপাল আপনাদের কাছে এসে এই সদনে এসে বড় বড় বুলি বলে আপনাদেরকে এবং বাংলার মানুষকে ধন্যবাদ জ্ঞাপন করেছেন এবং আপনাদের উন্নয়নের কথা তুলে ধরার চেষ্টা করছেন। আমার তো মনে হয় উনি মুখে এক কথা বলেছেন, ওনার বুকের বেদনা কিন্তু আপনারা আমরা শুনতে পাই নি। যে রাজ্যপাল প্রত্যেকদিন পশ্চিমবঙ্গে দাঁড়িয়ে বলে পশ্চিমবঙ্গের গণতন্ত্র ছিন্নভিন্ন হয়ে গেছে, সেই রাজ্যপাল এই সদনে দাঁড়িয়ে বলে গেল এই গণতন্ত্র জিন্দাবাদ, এর চেয়ে বড় দুর্ঘটনা, এর চেয়ে বড় অসাধ্যসাধন আপনাদের কাছে আমরা আর কিছু পেতে পারি না। আপনারা যে রকম উন্নয়ন করেন, সেই রকম আপনারা রাজ্যপালকে দিয়ে ভাষণও বলাতে পারেন। জলঙ্গিতে সি.এ.এ.-র বিরুদ্ধে আপনারা আন্দোলন করছেন, আপনাদের পার্টি আন্দোলন করছে, রাজ্য সরকার আমরা প্রস্তাব নিচ্ছি, জলঙ্গিতে আন্দোলন হল সি, এ,এ-র বিরুদ্ধে। যেমনি ভারতের বিভিন্ন জায়গায় গুলি চলছে, গুলি চলার কথা বলেছে, জলঙ্গিতে গুলি চলল, আপনারা কি করলেন, দু’জন মারা গেল, সেই কথা কেন এই বইয়ে

নেই, তার জবাব দিতে হবে। পার্ক সার্কাসে আন্দোলন করতে গিয়ে একটা মা মারা গেছে, তার কথা এখানে কেন নেই ? কংগ্রেস এবং বামফ্রন্ট আমরা বনধ্ ডেকেছিলাম সি,এ,এ-র বিরুদ্ধে, আজকে সেই বনধ্‌কে বলতে চাইছেন যে, 'আমি কর্ম জীবনকে নষ্ট করে বনধ্ করতে দিই না'। যে সরকার বনধ্ নিয়ে জন্মগ্রহণ করেছে, এই বাংলার সরকার, ৭২ দিন বনধ্ ডেকেছেন, আপনারা আজকে ভুলে গেছেন এবং রাজ্যপালকে দিয়ে সেই মিথ্যা কথাটাকে সত্য করার চেষ্টা করেছেন। সেই রাজ্যপাল তাঁর ভাষণে বড় বড় কথা বলে মিথ্যাগুলোকে এস্টাব্লিশ করার চেষ্টা করছেন। আজকে আরও একটা কথা বলি। এই সি.এ.এ. আন্দোলন করতে গিয়ে, আপনারা বেদনা দেখাচ্ছেন তো, সি.এ.এ.-র বিরুদ্ধে আপনারা আন্দোলন করছেন, সি.এ.এ. আন্দোলন করতে গিয়ে পশ্চিমবঙ্গ, মুর্শিদাবাদ, মালদহ, বীরভূম সহ বিভিন্ন জেলায় প্রচুর মিথ্যা মামলা হয়েছে এবং অনেক ভালো মানুষ জেল খাটছে। তাদের কথা একবারও উল্লেখ করলেন না। এটাই আপনাদের কাছে দুঃখ প্রকাশ করছি, রাজ্যপালের কাছে নয় কারণ উনি তো মুখে এক কথা বলেছেন, ভেতরের এক কথা। তার পরের দিন আবার সাংবাদিক সম্মেলন করে বলেছেন, তাই এই বক্তব্যকে সমর্থন করতে পারি না। বেকার সমস্যার কথা বলেছেন। ৪০% বেকারদের সমস্যার সমাধান করেছেন। একটা শ্বেতপত্র প্রকাশ করুন, কাকে কাকে চাকরি দিয়েছেন এবং কোন্ কোন্ চাকরি দিয়েছেন।

[4:10 – 4:23 p.m.]

তেলে ভাজার দোকানটাকে চাকরি বললে হবে না। শ্বেতপত্র প্রকাশ করে আমাদের বাংলার মানুষকে বুঝিয়ে দিন। আমরা প্রত্যেক বুথে আপনাদের হিসাব অনুযায়ী প্রত্যেক বুথে বারো থেকে ষোলোজন চাকরি পাবে এই চল্লিশ পার্সেন্ট যদি বেকার সমস্যা আপনারা নিবারণ করেছেন। উন্নয়নের কথা বলছেন, যে আমরা উন্নয়ন দেখতে পাই না। স্বাভাবিক অনেক শ্রী করলেন। একটা অনুরোধ করব? এই চশমায় উন্নয়ন দেখতে পাচ্ছি না। দয়া করে যদি চশমাশ্রী বলে আমাদের বিরোধীদের একটা করে চশমা দেন। তাহলে আমরা আপনাদের উন্নয়ন দেখতে পাব। আপনাদের উন্নয়ন কোনদিন দেখতে পাই জানেন? আপনাদের উন্নয়ন দেখতে পাই যখন কলেজ ভোটে নমিনেশান হয়। মুখে কাপড় বেঁধে, হাতে ডান্ডা নিয়ে কলেজ গেটে দাঁড়িয়ে থাকে সেদিনকে উন্নয়নকে দেখতে পাই। সমবায় ব্যাঙ্কের ভোটের দিনে উন্নয়ন দেখতে পাই। পৌরসভার ভোটের দিনে উন্নয়ন দেখতে পাই। পঞ্চায়েতে ব্লক অফিসে নমিনেশান করার সময় মুখে কাপড় বেঁধে, হাতে ডান্ডা নিয়ে আপনাদের উন্নয়ন দাঁড়িয়ে থাকে। তাই ওই উন্নয়ন আমরা দেখতে পাচ্ছি না। দয়া করে আমাদেরকে একটা চশমাশ্রী বলে একটি প্রকল্প দিয়ে বিরোধী দলের বিধায়কদের একটি করে চশমা দিন। আমরা উন্নয়ন দেখতে পাব।

আরও কথা বললেন। স্বাস্থ্য কেন্দ্রে নাকি স্বাস্থ্যের অবস্থা প্রচন্ড ভালো। আপনাদেরকে জানিয়ে রাখি, তিনদিন আগে বীরভূমের লোহাপুরে একজন মানুষ যে ব্রেনস্ট্রোকে এসে পিজি, এনআরএস এবং মেডিকেল কলেজ ঘুরে ঘুরে ঘুরে বাড়ি চলে যায়। তার পরের দিন এবিপি

আনন্দের সংবাদের মাধ্যমে খবর পেয়ে রাজ্য সরকার তাও কিছু করে নি। আমাদেরকে সঙ্গে নিয়ে এসে ভর্তি হতে হয়। তার পরেও আপনারা বলেন, স্বাস্থ্যের পরিষেবা ভালো।

আপনারা বলছেন ভূমির কথা। ভূমিতে উন্নয়ন করেছেন। বি.এল.আর.ও. অফিসে গিয়ে একবার খবর নিন। সরকার পক্ষের সমস্ত বিধায়ক বা সকলকে খারাপ বলার অধিকার আমার নেই। অনেকে ভালো অনেক খারাপ মিলেই কিন্তু একটা পার্টি, একটা সমাজ, একটা গোষ্ঠী, একটা পাড়া, একটা ক্লাব। বি.এল.আর.ও. অফিসে গিয়ে অনুরোধ করব সরকারকে যে, আপনারা বি.এল.আর.ও. অফিসে গিয়ে খবর নিন। বি.এল.আর.ও. অফিসে সাধারণ ভূমিহীন বা ভূমির যারা মালিক তারা যায় না। দালালচক্র ঘরে বসে আছে- দালালচক্র, দালালচক্র। যার কোনো ডকুমেন্টস নেই সেও রেকর্ড করছে। রেকর্ড করে সে বিক্রি করছে। এটা আপনাদেরকে জানাচ্ছি। আপনারা এর প্রিকশান দেন। সামনে পৌরসভার নিবার্চন, মাথায় রাখবেন। শুধু মাশ্‌ল্‌ পাওয়ার দিয়ে বুথে দাঁড়িয়ে থাকলে হবে না। বিধানসভার ভেতরে আমরা বড় বড় কথা বলছি। কিন্তু যখন আপনি ছাপ্পা ভোট করবেন, যখন আপনি রিগিং করবেন সাধারণ মানুষ কিন্তু দেখতে হবে যাতে ছাপ্পা ভোট না করতে হয়, যাতে রিগিং না করতে হয়। তার জন্য আপনারা আরও সচেষ্ট হন। আপনারা যদি উন্নয়ন করেছেন তাহলে ভোটে যেতে ভয় কেন? কোনো সমবায় ব্যাঙ্কে ভোট হচ্ছে না। কোনো কলেজে ভোট হচ্ছে না। মনে হয় পৌরসভায় ভোট করবেন কিনা সন্দেহ আছে। তাই একটা কথা বলছি যে, আপনারা যতই বড় গালভরা বুলি বলান রাজ্যপালকে দিয়ে উনি হয়তো বলেই চলে গেছেন। আজকে আর রাজ্যপাল আপনাদের এই কথা দ্বিতীয়বার বলবেন না। আবার বলবে পশ্চিমবঙ্গে গণতন্ত্র বিপন্ন। ধন্যবাদ।

Smt. Namita Saha : মাননীয় স্পিকার মহোদয়, আজকে আমাদের বলতে দেওয়ার জন্য আমি কৃতজ্ঞ। গত সাত তারিখে পশ্চিমবঙ্গের রাজ্যপাল জগদীশ ধনখড় যিনি ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের ষোড়শ বিধানসভায় পঞ্চদশ অধিবেশনে যে বক্তব্য রেখেছেন সেই বক্তব্যকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার কথা বলব। এখানে বিরোধী বন্ধুরা বিরোধিতা করার জন্য অনেক মিথ্যা কথা সরকারের নামে অপব্যাখ্যা করেছেন। আমরা জানি, পশ্চিমবঙ্গে মা-মাটি-মানুষের সরকার চলছে। জনসাধারণের আর্থিক, সামাজিক পরিস্থিতির সার্বিক উন্নয়নের জন্য এই সরকার দায়বদ্ধ।

রাজ্য যোজনা খাতে ব্যয় ২০১০-১১ সালে ১১,৮৩৮ কোটি টাকা থেকে বেড়ে ২০১৮-১৯ সালে ৮০,১২০ কোটি টাকা হয়েছে। মূলধনী ব্যয় '১০-'১১ সালে যা ছিল ২,২২৬ কোটি টাকা তা ১১ গুণ বৃদ্ধি পেয়েছে। ২০১৮-১৯ সালে ২৩,৭১৭ কোটি টাকা ব্যয় করেছে। আমি বলতে চাই, মাননীয় রাজ্যপাল বক্তব্য রেখেছেন যে বিগত বছরগুলোতে, বিশেষ করে ২০১১ থেকে আজও পর্যন্ত পশ্চিমবঙ্গে শান্তি বিরাজ করছে, কোথাও কোন অঘটন, অশান্তি ঘটেনি। এটা আমরা সবাই জানি। আমরা জানি সর্বজনীন দুর্গা উৎসব হয়ে গেছে। সেই দুর্গা কার্নিভাল এটা প্রমাণ করে দেয় একটার পর একটা ধর্মীয় উৎসব, যেমন দীপাবলী, ছটপুজো, ইদ, বড়দিন বিভিন্ন সম্প্রদায়ের

মানুষ পালন করেছে পশ্চিমবঙ্গে কোথাও কোন অশান্তি হয় নি। এ ছাড়া সম্প্রতি মকর সংক্রান্তি উপলক্ষে গঙ্গাসাগরে মেলা হয়েছে। যেন একটা মিনি ভারতবর্ষ। সারা ভারতবর্ষের বিভিন্ন অঙ্গরাজ্যের মানুষ সেখানে গেছেন। কেউ বলতে পারবে না আমার পকেটমার হয়েছে। কেউ বলতে পারবে না তাদের কোনো ক্ষতি হয়েছে বরং বহু গর্ভবতী মা এই গঙ্গাসাগরে এসে প্রসব যন্ত্রণায় যখন কাতরায় তখন আমাদের সরকারের পক্ষ থেকে, মা-মাটি-মানুষের সরকারের পক্ষ থেকে মা-কে রক্ষা করা হয়েছে, যথাযথভাবে সন্তানকে জন্ম দিয়েছে। সুব্যবস্থা চলছে। অতএব বোঝা যাচ্ছে পশ্চিমবঙ্গে শান্তি বিরাজ করছে। মানুষ কী চায় ? মানুষ অন্ন চায়, বস্ত্র চায়, বাসস্থান চায়। খাদ্যসাথী প্রকল্পে সেটা প্রমাণ হয়ে গেছে। সাড়ে ৭ কোটি মানুষ ২ টাকা কিলো দরে চাল এবং গম পাচ্ছে এটা প্রমাণ হয়ে গেছে। 'কৃষি কর্মনে' পশ্চিমবঙ্গ ছয় ছয়বার ভারতবর্ষ থেকে প্রথম পুরষ্কার এনেছে। শিক্ষায় এগিয়ে চলেছে। স্বাস্থ্যে এগিয়ে চলেছে। আপনারা জানেন পঞ্চম শ্রেণি থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত শিক্ষাকে শিক্ষাশ্রী প্রকল্পের আওতায় আনা হয়েছে। এ ছাড়া আপনারা আরও জানেন যে সবুজসাথী প্রকল্পে এক কোটি ছেলে-মেয়েকে সাইকেল দেওয়া হয়েছে। সকলের ঘরের কাছে স্কুল নেই। নবম থেকে দ্বাদশ শ্রেণির ছেলে-মেয়েদের সহজভাবে যাতায়াত করার জন্য সাইকেল প্রদান করা হয়েছে। এটা সবাই জানে, সব ঘরে আছে। যেসব বিরোধী বন্ধুরা এখানে বলছেন তাদের ঘরের ছেলেমেয়েরাও পর্যন্ত এই সবুজসাথী প্রকল্পের আওতায় এসেছে। সবুজসাথী বলতে গিয়ে আমরা বলতে পারি এই শিক্ষা ব্যবস্থায় যে শিক্ষাশ্রী প্রকল্প আনা হয়েছে তাতে পঞ্চম থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত স্টাইপেন্ড পাচ্ছে। প্রত্যেকটা ঘরের ছেলে-মেয়ে স্টাইপেন্ড পাচ্ছে। SC/ST/OBC ঘরের ছেলে-মেয়েরা, সংখ্যালঘু ঘরের ছেলে-মেয়েরাও এগিয়ে চলেছে। সরকার সুন্দর ব্যবস্থা করে দিয়েছে। আর, কন্যাশ্রী প্রকল্পের কথা না বললে আমার বক্তব্য অসম্পূর্ণ থেকে যাবে। আপনারা জানেন নেদারল্যান্ডের হেগ শহরে ৫৫২টি প্রকল্পের মধ্যে বাংলার জননেত্রী, গণতন্ত্রের অতন্দ্র প্রহরী সেরার সেরা বিশ্বসেরা পুরষ্কার নিয়ে এসে তিনি আবার ঘোষণা করেছেন রূপশ্রী প্রকল্প। গরীব ঘরের মেয়েদের বিবাহ দিতে গিয়ে অনেক সময় বাবা-মা তাঁদের বাসনপত্র, থালা-ঘটি-বাটি, জলের ঘড়াটা পর্যন্ত বিক্রি বা বন্ধক রেখে তবে কন্যার বিয়ে দিত।

কিন্তু মা-মাটি-মানুষের সরকার আসার পর 'রূপশ্রী প্রকল্প' চালু করেছেন। এই ৩ লক্ষ রূপশ্রী তারা ২৫ হাজার টাকা পেয়েছে। গরীব বাবা মা অনেক দিক থেকে রক্ষা পেয়ে গেছে। এইভাবে একটার পর একটা প্রকল্প 'শিশুশ্রী প্রকল্প' থেকে 'সমব্যাথী প্রকল্প' আপনারা জানেন মানবিক মুখ্যমন্ত্রী 'মানবিক প্রকল্প' চালু করেছেন। যারা ৫০ পারসেন্ট হান্ডিক্যাপ্ট, তাদেরও 'মানবিক প্রকল্প' দেওয়া হয়েছে। প্রতি মাসে এক হাজার করে টাকা পাচ্ছে। আমি সেদিন বিধানসভা থেকে বাড়ি যাচ্ছিলাম। এক হান্ডিক্যাপ্ট কন্যা আমার সাথে দেখা,বলল, দিদি আমি খুব খুশী, আমি পড়াশোনা করছি। আমি অত্যন্ত গরিব ব্রাহ্মণের ঘরের মেয়ে। আমি এতদিন কিছু পাইনি। কিন্তু 'মানবিক প্রকল্পে' আমি প্রতি মাসে এক হাজার করে টাকা পাচ্ছি। আমি গর্বিত হলাম তার মুখ থেকে শুনে। প্রত্যেকটা মানুষের বাড়িতে এই সরকারের প্রকল্প কোনো না কোনো

ভাবে প্রবেশ করেছে। আপনারা জানেন বাসস্থান - কই আজ তো আর দেখি না রেলপথের ঝুপড়িতে কাউকে বসবাস করতে? আর তো দেখি না সেই খালপাড়ের ঝুপড়িতে? 'গীতাঞ্জলি প্রকল্পে' তাদের মাথায় আচ্ছাদনের ব্যবস্থা করা হয়েছে। এইভাবে একটার পর একটা প্রকল্প- আগে মানুষ মারা গেলে মানুষের কাছে হাত পেতে তবে দাহ কাজ করতে হত। আমরা জানি মৃত্যুর পর কেউ শ্মশানে, কেউ গোরে আর কেউ কবরে যায়। আর কিন্তু মানুষের সেই চিন্তা নেই। এই সরকার যেভাবে এগিয়ে চলছে সারা ভারতবর্ষের মধ্যে আপনারা জানেন মডেল বাংলা তৈরি হতে চলেছে কারণ ভারতবর্ষ যখন স্বাধীন হয় আমরা জানি সেই সময় মহামতি গোখেলের বাণী "What Bengal thinks today, India thinks tomorrow." আজকে কিন্তু বাংলা এগিয়ে চলছে, বাংলা পথ দেখাবে। এ বাংলা মডেল বাংলা। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি, নমস্কার, ধন্যবাদ।

Adjournment

The House was then adjourned at 4:23 p.m. till 11:00 a.m. on Friday, the 14th February, 2020 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Friday, the 14th February, 2020 at 11:00 a.m.

P R E S E N T

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 20 Ministers-in-Charge, 13 Ministers of State and 188 Members.

[11:00 – 11:10 a.m.]

LAYING OF AMENDMENTS TO THE RULES

Amendments to the West Bengal Special Marriage Rules, 2010

Shri MOLOY GHATAK : Sir, I beg to lay the Amendments to the West Bengal Special Marriage Rules, 2010 published in the Kolkata Gazette Extraordinary dated the 18th October, 2019 under Notification No. 203-L (St.)/L W/O/St./6M-27/2019 dated the 17th October, 2019 issued by the Law Department, Government of West Bengal.

Amendments to the West Bengal Hindu Marriage Registration Rules, 2010

Shri MOLOY GHATAK : Sir, I beg to lay the Amendments to the West Bengal Hindu Marriage Registration Rules, 2010 published in the Kolkata Gazette Extraordinary, dated the 18th October, 2019 under Notification No. 204-L (St.)/L W/O/St./6M-27/2019 dated the 17th October, 2019 issued by the Law Department, Government of West Bengal.

LAYING OF REPORTS

The 41st Annual Report containing Annual Accounts and Audit Report thereon, of the West Bengal Essential Commodities Supply Corporation Limited for the year 2014-2015

Shri Firhad Hakim : Sir, with your Permission, I beg to lay the 41st Annual Report containing Annual Accounts and Audit Report thereon, of the West Bengal Essential Commodities Supply Corporation Limited for the year 2014-2015.

The Annual Report of the West Bengal Commission for Protection of Child Rights for the year 2018-2019

Dr. SHASHI PANJA : Sir, I beg to lay the Annual Report of the West Bengal Commission for Protection of Child Rights for the year 2018-2019.

Discussion on Governor's Address

মিঃ স্পিকার : এখানে সুজনবাবু ও মনোজবাবু রয়েছেন। আজকে যেহেতু মান্নান সাহেব অসুস্থ সেইহেতু তিনি আসতে পারেননি। উনি মনোজবাবুকে বলেছেন। বিরোধী দলের নেতা হিসাবে ওনার প্রায়োরিটি ছিল মুখ্যমন্ত্রীর আগে। আমি তাই মনোজবাবুকে বলবো আজকে আপনি আগে বলুন। তার পরে সুজন চক্রবর্তী বলবেন। আমি মনোজবাবুকে অনুরোধ করছি আগে বলে নেওয়ার জন্য যেহেতু বিরোধী দলের নেতা আজকে উপস্থিত নেই। বাম পরিষদীয় নেতা সুজন চক্রবর্তী উপস্থিত আছেন। তাই আমি আপনাকে অনুরোধ করবো আগে আপনি বলে নিন।

শ্রী মনোজ চক্রবর্তী : ধন্যবাদ স্যার, আমি সরকারকে ধন্যবাদ জানাই আপনার মাধ্যমে। আনন্দধারা সহ নানাবিধ প্রকল্প রূপায়ণ করে চলেছেন। এই প্রকল্পে তপশিলী জাতি, তপশিলী উপজাতি, প্রতিবন্ধী ব্যক্তি সহ সমস্ত মানুষজনের অন্তর্ভুক্তির ব্যাপারে প্রয়াস নেওয়া হয়েছে। খুব সুন্দর। আমি সরকারের কাছে অনুরোধ করবো, সরকার একটা বিল আনুক কুর্মি সম্প্রদায়ের মানুষ যাঁরা পুরুলিয়া, বাঁকুড়া, ঝাড়গ্রাম, মেদিনীপুর, বীরভূম সহ নানা জেলায় প্রায় এক-আধ কোটি মানুষ আছেন। এই কুর্মী সমাজকে সিডিউল্ড ট্রাইব করার জন্য সরকার বিল এনে তাঁদেরকে সিডিউল্ড ট্রাইবের অন্তর্ভুক্ত করুক এবং সেটা কেন্দ্রের কাছে পাঠাক।

গত তিন দিন আগে সংসদীয় নেতা মাননীয় অধীর চৌধুরী প্রশ্ন করেছিলেন এবং বলেছিলেন যে কুর্মি সমাজ — তাদেরকে আনা হোক। কিন্তু বাধ্যবাধকতা হচ্ছে এখান থেকে রেজোলিউশান করে পাঠালে তবেই তাঁরা এনটাইটেল হবেন। আমি সরকারকে অনুরোধ জানাচ্ছি। স্যার, আমি রাজ্যপালের ভাষণের উপর বিরোধীদের আনা কাট মোশানকে সমর্থন করে আমার বক্তব্য পেশ করছি। রাজ্যপাল মহাশয় জানাচ্ছেন, 'আনন্দের সঙ্গে জানাচ্ছি যে গত বছরে আইনশৃঙ্খলা পরিস্থিতি শান্তিপূর্ণ ছিল'। সব থেকে পরিতাপের বিষয় তার দু'দিন বাদেই মধ্যমগ্রামে গিয়ে রাজ্যপাল মহাশয় বলেছেন যে এখানে নির্বাচন কীভাবে হবে, সব তো বোমা, বারুদ কারবারী, কী করে হবে? আমার কথা নয় স্যার, রাজ্যপাল মহাশয়ের কথা। তাহলে বুঝতেই পারছেন কী লেখা আছে, কী দেওয়া আছে। আমি আপনাকে বলি স্যার যে সত্যিই কি শান্তিপূর্ণ ছিল? গণতান্ত্রিক প্রক্রিয়া কি সত্যিই শান্তিপূর্ণ ছিল? না,এই হাউসে বারবার বলা হচ্ছে আমরা নাকি বিজেপিকে এনেছি বা casting করেছি বা transfer করেছি, Is it true? এটা কি সত্যি? এটা সত্যি? না, এটা সত্যি নয়, যাঁরা ইয়েস, ইয়েস করছেন I will produce the thing in the

table if you tell. আমি produce করে দেব, আমি produce করে দেব। যে কথা আপনার মাধ্যমে বলতে চাই স্যার, "First they ignore you, then they laugh at you, then they fight you, then you win"- মহাত্মা গান্ধী। ওরা প্রথমে তোমাকে ইগনোর করবে, ওরা হাসবে, তাঁর পরে ওরা তোমাকে মারবে, কিন্তু তুমি জয়ী হবে। আমরা বিজেপিকে বাড়িয়েছি, আমরা? যাঁদের নেতা ইন্দিরা গান্ধী, রাজীব গান্ধী, মহাত্মা গান্ধী, যাঁরা দেশকে রক্ষা করার জন্য প্রাণ দিয়েছেন, নাথুরাম গডসকে যাঁরা পূজো করছেন, তাঁদের বিরুদ্ধে আমরা! Is it? Is it? Is it true? কোথায় নিয়ে যাচ্ছেন শান্তিশৃঙ্খলা? কী হত? দুটো বিরোধী দল থাকত, জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতি, কংগ্রেসের এম.এল.এ. ভাঙ্গিয়ে নিয়ে আপনি দল গঠন করেছেন, তাদেরকে নিয়েছেন। ছিনিয়ে নিয়েছেন নির্বাচিত পুরসভা, পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদ। আমি কি মিথ্যা কথা বলছি? ত্রিপুরায় কী করেছেন? কংগ্রেস থেকে সাতজন এম.এল.এ. ভাঙ্গিয়ে নিয়ে তারা তৃণমূলের সাইনবোর্ড দিয়ে দিল সেই অফিসে, সেই অফিস থেকেই আবার সাইনবোর্ড খুলে তারা বিজেপিতে চলে গেল এবং তৃণমূল কংগ্রেস — আপনি এবং সেখানে ত্রিপুরাতে বিজেপির গভর্নমেন্ট হয়ে গেল। কোথায়, কোথায়, বলতে পারেন? এর পরেও কোথায় বলছেন! "হিন্দু না ওরা মুসলিম জিজ্ঞাসে কোন জন, কান্ডারী বলো ডুবিছে সন্তান মোর মার"— আমরা এই কথা বলি। ভারতবর্ষে সন্তান মার ডুবছে, বিজেপির বাড়বাড়ন্ত। মুখ্যমন্ত্রীও আঁচ পেয়েছেন। রাণী রাসমণি রোডে একমাস ধরে দখল হয়ে আছে, কেউ আন্দোলন করতে পারবে না। এটা হয়! আঁচ পেয়েছেন, আন্দোলনের টের, রাত্রের বেলা পেয়েছেন আঁচ। নরেন্দ্র মোদী এখান থেকে পালিয়ে গিয়ে দক্ষিণেশ্বরে, বেলুড় মঠে যেতে বাধ্য হয়েছিলেন। মানুষ যখন রাস্তায় নেমে যায় কারুর আন্দোলন কন্ট্রোলে থাকে না। তাই মাননীয়া মুখ্যমন্ত্রীকে বিনীতভাবে বলি যে সকলকে আন্দোলন করতে দিন, অধিকার দিন, একচেটিয়া দখলদারী বন্ধ করুন।

[11:10 – 11:20 a.m.]

অসম্মান করুন, বঞ্চিত করুন কিন্তু আমাদের অসত্য অপবাদ দেবেন না। অপবাদ দিলে আমার দায়িত্ব, কর্তব্য এদের দায়িত্ব, কর্তব্য যে সত্যকে উদ্ঘাটিত করে দেওয়া এবং সত্যকে উন্মোচিত দেওয়া কারা বি.জে.পি.-র দালালি করেছে? কারা বি.জে.পি.-কে বাড়িয়েছে? I may table it. আপমান করুন। এর জন্য দরকার হলে আমরা মৃত্যুর মুখে পতিত হব তবুও বলব সত্যটা কি। কারা বি.জে.পি.-কে বাড়িয়েছে? গণতন্ত্রের কণ্ঠরোধ করে, গণতন্ত্রের টুঁটি চিপে, নির্বাচিত প্রতিনিধিদের দলখেলাপি করে দিয়ে তার জন্য আজকে অশুভ শক্তির বাড়বাড়ন্ত। কী হত দুটো জেলা পরিষদ কংগ্রেসের থাকত। এম.এল.এ. ৪৪ ছিল তাকে ভাঙ্গিয়ে নেওয়ার দরকার কী ছিল? শংকর সিং — আমি নাম করে বলছি। তাঁকে আপনি নদীয়া জেলার সভাপতি করেছেন তৃণমূল কংগ্রেসের। How, how is it possible? উত্তর আছে? কোন উত্তর আছে আপনাদের? উত্তর নেই। তাই আমাদের অসম্মান করুন, আমাদেরকে মারুন, ধরুন, কিন্তু সত্যি কথা আমাকে বলতে হবে। বি.জে.পি. -কে বাড়িয়েছি আমরা? ৯৯ সাল তপন সিকদার, সত্যব্রত মজুমদার আর আপনি লোকসভায় একসাথে জোট করে গেছেন। আর আমরা বি.জে.পি,- র

দালাল? এটা বলতে হবে, বলুন কার সঙ্গে alliance করেছে? কার সঙ্গে alliance করেছে মমতা ব্যানার্জীকে বলতে হবে এই হাউসে দাঁড়িয়ে। ২০০৪ সাল আবারও alliance। আপনি একা জিতেছেন। মানুষ বুঝিয়ে দিয়েছেন না, বি.জে.পি -র সঙ্গে আঁতাত করলে তোমাকে একাই থাকতে হবে। গণতান্ত্রিক ব্যবস্থাকে নষ্ট করবেন না, আপনাকে বিনীত অনুরোধ করছি। আমার করুণা হয় আপনাকে দেখে। আমার করুণা হয়। আপনি একাই ছুটে ছুটে বেড়াচ্ছেন। আপনি একাই ছুটে ছুটে বেড়াচ্ছেন। যেদিন শপথ নিয়েছিলেন সেদিন রাস্তায় আপনার সমর্থনে মানুষের ঢল নেমেছিল। এখন আপনার মিটিংয়ে ICDS, আশাকর্মী থেকে আরম্ভ করে সরকারী beneficiaries নিয়ে এসে DM, SP-রা আপনার মিটিং ভরান। সাধারণ মানুষ যায় না। যারা যায় তারা আপনার মিটিং থেকে ফিরে গালাগালি করে। আমাদেরকে প্যাকেট দেবে বলেছিল, কিন্তু আমাদেরকে দেয় নি। This is true. আপনাকে ওরা বলতে সাহস পাবে না। আমি আপনাকে সত্য কথাটা, ভাল কথাটা বলে দিলাম। এখনও সময় আছে সংশোধন করবার। আমরা এ কথা বলব? কারা করেছে —Will I produce the paper? New Delhi, ১৫.৯.২০০৩ সাল, Mamata Banerjee today appeared to shed her antipathy towards the Sangh parivar brand of politics even as a flattered RSS hailed her as Bengal's Durga. Who says? Who says? সেদিন কারা বলেছিল? বলব? তাহলে লজ্জা পাবেন। পিটাই খাকে খাকে হাম লোগ ইয়া পৌহুছা Communist Party highlights the terror. Defence Minister George Fernandez told Mamata to visit state capitals and educate the people about Red terror. Mamata said, We are with you, we are with you, RSS. We are with you in your fight against communalism and apparently overwhelmed Balbir Punj. Balbir Punj-বি.জে.পি -র রাজ্যসভার MP said, "হামারি প্যায়ারি মমতাদি সাক্ষাত দুর্গা হ্যায়। — Our sister Mamata, who is a Durga herself." Who says? Manoj, Sujan Chakraborty, Adhir Chowdhury? No. রাজ্যসভার বি.জে. পি. এম.পি.। Will I produce? Will I produce? বি.জে.পি রাজ্যসভার MP said. এই যে কাগজ, I will place to your table, if there is a challenge. কে বি.জে.পি-কে ফ্রন্টে এনে লড়েছিলেন দুই, দুইবার? বাঙ্গারু লক্ষ্মণ এক লক্ষ টাকার দুর্নীতির জন্য আপনি resign করেছিলেন। মনে পড়ে সেদিন? আর আমরা বি.জে.পি -র দালাল? মানুষ বিশ্বাস করবে? বুঝিয়ে দিয়েছে কোথায়, কোন জায়গায় দাঁড়িয়ে আজকে আছেন। আপনি রাণী রাসমনিতে বক্তৃতা করলেন।

রাতে চলে গেলেন নরেন্দ্র মোদীর কাছে। তার পরে সেই নরেন্দ্র মোদী ঐ দক্ষিণেশ্বরে বেলুড় মঠকে কলুষিত করে তার পরের দিন ঐ সি.এ.এ.-র পক্ষে বক্তৃতা করে উড়ে চলে গেলেন জলপথে আর আকাশপথে। নরেন্দ্র মোদী — তাঁর নিজের রাজ্য আসামে বক্তৃতা করতে পারেন না, তাঁর প্রোগ্রাম ক্যানসেল হয়, মণিপুরে হয়, আর এখানে ফুরফুরে মেজাজে ঘুরে বেড়ান। কার দৌলতে? কার দৌলতে? রাতের বেলায় সমস্ত মানুষ — গোটা বাংলার মানুষ রাস্তায় নেমেছিল।

এখনও শাহিনবাগ, পার্ক সার্কাস, বহরমপুরে চলছে। জলঙ্গীতে? কার বিরুদ্ধে আন্দোলন করতে গিয়ে দু'জন খুন হয়েছে? কারা তারা? আপনার দলের লোক। আপনার দলের লোক খুন করেছে। তারা এখনও গ্রেফতার হয় নি। বলুন, জবাব দিতে হবে। মানুষকে সাথে নিয়ে চলা এতো সহজ নয়, এতো সহজ নয়। আমি তাই বলব সরকারকে যে, এখনও শোধরানোর সময় আছে। কারা বি.জে.পি.-র হয়ে করেছে? আর কারা বি.জে.পি.-র জন্য বিরোধিতা করছে? আমি তাই বলতে চাই স্যার, সরকার যেন এখনও শোধরায়, এখনও শোধরায়। এখনও বলতে চাই গণতান্ত্রিক শক্তিকে টুটি টিপে ধরবেন না। পঞ্চায়েত ভোট হয়েছে? পঞ্চায়েত ভোট করতে দেন নি। যেখানে কাউন্টিং হয়েছে, সেখানে পর্যন্ত ছাপ্পা মারছেন — টি.ভি তে দেখিয়েছে। ভোট হয়েছে? এই পঞ্চায়েত ভোট যদি সঠিকভাবে করতেন, তাহলে এই বি.জে.পি. বাড়ত না। আপনার দৌলতে বি.জে.পি বেড়েছে। পঞ্চায়েত ভোট লুঠ হয় নি? পঞ্চায়েতকে করায়ত্ত্ব করতে দেন নি? আমাকে মেরেছেন, ফিরোজাকে মেরেছেন, সমস্ত এম.এল.এ.-কে — আমি ৭ দিন হাসপাতালে ছিলাম। সেই দিন ভুলে গিয়েছেন? পঞ্চায়েত ভোট কীসের ছিল? ৪টে বিরোধীরা পেত, কংগ্রেসের এম.এল.এ.- কে ভাঙানোর দরকার কি ছিল? ২১১ -র পর বাড়তি বোঝা চাপানোর? চাপিয়েছেন কেন? কারণ কংগ্রেস মুক্ত বাংলা করতে হবে। আর হয় না? দেখেন নি আজ? নরেন্দ্র মোদী পালিয়ে বেড়িয়েছেন। কত টাকা পাঠিয়েছে বলুন? আমি যাব, আপনি যাবেন, আপনার মন্ত্রীসভা যাবে। নরেন্দ্র মোদীর বাড়ির সামনে ধরনায় বসে যাব। বলুন কত টাকা চান? তাই পরিষ্কারভাবে বলতে চাই আপনাকে যে এখনও বলছি সময় আছে, শোধরান। ভোট লুঠ করবেন না, কারা - কারা কামিয়েছেন সবাই জানে। মানুষের কাছে খোলা খাতা আছে আমাদের। আমাদের খাতা খোলা। আমাদের খাতা ফাঁকা নয় ঐ লাল মোড়ক দিয়ে। খাতা খোলা আছে আমাদের। আমরা তাই সদর্পে বলতে পারি যে, আমরা মরে যেতে পারি কিন্তু প্লিজ, দয়া করে আর.এস.এস.-এর সাথে আমাদেরকে লেবেল সাঁটিয়ে দেবেন না।

তার জন্য মৃত্যুকে যদি বেছে নিতে হয় আমরা নেব, আমরা সকলে মিলে তাই করতে চাই। এই যে রাজ্যপালের ভাষণ, তাকে আমি প্রতিবাদ করছি এবং বিরোধীদের আনা সংশোধনীকে সমর্থন করছি। আমি আপনাকে তাই বলতে চাই আবারও পৌরসভার ভোট আসছে, আপনার সঙ্গে, আমাদের সঙ্গে, আপনার সরকারের সঙ্গে দেখা হবে। সেদিন যদি মৃত্যু হয় আমাদের কারোর - কারোর তাও শ্রেয়, কিন্তু গণতন্ত্রকে রক্ষা করব যে কোন মূল্যে, যেকোন পরিণামে আমরা গণতন্ত্রকে রক্ষা করব। এই কথা আপনাকে এই সদনে দাঁড়িয়ে বলে দিলাম। তার জন্য যদি মৃত্যুও হয়, যতটা দরকার ততটাই জায়গায় আমরা লড়াই করব। অতএব এখনও সরকারকে বলছি, সাধু সাবধান, সাবধান, অনেক হয়েছে, অনেক করা হয়েছে। তাই বলছি এখনও সময় আছে। এই রাজ্যপালের ভাষণের বিরোধিতা করে এবং সকলকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

ডঃ সুজন চক্রবর্তী : স্যার আমি আপনাকে ধন্যবাদ জানাচ্ছি আমাকে এখানে বলবার সুযোগ দিয়েছেন বলে। আমার বক্তব্য হচ্ছে যে, মহামান্য রাজ্যেপালের এই ভাষণ পূর্ণাঙ্গ ভাষণ

নয়, অসততায় ভরা এবং মিথ্যায় ভরা। সারা দেশ যখন ভয়ঙ্কর বিপদের দিকে — আমরা সবাই বলছি, মুখ্যমন্ত্রী বারে - বারে বলছেন আমরা প্রচণ্ড বঞ্চনার শিকার। সেখানে এই রাজ্যপালের ভাষণে তার যথাযথ উল্লেখ নেই। মনে হয়েছে যেন কম্প্রোমাইজড়, নরম একটা ভাষণ এবং এটাও বোঝা গেছে যে, রাজ্য সরকার রাজ্যপালের ভাষণকে যথাযথ গুরুত্ব দিতে চায় নি বলেই হয়তবা সম্প্রচারের ক্যামেরাটা অফ করে দিয়েছেন। রাজ্য সরকারই যেখানে গুরুত্ব দিতে চায় নি, স্বাভাবিক কারণেই আমি এই রাজ্যপালের ভাষণকে সমর্থন করছি না। আমাদের সংশোধনী দিয়েছি, নিশ্চয়ই আপনি স্যার গ্রহণ করবেন।

[11:20 – 11:30 a.m.]

স্যার, রাজ্যপালের ভাষণে কালিয়াগঞ্জের এগজিস্টিং এম.এল.এ. যিনি ছিলেন তাঁর নামের উল্লেখ থাকলেও, অনিল অধিকারী ফলাকাটার এগজিসটিং এম.এল.এ. মারা গিয়েছেন, তাঁর নামের উল্লেখ কিন্তু নেই, যোগ করে নিন। জলঙ্গিতে দু'জন যে খুন হল এন.আর.সি.র বিরুদ্ধে আন্দোলন করতে গিয়ে, তাদের নামের কোনো উল্লেখ এখানে নেই। যোগ করে নিন। আমার মনে হয়েছে এটা আসলে রাজ্যপালের ভাষণ নয়, এটা একটা বাজেট বক্তৃতা। এবং ২০২১ এর আগে শেষ ভাষণ। অতএব কার্যত একটা নির্বাচনী বিবৃতি, এই ভাবে আমার কাছে এটা প্রতিভাত হয়েছে। স্যার, আইনশৃঙ্খলা নিয়ে একটা সম্পূর্ণ অসত্যতার মধ্যে এই ভাষণ আমাদের সামনে উপস্থিত করেছে। সম্প্রীতির বন্ধন সম্পর্কে যা বলা হয়েছে তা ভুল, অসত্য, অর্ধেক সত্য। স্যার, গঙ্গারামপুরে স্কুলের দিদিমনিকে যেভাবে আক্রমণ করা হল, শাসক দলের নেতারা যুক্ত, উল্লেখ নেই। উত্তর দিনাজপুরে একই রকমভাবে মহিলাদের উপর আক্রমণ করা হল, বি.জে.পি. যুক্ত। তারও কিন্তু উল্লেখ নেই। কোথাও যেন মনে হয়েছে তুমি আমি দুজনে ভাই ভাই, বিপদে আপদে একজন আর একজনকে গার্ড করে চলি, এইরকম একটা মনোভাব আছে। কলকাতা শহরের থানার মধ্যে খুন হয়ে গেল এবং তাকে ঘিরে যা চলছে সবাই বুঝতে পারছেন। ধামাচাপা দেওয়ার একটা অসম্ভব অপচেষ্টা। তার পরেও যদি আমাদের মনে করতে হয় যে আইনশঙ্খলা দারুণ ভালো আছে, সেটা বালিতে মুখ গোঁজার সমান হবে বলে মনে হয়। কর্মসংস্থান, বেকারি, শিল্প এ প্রসঙ্গে উল্লেখ যথার্থভাবে আমাদের এই ভাষণে নেই, তাই আমি এই ভাষণকে সমর্থন করছি না। দেশজোড়া বিপর্যয়কারী রাজনীতি চলছে। গণতন্ত্র এবং বহুত্ববাদের রাজনীতিকে ভেঙে দেওয়া হচ্ছে। নমনীয়তা এবং সহিষ্ণুতার পরিবর্তে দেশজুড়ে হিংসার আর বিভাজনের রাজনীতি চাপানো হচ্ছে। সমাজের গভীরে গিয়ে রাজনীতি এবং মানুষ গঠন করা বাতিল করে দেওয়া হচ্ছে দেশজুড়ে। শিক্ষা, স্বাস্থ্য থেকে সরকার ক্রমশ সরে আসছে। প্রাইভেটাইজেশানের চাপ ক্রমশ বাড়ছে। পরিবেশ রক্ষার দায় দেশের সরকার অস্বীকার করছে, International environment criminal — ব্রজিলের বোলসেনারো, অ্যামাজন, আমরা জানি বিপদের কথা। আমাদের দেশে প্রজাতন্ত্র দিবসে বিশেষ অতিথি। আমাদের দেশের সরকার - ভয়ঙ্কর বিপজ্জনক একটি জায়গায় যাচ্ছে। বিকেন্দ্রীকরণ, যুক্তরাষ্ট্র কাঠামোকে ভেঙে দিয়ে কেন্দ্রিকতার রাজনীতি ভারতবর্ষে চাপিয়ে দেওয়া হচ্ছে। এই বিষয়ে যথাযথ উল্লেখ রাজ্যপালের ভাষণে

নেই। স্যার, আর.এস.এস. পরিচালিত মোদি-শাহ সরকার বিপজ্জনক অবস্থান নিচ্ছে। উদার অর্থনীতি ভয়ঙ্কর। আদানি, আম্বানির পাহারাদারের মতো দিল্লির সরকার চলছে। সাম্প্রদায়িকতার বিভাজনের রাজনীতি ক্রমশ বাড়ছে। সাংবিধানিক সংস্থাগুলোকে কার্যত টুঁটি টিপে ধরা হচ্ছে। Civil liberties, মানুষের অধিকার এবং স্বাধীনতা ক্রমশ ক্রমশ খর্ব করা হচ্ছে। আমার আগের বক্তারা বলেছেন, আমি আর কারোর নাম করতে চাইছি না। ভয়ঙ্কর বিপজ্জনক জায়গায় আমাদের দেশ যাচ্ছে। It is a nationalistic communal jingoism, দেশ জুড়ে যা চলছে এক কথায় তার বাইরে অন্য কিছু বলা যায় না। বিরোধিতা করলেই দেশদ্রোহীর তকমা দেশের মানুষের উপর চাপিয়ে দেওয়া হচ্ছে। ভয়ঙ্কর এই বিপদের মধ্যে আমরা দাঁড়িয়ে আছি। স্যার, মানুষের জীবনজীবিকা খুব মুশকিল। কলকারখানা, শিল্প, ব্যবসা দুর্বল সব ক্ষেত্রে। রেকর্ড বেকারি, রেকর্ড মূল্যবৃদ্ধি। গ্যাসের দাম রেকর্ড বেড়ে গেল, ৬য় বছরে ডবল্। কেরোসিন ছয় বছরে আড়াই গুণ, ভয়ঙ্কর। এই মাত্রায় কখনও কোনোদিন হয়নি। তার বিরুদ্ধে দেশব্যাপী মানুষ বিক্ষোভ করছেন। সি.এ.এ., এন.আর.সি.র বিরুদ্ধে দেশব্যাপী মানুষের আন্দোলন চলছে। আবার জীবনজীবিকা ২১ হাজার টাকা ন্যূনতম মজুরী, কৃষকের ফসলের দাম — দেশজুড়ে ধর্মঘট হল ৮ই জানুয়ারী। বিরোধিতা করল দিল্লিওয়ালারা, বি.জে.পি.। বিরোধিতা করল পশ্চিম বাংলাওয়ালারা, আমাদের শাসকদল। কেন? ভয়ঙ্কর বিপদের মধ্যে আমাদের দেশ চলছে। যদি আমরা না বুঝি তাহলে আমাদের মুশকিল হবে। এবং বি.জে.পি.র ভিত কাঁপছে। যে যাই ভাষণ দিক বুঝতেই পারছেন মহারাষ্ট্রে, হরিয়াণা, ঝাড়খণ্ডে ২০-২২ শতাংশ করে ভোট কমেছে। এই সমস্ত রকমের অসভ্যতা করার পরেও দিল্লিতে ১৮ শতাংশ ভোট কমেছে বি.জে.পি.র। মানুষ এই জবরদস্তির রাজনীতি, এই ঔদ্ধত্যের রাজনীতি কখনও মেনে নেয় না, কখনও পছন্দ করে না। গণতন্ত্রকে পদদলিত করা দেশের মানুষ মেনে নিতে পারে না।

আমাদের রাজ্যের গণতন্ত্রের অবস্থাটা কী স্যার? আমি যখন দিল্লীর কথা বলছিলাম সবাই সহমত ছিলেন। কিন্তু একই ছাপ কি আমাদের বাংলাতেও আছে? কোন কোন ক্ষেত্রে? গণতন্ত্র মানে মানুষকে মর্যাদা দেওয়া। চোখরাঙানো হুমকি দিয়ে গণতন্ত্র হয় না। বিরোধী দলটাকে গুরুত্ব দেওয়ার পরিবর্তে ওখানেও যেমন দুরমুশ করা হচ্ছে, এখানেও তেমন দুরমুশ করা হচ্ছে। অনধিকার আর ঔদ্ধত্যের রাজনীতি ক্রমশ বাড়ছে। রাজনীতিটাই মনে হচ্ছে যেন ঔদ্ধত্যের। সন্দেহ আর ভয়ের আতঙ্ক ক্রমশ গ্রাস করছে, শাসকদলকে সেটা পদে পদে স্পষ্ট। বাস্তবে মানুষের যদি অভিযোগ থাকে তাদের অভিযোগ জানাবার জায়গা নেই। বি.ডি.ও.'র কাছে যাবেন, দরখাস্ত জমা নেবে না। থানায় যাবেন এফ.আই.আর. নেবে না। নবান্নে যাবেন রিসিভ করবে না। নেতা না বললে এফ.আই.আর. নেবে না। মন্ত্রীদের অথবা শাসকদলকে খুশী করার মত কারণ না থাকলে কার্যতঃ চিঠি পর্যন্ত রিসিভ করা হয় না। এই অভিজ্ঞতা শুধু আমার নয়, এই অভিজ্ঞতা গোটা রাজ্যবাসীর। নিশ্চয়ই আপনারা বুঝতে পারবেন। মানুষ প্রতিবাদ জানাবে সুযোগ নেই। দরখাস্ত জমা নেবে না, মিটিং করবেন পারমিশান দেবে না। সল্ট লেক — আপনি

বিক্ষোভ করবেন, শিক্ষা বা অন্য কোন ব্যাপারে, চিঠি জমা নেবে না। যদি কেউ চিঠি জমা দেয় তাকে চার বার ফোন করে ধমকাবে। তার পরে পারমিশন দেবে না। তারপরে যদি যায় তাকে স্টেশন কিম্বা বাস স্ট্যান্ডে নামার সঙ্গে সঙ্গে পুলিশের ঘেরাটোপ তাকে তুলে নিয়ে চলে যাবে। এটা যেমন সল্ট লেকে, কলকাতাতেও তাই। গত তিন চার দিনের মধ্যেই হয়েছে। গ্রুপ 'ডি'র পরীক্ষার্থীরা এসেছেন কোথাও কোন সুযোগ না পেয়ে, পারর্মিশান না পেয়ে শেষমেশ পুলিশ রাজি হয়েছে। সবেমাত্র নামছে। চল লালবাজার। সহজ কথা লালবাজার। জবরদস্তির এই যে একটা রাজনীতি চলছে, এটা স্যার কখনো মেনে নেওয়া যায় না। রাণী রাসমণি রোড একটাই জায়গা ছিল প্রতিবাদ করার জন্য, মানুষ সমাবেশ করতে পারতেন । প্রতিবাদ করা তো মানুষের কনস্টিটিউশনাল রাইট। ৩৬দিন ধরে বন্ধ। কীসের রাজনীতি? কীসের ঔদ্ধত্য? এমন কি রাস্তা পর্যন্ত দখল করে নেওয়া হচ্ছে? বিপজ্জনক ! মুখ্যমন্ত্রী সহ শাসকদলের সবাই এখানে আছেন। আমি বলব বিবেচনা করুন। বিবেচনা করুন, না হলে বিপদ আমাদের রাজ্যের ঘাড়ে এসে পড়বে। ডি.এ'র দাবি মানুষের সঙ্গত দাবি, করতে পারবে না? যদি কেউ ডি.এ.'র দাবি করে রাজ্যের দূরতম প্রান্তে তাকে শাস্তিমূলক ট্রান্সফার করা হবে। সবাই জানে । এই আমলে আগেও করা হয়েছে। সবাই চুপ। এই দিয়েই কি থামিয়ে রাখা যায়? থামিয়ে রাখা যায় না। গরীব যুবক, বেকার, কনট্রাকচুয়াল কর্মী, ক্যাজুয়াল কর্মী, গ্রুপ 'ডি' পরীক্ষার্থী তাড়া খেয়ে বেড়াচ্ছেন, মন্ত্রী না বললে ডেপুটেশান নেবে না। নেতা না বললে এফ.আই.আর. নেবে না। এইরকম দমবন্ধকর অবস্থার মধ্যে আমরা এসে দাঁড়িয়েছি। বাচ্চা মেয়ে স্যার, দুর্গাপুরের, জে.এন.ইউ এর নিবাচিত প্রেসিডেন্ট। আর.এস.এস. ভয় পায়, বিজেপি ভয় পায়। বিশ্ববিদ্যালয়ের মধ্যে গিয়ে মারে। রাস্তায় ধরে আক্রমণ করে। পুলিশ গ্রেপ্তার করে। দুর্গাপুরে তার বাড়ি। সেখানে সে এসেছে। মিছিল করবে, পারমিশন নেই। কলকাতা বিশ্ববিদ্যালয়ের মাস্টারমশাইরা ফিজ হাইকের বিরুদ্ধে মিটিং করবেন, জে.এন.ইউ.-এ.তে যেমন ফিজ হাইক একটা ব্যাপার। খোঁজ নিয়ে জানবেন আমি নির্দিষ্ট করে বলছি, কাজী নজরুল বিশ্ববিদ্যালয়ে ফিজ বেড়েছে চার গুণ। প্রতিবাদ করতে পারবেন না, মিটিং করতে পারবেন না ক্যালকাটা ইউনিভার্সিটিতে। মিটিং করতে যাবেন গেট বন্ধ। আর.এস.এস. যাকে ভয় পায়, আর.এস.এস. যাকে চেপে দিতে চায়, থমকে দিতে চায়, এরাজ্যেও শাসকদল তাকেই যদি থমকে দিতে চায় তাহলে কোথাও না কোথাও দুয়ে দুয়ে চার, এই সহজ সমীকরণ বুঝতে অসুবিধা হওয়ার কথা নয়। এন.আর.সি.'র বিরোধিতা করেছে যুবরা। এন.আর.সি'র বিরোধিতা করে ইনোভেটিভ স্লোগান ন্যাশনাল রেজিস্টার অব সিটিজেনশিপ এর বিরুদ্ধে ন্যাশনাল রেজিস্টার অব বেরোজগারী, এন.আর.বি। দিল্লীতে ওরা ২৮তারিখে ডেপুটেশন দেয়। দিল্লীতে কী করবে আমি জানি না। শিলিগুড়িতে গত ১২ তারিখ পিটিয়ে মারা হল। লাঠি, পাথর, জলকামান, বেশ কয়েকজন হাত, পা ভেঙ্গে হাসপাতালে ভর্তি আছে। কেন? এন.আর.সি.'র বিরুদ্ধে যুবকরা কর্মসুচী নেবে, এন.আর.বি.'র বিরুদ্ধে কর্মসূচী নেবে তাতেও সরকারের গাত্রদাহ ! এ জিনিস মেনে নেওয়া যায় না। স্যার, আমি বলব মুখ্যমন্ত্রী কালকে বাঁকুড়ায় যথার্থ বলেছেন — কজ অব কনসার্ণ।

[11:30 – 11:40 a.m.]

ভেঙ্গে পড়ে গেল। খুব কড়া কথা বলেছেন। হ্যাঁ,একমাস সময় লাগল। ঠিক এই কথাটাই তো আমরা বলছিলাম। হয়তো একমাস সময় লাগল। কে ভাঙল? জলাধার কে ভাঙল? সম্প্রীতি সেতু সবে এক বছর হয়েছে, নিশ্চয়ই আপনিও জানেন ফাটল দেখা গিয়েছে। বড় গাড়ী চলা বন্ধ হয়ে গেছে। খোঁজ নিন বড় গাড়ী চলা বন্ধ হয়ে গেছে। এটা কি—'কেবলমাত্র' বড় গাড়ী চলা বন্ধ হয়েছে? দরকার হলে contest করবেন। এটা কি কেবলমাত্র কোন একটা সেতুর ব্যাপার? কোন একটা জলাধারের ব্যাপার? কাটমানির কথা তো বলেছিলেন। কত পার্সেন্টে চলছে—৬,৮,১০ নির্দিষ্ট পার্সেন্টেজ। তার পরে কাজ, পাথর আছে—নেই, বালি আছে—নেই, সিমেন্ট নেই। চলো, কাজ করে চলো। উন্নয়ন অনুপ্রেরণায় লাফিয়ে লাফিয়ে বাড়ছে! যেমন, প্রধানের কাছে গেলে উন্নয়ন দেখতে পাবেন, কাউন্সিলারের কাছে গেলে উন্নয়ন দেখতে পাবেন তেমনি উন্নয়ন ও অনুপ্রেরণার প্রাধান্য এত বেশী যে, সম্প্রীতি সেতুতে ফাটল ধরে অথবা বাঁকুড়ায় জলাধারটা ধ্বসে পড়ে। বিপদটা যদি আমরা না বুঝতে পারি তাহলে আরও বেশী অসুবিধার মধ্যে আমাদের সবাইকে পড়তে হবে। বালির খাদান, কয়লার খাদান, পাথরের খাদান, ১৬০০ টাকায় ১৮০০ টাকায় ওভারলোডিং, আমাদের কাউন্সিলার ওখানে বলছিলেন, তিনি যথার্থ বলেছেন। আমাদের এম.এল.এ. এখানে বলছিলেন, যথার্থ বলেছেন। সবাই জানে, আমরা জানি না? বালিতে মুখ গুঁজে বসে আছি? আমরা জানি না! শুধু একটা কথা বলছেন ভোট ট্রান্সফার হয়েছে—ভুল। ভোট ট্রান্সফার এই কথাটা বলার মধ্য দিয়ে মানুষকে অসম্মান করা হচ্ছে। অসম্মান করা হচ্ছে। ৩৮ভাগ যাঁরা ভোট দিয়েছিলেন দিল্লীতে লোকসভায় আপের বিরুদ্ধে, তাঁরা আপকে বিধানসভায় ভোট দিয়েছেন, এটা ট্রান্সফার নয়, বাস্তবতার বিবেচনায় মানুষ অনেক ক্ষেত্রেই চলে। মৌলবাদীরা ট্রান্সফার করতে পারে, বাকীদেরটা ট্রান্সফার হয় না। স্যার, আমি নির্দিষ্টভাবে বলছি। গৌতমদেব মন্ত্রী এখানে আছেন কিনা জানি না, ডাবগ্রাম ফুলবাড়ির এম.এল.এ.। ২০১৬ সালে বিধানসভা নির্বাচনে ১ লক্ষ ৫ হাজার ভোট পেয়েছিলেন। সেটা হয়ে গেলো ৬৪ হাজার। ৪১ হাজার কোথায় গেল? উবে গেল? হাবড়ায়, জ্যোতিপ্রিয় মল্লিক এখানে আছেন কিনা আমি জানি না, ১ লক্ষ ১ হাজার পেয়েছিলেন, ৭৭ হাজার হয়েছে। এতো কোন ব্যক্তির ব্যাপার নয়। ২৪ হাজার উড়ে গেল? কোথায় গেল? ট্রান্সফার করেছে কংগ্রেস? ট্রান্সফার করেছে বামপন্থীরা? কোথায় গেল? মুখ্যমন্ত্রীর ভবানীপুর, ৮৮হাজার ভোট ছিল ২০১৬ সালে। হয়ে গেল ৬১ হাজার। তাহলে ২৭ হাজার কোথায় গেল? তাহলে আমার মনে হয় এই ভাবে না দেখে বরঞ্চ পঞ্চায়েতের দখলদারির পরিপ্রেক্ষিতে যা আমাদের দাঁড়িয়েছে নির্বাচনে, সেটা আমরা সবাই বুঝতে পারছি। সেখান থেকে সমাধান করার চেষ্টা করা হোক। একটা বিপজ্জনক অবস্থায় আমাদের দেশকে নিয়ে যেতে চাইছে। তার বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে।

...(গোলমাল)...

এটা ছিল পঞ্চায়েত সহ দখলদারির প্রতিফলন। এটা বুঝে রাখবেন। স্যার, আমি শেষ করছি। দুটি বাক্য আমি বলব। জ্যোতি বসু বিজেপিকে বর্বরের দল বলতে পারতেন।

...(গোলমাল)...

সেই ধক আমাদের নেই। সেই হিম্মত আমাদের নেই।

...(গোলমাল)...

নাহলে তাকে বাতিল করে দেবেন। আর সোনালী গুহ খুশিমত কথা বলবেন, ওর পূর্বপুরুষকে ধরে টানাটানি করবেন, তা মেনে নেব? সোনালী গুহ যা বলেছেন আগের দিন রামজকে, আপনি নিশ্চয় খেয়াল করেছেন, এটা ভালগারিজ্‌ম্‌, এর চাইতে কমতি কিছু নয়। আপনারা যা খুশি করবেন? খুশিমত চলতে পারেন না। যা খুশি আপনারা করতে পারেন? চারদিকে কী হচ্ছে বুঝতে পারছেন না? (এই সময় মাইক অফ হয়ে যায়।)

মিঃ স্পিকার : আমি একটা কথা বলি আপনাকে: I will examine the last portion of your speech। আমি ওটা দেখব, এবং আপনি বলছেন যে আগে একজন সদস্যের সম্বন্ধে বলা হয়েছে, আমি সেটাও দেখব। আমার নোটিশে এসেছে, আপনারটাও দেখব, সেটাও আমি দেখব এবং দেখে নিয়ে I will take a decision ঠিক আছে, আমি দেখব, I will look into this.

শ্রীমতী মমতা ব্যানার্জী : মাননীয় স্পিকার স্যার, গভর্নর্স অ্যাড্রেস সাপোর্ট করবার জন্য আপনার পার্মিশান নিয়ে কয়েকটি কথা বলতে চাই। সমস্ত মাননীয় সদস্য, সদস্যরা তাঁদের মত রাজনৈতিক বক্তব্য রেখেছেন। সবটার সাথে আমরা সহমত নই এবং বেশিরভাগই সেই একই বুলি, একই কথা, একই কুৎসা, একই অপপ্রচার, একই চক্রান্ত, একই হতাশা। ডিপ্রেশান থেকে পলিটিক্যাল পলিউশান এমনভাবে পলিটিক্যালি কাউকে কাউকে গ্রাস করেছে যে, তারা সত্য কথা বলতে ভুলে গেছে। আমার ভবানীপুর নিয়ে চিন্তা করার দায়িত্ব আমি সি.পি.এম. পার্টিকে দিই নি। আপনি আপনার যাদবপুরটা দেখুন। যাদবপুরে আপনার ১৬ হাজার ভোটে হার হ'ল কী করে? ফার্ষ্ট এই জবাবটা আপনি আমাকে দিন। ভবানীপুর ইজ্‌ ও.কে.। ডোন্ট ওয়ারি। ভবানীপুর ছোট্ট জায়গা। আপনি এই ভাবে কথা বলছেন, লজ্জা করেনা? চ্যারিটি বিগিন্‌স্‌ অ্যাট হোম। আগে নিজের চরকায় তেল দিন, তারপরে অন্য চরকায় তেল দেবেন। বেশি জ্ঞান আমাদের দেবেন না। অনেক জ্ঞান শুনেছি। আজকে বড় বড় কথা বলছেন? কলকাতা বিশ্ববিদ্যালয় কোনো একজন বক্তাকে কেন অ্যালাউ করে নি? ভুলে গেছিলেন হাজরার মোড়, যেদিন আমাকে মেরেই ফেলেছিলেন প্রায়, ভুলে গিয়েছিলেন সেদিনকার কথা? একেবারে ভুলে গিয়েছিলেন? একটুও মনে পড়ে না বন্ধু? একটার পর একটা ঘটনা? একটা কপালে বাড়ি পড়েছে, তাই নিয়ে এত চিন্তা, এত পলিটিক্স? আমরা এটাকে সাপোর্ট করি না, আমরা করি নি। আমার প্রতিনিধি এমনকি আপনি অন্য পার্টি জানা সত্ত্বেও আমি দীনেশ ত্রিবেদীর দলকে পাঠিয়েছিলাম টু কনভে আওয়ার বেষ্ট উইসেস্‌ অ্যান্ড সলিডারিটি্‌। এটা আপনাদের সাথে আমাদের তফাৎ। আমি পরিষ্কার আপনাদের বলি, বেশি জ্ঞান শেখাবেন না। ৩৪ বছর ধরে অনেক দেখে নিয়েছি। চমকাইতলা থেকে শুরু করে, কেশিয়ারি থেকে শুরু করে, কেশপুর থেকে শুরু করে, সিঙ্গুর থেকে শুরু করে, নন্দীগ্রাম থেকে শুরু করে, নেতাই থেকে শুরু করে, বারুইপুর থেকে শুরু করে, জামতলা থেকে শুরু করে, জগৎবল্লভপুর

থেকে শুরু করে, রাজবল্লভহাট থেকে শুরু করে, কোচবিহারের রবীন-বিমান-হায়দার থেকে শুরু করে, হাওড়ার বিমলা দে থেকে শুরু করে - আমাকে আমার মুখ খোলাবেন না। পলিটিক্যাল বক্তৃতা — আমি এখানে হাজারটা নাম বলে দেবো, আমার মুখস্থ ৩৪ বছরের রেকর্ড। সরস্বতী পুজোর দিন কেন বন্ধ করেছিলেন? ঘরে ঘরে সরস্বতী পুজো হয়। সরস্বতী পুজোর দিন বন্ধ কেন করেছিলেন? কেন করেছিলেন? সরস্বতী পুজোর দিন বন্‌ধ্ কেন করেছিলেন? লজ্জা করেনা? সরস্বতী পুজো আমরা ঘরে ঘরে করি। সরস্বতী পুজোর দিন বন্‌ধ্ করেছিলেন কমিউনাল লাইনে কমিউনাল কার্ড খেলবার জন্য। লজ্জা থাকা উচিৎ। ঐ দুটো মৃত্যুর জন্য আপনারা দায়ী, আপনারা যাঁরা মদত দিয়েছিলেন। আপনারা দায়ী। সরস্বতী পুজোর দিন কে বন্‌ধ্ করে? দূর্গাপুজোর দিন কেউ বন্‌ধ্ করলে বাংলার মানুষ মানবে? না কালীপুজোর দিন বন্‌ধ্ করলে মানবে? না ঈদের দিন বন্‌ধ্ করলে মানবে? না সরস্বতী পুজোর দিন বন্‌ধ্ করলে মানবে? আপনার কি ৩৬৫ দিন হাতে ছিল না? বছরে তো দুটো-তিনটে করে বন্‌ধ্ করেন। লজ্জা করে না? ....

মিঃ স্পিকার : আমি একটা কথা বলি সুজনবাবু, মাননীয়া মুখ্যমন্ত্রী বলছেন, আপনারা কেউ পাসিং কমেন্ট করবেন না।

শ্রীমতী মমতা ব্যানার্জী : .... একটা বন্‌ধ্ ইউনিভার্সিটি তৈরি করেছেন। সি.পি.এম. পার্টির কাজ হচ্ছে, আর কংগ্রেস তাদের যতো কাছে যাচ্ছে, তত নিজেদের সাইন বোর্ডটাও হারিয়ে ফেলছে। এই একটাই কারণে আমরা কংগ্রেস ছেড়ে তৃণমূল কংগ্রেস তৈরি করেছিলাম এবং আজকে এটা প্রমাণ করে দিয়েছি যে, কংগ্রেস সি.পি.এম. এর রাইট হ্যান্ড্, রাইট হ্যান্ড্, রাইট হ্যান্ড্। দেখতে পাচ্ছেন না ভারতবর্ষের রাজনীতি? যেখানে অন্য রিজিওনাল পার্টি স্ট্রং, সেখানে রিজিওনাল পার্টি জিতছে। কংগ্রেসের ভাঁড়ার গোল্লা, শূন্য। আর যেখানে অন্য পার্টি নেই, সেখানে আপনার সুযোগ আছে। ...... (নয়েজ) ...... হাঁ ওখানে অন্য পার্টি আছে তো। আপনি একটা পার্ট হয়েছেন, ঠিকই তো মহারাষ্ট্রে আপনি একটা পার্ট হয়েছেন। এন.সি.পি. আছে, শিবসেনা আছে। ...... (নয়েজ) ...... বললাম তো, তার মানে কি? আপনি একা তো হন নি, এটা মাথায় রাখবেন।

[11:40 – 11:50 a.m.]

যেখানে রিজিওনাল পার্টি স্ট্রং সেখানে রিজিওনাল পার্টি স্ট্রং, আর যেখানে রিজিওনাল পার্টি স্ট্রং নয়, আপনি আছেন, সেখানে অন্য কোন পলিটিক্যাল পার্টি নেই বলে বিরোধী ভোটটা আপনি পান — এটা আপনার কৃতিত্ব নয়। এটা রিজিওনাল পার্টিদের কৃতিত্ব, এটা মাথায় রাখবেন। স্যার, আমি দেখেছি আলোচনা যা হয়েছে সবটাই পলিটিক্যাল, কোন ভালো সাজেশান দিলে সাজেশানগুলো নিশ্চয়ই ভেবে দেখতাম। অনেক ভেবে আমরা সাজেশান তৈরী করি। আমিও দীর্ঘদিন বিরোধী দলের রাজনীতি করেছি। ৩৪ বছর বিরোধী দলের রাজনীতি না দেখলেও, অন্তত ২৮, ৩০ বছর দেখবার চেষ্টা করেছি, ছাত্র রাজনীতি থেকে। একটা হসপিটালে ভর্তি করতে পারতাম না।

...(হইচই)...

চ্যালেঞ্জ, স্পীকার স্যার, একদম চ্যালেঞ্জ আমি যদি একটাতেও হাত দিয়ে থাকি Either you have to prove or you have to withdraw Otherwise they must withdraw. It is a false allegation. I strongly object it. I strongly object it! লজ্জা করে না, আমাকে বিধানসভায় ঢুকতে দেওয়া হয় নি!

মিঃ স্পীকার : সুজনবাবু আপনি এটা ঠিক কাজ করছেন না। মুখ্যমন্ত্রী বলবেন আর আপনারা সবাই ওখান থেকে কমেন্ট করবেন, এটা হতে পারে না। This cannot be done, No, উনি আপনাদের বলার সুযোগ দিয়েছেন, সবাই যে যাঁর মতো বলে গেলেন, সব সমালোচনা করে গেলেন। আর উনি উত্তর দেবেন, সেটা কি দেবেন না?

শ্রীমতী মমতা ব্যানার্জী : স্যার, পার্থ চ্যাটার্জী যখন বিরোধী দলের নেতা ছিলেন, সিঙ্গুরে যখন আমায় ঢুকতে দেওয়া হলো না, আমি পার্থদার সাথে দেখা করতে এসেছিলাম। পার্থদা আমার বিরোধী দলের নেতা ছিলো, তাঁর রুমে। আমায় ঢুকতে দেওয়া হয় নি, আমাকে মারা হয়েছিল, এবং সেদিন আমি কিছু করিই নি, আমার পায়ে জুতো ছিল না, আমার জুতোটা পর্যন্ত কেড়ে নেওয়া হয়েছিল, মনে রাখবেন This is the actual report।

... (এই সময় মাননীয় সদস্য শ্রী সুজন চক্রবর্তী দাঁড়িয়ে উঠে কিছু বলতে থাকেন।) ...

... (গোলমাল) ...

বাজে কথা বলবেন না, মিথ্যে কথা বলবেন না, কুৎসা করবেন না, অপপ্রচার করবেন, দেখে নিন ভিডিও আমি যদি কোথাও একটু হাত দিয়ে থাকি, প্রমাণ করতে হবে। You have to prove it, otherwise Sujan Chakraborty, you have to withdraw it. You have to withdraw যদি আমি কোন কিছু ভেঙ্গে থাকি। বাজে কথা, শুধু মিথ্যে কথার ফুলঝুড়ি।

মিঃ স্পীকার : সুজন বাবুর কোন কথা রেকর্ডে যাচ্ছে না, কোন কথা রেকর্ডে যাচ্ছে না, প্লিজ, মাননীয় মুখ্যমন্ত্রী বলছেন, ওনাকে বলতে দিন। সুজনবাবু নিজেকে কেন যে restrain করতে পারছেন না, আপনি বিধানসভার মর্যাদাতো রাখবেন। মুখ্যমন্ত্রী বলছেন, আপনি দাঁড়িয়ে পড়ছেন, what is this? আপনি যখন বলেন তখন সরকার পক্ষ থেকে চিৎকার হলে আপনি তখন বলেন, আমি থামাই। আর আপনি নিজেই চিৎকার করবেন? এটা ভালো জিনিস হচ্ছে না। প্লিজ।

শ্রীমতী মমতা ব্যানার্জী : স্যার, রাজনীতিতে জিততে গেলে অনেক কাজ করতে হয়, লোকে দেখে আমি একজনকে দিলাম, সে ঠিক মতো কাজ করছে কিনা। ৩৪ বছর, বছরের পর বছর আপনারা জিতেছেন, একটা কিছু করতে পারেন নি। আর আজকে আবার আপনারা কথা বলেন কোন মুখে? লজ্জা নেই, শরম নেই, ঘৃণা নেই, ভয় নেই। আজকে আবার এক্ষুনি ক্ষমতা চাই। ২০১৬-য় তাই শুরু করেছিলেন যেন মন্ত্রীসভা তৈরী করে ফেলেছিলেন। পেয়েছিলেন

একটা বড় লাড্ডু, এবার একটা বড় রাজভোগ পাবেন, আপনাদের জন্য তৈরী হয়ে আছে। কাজ করার নেই। কোন কাজ করে নি স্যার। ৩৪ বছর কোন কাজ করে নি, নিজেদের কাজ করা ছাড়া। এমনকি দু-একজন বাইরের সদস্যর নাম টেনে এনে বলছেন, আমি ভদ্র বলে বলছি না। সারদা গার্ডেন থেকে শুরু করে বিষ্ণুপুরে কার নামে জমি কেনা হয়েছিল, কে কে তার সাকরেদ ছিল সবটাই আমার কাছে কিন্তু আছে। আমি বলছি না ভদ্রতার খাতিরে। Who is the first person? যাঁরা সারদা, নারদাকে নিয়ে এসেছিল। Who is the first person? আমি ভদ্রতার খাতিরে বলছি না। এটা আমার স্বভাব নয়। স্পীকার স্যার, আমি Governor's Speech-এ বলতে গিয়ে দেখছি সব্বাইকে ধরে, বিজেপি শুধু আপনাদের ধরে না কেন? আন্ডারস্ট্যান্ডিং না থাকলে এমনি এমনি হয় ভাই, এমনি এমনি হয়। ২০১১ কেন ভাই? ১৯৮০ সাল থেকে চলছে চিৎকার। সব সাধু, আজ পর্যন্ত সি.পি.এমে.র কারোর গায়ে হাত পড়েনি। সব সাধু, জরাজীর্ণ সাধু সব। স্পীকার স্যার, বলছে গণতন্ত্রে নাকি মিছিল, মিটিংই করতে পারে না। রোজ করছে মিছিল। এতো মহামুশকিল ভাই। মিছিল করতে গিয়ে পুলিশের চুলের মুঠি ধরে মারছে। পুলিশ যে কেন এদের এ্যারেস্ট করে না আমি জানি না। আন্দোলন করার নাম করে গিয়ে ভাঙচুড় করে দিয়ে আসছে। গণতান্ত্রিক পদ্ধতিতে নিশ্চয়ই মিছিল, মিটিং করতে পারে। বছরে দুটো করে বন্‌ধ্ করে। একটা বন্‌ধ্ ইউনিভার্সিটি করার দিকে যাচ্ছে। কী করে বন্‌ধ্ করতে হয় জানে, কী করে খুলতে হয় সেটা জানে না। গণতন্ত্রের কণ্ঠরোধ? বাংলাই একমাত্র জায়গা — সি.পি.এম. রোজ মিছিল করে, আমাদের কোন আপত্তি নেই।

পরীক্ষার সময় আপনি কেন মিছিল করবেন? আমরাও করি না। মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক পরীক্ষার সময় পুলিশ পার্মিশান দেয় না কারণ পলিউশান কন্ট্রোল বোর্ডের অর্ডার আছে। এটা আমি ৪০ বছর ধরে জানি। হাইকোর্টের অর্ডার আছে বা পলিউশান কন্ট্রোল বোর্ডের — কারোর একটা অর্ডার আছে। মাইক বাজানো যায় না ছাত্রছাত্রীদের স্বার্থে। আমরা তাদের অভিনন্দন জানাই তারা পরীক্ষা দিচ্ছে। আমার মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, মাদ্রাসা, ফাজিল, হালিম থেকে শুরু করে সি.বি.এস.সি., আই.সি.এস.সি. সবাইকে, তারা ভালো করে পরীক্ষা দিক, তারা ভালো করে পড়াশুনা করুক তাদের যেন কোন রকম অসুবিধা না হয় — এটা আমি সবাইকে দেখবার জন্য অনুরোধ করব। গণতন্ত্রের কণ্ঠরোধ আমরা করি - সবচেয়ে বেশি মিছিল-মিটিং যত বাংলায় হয় আর কোথাও হয় না। কোথাও হয় না। কত মিছিল আর কত মিটিং কোন কোন পার্টি কবে কবে করেছে আর প্রতিদিন ছবি তো টিভিতেই বোরোচ্ছে। হাঁটলেই ছবি। আগে তো এত সোশ্যাল নেটওয়ার্ক ছিল না, টেলিভিশান চ্যানেল ছিল না। এখন তো মুখ দেখাবার জন্য রেগুলার দু'জন হাঁটলেও ছবি, যে কোন একটা কিছু করলেই ছবি, গালাগালি দিলেও ছবি, কুৎসা করলেও ছবি। কে যে কী বলছে আর কে যে কী করছে — আর তাতেও বলছে নাকি গণতন্ত্র নেই। যদি না থাকে একটু নিজেদের রাজ্যগুলোতে গিয়ে ঘুরে দেখে আসুন। দেখে আসুন কী করছেন কেমনভাবে করছেন তাহলে ভালো হবে। স্পীকার স্যার, মাননীয় রাজ্যপালের ভাষণের উপর বলতে গিয়ে যে সব কথাগুলো আমাদের বন্ধুরা বলেছেন তার সবকটার উত্তর দেওয়ার প্রয়োজন

নেই। আমি মোটামুটি দেখে নিয়েছি কে কী বলেছেন। প্রত্যেকটা লোকের বক্তব্য আমি নিশ্চয়ই শুনেছি। আমি একটা কথা বলি কোন একজন সদস্য বলেছেন, এগ্রিকালচারাল খাতে আমরা ১২.৯ কোটি টাকা খরচ করেছি আর ক্লাবগুলোর জন্য ৬৪০ কোটি টাকা খরচ করেছি, সেটাও বলেছেন। ...(Voice from the Opposition Benches : কৃষি ঋণটা মুকুব করে দিন)... আপনি দিন টাকা, আমি করে দেব। আপনি দিন না টাকা। আপনার সরকার করেছিল? আপনি দিন না টাকাটা। আপনি দিন না টাকাটা। দালালি করা খুব সহজ। নিজের ফান্ডের টাকাগুলো দিয়ে আসুন। আমি খুশি হব। কিচ্ছু দেন নি, বড় বড় কথা। স্পীকার স্যার, আমার যেটা বলার সেটা হচ্ছে, সোশ্যাল সেক্টরে আমাদের গভর্ণমেন্ট ২০১১-র মে মাসের পর থেকে আজ পর্যন্ত প্রায় ১ লক্ষ ৬৯ হাজার কোটি টাকা খরচ করেছে। আর এগ্রিকালচারাল সেক্টরে, যিনি জানেন না বলেছেন প্লিজ দয়া করে জেনে নেবেন এ বছরেও ৩০ হাজার কোটি টাকা আছে। ১ লক্ষ ১২ হাজার কোটি টাকা আমরা শুধু এগ্রিকালচারাল সেক্টরে খরচ করেছি। এটা মাথায় রাখবেন। বাজেটে অলরেডি বলা হয়েছে আমরা আরও তিনটে নতুন বিশ্ববিদ্যালয় করব। পড়াশুনা করুক ছেলেমেয়েরা, ভালো করে পড়াশুনা করুক। ট্রাইবাল ইউনিভার্সিটি করার ডিম্যান্ড অনেক দিনই আছে। কিন্তু যেহেতু এখন কলেজের কোর্স তৈরী হচ্ছে অলচিকিতে যখন ইউনিভার্সিটি পর্যন্ত হয়ে যাবে তখন এই ট্রাইবাল ইউনিভার্সিটিটা বিরসা মুন্ডার নামে আমি ঝাড়গ্রামের দিকেই করব। ঝাড়গ্রামে অলরেডি আমি বিশ্ববিদ্যালয় করে দিয়েছি। আমরা আম্বেদকর বিশ্ববিদ্যালয় একটা এস.সি. এলাকায় আর একটা ও.বি.সি. বিশ্ববিদ্যালয়ও আমরা করতে যাচ্ছি। পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয় হয়েছে, সিধু কানহুডহর হয়েছে, কন্যাশ্রী বিশ্ববিদ্যালয় হয়েছে, মহিলা বিশ্ববিদ্যালয় হয়েছে, এ.পি.জে. কালামের নামে হয়েছে, নজরুল ইসলাম ইউনিভার্সিটি হয়েছে, মহাত্মা গান্ধী ইউনিভার্সিটি গান্ধীজীর ২০০ বছরে হয়েছে। অনেক হয়েছে। প্রায় ৪২টা ইউনিভার্সিটি। ৩২টা হয়ে গেছে আর ১০টা প্রসেসে আছে। এ সব হচ্ছে। তা ছাড়াও আরও দেওয়া হচ্ছে, হিন্দী বিশ্ববিদ্যালয় হচ্ছে। এ ছাড়াও এবারে সবচেয়ে বড় যে কাজ বিশ্ব বাংলা ইউনিভার্সিটি হচ্ছে। গ্রীন ইউনিভার্সিটি হয়েছে হুগলীতে। প্রত্যেকটা জেলায় যেখানে যেখানে বিশ্ববিদ্যালয় হয়নি প্রত্যেকটা জায়গায় করে দেওয়া হচ্ছে। আমি খুব খুশি আমার তপশীল ভাই-বোনেদের জন্য। এই বাজেটে ৬০ বছর যাদের বয়স সব মানুষ যারা একটাও পেনশন পায় না তারা কিন্তু ১ হাজার টাকা করে পেনশন পাবে।

[11:50 a.m. – 12:00 Noon]

আমি একটা হিসেব নিচ্ছিলাম, অনেকে আমার সাথে তর্কও করতে পারেন, করাটাও স্বাভাবিক, আমি নিজেও বুঝতে আমার time লেগেছে। আমরা যে পরিষেবা দিই প্রায় 92% লোককে আমরা পরিষেবা দিই কিছু না কিছু। প্রায় বারো কোটি লোক বছরে পরিষেবা পায়, আমি যেটা শুনেছি প্রায় বারো কোটি লোক। তাহলে যদি বলেন আমার রাজ্যে সেনসাসে যদি দেখায়, আগের বারে সেনসাসের report এখনও বেরোয় নি। কীভাবে করেছে ভগবান জানে, totalটা ঠিকমতো হয়ও নি। এখন আমি মনে করি সাড়ে দশ এগারো হলেও কেন হয়েছে

হিসেবটা জানেন স্যার, তার কারণ, একজন কন্যাশ্রীও পায় সে সবুজসাথীও পায়। একজন দু'টাকা কিলো চালও পায় হয়তো সে একটা শিক্ষাশ্রী স্কলারশিপও পায়। ফলে একটা পরিবার কিন্তু অনেক সময় দুটো তিনটে চারটে facilitiesও পায়। এ রকমও কিন্তু অনেক পরিবার আছে। এস.সি.'দের জন্য আমরা জয় জওহর প্রকল্প, ষাট বছর বয়েস, জয় জওহর সবাই পাবে। যাদের অন্য কোনো পেনশান নেই, এক একটা এক হাজার টাকার। আমি মনে করি, সবচেয়ে দুর্দান্ত কাজ যেটা করতে পেরেছে এই সরকার সেটা হচ্ছে আমার সামাজিক সুরক্ষা স্কীমটা। এটা সামাজিক সুরক্ষা নামে পরিচিত বলে আমি এটা বিনামূল্যে "সামাজিক সুরক্ষা" নাম দিয়েছি বাজেটে। এই স্কীমটার নাম দারুণ স্কীম হওয়া উচিত ছিল। কেন বলুন তো স্যার? যারা unorganized sector ধরুন মাটির কাজ করে, ধরুন domestic help করে, ধরুন গাড়ীর driver, ধরুন নির্মাণ কার্য্যে আছে, ধরুন ডেকোরেটর আছে, ধরুন সজির দোকানের মালিক, ধরুন পানের দোকানে কাজ করে, সজির দোকানে কাজ করে — এইরকম লোকজন, বিড়ি শ্রমিক এইরকম যারা আছে, এক কোটি ১৮ লক্ষ ইতিমধ্যেই সামাজিক সুরক্ষা স্কীমে নাম লিখিয়েছে। কিন্তু আমি দেখেছি লক্ষ্য করে ওরা ২৫ টাকা দিত আমরা ৩০ টাকা দিতাম। কিন্তু অনেক মানুষ আছে দৈনন্দিন কাজ করে তারা ২৫ টাকাটা মাসে দিতে অনেক সময় ভুলে যেত। ফলে, তার স্কীমটা continue করতো না। এবং সে, যখন চাইতে যেত, তখন যে ভাবতো আমিতো করেছিলাম তার পরে তো টাকা জমা দিই নি renew হয় নি। আইনের প্যাঁচে আটকে যেত। সেই জন্য আমি Finance Minister কে বলেছি, labour departmentকেও বলেছি যে যারা continue করে নি তাদেরটাও দয়া করে কাটবেন না, তাদের রেখে দিন এই স্কীমে যাতে তারা দিতে পারে নি বলে সে যাতে advantage থেকে বঞ্চিত না হয়। স্যার, এই স্কীমটা এতো ভালো আমি Finance Ministerকে অনুরোধ করবো যেহেতু processএ থাকবে ক্ষেত মজদুরদেরও এই স্কীমটাতেই নিয়ে আসতে, অন্য কোনো স্কীমে না নিয়ে গিয়ে। তার কারণ, আমরা সরকার থেকে ৫৫ টাকা করে মাসে দেব। তার মানে বছরে আমাদেরকে প্রায় একজনের ক্ষেত্রে ৬৬০ টাকা দিতে হচ্ছে, ৬৬০ টাকা। সরকার সাবসিডি দিচ্ছে। কিন্তু এই স্কীমটা এতো ভালো। যেদিন তার ষাট বছর বয়স হয়ে যাবে সে আড়াই লক্ষ টাকা পাবে, এটা আমরা provident fund এর মতো করে দিয়েছি। ধরুন তার ছেলেমেয়েরা যখন class Xএ উঠবে ৪০০০ পাবে education এর জন্য, XI, XII উঠবে ৫০০০, ১০,০০০, ১৪,০০০ টাকা পর্যন্ত চলে যাবে। টাকা পাবে বছরে বছরে বাড়বে, University পড়বে। ফট করে কেউ disable হয়ে গেলে এক লক্ষ টাকা পাবে। কাজ করতে করতে ষাট বছরের মধ্যেও আগেও, যদি কেউ মারা যায় তার পরিবার সঙ্গে সঙ্গে দু'লক্ষ টাকা পাবে। তার পরে ধরুন তার যদি দুটো মেয়ে থাকে তারা যদি graduation complete করে, তারা ২৫,০০০, ২৫,০০০ করে ৫০,০০০ টাকা করে পাবে। তারা medicalএ একটা টাকা পাবে, স্বাস্থ্যসাথী ছাড়াও এই স্কীমটা এতো ভালো স্যার আমি বলছি যে, মানুষের life circleএর জন্য entire life circleএর জন্য এটা ভীষণ ভালো স্কীম। এবং এক কোটি আঠারো লক্ষ হয়েছে আমি ক্ষেত মজদুরদেরও এর সাথে

নিয়ে নিচ্ছি। ফলে, এই সংখ্যাটা আমার এক কোটি তিরিশ থেকে চল্লিশ লক্ষ বা পঞ্চাশ লক্ষের মধ্যে দাঁড়াবে অর্থাৎ এই এক কোটি পঞ্চাশ লক্ষ মানুষকে যদি এই স্কীমের মধ্যে আমরা নিয়ে আসতে পারি, কৃষকদের জন্য কৃষকবন্ধু আছে। পাঁচ হাজার আছে, ...(নয়েজ)...সংখ্যা যাই থাক আপনাকে চিন্তা করতে হবে না। আমাদের governmentএর কাছে নিশ্চয়ই information আছে। ক্ষেতমজদুর মানে ক্ষেতমজদুর landless labour আমি জানি কাদের বলা হয়। সুতরাং এই যে প্রায় এক কোটি, দেড় কোটি লোক, যদি পাঁচ জন করে একটা পরিবার ধরেন তাহলে স্যার, direct ধরুন সাড়ে সাত কোটি লোক — এই পাঁচ জন করে ধরলে সাড়ে সাত কোটি লোক এর আওতায় পড়ে যাবে।

স্বাস্থ্যসাথী সাড়ে ৭ কোটি আমরা করছি। এর জন্য আমার ১২০০ কোটি টাকা লাগছে। আমরা গভর্ণমেন্ট অফ ইন্ডিয়ার টাকা নিই নি। ওরা একটা স্কিম করেছিল — কী একটা স্কিম করেছে, করে, আয়ুষ্মান না মাথামুন্ডু, সেখানে বলেছে, আমরা ৬০পার্সেন্ট দেবো, ওরা ৪০পার্সেন্ট দেবে; আর দিয়ে বলবে, দিলো কে, কেন্দ্রীয় সরকার, আবার কে। কখনো টাকা দেবে, কখনো দেবে না, মাঝপথে প্রোগ্রামটা বন্ধ হয়ে যাবে। ইলেকশানের সময় কারো কারো ব্যাঙ্ক এ্যাকাউন্টে টাকা চলে যাবে, কিন্তু সারা বছর আর পাবে না, তাই আমরা এই স্কিমটা নিজেরাই, নিজেদের ফান্ড থেকে তৈরী করেছি। যেমন ক্রপ ইন্সিওরেন্স— আমরা এইট্টি দিতাম; সেন্ট্রাল গভর্ণমেন্ট টোয়েন্টি দিতো। হঠাৎ আমি গতবার ইলেকশানের আগে দেখি, ব্যাঙ্ককে বলে দিয়েছে, ইন্সিওরেন্স কোম্পানীকে বলে দিয়েছে, স্টেট গভর্ণমেন্ট এইট্টি পারসেন্ট টাকা দিচ্ছে আর চিঠি দিয়ে বলে দিচ্ছে, সবটাই সেন্ট্রাল গভর্ণমেন্ট করছে। কী দরকার, ভিক্ষে নেওয়ার? আমার কষ্ট আছে ঠিকই, কিন্তু তার মধ্যে সামাজিক কর্মসূচীকে আমি ফার্স্ট প্রায়রিটি দিই, এবং তাই প্রায় সাড়ে সাতশো কোটি টাকা আমাদের লাগছে ক্রপ ইন্সিওরেন্সে, কৃষকদের প্রিমিয়ামটাও আমরা দিয়ে দিচ্ছি। এই এত ভাল সামাজিক কাজ কোথাও পাবেন না। প্লাস, দুটো চাষের জন্য ৫হাজার টাকা করে দেওয়া হচ্ছে। যেমন সেল্ফ হেল্প গ্রুপকে — বছরে ৫হাজার টাকা করে— জাগো প্রকল্পে দেওয়া হয়। এটা কিছু নয়, এটা তাদের এনকারেজ করবার জন্যে। স্যার, বেঙ্গলে ৯০লক্ষ ক্লাস্টার তৈরী হয়েছে। চাকরিটা ক্লাস্টারে বাড়ে। একটা কাঠখড়ের কারখানা করে দিলে ১ হাজার লোকের চাকরি হতে পারে। কিন্তু জায়গায় জায়গায় ডি-সেন্ট্রালাইজ করে দিয়ে আমার পশ্চিম বাংলায় যত শিল্প আছে, যত ক্ষুদ্র শিল্প আছে - ঘরের শিল্প আছে, মাটির শিল্প আছে, বেত হতে পারে, মাদুর হতে পারে, অনেক কিছু হয়, সেইগুলো দিয়ে করুন। দেখুন, ৯০লক্ষ ক্লাস্টার তৈরী হয়েছে। এখানে প্রায় ১ কোটি ৩৬লক্ষ লোক কাজ পেয়েছে। আপনারা শুনলে খুশী হবেন - বানতলা, আমরা ওখানে কর্মদিগন্ত তৈরী করেছি। আজকে কানপুর থেকে শুরু করে, চেন্নাই থেকে শুরু করে, সমস্ত লেদার ইনডাস্ট্রি তারা সবাই চলে আসছে বেঙ্গলে। এবং বানতলায় ৫লক্ষ লোকের ডাইরেক্ট চাকরী হবে জেনে রাখবেন ; সব করে দেওয়া হয়েছে। হাওড়ায় কোথাও জুয়েলারী, কোথাও ডায়মন্ড, কোথাও টেক্সটাইল হাব, বিভিন্ন জায়গাকে কেন্দ্র করে হাওড়ায় প্রায় ২লক্ষ এমপ্লয়মেন্ট হবে, তাদের সমস্ত করে দেওয়া হয়েছে। এবং বাংলাশ্রী প্রকল্প রাখা হয়েছে, তাতে

১০০কোটি টাকা রাখা হয়েছে। সাবসিডি দেওয়ার জন্য। তিন বছরে তিন লক্ষ ছেলে মেয়েদের আরো বিজনেসে উৎসাহিত করবার জন্যে ২লক্ষ টাকা করে দেওয়া হবে; তার জন্য ৫০০কোটি টাকা আমরা রেখেছি। আমি হাসির আলো প্রোগ্রামটা বলছি — এই জন্যেই হাসির আলো, মোটামুটি একটা পাখা একটা আলো, একটা বারান্দায় আলো, একটা রান্না ঘরে, এটুকু লাগালে ২৫-ই হয়ে যায়।

৭৫ ইউনিটে তিন মাস পর পর যে ভাড়াটা নিতো, সেটা আমরা ফ্রী করে দিয়েছি। তাতে অনেক গরীব মানুষ অন্ততঃ তারা এই আলোর - হাসির আলো বলেছি এই কারণেই - মুখ দেখবে। এটায় প্রায় ৩৫লক্ষ লোক এর আওতায় পড়বে। সিভিল সার্ভিস পরীক্ষার জন্য - দেখুন, আমরা চাই আমাদের ছেলে মেয়েরা ইঞ্জিনিয়ার হোক, ডাক্তার হোক, টিচার হোক, প্রফেসার হোক, আই.এ.এস., আই.পি.এস. হোক কারণ আই.পি.এস., আই.এ.এস., এর সংখ্যাটা কমে যাচ্ছে। কলকাতায় সল্টলেকে আমরা একটা চালু করেছিলাম ইন্সটিটিউট। এবারে আমি দুর্গাপুর, শিলিগুড়িও করে দিচ্ছি, ৩।৪ মাসের মধ্যে কাজ শুরু হয়ে যাবে। স্যার, দুর্গাপুরে যারা, এমন কি আমি ট্যুরিজ্‌ম্ ডিপার্টমেন্ট থেকে, এখন অনেকে রিসেপশানে কাজ করতে ভালবাসে, হোটেল ম্যানেজমেন্ট এর কাজ করতে ভালবাসে, ফ্যাশানে কাজ করতে ভালবাসে। তার জন্য একটা ইন্সটিটিউট আমরা তৈরী করে দিয়েছি - আহরণ। এই রকম টাইপের প্রচুর কাজ কিন্তু করা হয়েছে। এবং আমরা মনে করি যে ৫ হাজার ১৬৫ কোটি টাকা আরো যেটা গভর্ণার এ্যাড্রেসে বলা হয়েছিল যে স্কিমগুলোর কথা, তা ছাড়াও এই স্কিমগুলো খুব এ্যাড করা হয়েছে। আমার যেটা মনে হয় যে, মনে রাখবেন স্যার, জল ধরো, জল ভরো আমাদের একটা বড় প্রোগ্রাম। আমি ২০১১সালে বলেছিলাম, ৫০হাজার পুকুর আমরা কাটতে পারবো হয়ত, অমিতদা যখন আমায় বলেছিলেন, আমি অমিতদার সঙ্গে ঝগড়া করেছিলাম যে, ৫০হাজার তো লিখে দিচ্ছেন ম্যানিফেস্টোয়, না করতে পারলে কী হবে? এখন আমরা আনন্দের সঙ্গে বলতে পারি, প্রায় ৩ লক্ষ পুকুর কাটা হয়ে গেছে।

[12:00 Noon – 12:10 p.m.]

এবার আমরা কি করব - মজে যাওয়া নদীগুলো সংস্কার করব। আমরা ৫০০ কোটি টাকার চেক ড্যামও ইতিমধ্যে তৈরি করে দিয়েছি অনেক জায়গায়। ফলে জল ধরার ক্ষমতাটা বাড়ছে। আরো ২৭০০ কোটি টাকা দামোদর নদ নিম্ন অববাহিকা অঞ্চলে, ধরুন, ছোট, ছোট কাজগুলো করার জন্য, বন্যা নিয়ন্ত্রণ করার জন্য, আরো ৭৫ হাজার হেক্টর জমি চাষের আওতায় আনার জন্য আমরা প্রায় ২৭০০ কোটি টাকার রাজ্যের টাকা দিয়ে একটা স্কিম করছি। বাঁকুড়া, বীরভূম, হুগলি জেলায় মজে যাওয়ার নদীগুলো সংস্কার। এ ছাড়াও আমরা 'জলতীর্থ' ও অন্যান্য প্রকল্পের মাধ্যমে চেক ড্যাম নির্মাণ করেছি ৭২১টি। এ ছাড়াও আমরা নলবাহিত পানীয় জল এই 'জল ধরো জল ভরো' থেকে শুরু করে যতগুলো প্রোগ্রাম হচ্ছে এই প্রোগ্রামগুলোকে সব একসাথে নাম দিয়ে ওয়াটার সাপ্লাই সব স্কিমকে আমরা একটা আমব্রেলার মধ্যে নিয়ে আসতে চাই।

আমার ‘জল ধারা’ নামটাই সেখানে কার্যকরী হবে। একই ‘জল ধারা’ প্রোগ্রামের মধ্যে জলও পাবে, খাবার জলও পাবে, চেক ড্যামও হবে এবং জল ধরো জল ভরোও হবে। এর ফলে একটা আমব্রেলা থাকার ফলে ইমপ্লিমেন্টেশান এবং মনিটারিংটাও খুব ভালো করা হবে। এর জন্য কিন্তু প্রায় ৩,২৯৪ কোটি টাকা এই বাজেটে রাখা হয়েছে। তাছাড়া আগেও অনেক টাকা দেওয়া হয়েছে। আমার চা বাগান শান্ত আছে। জঙ্গলমহল ভালো আছে। আপনারা জানেন স্যার, পাঁচটা চা বাগান আমরা আসার আগে থেকেই বন্ধ হয়ে গিয়েছিল। সেই পাঁচটা চা বাগান, বি.জে.পি.-র একজন নেতা আছেন এখানে, সম্ভবতঃ মনোজবাবু, আপনার নির্মলা সীতারামন যিনি এখন ফাইনান্স মিনিস্টার, নির্বাচনের আগে ওখানে মিটিং করেছিলেন। সেখানে তিনি বলেছিলেন পাঁচটা চা বাগান আমরা অধিগ্রহণ করব। লোকে আপনাকে বিশ্বাস করে ভোট দিল। তিনি করেন নি, কিচ্ছু করে নি। কিচ্ছু করেন নি। ফলে ওই পাঁচটা চা বাগানের মধ্যে আমরা চারটির লাইসেন্স ক্যান্সেল করে দিয়েছি। যে চা বাগানটা বন্ধ সেখানেও স্যার মনে রাখবেন আমরা ৩৫ কেজি করে চাল দিই, বিনা পয়সায় বিদ্যুৎ দিই এবং আমরা ৩৫ কেজি করে ২ টাকা কিলোয় চাল দিই। আর যে চা-বাগানগুলো চালু আছে সেখানে ৪৭ পয়সায় চাল দেওয়া হয় চা শ্রমিকদের। এছাড়াও ‘চা সুন্দরী’ -এর ব্যাপারে আমি ইতিমধ্যেই চন্দ্রিমাকে ইনস্ট্রাকশান দিয়েছি, হাউজিং ডিপার্টমেন্ট, ল’ এ্যন্ড ল্যান্ড ডিপার্টমেন্ট একসাথে বসে চা বাগান থেকে কিছুটা জমি নিয়ে আমরা আবাসন তৈরি করব। সুতরাং এগুলো আমরা চেষ্টা করছি। আমাদের গভর্ণরের ভাষণেও চা বাগানের কথা বলা হয়েছে। দেউচা পাঁচমি পৃথিবীর দ্বিতীয় বৃহত্তম কয়লা খনি হতে যাচ্ছে। পাঁচ বছর টাইম লাগবে। ওখানে প্রায় ৪০০ পরিবার আছে, কিছুটা জায়গায় আছে, কিছুটা জায়গায় নেই, তাদের সম্পূর্ণভাবে ক্ষতিপূরণ দিয়ে, তাদের পুরো পুনর্বাসন দিয়ে, তাদের সেট্‌ল্‌মেন্ট করার পরেই প্রজেক্টটা আমরা হাত দেবো। কারণ কেউ কেউ বিভিন্ন জায়গা থেকে এসে ঢুকে পড়েছে, যাতে ভালো করে টাকা খেতে পারে, আর ওস্কাতে পারে। ওটা আমরা করতে দেবো না। আমরা ৪০০ গরীব লোককে সম্পূর্ণভাবে স্থায়ী করে দিয়ে তবেই আমরা এই প্রজেক্টে হাত দেবো, তার আগে আমরা দেবো না। প্রজেক্টের অন্যান্য কাজগুলো করা হচ্ছে। আরো ১০০টি এম.এস.এম.ই. পার্কও আমরা তৈরি করছি। আমাদের গভর্ণর এ্যড্রেসে স্কিলের এ কথা বলা হয়েছে। স্কিলে আমরা নম্বর ওয়ান। ২০১১তে ৮০টি ছিল আই.টি.আই.। আমাদের সময় আরো ২৭২টি হয়ে গেছে অর্থাৎ আট বছরে ৬৮হাজার সিট বেড়েছে, শুধু আই.টি.আইয়ে। পলিটেকনিকে তো স্যার আট বছরে ২৩ হাজার সিট বেড়েছে। আমাদের একটু কষ্ট হচ্ছে, তার কারণ টাকা পয়সার একটু টান চলছে। সবটা তো বাইরে বলতে পারি না। আগে তো অনেক সময় আমি দেখেছি টিচাররা ১ তারিখে মাইনে পেতেন না। সরকারী কর্মচারীদের ঠিক সময়ে মাইনে হবে কিনা চিন্তা করতে হত। আজকেও মনে রাখবেন, বন্ধু, ৩৮হাজার কোটি টাকা সেন্ট্রাল গভর্ণমেন্ট আমাদের দেয় নি। আরো ১১ হাজার কোটি টাকা রিভাইজড্ এস্টিমেট করার পরে ডিভ্যালুয়েশানের জন্য আমাদের দেয় নি। আমরা ৫০ হাজার কোটি টাকা GST বাবদ পাব। ফলে ৫০ হাজার কোটি টাকা আমার কমে গেল।

মিঃ স্পীকার : এই আলোচনার সময় শেষ হয়ে যাচ্ছে আমি সময়টা আরও ২৫ মিনিট বাড়িয়ে দিলাম।

(সকলের সম্মতিক্রমে সভার সময় আরও ২৫ মিনিট বাড়ানো হয়।)

শ্রীমতী মমতা ব্যানার্জী : আর ২০১০ সালে যে লোনগুলো নেওয়া হয়েছিল, সেগুলো এখন কমপ্লিট হচ্ছে ২০২০ সালে অর্থাৎ ২০১৯-২০ সালে আমাকে ৫৬ হাজার কোটি টাকা শোধ করতে হয়েছে। এই নয় বছরে দেনা বাবদ আমরা প্রায় তিন লক্ষ কোটি টাকা শোধ করেছি। সুতরাং একটু টাকায় সংকোচন হচ্ছে। তা সত্ত্বেও 6th Pay Coommission-এর রেকমেন্ডেশান অনুযায়ী আমরা কিন্তু অতিরিক্ত দশ হাজার কোটি টাকা খরচ করেছি। খরচ করে The new revised pay was arrived at by margin of 125 % of D.A. with pay. After merger of the pay with a 125% D.A. an increase of 14.22% was given. Further, 12% increase was given on account of 3% annual increment from 1.1.2016 to 1.1.2020, ফোর ইনক্রিমেন্ট দেওয়া হয়েছে। এটা আমরা করেছি সিকস্থ্ পে কমিশানের রেকমেন্ডেশান অনুযায়ী। আমরা গ্র্যাচুইটি লিমিট ৬ লক্ষ টাকা থেকে বাড়িয়ে ১২ লক্ষ টাকা করেছি এবং আমরা হাউস রেন্ট অ্যালাউন্স ছয় হাজার টাকা থেকে বাড়িয়ে বারো হাজার টাকা করেছি পার মান্থ্। আমরা মেডিকেল অ্যালাউন্স, নন-প্র্যাকটিসিং অ্যালাউন্স বাড়িয়েছি। আমি আপনাকে বলি স্যার, আমরা যখন ক্ষমতায় আসি তার আগে নব্বই শতাংশ ডি.এ. বকেয়া ছিল। সেটা আমরা দিতে দিতে আজকে অনেক কষ্ট করে এই জায়গাটায় এসেছি। এখনো আমি মনে করি কেন্দ্রীয় সরকার প্রত্যেক বছর দুটো করে ডি.এ. বাড়ায়। কেন্দ্রীয় সরকার যা করে সেটা আমরা করতে পারি না কারণ, ওদের হাতে রিজার্ভ ব্যাঙ্ক আছে, ওদের হাতে টাকা হুন্ডি আছে, কিন্তু আমাদের হাতে সেটা নেই। আমাদের টাকা তারা কেটে নেয়, তা সত্ত্বেও আমি মনে করি যে সেভেনটিন পার্সেন্ট ডি.এ. ওরা দিয়েছে, সেগুলো টাইম টু টাইম, যখন আমার টাকা অ্যাভেলেবেল হবে তখন আমি এটা দেখে নেব। ফেজ বাই ফেজ কী করে আস্তে আস্তে এইগুলোকে করে দেওয়া যায় দেখব। এই মূহুর্তে আমার কাছে টাকা নেই, সবেমাত্র আমরা দশ হাজার কোটি টাকার বোঝা মাথায় নিয়েছি। তা ছাড়া টীচারদের ব্যাপার ও অন্যদের ব্যাপারও আছে।

কেউ কেউ এখানে আইন-শৃঙ্খলার কথা বলেছেন। আমি এখনো মনে করি আমাদের এখানে যে কোন একটা ঘটনা ঘটলেই আমরা কিন্তু সঙ্গে সঙ্গে FIR করি। এমন কি রেপ কেসের ক্ষেত্রে তিন দিনের মধ্যে চার্জশীটও করেছি। প্রত্যেকটি কেসে আমরা অ্যাকশান নিয়েছি। আমরা ইউ.পি.-তে কি দেখছি? যাঁরা এখানে বড় বড় কথা বলছেন তাঁদের বলছি, ওখানে টীম পাঠিয়ে দেখে আসুন কি হচ্ছে। ওখানে একটা মেয়ে রেপ হলে তাকে জ্বালিয়ে মেরে দেওয়া হচ্ছে; একটা মেয়ে রেপ হলে তার বাবাকে মেরে ফেলা হচ্ছে, তার মাকে মেরে ফেলা হচ্ছে; পরিবারটাকে জ্বালিয়ে দেওয়া হচ্ছে। একটা কেসেও FIR করা হচ্ছে না। সেখানে যা ইচ্ছে তাই

চলছে। আমাদের এখানে সেইসব চলে না। আমাদের এখানে FIR করতে গেলে FIR নেওয়া হয়, তার পরে পুলিশ এনকোয়ারি করে দেখবে কোনটা ঠিক, কোনটা ভুল। এখানে সবচেয়ে বেশী ছিল Political Violence, আমি যদি একটা ফিগার আপনাদের দিই, ২০০১ সালের মে থেকে ২০১১ সাল পর্যন্ত বাংলায় ৬৬৩টি রাজনৈতিক খুন হয়েছিল। Political Violence-এ নাম্বার ওয়ান ছিল বাংলা, তার পরে কেরালা। আর এখন বিগত আট বছরে হয়েছে ১৫৪টা, এটাও হওয়া উচিত নয়। এটাকেও আমাদের কমাতে হবে। পার্সোনাল এনিমিটকে, পলিটিকাল মার্ডারে নিয়ে যাওয়া যাবে না। ২০১৯ সালে ১৫টা পলিটিকাল মার্ডার হয়েছে, তার মধ্যে ১৩জন হচ্ছে তৃণমূল কংগ্রেসের সমর্থক। আমি এটাও চাই না। কেউ মার্ডার হোক এটা আমরা নিশ্চয়ই চাই না। আরও দক্ষতার সাথে এই ব্যাপারটা দেখতে হবে। বিগত আট বছরে আমরা ১২৬টা নতুন থানা করেছি, ৬টি নতুন কমিশনারেট করেছি, ১২টি নতুন পুলিশ জেলা করেছি, ৪টি নতুন জেলা তৈরী করেছি। বর্তমানে রাজ্যে ৫৫১টি পুলিশ স্টেশান আছে— যার মধ্যে ৩০টি হচ্ছে সাইবার থানা, ৪০টি মহিলা থানা, ১৪টি কোস্টাল থানা। স্যার, আমাদের রাজ্যে ৮৫টি ফাস্ট ট্রাক কোর্ট ছিল, এখনো আছে। সেন্ট্রাল গভর্ণমেন্ট আগে এখানে টাকা দিত, মাঝে তারা সব টাকা বন্ধ কর দিয়েছে। তবুও আমরা কিন্তু এই ৮৫টা ফাস্ট ট্রাক কোর্ট চালাচ্ছি। এই ৮৫টির মধ্যে ৪৫টি হচ্ছে মহিলাদের জন্য ফাস্ট ট্রাক কোর্ট।

[12:10 p.m. – 12:20 p.m.]

আমি এখনো মনে করি রেপ কেসের ব্যাপারগুলো immediately charge sheet দিয়ে within specific time, charge sheet করে অ্যাকশান করে দেওয়া এবং কোর্টের সাথে ব্যাপারগুলোকে, Strongly CDগুলোকে স্ট্রং করে এগুলোকে action নেওয়া। এটা আমি মনে করি, এটা করা উচিত। আমাদের এখানে CAA নিয়ে আন্দোলন চলছে স্যার। স্যার, তার আগে আমি একটা কথা বলি, আমরা খুব worried। আমার এখানে অনেক লোক চাকরী করে স্যার। সারা ভারতবর্ষেই করে। LIC. - টাকে বেচে দেওয়া হচ্ছে, BSNL - টাকে বেচে দেওয়া হচ্ছে, Air India - টাকে বেচে দেওয়া হচ্ছে। রেলটা, rail lifeline of the nation, সেই রেলকেও বেচে দেওয়া হচ্ছে। সবচেয়ে খারাপ লাগে কী জানেন স্যার, বাইরে বললে নিজেরই দুর্বলতা ভাবতে হয়, তাই বলি না। মেট্রোগুলো কত কষ্ট করে করেছিলাম, আমার মনে আছে। আমি তখন এমনকি ইউ.পি.এ. গভর্নমেন্টে ছিলাম। আমার চোখের জল পর্যন্ত ফেলতে হয়েছিলো। যখন আমি লক্ষ লক্ষ কোটি টাকার প্রজেক্ট বাংলায় দিয়েছিলাম এই মেট্রো রেলগুলোকে নিয়ে কাজ করবার জন্য। আর আজকে দুঃখ লাগে যখন সব কিছু করে দেওয়ার পরে ছোট্ট একটু রুটও তারা চালু করে, তারা একবার জানাবার প্রয়োজন মনে করে না। আমার ছবির দরকার ছিলো না। আমার কোনো কিছুর দরকার ছিলো না। but একবার তো ইনফর্মেশান দিতে পারতো। একটা ইনফর্মেশান পর্যন্ত এরা দেয় না। যাই হোক সেটা ওদের ব্যাপার। আমার যেটা মনে হয়, যে LIC, SAIL, Rail, BSNL সেন্ট্রাল গভর্নমেন্ট সেক্টারগুলো আমি মনে করি, যে লক্ষ লক্ষ মানুষের চাকরী চলে যাবে। আমাদের পুরো solidarity এই হাউসের পক্ষ থেকে আমি

পাব্লিক সেক্টারকে জানাচ্ছি, প্রায় ৪২ টা পাব্লিক সেক্টার বন্ধ হয়ে যাচ্ছে। বার্ন স্টান্ডার্ড থেকে শুরু করে, বেঙ্গল কেমিক্যালস থেকে শুরু করে এবং আজ যদি এটা হয় তাহলে দেশে কিন্তু মানুষ, একে তো 32% - highest in India, unemployment এবং যেটা 45 ইয়ার্সে হায়েস্ট। সেই আনএমপ্লয়মেন্টটা আরও বেশী হয়ে যাবে। স্যার, এমনকি ব্যাঙ্কগুলোকে merger করে দিয়েছে। আমাদের যেটা lead bank, যেখান থেকে আমরা টাকা পয়সা দিই লোককে, সেই lead bank টাকে — হেড কোয়ার্টার নিয়ে চলে গেছে চেন্নাইতে। চেন্নাইতে নিয়ে গেছে বলে আমার আপত্তি নেই। কিন্তু একটা স্টেট—বেঙ্গলের মতো একটা বড় স্টেট তার একটা ব্যাঙ্কের হেড কোয়ার্টার থাকবে না? এ আবার কী কথা? সমস্ত হেড কোয়ার্টারগুলোকে তুলে নিয়ে চলে যাওয়া হচ্ছে। বেঙ্গলের প্রতি বিমাতৃসুলভ আচরণ, বঞ্চনা, লাঞ্চনা, প্রতারণা এমন একটা জায়গায় নিয়ে গিয়েছে যে; I am sorry to say — বাংলাকে এভাবে বঞ্চনা করে যদি কেন্দ্রীয় সরকার মনে করেন গায়ের জোরে এবং কয়েকজনকে ফেট্টি বাঁধিয়ে রাস্তায় বের করে তাঁরা সবটা দখল করে নেবেন আমি বলবো এটা ভুল। মনোজবাবু আপনার পার্টিকে বোঝান, বাংলাটা কিন্তু ইউ.পি. নয়, বাংলাটা দিল্লি নয়,বাংলাটা বিহার নয়। এটা মাথায় রাখবেন। বাংলা একটা অন্য জায়গা। বাংলা সভ্যতার পীঠস্থান, বাংলা সংস্কৃতির পীঠস্থান, বাংলা শিক্ষার পীঠস্থান, বাংলা মানবিকতার পীঠস্থান। বাংলা কিন্তু চোখ বুজে সব কিছু মেনে নেবে না এবং বাংলা মুখ বুজেও সব কিছু মেনে নেবে না। এটা মাথায় রাখবেন। আর যতই চেষ্টা করুন, আপনাদের পার্টির লোকেরা কেন যাবে দোকানে? কেন গিয়ে বলেছে, যে CAA করবো কাগজ দিন, তাদের কে authority দিয়েছে? কে authorise করেছে? আমরা CAAও করতে দেবো না, NPRও করতে দেবো না, NRCও করতে দেবো না। পরিষ্কার বুঝে যান। আর একটা কথা, আমি এই হাউসের throughতে বলি, সব পলিটিকাল পাটিরই গভর্নমেন্ট আছে কোথাও না কোথাও আমি সবাইকে অ্যাপিল করবো, রিকোয়েস্ট করবো তারা যে NPR - এর কাজটা শুরু করেছে অনেকে সেনসাসের নাম করে, Please tell এবং রিকোয়েস্ট করবো, আমি নিজেও অ্যাপিল পাঠাবো, রিকোয়েস্ট পাঠাবো। আমি নিজে চিঠি লিখবো যে এইটা বারণ করুন করতে। তার কারণ হচ্ছে এটা পুরো কানেক্টেড এবং আমরা একা করছি না, এতে আমরা আইসোলেটেড হচ্ছি না, আমরা গর্বিত হচ্ছি। কিন্তু অন্যরাও যেন স্ট্যান্ডটা নেয়। এ ক্ষেত্রে আমাদের কিন্তু কোনো difference of opinion নেই। এটাতে আমরা কিন্তু সবাই ইউনাইটেডলি চলতে চাই। আমি আপনাদেরও আবেদন করবো কেরালা গভর্নমেন্ট আছে, আপনাদের রাজস্থান আছে, মধ্যপ্রদেশ আছে, পদুচেরি আছে আপনাদের ছত্তিশগড় আছে, যেখানে যেখানে যা আছে। আর মনোজবাবু, আসামে তো NRC লিস্টটা website থেকে উঠিয়ে দিয়েছেন। তা বুঝতে পারছেন কী অবস্থা, নিজের ধাক্কা নিজেরাই খেয়েছেন। কালিদাস যে গাছে বসেছিলো, সেই গাছে বসেই ডালটা কেটেছিলো। তো আপনারাও তাই করেছেন। CAA টা Withdraw করুন, NRC টা Withdraw করুন, NPR টা Withdraw করুন। আর গায়ের জোরে এইসব হয় না, মানুষকে ভালবেসে করতে হয়। তাই আপনাদের বলি, যে ভাল রাজনীতিক হোন। আগে রাজনীতিটা আদর্শ দিয়ে করার চেষ্টা করুন। ঘৃণা রাজনীতির সাথে কিন্তু মেলে না।

আপনার ধর্ম - আমার ধর্ম, আপনার ধর্ম আপনার মতো, আমার ধর্ম আমার মতো। তাই বলে আমি ধর্মীয় ভিত্তিতে, জাতপাতের ভিত্তিতে, বর্ণের ভিত্তিতে, সাম্প্রদায়িকতার ভিত্তিতে, দাঙ্গার ভিত্তিতে, আপনার পার্টির লোকেরা চিঠি দিচ্ছে এলাকায় এলাকায়, বলছে আধার কার্ডগুলো পার্টি অফিসে জমা দিয়ে যাও। কেন? What authority have they got. এরকম কিছু কিছু এন.জি.ও. - র নাম করে আপনাদের লোকজন এসেছে, আপনারা কি ভাবেন আমরা খবর রাখি না? আপনার এক্কাল থেকে আক্কাল সবার খবর আমি রাখি। আপনার এক্কাল থেকে বনবাসী সবার খবর আমি রাখি। নিজেদের শোধরান।

আর একটা কথা হচ্ছে আপনারা আদিবাসীদের ধর্মান্তরিত করবার চেষ্টা করবেন না। করেছেন, মালদায় করেছিলেন, হাতেনাতে ধরা পড়েছিলেন। মালদায় করেছিলেন, আলিপুরদুয়ারে করতে গিয়েছিলেন। Please don't do it। সবাইকে সম্মান দিতে শিখুন। আদিবাসীরা আমাদের ঘরের ছেলে-মেয়েরা। তাদের যদি পয়সা না থাকে, আমরা দরকার হলে ভিক্ষা করে বিয়ে দিয়ে দেব। কিন্তু আপনারা দয়া করে এই রাজনীতির নোংরা খেলা খেলবেন না, এই নোংরা রাজনীতি বন্ধ হোক। আমার মনে হয় সবকিছু আমার সঙ্গে আপনার ডিফারেন্স হতে পারে, so what? মানুষে মানুষে ডিফারেন্সটা, মানবিকতা দিক থেকে জয় করুন। এইটুকু আপনাদের কাছে বলব। এইভাবে দেশ চলে না, এই ভাবে কেউ চলতে পারে না। গায়ের জোরে, শাসনের জোরে, আর একটা নতুন কায়দা বেড়িয়েছে হঠাৎ করে বেরচ্ছে একজনকে গুলি করে দিয়ে চলে যাচ্ছে, What is this? দিল্লীর প্রকাশ্য রাস্তায় বেরচ্ছে, গুলি করে দিয়ে চলে যাচ্ছে। এইসব hatred politics আপনারা তৈরি করেছেন। এটা কী হচ্ছে কী? গুলি চালাও, বলি নেহি চলেগা, গুলি চলেগা। এই যদি নেতাদের কথা হয় তাহলে কর্মীরা কী করবে। আজকে করবার পরে আপনি যদি বলেন যে এটা আমার অন্যায় হয়েছে, একটা after death if a doctor comes কী, তাহলে অ্যাডভান্টেজ কী হবে? সুতরাং সেগুলো আপনারা সামলান। না সামলালে আপনারা নিজেরা নিজেদেরও সামলাতে পারবেন না। আর ইতিহাস কিন্তু আপনাদের মনে রাখবে, ইতিহাস এই সব ক্ষমা করে না, কোনদিন ক্ষমা করবে না। আমি এইটুকু বলে সবাইকে ধন্যবাদ জানিয়ে, এই হাউসে সবাইকে আগাম হোলি মোবারক এবং পরীক্ষা ছাত্র-ছাত্রীরা দেবেন - সবাইকে আমি অভিনন্দন জানাই এবং আমি আপনাকে অনেক ধন্যবাদ জানাই স্যার। আর মাননীয় গভর্ণরকে তিনি এসেছেন কষ্ট করে এখানে ভাষণ দিয়েছেন এবং তিনি খুব ভাল ভাষণ দিয়েছেন এবং তাঁকে পুরো সমর্থন জানিয়ে আমরা সমর্থন দিচ্ছি এবং ধন্যবাদ, অভিনন্দন জানাচ্ছি তাঁর পরিবারের সুখ-সমৃদ্ধি কামনা করছি। তিনি ভাল করে লং লাইফ অর্জন করুন, দীর্ঘজীবি হোন। এইটুকু বলে আমি শেষ করছি, জয় হিন্দ, জয় বাংলা।

মিঃ স্পীকার : ধন্যবাদ মাননীয়া মুখ্যমন্ত্রীকে। মনোজ চক্রবর্তীকে একটু অনুরোধ করব আপনি সংবাদপত্র পড়বেন না ওইভাবে। মনোজবাবু আপনি কাগজটা তুলে পড়ছিলেন, it doesn't look good. না, না anyway আপনি কাগজটা তুলে এই ভাবে পড়বেন না, খবরের কাগজ পড়বেন না এটা ভাল দেখায় না।

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের প্রদত্ত ভাষণের উপর চার দিন ধরে আমরা আমাদের সব সদস্য নিয়ে আলোচনা করলাম, তাদের সকলকে ধন্যবাদ জানাই। বিরোধী দলের যাঁরা আজকে বক্তব্য রেখেছেন তাদের আমি ধন্যবাদ জানাই এবং সর্বশেষে মাননীয়া মুখ্যমন্ত্রী তিনি সুদীর্ঘক্ষণ ধরে প্রায় প্রতিটা বিষয়ে আপনাদের মনে যে সমস্ত প্রশ্ন এসেছিল তার সদুত্তর তিনি অত্যন্ত ভাল ভাবে আপনাদের বলেছেন। আমি আপনাদের কাছে শুধু দুটো জিনিস বলতে চাই, অনেক সিনিয়ার মেম্বাররা বসে থাকেন, ওনারা বলেন, যে রাজ্যপালের ভাষণে—অন্তত এখানেও বলেন আবার গাছ তলায় গিয়ে জয়েন্টলি আপনারা বলেন, যে রাজ্যপালের ভাষণে তো দেখলাম যে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে কিছুই বললেন না। .....(নয়েজ)...... আপনি তো সেই দিন হয়েছেন মেম্বার, বসুন না। এই যে তিনটে বই, একটা গোপাল কৃষ্ণ গান্ধী, একটি এম.কে. নারায়ণের দুটো ....(নয়েজ)..... এই খানে আপনারা এত বীরপুঙ্গব কোনদিনই একটা কথা লেখেন নি। .....(নয়েজ).....হাঁ, নিয়ে যাবেন, আমি দিয়ে দেব আপনাকে। সুতরাং যেখানে যেটা বলবার, সেটা বলি এবং আমাদের লড়াইয়ের মধ্যে কোন রকম চতুরতা থাকে না। লড়াই করি সম্মুখপানে, কে আমাদের ধরবে। আমাদের নেত্রীর নাম মমতা বন্দ্যোপাধ্যায়, দলের নাম তৃণমূল কংগ্রেস—সরকার সকলকে সঙ্গে নিয়ে সম্প্রীতির, ঐক্য বজায় রাখার লড়াই'এ মেতেছে। ঘোলা জলে মাছ ধরে কোন লাভ হবে না। আমি আপনাদের প্রত্যেককে আশ্বস্ত করতে চাই, যে রাজ্যপাল মহোদয় যে ভাষণ দিয়েছেন, তা অত্যন্ত সময়োপযোগী এবং রাজ্যপাল মহোদয়ের সুদীর্ঘ জীবন কামনা করি। রাজ্যপাল কোথাও, যে কোথাও কিছু বলেননি, সেটাও আমি বার বার বসে বসে পড়ছিলাম।

যেখানে দরকার, সেখানে এত কাজ এই সরকার করেছে না, তাতে আপনাদের আর বলার কিছু থাকছে না। যখনই ভাবছেন কিছু, তখনই মাননীয়া মুখ্যমন্ত্রী বলে দিচ্ছেন, এটা করে দিচ্ছি, এই যে করার প্রবণতা, এই যে উৎসাহ, মানুষের প্রত্যাশা জাগিয়েছে। রাজ্যপাল সেই প্রত্যাশা নিয়ে প্রতিচ্ছবি তাঁর ভাষণের মধ্য দিয়ে রেখেছেন। আসুন, সবাই মিলে তাঁকে গ্রহণ করি, সমর্থন করি এবং ধন্যবাদ জানাই রাজ্যপাল মহোদয়কে।

[12:20 – 1:30 p.m. (Including Recess)]

Mr. Speaker : Now there are 238 amendments to the Motion of Thanks on the Governor's Address. All the amendments are in order and taken as moved.

রাজ্যপালকে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব

৭ই ফেব্রুয়ারি, ২০২০ তারিখে ডঃ পার্থ চ্যাটার্জী কর্তৃক উত্থাপিত প্রস্তাব—

"রাজ্যপালকে তাহার ভাষণের প্রত্যুত্তরে নিম্নলিখিত মর্মে একটি সশ্রদ্ধ সম্ভাষণ পাঠানো হউক :

'মহামান্য রাজ্যপাল মহাশয় পশ্চিমবঙ্গ বিধানসভায় ৭ই ফেব্রুয়ারি, ২০২০ তারিখের অধিবেশনে যে ভাষণ প্রদান করিয়াছেন সেইজন্য এই সভা তাঁহাকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করিতেছে।' ।"

উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের সংশোধনী

[সংশোধনী প্রস্তাবসমূহ অধ্যক্ষ মহোদয়ের বিবেচনাধীন।]

1-11.

Shri ASIT MITRA : উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :

কিন্তু দুঃখের বিষয় এই যে, —

1. রাজ্যে গ্রামাঞ্চলে বিভিন্ন রোগের সঠিক চিকিৎসার বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

2. ডেঙ্গু রোগের প্রতিরোধের বিষয়ে রাজ্য সরকারের কোনো সুনির্দিষ্ট পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

3. রাজ্যে চা বাগানগুলির সমস্যার সমাধানের জন্য রাজ্য সরকারের কোনো সুনির্দিষ্ট পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

4. রাজ্যে বন্ধ কারখানাগুলি পুনরায় চালু করার জন্য কোনো সুনির্দিষ্ট পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

5. আই. সি. ডি. এস.-এর কর্মী ও সহায়িকাদের সাম্মানিক ভাতা বৃদ্ধির বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

6. রাজ্যে বেকার সমস্যা সমাধানের জন্য কোনো সুনির্দিষ্ট পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

7. রাজ্যে আইন-শৃঙ্খলা পরিস্থিতি বজায় রাখার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

8. রাজ্যের বেকার যুবকদের কর্মসংস্থানের জন্য ভিনরাজ্য ও বিদেশে চলে যাওয়ার বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

9. রাজ্যে পঞ্চায়েতগুলির বিভিন্ন স্তরে আর্থিক অনিয়মের অভিযোগ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

10. মালদা ও মুর্শিদাবাদ জেলায় বন্যা প্রতিরোধে গৃহীত পরিকল্পনা বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

11. রাজ্যে শিল্পায়নের জন্য কোনো সুনির্দিষ্ট পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

12-13.

Shri ASHOK DINDA : উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

12. পূর্ব মেদিনীপুর জেলায় বিশ্ববিদ্যালয় স্থাপনের সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

13. পূর্ব মেদিনীপুর জেলার তমলুকে 'রূপনারায়ণ' নদীর জল পরিশ্রুত করে সরবরাহের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

14-18.

Smt. SHYAMALI PRADHAN : উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত বিষয়গুলি উল্লেখ করা হউক :

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

14. রাজ্যে কর্মসংস্থানের অভাবে রাজ্যের বেকার যুবক-যুবতীরা অন্য রাজ্যে কাজের সন্ধানে চলে যাচ্ছে—এই বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

15. বীরভূম জেলায় আই. সি. ডি. এস. কেন্দ্রে বোমা বিস্ফোরণ ঘটার ফলে সাধারণ মানুষ নিরাপত্তার অভাব বোধ করছেন—এই বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

16. শ্রমিক-বেকারদের কাজের অধিকার এবং গণতান্ত্রিক অধিকার রক্ষার দাবিতে ডাকা ধর্মঘটের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

17. এন. আর. সি.-এর বিরুদ্ধে আন্দোলনরত মানুষের উপর আক্রমণের ঘটনার বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

18. রাজ্যে নতুন কলকারখানা তৈরি করা এবং বন্ধ কলকারখানা খোলার কোনো সুনির্দিষ্ট পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

19-22.

Shri AJIT RAY : উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

19. রাজ্যে তফশিলি জাতি ও উপজাতিদের জন্য তৈরি কতগুলি হস্টেল বন্ধ অবস্থায় আছে সে বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

20. বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজ এবং হসপিটালে নিউরোসার্জেন নিয়োগের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

21. রাজ্যে ডেঙ্গুতে আক্রান্ত হয়ে কতজন ব্যক্তির মৃত্যু হয়েছে সে বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

22. রাজ্যে বুনো হাতির আক্রমণে মৃত ব্যক্তির পরিবারের কোন সদস্যকে চাকরি প্রদানের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

23-28.

Shri SK. AMJAD HOSSAIN : উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

23. মুর্শিদাবাদ জেলায় জলঙ্গীতে সি.এ. এ. বিরোধী আন্দোলনে দু'জন নাগরিকের মৃত্যুর ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

24. রাজ্যে আইন-শৃঙ্খলা বজায় রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

25. রাজ্যে কৃষকদের ফসলের দাম না পাওয়ার বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

26. রাজ্যে পার্শ্বশিক্ষকদের বেতন কাঠামো বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

27. রাজ্যে ডেঙ্গুতে আক্রান্ত হয়ে মৃত্যুর ঘটনার বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

28. হুগলি জেলার বলাগড়ের পেঁয়াজ চাষিদের দুরবস্থার বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

29-32.

Shri SAMAR HAZRA : উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

29. রাজ্যে আইন-শৃঙ্খলা পরিস্থিতি বজায় রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

30. রাজ্যে বেকারদের কর্মসংস্থানের জন্য সুনির্দিষ্ট পরিকল্পনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

31. রাজ্যে কৃষকদের দুরবস্থার বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

32. রাজ্যে কৃষকদের ঋণ মকুবের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

33-34.

Shri RAM SANKAR HALDER : উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

33. রাজ্যে ধান ও সবজি চাষিদের উৎপাদিত ফসলের ন্যায্য দাম না পাওয়ার বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

34. বিগত এক বছর যাবৎ সুন্দরবন এলাকায় নদীতে মাছ ধরার ক্ষেত্রে নিষেধাজ্ঞা জারি থাকার ফলে সুন্দরবনের কয়েক হাজার মৎস্যজীবী পরিবার দুর্দশার মধ্যে দিন কাটাচ্ছে—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

35-45.

Shri NAGENDRA NATH ROY : উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

35. রাজ্যে নারী নির্যাতন ও নিগ্রহ রোধে সরকারের পদক্ষেপের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

36. রাজ্যের পার্শ্বশিক্ষক, এস.এস.কে., এম.এস.কে. সম্প্রসারক/সম্প্রসারিকা-দের সমকাজে সমবেতনের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

37. কোচবিহার জেলার তোর্সা নদীর উপর তৃতীয় পাকা সেতু নির্মাণের পরিকল্পনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

38. কোচবিহার ২ নং ব্লক-এ বহুমুখী হিমঘর তৈরির পরিকল্পনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

39. রাজ্যের আইন-শৃঙ্খলা পরিস্থিতি বজায় রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

40. রাজ্যের সকল বেকার যুবক-যুবতীদের কর্মসংস্থানের জন্য কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

41. রাজ্যের মহিলাদের নিরাপত্তার জন্য গৃহীত পদক্ষেপের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

42. কোচবিহার বিমানবন্দরে উড়ান চালু করবার প্রতিশ্রুতি বাস্তবায়িত করার বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

43. রাজ্যে শ্রমিকদের মজুরি বৃদ্ধির বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

44. রাজ্যের কৃষকদের উৎপাদিত ফসলের ন্যায্যমূল্য প্রদানের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

45. রাজ্যের কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলিতে সুষ্ঠু পরিবেশ বজায় রাখার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

46-49.

Shri ANISUR RAHAMAN : উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

46. ডোমকল বিধানসভা কেন্দ্র এলাকায় একটি নতুন কিষাণ মাণ্ডি কমপ্লেক্স নির্মাণের জন্য কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

47. ডোমকল বিধানসভা কেন্দ্র এলাকায় নির্মীয়মান সেতুর কাজ সম্পূর্ণ করার কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

48. ডোমকল মহকুমায় একটি রবীন্দ্রভবন নির্মাণের জন্য কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

49. ডোমকলে অবস্থিত স্বাস্থ্যকেন্দ্রটির উন্নতিসাধনের জন্য কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

50-71.

Shri SANTOSH DEB RAY : উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

50. মানুষের রুটি-রুজির আন্দোলনের উপর আক্রমণের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

51. রাজ্যে কতগুলি নূতন শিল্প এই অর্থবর্ষে স্থাপিত হয়েছে এবং কতজন বেকারের চাকুরী হয়েছে সে বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

52. রাজ্যে শিক্ষাক্ষেত্রে সুস্থ পরিবেশ বজায় রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

53. রাজ্যে মহিলাদের অ্যাসিড আক্রান্ত হওয়ার ঘটনার সংখ্যা বেড়ে চলেছে—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

54. রাজ্যে নারী নিগ্রহের ঘটনা বাড়ছে, প্রকৃত অপরাধীরা দৃষ্টান্তমূলক শাস্তি পাচ্ছে না—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

55. রাজ্যে আইন-শৃঙ্খলা বজায় রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

56. রাজ্যে বিরোধীদের গণতান্ত্রিক অধিকার রক্ষার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

57. রাজ্যে মোট কত সংখ্যক চা-বাগান বন্ধ এবং মোট কত সংখ্যক শ্রমিক কর্মচ্যুত হয়েছেন সে বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

58. রাজ্যে সি. এ. এ., এন. আর. সি. ও এন. পি. আর.-এর বিরোধিতা করে জলঙ্গীতে আন্দোলনরত গ্রামবাসীদের উপর আক্রমণের ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

59. রাজ্যে বন্ধ শিল্প-কারখানা খোলার জন্য সুনির্দিষ্ট পরিকল্পনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

60. রাজ্যে বন্ধ শিল্প শ্রমিকদের কর্মচ্যুতির ফলে তাদের জীবনযাত্রার দুর্দশার বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

61. রাজ্যে বেকারত্ব দূরীকরণের জন্য সুনির্দিষ্ট পরিকল্পনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

62. রাজ্যে স্থায়ী সরকারি শূন্যপদ পূরণের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

63. রাজ্যে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের অস্বাভাবিক মূল্য বৃদ্ধির নিরসনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

64. রাজ্যে অবৈধভাবে জলাশয় ভরাট করে প্রমোটারদের নির্মাণ ব্যবসা বৃদ্ধির বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

65. রাজ্যে একশ দিনের কাজে প্রকৃত অভাবী সক্ষম মানুষ বঞ্চিত হচ্ছেন – এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

66. সম্প্রতি গঙ্গারামপুরে এক শিক্ষিকার শারীরিক নিগ্রহের ঘটনার বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

67. রাজ্যে অবৈধ বালি পাচারের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

68. রাজ্যে কর্মসংস্থান না থাকায় প্রতিদিন বেকার যুবতীরা বিভিন্ন রাজ্যে কাজের সন্ধানে চলে যেতে বাধ্য হচ্ছে – এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

69. রাজ্যে উৎপাদিত ফসলের উৎপাদন খরচের দেড়গুণ হিসাবে সরকারি মূল্য নির্ধারণের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

70. রাজ্যে বিরোধীদের উপর আক্রমণের ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

71. রাজ্যে স্বাস্থ্য পরিষেবায় অব্যবস্থার বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

72-78.

Shri MAHASIN ALI : উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

72. ভগবানগোলায় কলেজ স্থাপনের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

73. মুর্শিদাবাদ জেলায় শিল্প স্থাপনের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

74. দ্রব্যমূল্য বৃদ্ধি নিয়ন্ত্রণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপের গ্রহণের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

75. মুর্শিদাবাদ জেলায় নারীপাচার ও নারী নির্যাতন রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

76. ভগবানগোলা বিধানসভা কেন্দ্র এলাকায় বিশুদ্ধ পানীয়জল সরবরাহের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

77. রাজ্যে আইন-শৃঙ্খলা বজায় রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

78. রাজ্যে কৃষকদের উৎপাদিত ফসলের লাভজনক মূল্য প্রদানের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

79-82.

Shri PRADIP KUMAR SAHA : উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

79. পূর্ব্বস্থলী ও মন্তেশ্বরের মধ্যে যোগাযোগের জন্য খোড়ে নদীর উপর সুটরা ব্রীজ নির্মাণের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

80. গীতাঞ্জলি প্রকল্পে বা বাংলা আবাসন প্রকল্পে বিরোধী দলের বিধায়কদের প্রস্তাব বিবেচনা না হওয়ার বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

81. কৃষকের সমস্যা সমাধানের জন্য সুনির্দিষ্ট পরিকল্পনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

82. বিধায়ক এলাকা উন্নয়নে অর্থ বরাদ্দ বৃদ্ধির বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

83-84.

Smt. TAPASI MONDAL : উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

83. রাজ্যে সাধারণ মানুষের নিরাপত্তা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

84. রাজ্যে বেকার সমস্যা সমাধানের জন্য কোনো সুনির্দিষ্ট পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

85-112.

Shri SUJIT CHAKRABORTY : উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

85. দক্ষিণ বঙ্গ সহ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থায় ২০১১ সালের পর বেসরকারি সংস্থার মাধ্যমে নিযুক্ত ড্রাইভার এবং কন্ডাক্টরদের ন্যূনতম বেতন ১৮,০০০ টাকা এবং ৬০ বছর বয়স পর্যন্ত চাকুরীর নিরাপত্তা প্রদানের জন্য কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

86. রাজ্যের পঞ্চায়েতগুলিতে ভি. আর. পি.দের ৬০ বছর বয়স পর্যন্ত চাকুরীর নিরাপত্তা এবং ১৮,০০০ টাকা ন্যূনতম বেতন প্রদানের জন্য কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

87. বড়জোড়া শিল্পাঞ্চলের বেশিরভাগ কারখানা বন্ধ হয়ে যাওয়ার ফলে বহু শ্রমিক কর্মহীন হয়ে পড়েছে এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

88. বাঁকুড়াতে এস. এইচ. জি এবং এস. জি. এস. ওয়াই গ্রুপের মহিলাদের জোরপূর্বক রাজনৈতিক দলের কর্মসূচিতে অংশগ্রহণ করানোর বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

89. জেলার প্রশাসনিক বৈঠকে বিরোধী দলের বিধায়কদের আমন্ত্রণ না জানানোর বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

90. রাজ্যের পঞ্চায়েতগুলিতে একশ দিনের কাজে আর্থিক অনিয়মের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

91. রাজ্যে প্যারাটিচারদের ন্যূনতম বেতন ১৮,০০০ টাকা করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

92. কেন্দ্রীয় সরকারের অরণ্যের অধিকার আইনে আদিবাসীদের পাট্টা দেওয়ার বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

93. বাঁকুড়া জেলাতে বেকার যুবক যুবতীদের স্বনিযুক্ত প্রকল্পে লোন দেওয়ার ক্ষেত্রে ব্যাঙ্কের টালবাহানার ফলে এস. ভি. এস. কে. পি প্রকল্প বন্ধ হয়ে যাওয়ার উপক্রম —এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

94. বড়জোড়া ব্লকের সমস্ত মৌজায় জলধী প্রকল্পের মাধ্যমে পরিশ্রুত পানীয় জল সরবরাহের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

95. বড়জোড়া বিধানসভা এলাকার বড়জোড়া এবং গঙ্গাজলঘাটী ব্লকের গ্রামীণ মোরামের রাস্তাগুলি যাতায়াতের উপযোগী করে তোলার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

96. বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজ এবং হসপিটালে বন্ধ হয়ে যাওয়া নিউরো সার্জারি বিভাগ পুনরায় চালু করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

97. বড়জোড়া ব্লকের বড়জোড়া মেইন রাস্তার উপর ফ্লাইওভার তৈরির জন্য সরকারি কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

98. বড়জোড়া বিধানসভা এলাকার গঙ্গাজলঘাটী ব্লকের অমরকাননে সুপার স্পেশালিটি হাসপাতাল তৈরির জন্য কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

99. বড়জোড়া বিধানসভা এলাকার গঙ্গাজলঘাটী ব্লকের রনিয়াড়া গ্রামের কাছে শালী নদীর উপর সেতুটি সংস্কারের জন্য কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

100. রাজ্যে জমি রেজিস্ট্রি অফিসগুলিতে চুক্তির ভিত্তিতে নিযুক্ত ডেটা এন্ট্রি অপারেটরদের ন্যূনতম বেতন সরকারি নীতি অনুযায়ী ১৮,০০০ টাকা করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

101. বড়জোড়া বিধানসভা এলাকায় বুনো হাতির আক্রমণ প্রতিরোধের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

102. বড়জোড়া ও গঙ্গাজলঘাটী ব্লকে প্রাথমিক চিকিৎসা কেন্দ্রগুলিতে ডাক্তারের অভাবে চিকিৎসা পরিষেবা ব্যাহত হওয়ার বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

103. বড়জোড়া ব্লকে রাত্রিকালে পাথর পরিবহণের গাড়িগুলি থেকে জোরপূর্বক অর্থ আদায় করা হচ্ছে- এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

104. রাজ্যে MGNREGA প্রকল্পে কেন্দ্রীয় সরকারের বরাদ্দ অর্থ হ্রাস পেয়েছে—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

105. বড়জোড়া ব্লকের ঘুটগোড়িয়া নর্থ ব্লক কোলিয়ারিতে বেআইনি ব্লাস্টিং-এর কারণে সংলগ্ন গ্রামগুলিতে ক্ষতিগ্রস্ত বাড়িগুলির জন্য উপযুক্ত ক্ষতিপূরণ প্রদানের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

106. বড়জোড়া বিধানসভার সরকারি বিদ্যালয়গুলিতে শিক্ষকের অভাবে পঠন পাঠনের কাজ ব্যাহত হচ্ছে— এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

107. বাঁকুড়া জেলার নদীগুলি থেকে অবৈধ বালি পাচার রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

108. রাজ্যে গ্রামীণ পশু চিকিৎসা কেন্দ্রগুলিতে চিকিৎসকের অভাবে পশু চিকিৎসা পরিষেবা ব্যাহত হওয়ার বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

109. রাজ্যে গ্রাম পঞ্চায়েতগুলিতে নিযুক্ত জীবিকা সেবকদের অবিলম্বে কাজে নিযুক্ত করে ন্যূনতম বেতনের ব্যবস্থা করার বিষয়ে কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

110. বড়জোড়া বিধানসভা এলাকার গঙ্গাজলঘাটী ব্লকের গাংদোয়া এবং কোড়ো পাহাড়কে নিয়ে পর্যটন কেন্দ্র গড়ে তোলার জন্য কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

111. বাঁকুড়া জেলার সারেঙ্গা ব্লকে তৈরি হওয়া জলের ট্যাঙ্ক দু বছরের মধ্যে ভেঙে পড়ার ঘটনার বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

112. রাউতোড়ার নিকটে শালী নদীর উপর ভগ্ন সেতুটি সংস্কারের জন্য কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

113-126.

Shri RUNU DUTTA : উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

113. রানীগঞ্জে অবস্থিত H.B. Institute of Technology and Mining College-এর পরিকাঠামো উন্নয়ন এবং নতুন কোর্স চালু করার বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

114. রাজ্যে একশ দিনের কাজে অনিয়মের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

115. বেকার সমস্যা সমাধানের জন্য কোনো সুনির্দিষ্ট নীতির উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

116. বৈতরণী প্রকল্পের অধীনে রানীগঞ্জ শহরে বল্লভপুর শ্মশান ঘাটে বৈদ্যুতিক চুল্লি বসানোর বিষয়ে কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

117. পশ্চিম বর্ধমান জেলায় নতুন শিল্প স্থাপনসহ বন্ধ হয়ে যাওয়া কারখানাগুলি পুনরায় চালু করার বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

118. রাজ্যে নারী নির্যাতনের ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

119. রাজ্যের বহু প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে চিকিৎসক না থাকার বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

120. পশ্চিম বর্ধমান জেলায় অবস্থিত কয়লাখনি অঞ্চলে ধ্বস-গ্যাসের ফলে ক্ষতিগ্রস্ত মানুষদের পুনর্বাসন প্রকল্প বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

121. রাজ্যে বিদ্যুতের অস্বাভাবিক মাশুল বৃদ্ধির বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

122. রানীগঞ্জ শহর দিয়ে যাওয়া জাতীয় সড়ক ৬০ এবং জাতীয় সড়ক ২-এর সংযোগস্থলে নতুন বাইপাস রাস্তা নির্মাণের জন্য কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

123. পশ্চিম বর্ধমান জেলার কাজী নজরুল বিশ্ববিদ্যালয়ের পরিকাঠামো উন্নয়নের জন্য কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

124. বেকার যুবকদের বেকার ভাতা প্রদানের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

125, পশ্চিম বর্ধমান জেলায় মেডিক্যাল কলেজ স্থাপনের জন্য কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

126. বাজার থেকে নেওয়া রাজ্য সরকারের ঋণের পরিমাণের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

127-148.

Dr. SUJAN CHAKRABORTY : উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ

কিন্তু দুঃখের বিষয় এই যে, —

127. বাঁকুড়ার সারেঙ্গীতে অতি সম্প্রতি একটি জলাধার ভেঙে পড়ার ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

128. রাজ্যে পেট্রোল এবং ডিজেলের উপর জি. এস. টি. চালু করার বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

129. মুর্শিদাবাদের জলঙ্গীতে এন. আর. সি. বিরোধী মিছিলে অংশগ্রহণকারী দুজন নাগরিকের গুলিতে নিহত হওয়ার ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

130. সি. এ. এ. বাতিল-এর জন্য মহামান্য সুপ্রিম কোর্ট-এ আবেদন করার বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

131. রাজ্যের জি. ডি. পি. বৃদ্ধির হার ক্রমাগত নিম্নমুখী—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

132. রাজ্যের আইন-শৃঙ্খলা বজায় রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

133. রাজ্যে নতুন শিল্প স্থাপন-এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

134. রাজ্যে কৃষকদের আত্মহত্যার ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

135. হুগলির গোন্দলপাড়া জুটমিলের কয়েকজন শ্রমিক-এর আত্মহত্যার ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

136. রাজ্যে বন্ধ কলকারখানা পুনরায় চালু করার বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

137. চা-শিল্পের শ্রমিকদের মজুরি বৃদ্ধির বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

138. অসংগঠিত শ্রমিকদের পেনশন-এর বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

139. রাজ্যে এস. এস. সি. চাকুরি প্রার্থীদের নিয়োগ-এর বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

140. রাজ্যে পার্শ্বশিক্ষকদের বেতন বৃদ্ধির বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

141. অসংগঠিত শ্রমিকদের ন্যূনতম মজুরি প্রদানের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

142. রাজ্যে বেকারদের কর্মসংস্থানের জন্য সুনির্দিষ্ট পরিকল্পনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

143. রাজ্যে বিভিন্ন ক্ষেত্রে গঠিত কমিশনের রিপোর্ট প্রকাশের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

144. রাজ্য সরকারের মোট ঋণ-এর পরিমাণের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

145. রাজ্যে বিদ্যুৎ-এর মাশুল হ্রাসের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

146. বে-আইনি কয়লা খনি ও বালিখাদানের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

147. কলকাতা শহরে তীব্র বায়ুদূষণের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

148. কলকাতা শহরে জলাভূমি ভরাটের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

149-151.

Shri MANOJ CHAKRABORTY: উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :

কিন্তু দুঃখের বিষয় এই যে, —

149. সম্প্রতি মুর্শিদাবাদ জেলার জলঙ্গীতে সি. এ. এ. বিরোধী আন্দোলনে দুজন নিহত এবং কয়েকজন আহত হওয়ার ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

150. বহরমপুর পৌরসভা এলাকায় সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট-এর মাধ্যমে আবর্জনা পরিষ্কারের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

151. মুর্শিদাবাদ জেলার বহরমপুরে স্থাপিত বিশ্ববিদ্যালয়টিকে 'রাজা কৃষ্ণনাথ মুর্শিদাবাদ বিশ্ববিদ্যালয়' নামে নামকরণের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

152-155.

Shri NEPAL MAHATA: উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :

কিন্তু দুঃখের বিষয় এই যে, —

152. রাজ্যে গ্রামীণ এলাকাগুলিতে বিদ্যুৎ বিলের ক্ষেত্রে মাসিক রিডিং না নেওয়ার ফলে গ্রাহকদের অতিরিক্ত মাশুল দিতে হচ্ছে—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

153. রাজ্যে গ্রামীণ হাসপাতালগুলিতে চিকিৎসকের অপ্রতুলতার বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

154. উত্তরবঙ্গে বন্ধ চা-বাগান খোলার বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

155. রাজ্যে অনেক বিদ্যালয়ে শূন্যপদে শিক্ষক নিয়োগ না হওয়ার কারণে একাদশ-দ্বাদশ শ্রেণির পঠন-পাঠন ব্যাহত হচ্ছে—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

156-187.

Shri DULAL BAR: উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :

কিন্তু দুঃখের বিষয় এই যে, —

156. বাগদাতে বালিকা বিদ্যালয় স্থাপনের পরিকল্পনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

157. রাজ্যে পুলিশের আক্রান্ত হওয়ার বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

158. রাজ্যে সরকারি হাসপাতাল এবং বেসরকারি নার্সিংহোম থেকে শিশুপাচারের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

159. রাজ্যে হাসপাতালে ডাক্তার ও নার্স নিগ্রহের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

160. রাজ্যে সরকারি হাসপাতালগুলির পরিকাঠামো উন্নতির বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

161. রাজ্যের কারিগরি বিদ্যালয়ের শিক্ষকদের সাম্মানিক বৃদ্ধির বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

162. রাজ্য সরকারি কর্মচারীদের মহার্ঘভাতা ও গ্রেড পে বাড়ানোর বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

163. রাজ্যে টোটো বা অটোর জন্য উদ্ভূত সমস্যার বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

164. রাজ্যে বেকার সমস্যার সমাধানের জন্য সুনির্দিষ্ট কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

165. বাগদায় আই. সি. ডি. এস. প্রকল্পে কর্মী নিয়োগের ক্ষেত্রে সমস্যা সমাধানের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

166. রাজ্যে বন্ধ কলকারখানা খোলার জন্য কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

167. রাজ্যে যানজটের সমস্যা সমাধানের জন্য সুনির্দিষ্ট কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে

168. রাজ্যে বিরোধীদের অধিকার সুরক্ষার বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

169. রাজ্যে বিরোধী রাজনৈতিক দলের উপর আক্রমণের ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

170. রাজ্যে নারী নিগ্রহের ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

171. রাজ্যে নারী পাচারের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

172. রাজ্যে কৃষি পেনশন প্রাপকদের সংখ্যা বৃদ্ধির বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

173. রাজ্যে বার্ধক্য ও বিধবা ভাতা বৃদ্ধির বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

174. কর্তব্যরত অবস্থায় মৃত পুলিশকর্মীদের পরিবারের জন্য ক্ষতিপূরণ ও সরকারি সাহায্যের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

175. বাগদায় ডঃ বি. আর. আম্বেডকার শতবার্ষিকী কলেজে বিজ্ঞান বিভাগ চালু করার বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

176. বাগদা এলাকার পাটচাষিদের সমস্যার সমাধানের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

177. বাগদা গ্রামীণ হাসপাতালে অপারেশন থিয়েটার চালুর বিষয়ে কোনো পরিকল্পনা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

178. বাগদা এলাকার রাস্তাঘাট সংস্কার করার বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

179. কালীঘাটে দুই নাবালিকা নিগ্রহের ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

180. বাগদা এলাকার পঞ্চায়েত সমিতি ও গ্রাম পঞ্চায়েতে অনিয়মের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

181. বাগদা থানার জমি বেদখল হয়ে যাওয়ার বিষয়ের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

182. বাগদা গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্রের পরিকাঠামো উন্নয়নের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

183. বাগদায় ববরা-দত্তফুলিয়া রোড দখল হয়ে যাওয়ার বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

184. ইছামতি নদী সংস্কার-এর বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

185. বনগ্রাম সুপার স্পেশালিটি হাসপাতালে ডাক্তার ও নার্স-এর অপ্রতুলতা বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

186. বাগদার কোদলা নদী সংস্কারের জন্য কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

187. রাজ্যের দরিদ্র মানুষ কাজের সন্ধানে রাজ্যের বাইরে গিয়ে মৃত্যুবরণ করছে—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

188-191.

Shri RAM SANKAR HALDER : উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :

কিন্তু দুঃখের বিষয় এই যে, —

188. বুলবুল ঘূর্ণিঝড়ে ট্রলার ডুবিতে মৎস্যজীবীদের মৃত্যুর ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

189. রাজ্যের শ্রমিক বাইরে কাজ করতে গিয়ে দুর্ঘটনায় প্রাণ হারানোর বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

190. রাজ্যে আইন-শৃঙ্খলা বজায় রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

191 রাজ্যে উৎপাদিত ফসলের দাম না পেয়ে কৃষকের আত্মহত্যা ঘটনার বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

192-193.

Shri MANAS MUKHERJEE : উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :

কিন্তু দুঃখের বিষয় এই যে, —

192. রাজ্যে মানুষের নিহত হওয়ার ঘটনার বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

193. সম্প্রতি উত্তর ২৪ পরগনার কামারহাটিতে সমাজ বিরোধীদের তাণ্ডবের ঘটনার বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

194-196.

Shri PRADIP KUMAR SAHA: উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :

কিন্তু দুঃখের বিষয় এই যে, —

194. সরকারি বিদ্যালয়-এর মানোন্নয়নের জন্য সুনির্দিষ্ট পরিকল্পনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

195. রাজ্যের পরিযায়ী শ্রমিকদের উপর নিপীড়নের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

196. রাজ্যে ডেঙ্গু মোকাবিলায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

197-238.

Smt. JAHANARA KHAN: উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :

কিন্তু দুঃখের বিষয় এই যে, —

197. পশ্চিম বর্ধমান জেলার জামুড়িয়াতে পরিশ্রুত পানীয় জলের নূতন কোনো প্রকল্পের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

198. পশ্চিম বর্ধমান জেলার জামুড়িয়া বিধানসভা কেন্দ্র এলাকার অন্তর্গত চুরুলিয়া দরবাডাঙা ও বাগডিহা ঘাট থেকে অবৈধ বালি পাচার রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

199. নির্মাণ শ্রমিক কল্যাণ তহবিল থেকে ১৪০০ কোটি টাকা রাজ্য সরকারের ট্রেজারিতে জমা হওয়ার ঘটনার বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

200. জামুড়িয়া বিধানসভা এলাকায় দমকল কেন্দ্র স্থাপনের জন্য কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

201. পশ্চিম বর্ধমান জেলার জামুড়িয়া, রাণীগঞ্জ ও পাণ্ডবেশ্বর থেকে কয়লা পাচার রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

202. নৈহাটির দেবক গ্রামে বাজি কারখানায় বিস্ফোরণে কয়েকজনের মৃত্যুর ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

203. উলুবেড়িয়ার রাজাপুর গ্রামে এক একাদশ শ্রেণির ছাত্রীর শারীরিক নিগ্রহ এবং নিহত হওয়ার ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

204. পশ্চিম বর্ধমান জেলায় বন্ধ রাষ্ট্রায়ত্ত কলকারখানা খোলার জন্য সুনির্দিষ্ট পরিকল্পনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

205. পশ্চিম বর্ধমান জেলায় অন্ডাল বিমানবন্দর প্রকল্প এলাকার এক হাজার জমিদাতাকে ১ কাঠা করে জমি ও প্রশিক্ষিতদের চাকরি প্রদানের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

206. শালবনী ব্লকের খামারগড় জামবনী গ্রামে পঞ্চাশোর্ধ্ব এক মহিলার শারীরিক নিগ্রহ এবং নিহত হওয়ার ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

207. কালিয়াগঞ্জে ৬৪ বৎসর বয়সি এক মহিলা উপপ্রধানকে চুরির অপবাদে সালিশি সভাতে ডেকে শারীরিক অত্যাচার এবং জরিমানা করা হয় এবং তারপর সে আত্মহত্যা করে—এই ঘটনার বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

208. কলকাতার পার্ক সার্কাসে সি. এ. এ. ও এন. আর. সি.-র বিরুদ্ধে আন্দোলনরত জনৈক মহিলার মৃত্যুর ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

209. পশ্চিম বর্ধমান জেলার জামুড়িয়া বিধানসভা এলাকার চুরুলিয়াতে অজয় নদের উপর সেতু নির্মাণের পরিকল্পনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

210. রাণীগঞ্জ মাড়োয়ারি রিলিফ সোসাইটি হসপিটালে বিনামূল্যে জরুরি চিকিৎসা পরিষেবা বন্ধ হয়ে যাওয়ার বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

211. পশ্চিম বর্ধমান জেলার দুর্গাপুরে আনন্দবিহার রোডে অবস্থিত ডি. এস. পি. হাসপাতালের ডিরেক্টরের আক্রান্ত হওয়ার ঘটনার বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

212. রাজ্যে আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

213. চুরুলিয়ায় ঐতিহ্যবাহী পাথরশিল্পের উন্নয়নের জন্য কোন পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

214. হিন্দুস্থান কেবলস পুনরায় খোলার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

215. রাজ্যে পার্শ্বশিক্ষকসহ আই. সি. ডি. এস. এবং এস. এস. কে. ও এম. এস. কে. কর্মীদের ভাতা বৃদ্ধির বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

216. রাজ্যে ভরতুকি বিহীন রেশন কার্ড প্রদানের প্রকল্প বাস্তবায়নের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

217. রাজ্যের অনুমোদনহীন মাদ্রাসাগুলির অনুমোদন প্রদান এবং মাদ্রাসা শিক্ষকদের বেতনভার বহনের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

218. রাজ্যে জলাজমি ভরাট রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

219. রাজ্য সরকারি কর্মচারীদের বেতন বৈষম্য দূরীকরণের জন্য কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

220. রাজ্য সরকার কত পরিমাণ আলু ভরতুকিযুক্ত দামে বিক্রয় করেছে তার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

221. রাজ্য সরকার কত পরিমাণ পেঁয়াজ ভরতুকিযুক্ত দামে বিক্রয় করেছে তার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

222. দক্ষিণ দিনাজপুরের গঙ্গারামপুরে পঞ্চায়েতের রাস্তা তৈরিকে কেন্দ্র করে এক স্কুল শিক্ষক এবং তার দিদির উপর শারীরিক নির্যাতনের ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

223. নাগরিকত্ব সংশোধনী বিল পাশের অব্যবহিত সময়ে রাজ্যে উদ্ভূত পরিস্থিতির বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

224. পশ্চিম বর্ধমান জেলার জামুড়িয়া বিধানসভা এলাকার দরবাডাঙা ঘাটে অজয় নদের উপর সেতু তৈরি করার কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

225. রাজ্যে শিক্ষিত বেকারদের উপযুক্ত কর্মসংস্থানের জন্য কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

226. জামুড়িয়া বিধানসভা এলাকায় হিন্দী কলেজ স্থাপনের জন্য কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

227. জামুড়িয়া থেকে কলকাতা পর্যন্ত নূতন সরকারি বাস পরিষেবা চালু করার জন্য কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

228. বিদ্যুতের ধারাবাহিক মূল্যবৃদ্ধির ফলে কৃষকসহ সাধারণ মানুষের সমস্যার বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

229. রাজ্যে ডেঙ্গুতে আক্রান্ত হয়ে মৃত্যুর ঘটনার বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

230. চুরুলিয়ায় কবি কাজী নজরুল ইসলামের জন্মস্থানে 'নজরুল একাডেমি' স্থাপনের জন্য কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

231. রাজ্যের বিভিন্ন পঞ্চায়েতগুলিতে একশো দিনের কাজে আর্থিক অনিয়মের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

232. রাজ্যে মহিলাদের অ্যাসিড আক্রান্ত হওয়ার ঘটনার সংখ্যা ক্রমাগত বৃদ্ধির বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

233. জামুড়িয়া বিধানসভা কেন্দ্র এলাকায় অজয় নদের পাড় বাঁধানোর জন্য কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

234. জলঙ্গীতে এন. আর. সি. বিরোধী আন্দোলনরত দুজন গ্রামবাসীর নিহত হওয়ার বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

235. বন্ধ চা-বাগানগুলি খোলার বিষয়ে কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

236. কলকাতা মহানগরীতে রাত্রে মহিলাদের নিরাপত্তার বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

237. কলকাতায় বিভিন্ন জলাশয় ভরাট করে অবৈধভাবে আবাসন তৈরির বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

238. রাজ্য সরকারি কর্মচারীদের মহার্ঘভাতা প্রদানের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

Now I put all the amendments to vote.

As many as are of that opinion will please say AYE. As many as are of the contrary opinion will please say NO.

Noes have it. Noes have it. The amendments are lost. The amendments are lost.

Now I put the motion moved by Dr. Partha Chatterjee that (রাজ্যপালকে তাঁহার ভাষণের প্রত্যুত্তরে নিম্নলিখিত মর্মে একটি সশ্রদ্ধ সম্ভাষণ পাঠানো হউক: 'মহামান্য রাজ্যপাল

মহাশয় পশ্চিমবঙ্গ বিধানসভায় ৭ই ফেব্রুয়ারি, ২০২০ তারিখের অধিবেশনে যে ভাষণ প্রদান করিয়াছেন সেই জন্য এই সভা তাঁহাকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করিতেছে।) to vote.

As many as are of that opinion will please say AYE. As many as are of the contrary opinion will please say NO.

AYES have it. AYES have it. The motion is adopted. The motion is adopted.

(At this stage the House was adjourned till 1.30 p.m.)

(After Recess)

[1:30 – 1:40 p.m.]

GENERAL DISCUSSION ON BUDGET

Dr. Sukhbilas Barma : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় অর্থ মন্ত্রী ডঃ অমিত মিত্র মহাশয় যে বাজেট পেশ করেছেন সেই সম্পর্কে কয়েকটি কথা আমি এখানে তুলে ধরবো। প্রথমেই আমি এই রাজ্য সরকারকে ধন্যবাদ দিয়ে শুরু করি যে, আমার একটি সাজেশান মাননীয়া মুখ্যমন্ত্রী গ্রহণ করেছেন। মাননীয় মুখ্যমন্ত্রী যখন আমাদের সিড্যুল্ড্ কাস্ট, সিড্যুল্ড্ ট্রাইব এম.এল.এ.-দের সঙ্গে মিট করেছিলেন, তাঁদের বক্তব্য শুনতে চেয়েছিলেন। সেই সময় আমি সাজেশান রেখেছিলাম যে, বিশেষ করে ট্রাইবাল মহিলাদের যে বৃদ্ধা ভাতা দেওয়া হয় সেটা সব মহিলাদের দেওয়া হোক। প্রথমে তিনি বলেছিলেন যে, টাকা কোথায় পাব ইত্যাদি ইত্যাদি। তখন আমি বলেছিলাম যে, ইচ্ছে থাকলেই করা যায়। এটা এমন একটা কাজ যেটা অনেক কাজকে বাদ দিয়ে বোধ হয় করা উচিত হবে। অবশ্য তার জন্য আমি আমার একজন সিড্যুল্ড্ কাস্ট বন্ধুর কাছ থেকে বকুনি খেয়েছিলাম। তিনি আমাকে বললেন, আপনি মশায় এই সব কথা বলেন কেন, মুখ্যমন্ত্রীর সামনে ইত্যাদি ইত্যাদি। আমি ধন্যবাদ জানাচ্ছি, যে তিনি সিড্যুল্ড্ কাস্ট শুধু মহিলা নয়, সিড্যুল্ড্ ট্রাইবের- সবাইকে নিয়েছেন। সিড্যুল্ড্ কাস্টেরও বৃদ্ধ-বৃদ্ধা সবাইকে পেনশান দেওয়ার জন্য প্রস্তাব মাননীয় অর্থমন্ত্রী এনেছেন। তার জন্য আমি আমার কৃতজ্ঞতা প্রকাশ করছি। সিড্যুল্ড্ কাস্ট, সিড্যুল্ড্ ট্রাইব কমিউনিটির হয়ে কৃতজ্ঞতা প্রকাশ করছি এবং এই কৃতজ্ঞতা ও এই ধন্যবাদ দিয়ে আমি শুরু করছি।

স্যার, আমি আজকে প্রধানতঃ আপনার বাজেট স্পিচে যে বক্তব্যগুলো রেখেছেন এবং যে সারণী আপনি দিয়েছেন শেষের দিকে সেটা থেকে শুরু করবো। প্রথমেই যাচ্ছি আমি রেভিনিউ ডেফিসিটে কেননা, ওটিই তো সার কথা। রেভিনিউ ডেফিসিট যদি ঠিক থাকে অর্থাৎ রেভিনিউ এবং এক্সপেন্ডিচারের যে ডিফারেন্স সেই ডিফারেন্স-টা যদি ঠিক থাকে তার মানে রিসোর্স-টা এ্যাভেলেবেল। আর সেই ডিফারেন্স-টা যদি ঠিক না থাকে, যদি রেভিনিউ এবং এক্সপেন্ডিচারের

ক্ষেত্রে এক্সপেন্ডিচার-টা অনেক বেড়ে যায় আর রেভিনিউ যদি সেই ভাবে না বাড়ে তাহলে যে প্রোগ্রামগুলির কথা আমরা বলছি, যে কাজগুলোর কথা আমরা বলছি সেই কাজগুলোর ইমপ্লিমেন্টেশান, সেই প্রোগ্রামগুলির ইমপ্লিমেন্টেশান কখনই হবে না।

স্যার, আপনি revenue deficit ধরেছেন কত? zero. যে বছরের বাজেট অর্থাৎ ২০২০-২১ সালের যে বাজেটে আপনি revenue deficit ধরছেন জিরো তাতে দেখতে হবে এর যুক্তি আছে কিনা। সাধারণতঃ আমরা trend নিয়ে চলি। Expenditure-এর trend, revenue collection-এর trend ইত্যাদি trend দিয়ে চলি। আমি স্যার সেই ট্রেন্ডের দিকে এই হাউজের নজর একটু নিয়ে আসবো। ২০১৭-১৮ সালে রেভিনিউ ডেফিসিট কত ধরা হয়েছিল? Zero. বাজেটে। Actually কত হয়েছিল? Minus 9,806. ৯,৮০৬ কোটি টাকা revenue deficit হয়েছিল জিরোর স্থানে। ২০১৮-১৯ কত ধরা হয়েছিল? Zero. ২০১৮-১৯ revised-এ কত হয়েছে? ৭,৫২৪ কোটি টাকা Minus. সেটা actual কত হয়েছে,'১৮-'১৯ সালে? Actual হয়েছে। ১০,৩৯৮ কোটি টাকা revenue deficit minus. '১৯-'২০তে revenue deficit বাজেটে কত? Again zero. ভদ্রলোকের এক কথা। জিরো। বাজেটে জিরো থাকবে রেভিনিউ ডেফিসিট। মোটামুটি plus minus করে নিয়ে zero করবো। আমরা আমাদের প্রাক্তন অর্থ মন্ত্রীকে খুব দোষ দিতাম। আর, এখানেও অনেকবার টিপ্পনী শুনেছি। আমি তার একজন অংশীদারও ছিলাম বটে। যাই হোক, ওনাকে অনেক বলার পরেও রাজি হন নি change করতে। তার ছিল zero deficit বাজেট। আর, আমাদের বর্তমান মাননীয় অর্থ মন্ত্রীর হচ্ছে zero revenue deficit budget. Zero. '১৯-'২০তে সংশোধিত কত হয়েছে? যেটা জিরো ছিলো সেটা সংশোধিত হয়ে হয়েছে ৬,১৭১ কোটি। Minus. Deficit '২০-'২১তে আমরা পেলাম কত? আবার, ভদ্রলোকের এক কথা - zero. Revenue deficit zero. অথাৎ, যেটা ৯,৮০৬ ছিল '১৭-'১৮তে সেটা actual হল ১০,৩৯৮ '১৮-'১৯-এ। '১৯-'২০তে সেটা নিশ্চয় ১১ হাজার বা ১২ হাজার হবে, তার নিচে নয়। ইতিমধ্যে ৬,১৭১ revised-এ ধরা হয়েছে ; minus-এ revenue deficit. আর, '২০-'২১ সালে at least টেন থাউজ্যান্ড। কমপক্ষে ১০ হাজার কোটি মাইনাস থাকবে revenue deficit. তাহলে স্যার যেখানে revenue deficit zero ধরে নিয়ে এতগুলো programmeএর কথা বলা হল, হেন হবে তেন হবে, এই হবে সেই হবে, ট্রাইবলদের, মহিলাদের থেকে আরম্ভ করে সবাইকে pension দেওয়া হবে, Scheduled Caste-র সবাইকে pension দেওয়া হবে, কৃষি কাজে যারা আছে, কৃষক, বৃদ্ধদের, সবার ভাতা দেওয়া হবে, এত cycle দেওয়া হবে, এত অমুক করা হবে, তমুক করা হবে, এই করা হবে, সেই করা হবে কিন্তু কোথায় যাবে স্যার সেগুলো যদি ১০ হাজার কোটি টাকা revenue deficit হয়? আমার বিনীত নিবেদন রইলো আপনাদের সবার কাছে, বিবেচনা করবেন যে এগুলো সম্ভব কিনা। এই revenue deficit zero ধরে রাজস্ব খাতে অতিরিক্ত প্রকল্প ধরা আছে ৫,১৬৫ কোটি টাকার। তাহলে এই যে রাজস্ব খাতে অতিরিক্ত ৫,১৬৫ কোটি টাকা, অতিরিক্ত, এটা minus. কেননা ১০ হাজার টাকা তো কমপক্ষে। ১০ হাজার না হয়ে ৭/৮ হাজারও যদি হয়

তাহলে এটা তো নেই, মাইনাস। তাহলে এই বাজেট নিয়ে আমরা কী আলোচনা করবো ! এই যদি বাজেটের অবস্থা হয়, বাজেটের প্রকৃত চিত্র হয় তাহলে আমরা আর কী আলোচনা করবো? কিসের programme এর কথা বলবো?

[1:40 – 1:50 p.m.]

কাজেই আমি আপনাদের সামনে এটা ধরে রাখলাম, এই বলে যে একটা অনিশ্চয়তা নিয়ে কিন্তু আমরা আলোচনাগুলো করছি। একটা অনিশ্চয়তার আবরণ নিয়ে, একটা অনিশ্চয়তার atmosphere নিয়ে আমরা আলোচনাগুলো করছি। স্যার, এখানেই এই সারনীতেই আমি শুরু করবো। এখানেই স্যার আপনি বলেছেন রাজস্ব কর খাতে অতিরিক্ত সম্পদ সংগ্রহ হবে আরো পাঁচশো কোটি টাকা। রাজস্ব খাতে আরো পাঁচশো কোটি টাকা অতিরিক্ত আসবে, অথচ অতিরিক্ত ট্যাক্সের কোন জায়গা আমি দেখলাম না। স্যার, আছে নাকি অতিরিক্ত ট্যাক্স কোথাও? না, আপনার বাজেট ভাষণে নেই। অন্য জায়গায় আছে কিনা জানি না। বাজেট ভাষণে আমি দেখছি না। যেটা দেখছি সেটা হচ্ছে ওই যে বকেয়া যেগুলো সেগুলো আদায় হবে। বকেয়া কর ইত্যাদি আমরা আদায় করতে পারছি না। সেই জন্য আমরা করছি কি? যারা কর দেয় নি, যারা কর দেওয়ার জন্য হেলাফেলা করছে তাদেরকে বলছি তোমার সঙ্গে এই সেট্‌ল্‌মেন্ট করছি। সেটা ট্রান্সপোর্টের ক্ষেত্রে, ফিনান্সের ক্ষেত্রে বিভিন্ন জায়গায়, বিভিন্ন দফায় - তোমার সঙ্গে সেট্‌লমেন্ট করা হচ্ছে, সেট্‌লমেন্টের পরে তুমি টাকাটা দেবে। তোমার ফাইন লাগবে না, তোমার এত বাদ যাবে ইত্যাদি ইত্যাদি। সেই বকেয়া কর থেকে যদি এই অতিরিক্ত আদায়ের কথা বলে থাকেন সেটা কোথা থেকে কতটা আসবে সেটা কিন্তু দেখানো নেই। সেখানেও দেখতে পাচ্ছি না যে, কতটা কি আছে? স্যার, এখানে জ্যোর্তিময়বাবু আছেন, জানি হয়তো জ্যোর্তিময়বাবু কথা বলবেন, বাজেট আলোচনা করবেন। আর জ্যোর্তিময়বাবু সাধারণত revenue deficit, fiscal deficit, primary deficit ইত্যাদি সব নিয়ে কথা বলেন। আমাদের রেভিনিউ কালেকশান কত, আমাদের রেভিনিউ এক্সপেনডিচার তার কি trend ইত্যাদি নিয়ে কথা বলেন। স্যার আমরা যদি ট্যাক্সের যে কালেকশান তার গতি দেখি, trend দেখি তাহলে দেখছি কি? ২০১৮-১৯ বলছি এই জন্য কারণ বাজেটটা করা হয় ইয়ার বিফোরের অ্যাকচ্যুয়ালস ধরে নিয়ে। ওটা হচ্ছে একটা বড় মাপকাঠি। অ্যাকচ্যুয়ালটা কি হয়েছে? অ্যাকচ্যুয়াল আদায়টা কি হয়েছে? অ্যাকচ্যুয়াল খরচটা কি হয়েছে? এটাই। সেই মাপকাঠিতে ১৮-১৯ এ আমাদের State's own tax আপনারা জানেন, সেটা ডিটেল্‌স্ যদি চান দিতে পারি, সবাই জানেন। স্টেট'স্ ওন ট্যাক্সে আছে স্টেট জি.এস.টি., স্টেটের সেল ট্যাক্স, CD Cost excise, stamp duty, tax on vehicles, tax and duties on electricity, land revenue ইত্যাদি। স্টেটের ওন ট্যাক্স এর অনেকগুলো ট্যাক্সের কথা আমি উল্লেখ করলাম। নাম বললাম এটা একটু খারাপই লাগে বলতে কারণ আমরা তো জি.এস.টি.র one nation one tax অনেক গপ্প টপ্প করেছি। কিন্তু গভর্নমেন্ট অব ইন্ডিয়া করতে পারে নি। এখনও এই ট্যাক্সগুলো রয়েছে, কমে গেছে কারণ জি.এস.টিতে অনেকটাই কভার হয়ে গেছে, কিন্তু নামগুলো রয়ে গেছে। সেখানে স্টেটস্ ওন ট্যাক্সে আমাদের অ্যাকচ্যুয়াল ছিল ষাট হাজার সাতশো বত্রিশ কোটি। '১৯-'২০

তে বাজেট কত ধরেছি আমরা ৬৫ হাজার ৮৪৬। ১৯-২০ রিভাইজড্-এ ৬৫ হাজার ৮০৬; অর্থাৎ গ্রোথ কত? অ্যাকচ্যুয়ালের ওপর যদি আমরা দেখি তাহলে 0.4%। '২০-'২১ এ আমরা সেটাকে ধরলার্ম ৭০ হাজার আটশো সাত এবং রিভাইজেড-র, ওপর পার্সেন্টেজ চেঞ্জ হচ্ছে 7.6%, অনেক গল্প টল্প তো করি আমরা, দারুন কালেকশান ইত্যাদি ইত্যাদি। আমি এর আগের বারে বলেছিলাম যে, ট্যাক্স কালেকশানের এফিসিয়েন্সি বিচার in terms of percentage of GSDP. করা হয়। সেই দিক থেকে আমরা পশ্চিমবঙ্গ অনেক পিছিয়ে আছি। অবশ্যই আমি বলবো বামফ্রন্ট সরকার আরও পিছিয়ে ছিল। বামফ্রন্ট সরকারের পরে এই সরকার অনেক বাড়িয়েছে, কিন্তু তা সত্ত্বেও আমরা অন্যান্য রাজ্যের চেয়ে অনেক পিছিয়ে আছি। অন্যান্য রাজ্যে সাধারনতঃ দেখা যায় ৮-৯% of GSDPA tax collection, non-tax, tax evasion ট্যাক্স রিফান্ড সব মিলিয়ে আমাদের এখানে সেটা হচ্ছে ৫ থেকে সাড়ে ৫-৬%। আমরা কিন্তু পিছিয়ে আছি। যাই হোক, আমাদের এখানে ধরা হয়েছে ৭.৬%। নন-ট্যাক্সে, State's own non-tax এটার ক্ষেত্রে আমরা পিছিয়ে, সবসময় খারাপ অবস্থা এবং অন্যান্য রাজ্যের তুলনায় কোথায় আছি সেটা স্যার, অনেক বার স্বীকারও করেছেন কারণ সেটা না করে উপায় নেই। নন-ট্যাক্সের ক্ষেত্রে আমাদের গ্রোথ ০.৮%, অন্যদের ৬.২%। তার চাইতে বড় কথা নন-ট্যাক্সের যে absolute amount অথাৎ '১৮-'১৯ এর absolute amount সেটা হচ্ছে মাত্র ৩ হাজার ৬৫৮ কোটি টাকা। যেখানে অন্ধ্রপ্রদেশ ও অন্যান্য জায়গায় ১৭ হাজার, ১৮ হাজার, ১৫, ১৬ হাজার সেখানে আমাদের ৩ হাজার ৬৫৮ কোটি টাকা। এর একটা বড় কারণ হচ্ছে এই সরকার যে লোনগুলো দেয় বিভিন্ন organizationকে industry বলুন বা বিভিন্ন... organization এর - particularly electricity বিভাগকে যে লোন দেওয়া হয়, সেই লোনের interestটা আদায় করতে পারে না। interestটা আদায় হয় না। যে investment আমরা করি তার dividend পাই না, practically কিছুই পাই না। দেখবেন investment আমরা করছি Power Development Corporation বা WBSEDCL ইত্যাদি, সেখানে dividend তেমন আসে না। একমাত্র dividend গত দু বছরে যা আগে হয়তো ছিল, এবারে আমার দেখার সৌভাগ্য হয় নি, দেখার সময় পায় নি সেটা হচ্ছে Ware-housing Corporation। এখনও দিচ্ছে, এক মাত্র সংস্থা, যে দেয়। তা সেই সব কারনে আমাদের নন-ট্যাক্স কালেকশান খুব খারাপ। আমাদের ননস্ট্যাক্স কালেকশানের উপর বার বার জোর দেওয়া হয়েছে। এই সরকারও জোর দেয় নি তা নয়। দু - একবার হাই ফিগার ধরে নিয়েছেন বাজেটের ক্ষেত্রে যাতে কালেকশান হয়, কিন্তু কালেকশান হয় নি। আমাদের share in central taxes - দেখুন আমরা তো অনেক গালাগাল দিই, কিন্তু share in central taxes এই খারাপ অবস্থার মধ্যে থেকেও যে অঙ্কটা মাননীয় অর্থ মন্ত্রী ধরেছেন তাতে share in central taxes গ্রোথ ধরা হয়েছে ১১.১%। যেটা আমাদের নিজস্ব ট্যাক্সের ক্ষেত্রে ৭.৬%। Grants from the Centre বছর দুই তিন ধরে চিৎকার করছি grant কমে গেছে, grant কমে গেছে। এর আগেও আমি বলেছিলাম অঙ্কটা কোথায় কমেছে, অঙ্কটা তো বেড়েছে দেখছি। Grants from the Centre ২৫ হাজার ৮১০ কোটি টাকা ছিল, সেটা revised - এ হয়েছে ৩৪ হাজার। বাজেটে ধরা হয়েছিল ৩২

হাজার ৩৯৮, revised হয়েছে ৩৪ হাজার ১৭৪ - বেড়েছে। সেটা ২০২০-২১ এ ৩৮ হাজার ৪৯০ কোটি। ১২.৮% growth। তার পরেও যদি আমরা বলি, আমাদের growth হচ্ছে ৭.৬% গ্র্যান্ট দিচ্ছে আমাদের ১২.৮% - খুব খারাপ করছে - কি করে স্বীকার করবো ভাই। কি করে বলি যে খুব খারাপ হচ্ছে?

[1:50 – 2:00 p.m.]

এই যে গ্র্যান্ট আসছে, বিভিন্ন ধরনের গ্র্যান্ট আসছে, আপনারা জানেন ভাল করে যে ফর্টিন্থ ফিনান্স কমিশন, এর আগে পর্যন্ত আমাদের শেয়ার ইন সেন্ট্রাল ট্যাক্সেস ডিভিসিবিল পুল থেকে ছিল ৩২%, সেটা বেড়ে হল ৪২% এবং ৪২% যখন হয়েছিল তখন ফর্টিন্থ ফিনান্স কমিশনই বলেছিলেন যে, এর ফলে অনেকগুলো গ্র্যান্টস কমে যাবে। এই বাড়ার জন্য অনেকগুলো গ্র্যান্টস কমে যাবে। সেই গ্র্যান্টস স্বভাবতই কিছু কমার কথা। তা সত্ত্বেও আমরা দেখছি গ্র্যান্টস ফ্রম সেন্ট্রাল গভর্নমেন্ট বেড়েছে এবং গ্রোথটা হচ্ছে ১২.৬%। এই যে রেভিনিউয়ের ক্ষেত্রে, রিসিটের ক্ষেত্রে এই হচ্ছে চিত্রটা। রিসিটের ক্ষেত্রে আর একটা বড় চিত্র, আগের দিন বলার সময় বোধ হয় মাননীয় অর্থ মন্ত্রী বলেছিলেন যে কমপেনসেশান, জি.এস.টি কমপেনসেশান গ্র্যান্ট, সেটা আমাদের খুব কমে গেছে। জি.এস.টি. কমপেনসেশান গ্র্যান্ট সেন্ট্রাল গভমেন্ট দিচ্ছে না। এটা অবশ্যই অন্যায়, এর জন্য অবশ্যই আপনারা আন্দোলন করবেন, আপনারা যুক্তি রাখবেন, আমরা আপনাদের সঙ্গে আছি, কেননা জি.এস.টি. কে তাড়াহুড়ো করে ইমপ্লিমেন্টেশানের জন্য, ওদের অফিসিয়াল ক্যালকুলেশান কি হয়েছে না হয়েছে কিছুই আমার জানা নেই। অদ্ভুতভাবে যেহেতু তাড়াহুড়ো করে করতে হবে, এই জন্য রাজ্যগুলোকে বলে দিল যে আমরা কমপেনসেশান দেব, এবং দ্যাট ইজ ১৪% গ্রোথ। বললেন ১৪% গ্রোথে আমরা এই কমপেনসেশান দেব, যেহেতু তাড়াহুড়ো করে করতে হবে। এই সরকারের তরফ থেকে আপনারাও বলেছিলেন যে একটু ভেবেচিন্তে কর, কংগ্রেস বলেছিল ভেবেচিন্তে কর, বামফ্রন্টের যাঁরা আছেন তাঁরাও বলেছিলেন ভেবেচিন্তে কর। কিন্তু বিজেপির তর সইছিল না এবং তর সইছিল না বলেই তাঁরা একেবারে সবার সঙ্গে নেগোশিয়েশান করার সময় বললেন আমরা কমপেনসেশান দেব এবং দ্যাট উইল বি অ্যাট দি রেট অফ ১৪%। প্রতি বছর ১৪% গ্রোথ দিয়ে কমপেনসেশান দিতে গিয়ে ফেঁসে গেছে বিজেপি, সেন্ট্রাল গভর্নমেন্ট ফেঁসে গেছে এবং তার ফলেই হয়তো কমপেনসেশানের ক্ষেত্রে এঁরা করতে পারছেন না। সেখানে আবার একটা clause ছিল যে কমপেনসেশান দেওয়ার জন্য অ্যাডিশনাল সেস আদায় হবে, সেই আদায় থেকে দেওয়া হবে। এবারে সেই আদায় কম হয়েছে। কিন্তু ১৪% তো রয়েছে। কাজেই যে সমস্ত স্টেট, যাদের প্রতি এই কমিটমেন্ট রাখা হয়েছিল, তারা তো বলবেনই যে কোথায় গেল সেই ১৪%? কেন দেবে না? তাঁরা বলছেন। আমরাও,আমাদের এই গভর্নমেন্টও খুব সঙ্গত কারণেই আমরা বলছি যে জি.এস.টি কমপেনসেশান তোমাদেরকে পুরোটা দিতে, হবে এবং এটাকে কমানো চলবে না। কিন্তু তা সত্ত্বেও জি.এস.টি.কমপেনসেশান '১৮-'১৯ এ অ্যাকচুয়াল হয়েছিল ১৯৭৭ কোটি টাকা। '১৯-'২০ তে রিভাইজড্-এ সেটা হল - বাজেটে হয়েছিল ২'হাজার কোটি টাকা, রিভাইজড্ - এ সেটা হল ২৫৪৪ কোটি টাকা।

বাড়ালাম না কমালাম জানি না, বাড়ল না কমল? আবার সেটাই ২০২০-২১ এ আমরা ধরলাম কত - ৪৯২৮, কমে গেছে খুব, না বেড়েছে? স্যার, কমে গেছে না বেড়েছে? আমি জানি না এই ৪৯২৮ কোটি টাকা কি বেসিসে ধরেছেন? নিশ্চয়ই গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার কাছ থেকে কোন কমিউনিকেশান আছে। আমরা বাজেট করার সময় দেখতাম, তখন অবশ্য প্ল্যানিং কমিশন ছিল, প্ল্যানিং কমিশনের মিটিংয়ে ওঁরা ইন্ডিকেট করে দিতেন যে, সেন্ট্রাল শেয়ার কোনটার জন্য কি পাব না পাব, আমাদের বাজেটে ধরার জন্য। এখনও নিশ্চয়ই সাম শর্স্ট অফ কমিউনিকেশান আছে, সাম শর্স্ট অফ এস্টিমেট আছে এবং সেই এস্টিমেটের বেসিসে মাননীয় অর্থ মন্ত্রী সেই কমপেনসেশানের অঙ্কটাকে করেছেন ৪৯২৮ কোটি টাকা।

তাহলে Central Government থেকে grants in aid সেটা আসার কথা সেটা আসছে। Central government থেকে tax এর share যে ধরনের আসার কথা সেটা আসছে। Central Government থেকে compensation যেটা আসার কথা সেটা আসছে। তার পরেও revenue deficit কত - প্রায় ৯-১০ হাজার কোটি টাকা। আমাদের কোথায়ও নিশ্চয়ই খামতি আছে। সেই খামতিটা কি? যত পরিমাণ revenue আমাদের বাড়ার কথা সেটা আমরা বাড়াতে পারছি না। আর খরচ যে ভাবে করার কথা সেই খরচের উপর আমরা control রাখেনি বা রাখতে পারছি না। ক্যারাভান করব, প্রত্যেক জেলায় মেলা গান করব, বঙ্গরত্ন, বঙ্গবিভূষণ, সঙ্গীতরত্ন যাকে তাকে ডেকে নিয়ে দেব, carnival করব। পূজার জন্য - ছেলেরা হৈচৈ করবে, মদ খাবে তার জন্য টাকা দেব। খবর বেরিয়েছিল ময়ূরেশ্বরে একটি ক্লাব সেখানে বোমা পাওয়া গিয়েছিল। এই সবের জন্য টাকা দেব। এই সব কিছুর জন্য দিয়ে naturally খরচের উপর যদি আমরা control না রাখতে পারি তাহলে কি করে হবে? স্যার, আপনাদের কাছে তুলে ধরলাম চিত্রটিকে। এই চিত্রের পরিপ্রেক্ষিতে আপনারা চিন্তা করবেন বাজেটটিকে কিভাবে আমরা support করব। বাজেটটিকে যেভাবে এখানে present করা হয়েছে। সেটা কতটুকু আমরা গ্রহণ করব সেটা আপনাদের কাছে আমি submission রাখলাম। আমি ধন্যবাদ জানিয়েছি কিছু কাজের জন্য, কিছু program এর জন্য। কিন্তু একটা প্রোগ্রামের জন্য আমি আবার গত বছর বারবার বলেছিলাম, এইবারে স্যার, আবার আপনার নজরে নিয়ে আসছি। গত বছর যেমন মাননীয় অর্থ মন্ত্রী কুড়ি পৃষ্ঠায় বলেছিলেন তাঁর বাজেট ভাষণে - বাংলার বাড়ি প্রোগ্রামে under Bangla Abas Yojna“ Till date around 5 thousand 8 hundred 67 crore could be released against a budget provision 1thousand 80 crore from this year-s budget. 5lakh 76 thousand 3 hundred 55 houses had been sanctioned during this year.” আপনার নজরে নিয়ে এসেছিলাম। বিষয়টিকে নিয়ে আমি আপনার কাছে দরখাস্ত করেছিলাম। আপনি আমাকে বলেছিলেন যে বিষয়টি আপনি ঠিক সময়ে, ঠিকভাবে তুলে ধরেন নি। স্যার, এইবারে কি আছে? এই বারের বাজেটে একই কথা। ‘বাংলা আবাস যোজনায়’ ২০১৮-১৯ আর্থিক বর্ষে ৫ লক্ষ ৮৫ হাজার ৮৬৯টি বাড়ি তৈরির অনুমোদন দিয়েছে। এর মধ্যে ৫ লক্ষ ৫৬ হাজার ৯০৩টি বাড়ির কাজ সম্পূর্ণ হয়েছে। বর্তমান অর্থবর্ষে ৮ লক্ষ ১২ হাজার ৬৯ জন উপভোক্তাদের বাড়ি

তৈরির অনুমোদন দেওয়া হয়েছে। এর মধ্যে ৮ লক্ষ ৫৪ হাজার ৭৪ জন উপভোক্তার বাড়ি তৈরির প্রথম বা তার পরের কিস্তির টাকা ৩১শে ডিসেম্বর, ২০১৯ এর মধ্যেই হাতে পেয়েছেন। আমি গত বছর তিনটে সেশনে অনুরোধ করেছিলাম মাননীয় অর্থমন্ত্রীকে দয়া করে এই বাজেট হেডটা আমাকে দেখিয়ে দেবেন, কোথা থেকে এই টাকাটা আপনি পেলেন কারণ পঞ্চায়েত ডিপার্টমেন্টের বাজেটটা তন্ন তন্ন খুঁজেও আমি পাই নি। বাংলার বাড়ি বা, বাংলার আবাস প্রকল্পে কোন টাকা নেই, এটা আমি বারবার বলেছি।

[2:00 – 2:10 p.m.]

আমি স্যার এবারেও আবার আপনাকে অনুরোধ করব, আপনি দয়া করে দেখাবেন, কেন না পঞ্চায়েত এবং রুরাল ডেভেলপমেন্টের বাজেটে এই ধরণের কোন প্রকল্প নেই,এই ধরণের কোন টাকা নেই। আপনি ইচ্ছে করে - ইনটেনশানাল্যি এই হাউসকে বিভ্রান্ত করছেন, বাংলার মানুষকে বিভ্রান্ত করছেন। আমি আবার তাই এবারে আপনার নজরে স্যার নিয়ে এলাম, এই জন্য প্রথমেই নজরে নিয়ে এলাম কারণ আমি আপনার কাছে পঞ্চায়েত দপ্তরের যে বাজেটটা আছে তার সংক্ষিপ্ত যেটা ৩ নম্বর বইয়ে আছে, আমি সেটা এক্ষুণি স্যার আপনার কাছে দিয়ে দেব। আপনি দয়া করে দেখে নেবেন যে পঞ্চায়েত এবং রুরাল ডেভেলপমেন্ট ডিপার্টমেন্টের হেড অফ অ্যাকাউন্টের কোথাও এই বাজেটের কথা উল্লেখ করা আছে কিনা। আর এতো টাকা – চাট্টি দ্বানি কথা নয়, এতো টাকা নিয়ে তঞ্চকতা হচ্ছে, বিভ্রান্ত করা হচ্ছে মানুষকে। মানুষকে বলা হচ্ছে এতো বাড়ি তৈরি হচ্ছে, এতো বাড়ি তৈরি হয়েছে যেখানে কিছু নেই। বাজেটে একটিও পয়সা নেই। এ কি চলছে স্যার? যেটা আমরা দেখছি যে বাজেট হেডে নেই এইরকম চলছে, বাকি যে প্রকল্পগুলো নিয়ে আপনারা এতো গপ্পো করছেন, সেখানেও একই কথা। একই কথা হবে। আমি স্যার আবার আপনাকে অনুরোধ করব, আমি একজন বিধায়ক, আমি সেই বিধায়ক হিসাবে আপনার কাছে বিনীতভাবে জানতে চাইছি যে, এটা পঞ্চায়েত এবং রুরাল ডেভেলপমেন্ট ডিপার্টমেন্টের কোথায় আছে সেটা জানাবেন। আদারওয়াইজ আবার আমার খুব খারাপ লাগবে আপনার বিরুদ্ধে প্রিভিলেজ মোশান নিয়ে আসতে। ভীষণ খারাপ লাগবে। স্যার, আমি যদি আবার 'সবুজ সাথী'র কথা বলি, তাহলে তো আপনাদের অনেকে বলবেন এই পুরনো কথায় চালাচ্ছেন আপনি। 'সবুজ সাথী' নিয়ে অনেক কথা বলেছি এর আগে। আজকে অন্য দিক নিয়ে বলব। অদ্ভুত ! আপনি বলেছেন, ' সবুজ সাথী' প্রকল্পে ২০১৯-'২০ তে ১২ লক্ষ সাইকেল দেওয়া হয়েছে। ' গত বছরে দু' তিনটে প্রশ্ন ছিল, একটা প্রশ্নের উত্তরে মাননীয় বিভাগীয় মন্ত্রী বলেছিলেন, যত সাইকেল কেনা হয়েছে, সেই সাইকেল ডিস্ট্রিবিউটেড হয়ে গিয়েছে। প্রশ্ন ছিল, কত সাইকেল কেনা হয়েছে, কত ডিস্ট্রিবিউট হয়েছে? বলেছিলেন - ৬৯ লক্ষ সামথিং, মানে ৭০ লক্ষ। যদিও আপনারা সব জায়গায় বলে বেড়ান এবং লেখেনও বটে যে ১ কোটি সাইকেল দেওয়া হয়েছে অথচ বিভাগীয় মন্ত্রী বলছেন, ৬৯ লক্ষ। ৬৯ লক্ষ বা ৭০ লক্ষ যেখানে সাইকেল কেনা হয়েছে বা দেওয়া হয়েছে বলছেন, এটা আপনারা মেঠো বক্তৃতায় চালিয়ে যাচ্ছেন - এমনকি এখানেও চালিয়ে যাচ্ছেন ১ কোটি। আর সবচেয়ে বড় কথা, আপনি কোথায় পেলেন স্যার যে গত

বছর ১২ লক্ষ সাইকেল দেওয়া হয়েছে? সেই সাইকেল কোথা থেকে হল? বাজেট কত আপনার? বাজেট কত গত বছরের - রিভাইজড়? গত বছরের রিভাইজড় বাজেট হচ্ছে চার দশে ৪০ টাকা। বাজেট তো নেই এই হেডে। রিভাইজড়-এ চার দশে ৪০ নয়, ৪টে আলাদা - আলাদা হেডে দেখান আপনারা। যেমন ২০১৮-'১৯ এ ১৭০, ১৭০, ১৭০, ১৭০। এখানে কি, কি দেখানো হয়? মাইনরিটিস, এস.সি., এস.টি., জেনারেল। জেনারেল বলে বলেই দিচ্ছেন ২২২৫ বাজেট হেড-এ। আর এই রিভাইজড়-এ কত আছে? ১০, ১০, ১০, ১০। চার দশে ৪০ টাকা। ঐ ৪০ টাকায় ১২ লক্ষ সাইকেল কেনা হয়েছে এই তো বলছেন? স্যার আবার আমার খারাপ লাগে বলতে, তার মানে কি? এই যে বাড়ি করা হয়েছে, তার পর এই যে ১২ লক্ষ সাইকেল কিনলেন- এটা কি নতুন করে 'যশোদা' এল? সারদা - নারদার পরে এটা কি যশোদা করলেন - না কি? তাদের হাত থেকে নিয়ে, তাদের কাছ থেকে নিয়ে আপনারা এই প্রোগ্রামগুলো করছেন। হাসছেন দাদা। কিন্তু কি করছেন কি? মানুষকে কি বোঝাচ্ছেন? সবাইকে বোকা পেয়েছেন,না কি? সবাইকে বোকা পেয়েছেন? আরে কেউ তো কিছু বুঝবে, কেউ তো কিছু জানবে, কেউ তো কিছু হলে স্টাডি করে - না কি? আপনি বলে যাবেন আর সব হয়ে যাবে? স্যার 'শ্রী', 'টি'-গুলো অনেক হয়ে গিয়েছে, এখন অনেক 'সুন্দরী' এসে গিয়েছে, 'শ্রী'র জায়গায় সুন্দরী এসেছে, নাম হয়েছে 'চা সুন্দরী'।

আমাদের উত্তরবঙ্গের ব্যাপার, কাজেই সুন্দরী করা হয়েছে এবং সৌন্দর্যে মহিমামন্ডিত করা হবে। চা বাগানের জমিগুলো, কোম্পানি যারা আছে, তারা কর্মচারীদের বাড়ি তৈরি করার জন্য সেই জমি দেবে কি না - এগুলো লিজ হোল্ড। এই লিজ হোল্ড জমির উপর, কোনো কোম্পানিরও ক্ষমতা নেই যে তারা এই লিজ হোল্ড জমির উপর পার্মিশান দেয় যার জন্য বড় বড় হাউসিং প্রোগ্রামে কোনো বাড়ি তৈরি করে দেওয়া যায় নি মুষ্টিমেয় দু'একজন ছাড়া। কাজেই সেই জায়গায় আপনারা বললেন এতশ কোটি টাকার বাড়ি আমরা তৈরি করব। কোথা থেকে পাবেন জমি? ম্যাডাম, লাফাচ্ছেন, চিৎকার করছেন দু'চারটা করে তার পরে দেখাবেন। নতুন হাউসিং মিনিস্টার হয়েছেন, দেখবেন কি অবস্থাটা হয়। গীতাঞ্জলিতে চার বছরে কত করতে পেরেছেন? আর আপনি বাংলার বাড়ি নামে একটা ফিক্টিশাস নাম দিয়ে বলছেন এত লক্ষ হয়ে গিয়েছে। লজ্জা করেনা আপনাদের! জানবে কি করে, শহরে থাকা মানুষ জানবে কি করে। স্যার, ওই ট্রাইবাল পেনশানের ব্যাপারে আপনাকে ধন্যবাদ দিয়েছি। ট্রাইবাল পেনশানে আপনি বলেছেন যে এ পর্যন্ত খরচ হয়েছে ১৬৬ কোটি, প্রায় ১ লক্ষ ৪০ হাজার ট্রাইবালকে পেনশান দেওয়া হচ্ছে। রিভাইজ ধরেছেন ২০০ কোটি, আবার নেক্সটু ইয়ারে ধরেছেন ২০৪ কোটি। বোধহয় অ্যাডিশানালটা এখানে নিয়ে এসে বাড়ানোর চেষ্টা করছেন। আমার বক্তব্য ট্রাইবাল এবং সিড্যুল্ড্ কাস্ট পেনশানের ক্ষেত্রে দু'তিনটে বিষয়ে আপনাকে আমি বলব চিন্তা করতে। আমি যেটা আপনার কাছে সাবমিট করছি স্যার, ট্রাইবালের পপুলেশান কত? ৬০ লক্ষ? এই ৬০ লক্ষ পপুলেশানে বৃদ্ধ-বৃদ্ধার সংখ্যা কত স্যার? পার্সেন্টেজটা কি? আমাদের বৃদ্ধ-বৃদ্ধার, ৬০ বছরের ঊর্ধ্বে, বিশেষ করে ট্রাইবাল এক্সপেকটেশান অফ লাইফ। কি আছে এক্সপেকটেশান

অফ লাইফ? সেখানে ৬০ লক্ষর মধ্যে ১ লক্ষ ৪০ হাজার অলরেডি হয়ে গিয়েছে। আর কত হবে? কত বাকি আছে? ধরে নিলাম ২ লক্ষ বাকি আছে। উনি ফিগারগুলো দিয়েছেন।

[2:10 – 2:20 p.m.]

তাহলে সেই জন্য যে টাকা এখানে ধরেছেন, টাকা কি এখানে রাখার দরকার আছে? না, দরকার নেই অর্থাৎ এগুলো শুধু প্রচারের জন্য যে আমরা এতশো কোটি টাকা ট্রাইবাল পেনশানের জন্য খরচ করছি। পাঁচশো কোটি টাকা। এস.সি., পেনশানের জন্যও আমি আপনার কাছে সাবমিশন রাখব স্যার, কৃষক পেনশানে এখনও পর্যন্ত বোধহয় ৮৯ হাজার দেওয়া হচ্ছে। আশিস বাবু গত বছর কমিট করেছিলেন যে ওটাকে এক লাখ করা হবে, এবারে আপনি বলেছেন যে ওটাকে এক লাখ করা হবে, এক হাজার টাকা করে। স্যার, এই কৃষক পেনশান মানে কৃষকের মধ্যে কত পার্সেন্ট সিড্যুল্ড্ কাস্ট, কত পার্সেন্ট সিড্যুল্ড্ ট্রাইব, ও বি সি আছে? ভদ্রলোক কত জন থাকে কৃষকের? অর্থাৎ প্রায় ৮০% যে কৃষকের ভাতা পাওয়া যায় তার মধ্যে অলরেডি এস.সি, এস.টি,এরা কভার্ড। কৃষক পেনশান যাঁরা পান, ওল্ডেজ পেনশান যাঁরা পান তাঁদের অলরেডি ৮০%এর মত কভার্ড আছেন। আমরা বারবার করে যেটা দাবি করেছিলাম যে এইট্টি নাইন থাউজন্ড হোক বা সিক্সটি নাইন থাউজন্ড হোক সেটাকে বাড়ান। বাড়িয়ে এক লাখ করুন। করেছেন, ধন্যবাদ জানিয়েছি। কিন্তু তার জন্য যে টাকা ধরছেন -আড়াই হাজার কোটি টাকা, এটার কোন দরকার নেই। মানে এটা শুধু 'শো' করার জন্য এবং শুধু প্রচার ! এই যে আড়াই হাজার কোটি টাকা, এটা লাগবে বলে আমার মনে হয় না। অবশ্য একটা জিনিস হবে রেভিনিউ ডেফিসিটের একটা অংশ এখানে থেকে যাবে। কিন্তু প্রচারটা আপনারা যে ভাবে করলেন যে এত কোটি টাকা আমরা দেব সেই প্রচারটা কিন্তু ঠিক নয়। স্যার,আমি এবারে আসছি শিক্ষা-এ। আজকেও মাননীয়া মুখ্যমন্ত্রী খুব বললেন যে ৪২টা ইউনিভার্সিটি করেছেন? রেগুলার, আপনারা বলে যাচ্ছেন। ইউনিভার্সিটির ফসলটা কি? কি ফসল আমরা পাচ্ছি। ইউনিভার্সিটিতে কে পড়াচ্ছেন? কি তাঁর কোয়ালিটি? সেখানে যাঁরা পড়াচ্ছেন তাঁদের কাছ থেকে যে ফসলটা আসবে সে ফসলটা কি হয়? প্রায়ই এখানে প্রশ্ন ওঠে, একদিন মাননীয়া শশী পাঁজা মহাশয়াও বলেছিলেন যে একটা পোস্ট ফিল আপ করার জন্য সিড্যুল্ড্ কাস্ট ক্যান্ডিডেট পাওয়া যাচ্ছে না। পার্থবাবু তো প্রায়ই বলেন যে সিড্যুল্ড্ কাস্ট, সিড্যুল্ড্ ট্রাইব, ও বি সি পাওয়া যাচ্ছে না। এত ইউনিভার্সিটি করছেন, এত কলেজ করছেন, সিড্যুল্ড্ কাস্ট, সিড্যুল্ড্ ট্রাইব - মুষ্টিমেয় কিছু মানুষ তাঁদের শিক্ষাটাকে ঠিক করতে পারছেন না! তাহলে কিসের জন্য ইউনিভার্সিটি করছেন? কেন হচ্ছে ইউনিভার্সিটিগুলো? আমার, আপনার এত টাকা খরচ করে ইউনিভার্সিটি করছেন জাস্ট কিছু ভুসিমাল তৈরি করার জন্য? তাদের কোয়ালিটি এত খারাপ যে আপনারা প্রাইমারি শিক্ষকের জন্য সিড্যুল্ড্ কাস্ট, সিড্যুল্ড্ ট্রাইব পাচ্ছেন না।

আপনারা হাই স্কুলে পড়ানোর জন্য এস সি, এস টি পাচ্ছেন না। তাহলে কিসের ইউনিভার্সিটি করছেন? ভাববেন না স্যার একবার? ভাববেন না যে এই ইউনিভার্সিটি যেগুলি

করেছেন কাঠ, খড়, বিল্ডিং-সিন্ডিকেটকে পোষণ করার জন্য এগুলি করছেন। সেখানে শিক্ষক নেই। কি সংখ্যক শিক্ষক নিয়োগ করেছেন সব জায়গায়, সেই ব্যাপারে একবার ভেবে দেখবেন না? এখানে আমার বিনীত অনুরোধ নাম্বার বাড়িয়েছেন ঠিক আছে, কোয়ালিটির দিকে দয়া করে দেখুন। কোয়ালিটির দিকে দয়া করে দেখুন। নাহলে আমরা কোথায় নিয়ে যাব শিক্ষাটাকে? এই ছেলেমেয়েগুলি তিন লাইনও লিখতে পারে না। ইংরাজী তো ছেড়েই দিলাম, বাংলা লিখতে পারে না। বাংলা লিখতে পারে না, প্রত্যেকের অভিজ্ঞতা নিশ্চয়ই একই। তাহলে আমরা কি এতে সন্তুষ্ট থাকব? আপনারা যদি সন্তুষ্ট থাকেন, অলরাইট থাকুন। জাস্ট কিছু খয়রাতি দিয়ে রাজ্যটাকে শেষ করবেন। ‘এমপ্লয়মেন্টের ব্যাপারে বলি-আপনি বলছেন প্রচুর নাকি এমপ্লয়মেন্ট হয়েছে। স্যার, আপনি তো অর্থনীতির লোক। আপনাকে তো বেশি বলার দরকার নেই। আমাদের এখানে কি এমপ্লয়মেন্ট হচ্ছে? নাকি ডিসগাইস্ড্ আন-এমপ্লয়মেন্ট। যেটাকে বলা হয় ডিসগাইস্ড আনএমপ্লয়মেন্ট ৮০০০টাকা, ১১০০০টাকা, ১২০০০টাকা, ১৩০০০টাকায় বিশ্ববিদ্যালয়ে পড়াচ্ছেন। এটা কি এমপ্লয়মেন্ট স্যার? আমি আপনাকে অনুরোধ করব, কাইন্ডলি আপনারা এই আন্ডার-এমপ্লয়মেন্টের বিষয়টি মনে রাখবেন, ডিসগাইস্ড্ আন এমপ্লয়মেন্টের বিষয়টা মনে রাখবেন। আমি আপনার কাছে বিশেষভাবে এই প্রসঙ্গটা তুললাম। কারণ আমরা খুব খারাপ অবস্থার মধ্য দিয়ে যাচ্ছি। কে একজন যেন বলেছিলেন যে তৃণমূল এই রাজ্যটিকে ভিখারীতে পরিণত করেছে, আমরা হয়ত ভিখারী নই,কিন্তু তার কাছাকাছি আছি। স্যার,৮০০০টাকা মাইনে পেয়ে যারা বলে যে খুব ভালো আছি,যারা ১১০০০টাকা মাইনে পেয়ে বলে যে না, আমরা খুব ভালো আছি, তাহলে উঞ্ছবৃত্তি ছাড়া কিছু বলব না। আমি আপনাকে অনুরোধ করব এই বিষয়গুলি ভাবতে মাননীয় অর্থ মন্ত্রী তাঁর অসুস্থতা সত্ত্বেও তিনি আমাদের কাছে দিয়েছেন,আমাদের কাছে তুলে ধরেছেন, এর জন্য তাঁকে আমি আন্তরিকভাবে ধন্যবাদ জানিয়ে শেষ করছি। ধন্যবাদ।

শ্রী অখিল গিরি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ১০ই ফেব্রুয়ারি মা মাটি মানুষের সরকারের মাননীয় অর্থ মন্ত্রী ডঃ অমিত মিত্র মহাশয় ২০২০ এবং ২১ এই আর্থিক বর্ষে বাজেট বিবৃতি দিয়েছেন এই হাউসে সেই বাজেটকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার কয়েকটি বক্তব্য শেষ করছি। আমার আগে সুখবিলাসদা কিছু কথা বলেছেন। প্রথমেই মাননীয়া মুখ্যমন্ত্রীকে অভিনন্দন জানিয়ে পরবর্তীকালে পুরানো অভ্যাস মত তিনি কয়েকটি কথা বলেছেন অর্থাৎ সুখবিলাসদা অনেক দিন ধরেই চাকরি করেছেন ওই অর্থ দপ্তরে,তাই সেই পুরানো অভ্যাসটা ছেড়ে বেরোতে পারেন নি। আমলাতান্ত্রিক পদ্ধতিতে তিনি এখানে তাঁর বক্তব্য রেখেছেন। তাই সুখবিলাসদাকে একটা কথা জিজ্ঞাসা করি যে, দীর্ঘকাল আপনি অর্থ দপ্তরের কাজ করেছেন। এমন কোন অর্থ বর্ষ আপনি দেখাতে পারবেন, যে অর্থ বর্ষে রেভিনিউ ডেফিসিট হয়নি, এমন কোন অর্থ বর্ষ আপনি দেখাতে পারবেন কি? যদি আপনি দেখান তাহলে সেই রেভিনিউ ডেফিসিটটা আমাদের এই সরকারের আমলে,যে রেভিনিউ ডেফিসিটের কথা আপনি বলছেন,সেই রেভিনিউ ডেফিসিটটা কমেছে, নাকি বেড়েছে? এটা আপনি কি দেখাতে পারবেন? আপনি এখানে বললেন যে দিল্লি আমাদেরকে টাকা দিচ্ছে। মাননীয়া মুখ্যমন্ত্রী সকালবেলায় বলেছেন ৫০হাজার কোটি টাকা দিল্লি থেকে আমাদের

পাওনা আছে। আপনি বললেন দিল্লি টাকা দিচ্ছে। কত টাকা দিচ্ছে,কত পাওনা আছে, সেই ব্যাপারে আপনি কিন্তু আপনার বক্তৃতায় বিশ্লেষণ করেন নি। তাই আমি বলি যে,আপনি যেভাবে বক্তৃতা করলেন এটা মনে হল এটা বি.জে.পি.-র স্পেকম্যান হিসাবে এই হাউসে আপনি বক্তৃতা করছেন। তাই আমি বলি আপনার চিন্তাভাবনা,অর্থনীতির যে চিন্তাভাবনা,সেই চিন্তাভাবনা থেকে ডঃ অমিত মিত্রের চিন্তাভাবনাটা ধরতে পারছেন না।

[2:20 – 2:30 p.m.]

অনেক ওপরে, তিনি অনেক বেশি চিন্তা-ভাবনা করে এই বাজেটটা পেশ করেছেন। আপনি আপনার কথাই চিন্তা-ভাবনা করুন। কিন্তু আমাদের এই বাজেটে সামাজিক উন্নয়ন রেখে যে বাজেট, গ্রামের মানুষকে যে সুযোগ দেওয়া, তা নিশ্চিতভাবে এই বাজেটে ধরা আছে। স্যার, বাজেটটা দু'রকমের হয়। একটা আনুমানিক বাজেট, একটা অর্থবর্ষের আনুমানিক আয়-ব্যয় হিসেব দিয়ে একটা বাজেট, আরেকটা হচ্ছে পারফর্মিক বাজেট - যে, আমরা কী কাজ করেছি, সেই কাজ নিয়ে একটা বাজেট। তাই একটা পারফর্মিক বাজেট এই আর্থিক বর্ষে মাননীয় অর্থ মন্ত্রী বাস্তব কাজের উন্নয়নের নিরিখে ২০২০ এবং ২০২১ - এই আর্থিক বর্ষে পেশ করেছেন, প্রস্তাব এনেছেন। এই বাজেটে সব থেকে গুরুত্ব পেয়েছে সামাজিক উন্নয়ন, এই বাজেটে সব থেকে গুরুত্ব পেয়েছে পরিকাঠামোগত উন্নয়ন, এই বাজেটে সব থেকে গুরুত্ব পেয়েছে শিক্ষা ক্ষেত্র, স্বাস্থ্য ক্ষেত্র এবং আমাদের আরো সামাজিক এবং পরিকল্পনা মাফিক ব্যয়। মাননীয় অর্থ মন্ত্রী সর্বাধিক গুরুত্ব আরোপ করেছেন সমাজে অবহেলিত মানুষ, যারা আর্থিক দিক থেকে অনেকটা পিছিয়ে আছেন - এস.সি., এস.টি. - মানুষের ক্ষেত্রে। এই বাজেট অত্যন্ত সময়োপজিত বাজেট। স্যার, আপনি যদি লক্ষ্য করেন তাহলে দেখবেন, গত আর্থিক বর্ষে এই রাজ্যে বাজেট বিনিয়োগ ক্ষেত্রে একটা পরিকল্পনা মাফিক বাজেট ছিল। এই বাজেটে ছিল সৃজনশীলতা। এই রাজ্যে আমরা ১০০ দিনের কাজে প্রথম স্থান অধিকার করেছি। এটা কেন্দ্রীয় সরকার স্বীকার করেছে। এই বাজেটটা ছিল বলেই ক্ষুদ্র শিল্পে প্রথম স্থান, গ্রামীণ গৃহ নির্মাণে প্রথম স্থান, গ্রামীণ রাস্তায় প্রথম স্থান, মাইনরিটি স্কলারশীপে প্রথম স্থান, স্কিল ডেভেলপমেন্টে প্রথম স্থান। এই কথা স্বীকার করেছে পার্লামেন্টে ০৫।০২।২০২০ তারিখে ইউনিয়ন গভর্ণমেন্ট, যে ইউনিয়ন গভর্নমেন্টের কালচারাল-ইনফর্মেশন মন্ত্রী স্বীকার করে বলেছেন যে, পশ্চিমবঙ্গ গ্রামীণ উন্নয়নের বিভিন্ন বিষয়ে যে উন্নয়ন করেছে এক আর্থিক বর্ষে, তাতে তারা প্রথম স্থান অধিকার করেছে কয়েকটি জায়গায়। কিন্তু স্যার, কেন্দ্রীয় সরকারের বাজেট সম্পর্কে সুখবিলাসবাবু যিনি প্রথম শুরু করেছিলেন, একটা কথাও কিছু বললেন না। কেন্দ্রীয় সরকার একটা বাজেট পেশ করেছে। কোনো আয়ের উৎস দেখায় নি কীভাবে টাকাটা আসবে। আয়ের উৎস না দেখিয়ে কেন্দ্রীয় সরকার একটা বাজেট পেশ করেছে। এই বাজেটে দেখা গেছে অধিকাংশ ক্ষেত্রে ৪ শতাংশ বরাদ্দ বৃদ্ধি করেছে। স্যার, আমি আপনাকে একটা উদাহরণ দিয়ে বলি, গত বছর যে বইটা আপনি পেশ করেছেন বিধানসভায়, এই বইটা আমি ১০০ টাকায় কিনেছিলাম। এক বছর পর এই বইটা কিনতে আমার খরচ হচ্ছে ১০৪ টাকা ৫০ পয়সা। কেন্দ্রীয় সরকার বলছে, আমি ৪

শতাংশ বৃদ্ধি করেছি। তাহলে কত বেশি গেলো মানুষের কাছ থেকে? ৫০ পয়সা বেশি দিয়ে আমি কিনছি, অথচ বলছে ৪ শতাংশ বৃদ্ধি। ৪ শতাংশ বৃদ্ধি করে মানুষের কাছ থেকে কত বেশি পয়সা নিচ্ছে? সাড়ে চার টাকা বেশি নিল। আর চার টাকা বাড়িয়ে বলছে ৫০ পয়সা বেশি নিয়ে আজকে তারা সেই বাজেট পেশ করেছে অর্থাৎ ৫০ পয়সা মানুষের কাছ থেকে বেশি নিয়েছে। তাহলে ডেভেলপমেন্ট কেমন করে করবে? ইউনিয়ন গভর্নমেন্ট, দিল্লীতে কেন্দ্রীয় সরকার যে বাজেট পেশ করেছে, তাতে তো কোনো উন্নয়ন হবে না। আরো বেশি করে মানুষকে খরচ করতে হচ্ছে।

তাই আমি মনে করি এই ৭০ বছরে আমাদের ভারতবর্ষে সবচেয়ে বেশি বেকারত্ব বেড়েছে। সে ক্ষেত্রে আমাদের বাংলায় ৪০% বেকারত্ব কমেছে। অর্থাৎ আমাদের এই মা মাটি মানুষের সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে যে সরকার, সেই সরকার ৪০% কর্মসংস্থানের ব্যবস্থা করেছেন অর্থাৎ আমাদের বেকারিত্ব কমেছে ৪০%। আমাদের এখানে যে বেকার ছিল তাদের ১০০ জনের মধ্যে ৪০জন তারা কাজ পেয়েছেন। আমরা এই কথা বলি। স্যার, কেন্দ্রীয় সরকারের একটা রিপোর্ট আমরা পেয়েছি, সেই রিপোর্ট থেকে বলতে পারি গত আর্থিক বর্ষে ভারতবর্ষে শিল্পে বৃদ্ধির হার কত? ০.৬-এর নীচে নেমে গেছে কেন্দ্রীয় সরকারের শিল্প বৃদ্ধির হার। আমাদের কত বেড়েছে? ৫গুণের বেশি বেড়েছে। আমাদের রাজ্যে শিল্প বৃদ্ধির হার বেড়েছে। যেখানে কেন্দ্রীয় সরকার ০.৬-এর নীচে নেমে গেছে, আর আমাদের রাজ্যে ৫গুণের বেশি বেড়েছে। এ কথা কেন্দ্রীয় প্রত্যক্ষভাবে স্বীকার করেছেন এ রাজ্যে ২২ হাজার সামথিং কোটি টাকা আমাদের এই রাজ্যে শিল্পে বিনিয়োগ হয়েছে। এটা কেন্দ্রীয় সরকারের রিপোর্ট, এটা আমাদের রাজ্য সরকারের রিপোর্ট নয়। পালামেন্টে ইন্ডাস্ট্রি মিনিষ্টার স্বীকার করেছেন ২২ হাজার কোটি টাকা এই রাজ্যে অতিরিক্ত খরচ করতে পেরেছেন, এই রাজ্যে ইনভেস্টমেন্ট হয়েছে। এই রাজ্য কর্মসংস্থানের দিকে এগোচ্ছে, সামাজিক উন্নয়নের দিকে এগোচ্ছে, পরিকাঠামোগত উন্নয়নের দিকে এগোচ্ছে অর্থাৎ আমাদের রাজ্যে এত প্রতিবন্ধকতা থাকা সত্বেও অর্থনৈতিক ভাবে আমাদের রাজ্য অনেকটা এগোচ্ছে। কেন্দ্রীয় সরকার একটা শ্লোগান দিয়েছে। কী শ্লোগান দিয়েছেন? Make in India। স্যার, গত বছর ভারতে GDP কত নেমে গেছে? Make in India কেমন করে তৈরি করবে Make in India। GDP কত নেমেগিয়েছে? ৫% নেমে গিয়েছে। যদি স্যার, GDP গ্রস্ ডোমেস্টিক প্রোডাক্ট যদি না হয়, যদি কমে যায়, তাহলে কেমন করে Make in India করবে। Assembly করারতো জায়গা পাবে না। ক্ষেত্র পাবে না, তাহলে কেমন করে Make in India ওরা শ্লোগান দিচ্ছে, কাজকর্ম করছে না। তাই আমি মনে করি আমাদের এই বাজেট - আমাদের সেখানে বাংলার GDP কত বেড়েছে? ১০%-র বেশি বৃদ্ধি পেয়েছে। আমাদের রাজ্যে কৃষি ক্ষেত্র ভিত্তিক উৎপাদনের সব থেকে বেশি হয়েছে, যেখানে ভারতবর্ষে ৫% GDP নেমে গেছে, সেখানে আমাদের বৃদ্ধি হয়েছে ১০%, সেটা হচ্ছে কৃষি ভিত্তিক উৎপাদন বেড়েছে। মাননীয় মুখ্যমন্ত্রী প্রথম বক্তৃতায় বলেছিলেন জল ধরো প্রকল্প। জল ধরো প্রকল্পে আমরা ভারতবর্ষে প্রথম হয়েছি। সারা দেশে আমরা প্রথম হয়েছি জল ধরো প্রকল্পে। যুবকদের কর্মসংস্থানের জন্য গতিধারা প্রকল্প এবং সব থেকে বেশি উপকৃত

হয়েছে শস্য ফলনে, ভারতবর্ষের মধ্যে আমরা প্রথম হয়েছি। ভারতবর্ষের মধ্যে এই রাজ্য শস্য ফলনে প্রথম হয়েছে। স্যার, অর্থমন্ত্রীর বাজেট বইতে দেখেছি কর সংস্কারের ক্ষেত্রে তিনি ঐতিহাসিক বিপ্লব এনেছেন। কী বিপ্লব এনেছেন? আমাদের মাননীয় অর্থ মন্ত্রীর কর সংস্কার পদ্ধতিকে সারা দেশ অনুকরণ করবে। কী করেছেন? নোট বন্দী, জিএসটি চালু করে কেন্দ্রীয় সরকার ক্ষুদ্র, মাঝারি শিল্পে নগদ টাকার লেনদেনকে কণ্ঠরোধ করেছে। কেন্দ্রীয় সরকার এই কণ্ঠরোধ করার ফলে সেখানে স্মল, মিডিয়াম ইন্ডাস্ট্রি বন্ধ করে দিতে হয়েছে। সেখানে তিনি ই-গর্ভনেন্স চালু করেছেন, ইন্সপেক্টর রাজ খতম করে দিয়েছেন, রেভিনিউ ঘাটতি কমিয়েছেন, রেভিনিউ আদায় বাড়িয়েছেন।

[2:30 – 2:40 p.m.]

স্যার, কেন্দ্রীয় সরকার একটা স্লোগান দিয়েছেন, “সবকা সাথ সবকা বিকাশ। ” এই স্লোগান কেন্দ্রীয় সরকারের মুখে মানায় না। ১% মানুষের কাছে ৯৯% মানুষের টাকা কুক্ষিগত করেছেন। এটা সবকা সাথ সবকা বিকাশ? “সবকা সাথ সবকা বিকাশ” স্লোগান মমতা ব্যানার্জীর মুখে মানায়। গ্রামের এম.এল.এ.আমি দেখেছি, এখানে অনেক গ্রামের এম.এল.এ আছেন বুলবুল ক্ষতিগ্রস্ত, ফণী ক্ষতিগ্রস্ত সব মানুষই পেয়েছে। কৃষক বন্ধু সব মানুষই পেয়েছেন। সবুজ সাথী, কন্যাশ্রী সব মানুষের কাছে তিনি পৌঁছে দিয়েছেন। প্রাকৃতিক বিপর্যয়ে যত মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছে কোন বাদ বিচার না করে তিনি পৌঁছে দিয়েছেন। খাদ্যসাথী সবারই কাছে তিনি পৌঁছে দিয়েছেন। আমি মনে করি আজকে এই কর আদায়ের ক্ষেত্রে মুখ্যমন্ত্রী এতটাই সৃজনশীল যাতে সাধারণ মানুষ এখানে ব্যবসা করে খেতে পারে সরকারের সাথে একটা সেট্‌ল্‌মেন্টেরও ব্যবস্থা করে দিয়ে গেছেন। তাতে আমাদের এ রাজ্যে ব্যবসা অনেক বেশি বাড়বে এবং অর্থনৈতিক দিক থেকে অনেক বেশি এগিয়ে যেতে পারব। সুখবিলাসবাবু যা বলেছিলেন কৃষকদের নাকি - যাই হোক সেই উক্তি বলা উচিত নয়,তাই আমি এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

শ্রী তন্ময় ভট্টাচার্য : স্যার, এই সদনে উপস্থিত বেশির ভাগ সদস্যই মুষ্টিমেয় দু/চারজন বাদে এটা মনে করেন যে, ভারতবর্ষে যত রাজনৈতিক দল আছে তার ভিতর সবচাইতে বেশি মিথ্যে কথা বলা দলটার নাম ভারতীয় জনতা পার্টি। ট্রেজারি বেঞ্চও তাই মনে করেন, কংগ্রেস বেঞ্চও তাই মনে করেন এবং বামফ্রন্ট বেঞ্চও তাই মনে করেন এবং আমরা সকলেই সেটা মনে করি। এখন ভারতীয় জনতা পার্টির এই মিথ্যার শুরু কোথায়? মিথ্যার শুরু হচ্ছে তাদের পরিচালিত স্কুলগুলোতে, তাদের পরিচালিত ছাত্র সংগঠনে। আমায় মার্জনা করবেন স্যার। *** ছাড়তে পারেন নি।

মিঃ স্পীকার : এই মিথ্যা বলার মিথ্যা লেখার অভ্যাস এইটা যাবে না। আপনি ওনার সম্বন্ধে যেটা বললেন এটা যাবে না। This portion will not go.

*** অধ্যক্ষের আদেশক্রমে বাতিল

শ্রী তন্ময় ভট্টাচার্য : অসত্য কি unconstitutional? অসত্য শব্দটা কি unconstitutional?

মিঃ স্পীকার : আপনি ওনার বিরুদ্ধে personal-ব্যক্তিগত যে অভিযোগটা করছেন এই যে এ.বি.ভি.পির সদস্য ছিল ইত্যাদি এগুলোর ক্ষেত্রে আপনার কি ডকুমেন্টস আছে একটু দিয়ে যাবেন আমাকে। আপনি না দিলে পরে আমি এটাকে এক্সপাঞ্জ করে দেব। I will expunge this. না আপনাকে দিতে হবে। আপনি একটা মন্ত্রী সম্বন্ধে বলছেন এই সমস্ত কথা - this things will not go. Unless you produce documents in support of your contention, I'll not allow. এগুলোর কোনটাই যাবে না। এবার বাকিটা বলুন।

শ্রী তন্ময় ভট্টাচার্য : আমার কথা হচ্ছে স্যার, এই বাজেটকে আমাদের সকলের গ্রহণ করতে কোন অসুবিধা হবে না শুধু এই মূল বইটার প্রচ্ছদ থেকে একটা শব্দ বাদ দিয়ে একটা অক্ষর যদি ঢুকিয়ে দেওয়া হয়। এই যে এখানে লেখা আছে ভারপ্রাস্ত মন্ত্রী, অর্থ দপ্তর ডঃ অমিত মিত্রর বাজেট বিবৃতি। আমি বলছি স্যার, বিবৃতি শব্দটা বাদ দিয়ে বাজেটের পর একটা 'ক' বসিয়ে দিন। তাহলে যেটা দাঁড়াবে ভারপ্রাপ্ত মন্ত্রী, অর্থ দপ্তর ডঃ অমিত মিত্রর বাজে টক এবং সেইটা গ্রহণ করতে কেউ কোনো আপত্তি করবে না, সকলে একমত হয়ে সেটা গ্রহণ করবে। স্যার, বাজেটে কী বলা হয়েছে? এক পাতায় বলা হয়েছে জি.ডি.পি ১০.৪% বৃদ্ধি পেয়েছে। রাজ্যের মোট উৎপাদনকে কবে থেকে জি.ডি.পি. বলে স্যার? মাননীয় অর্থ মন্ত্রী জানেন, সবাই জানি রাজ্যের মোট উৎপাদনকে বলা হয় এস.ডি.পি. - স্টেট ডোমেস্টিক প্রোডাক্ট নট জি.ডি.পি., সেই এস.ডি.পি শব্দটাকে জি.ডি.পি.তে ট্রান্সফার করে কাকে বোকা বানালেন আমি জানি না। এই এস.ডি.পি বৃদ্ধির একটা রিপোর্ট তিনি কেন্দ্রীয় সরকারকে পাঠিয়েছেন। এই রিপোর্টটা যাচাই হবে, তথ্যের আদান-প্রদান হবে এবং চূড়ান্ত হবে। তথ্য প্রদানে রাজ্যের গড়িমসি এবং ব্যর্থতা নিয়ে ২০১১ থেকে আজ পর্যন্ত ভারত সরকারের ১১৭টা নোট এবং চিঠি রাজ্যের অর্থ মন্ত্রকে জমা আছে। শেষ তিন মাসের হিসেবে আরও কিছু বেড়ে থাকতে পারে।

তাহলে এই বৃদ্ধির ভিত্তি কী? ২ পাতায় বলছেন, ২২,২৬৭ কোটি টাকার বিদেশী বিনিয়োগ এসেছে। শেষ পাঁচ বছরে বাস্তবায়িত ৪.৪৫ লক্ষ কোটি টাকা। আর্থিক সমীক্ষাতে কোন শিল্প কোথায় হয়েছে তার কোনো তথ্য নেই। এই যে বাস্তবায়িত শিল্পটা হল সেটাতো আর্থিক সমীক্ষাতে থাকবে। এই জায়গায় এটা হয়েছে, এই জায়গায় এটা হয়েছে - কোনো তথ্য আর্থিক সমীক্ষাতে নেই। হাওয়ায় ভাসিয়ে দিলেন কথাগুলো। শিল্পগুলোকে আমরা কোথায় খুঁজবো স্যার? আমরা চাই স্যার, কেন্দ্রীয় সরকার রাজ্যকে তার করের ন্যায় ভাগ দিক। আমাদের আমলে ৩২ ভাগ দিত এই আমলে বেড়ে ৪২ ভাগ হয়েছে। আমরা ৫০ ভাগের দাবি করেছিলাম। এখনও বলছি এই আমলে ৫০ ভাগ হোক তার জন্য একসাথে দিল্লিতে দরবার করতে আপত্তি নেই। কিন্তু স্যার, এই দাবি এক সাথেই উচ্চারণ করা হোক, কিন্তু বাজেট পেশের পরে অর্থমন্ত্রী সাংবাদিক সম্মেলনে বললেন, কেন্দ্রের কাছে আমাদের পাওনা প্রায় ৫০ হাজার কোটি টাকা। সাংবাদিক সম্মেলনে মাননীয়া মুখ্যমন্ত্রী পাশে ছিলেন। এখন সেই সাংবাদিক সম্মেলনে মাননীয়া মুখ্যমন্ত্রী

ছিলেন। মুখ্যমন্ত্রী সাংবাদিক সম্মেলনে কী বললেন? কেন্দ্রের কাছে আমাদের পাওয়া এক লক্ষ কোটি টাকা। আজকে সকালে বিধানসভায় কী বললেন? ৫০ হাজার কোটি টাকা। মাননীয়া মুখ্যমন্ত্রী সাংবাদিক সম্মেলনে এক লক্ষ কোটি, আজ বিধানসভায় ৫০ হাজার কোটি, মাননীয় অর্থমন্ত্রী ৫০ হাজার কোটি। কোনটা ঠিক স্যার? এটা নির্দিষ্ট না হলে আমরাতো স্যার দিল্লির কাছে দাবিটা ঠিক করে করতে পারবো না। আমরাওতো দাবিটা করতে চাই। তবে কোনটা দাবি করবো? এই বিচারটা আমরা চাই। স্যার, বহুল আলোচিত বিষয় হচ্ছে ঋণ। কিন্তু এই ঋণ ছিল কত? এক লক্ষ ৯২ হাজার কোটি টাকা। এই বছরের শেষে দাঁড়াবে কত? চার লক্ষ ৭৯ হাজার কোটি টাকা। ২০১৬-১৭এর বাজেট ভাষণে মাননীয় অর্থমন্ত্রী বলেছিলেন ৩১.৩.২০১৬ পর্যন্ত ৯৪ হাজার ৫ ৩৩.৫২ কোটি আগের সরকারের ঋণ শোধ হয়েছে। এই অনুপাতে এবছরের ৩১শে মার্চের মধ্যে বাম আমলের সব ঋণ শোধ হয়ে যাওয়ার কথা। যদিও বাজার থেকে নেওয়া ঋণের পরিমাণ ছিল বাম আমলে মাত্র ৭২ হাজার কোটি টাকা। তাহলে বছরের শেষে যে, ৪.৯৭ লক্ষ কোটি টাকা ঋণ দাঁড়াবে তার বেশির ভাগটাইতো স্যার বাজার থেকে নেওয়া। রাজ্যকে এভাবে দেনাগ্রস্ত করার কারণ মাননীয় অর্থমন্ত্রীর ব্যাখ্যা করা উচিত। স্যার, মোট বরাদ্দ ২.৩৮ লক্ষ কোটি থেকে বেড়ে ২.৫৬ লক্ষ কোটি প্রস্তাবিত হয়েছে। একটু আগে সুখবিলাসদা বলেছেন। pointটা অথাৎ বৃদ্ধির হার ১০.৭ শতাংশ। স্যার, মূল্যবৃদ্ধির হার কত একই সময়ে? মাননীয় অর্থমন্ত্রীও, বলেছেন অন্যরাও বলেছেন। মূল্যবৃদ্ধির হার এই সময়ে ১০ শতাংশ। একটু আগে অখিলবাবু বলছিলেন যে, একটা বই ১০৪ টাকায় কিনেছি। এবার ১০৪ টাকা ৫০এ নিয়ে নিলাম। মূল্যবৃদ্ধি ৪.৫ শতাংশ। তাহলে দামটা স্যার কী হল? ঠিক একই কথা আমি বলছি স্যার অখিলবাবু আপনার যুক্তি যে, ১০ শতাংশ মূল্যবৃদ্ধির হারে ১০.৭ শতাংশ বরাদ্দ বৃদ্ধি মানে আসলে কোনো বরাদ্দ বৃদ্ধি না।

[2:40 – 2:50 p.m.]

উন্নয়নের জন্য একটি বাড়তি টাকাও বরাদ্দ নেই। তাহলে উন্নয়নের গতি বাড়বে, এই দাবির কোনো ভিত্তি করা যায় না। স্যার, নিঃসন্দেহে এই মুহূর্তে দেশ, রাজ্যের সব চাইতে বড় লড়াই, গোটা দেশের লড়াই সি.এ.এ., এন.আর.সি. নিয়ে। বি.জে.পি. দাবি করছে নাগরিকত্ব দেবে, উদ্বাস্তুদের বি.জে.পি. শরণার্থী বলে। আপনারাও স্যার, বাম আমলের উদ্বাস্তু পুনর্বাসন মন্ত্রক পাল্টে, আপনারাও সেটাকে শরণার্থী বলে মন্ত্রক তৈরি করে দিয়েছেন। এই শরণার্থী আখ্যায় আখ্যায়িত করে দপ্তরের নাম বদলেছেন কিন্তু, উদ্বাস্তুদের সব চিন্তা মাননীয়া মুখ্যমন্ত্রী নিজের ঘাড়ে নেওয়ার কথা ঘোষণা করেছিলেন, নৈহাটিতে মিটিং করে। ২০১৮-১৯এর আর্থিক সমীক্ষায় বলেছিলেন, ১০,৩১৪টি নিঃশর্ত দলিল দেওয়া বাকি আছে। ২০১৯-২০তে বললেন, ১,৩১১টি নিঃশর্ত দলিল ১ বছরে বিলি হয়েছে। তার মানে, মাননীয়া মুখ্যমন্ত্রীর দপ্তর ১২.৭১শতাংশ পারফর্মন্স রিপোর্ট বইয়ে স্বীকার করা হয়েছে এই পারফরমন্স; আপনার পেশ করা বইয়ে। প্রশাসনিক সভাগুলোতে এর উল্লেখ হচ্ছে না কেন স্যার ; মুখ্যমন্ত্রীর নিজের দপ্তর বলে? স্যার, আমি খুব আশ্চর্য হলাম, এবারের আর্থিক সমীক্ষায় বললেন, ২৫,৪৮১টি দলিল আগামী বছরে

বিলি হবে। কীভাবে স্যার। আপনার রিপোর্ট বলছে যে, বাকি ছিল ১০,৩১৪; দিয়েছেন ১,৩১১। বাকি থাকল ৯,০০৩। এই তো বাকি, ৯,০০৩। তাহলে ৯,০০৩ যেখানে বাকি, সেখানে ২৫,৪৮১ আপনি দেবেন কি করে? আপনি কী তাহলে নতুন শরণার্থী বানাবেন? নতুন উদ্বাস্তু বানাবেন? তাহলে কি আপনি বিজেপির যে আসল অভিযোগটা, সেই অভিযোগটা আপনার রাজ্যের তথ্যের মধ্যে মেনে নিলেন? মেনে নেওয়ার জন্য একটা চাতুরী করলেন? একটা কৌশল করলেন? বি.জে.পি.কে আরো একটু জমি শক্ত করবার সুযোগ দিলেন যে এইটা ছিল,এইটা হয়েছে, মানে এত জন নতুন অনুপ্রবেশকারী ঢুকেছে, এই সংখ্যাটা যাতে বি.জে.পি. বলতে পারে। সরকারি তথ্যে আগাম সেটা স্বীকার করে আপনি কার উপকার করলেন, আমার কাছে এটা বোধগম্য হচ্ছে না। এটা আমার কাছে একটা তাজ্জব কি বাত, একটা সদুত্তর এই প্রশ্নে আমি চাই স্যার। স্যার, উদ্বাস্তুদের নিঃশর্ত দলিল দেওয়ার কাজ বাকি, মাননীয়া মুখ্যমন্ত্রী শুরু করেছিলেন, আজকেও সকালে বলেছেন। এখন স্যার, মাননীয়া মুখ্যমন্ত্রীর হাতে থাকা আর একটা দপ্তরের নাম তথ্য এবং সংস্কৃতি দপ্তর। আচ্ছা, এই দপ্তরের নথি কী বলছে স্যার? এই দপ্তরের নথি বলছে যে এই রাজ্যে উদ্বাস্তুদের নিঃশর্ত দলিল দেওয়ার কাজ ১৯৭৮সাল থেকে শুরু করেছেন। স্যার, বিধানসভা কোনো না কোন দিন বিরোধীশূন্য হতে পারে, যে কায়দায় গণতন্ত্র এগোচ্ছে। কিন্তু স্যার, নথি তো তথ্যশূন্য হবে না।

নথি তো স্যার, থেকেই যাবে। তাহলে এই যে নথিতে আপনি বলে ফেলেছেন, ১৯৭৮ থেকে এই রাজ্যে উদ্বাস্তুদের নিঃশর্ত দলিল দেওয়ার কাজ শুরু হয়েছে, এবং আমি যে উদ্বাস্তু কলোনীর বাসিন্দা, সেই উদ্বাস্তু কলোনীর ১৯৭৯সালের ২৭শে নভেম্বর প্রথম দলিল পেয়েছে গোটা পশ্চিম বাংলার মধ্যে এই তথ্যটাকে তো আপনি আর পাল্টাতে পারবেন না স্যার। তাহলে মুখ্যমন্ত্রীর এই দাবিটা যে ভিত্তিহীন, সেটা প্রমাণ করতে আরো অতিরিক্ত কি লাগে ! স্যার, রাজ্য সরকার কাজ করছে না, আমি এই কথা বলছি না। কোথাও কোথাও কাজ হচ্ছে। একটা ইন্টারেস্টিং ব্যাপার স্যার, উচ্চ শিক্ষায় বরাদ্দ কমেছে, কেন আমি জানি না। পরিকাঠামো মানে কী বোঝা যায়, উচ্চশিক্ষা এবং স্বাস্থ্য ; এটা বদলে দিয়ে যে পরিকাঠামো নির্মাণ হয়, সেই পরিকাঠামো শরীরের ক্ষেত্রে মেধার ক্ষেত্রে কার্যকর। স্বাস্থ্যের ক্ষেত্রেও সব মিলিয়ে বিবেচনা করলে বরাদ্দ কমেছে। কিন্তু একটা আশ্চর্য্য জিনিস স্যার, নির্বাচনের বছর কিনা আমি জানি না। বরাদ্দ বেড়েছে যে যে দপ্তরগুলোতে, আমায় মার্জনা করবেন স্যার, মাননীয়া মুখ্যমন্ত্রীও স্বীকার করেছেন একাধিক সভায় যে যে দপ্তরগুলোতে বরাদ্দ বেড়েছে, হিসাব করলে দেখা যাবে, সেই সেই দপ্তরগুলোতেই অতীতে কাট মানির অভিযোগ সব চাইতে বেশি উঠেছে।

নির্বাচনের বছরে নতুন করে কাট মানি পাইয়ে দেওয়ার জন্য, কাট মানির ব্যবস্থা করার জন্য এই বরাদ্দ বৃদ্ধির প্রস্তাব কিনা এই প্রশ্নটা আমি আপনাদের কাছে উত্থাপন করে রাখলাম। আশা করব, মাননীয় অর্থমন্ত্রী সন্তোষজনক জবাব দিয়ে আমার আশঙ্কাকে অমূলক প্রমাণ করবেন। ধন্যবাদ স্যার, মাননীয় অর্থমন্ত্রীর প্রতি আমি নমস্কার জানাচ্ছি।

মিঃ স্পীকার : ডঃ মিত্র আছেন এখানে। ডঃ মিত্র বলুন। In this context the comments that have been made by Hon'ble Member, Shri Tanmoy Bhattacharya, Hon'ble Minister, Dr. Amit Mitra is very much here. He wants to give his reply.

ডঃ অমিত মিত্র : Sir, I would like to move a privilege motion against the statement made as it is absolutely false. যা অসত্য শুধু নয়, আমি দেখছি গেরুয়া জ্যাকেট পরে কেউ এসছেন আজকে। সেটাও দেখতে পাচ্ছি। I never, I challenge the person to produce the evidence and any association with ABVP. It is something said on the floor of the House. I would like to move a privilege motion against the member so that this can be taken up and appropriate position can be taken by you, Hon'ble Speaker, Sir.

.....(noise)....

মিঃ স্পীকার : This is not the procedure. ...(নয়েজ)... না, না, না, শুনুন, উনি যেটা বলেছিলেন আমি অলরেডি সেটা এক্সপাঞ্জ করে দিয়েছি। I have already expunged. প্লিজ, বসুন, বসুন। ...(নয়েজ)...না, না, এক্সপাঞ্জ করলে কথা যাবে না। ...(নয়েজ)... প্লিজ, বসুন আপনারা। শুনুন, মিঃ মুখার্জী প্লিজ, ...(নয়েজ)...আমি একটা কথা বলি সুব্রতবাবু, প্লিজ, ...(নয়েজ)... That has not gone on record. ওটা আমি রেকর্ডে নিই নি। আপনারা এটা বললে তো হবে না। যেটা আমরা রেকর্ডে নিই নি। I have not taken that on record. আমি ওটা রেকর্ডে যেতেই দিই নি। Since I have not taken that on record. privilege motion - There is a procedure. Privilege Motion move করা There is a procedure. না, না, এটা যাবে না, এটা কেউ লিখতে পারবে না। ওনাকে আমি বলেছি যদি এই পোর্শানটা আমাকে এ্যডমিট করতে হয় He has to substantiate that allegation by adducing proper evidence and documents. That I have said. Unless and until he produces it and it shall be construed that he has no documents to produce and না, না, এখানে যাঁরা রয়েছেন, এখানে এত সদস্য রয়েছেন সবাই জানেন মাননীয় মন্ত্রী তিনি নিজে refute করেছেন ওঁর এ্যলিগেশান এবং আমরা এটা রেকর্ডে নিই নি। সুতরাং এটা যখন আমরা রেকর্ডে নিই নি এটা নিয়ে আর তো কোনো কথা হতে পারে না। রেকর্ডেই যায় নি এটা। ...(নয়েজ)..আমি এটা অলরেডি রেকর্ডে নিই নি। প্লিজ শুনুন, আমি একটা কথা বলি, উনি যে কথাটা বলেছেন, ওনার কথার পরিপ্রেক্ষিতে আমাদের মাননীয় মন্ত্রী তিনি refute করেছেন কথাটা। আমি বলছি, এই ধরনের মন্তব্য না করাই উচিত। একটা reckless statement Why do you have made such reckless statement without having any documents on it. And it is in fact the Hon'ble Minister has rightly said that it is maligning the character of the person against whom you are making this allegation.

[2:50 – 3:00 p.m.]

মিঃ স্পীকার : তন্ময়বাবু, আপনি কখনো এই ধরনের মন্তব্য করবেন না। seriously deprecate this attitude of you. If you have got anything to say please say, আপনি বলতে পারেন। আপনি বলুন।

শ্রী তন্ময় ভট্টাচার্য : আমার কিছু বলার নেই, আমার বিরুদ্ধে যদি কোন অভিযোগ আসে,আমি তার উত্তর দিতে প্রস্তুত আছি।

মিঃ স্পীকার : It's alright, ঠিক আছে, Since you are un-amenable আমি আপনাকে একটা opportunity দিয়েছিলাম, সেটা আপনি avail করলেন না। এ ছাড়া আপনি যে attitudeএ কথা বললেন সেটা আমাদের পরিষদীয় পরিবেশটাকেও উত্তেজিত করে দিল। মাননীয় মন্ত্রী মহাশয় আপনাকে বলেছেন, আপনার এই ধরনের কথা বলা উচিৎ নয়। I have condemned his behaviour. Let this go on record in view of the explanation given by the Hon'ble Minister Dr. Amit Mitra I seriously deprecate his attitude and condemn the comments made by him.

শ্রী স্নেহাশীষ চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ১০ই ফেব্রুয়ারী, এই সদনে পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র ২০২০-২০২১ সালের যে Annual Financial Statement পেশ করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন জানিয়ে কয়েকটি কথা বলি। আমি প্রথমেই ধন্যবাদ জানাচ্ছি আমাদের অর্থমন্ত্রীকে, যিনি অত্যন্ত নিপুণতার সঙ্গে, অত্যন্ত দক্ষতার সঙ্গে, ২০১১ সালের পর থেকে, আর্থিক দিক থেকে দুর্বল, পিছিয়ে পড়া রাজ্যকে এই রকম একটা জায়গায় এতটা শক্তিশালী আর্থিক ভিতের উপর দাঁড় করিয়েছেন বলে আমার খুব খারাপ লাগছে, এই উন্নয়নের কাছে বিরোধীরা এতটাই দিশেহারা যে একটা ক্লাশে পেছনের বেঞ্চে বসে বাজে ছাত্ররা যেমন ব্যাঙ-এর ডাক ডাকে, সেই রকম আজকে বিরোধী নেতারা এখানে অসত্য কথা বলে, অসংলগ্ন কথা বলে এই সদনকে বিভ্রান্ত করার কাজ চালিয়ে যাচ্ছেন। আমি তাঁদের এই কাজের নিন্দা করছি। স্যার, এই বাজেট এক দিকে যেমন গত বছরের প্রতিটি দপ্তরের ব্যয়-বরাদ্দকে বাড়িয়েছে, তেমন ১১টি নতুন প্রকল্প নিয়ে এসেছে। সমাজের জীবন যুদ্ধে যারা দুর্বল, সেই দুর্বল শ্রেনির মানুষ, তাদের পিঠে হাত রেখে তাদের পাশে দাঁড়ানোর প্রতিশ্রুতি দিয়েছে। তপশিলী জাতি-উপজাতির মানুষ থেকে শুরু করে উত্তরবঙ্গের চা-বাগানের গৃহহীন শ্রমিক থেকে শুরু করে, অসংগঠিত শ্রমিক, বেকার যুবক-যুবতী সকলের জন্য এই বাজেটে ভাবনা করা হয়েছে। স্যার, ২,৫৫,৬৫৭ কোটি টাকার যে ব্যয়-বরাদ্দ রাখা হয়েছে সেই ব্যাপারে স্বাভাবিকভাবে বাংলার মানুষের কাছে প্রশ্ন আসতে পারে, এত টাকার সংকুলান হবে কোথা থেকে। স্বাভাবিকভাবে বাংলার মানুষের কাছে প্রশ্ন আসতে পারে, কেন্দ্রীয় সরকারের আর্থিক নীতির জন্য দেশের আর্থিক অবস্থা টালমাটাল অবস্থায় রাজস্ব শৃঙ্খলা বজায় থাকছে কিনা। রাজ্যের মানুষের মনে প্রশ্ন আসতেই পারে, রাজ্যের ঋণের পরিমাণটা বেড়েছে, তা রাজ্যবাসীর

উপরে কতটা ভালো বা খারাপ প্রভাব ফেলবে। আমি স্যার আমার বক্তব্যের মধ্যে দিয়ে এর উত্তরগুলো খোঁজার চেষ্টা করব। ১,৮৯,০০০ হাজার কোটি টাকার রাজস্ব সংগ্রহের লক্ষ্যমাত্রা রাখা হয়েছিল, তার মধ্যে ১,১০,০০০ হাজার কোটি টাকা কেন্দ্রীয় করের অংশ। বাকি টাকাটা রাজ্য নিজে সংগ্রহ করবে। ডঃ মিত্র অত্যন্ত দক্ষতার সঙ্গে ২০১১ সালের পর থেকে রাজ্যের নিজস্ব রাজস্ব সংগ্রহের পরিমাণ বাড়িয়ে চলেছেন।

২০১০-২০১১ সালে যেদিন বামফ্রন্ট চলে যায় তার রাজস্ব সংগ্রহের পরিমাণ ছিলো ২১ হাজার ১২৯ কোটি টাকা। আজকে তার পরিমাণটা প্রায় ৩ গুণ বেড়ে গেছে রাজ্যে। এবং এই বাজেটেও আমরা দেখতে পাচ্ছি stamp duty এবং বকেয়া পরিবহণ কর, বকেয়া value added tax থেকে ৪ টি এ রকম ছাড় প্রকল্প এনে, waiver scheme এনে কয়েক হাজার কোটি টাকা সংগ্রহের একটা লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। আজকে আমাদের প্রশ্ন এত রাজস্ব সংগ্রহ আমরা কি করতে পারবো? আমাদের অতীত অভিজ্ঞতা বলছে কয়েক বছরের অবশ্যই পারবো। পারবো। তার কারণ হচ্ছে একটাই যে আমাদের রাজ্যের যে আর্থিক বৃদ্ধি যাকে GSDP বলা হয় সেটা ক্রমশ বেড়েছে। বামফ্রন্টের সময়ে যেখানে লাস্ট বছরে ৪ হাজার কোটি টাকা ছিলো সেটা ২০১৮-২০১৯ সালে বেড়ে দাঁড়িয়েছে ১১ লক্ষ ৩১ হাজার কোটি টাকা। এবং এই বাজেটে লক্ষ্য মাত্রা রাখা হয়েছে ৪৪ হাজার কোটি টাকার। এই যে আর্থিক বৃদ্ধি ঘটছে,GSDP বেড়ে যাচ্ছে এটা থেকেই রাজ্যের যে কর সংগ্রহ,রাজস্ব সংগ্রহ সেটা বাড়বে। এটা বলাই বাহুল্য স্যার। আজকে রাজ্যের যে রাজস্ব ঘাটতি, যেটা রাজস্ব শৃঙ্খলের golden rule - এ বলা আছে যে রাজস্ব ঘাটতিটাকে zero তে নামানো কিম্বা positive করা। সেটার ক্ষেত্রে আমরা অনেকটা সফলতা এনে দিতে পেরেছি, পেরেছেন আমাদের অর্থমন্ত্রী। রাজ্যের রাজস্ব ঘাটতি বামফ্রন্টের সময়ে যেখানে ছিলো 3.6 per cent, ২০১৮-২০১৯ সালে নেমে এসেছে .9 per cent - এ, ২০১৯-২০২০ সালে নেমে এসেছে .5 per cent এ। তাহলে আমাদের রাজস্ব সংগ্রহের ক্ষেত্রে কিন্তু আমাদের মাননীয় অর্থ মন্ত্রী অনেকটা দক্ষতা দেখিয়েছেন। এখন এই যে GSDP বাড়ছে, আর্থিক বৃদ্ধি ঘটছে, আভ্যন্তরীণ উৎপাদন বাড়ছে এর হচ্ছে দুটো কারণ। একটা হচ্ছে রাজ্যের পরিবেশ তৈরি হওয়া। ব্যবসা - বাণিজ্য, শিল্প গড়ে তোলার পরিবেশ তৈরি হয়েছে এক দিকে। মানুষ অনেক উৎসাহিত হচ্ছে। এগুলো, প্রকল্প তৈরি করার কাজে মানুষ এগিয়ে আসছে। আর দ্বিতীয় হচ্ছে সরকার নিজে যোজনা খাতে ব্যয় বাড়িয়ে যাচ্ছে। মূলধনী খাতে ব্যয় ক্রমশ বাড়িয়ে যাচ্ছে। এই যোজনা খাতে ব্যয়, বামফ্রন্টের লাস্ট বছরে ছিলো মাত্র ১১ হাজার ৮৩৮ কোটি টাকা। আর সেটা এখন বেড়ে এসে দাঁড়িয়েছে ৮০ হাজার ১২০ কোটি টাকা প্রায় ৭ গুণ এবং মূলধনী খাতে ব্যয় বামফ্রন্টের সময়ে লাস্ট বছরে ছিলো ২ হাজার ২২৬ কোটি টাকা। সেটা প্রায় ১১ গুণ বেড়ে ২০১৮-২০১৯ সালে এসে দাঁড়িয়েছে প্রায় ২৩ হাজার ৭১৭ কোটি টাকা। এবং এই বাজেটে ধরা হয়েছে ৩১ হাজার কোটি টাকা, প্রায় ১৪ গুণ। এই যে আভ্যন্তরীণ উৎপাদন বাড়ছে, বাড়ানো গেছে এটা Keynesian Multiplier অনুযায়ী, সমাজকে বহুগুণ রিটার্ন দিয়েছে। তাই রাজ্য কিন্তু এতটা এগোচ্ছে। এখানে তন্ময় বাবুরা বলে গেলেন যে লোন নিয়েছি, আমাদের

অনেকটা লোন বেড়ে গেছে,আরে লোন তো বামফ্রন্টের লাস্ট ৭ বছরে । ২০০৪ সালে বাংলার লোন ছিলো ৪৯ হাজার কোটি টাকা। সেটা ১ লক্ষ ৯২ হাজার কোটি টাকা হলো লাস্ট ২০১১ সালে, যাবার আগে। তাহলে আপনারা লাস্ট ৭ বছরে লোন নিলেন ১ লক্ষ ৪৩ হাজার কোটি টাকা। আপনারা লাস্ট ৭ বছরে নিয়েছেন। আর আমরা লাস্ট ৭ বছরে নিয়েছি ১ লক্ষ ৭৬ হাজার কোটি টাকা। কিন্তু আপনারা লোনটা নিয়ে কী করলেন? তার মাত্র ১৪ পার্সেন্ট অর্থাৎ ১৯ হাজার কোটি টাকা ব্যয় করেছিলেন মূলধনী ঘাতে, পরিকাঠামো তৈরিতে। আর আমরা যে লোন নিয়েছি তার ৪০ পার্সেন্ট, ৪০ পার্সেন্ট খরচ করছি মূলধনী ব্যয়ে অর্থাৎ পরিকাঠামো তৈরিতে তাই রাজ্য এগোচ্ছে। আমরা লোনটা নিয়ে ঘি খেয়ে নষ্ট করেছি এটা কিন্তু বলা যায় না। এই কারণে আমাদের যে লোন, লোন, GSDP - এর তুলনায় যে লোনের পার্সেন্টেজ, যেটা বামফ্রন্টের সময়ে ছিলো ৪১ পার্সেন্ট সেটা এখন কমে এসেছে ৩২ পার্সেন্টে। লোন আমাদের থেকে মহারাষ্ট্রের বেশি, উত্তর প্রদেশের বেশি, আজকে মহারাষ্ট্রে GSDP - এর তুলনায় লোনের পার্সেন্টেজ ৩৮ পার্সেন্টের বেশি। পাঞ্জাবে GSDP - এর তুলনায় লোনের পার্সেন্টেজ ৩৯ পার্সেন্টের বেশি। আমরা কিন্তু প্রায়, ৮ পার্সেন্ট GSDP - এর তুলনায়, লোন আমরা কমাতে পেরেছি। তার মানে লোন যেমন বেড়েছে আমাদের আভ্যন্তরীণ উৎপাদন, কিন্তু তার থেকে অনেক বেশি বেড়েছে। তাই, রাজ্য এগোচ্ছে। আমি এবার বলি, সুখবিলাস বাবু এসেছেন, আমি বলবো মিথ্যে কথারও একটা সীমা থাকা উচিত। আপনি নানারকম তথ্য দিলেন। আজকে আপনি বললেন, বাংলার বাড়ি, এটা নাকি আপনি খুঁজে পাচ্ছেন না। এটা আমাদের নগর উন্নয়ন দক্ষ দপ্তরের নতুন প্রজেক্ট। এবং ইস্ট ওয়েস্ট যে মেট্রো করিডর হচ্ছে সল্টলেকে দত্তাবাদে, সেখানে দেখে আসুন ৬ তলা বিল্ডিংয়ে বস্তিবাসীদের ৩০০ স্কোয়ার ফিট করে ফ্ল্যাট দেওয়া হয়েছে। এটা হচ্ছে পুনর্বাসন প্রকল্প। আপনি কোথাও খুঁজে পাচ্ছেন না। আপনি তো, খুঁজবেন কী করে? আপনি পাবেন কী করে? আপনি সাইকেলের কথা বলছেন 'সবুজ সাথী'র সাইকেল, এটা আজকে যারা নাইন থেকে টুয়েলভ পর্যন্ত পড়ে তাদের প্রত্যেকে 'সবুজ সাথী'র সাইকেল পেয়েছে এবং প্রতি বছরই এইট থেকে যখনই স্টুডেন্ট নাইনে উঠছে, সেটা ম্যানডেটারী হয়ে গেছে তাকে 'সবুজ সাথী'র সাইকেল দেওয়া হচ্ছে।

[3:00 – 3:10 p.m.]

আপনি খবরই রাখেন না এইসব। আপনি এইসব খবরই রাখেন না, আপনি কতগুলো অসত্য বলে যাচ্ছেন এই বিধানসভার মধ্যে। আমার কথাটা হল, যে আমরা রাজকোষ ঘাটনি অনেকটা কমাতে পেরেছি, যেটা বামফ্রন্টের সময় 4.24% সেটা ২০১৮-১৯ সালে 2.4% এসে দাঁড়িয়েছে, এবং এই যে বাজেট, সেই বাজেটের আগামী বছর রাজকোষ ঘাটতি কিছুটা বাড়লেও আমাদের বিশেষজ্ঞরা বলছে এটা 3%এর বেশি কখনই যাবে না। এই মুহূর্তে দেশের যা আর্থিক অবস্থা, দেশের যে জিডিপি'র বৃদ্ধির হার যেখানে পাঁচ পার্সেন্টের নিচে নেমে গেছে, সেখানে রাজ্যের জিডিপি বৃদ্ধির হার 10.4% এবং শিল্প বৃদ্ধি, আমাদের দেশের অ্যাভারেজ তার থেকে পাঁচ গুণ বেশি। আজকে একজন সদস্য বললেন, তিনি তথ্য নিয়ে বললেন। তিনি সবসময়

তথ্য নিয়ে বলেন, আমি দেখেছি। রাজ্য সরকার যে তথ্য পেশ করছে,ওরা বলছেন এই তথ্য সত্য নয়। তাহলে কি আমি আলিমুদ্দিন স্ট্রিটের তথ্যের উপর বিশ্বাস করব, না সাধারণ মানুষ বিশ্বাস করবে? আজ আর বিশ্বাস করবে না। তাহলে কি আমরা কেন্দ্রীয় সরকারের তথ্যের উপর নির্ভর করব, যে বিজেপি সরকার ক্ষমতায় আছে - আপনারা ঠিক করে নেবেন। আপনারা কোন তথ্যকে সঠিক বলছেন, আপনারা নিজেরা ঠিক করে নেবেন। তথ্য দিয়ে নানা রকম বলেন। রাজ্য সরকার নানা পরিকল্পনা মধ্যে দিয়ে, নানা স্ট্যাটিসটিক্স'এর মধ্যে দিয়ে তৈরি করে। এটাকে অসত্য বলে দেওয়ার মধ্যে কোন বাহাদুরি নেই। স্যার, এখন যে হল - এখন আমাদের মুখ্যমন্ত্রী এতটাই মানবিক যে আমরা দেখেছি তিনি সবসময় যা মানুষের প্রয়োজনীয়তা - বাংলার মানুষের খাদ্য, বস্ত্র, বাসস্থান, শিক্ষা, চিকিৎসা সবটাই যাবে পরিপূর্ণভাবে বাংলার মানুষ পায়, তিনি সেগুলো চেষ্টা করেন। যখনই সুখবিলাশবাবু বলেছিলেন, এস.সি.,এস.টি.দের ভাতা দেওয়ার ক্ষেত্রে। সত্যি এটা আমরা অবাক হয়েছি যে, আজকে আমরা যখন গ্রামেগঞ্জে এস.সি, এলাকাগুলোতে গেছি,তখন অনেকে এসে বলেছে,এস.সি.,এস.টি. পরিবারের বয়স্ক মানুষ,তাঁরা এসে বলেছেন, বাবারা-মায়েরা যে আমরা কি এটা ভাতা পেতে পারি না? আমরা অসহায়, আমার ছেলে আলাদা হয়ে গেছে। আমার চলে না সংসার,আমি চলতে পারি না। আমাকে কি একটা ভাতা দেওয়া যায় না ! আমরা তখন তাদেরকে বলেছি, আমরা কথা দিতে পারছি না - এটা মুখ্যমন্ত্রীকে জানাব। আমরা কিছু নামও নেওয়ার চেষ্টা করেছি যে, আমরা এইগুলো নিলাম, কিন্তু আমরা পুরোটা করতে পারব কিনা জানি না,এটা আমরা মুখ্যমন্ত্রীকে জানাব। কিন্তু আমাদের সবাইকে অবাক করে দিয়ে তিনি এই বাজেটের মধ্যে দিয়ে রাজ্যের সিডুল্যন্ড্ কাস্ট এবং সিডুল্যন্ড্ ট্রাই পরিবারের যারা অন্য ভাতা পায় নি ৬০ বছরের উপরে, তাদের সকলকে এই যে ভাতার বন্দোবস্ত করেছেন এই জন্য অবশ্যই করে মুখ্যমন্ত্রীর কাছে বাংলার মানুষের পক্ষ থেকে আমরা সকলে কৃতজ্ঞ। এবং মুখ্যমন্ত্রী যে যে প্রকল্প চালু করেছেন কোনটাই কিন্তু রাজনীতি করা বা দলবাজি করার সুযোগ তিনি রাখেন নি। তিনি যতগুলো প্রকল্প নিয়েছেন, কন্যাশ্রী বলুন, শিক্ষাশ্রী বলুন, সবুজসাথী সাইকেল বলুন,আজকে বন্ধু প্রকল্প, জয় জওয়ান প্রকল্প প্রতিটা ক্ষেত্রে সার্বজনীন করেছেন, সকলের জন্য করেছেন। একটা নির্দিষ্ট মাপকাঠি বেঁধে দিয়ে তার মধ্যে যারা পরে সকলে পাবে। এখন তৃণমূল কংগ্রেসের কোন কর্মী, কোন নেতা কারওই সেই অধিকার নেই। সেখানে মুখ চিনে, বেছে বেছে - যে বামফ্রন্ট ৩৪ বছর করে এসেছে। সামান্য কিছু সরকারী সুযোগ-সুবিধা যা ছিল সবটাই সিপিএম পার্টি কর্মী-ক্যাডারদের পাইয়ে দেওয়া চেষ্টা করেছেন। সেই সুযোগটা কিন্তু বাংলার মুখ্যমন্ত্রী রাখেন নি। তিনি সকলের মুখ্যমন্ত্রী এবং সকলের জন্য এই সরকার কাজ করছে। আজকে সত্যি করে এই বাজেটের মধ্যে দিয়ে আমরা আমাদের রাজ্যের যে আর্থিক অবস্থা,সেই আর্থিক অবস্থাটা যে একটা শক্তি ভিতের উপর দাঁড়িয়েছে,সেই ব্যাপারে কোন সন্দেহ নেই এবং এই কারণে যেটা বলার,সেটা হচ্ছে মুখ্যমন্ত্রী যখনই যা চেয়েছে বাংলার মানুষ,তিনি সেই ভাবেই সেটা পূরণ করার চেষ্টা করেছেন। লোন বেড়েছে এটা ঠিকই কারণ আমাদের সামনে আমাদের সরকারে যখন আসি, একটা বিপুল পরিমাণে লোনের বোঝা

আপনারা চাপিয়ে দিয়ে গিয়েছিলেন, ১ লক্ষ ৯২ হাজার কোটি টাকা। আমাদের সামনে দুটো পথ খোলা ছিল, একটা হচ্ছে যে সেই লোনের সুদ-আসল সেটা দেওয়ার একটা দায়বদ্ধতা। সেটা দিতে হয়েছে কারণ সেটা একেবারে বাধ্যতামূলক। এটা সেন্ট্রাল গভর্ণমেন্ট কেটে নিয়ে যায় আমাদের ট্রেজারি থেকে। আর একটা হচ্ছে, বাংলার অনুন্নয়ন করে গিয়েছিলেন ৩৪ বছর, সেটা মুছে দেওয়ার চ্যালেঞ্জ। বাংলার মুখ্যমন্ত্রী, সেটা গ্রহণ করেছেন, এবংএই ৯ বছরের মধ্যে বাংলার যে সার্বিক ডেভেলপমেন্ট তিনি করেছেন। যে সামগ্রিক উন্নয়ন তিনি করতে পেরেছেন এবং সেই উন্নয়ন কিন্তু ছুঁয়ে গেছে একেবারে তৃণমূল স্তর পর্যন্ত প্রতিটা মানুষের কাছে।

আজকে এই যে সংখ্যা নিয়ে আপনারা বলেন, মাননীয়া মুখ্যমন্ত্রী খুব ভালোভাবেই ব্যাখা করেছেন যে আমি ১২ কোটি মানুষকে সুযোগ দিচ্ছি, তার মানে কি পশ্চিমবঙ্গের জনসংখ্যা ১২ কোটি, তা তো নয়। যদিও সেনসাস বেরোচ্ছে, অনেকটাই বাড়বে। কিন্তু একই পরিবারে অনেকগুলো প্রকল্পের সুযোগ সুবিধা যায়। তাই তথ্য বিকৃত করে, অসত্য বলে এই ভাবে বিভ্রান্ত করার কোন মানে নেই। আমি মাননীয়া মুখ্যমন্ত্রীকে একটা কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করব।

“আমি ভিক্ষা করে ফিরিতেছিলেম
        গ্রামের পথে পথে
তুমি তখন চলেছিলে তোমার স্বর্ণরথে
অপূর্ব এক স্বপ্ন সম
        মাগিতেছিল চক্ষে মম
বিচিত্র শোভা তোমার
        কি বিচিত্র সাজ।
আমি মনে ভাবিতেছিলাম
        এ কোন মহারাজ। ”

আমি তখন ভাবছি যে, আমার আজকে ভাগ্যটা খুলে গেল। তুমি মহারাজ, তুমি মণিমুক্তো ছড়াবে, আর আমি মুঠো মুঠো করে সেগুলো তুলে নেব। কিন্তু আমাকে অবাক করে দিয়ে তুমি সহসা আমার কাছে হাত বাড়িয়ে বললে যে, আমাকে কিছু ভিক্ষা দাও। আমি তখন খুব সংকোচে একটা চালের কণা আমার ঝোলা থেকে তোমাকে দিয়েছিলাম, এবং বাড়ি ফিরে আমি দেখলাম সেই চালের কণাটা হয়ে গেছে স্বর্ণকণা। আমি তখন আফসোস করছি যে, আমি উজাড় করে সব কিছু তোমাকে দিই নি কেন? তেমনি বাংলার মানুষ মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায়কে যে ভালোবাসা দিয়েছেন, যে সমর্থন দিয়েছেন, তিনি প্রতিটা দিনই স্বর্ণকণারূপে সেগুলো বাংলাকে, বাংলার মানুষকে ফিরিয়ে দিচ্ছেন। তাই তাঁকে ধন্যবাদ এবং এই বাজেটকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী কল্লোল খাঁ : পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র মহাশয় ২০২০-২১ সালের বাজেট বিবৃতি ১০ ই ফেব্রুয়ারী ২০২০ এই পবিত্র সদনে পেশ করেছেন। তিনি সার্বিক বাজেট পেশ করেছেন ২ লক্ষ ৫৫ হাজার ৬৭৭ কোটি টাকা। তাকে পূর্ণ সমর্থন জানিয়ে কয়েকটি কথা এই পবিত্র সদনে বলতে চাই। উক্ত বাজেট বিবৃতির উপর কিছু বলতে দেওয়ার জন্য আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়কে ধন্যবাদ জানাই। দেশের ক্রমবর্ধমান নিম্নমুখী যে জি.ডি. পি. যখন বড়সড় আর্থিক বিপর্যয়ের ইঙ্গিত দিচ্ছে কেন্দ্রীয় সরকারের নেতৃত্বে, তখন বাংলার জনপ্রিয় মুখ্যমন্ত্রীর নেতৃত্বে বাংলার অর্থমন্ত্রী যে বিকল্প জনমুখী একটি দিশার বাজেট বাংলার সব ধর্মের মানুষের কাছে উপহার দিয়েছেন, তাই তাঁকে নিশ্চয়ই সমর্থন না জানিয়ে পারছি না। আমরা দেখেছি বিগত দিনে কেন্দ্রীয় সরকারের নোটবন্দী থেকে শুরু করে জি.ডি.পি. সহ সারা ভারতবর্ষের মানুষের কাছে যে আর্থিক অনটন এবং যে ধ্বংসের লীলা আজকে আমরা দেখতে পাচ্ছি, তার ভেতরে আমাদের বাংলার জনপ্রিয় মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দোপাধ্যায়ের নেতৃত্বে ১০ ই ফেব্রুয়ারী ডঃ অমিত মিত্র যে বাজেট পেশ করেছেন বাংলার সব ধর্মের মানুষের জন্য, এটা নিশ্চয়ই একটা ঐতিহাসিক বাজেট বলে আমি মনে করি। যে বাজেটের ভেতরে দীর্ঘ ৮ বছর ধরে প্রায় ৫০-৫৪ টি কর্মসূচী বাংলার মা মাটি-মানুষের সরকার গ্রহণ করেছেন, তাকে সমস্ত ধর্মের মানুষই আর্থিক দিক বলন, সামাজিক দিক বলুন, শিক্ষার দিক বলুন, স্বাস্থ্যের দিক বলুন, শ্রমিক স্বার্থ, কৃষক স্বার্থ, ছাত্র স্বার্থ একটা সার্বিক দৃষ্টিভঙ্গিতে বাংলাকে উন্নয়নের পথে এগিয়ে নিয়ে গেছে, এটা নিশ্চিত। তাই বাংলার মানুষ, সমস্ত ধর্মের মানুষ, মা-মাটি-মানুষের সরকার বাংলার নেত্রী মমতা বন্দোপাধ্যায়কে আজকে আশীর্বাদ দেওয়ার শুভেচ্ছা জানিয়ে বলছেন যে, দিদি তুমি এগিয়ে চলো। "বাংলাকে বিভাজন করার কেন্দ্রীয় সরকারের দ্বি-জাতি তত্ত্ব এবং বিভাজনের রাজনীতি যা কেন্দ্রীয় সরকার কায়েম করেছে সারা ভারতবর্ষ সহ বাংলায়, তার বিরুদ্ধে একটা ঐতিহাসিক সিদ্ধান্ত এই বিধানসভায় মমতা বন্দোপাধ্যায়ের নেতৃত্বে, আমরা আমাদের যে প্রতিবাদী কণ্ঠ - নো এন.আর.সি., নো. সি.এ.এ., নো এন.পি.আর, আমরা মানছি না- এটা নিশ্চয়ই ভাবা উচিত। আজকে জোটবদ্ধ হয়ে কংগ্রেস, সি.পি.এম., এই পবিত্র সদনে একই চেহারায়, আমরা সেই রূপ দেখতে পাচ্ছি বলেই আজকে বাধ্য হয়ে বলতে হচ্ছে। কংগ্রেসের মাননীয় সদস্য সুখবিলাসবাবু ৪৬ মিনিট বক্তৃতা দিয়েছেন।

[3:10 – 3:20 p.m.]

আমার মনে হয়, দিল্লিতে যে ধ্বস্ নেমেছে কংগ্রেসের, সিপিএমের এখানেও আগামী দিনে ২১ সালে এবং আগামী কর্পোরেশান ও পৌরসভার নির্বাচনে তা নিশ্চিত বুঝতে পারবেন বাংলার সব ধর্মের মানুষের আশীর্বাদ দেওয়া শুভেচ্ছা, এটা নিশ্চিত। সেই কারণে কোন ভাষা দিয়ে, কোন গণতান্ত্রিক পদ্ধতিতে আজকে অসত্য ভাষণ দিয়ে ৪৬ মিনিট তিনি ভেবেছেন যে বাংলার মানুষ তাদের কথা শুনবেন। আগামী দিনে ইতিহাস কিন্তু তাদের ক্ষমা করবে না। আমরা দেখতে পাচ্ছি দিল্লির নির্বাচনও আজকে কংগ্রেসের যা হাল, সিপিএমের যে হাল তা প্রমাণ করে দিয়েছে আগামি দিনে ভারতবর্ষের মানুষ কী ইঙ্গিত দিচ্ছে। মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বকে সুপ্রতিষ্ঠিত

করবারই ইঙ্গিত আমরা পাচ্ছি, এটা নিশ্চিত। তাই আজকে জন্ম থেকে মৃত্যু যে কর্মসূচী ২০১১ সাল থেকে বাংলার মানুষের আশীর্বাদ দেওয়া শুভেচ্ছায় মা-মাটি-মানুষের সরকার বাংলার জনপ্রীয় নেতৃ মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে গঠিত হয়েছে। তার ফল আজকে আমরা প্রত্যেকটা ঘরে ঘরে পৌঁছিয়ে দিতে পেরেছি। বিগত দিনের বামফ্রন্ট সরকারের আমলের যে বাজেট দেখেছি - দশ বছর আমি ছিলাম বিরোধী দলে, সেখানে মানুষের কথা বলা হ'ত না, সামাজিক সুরক্ষার কথা বলা হ'ত না, কৃষকদের, শ্রমিকদের স্বার্থ দেখা হ'ত না। আজকে প্রতিটি ক্ষেত্রে আপনারা নিশ্চয় দেখতে পাচ্ছেন ভারতবর্ষের ভেতরে অন্তত দশ থেকে বারোটা কর্মসূচী প্রথম স্থান অধিকার করেছে। বাংলার জনপ্রীয় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে বাংলার মা-মাটি-মানুষের মন্ত্রী সভা, বাংলার মানুষের আশীবাদ দেওয়া শুভেচ্ছা না থাকলে আমরা এই দশ-বারোটা কর্মসূচীকে প্রথম স্থানে নিয়ে যেতে পারতাম না। বিগত চৌঁত্রিশ বছরের বামফ্রন্ট সরকার একটি প্রথম স্থান অধিকার করেছেন, দেখাক। নেই। তার কারণ চৌঁত্রিশ বছরে আমি দশ বছর ছিলাম। আমি দেখেছি তাদের সেই বাজেট বিবৃতি। বাংলার মানুষের কাছে শুধু খুন, জখম, রাহাজানি আর মিথ্যা ভাষণ দিয়ে বাংলার মানুষকে ভুলিয়ে রাখা হয়েছিল। তাই আজকে যে সত্যকে সত্য বলে স্বীকার করবার চেষ্টা করুন।

এইটা অস্বীকার করার উপায় নেই যে, শিক্ষার ক্ষেত্রে বাংলা আজকে অনেকটা এগিয়েছে। আজকে কন্যাশ্রী বলুন, রূপোশ্রী, শিক্ষাশ্রী বলুন, আজকে সবুজ সাথী বলুন, সার্বিক ক্ষেত্রে, মাইনোরিটির ক্ষেত্রে যে স্টাইপেন্ডে বামফ্রন্টের আমলে সেই অর্থ বরাদ্দ হ'ত? সিড্যুল্ড্ কাস্ট, সিড্যুল্ড্ ট্রাইব ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে স্টাইপেন্ডে অর্থ বরাদ্দ হ'ত? এটা প্রমাণিত যে শিক্ষার ক্ষেত্রে বিভিন্ন সমাজের আজকে ছাত্র-ছাত্রী ভাই-বোনেরা শিক্ষার আলোকবতিকায় তারা বাংলাকে প্রথম স্থানে নিয়ে যাওয়ার জন্য বদ্ধপরিকর।

আজকে পশ্চিমবঙ্গ রাজ্য কৃষি প্রধান রাজ্য। কৃষকদের স্বার্থ অত্যন্ত গুরুত্বসহকারে কৃষি দপ্তরের সঙ্গে সংশ্লিষ্ট দপ্তর সবাই আজকে বাংলায় কৃষকদের স্বার্থকে গুরুত্ব দিয়ে কৃষিজীবী মানুষেরা তারা আর্থিক দিক থেকে সাবলম্বী হয়ে উঠেছে, এটা নিশ্চিত। স্বাস্থ্য দপ্তর 'স্বাস্থ্যসাথী'র মধ্য দিয়ে গ্রাম থেকে শহর বিভিন্ন স্বাস্থ্য কেন্দ্রগুলোকে উন্নতমানের করে ফ্রি চিকিৎসার ব্যবস্থা আজকে করা হচ্ছে।

আজকে 'খাদ্যসাথী' দু'টাকা কেজি দরে চাল, তিন টাকা কেজি দরে আটা দশ কোটি মানুষের ভেতরে সাড়ে আট কোটি মানুষকে 'খাদ্যসাথী'র আওতায় আনা হয়েছে। এইটা চৌঁত্রিশ বছরের শাসন ব্যবস্থায় আপনারা ভাবতে পেরেছেন যে, আজকে ভারতবর্ষের মধ্যে বাংলা মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে এগিয়ে চলেছে।

আগামী দিনেরও, ২১ সালে নিশ্চিতভাবে মমতা বন্দ্যোপাধ্যায় সংখ্যাগরিষ্ঠতা নিয়ে বাংলায় পুনরায় মা-মাটি-মানুষের সরকার গঠন করবেন। বাংলাকে মাননীয় অর্থমন্ত্রী আশ্বস্ত করেছেন। বিভিন্ন দপ্তরকে অর্থ সাহায্য করে বাংলার সার্বিক দারিদ্রতা ঘোচানোর যে চেষ্টা তিনি করেছেন

তাতে আজকে প্রমাণিত যে বাংলাকে দেখে ভারতবর্ষের বিভিন্ন রাজ্য এগিয়ে চলেছে। এটা নিশ্চিত। বাজেট বিবৃতিতে মাননীয় অর্থমন্ত্রী তার রাজস্ব আয় দেখিয়েছেন। বিগত দিনে বামফ্রন্ট সরকারের অর্থমন্ত্রীর সবসময় ঘাটতি শূন্য বাজেট আমরা দেখেছি। কিন্তু পশ্চিম বাংলার আট বছরের মা-মাটি-মানুষের সরকার, বাংলার জনপ্রিয় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে আমাদের মাননীয় অর্থমন্ত্রী ডক্টর অমিত মিত্র ঘাটতি শূন্য budget করেন নি। তিনি বাংলার ১০-১১ কোটি মানুষের সার্বিক উন্নয়নের জন্য তার দৃষ্টিভঙ্গি ১০ই ফেব্রুয়ারী ২০২০-র বাজেটের মধ্যে দিয়ে প্রমাণ করেছেন। তাই নতুন করে বলবার কিছু নেই। বাজেটের ফল আগামী দিনে নির্বাচনের মধ্যে দিয়ে আপনারা প্রমান পাবেন। তাই মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়-সহ, ডক্টর অমিত মিত্র-সহ বাংলার মা-মাটি-মানুষের সমস্ত সম্মানীয় মন্ত্রী এবং সদস্যদের ধন্যবাদ জানিয়ে এবং budget-কে সম্পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Shri Swadhin Kumar Sarkar : স্যার, পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় অর্থমন্ত্রী ডক্টর অমিত মিত্র মহাশয় গত ইংরাজী ১০-০২-২০২০ তারিখে ২০২০-২১ অর্থবর্ষের জন্য যে budget প্রস্তাব করেছেন তার প্রেক্ষিতে আমি আমার অভিমত ব্যক্ত করছি।

স্যার, কেন্দ্রের বিপুল আর্থিক সহায়তা এবং রাজস্ব আদায় সত্ত্বেও বর্তমান তৃণমূল সরকারকে খোলা বাজার থেকে ঋণ নিতে হচ্ছে। এটা অত্যন্ত দুঃখের বিষয় এবং গভীর চিন্তার কারণ। স্যার, রাজ্যের নিজস্ব রাজস্ব আদায়ের যে চিত্র তার সংক্ষিপ্ত বিবরণ হচ্ছে ২০১৭-১৮ অর্থবর্ষে মোট রাজস্ব ৫২,৭২০ কোটি টাকা এবং তার মধ্যে GST বাবদ সংগ্রহ ১৪,৯৬৩ কোটি টাকা। স্যার, ২০১৮-১৯ অর্থবর্ষে মোট রাজস্ব ৬০,৩৩২ কোটি টাকা। তার মধ্যে GST বাবদ collection ২৭,০৬৭ কোটি টাকা অর্থাৎ, ২০১৭-১৮ থেকে ২০১৮-১৯ এই অর্থবর্ষে রাজস্ব বৃদ্ধি প্রায় ৮ হাজার কোটি টাকা। তার মধ্যে GST বাবদ সংগৃহীত অর্থের ব্যবধান ১২,১০০ কোটি টাকা। স্যার, এতে স্পষ্টতঃই প্রমাণ হচ্ছে যে GST system পশ্চিমবঙ্গ সরকারকে তাদের রাজস্ব বৃদ্ধিতে সাহায্য করেছে। দুঃখের বিষয় তথাপি মাননীয় অর্থমন্ত্রী মহোদয় দেশে GST লাগুর সমালোচনা করছেন। স্যার, আমাদের রাজ্যে দ্বিতীয় সর্বোচ্চ রাজস্ব আদায় হচ্ছে আবগারি দপ্তরের মাধ্যমে উগ্র পানীয় তথা মদ বিক্রি করে। স্যার, ২০১৩-১৪ অর্থবর্ষে মদ বিক্রি করে রাজস্ব সংগ্রহ ছিল মাত্র ৩,০১৭ কোটি টাকা। সেখানে গত বছরে মদ বিক্রিতে রাজস্ব পৌঁছেছে ১০,৬৬২ কোটিতে অর্থাৎ, মদ বিক্রির মাধ্যমে রাজস্ব বৃদ্ধি প্রায় ৩০০ পার্সেন্টের থেকেও বেশি। স্যার, ‘এগিয়ে বাংলা’ ; কিন্তু মাদক সেবনে। এবারে আসছি কেন্দ্রীয় সরকারের সহায়তায় অথাৎ external assistance অর্থাৎ Central Contribution of Tax Revenue-তে। ২০১০-১১ অর্থবর্ষে এটা ছিল ১৫,৯৫৫ কোটি টাকা। আবার, ২০১৯-২০ অর্থবর্ষে মোদী সরকারের জমানায় এটা বৃদ্ধিপ্রাপ্ত হয়ে হয়েছে ৫৯,২৬১ কোটি টাকা। অর্থাৎ বৃদ্ধি ৪৩,৩০৬ কোটি টাকা অর্থাৎ, ৯ বছরের ব্যবধানে বৃদ্ধি পেয়েছে ৩০০ শতাংশের বেশি। এ ছাড়া অ-কর আর্থিক অনুদান যা কেন্দ্রীয় সরকার থেকে প্রাপ্ত হয়েছে তাও যথেষ্ট বৃদ্ধি পেয়েছে। স্যার, ২০১০-১১ অর্থবর্ষে যা ছিল ৭,৮০০ কোটি টাকা সেটা মোদী সরকারের ২০১৯-২০ অর্থবর্ষে বৃদ্ধিপ্রাপ্ত হয়ে হয়েছে ৩৪,১৭৪ কোটি টাকা।

[3:20 – 3:30 p.m.]

সুতরাং এখানে বৃদ্ধির পরিমাণ ২৬ হাজার তিনশো ৭৪ কোটি টাকা, শতকরা বৃদ্ধির হার ৩৭৫ শতাংশ। এর পরেও আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী কেন্দ্রীয় সরকার অবিচার করছে বলে চিৎকার করছেন। তার কারণ রাজস্বঘটিত ব্যর্থতা তাকে চাপা দিতে হবে। স্যার, এবার আসছি খোলা বাজার থেকে নেওয়া রাজ্যের ঋণের বিষয়ে। ২০১০-১১ সালে অর্থাৎ বাম জমানায় রাজ্যের ঋণের পরিমাণ ছিল এক লক্ষ সাতাশি হাজার তিনশো সাতাশি কোটি টাকা। ২০১৫-১৬ অর্থবর্ষে ঋণের পরিমাণ দাঁড়ায় তিন লক্ষ ৬ হাজার ৪২ কোটিতে। স্যার ২০২০-২১ এ যে বাজেট এস্টিমেট অনুযায়ী ঋণ দাঁড়িয়েছে চার লক্ষ ৭৪ হাজার ৮৩১ কোটিতে অর্থাৎ বাম জমানার পর ঋণ বৃদ্ধির পরিমাণ বৃদ্ধি পেয়েছে ২ লক্ষ ৮৭ হাজার ৪৪৪ কোটি টাকা। স্যার, প্রাচীন ভারতের নাস্তিক্যবাদী দর্শন, চার্বাক দর্শনের কথায় উল্লেখ আছে ''ঋণং কৃত্যা ঘৃতং পিবেত, যাবৎ জিবেত, সুখং জিবেত'' অর্থাৎ ঋণ কর, ঘি খাও, যতদিন বাঁচবে সুখে বাঁচবে অর্থাৎ পূর্বতন বাম সরকারকে টেক্কা দিতে আমাদের বর্তমান সরকার বদ্ধপরিকর এবং ঋণের ক্ষেত্রে বাংলা ভারত সেরা। স্যার, পশ্চিমবঙ্গে একটা দেউলিয়া সরকার চলছে। স্যার, ২০১১ তে নিবার্চনী ঘোষণা পত্রে মাননীয়া বলেছিলেন ক্ষমতা এসে বাম সরকারের ঋণ পরিশোধ করবেন। কিন্তু পরিতাপের বিষয় তিনি প্রায় ২৫০ শতাংশ ঋণ রাজ্যের ঘাড়ে চাপিয়েছেন। আমাদের রাজ্যে একটি নবজাতক ভূমিষ্ট হলেই তার স্নেহপূর্ণ অশক্ত কাঁধে প্রায় ৫০ হাজার টাকা ঋণের বোঝা চাপছে। এবার আসছি বিনিয়োগ বিষয়ে, স্যার আমাদের অর্থমন্ত্রী তার বাজেট বক্তব্যে বলেছেন ৪.৪৫ লক্ষ কোটি টাকা বড় শিল্পে বিনিয়োগ ফলপ্রসূ হয়েছে। তিনি তার এরূপ কথনের মাধ্যমে কী বোঝাতে চেয়েছেন তা অপরিষ্কার কারণ বাজেট এস্টিমেটে এরকম বিনিয়োগের কোন প্রতিফলন নাই কারণ কোন পশ্চিমবঙ্গবাসী জানে না বিগত সাত বছরে এরকম বড় শিল্প পশ্চিমবঙ্গে এসেছে। এই দাবি সর্বৈব মিথ্যা এবং এই বিষয়ে শ্বেতপত্র প্রকাশের দাবি রাখছি। এ ছাড়াও তিনি বলেছেন বিগত আট বছর ধরে রাজ্যে ক্ষুদ্র ও মাঝারি শিল্পে দুই লক্ষ ৪৩ হাজার ৪১৯ কোটি টাকা লগ্নী হয়েছে। স্যার, আমাদের অর্থমন্ত্রী যে বিষয়গুলি নিয়ে রাজ্যকে প্রথম স্থানে বসাচ্ছেন সেগুলি হল রুরাল হাউজিং সেটি প্রধানমন্ত্রী আবাস যোজনার মাধ্যমে রূপায়িত হচ্ছে। এটি একটি কেন্দ্রীয় পরিকল্পনা। স্যার, রুরাল রোড এটি প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনার অন্তর্গত, এটি একটি কেন্দ্রীয় স্কিম। স্কিল ডেভেলপমেন্ট এটিও কেন্দ্রীয় যোজনা স্কিল ইন্ডিয়ার মাধ্যমে রূপায়িত হচ্ছে। স্মল স্কেল ইন্ডাস্ট্রি এটি মুদ্রা যোজনা এবং অপর অনুরূপ কেন্দ্রীয় প্রকল্পের মাধ্যমে বাস্তবায়িত হচ্ছে। স্যার, আরেকটি প্রকল্প এমজিএনআরইজি অথাৎ একশো দিনের কাজ, একটি সহায়ক কর্ম দিবস সৃষ্টিকারী কেন্দ্রীয় প্রকল্প যখন বা যেখানে প্রাথমিক গ্রাম্য অর্থনীতি সবল নয় সেখানে এই কাজ হচ্ছে। স্যার বেশিরভাগ রাজ্যেই এই পরিধি কমেছে কিন্তু তার ব্যতিক্রম একমাত্র পশ্চিমবঙ্গ কারণ এখানে কাটমানি অব্যাহত রাখার জন্য এই প্রকল্প চলছে। আমি রাজ্যের কর্মসাথী স্কিমে যেখানে রাজ্যের এক কোটি বেকারের মধ্যে লক্ষ্যমাত্রা স্বরূপ এক লক্ষ বেকারকে দু লক্ষ টাকা করে ঋণ দেওয়া হবে, এই ঋণ দিতে প্রয়োজন দুহাজার

কোটি টাকা। কিন্তু অর্থমন্ত্রী মাত্র পাঁচশো কোটি টাকা ফান্ড অ্যালোকেশান করেছেন। তাহলে স্যার এই স্কিম রূপায়ণের বাস্তবতা কোথায়? এতে বোঝা যাচ্ছে কাটমানিদাতারাই সুবিধা পাবে এবং এতে তৃণমূল কংগ্রেস সরকারের নির্বাচনী তহবিল মজবুত হবে। ধন্যবাদ স্যার।

শ্রী সমীর কুমার জানা : শ্রদ্ধেয় অধ্যক্ষ মহোদয়, পশ্চিমবঙ্গ সরকারের ভারপ্রাপ্ত মন্ত্রী অর্থ দপ্তরের ডঃ অমিত মিত্র মহাশয় ২০২০-২১ সালের জন্য ১০ ই ফ্রেবুয়ারী যে বাজেট বিবৃতি পেশ করেছেন তাকে পূর্ণাঙ্গভাবে সমর্থন করে আমি আমার বক্তব্য উপস্থাপিত করছি। স্যার, অনেক ক্ষণ ধরে বিষয়গুলো নিয়ে আলাপ আলোচনা চলছে। আমার আগে স্বাধীনবাবু বিজেপির পক্ষ থেকে বক্তব্য উপস্থাপন করেছেন। তন্ময়বাবু এবং মাননীয় সুখবিলাসবাবু এই বাজেট বিতর্কে অংশগ্রহণ করেছেন। বক্তব্য রাখতে গিয়ে মূল বিষয়বস্তুটা বুঝতে না পেরে তারা মনে মনে যে অনুমানিক চিন্তাভাবনা করেছেন কারণ পশ্চিমবঙ্গ যে গতিতে এগোচ্ছে বিগত ৯ বছর - এই বাস্তব চিত্রটা যদি উপলব্ধি করতে না পারেন - তন্ময়বাবু যেমন বলছেন তাদের সরকারের সময় শূন্য বাজেট। ওদের সময় ঘাটতি দেখানো হত না অথচ যখন যান তখন প্রায় ২লক্ষ ৩ হাজার কোটি টাকা ঋণের বোঝা তিনি চাপিয়ে দিয়ে চলে গেলেন। শূন্য, ঘাটতি যাদের বাজেট করতে যারা অভ্যস্ত থাকেন তাদের ক্ষেত্রে বোধ হয় এই বাজেট, যে জনমুখী বাজেট, মানুষের কল্যাণের জন্য একটা দিগন্ত উন্মোচিত হয়েছে। মাননীয়া মুখ্যমন্ত্রী যেভাবে এখানে আসার পরে তার কার্যবিন্যাসের মধ্যে দিয়ে আজকে বাংলাকে সমৃদ্ধ করেছে। সেই গতিপ্রকৃতি তারা উপলব্ধি করতে পারে নি। কেউ কেউ আবার এমনভাবে অসত্য ভাষণ বলতে গিয়ে নিজেকে জাহির করতে গিয়ে এমন কিছু বক্তব্য পেশ করে ফেলছেন - হয়তো বাইরে বক্তব্য রাখতে গিয়ে হাত বাড়িয়ে উচ্চাঙ্গ সঙ্গীত পরিবেশন করবার চেষ্টা করেন, বিধানসভায় পবিত্র জায়গাতে কিভাবে কথা বলতে হয় এই তারিফটা শিখে আসতে পারে নি। এই জন্য আমাদের নিজেদের কষ্ট হয়। যাই হোক, তিনি তার ধর্ম পালন করেছেন। আমরা মনে করি তিনি সঠিক কাজ করলে সঠিক ব্যবস্থা হবে। আর যদি ভুল কাজ করে থাকেন তার চিন্তাভাবনা করতে হবে। আমি শুধু বলতে চাই, ২০১১ সালের ২০শে মে মাননীয়া মুখ্যমন্ত্রী এই সদনে দায়িত্বে আসার পর থেকে আমরা যে কাজকর্ম করেছি তার একটা মূল্যায়ন দরকার। আমরা বিভিন্ন ভাবে লড়াই করি, বিভিন্ন রাজনৈতিক দল বিভিন্ন ক্ষেত্রে আমরা আমাদের বক্তব্য পেশ করি। আমাদের দলের প্রিন্সিপ্যালটাকে মানুষের কাছে তুলে ধরি এবং তার পর সেটার মূল্যায়ন হয়। এই মূল্যায়নটা আমার যেমন করি, বিভিন্ন রাজনৈতিক দল তারা একই অবস্থার মধ্যে দিয়ে বলবার জন্য চেষ্টা করেন। কিন্তু যাঁরা শুনছেন, বুঝছেন তাঁরা কিন্তু তার মূল্যায়ন করেন। ফলে মূল্যায়নের নিরিখে আমরা কোথায় ছিলাম, কোথায় এলাম কী রাজনীতির দিক থেকে, কী উন্নয়নের দিক থেকে - যাঁরা বোঝার তাঁরা বোঝেন এবং তাঁরা বোঝেন বলে যেখানে যে ধর্ম পালন করার কথা তাঁরা কিন্তু করে চলেছেন। অনেকে আমাদের বিরুদ্ধে অনেক কথা বলছেন। সঠিকভাবে রাজনীতি হয় না। এখানে নানা ধরনের চাপের রাজনীতি হয়। অনেক কথা বলেছেন কিন্তু করিমপুরের ঘটনা, খড়গপুরের ঘটনা, উত্তর দিনাজপুরের ঘটনা সেখানে তো সবকিছু পরিবেষ্টিত ছিল। সেখানে

তৃণমূল তো বাধার সৃষ্টি করে নি। রেজাল্ট কেমনভাবে চরমভাবে গিয়েছিল বিজেপি উপলব্ধি করতে পেরেছেন, সিপিএম-কংগ্রেস যৌথভাবে সেটা উপলব্ধি করতে পেরেছেন অর্থাৎ মানুষের রায়টা কার দিকে আছে এটা নতুন করে বলার অপেক্ষা থাকে না।

বিজেপির সদস্য স্বাধীনবাবু বক্তব্য রাখছিলেন, আমি আপনাকে বলি আমরা এখানে দায়িত্বে আসার পর আপনাদের কেন্দ্রীয় সরকার মানে বর্তমানে যিনি আছেন মোদিজী দায়িত্ব পালন করছেন। কয়েকটি জায়গায় বাজেট বক্তব্য উপস্থাপিত করা হয়েছে, এটা কি বাস্তব। মিথ্যা কথা বলে। আমাদের সঙ্গে কি আপনাদের মধুর সম্পর্ক? সেটা আপনারা ভালভাবেই জানেন। নিশ্চয়ই আমাদের মুখ দেখে আপনারা প্রত্যেকটি ক্ষেত্রে এক নম্বরের শিরোপা সেটা নিশ্চয় আপনারা দেন নি। এটা নিশ্চয় বুঝতে হবে। এটা বাংলা পারে। বিজেপি যে সমস্ত রাজ্যে আছে তারা করতে পারে নি। তারা বরং পশ্চিমবঙ্গে এসে মমতা ব্যানার্জীর কাছে জানতে চান কন্যাশ্রী সহ অন্যান্য প্রকল্পগুলো সফলভাবে বাংলার ক্ষেত্রে হয়েছে। কিভাবে হয়েছে তারা জানার জন্য চেষ্টা করেন। আমি আপনাকে বলি, ১০০ দিনের কাজে, ক্ষুদ্র শিল্পে, গ্রামীণ গৃহ নির্মাণে, গ্রামীন রাস্তা নির্মাণে, মাইনোরিটি স্কলারশীপ, ই-টেন্ডারের ক্ষেত্রে আমরা প্রথম। সমস্ত বিষয়ে প্রথম হওয়ার সম্মানটাকে তো আপনার সরকার দিয়েছে। এটার ক্ষেত্রে বলার কিছু নেই। তাহলে আমরা যদি ভাল কাজ না করি তাহলে কি করে আপনার সরকার ওখান থেকে ডেকে নিয়ে সম্মানের শিখরে বসিয়ে দিয়েছে। ফলে বুঝতে পশ্চিম বাংলা কাজ জানে এবং কাজটাকে কিভাবে করে নিয়ে যেতে হয় মাননীয়া মুখ্যমন্ত্রী জানেন ও তার দপ্তরের অর্থমন্ত্রী ভালভাবে কাজ করছেন বলেই এই শিরোপা পাওয়ার চেষ্টা করছি।

[3:30 – 3:40 p.m.]

আর আপনারা যেটা বলছেন এত হাজার কোটি টাকা কেন্দ্রীয় সরকার দিচ্ছে, বন্ধু আপনি তো জানেন যে আজকে আপনারা কি দিচ্ছেন। আপনি কি আমাদের অনুগ্রহ করছেন নাকি? বাংলা থেকে ৪০-৪৫ হাজার কোটি টাকা, ট্যাক্সের টাকা কেন্দ্রীয় সরকার নিয়ে যাচ্ছে। আর জি.এস.টি.র বহর দেখাচ্ছেন। আজকে জি.এস.টি.র টাকা দিচ্ছেন বলে আপনারা কি মনে করছেন অনুগ্রহ পোষণ করছেন? আমার ন্যায্য টাকা, এখান থেকে আমরা আপনাদের ট্যাক্স দিচ্ছি। সে টাকা আমাদের ফেরত দেওয়ার কথা। আমরা কেন জি.এস.টি.র মাধ্যমে পেয়েছি, এটা নিয়ে তুলনা করে লাভ নেই। যে সমস্ত দপ্তরগুলোতে কাজ চলছে, যেমন আ.ই.সি.ডি.এস., প্রকল্প, এখানে ৯০% টাকা কেন্দ্রীয় সরকারের দেওয়ার কথা, ১০% রাজ্য সরকার বহন করবে। আজকে সেখানে কি হচ্ছে? পূর্ত দপ্তরের কাজে, রাস্তার কাজ করতে গেলে সেখানে ৬০-৪০ রেসিও। সমস্ত জায়গায় ৬০-৪০ রেসিও করে, কোথাও আবার ৫০% টাকা। আমরা টাকা দেব ৫০%, আর নাম কিনবেন আপনি প্রধানমন্ত্রী সড়ক যোজনা, প্রধানমন্ত্রী আবাস যোজনা, এটা তো হতে পারে না। ফলে এই জায়গাটা থেকে তো ভাবতে হবে। যে সমস্ত এলাকা নদীনালা বেষ্টিত, সেই সব এলাকায় বন্যা নিয়ন্ত্রণের জন্য পশ্চিমবঙ্গ সরকারকে বিদেশী ব্যাঙ্কের কাছ থেকে টাকা

সংগ্রহ করে হাওড়া, হুগলী, বর্ধমান এলাকার যে সমস্ত জায়গা ভেঙ্গে যাচ্ছে, সেগুলিকে সারানোর ব্যবস্থা করতে হচ্ছে। আমাদের সরকার জনমুখী বিভিন্ন প্রকল্পের কাজ করছেন। এই বারের বাজেটে উপস্থাপিত হয়েছে তফশিলী জাতিদের জন্য 'বন্ধু' প্রকল্প, আদিবাসীদের 'জয় জওয়ান' প্রকল্প, বিনামূল্যে সামাজিক সুরক্ষা, এটা একটা অনবদ্য ইতিহাস। যেখানে আমরা দেখছি সংগঠিত ক্ষেত্রে যে সুযোগ-সুবিধা পায়, সমস্ত ক্ষেত্রে যারা এই সমস্ত সুযোগ-সুবিধা পাওয়ার উপযোগী, তারা যে ২৫ টাকা করে দিতেন, সেটা দিতে হবে না,পশ্চিমবঙ্গ সরকার বহন করবে। যেমন বাংলা বীমার ক্ষেত্রে ৮০% টাকা রাজ্য সরকার বহন করে। আপনারা ২০% টাকা দিয়ে বলছেন এটা হচ্ছে। প্রধানমন্ত্রীর শস্যবীমা। এটা তো হতে পারে না। আমরা এখান থেকে দেব, আর আপনারা নাম কিনবেন,এটা হতে পারে না। আপনারা সহযোগিতা করুন, আমরা নিশ্চয়ই আপনাদের সহযোগিতা নিয়ে কাজ করার চেষ্টা করব। 'চা সুন্দরী' প্রকল্পে অনবদ্য ইতিহাস তৈরি করা হয়েছে। 'হাসির আলো' প্রকল্পের মধ্য দিয়ে গ্রামীণ এবং শহরাঞ্চলের গরীব মানুষ যাঁরা, ত্রৈমাসিক ৭৫ ইউনিট করে যাঁরা বিদ্যুৎ ব্যবহার করেন, তাঁদের কোন টাকা দিতে হবে না, এটাই ঘোষণা করা হয়েছে। এটা এই বারের বাজেটের মধ্যে মূল বিষয়বস্তু হিসাবে উপস্থাপিত হয়েছে। আমরা এখানে হেড ওয়াইজ যদি বিশ্লেষণ করতে পারি তাহলে দেখা যাবে যে বিভিন্ন ক্ষেত্রে যেমন এগ্রিকালচার থেকে আরম্ভ করে, রুরাল ডেভেলপমেন্ট, ইরিগেশান, এডুকেশান, হেল্থ অ্যান্ড ফ্যামিলি ওয়েলফেয়ার - প্রত্যেকটি ক্ষেত্রে ১৯-২০ সাল থেকে ২০-২১ এর মধ্যে যথেষ্ট পরিমাণে বাজেটটাকে পরিবর্ধিত করার চেষ্টা করি। ৬৪১৮ যেটা এগ্রিকালচারে ছিল সেটা ১০৬৪৮ ২০-২১ এর মধ্যে করেছি। তার মধ্যেও আমরা দেখতে পাচ্ছি 'কৃষক বন্ধু', গ্রামাঞ্চলে যাঁরা যাননি, যাঁরা বলেন উন্নয়নটাকে দেখতে পান নি, তাঁরা আসুন গ্রামাঞ্চলে, সেখানে দেখবেন যে 'বুলবুল' ঝড়ে ক্ষতিগ্রস্ত হয়েছে মানুষ। কাগজপত্র নিয়ে তাঁরা হাজির হয়েছেন মানুষের কাছে। ৪০' লক্ষের উপরে মানুষ তাদের যা জমি জায়গা ছিল তা দেখিয়ে - সেখান থেকে সরকার তাদের অর্থ সাহায্য করার জন্য চেষ্টা করছে। একজন কৃষক মারা গেলে সেই পরিবারের যদি কেউ কৃষকবন্ধু প্রকল্পের আওতায় থাকেন, তাহলে সেই পরিবারের জন্য ২'লক্ষ টাকা সাহায্যের ব্যবস্থা করা হয়েছে। কৃষি ক্ষেত্রে একটা অনবদ্য নজির সৃষ্টি হয়েছে। এটা একটা গুরুত্বপূর্ণ বিষয়। আপনি এখানে বলছিলেন যে কেন্দ্রের শিল্পমন্ত্রী বলছেন আমরা যেটা এখানে লিখেছি সেটা সত্য নয়, মিথ্যা কথা। আপনি ওখানে খোঁজ নিয়ে দেখবেন যে বিগত আট বছরে বাংলায় ২২২৬০ কোটি টাকা বিদেশী বিনিয়োগ করে, এটা আমাদের কথা নয়, ওখানে খোঁজ নিয়ে দেখুন যে কেন্দ্রীয় সরকার থেকে এই ধরনের কথাগুলো বলেছেন কিনা। আপনাকে বলতে চাইছি আজকে শেয়ার অফ ক্যাপিটাল এক্সপেণ্ডিচার ১০-১১ সালে কি অবস্থা ছিল? ১৩.৮, ১৮-১৯ এ ১৩.২৯, সোশ্যাল সার্ভিসের ক্ষেত্রে একই অবস্থা। এগ্রিকালচার অ্যালায়েন্সের ক্ষেত্রে আমরা দেখেছি ১৪.৩ থেকে ১৮-১৯ এ ১০.৮২। ফিজিক্যাল ইনফ্রাস্ট্রাকচারের ক্ষেত্রে একই অবস্থা অথচ পশ্চিমবঙ্গের ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি ক্যাপিটাল এক্সপেণ্ডিচার ১০-১১ তে ৩.৬১। ১৮-১৯ এ সেটাকে আমরা নিয়ে এসেছি ১২.১৮। সোশ্যাল সার্ভিসের ক্ষেত্রে ১০-১১ তে ৯.৩৮, সেটা ১৯.৪২তে নিয়ে আসতে সক্ষম হয়েছি।

আমরা এখানে দেখতে পাচ্ছি সেখানে তিন হাজার ছিল ৪.১৫ সেই জায়গা থেকে ১২.৫৪। এটাকে টেনে আনতে আমরা সক্ষম হয়েছি। ফিজিক্যাল ইনফ্রাস্ট্রাকচারের ক্ষেত্রে ২.৪ থেকে ৫.২৭। মুদ্রাস্ফীতি আপনাদের দেখতে পাচ্ছি ৭.৫৯। ইন্ডাস্ট্রির বৃদ্ধির ক্ষেত্রে আপনাদের ৬% হলেও আমরা সেই জায়গায় ০.৬। সেই জায়গায় বাংলায় এখানে ৫ গুণ বাড়িয়ে ৩.৮১। রেভিনিউ রিসিভের ক্ষেত্রে আমরা একটা উল্লেখযোগ্য ভূমিকা নিয়েছি বলে আমি মনে করি। ট্যাক্স আদায়ের ক্ষেত্রে একটা যুগান্তকারী সুযোগ তৈরি করেছেন মাননীয় অর্থমন্ত্রী। সেখানে ভ্যাট, বিক্রয়কর এবং প্রবেশকর এগুলি নিষ্পত্তি করবার জন্য যে সেট্‌ল্‌মেন্টগুলি করেছেন সেখান থেকে নানাভাবে টাকা তুলে নিয়ে আসার জন্য। এত উন্নয়ন কার্যকরী করার জন্য আমরা দেখতে পাচ্ছি। রাজ্য সরকারের পক্ষ থেকে কতগুলি বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। স্ট্যাম্প ডিউটির ক্ষেত্রে, পুরনো পেন্ডিং দলিলগুলি যে ভাবে জমে আছে সেদিকটাও দেখা যাচ্ছে। এই ভাবে একদিকে আমরা যেমন টাকা নিয়ে আসার চেষ্টা করছি ২ লক্ষ ৩ হাজার কোটি টাকার ঋণের বোঝা নিয়েও যেভাবে উন্নয়নমূলক কাজ মা-মাটি-মানুষের মাননীয়া মুখ্যমন্ত্রী চালিয়ে যাচ্ছেন পশ্চিমবঙ্গের দিকে গোটা ভারতবর্ষের মানুষ তাকিয়ে আছে। সেই কারণের জন্য মাননীয় অর্থমন্ত্রী তাঁর বুদ্ধিদীপ্ত চিন্তা ভাবনার মধ্যে দিয়ে এই সদনে ১০ তারিখে যে বাজেট বিবৃতি দিয়েছেন তাকে পূর্ণাঙ্গ সমর্থন করে এবং মাননীয়া মুখ্যমন্ত্রী যাঁর শুভ প্রয়াসের ফলে আজকে আমরা এই জায়গায় এসেছি। যে উন্নয়ন সংগঠিত হচ্ছে তা সি.পি.আই.এম. বুঝতে পারল না, কংগ্রেস বুঝতে পারল না এবং বি.জে.পি বুঝতে পারল না। আগামী দিনে মানুষের দরবারে তাঁর গ্রহণযোগ্যতা সামনের দিকে সেটা প্রমাণিত হবে। সকলকে ধন্যবাদ জানিয়ে এবং এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করলাম।

শ্রীমতী বীণা মন্ডল : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় পশ্চিমবঙ্গ সরকারের ভারপ্রাপ্ত মন্ত্রী ডঃ অমিত মিত্র যে বাজেট বিবৃতি ২০২০-২১ ১০ই ফেব্রুয়ারী পেশ করেছেন তাঁকে আমি সম্পূর্ণরূপে সমর্থন জানাই। বিগত ১৯৭৭ সাল থেকে ২০১১ সাল পর্যন্ত বাংলার মানুষ স্বভূমিতে পরাধীন ছিল। বাংলার মানুষের বাক্‌স্বাধীনতা ছিল না। গণতান্ত্রিক দেশে রাজনৈতিক, সংস্কৃতি ছিল অগণতান্ত্রিক। সি.পি.আই.এম, কংগ্রেস এক রামধনু জোট স্বপ্ন দেখেছিল ২০১৬ সালে তারা ক্ষমতায় প্রতিষ্ঠিত হবে। তাদের সেই স্বপ্নকে চিরতরে পুরো মুছে দিয়ে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী উনি নতুন সমাজ, নতুন বাংলা গড়ার লক্ষ্যে এগিয়ে চলেছেন। আজকে বিরোধীরা বিরোধীতার জন্যই বিরোধিতা করছেন। ডঃ অমিত মিত্র তিনি একজন সুদক্ষ অর্থনীতিবিদ। শত প্রতিবন্ধকতা সত্বেও তিনি রাজ্যটাকে এগিয়ে নিয়ে যাচ্ছেন। আজকে ভারতের অর্থনীতির বেহাল দশা। সেই জায়গায় দাঁড়িয়ে জি.ডি.পি. যেখানে তলানিতে চলে গেছে। আমাদের অর্থমন্ত্রী সেখানে ১০.৪% নিয়ে গেছেন, অথচ কেন্দ্র সেখানে ৫% নেমে গেছে এটা মমতা ব্যানার্জীর সবচেয়ে বড় কৃতিত্ব। দ্বিগুণেরও বেশি জি.ডি.পি. -তে আমাদের বাংলা বৃদ্ধি পেয়েছে। ভারতে শিল্প সমৃদ্ধির হার ৮ বছরে সর্বনিম্ন ২০১৯-২০ সালে ০.৬%। বাংলায় সেখানে পাঁচ গুণেরও বেশি ৩.১% অথাৎ শিল্পে বাংলা শীর্ষস্থান অধিকার করেছে। যেখানে সারা

ভারতবর্ষে বেকারত্বের হার ৪৫ বছরে সর্বনিম্ন সেখানে বাংলায় বেকারত্ব ৪০% কমেছে। এটা আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর সবচেয়ে বড় কৃতিত্ব। রাজ্যে রাজস্ব আদায়ের হার আমাদের সর্বাধিক বৃদ্ধি পেয়েছে। ই-ট্যাক্সেশনে আমাদের বাংলা এক নম্বর স্থান অধিকার করেছে। অনলাইনের মধ্য দিয়ে আমাদের সমস্ত রাজ্যবাসী সরকারী পরিষেবা পাচ্ছেন। এই খাতে আমাদের সরকার ১০০ কোটি টাকা বরাদ্দ রেখেছেন। বি.জে.পি-র স্বাধীনবাবুরা এগুলি দেখতে বা শুনতে পাচ্ছেন না। কেউ যদি জেগে ঘুমায় তাহলে তাদের ঘুম কে ভাঙ্গাবে? পৃথিবীর অন্যান্য দেশের তুলনায় ভারতের স্থান আরও দশ ধাপ নেমে ৫১তম স্থানে চলে গেছে।

[3:40 – 3:50 p.m.]

আজকে ভারতবর্ষের যুক্তরাষ্ট্রীয় কাঠামো ধ্বংসের দিকে চলে যাচ্ছে। গণতন্ত্রকে কণ্ঠরোধ করা হচ্ছে। গণতন্ত্রকে ধ্বংস করে আজকে দলতন্ত্রকে প্রতিষ্ঠিত করার চেষ্টা করছে কেন্দ্রীয় সরকার। ধর্মীয় মেরুকরণের রাজনীতি করা হচ্ছে। আজকে জম্মু-কাশ্মীরের উপর থেকে ৩৭০ ধারা তুলে নেওয়া - এমনকি নাগরিকত্ব সংশোধনী বিল পাস করে নিল। সেখানে দাঁড়িয়ে আমাদের দেশের সব থেকে সেরা মুখ্যমন্ত্রী হচ্ছেন মমতা বন্দ্যোপাধ্যায়। এই রাজ্যটাকে কিভাবে এগিয়ে নিয়ে যাওয়া যায় সেই ব্যাপারে যথেষ্ট দৃষ্টান্ত দেখাচ্ছেন বাংলার মা-মাটি-মানুষের মহান নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। মুখ্যমন্ত্রী হিসাবে তিনি পেয়েছেন একের পর এক আন্তজাতিক সম্মান - 'কন্যাশ্রী', 'স্বাস্থ্যসাথী', 'রূপশ্রী', 'গতিধারা' - এই রকম হাজারো প্রকল্প মমতা বন্দ্যোপাধ্যায় বাংলার মানুষকে দিয়েছেন। গ্রামীণ অর্থনীতির পরিবর্তন হয়েছে, ১০০ দিনের কাজে আজকের আমাদের বাংলা এক নম্বরে এবং শুধু ১০০ দিনের কাজে কেন, আজকে ক্ষুদ্রশিল্পে বাংলা প্রথম, গ্রামীণ গৃহনির্মাণে বাংলা প্রথম, গ্রামীণ রাস্তা নির্মাণে বাংলা প্রথম, মাইনরিটি স্কলারশিপে বাংলা প্রথম। এই হচ্ছেন বাংলার মুখ্যমন্ত্রী। বাংলায় আজকে প্রতিটা মানুষ গর্বিত, আনন্দিত এই রকম একজন মুখ্যমন্ত্রীকে পেয়ে। আজকে মানুষের কর্মসংস্থান হচ্ছে। কেন্দ্রর বঞ্চনা সত্ত্বেও কিন্তু রাজ্য এগিয়ে চলেছে। সবকিছুতে বাংলা আজকে মডেল হিসাবে প্রতিষ্ঠিত হয়েছে। সেইখানে দাঁড়িয়ে কেন্দ্র যেখানে কৃষকদেরকে বঞ্চিত করছে, অথচ মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় কৃষকদের জন্য অনেকগুলো প্রকল্প করেছেন। এখানে আমাদের কৃষিমন্ত্রী বসে আছেন। বাংলায় শস্যবীমা প্রকল্প দিয়েছেন - এমনকি 'কৃষক বন্ধু প্রকল্প', যেটা মমতা বন্দ্যোপাধ্যায় মডেল সৃষ্টি করেছেন। রবি মরশুমে ২৫শত টাকা, খরিফ মরশুমে ২৫শত টাকা প্রত্যেকটা কৃষক সম্প্রদায়ের মানুষ পাবেন। এমনকি ডেথ বেনিফিট যেটা - ১৮ থেকে ৬০ বছরের মধ্যে কোন কৃষক যদি মারা যায়, তাহলে সেই ফ্যামিলিকে ২ লক্ষ করে টাকার চেক দিয়ে দেওয়া হচ্ছে । এইভাবে বাংলাকে মমতা বন্দ্যোপাধ্যায় একটার পর একটা উন্নয়নের মধ্য দিয়েই এগিয়ে নিয়ে যাচ্ছেন। এমনকি আজকে আপনারা জানেন সেটা যে 'বুলবুল' - ঝড়টা হয়ে গেল, সেই বুলবুল ঝড়ে কিভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে আমাদের এই পশ্চিম বাংলা। মমতা বন্দ্যোপাধ্যায় সেই 'বুলবুল' ঝড়ের মোকাবিলা করেছেন। তিনি নিজে দাঁড়িয়ে থেকে এই 'বুলবুল' ঝড়ের মোকাবিলা করেছেন। সেখানে তিনি প্রতিটা মানুষকে স্বাভাবিক জীবনযাপনে ফিরিয়ে নিয়ে আসার চেষ্টা

করেছেন। আমাদের উত্তর ২৪ পরগণা জেলার বেশ কয়েকটি ব্লক 'বুলবুল' ঝড়ে ছারখার করে দিয়েছিল। মুখ্যমন্ত্রী সাথে সাথে সেইসব জায়গা পরিদর্শন করেছেন, আমাদেরকে নিয়ে প্রশাসনিক বৈঠকও করেছেন এবং জেলায় যে ৫ জন মারা গিয়েছিল তাদেরকে ২লক্ষ ৪০ হাজার টাকার চেক তুলে দিয়েছেন। শুধু তাই নয়, ক্ষয়ক্ষতির হাত থেকে রক্ষা করার জন্য বিভিন্ন রকম অ্যালটমেন্টের ব্যবস্থা সেখানে করে দিয়েছেন। চাল, ডাল, আলু, কেরোসিন তেল, ত্রিপল থেকে শুরু করে - সমস্ত ব্যবস্থা মমতা বন্দ্যোপাধ্যায় করে দিয়েছেন। এতে প্রায় ২০ লক্ষেরও বেশি কৃষক উপকৃত হয়েছে। এই খাতে ১কোটি ২৮৫ লক্ষ টাকা রেখেছেন অথচ কেন্দ্রীয় সরকার এই 'বুলবুল' ঝড়ে ক্ষতিপূরণ হিসাবে একটা পয়সাও দেয় নি ভারতবর্ষের মধ্যে এই প্রথম কোন মুখ্যমন্ত্রী কৃষিকাজের অবদানস্বরূপ টানা ৬ বার, ৬ বছর তিনি 'কৃষিকর্মণ' পুরস্কার লাভ করেছেন। 'হাসির আলো' নামে একটি প্রকল্প আমাদের রাজ্য সরকার করেছেন। যেটা গ্রামীণ ও শহরাঞ্চলের অত্যন্ত গরীব মানুষ যারা, তারা ত্রৈমাসিক ৭৫ ইউনিট অবধি বিদ্যুৎ যদি খরচ করেন তাহলে সম্পূর্ণ বিনামূল্যে বিদ্যুৎ সরবরাহ করার ব্যবস্থা করে দিয়েছেন। রাজ্যের প্রায় ৩৫ লক্ষ গরীব পরিবার এই আওতায় আসবেন, এবং এই খাতে প্রায় ২০০ কোটি টাকা রেখেছেন আমাদের রাজ্য সরকার। তাই আজকের আমাদের রাজ্যের অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র মহাশয় যে বাজেট বিবৃতি পেশ করেছেন তাকে আমি সম্পূর্ণরূপে সমর্থন জানিয়ে আমি আমার কথা শেষ করলাম।

শ্রীমতী তাপসী মন্ডল : মাননীয় ডেপুটি স্পিকার স্যার, গত ১০.২.২০২০ তারিখে মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র যে বাজেট বিবৃতি পেশ করেছেন তার সম্পূর্ণ বিরোধিতা করছি,কারণ উনি যা বলেছেন তার সঙ্গে বাস্তবের কোন মিল নেই। আমি মনে করি ২০২১ শে ভোটের আগাম প্রস্তুতি। মানুষকে বিভ্রান্ত করে পাইয়ে দেওয়ার রাজনীতি করছেন, পুনরায় ক্ষমতায় টিকে থাকার জন্য কল্পতরু হয়েছেন। মানুষ কারোর দয়ার দান চায় না। মানুষ তার নিজেদের অধিকার ফিরে পেতে চায়। যাই হোক উনি ৭ এর পাতায় তপশিলি জাতির জন্য বন্ধু প্রকল্পে এস.সি., এস.টি. সম্প্রদায়ভুক্ত ষাটোর্ধ্ব বয়স্ক মানুষদের ভাতা দেওয়ার জন্য অর্থ বরাদ্দ করেছেন। আমি মনে করছি এটাও একটা ফাঁকি। আগে থেকেই এস.সি., এস.টি. ষাটোর্ধ্ব বয়স্ক মানুষদের জন্য ভাতা বরাদ্দ আছে এবং তাঁরা পাচ্ছেন। বর্তমানে খুব একটা বেশী সংখ্যা বাকি আছে বলে আমার মনে হয় না। উনি আগে ইমাম ভাতা চালু করে যেভাবে সংখ্যালঘু মৌলবাদকে উৎসাহিত করেছেন, ধর্মের ভিত্তিতে সংখ্যালঘু সংখ্যাগুরুদের মধ্যে জাতিভেদের মাধ্যমে যে বিভাজন সৃষ্টিকরে সারা রাজ্যে বিশৃঙ্খলার... পরিবেশ সৃষ্টি হয়েছে, দাঙ্গা হচ্ছে। অনুরূপভাবে এই ঘোষণার মাধ্যমে দুঃস্থ বয়স্ক সাধারণ মানুষদের মধ্যে বিভাজন সৃষ্টি করতে চাইছেন। তাতে অন্য সম্প্রদায়ের মানুষজনের মনের মধ্যে এস.সি., এস.টি. সম্প্রদায়ের প্রতি আক্রোষ.. বাড়বে। অনেক অসহায় বিধবা মহিলা আছে, সংসার প্রতিপালন করতে তাদের খুবই অসুবিধা হয়। তাদের জন্য কোনো বরাদ্দ এই বাজেটে নেই। ভাতা প্রাপকদের ভাতা যাতে প্রতি মাসে সঠিক সময়ে পান সেদিকে রাজ্য সরকারের নজর দেওয়া উচিত। ভাতার পরিমাণ বাড়ানোর চিন্তাও সরকারের নেই দেখতে

পাচ্ছি। যেভাবে দৈনন্দিন বাজারে খাদ্যপণ্য, তরিতরকারি, মশলাপাতি, ডাল, দানাশস্য, জ্বালানি, কীটনাশক সার, জীবনদায়ী ঔষধ, দৈনন্দিন ব্যাবহারিক জিনিসপত্রের দাম সহ পরিবহণ ভাড়া বৃদ্ধি পাচ্ছে, সাধারণ মানুষের নাগালের বাইরে চলে যাচ্ছে। সেদিকে বেশি করে নজর দেওয়ার দরকার আছে বলে মনে করি। ১০-এর পাতায় দেখছি 'চা সুন্দরী' নামক গৃহ প্রকল্প ঘোষণা করেছেন। আমি মনে করছি এটাও আগাম ভোটে মানুষকে প্রভাবিত করা ও ক্ষমতায় টিকে থাকার ব্যার্থ প্রয়াস। গীতাঞ্জলী, নিজগৃহ, বাংলার বাড়ি, ইন্দিরা আবাস প্রকল্পে প্রচুর অর্থ বরাদ্দের ঘোষণা ছিল। বাস্তবে তার সংখ্যাতত্ত্বের কোন মিল নেই। ঐ প্রকল্পগুলিতে বিরোধী বিধানসভা এলাকায় বিধায়কদের মতামতকে মান্যতা না দিয়ে সরকার পক্ষের স্থানীয় নেতা কর্মীদের পছন্দের তালিকায় দুঃস্থ পরিবারগুলি বাদ পড়েছে। টাকার বিনিময়ে প্রাপক নির্বাচিত করা হয়েছে এবং ঠিকাদার নিয়োগ করে গৃহ নির্মান করা হচ্ছে। যার মান অত্যন্ত নিম্নমানের। তাতে ঘোষিত বরাদ্দ অর্থের থেকেও কম খরচ হচ্ছে। স্যার, বাকি অর্থ কোথায় যাচ্ছে তার কোনো খোঁজ নেই। তাই নতুন করে নামকরণ করে এই প্রকল্প ঘোষণার কোনো ভিত্তি নেই। ২৭ পাতায় লিখেছেন শিক্ষাব্যবস্থায় লক্ষ লক্ষ ছাত্র-ছাত্রীদের স্কুলব্যাগ, পোশাক, জুতো দেওয়া হচ্ছে। উল্লেখ থাকে যে বামফ্রন্টের সময়ও পোশাক, স্কুলব্যাগ দেওয়া হত। এটা তার কোনো ব্যতিক্রম নয়। তার মধ্যে জুতোটাকে যোগ করা হয়েছে। বলা হয়েছে স্কুলছুট কমছে। আসলে আমরা লক্ষ্য করছি সরকারি স্কুলগুলিতে ছাত্র-ছাত্রীর সংখ্যা কমছে। ছাত্র-ছাত্রী সরকারি স্কুল গুলিতে ভর্তি হচ্ছে না। সরকারি স্কুলগুলিতে শিক্ষার মান এবং পঠনপাঠনের মান অত্যন্ত নিম্নমানের। আমরা দেখছি এলাকায় কিছু সরকার পক্ষের নেতাকর্মীদের সৌজন্যে স্কুল কলেজের একটা অংশের ছাত্র-ছাত্রীদের মধ্যে অসামাজিক কাজের প্রবনতা বাড়ছে, নেশাগ্রস্থ হচ্ছে, শালীনতা হারাচ্ছে। তাদের হাতে শিক্ষক-শিক্ষিকাদের হেনস্থা হতে হচ্ছে। শিক্ষক-শিক্ষিকা সহ ছাত্র-ছাত্রীরা নিরাপত্তাহীনতায় ভুগছে। আবার একটা অংশের ছাত্র-ছাত্রীরা, যারা প্রগতিশীল চিন্তাভাবনায় শিক্ষার মান উন্নয়ন, শিক্ষাঙ্গনে অপসংস্কৃতির বিরুদ্ধে ছাত্র-সমাজের প্রাপ্য অধিকারের জন্য আন্দোলন করছে। আর আমরা দেখছি সরকারের পুলিশ এই সমস্ত ছাত্র-ছাত্রীদের প্রতিনিয়ত নিগৃহীত করে চলেছে।

[3:50 – 4:00 p.m.]

এর জন্য শিক্ষক শিক্ষিকারা আজকে নিজের আত্মসম্মান, মর্যাদা, অধিকার রক্ষার দাবিতে আজকে রাস্তায় নামতে বাধ্য হয়েছেন। শিক্ষাপ্রতিষ্ঠানের নিরাপত্তা রক্ষার কোন দিশা সরকারপক্ষ দেখাতে পারছেন না। বামফ্রন্টের ৩৪ বছরে রাজ্যে জমি অধিগ্রহণ সংক্রান্ত বিষয়ের মাধ্যমে শিল্প স্থাপন, শিল্পে জমিদাতাদের কর্মসংস্থান, প্লট প্রদান, জমিদাতা পরিবারের সদস্যদের কারিগরি শিক্ষার মাধ্যমে কর্মসংস্থানের যে পরিকাঠামোটা ছিল যা মানুষের মনে আস্থা ও বিশ্বাস জুগিয়েছিল, আজ তা ভেঙ্গে পড়েছে। ২০০৭সাল থেকে বর্তমান মুখ্যমন্ত্রী তখন নানা মিথ্যা প্রচার, আন্দোলন ও মাওবাদীদের যোগসাজশে, যা আজ প্রমাণিত, ২০১১সালে ক্ষমতায় আসেন। তারপর থেকেই রাজ্যে নতুন শিল্প হচ্ছে না। আগের শিল্পগুলি একের পর এক বন্ধ হয়ে গেছে । ফলে শ্রমিক কাজ হারাচ্ছে। নতুন করে কাজহারা শ্রমিকের সংখ্যা বাড়ছে। বেকারত্ব দিন দিন বেড়ে চলেছে। জমির

ক্ষতিপূরণ সংক্রান্ত কোন তথ্য সরকারের নেই। যেখানে সরকারের অন্যমনস্কতা প্রকটভাবে লক্ষণীয়। বি.এল.আর.ও. অফিসগুলিতে তৃণমূলের মদতপুষ্ট জমির দালাল, সমাজবিরোধীদের আখড়া হয়ে উঠেছে। অনৈতিকভাবে জমি কেনাবেচা ও রেজিস্ট্রেশন হচ্ছে এখানে বলা হয়েছে বেকার কমছে, কিন্তু আমরা দেখছি যে বেকার দিন দিন বেড়ে চলেছে। যদিও সরকারপক্ষ মনে করেন সিভিক ভলান্টিয়ার, সিভিক পুলিশ বা চুক্তিতে যারা পার্ট-টাইমার টীচার, যাদের মাসে দু হাজার টাকা করে দেওয়া হয়, তাদের যদি ওঁরা চাকরি-প্রাপক বলেন তাহলে আমার কিছু বলার নেই । এটা যদি উন্নয়নের লক্ষণ হয় তাহলে আগামী দিন খুবই ভয়ংকর। উন্নয়ন আমরা সবাই দেখতে পাচ্ছি স্যার, প্রতিটি নির্বাচনের সময়ে আমরা দেখতে পাই প্রতিটি বুথ কেন্দ্রের সামনে অস্ত্র হাতে উন্নয়ন মাথা উঁচিয়ে দাঁড়িয়ে থাকে যেখান থেকে গণতন্ত্র পালিয়ে যায়। তাই এরকম উন্নয়ন আমরা চাই না, স্যার। আগামী দিনে আমাদের নিজেদের অধিকার বুঝে নেওয়ার জন্য, মানুষের অধিকার বুঝিয়ে দেওয়ার জন্য নিশ্চয়ই আন্দোলনে থাকব। আপনার মাধ্যমে এই সরকারের কাছে দাবি রাখব, মানুষকে বিভ্রান্তিতে না ফেলে, মানুষকে সম্মান দেওয়া, মানুষের প্রাপ্য অধিকার দেওয়া সরকারের কর্তব্য বলে মনে করি। আমরা জানি ‘রাজা সবারে দেন মান, সে মান আপনি ফিরে পান’ । রাজা যদি মানুষকে মান না দেন। তাহলে কখনোই সে মান আপনি ফিরে পাবেন না। তাই আজকে মাননীয় মুখ্যমন্ত্রীর মুখ শুকনো হয়ে গেছে। সদনে এসে মিথ্যাচার করতে উনি বাধ্য হয়েছেন। আমরা এর প্রতিবাদ করি। এই বাজেট বিবৃতিকে বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী গৌরী শংকর দত্ত : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ১০ই ফেব্রুয়ারি ২০২০-২১অর্থবর্ষের জন্য যে বাজেট বিবৃতি মাননীয় অর্থমন্ত্রী এই সদনে পেশ করেছেন তাকে সর্বান্তকরণে সমর্থন করে দু একটি কথা আমি বলতে চাই এই বাজেট পেশের সময়ের পরিপ্রেক্ষিত, যদি বিচার করতে হয় তাহলে দেখা যাবে ২০০৮ সালের পর থেকে গোটা দুনিয়াতে চলা বিশেষ করে তথাকথিত উন্নত দুনিয়ায় আর্থ বিপর্যয় থেকে উদ্ভূত যে আর্থিক মন্দা এবং ঝিমুনির রোগ সমস্ত ক্ষেত্রে বিশেষ করে বর্তমানে ভারত সরকার সারাতে ব্যর্থ হচ্ছে। সরকারী অর্থ ও খয়রাতিতে কর্পোরেট মালিকানা ভারতকে বাঁচানোর দায়ের মাধ্যমে গ্রোথ আসছে না, বরং জনসাধারণের বা সাধারণ উপভোক্তাদের উপর চাপানো কৃচ্ছসাধনের বোঝা তাদের ক্রয়ক্ষমতার সংকোচন ঘটাচ্ছে।

যেখানে ক্রেতাসাধারণের ক্রয়ক্ষমতা বৃদ্ধি বাজারকে তেজি রাখতে সক্ষম হতে পারত। কারণ গত ৩০ বছরে ভারতীয় অর্থনীতির ধারাবাহিক রূপান্তরের ফলে আর্থ ব্যবস্থার চালিকাশক্তি হিসাবে আজ প্রতিষ্ঠিত হয়েছে, আজ বাজারচালিত বেসরকারি পুঁজি। মোদী জমানায় এই বেসরকারি পুঁজির একচেটিয়াকরণ ও নগ্ন আধিপত্য এবং বন্টনগত চরম বৈষম্য ও অসাম্য ভয়াবহ বিপর্যয় ডেকে এনেছে। একটা উদাহরণই এখানে যথেষ্ট। ১৩০কোটি ভারতীয়র জন্য মেডিক্যাল, পাবলিক হেল্থ স্যানিটেশন, ড্রিংকিং ওয়াটার সাপ্লাই খাতে রেভিনিউ এবং ক্যাপিটাল এক্সপেন্ডিচার এক্সপেন্ডিচার সমন্বিত করে সার্বিক রাষ্ট্রীয় ব্যয় যেখানে ২লক্ষ ৮০ হাজার ১৬৬ কোটি টাকা, তখন একা মুকেশ আম্বানীর ব্যক্তিগত সম্পত্তি তার থেকে বেশী ২লক্ষ ৮০ হাজার

৭০০ কোটি টাকা। এই ভয়ঙ্কর বৈষম্য ও বৈপরীত্য কখনো জাতীয় সম্পদ, জাতীয় উৎপাদন, জাতীয় আয় কোন ক্ষেত্রেই বৃদ্ধির সহায়ক হতে পারে না। সেটাই ঘটছে। ফলে ভারতের জি.ডি.পি. গ্রোথ রেট আজকে ৫%এ বন্দি। মোদী জমানায় রাষ্ট্রীয় পুঁজি বিলগ্নিকরণ, কর্পোরেট মালিকানাকে অনুদান ভর্তুকি এই মন্দা নিয়ন্ত্রণে শুধু-ব্যর্থই হচ্ছে না, মন্দাকে তীব্রতর করছে। কারণ সাধারণ মানুষের ক্রয়ক্ষমতা এতে বাড়ছে না। ফলে বাজার হারাচ্ছে ক্রেতা ও উপভোক্তা। তৈরী হচ্ছে চাহিদার সংকট। এরই বিপরীতে মমতা বন্দোপাধ্যায়ের নেতৃত্বে পশ্চিমবঙ্গের মা মাটি মানুষের সরকারের বিকল্প আর্থ ভাবনা প্রতিফলিত হয়েছে ডঃ অমিত মিত্র কর্তৃক পেশ করা এই বাজেটে। যেটা পশ্চিমবঙ্গবাসীর প্রত্যেকের ক্রয়ক্ষমতা বৃদ্ধির ইতিবাচক ভূমিকা পালনে উন্মুখ। নাগরিক সাধারণের ক্রয়ক্ষমতা বৃদ্ধির নির্ণায়ক হল মাথাপিছু নিট উৎপাদন বৃদ্ধির হার। ২০১৮-১৯সালে পশ্চিমবঙ্গের পার ক্যাপিটা নেট এস.ডি.পি. গ্রোথ রেট ছিল ১৬.৮% যেটা দেশের শীর্ষে। আর অনুঘটক হচ্ছে আম নাগরিকের খাদ্য বাসস্থান কর্মসংস্থান সহ সার্বিক সামাজিক সুরক্ষাবলয়ের ব্যবস্থা, স্বাস্থ্য শিক্ষার মানোন্নয়ন, পরিকাঠামোগত উন্নয়ন। মোদী শাসনে ভারতীয় আর্থিক ব্যবস্থার ছত্রে ছত্রে যখন অধোগতি বা বিপরীতমুখী যাত্রার লক্ষণ স্পষ্ট, তখন পশ্চিমবঙ্গ অগ্রগতির দিক থেকে দিক দর্শকের ভুমিকা নিয়েছে। সকল বঙ্গবাসীর জীবন ও জীবিকাকে আর্থিক আর্থসামাজিক সুরক্ষার বলয়ে রেখে তাদের সার্বিক উন্নয়ন ঘটানোর লক্ষ্যে বর্ষসেরা হয়ে উঠেছে এই বাজেট। পশ্চিমবঙ্গ এই লক্ষ্যে এগোতে পারছে তার কারণ ভারতে বার্ষিক জি.ডি.পি. বৃদ্ধির হার যখন বিগত এগারো বছরের শেষে তলানিতে ঠেকে ১৯-২০তে ৫%মাত্র, তখন ১৯-২০ তে পশ্চিমবঙ্গে জি.এস.ডি.পি. বৃদ্ধির হার ১০.৪২%। মা মাটি মানুষের সরকার রাজ্যের আর্থিক অবস্থানকে শক্তপোক্ত ভিতের উপরে দাঁড় করাতে পেরেছে,তার কয়েকটা দ্যোতক হচ্ছে -‘২০১০-১১’তে রেভিনিউ ডেফিসিট ছিল জি.এস.ডি.পি-র ৩.৭৫%। যেটা ২০১৮-১৯ সালে নেমে হয়েছে০.৯২%। ফিসক্যাল ডেফিসিট ১০-১১তে ৪.২৪%, ১৮-১৯ এ নেমে ২.৯৬%। খণ-২০১০-১১তে জি.এস.ডি.পি.-র ৪০.৬৫%, যেটি ২০১৮-১৯সালে নেমে দাঁড়িয়েছে ৩৪.৭৫%। রাজ্যের ওন ট্যাক্স রেভিনিউ ২০১০-১১তে ছিল ২১হাজার১২৮কোটি ৭৪লক্ষ টাকা আদায়। তার থেকে বেড়ে ১৮-১৯ সালে প্রায় তিনগুণ বেড়েছে। সেটা বেড়ে দাঁড়িয়েছে ৭হাজার ৭৩২কোটি ২৮লক্ষ টাকা। বাম জমানার শেষ বছরে সোশাল সার্ভিস সেক্টরে ব্যয় হয়েছিল ৬হাজার ৮৪৫কোটি ৬১লক্ষ টাকা। সেটা ২০১৮-১৯সালে প্রায় ছয় গুণ বেড়ে দাঁড়িয়েছে ৩৯হাজার ১৮১কোটি ৯৫লক্ষ। যদিও একই সময়কালে কেন্দ্রীয় সরকারের সোশাল সার্ভিস সেক্টরে ব্যয়বরাদ্দ দৃষ্টিকটুভাবে হ্রাসমান, টোটাল এক্সপেন্ডিচারের মধ্যে সোশাল সার্ভিস সেক্টরে কেন্দ্রীয় এসপেন্ডিচার ২০১০-১১ সালে ১০.৩৫%থেকে মোদী জমানার প্রথম বছর ২০১৪-১৫তে নেমে ৩.১৬%।

[4:00 – 4:10 p.m.]

২০১৮-১৯ সালে ৪.৮৭% অথচ পশ্চিমবঙ্গে ২০১০-১১ সালে ৯.৩৮% থেকে বেড়ে ২০১৪-১৫তে ১৬.৫% আর ২০১৮-১৯-এ দাঁড়িয়েছে ১৯.৪২%। আর্থিক সুস্থিতি, জনকল্যাণে ইতিবাচক

পদক্ষেপ উন্নয়নকে গতিশীল করে রাখে, এই কারণে গোটা দেশে একশো দিনের কাজে, ক্ষুদ্র শিল্পে, গ্রামীণ গৃহনির্মাণে, গ্রামীণ রাস্তা, Minority scholarship, skill development, Ease of Doing Business, e-tendering'র ক্ষেত্রে পশ্চিমবঙ্গ দেশের শীর্ষে। ভারতবর্ষে যখন বেকারত্বের হার ৪৫ বছরে সর্বাধিক তখন বাংলায় বেকারত্ব কমেছে ৪০%। ১.৫ কোটি পরিবারের ৭.৫ কোটি মানুষ এসেছেন স্বাস্থ্যসাথীর আওতায়। ৫ লক্ষ টাকা পর্যন্ত কভারেজ পান উপভোক্তারা ১৫১৮টা হাসপাতাল ও নার্সিংহোমে। Institutional delivery ২০১০-১১এ ছিল ৬৮.১%, সেটা আজকে বেড়ে ২০১৯-২০তে ৯৮.৫%, infant mortality rare ২০১৭ সালে দেশে হাজারে ছিল ৩৩, বাংলায় কিন্তু ২৪। খাদ্যসাথীর প্রকল্পের মাধ্যমে ৯ কোটি ১৬ লক্ষ মানুষ পাচ্ছেন খাদ্য সুরক্ষা। ২০১৮-১৯ একশো দিনের কাজ প্রকল্পে ৩৩ কোটি ৮৩ লক্ষ শ্রমদিবস তৈরী হয়েছে। সামাজিক সুরক্ষা প্রকল্পে ইতিমধ্যেই নথিভুক্ত ১ কোটি ১৭ লক্ষর বেশী শ্রমজীবী মানুষ। এ বছর থেকে উপভোক্তাদের কোন প্রিমিয়াম দিতে হবে না, এই প্রকল্পে সরকার সবটাই বহন করবে। ১.৫ কোটি মানুষ এই সুবিধা পেতে চলেছেন। কন্যাশ্রী প্রকল্পের আওতায় এসেছে ইতিমধ্যে ৭ লক্ষ কিশোরী। শিক্ষায় ২০১৭-১৮তে gross enrolment ratio elementary education এ ভারতবর্ষে ৯৩%, বাংলা ১০০.৭%, সেকেন্ডারীতে ভারত ৭৯.৪%, বাংলা ৮৫.৩%। ৮ বছরের শাসনকালে বিশ্ববিদ্যালয় বেড়েছে ১২ থেকে ৪২টি, কমেছে ড্রপ আউটের হার, কমেছে বাল্য বিবাহের প্রবণতা। একই সাথে দেশে যখন শিল্পে চরম মন্দা চলছে, তখন শিল্পে বৃদ্ধির হার ২০১৯ ২০তে এপ্রিল-নভেম্বরে ভারতে ০.৬%, বাংলায় তা ৫গুণ ৩.১%। বড় অঙ্কের দেনা শোধ করেও কেন্দ্রীয় বঞ্চনা ও অসহযোগীতা উপেক্ষা করে বাংলায় কমছে ধারাবাহিকভাবে দারিদ্র ও বেকারত্বের হার। সবুজশ্রী থেকে সমব্যথী জন্ম থেকে মৃত্যু পর্যন্ত বঙ্গবাসীর জীবনে পড়তে পড়তে সরকার মানুষের সাথে থাকছে। এই অর্থ বর্ষে বন্ধুপ্রকল্পের মাধ্যমে ষাটোর্ধ তপসিলি মানুষ যারা অন্য কোন পেনশান পান না তাঁরা মাসে হাজার টাকা করে বার্ধক্য ভাতা পাবেন। আনুমানিক সুযোগ পাবেন বেশ কয়েক লক্ষ মানুষ। একই ভাবে জল ভরো প্রকল্পের মাধ্যমে আদিবাসী ও তপসিলি উপজাতি ষাটোর্ধ মানুষ পাবেন একই ধরনের সুবিধা। হাসির আলো, আনুমানিক ৩৫ লক্ষ পরিবার যারা ত্রৈমাসিক সর্বাধিক ৭৫ ইউনিট বিদ্যুৎ ব্যবহার করে তাদের বিনামূল্যে বিদ্যুৎ সরবরাহ করা হবে। কর্মসাথী এবং বাংলাশ্রী প্রকল্পের মাধমে MSME এবং তার প্রসার এবং যুবক যুবতীদের স্বনির্ভর করে আয়ের সংস্থান হবে। এই ভাবেই মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে সরকার sustainable development ঘটাচ্ছে। এবং jobless growth-এর মেকি মডেল তাকে বাদ দিয়ে মানুষের জীবনযাত্রার মান উন্নতকরণসমূহ কর্মসংস্থান সৃষ্টি করে সার্বিক ক্ষেত্রে উন্নয়নের ধারাকে অব্যাহত রাখছে। তাই আজকে গোটা দেশে যখন অর্থনৈতিক সঙ্কট চলছে তখন মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে মা মাটি মানুষের সরকার অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্রের পরিচালনায় আর্থিক ভাবনার যে প্রতিফলন এই বাজেটে দেখিয়েছেন, এই বাজেট আগামী দিনে দেশকে আরও উন্নয়নের পথে নিয়ে যাবে এবং তাকে সমর্থন করতে পেরে গর্ব অনুভব করছি। নমষ্কার।

Shri Mahasin Ali : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমাদের রাজ্যের মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র গত ১০.০২.২০২০ তারিখে রাজ্যের যে বাজেট বরাদ্দ পেশ করেছেন ২০২০ ২০২১ অর্থবর্ষের ২,৫৫,৬৭৭ কোটি টাকা এই অর্থ বরাদ্দের বিষয় সম্পর্কে কয়েকটি কথা বলতে চাই। প্রথমেই বলে রাখি যে বাজেট এখানে পেশ করেছেন তার সঙ্গে আমি একমত হতে পারছি না। বিভিন্ন বিষয় বিভ্রান্তিতে ভরা এই বাজেট। মানুষের, জনগণের যে প্রত্যাশা তা এই বাজেটে প্রতিফলিত হয় নি। বিশেষ করে শিক্ষা খাতে উচ্চ শিক্ষা এবং প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা ক্ষেত্রে বিরাট অংশের ব্যয় বরাদ্দ কমানো হয়েছে। গ্রাম বাংলায় অসংখ্য ছেলে বিশেষ করে যাঁরা বিদ্যালয়ে অষ্টম শ্রেণী পর্যন্ত পড়াশুনা করে লেখাপড়া ছেড়ে দিতে বাধ্য হচ্ছেন পরিবারের ব্যয়ভার নির্বাহের জন্য তাঁদেরকে অন্য রাজ্যে, অন্য জেলায় পাড়ি দিতে হচ্ছে ফলে ব্যাপক হারে ড্রপ আউট হচ্ছে। গ্রাম বাংলায় শিক্ষায় ব্যাপক হারে অসঙ্গতি লক্ষ্য করা যাচ্ছে। বিশেষ করে বেসরকারি যে সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানগুলো আছে সেই সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রছাত্রীরা ভর্তি হতে যাচ্ছে। সরকার পোষিত বিদ্যালয়গুলিতে পঠন পাঠনের মান খারাপ হওয়ার কারণে একেবারে প্রাথমিক থেকে মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক পর্যন্ত বেসরকারি প্রতিষ্ঠানে ভর্তির প্রবণতা বাড়ছে। সরকার এখানে বলছে রাজ্যে শিক্ষার মান নাকি ভীষণভাবে বেড়েছে। কৃষি ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি যে, রাজ্যে কৃষকের ফসলের লাভজনক দাম দেওয়ার ক্ষেত্রে সরকারের যে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করার কথা সেই জায়গায় যথেষ্ট উদাসীনতা রয়েছে। বিশেষ করে কৃষক যখন তার উৎপাদিত পণ্য বিক্রি করার ক্ষেত্রে যা খরচ হচ্ছে তা তুলতে পারছেন না এই রকম শতাধিক কৃষক পশ্চিম বাংলায় আত্মহত্যা করতে বাধ্য হয়েছেন। অথচ সরকার এই চরম বাস্তব কথাটা স্বীকার করছে না। বিগত কংগ্রেস রাজত্বের সময় পশ্চিম বাংলায় অসংখ্য বীজ খামার নির্মাণ করা হয়েছিল। আমরা এই সময় দেখলাম সেই বীজ খামারগুলোকে ধ্বংস করে দিয়ে সেখানে কৃষক বাজার তৈরী করা হয়েছে। আমরা দেখতে পাচ্ছি সেই কৃষক বাজারগুলোতে অধিকাংশ মানুষজনই যায় না এবং নির্জন জায়গাতে সেগুলো নির্মিত হয়েছে। সুতরাং সরকারের এই উদ্দেশ্য চরমভাবে ব্যর্থ হয়েছে, এটা মনে করতে পারি। কথায় কথায় বামফ্রন্ট সরকার পশ্চিমবঙ্গের মা-মাটি সরকারকে দেনায় ডুবিয়ে দিয়ে গেছে এ কথা আমরা শুনে থাকি। পশ্চিমবঙ্গে নাকি ৩৪ বছরের বামফ্রন্ট সরকার কিছুই করেনি। আমি স্মরণ করিয়ে দিতে চাই পশ্চিম বাংলা খাদ্য উৎপাদনে ভারতের মধ্যে সর্বোচ্চ, বন সৃজনে, মৎস চাষে, স্বল্প সঞ্চয়ে এবং সবচেয়ে যেটা বড় উল্লেখযোগ্য বিষয় সেটা হচ্ছে ৩৪ বছরে পশ্চিম বাংলায় মানুষের সাম্প্রদায়িক সম্প্রীতি আর বিভাজনের শক্তি চূড়ান্তভাবে পর্যুদস্ত হয়েছিল। তারা মাথা তুলে দাঁড়াতে পারে নি। মা-মাটি-মানুষের সরকারের পরিচালনায় রাজ্যে বিরোধী বিভাজনের শক্তি আজকে ৩৪%-এ পৌঁছেছে। এটা অস্বীকার করার কোন জায়গা নেই। আমি আরও যে কথাটা বলতে চাই রাজ্যে আবগাড়ি শুল্কে ব্যাপক আয় বেড়েছে।

[4:10 – 4:20 p.m.]

মদের দোকান যত্রতত্র গ্রামীণ বাংলায় বিশেষ করে যুবক সম্প্রদায়ের মধ্যে মদ্যপানের প্রবণতা। দরিদ্র পরিবারগুলি ধ্বংস হয়ে যাচ্ছে। সুস্থ সংস্কৃতি বিকৃত হচ্ছে, খুন-খারাপি বাড়ছে,

মদ খেয়ে খুন-খারাপির ঘটনা ব্যাপকভাবে বাড়ছে। অথচ এই ব্যাপারে সরকার ব্যাপকভাবে লাইসেন্স দিয়ে দিনের পর দিন আরো বাড়িয়ে রাজ্যটাকে একটা বিশৃঙ্খল রাজ্যে পরিণত করার চেষ্টা করছে। আমরা দেখছি, পরিকল্পনা বহির্ভুত খাতে এই রাজ্যের সরকার ব্যাপক হারে ব্যয় বাড়িয়েছে। আমরা দেখছি ক্লাবগুলিকে টাকা দেওয়া হচ্ছে। ক্লাবগুলিকে কি উদ্দেশ্যে টাকা দেওয়া হচ্ছে? খেলা-ধুলা শিক্ষার মানোন্নয়ন, সংস্কৃতিচর্চা - এইসবের কি কোনো উন্নতি ঘটেছে? কেউ বলতে পারবেন রাজ্যে? অপর দিকে আমরা দেখছি, নির্বাচনী ভোট বৈতরণী পার করবার জন্য, লেঠেল বাহিনী তৈরি করবার জন্য এই বাহিনীকে টাকা দিয়ে তৈরি করা হচ্ছে। এবং আমি খুব দায়িত্ব নিয়ে বলতে পারি, যে ক্লাবগুলোকে টাকা দেওয়া হয়, তার একটা পার্সেন্টেজ কাটমানি হিসেবে আবার এই শাসক দলের কাছে ফিরে আসে। আমরা দেখতে পাচ্ছি, মেলা, খেলা ইত্যাদি জায়গায় ব্যাপকহারে অর্থ বরাদ্দ হচ্ছে এবং সেই বরাদ্দ অর্থ ব্যয় হচ্ছে। এখানে আর যে বিষয়টা বলতে চাই, ধর্মনিরপেক্ষ রাষ্ট্রে একটি রাজ্য সরকার বিশেষ করে ধর্মীয় অনুষ্ঠান পরিচালনার জন্য অর্থ বরাদ্দ করছেন। এক দিকে যেমন ইমাম ভাতা, মহসিন ভাতা দিয়েছেন, অপর দিকে সেটা নিয়ে যখন সমালোচনা হচ্ছে, তখন সেটাকে অন্য দিকে ফেরানোর জন্য আমরা দেখতে পাচ্ছি যে, পুজো প্যান্ডেল, যেটা গত বছর ছিল ১০ হাজার, এবারে সেটাকে বাড়িয়ে করা হয়েছে ২৫ হাজার টাকা। এই সমস্ত পরিকল্পনা বহির্ভুত ব্যয় রাজ্যে ভীষণভাবে বেড়ে যাওয়ায় প্রকৃতপক্ষে রাজ্যের যে উন্নয়ন হওয়ার কথা, সেই উন্নয়ন হচ্ছে না, কাজেই এই বাজেটকে আমি সমর্থন করতে পারছি না। আপনাদের সবাইকে নমষ্কার জানিয়ে শেষ করছি।

শ্রী শেখ শাহনেওয়াজ : মাননীয় ডেপুটি স্পিকার স্যার, ২০২০-২১ সালে মাননীয় অর্থমন্ত্রী ২ লক্ষ ৫০ হাজার ৬৬৭ কোটি টাকার যে বাজেট ১০ই ফেব্রুয়ারী পেশ করেছেন, তাকে সম্পূর্ণরূপে সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। সমর্থন আমরা করছি। বিরোধীরা সমর্থন করতে পারবে না। তার কারণ ওদের ভালো কথা বললে ওদের মুখে ঘা হবে। সেই জন্য ওরা ভালো কথা বলতে পারবে না। আর এই যে দেখছেন একটা ট্রেনিং নেওয়া হচ্ছে, প্রশিক্ষণ নিয়ে বক্তব্য রাখা হচ্ছে, মুসলিম সম্প্রদায়ের যে সমস্ত বিরোধী এম.এল.এ., তারা মুসলিমদের যে উন্নয়ন হচ্ছে, সেই ব্যাপারেই বক্তব্য রাখছে, হিন্দুরা যেন না বলে। এত চতুরভাবে এই কাজগুলো করা হচ্ছে, এই চাতুরি করতে করতে এমন অবস্থা হয়েছে যে, লোকসভা ভোটে একদম জিরো হয়ে বসেছে। আবারও যেদিন আসছে, সেদিন এমন ভয়াবহ অবস্থা দেখা যাবে - এখানে বলছে যে, পশ্চিম বাংলার যা অর্থনৈতিক অবস্থা, ভয়াবহ অবস্থা। সেই ভয়াবহ অবস্থা কিন্তু দিল্লীর যে নির্বাচন হ'ল, সেই নির্বাচনের পরে যেমন কংগ্রেস, সি.পি.এম. বিপর্যস্ত হয়েছে, এই রকমভাবে মিথ্যাচার করতে করতে - ঠিকই বলেছেন বাংলার মুখ্যমন্ত্রী যে, এখানে বি.জে.পি.-র যে নেতা রয়েছেন, যে বক্তব্যগুলো বলছিলেন, সেই বক্তব্য শুনে বোঝা যাচ্ছিল যে, এখানে বাংলার যে উন্নয়ন, সেই উন্নয়নটা তাঁরা দেখতে পাচ্ছেন না। সেই উন্নয়নটা দেখতে পারবেন না, কারণ বাংলার উন্নয়ন - যেখানে প্রয়োজন হচ্ছে, যখন প্রয়োজন হচ্ছে, তখন বাংলার মুখ্যমন্ত্রী, বাংলার সরকার সেই রকমভাবেই চিন্তা-ভাবনা করছেন। আর বাংলার অর্থ মন্ত্রী সেই রকমভাবেই

বাজেটটা তৈরি করেছেন। তাই যেখানে কলেজ দরকার, যে তপশিলী জাতি এলাকায় কলেজ দরকার, যেখানে মুসলিম এলাকায় কলেজ দরকার, চব্বিশ পরগণায় কোথায় কলেজ দরকার, মেদিনীপুরে কোথায় কলেজ দরকার, দার্জিলিং-এ কোথায় কলেজ দরকার - শিক্ষা ব্যবস্থা সেই রকমভাবেই হচ্ছে। যেখানে বন্যা হচ্ছে, সেখানে বন্যার ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। যখনই দেখছে চা-বাগানের অবস্থা খারাপ, নতুন করে - আগেই দু'টাকা কেজি চাল, আগেই সেখানে নিঃখরচায় বিদ্যুৎ দেওয়া হয়েছিল।

এখন সেখানে আবার নতুন করে ঘর তৈরির জন্য মমতা ব্যানার্জী চা সুন্দরী স্কীম তৈরি করলেন। হাসির আলো স্কীম তৈরি করছেন, ভোরের আলো স্কীম করছেন। এরা হাসি জানে না অথচ এদের নেতা স্ট্যালিন বলেছিলেন হাসলে স্বাস্থ্য ভালো থাকে। আর এরা হাসতে জানে না। তাই মমতা ব্যানার্জী হাসির আলো স্কীম দিয়ে সারা বাংলাকে যেমন উন্নত করছেন, আমাদেরও যেমন উন্নতি করছেন, সেরকমভাবে এদেরও হাসি দেওয়ার চেষ্টা করছেন। আমাদের সারা ভারতবর্ষে যখন চরম দুরবস্থা, অর্থনৈতিক অবস্থা যেভাবে ICUতে চলে গেছে ভারতের অর্থনীতি, ভারতের গণতন্ত্র যখন কন্ঠরুদ্ধ তখন এখানকার আমাদের ভারতবর্ষের স্থান চলে গেছে ৫১তম স্থানে। যখন ভারতের GDP 5% তখন আমাদের GDP 10.4% বলতে লজ্জা লাগছে। এটা আমাদের এখানে যাঁরা রয়েছেন তাঁরাও বিপক্ষ পার্টির বি.জে.পি.র সদস্যদেরও লজ্জা লাগছে। কিন্তু শুনেছেন যে, আমাদের এখানে ২২,২৬৭ কোটি টাকা লগ্নী হয়েছে। এখনও পর্যন্ত লগ্নী হয় নি। কিন্তু প্রশ্নের উত্তরে ওঁদের কেন্দ্রীয় মন্ত্রী পার্লামেন্টে বলেছেন, ১০০ দিনের কাজে আমরা হয়েছি প্রথম, ক্ষুদ্র শিল্পে প্রথম, গ্রামীণ গৃহ নির্মাণে প্রথম, গ্রামীণ রাস্তায় প্রথম, মাইনরিটি স্কলারশিপে প্রথম, Ease of doing businessএ প্রথম, স্কীল ডেভেলপমেন্টে প্রথম - কত দিকে প্রথম। স্বাস্থ্য সাথী প্রকল্পে আমরা সাড়ে সাত কোটি মানুষের কাছে পৌঁছেছি। আমরা পৌঁছে গেছি - স্কুলের ড্রপ আউট কমে গেছে কন্যাশ্রীর মাধ্যমে, ৬০ লক্ষ কন্যাশ্রী হয়েছে। সাড়ে তিন লক্ষ মানুষ রূপশ্রী পেয়েছে। কন্যা সন্তানদের বাল্য বিবাহ কমে গেছে। সবুজ সাথী, আনন্দধারা, কৃষকবন্ধু, চেক নিন ধান দিন। এই কয়েক দিনের মধ্যেই ৬২০ কোটি টাকা বিলি করা হয়েছে। আবার এই কয়েক দিন জানুয়ারীর মধ্যেই প্রায় ১১০০ কোটি টাকা বিলি করা হবে। বাংলার মুখ্যমন্ত্রী বলেছিলেন কৃষকবন্ধু সারা বাংলার ৭২ লক্ষ কৃষককে কৃষকবন্ধু স্কীমে যুক্ত করেছিলেন। কোনো দিনই কোনো সরকার এই কৃষকদের জন্য উন্নতি করে নি। আর এখানে কৃষক পরিবারের লোক যারা এতে রয়েছে তারা মরে গেলে দু'লক্ষ টাকা পাবে। সেটাও কোনো দিন করে নি। এখনও সব টাকা বিলি হয় নি, এরই মধ্যে ৮৯ কোটি, টাকা ৪৪৫৭ জন লোককে বিলি করা হয়েছে। এগুলো সমস্ত গরিব মানুষ জানে। মানুষের সঙ্গে তাদের সম্পর্ক মানুষের কাছে যারা যায় তারা জানে। এখানে হাউসে বড় বড় মিথ্যা কথা বলতে হবে - যাঁদের মানুষের কাছে যাওয়া সম্ভব নয়, তাঁরা মানুষের কাছে যেতে পারবেন না। নতুন স্কীম 'বন্ধু' - বন্ধু পটাতে শিখুন। মানুষের বন্ধু হন। তার পরে দেখবেন ওই দিল্লির মতো zero হবেন না, কিছু সিট পাবেন। আর তা না হলে যত শত্রু ভাববেন, মানুষকে মানুষের উপকার করা হচ্ছে মানুষের

জন্য প্রকল্প করা হচ্ছে। আর যত অস্বীকার করবেন তত দূরে সরে যাবেন। ৬০ বছরের ঊর্ধে তপশিলি জাতির ১০০ শতাংশ মানুষকে নিয়ে আসা হচ্ছে। ২১ লক্ষ মানুষ সুযোগ পাবে। এক হাজার টাকা করে পেনশান পাবে। সবাই পাচ্ছে কংগ্রেস, সি.পি.এম., বি.জে.পি. কেউ বাদ নেই। আমরা রাজনীতি করি, কিন্তু এই রকম করি না। কোনো প্রমাণ দেখাতে পারবেন না। কয়েক দিন আগে বলছিলেন রূপশ্রী প্রকল্পে যাদের টাকা দেওয়া হচ্ছে দুই ছেলের মা'কে টাকা দেওয়া হচ্ছে, তার প্রমাণ দেখাতে পারবেন? আর আপনাদের কোন লোক এস্টিমেট করেছিলেন টাকা পাননি কন্যাশ্রী, রূপশ্রী পান নি প্রমাণ দেখান। তার বিরুদ্ধে ব্যবস্থা আমাদের সরকার নেবে আমরা নেব প্রমাণ দেখান। প্রমাণ দেখাতে হবে মিথ্যা করে বললে হবে না। MSME বড় বড় শিল্পের কথা বলছেন, শিল্পে আমাদের দেশে যা উন্নতি কেন্দ্রীয় সরকার 0.6% আমাদের সেখানে 3%। আমাদের প্রায় পাঁচ গুণ বৃদ্ধি। MSME তে এতো টাকা ঋণ ব্যাঙ্ক থেকে দেওয়া হয়েছে উৎসাহ দেওয়া হচ্ছে যে এখানে ভারতবর্ষের মধ্যে প্রথম। কর্মসাথী প্রকল্পে নতুন করে এটা কর্মসাথী প্রকল্প শুরু করা হয়েছে, সেখানে বেকার যুবক-যুবতীদের ছোটো উৎপাদন শিল্পে ঋণ দেওয়া হবে। MSME park করা হবে। এই ক্ষেত্রে বাজেট নেওয়া হয়েছে। চা শ্রমিকদের জন্য চা বাগানে সেখানে ঘর করে দেওয়া হবে। হাসির আলো স্কীমে গরিব মানুষদের ৭৫ ইউনিট পর্যন্ত বিদ্যুৎ free করে দেওয়া হয়েছে। Civil Service, Defence training যেটা আমাদের কস্মিনকালেও ভারতবর্ষের সরকার এবং আমাদের পশ্চিম বাংলার সরকার চিন্তা করেছিল? এখানে IAS, IPS পরীক্ষার্থীদের জন্য এখানে কোনো দিনই প্রশিক্ষণের ব্যবস্থা ছিল না। কিন্তু এই সরকার চিন্তাভাবনা করে তিন জায়গায় Administrative training academy তৈরি করেছে। কলকাতা, দুর্গাপুর এবং শিলিগুড়িতে। নতুন নতুন যত চিন্তাধারা যখন মানুষের জন্য প্রয়োজন হচ্ছে সেরকম স্কীম করা হচ্ছে। সহায়তা কেন্দ্র ব্লকে হচ্ছিল, পঞ্চায়েতে হচ্ছিল এবার হাসপাতালে হবে। এখানে on line এর মাধ্যমে দরখাস্ত করা হবে, ক্লাবে দরখাস্ত করা হবে, স্বাস্থ্যকেন্দ্রে দরখাস্ত করা হবে, রেজিস্ট্রি অফিসে করা হবে, বি.ডি.ও. অফিসে করা হবে, ২৭৪৪টি জায়গায় সহায়তা কেন্দ্র তৈরি করেছেন বিভিন্ন জায়গায় সেগুলোর ব্যবস্থা করা হবে। সরকার ৬ বছর কৃষিকর্মণ পুরস্কার পেয়েছেন। এ বছরে আমাদের কৃষিবন্ধু স্কীমে প্রায় ১১০০ কোটি টাকা বিলি হতে চলেছে।

[4:20 – 4:30 p.m.]

দেখতে পাচ্ছেন না? গত বছর শস্য বীমা স্কিমে আমাদের ১২লক্ষ, ১৩লক্ষ করতে করতে ৪৬লক্ষ মানুষকে শস্য বীমার আওতায় আনা হয়েছে। তার সমস্তটাই বহন করবে রাজ্য সরকার। কৃষকদের জন্য যন্ত্রপাতি কেনার জন্য টাকা দেওয়া হয়েছে, প্রায় ১২৮কোটি টাকা দেওয়া হয়েছে। বুলবুল স্কিমে কেন্দ্রীয় সরকার এক পয়সাও দেয় নি। কিন্তু আমরা ইতিমধ্যে ১২২৫কোটি টাকা খরচ করার প্রতিজ্ঞাবদ্ধ হয়েছি। সমস্ত জায়গায়, সমস্ত স্কিমে সরকার চিন্তাভাবনা করছে। ধান গো-ডাউন যেখানে ৬৩হাজার মাত্র মেট্রিক টন গোডাউন তৈরির ক্ষমতা ছিল, আজকে প্রায় ১১লক্ষ মেট্রিক টন মাল রাখার জন্য গোডাউন তৈরি হয়েছে। আপনারা

দেখুন, ভাল করে খবর নিন। এইগুলো আগে ৬৩হাজার টন ছিল মাত্র বাম আমলে, এখন কত হয়েছে, সেগুলো খবর নিন। হাঁস, মুর্গী পালন করতে করতে ১২পার্সেন্ট ডিমের উন্নয়ন বৃদ্ধি হয়েছে। মাছ চাষে ৫৫০০কোটি টাকার মাছ আমরা বিদেশে রপ্তানী করেছি, এইগুলো খবর রাখুন, তাহলে বুঝতে পারবেন বাংলায় উন্নতি কতটা হয়েছে। আর উন্নতি, পঞ্চায়েতের আমরা ১০০দিনের কাজে ১৮-১৯সালে প্রায় ৩১৮৩কোটি টাকার কাজ করেছিলাম। এ বছরও ৩১শে ডিসেম্বর পর্যন্ত ১৪কোটি টাকার শ্রম দিবস আমরা করেছি। তাই আমাদের সরকার যে বাজেট নিয়েছে ট্যাক্স রিলিফ করে, ট্যাক্স মুকুব করে, ট্যাক্স ডিউটি মুকুব করে এবং সেই সঙ্গে অন্যান্য ট্যাক্স যেগুলো পেয়েছিল আমাদের ২৫ হাজার। ৩০হাজার। ৫৫হাজার যে ট্যাক্স বাকি ছিল, সেই ট্যাক্সগুলোকে সেট্‌ল্‌মেন্ট করে মাননীয় অর্থমন্ত্রী যেভাবে ১২হাজার কোটি টাকার ট্যাক্স আদায় করেছেন, আবার নতুন ২৫হাজার যে ট্যাক্স আছে সেগুলো আদায় করার ব্যবস্থা করছেন, তিনি যেভাবে আমাদের অর্থনৈতিক ব্যবস্থাকে বাংলায় উন্নতি করছেন মমতা ব্যানার্জীর নির্দেশে, সেই বাজেটকে আমি সম্পূর্ণভাবে সমর্থন করে, বিরোধীদের মিথ্যা বক্তব্যকে খন্ডন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী রমা বিশ্বাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার আগে মাননীয় বিধায়ক সুখবিলাস বর্মা যে অর্থনৈতিক বিশ্লেষণে অনিশ্চয়তা নিয়ে কথা বলেছেন আমি তাঁর সঙ্গে একমত হয়েই আমার কিছু কথা যুক্ত করছি। অর্থমন্ত্রী বাজেট পেশ করতে গিয়ে প্রথমে বলেছেন যে আমাদের দেশে জি.ডি.পি. সর্বনিম্ন ৫ শতাংশয় এসে নেমেছে। তার সঙ্গে আর একটা কথা আছে যে অর্থনীতিবিদরা এই ৫ পারসেন্ট, এটাও যে ঠিক নয়, তার বিভিন্ন যে সুচক আছে অর্থনীতির, সেই সুচকগুলো দেখে বলেছেন যে এটা কখনই ৫ পার্সেন্ট হতে পারে না। যাইহোক, উনি এস.ডি.পি.র জায়গায় জি.ডি.পি লিখে বলেছেন, ভুল-টুল হয়েছে, একটু হতেই পারে, সেটা ১০.৪ বলেছেন। আমার একটা প্রস্তাব ছিল যে, রাজ্যকে বিশ্ব বাংলা বলে একটা বিজ্ঞাপন দেওয়া হয়, আমি অনুরোধ করবো যে এটা পাল্টে বিশ্বব্রহ্মান্ড বাংলা বলা হোক কারণ বিশ্বব্রহ্মান্ডের কোন ধরণের কোন সমস্যা যে রাজ্যে এসে নামে না এটাকে বিশ্বব্রহ্মান্ড বাংলা নামকরণ করা হোক।

দুইয়ের চারে, কর ও কর ব্যবস্থার সংস্কার দেওয়া আছে, আয়ের একটা বিষয়। এই আয়ের একটা জায়গায় আপনারা যদি দেখেন, আমার মনে হয় নির্দিষ্ট করে যদি দেখা হোত, অন্যান্য বিধায়করা একমত হবেন যে মোটর ভেহিক্‌ল্‌স্ আগামী কত বছরের কর মোটর ভেহিক্‌ল্‌স্ থেকে আদায় করা হয়েছে। তাহলে তৃণমূল সরকার আর থাকবে না। তাহলে আগামী বছরগুলো, আগামী সরকারগুলো কোন কোন থেকে, ভেহিক্‌ল্‌স্ থেকে আদায় করতে পারবেন এবং সরকার কিভাবে চালাবেন তা নিয়ে ওনাদের কোন ভাবনা আছে বলে আমার মনে হয় না।

দুইয়ের পাঁচে, কৃষি আয়কর ছাড় কাকে দেওয়া হয়েছে, চা বাগান মালিকদের। তাহলে চা বাগান মালিকদেরই পক্ষে হচ্ছে সরকার কাজ করছে, শ্রমিকদের পক্ষে কি করবে তা জানা

নেই কারণ উনি বলেছেন যে, শ্রমিকদের জন্য ঘর-টর করে দেবেন। কোম্পানী এ্যাক্ট অনুযায়ী কি করে জমি-টমি পাবেন, অবশ্য এখন অনেক কিছুই হয়। বামফ্রন্ট সরকারের আমলে ল্যান্ড রিকুইজিশানে আমরা যখন পাট্টা দিতে গিয়েছি, দেখেছি, ডহর পাট্টা দেওয়া যায় না। এখন সব করা যায়। আসলে আইনকানুনের এবং বিশেষ করে পরিবেশ বিষয় নিয়ে সব কিছু নিয়ে কোন ধরণের কোন কিছু আইন যখন না মানা হয়, তখন এসবগুলো করা যায়। হতেও পারে। আমরা বলতে পারবো না। ডহর যখন পাট্টা দেওয়া হয়, কোম্পানী এ্যাক্টে চা এর জমিতেও হয়ত দেওয়া যেতে পারে, বলতে পারবো না।

আমার কলেজ কৃষ্ণনগর সরকারী মহাবিদ্যালয়। সেখানে দুটো বিশ্ববিদ্যালয়ের নামকরণ হয়েছে। একটা হচ্ছে, হরিচাঁদ গুরুচাঁদ, আর একটা হচ্ছে কন্যাশ্রী বিশ্ববিদ্যালয়। হরিচাঁদ গুরুচাঁদ অনেক হতে পারে। একেবারে ছোট ছোট ভাগে ভাগে আমাকে সমর্থন কর বলে সবার নামে আমি একটা বিশ্ববিদ্যালয় তৈরি করে দেওয়ার জন্য যে ঘোষণা সেই ঘোষণা তো ভোটের জন্য হতেই পারে। কিন্তু একটা সরকারী কলেজ তার সিঁড়ি, সেই সিঁড়ির সামনে বাগান, সেই বাগানে একটা কলেজ তৈরি করতে হবে, তারজন্য একটা জমি ডিমার্কেশান করা হয়েছে। আর বিশ্ববিদ্যালয় আমি এখানে দেখলাম করা হয়েছে। কিন্তু আসলে তো কিছুই নেই। বাগানে একখানা কাঞ্চন ফুলের গাছ আছে, আমি দেখে এসেছি। আর একটা কলেজ, কন্যাশ্রী বিশ্ববিদ্যালয় বলা হয়েছে। সেটা হচ্ছে যে আমাদের কলেজের মাঠে একটা পুকুর ছিল। সেই পুকুর ভরাট করে তা উদ্বোধন করা হয়েছে। এই যদি বিশ্ববিদ্যালয়ের নামে বিশ্ববিদ্যালয় বলা হয়, আমার খুব ইচ্ছে আছে অন্য বিশ্ববিদ্যালয়গুলোর কি অবস্থা তা আমি একবার একটু দেখতে যাব। 'হাসির আলো' বলা হয়েছে প্যারা ৩.৯এ। ৯৯.৯% বিদ্যুতায়ন হয়ে গেছে বলা হয়েছে। ২০১১ সাল পর্যন্ত। পশ্চিমবঙ্গে কত শতাংশ বৈদ্যুতিকরণ হয়েছিল তার কোনো হিসেব নেই অথচ বলা হচ্ছে যে গত এই কয় বছরে ৯৯.৯ শতাংশ বৈদ্যুতিকরণ হয়েছে। আর একটা জিনিস যেটা দেখলে বোঝা যায়, বামফ্রন্ট সরকার দুটো বাল্ব জ্বালানোর জন্য ২৫ ইউনিট করে তার বিনা পয়সায় দিত। এখন টুকে করতে গেলে যা হয়। এনারা লাইটের সঙ্গে ফ্যান চালানোর কথা বলেছেন। আবার বলছেন ২৫ ইউনিট পর্যন্ত অর্থাৎ ঢুকতে গেলে যে সবটা হিসেব করে ঢুকতে হয় সেই জায়গায় একটু ভুল হয়েছে। আমার মনে হয়, আরো কারেকশান করতে হবে। করবেন ওনারা নিশ্চয়, বরাদ্দ বাড়াবেন। আর বিদ্যুতের প্রশ্নে এটা বলছেন যে গ্রামীণ এলাকায়। কিন্তু সিই.এস.সি. এলাকায় যারা গরীব মানুষ তাদের প্রসঙ্গে কি বক্তব্য, সেটা কিন্তু এই বাজেটের মধ্যে নেই। আরো একটা গুরুত্বপূর্ণ বিষয় যেটা নিয়ে বলা অবশ্যই প্রয়োজন, তা হল, আমাদের শিল্প নিয়ে, ক্ষুদ্র, ছোট, মাঝারি ও বৃহৎ শিল্প এবং শিল্প ও শিল্পোদ্যোগ নিয়ে - প্যারা ৪.৪০ ও প্যারা ৪.৪১এ আছে - আপনারা দেখেছেন কিছু দিন আগে বিদ্যুৎ উৎপাদনের তিনটে ইউনিট বন্ধ করে রাখতে হয়েছে বিদ্যুতের প্রয়োজন নেই বলে। একটা রাজ্যের শিল্পের অগ্রগতি সেটা বোঝা যায় তার বিদ্যুৎ ব্যবহারের শতাংশ নিয়ে। বিদ্যুৎ ব্যবহারের শতাংশ যদি অপ্রয়োজন হয়ে যায় তাহলে অবশ্যই শিল্পের কোনো অগ্রগতি ঘটতে পারে না। অবশ্য যদিও ওনারা সব কিছুতেই বলেছেন যে হয়েছে, হবে,

আশা করছি, সবটাই ওনারা এই রকম বলেছেন। নিজেদের মধ্যে অবশ্য কখনই বলেন নি যে এতে কত শতাংশ শিল্প কমপ্লিট হয়েছে, কত লোকের কাজ হয়েছে, সেটা বলেন নি। আসলে বিদ্যুতের ব্যবহার দিয়ে বোঝা যায় যে, শিল্পের প্রয়োজনে কতটা বিদ্যুৎ ব্যবহৃত হচ্ছে। খাদ্যশস্য উৎপাদনে, মাছ উৎপাদনে পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকারের সময়েও প্রথম স্থানই অধিকার করত। এখনও করছে। ফলে এটা একটা বিষয়। কিন্তু যখন প্রয়োগ হচ্ছে, খাদ্য প্রক্রিয়াকরণ এবং উদ্যান পালন। আপনাদের অনেক বিধায়কই এখানে আছেন, স্পিকার সাহেবও আছেন, আমি কতবার এই বিধানসভায় বলেছি, আমার বিধানসভা এলাকায় একটা মাল্টিপার্পাস কোল্ড স্টোর ১০০ শতাংশ কমপ্লিট হয়ে পড়ে আছে। কিভাবে সেটা চালু হবে? আমি কতবার বলেছি, একটা ফুলের তেল বের করা মেশিন ৯০ ভাগ কাজ হয়ে পড়ে আছে। সেটা কিভাবে সম্পূর্ণ হবে।

...(এই সময় লালবাতি জ্বলে ওঠে।)...

তাহলে যখন আমি নতুন কোনো উদ্যোগ নিচ্ছি সেই উদ্যোগের প্রশ্নে আমি নতুন নতুন টেন্ডারম্যান পাচ্ছি, নতুন নতুন মানুষ পাচ্ছি, কিন্তু এই জায়গায় দাঁড়িয়ে পুরোনো যেগুলো আছে, সেগুলো কিভাবে আমরা কাজ করব সে কথা কিন্তু আলোচনার মধ্যে নেই অন্যান্যগুলোর মত। এম.জি. এন.আর.ইজি.এ.যত কম বলা যায় ততই ভালো কারণ কেন্দ্রীয় সরকার বাজেট বরাদ্দ কমিয়ে দেওয়ার মূল অজুহাত খুঁজেছেন দুর্নীতি নিয়ে। ফলে বন্ধুত্বের ফোকাসে দুর্নীতির জায়গাটা হচ্ছে। আমি আর একটা কথা বলব, পি.এম.জি.এস.ওয়াই.। ২০০০ সালে পি.এম.জি.এস.ওয়াই. চালু হয়েছে। ২০০৫ সালে সারা দেশ জুড়ে ম্যাপ হয়েছে। অনেক রাজনৈতিক দলের পরিবর্তন ঘটেছে কেন্দ্রে এবং রাজ্যে। রাস্তা কিন্তু চলেছে। স্বাভাবিকভাবে সরকার যখন নির্বাচিত হয় এটা হচ্ছে সরকারের দায়বদ্ধতা। বামফ্রন্ট সরকার ৩৪ বছর ধরে এই দায়বদ্ধতা পালন করেছে। এই দায়বদ্ধতাও এই সরকারকে পালন করতে হবে কারণ এই দায়িত্ব নিয়েই তার নির্বাচনে অংশগ্রহণ করেছিল। মানুষকে তারা প্রতিশ্রুতি দিয়েছিল।

[4:30 – 4:41 p.m.]

ফলে সরকারের দায়বদ্ধতা নিয়ে বাড়তি কোন কথা বলা তখনই সম্ভব, যখন আমি বাড়তি কোন অংশ কোন জায়গায় দিতে পারি। আরেকটা পয়েন্ট আমার বলার আছে, বিজ্ঞাপনের জন্য তো কোন বাড়তি টাকা ধরা নেই, এত যে বিজ্ঞাপন দেওয়া হচ্ছে তার টাকাটা কোথা থেকে খরচ হবে। বামফ্রন্ট সরকারের দায়বদ্ধতা ছিল বলে তারা বিজ্ঞাপন দিত না। কিন্তু এই সরকারের বিজ্ঞাপনটাইতো মূল। এই বিজ্ঞাপনের টাকাটা কোন খাত থেকে আসবে সেটা যদি মাননীয় অর্থমন্ত্রী জবাবী ভাষণ দেওয়ার সময় বলেন তাহলে ভালো হয়। ধন্যবাদ।

মিঃ স্পীকার : মাননীয় সদস্যগণ আপনারা জানেন, মাঝখানে আমাদের কিছুটা সময় নষ্ট হয়েছে, সেই জন্য আমি হাউসের সময় আরও ১৫ মিনিট বাড়িয়ে দিলাম।

(সকলের সম্মতি নিয়ে সভার সময় আরও ১৫মিনিট বাড়ানো হয়।)

শ্রী রফিকুর রহমান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ১০ই ফেব্রুয়ারী রাজ্যের মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র যে বাজেট বিবৃতি এই সদনে পেশ করেছেন সেই বাজেট বিবৃতিকে সমর্থন করে আমি আমার অভিব্যক্তি এই পবিত্র সদনে ব্যক্ত করতে চাই। ২০১১-২০১২ অর্থ বর্ষ থেকে এটা, বোধ হয় দশম বাজেট, ডঃ অমিত মিত্র এবং বাংলার মাননীয় মুখ্যমন্ত্রী, বাংলার উন্নয়নের কান্ডারী বাংলার মানুষের পথ প্রদর্শক মমতা বন্দ্যোপাধ্যায়ের মস্তিস্কপ্রসূত চিন্তা-ভাবনা পরিবেষ্টিত বাজেট পেশ হয়েছে বিগত দশ বছর ধরে, সেই বাজেট বাস্তবায়িত হওয়ার ফলেই ভারতবর্ষের মধ্যে বাংলা আজ প্রথম। আমি তন্ময় বাবুর বক্তব্য শুনছিলাম, উনি বাজেট বিবৃতিকে বিকৃত করছিলেন। উনি এখানে নেই, ওনার নেতা সুজন বাবু এখানে আছেন। আমি তার মাধ্যমে তন্ময় বাবুকে জিজ্ঞাসা করতে চাই, গত নয় বছরে বাংলার উন্নয়নটা কি আপনি অস্বীকার করতে পারবেন। গত নয় বছরে বাংলা এগিয়ে গেছে, এই কথা কেন্দ্রীয় সরকারও বার বার স্বীকার করছেন। বাংলার মানুষ তা পর্যবেক্ষণ করছেন, উপলব্ধি করছেন। কিন্তু আপনি দেখতে পাচ্ছেন না, বাংলার উন্নয়নটা কোথায় সংগঠিত হয়েছে। ২০২০-২০২১ সালের জন্য যে বাজেট প্রস্তাব পেশ করা হয়েছে তা অভূতপূর্ব। এই বাজেট বাংলাকে আরও কয়েক কদম বিশ্ববাংলার দিকে এগিয়ে নিয়ে যাবে। আমরা এই বাজেটে দেখেছি তাদের কথা চিন্তা করা হয়েছে যারা স্বাধীনতার সত্তর বছর পরেও অর্থনৈতিকভাবে পিছিয়ে আছে। অর্থনৈতিক গতির সঙ্গে যাঁরা নিজেদেরকে মেলাতে পারেন নি, সেই তপশিলী জাতি-উপজাতিদের কথা বাজেটে বলা হয়েছে। ষাট বছর বয়স, এমন কোন ব্যক্তি SC এবং ST তাদের সবাইকে প্রতি মাসে এক হাজার টাকা করে পেনশান দেওয়া হবে। তপশিলী জাতিদের এই স্কীমের নাম হচ্ছে ‘বন্ধু’ এবং উপজাতিদের স্কীমের নাম হচ্ছে ‘জয় জহার’। এখানে একজন বক্তব্য রাখছিলেন, তাঁর বক্তব্য আমি শুনছিলাম, তিনি বলছিলেন হাউসে নাকি মিথ্যা তথ্য দেওয়া হয়েছে। আমি ওনাকে বলব, আপনি আগামী ছয় মাস পরে দেখে নেবেন যখন স্কীমগুলো বাস্তবায়িত হবে। এখন ডিজিটাল যুগ - তখন নেটে আপনি দেখে নেবেন বাংলার কত এস.সি, এস.টি-র ষাট বয়সের মানুষ পেনশান পেতে শুরু করেছেন। তখন প্রমাণ হবে আপনিই এই সদনে মিথ্যা কথা বলেছেন। আমি আশা করবো আগামী ছয় মাস আপনি সুস্থ থাকুন এই প্রার্থণা ভগবানের কাছে করি।

তাই বলছিলাম, এই কামনা আমি ভগবানের কাছে করি। তাই বলছিলাম, এখানেই শেষ হয় নি, এখানেই শেষ হয় নি। ‘হাসি আলো’, তাদের জন্য, নিম্নবিত্ত মানুষের জন্য - যারা দিন আনে, দিন খায়, যারা রিকশা চালায়, যারা মজুর, যারা মুটে, যারা বিদ্যুতের বিল দিতে পারে না। এই বাজেট বলছে, যাঁরা ৭৫ ইউনিট কারেন্ট কনজামশান করবেন, তাদের কোনো পয়সা দিতে হবে না। এই বাজেট আর একটা দিক আলোকিত করেছে। তাই আমরা এই বাজেটকে সমর্থন করি। ‘আশিকী’, ‘কর্মসাথী’, কি বলা হচ্ছে? আপনারা জানেন প্রতি বছর ৮ - ১০ লক্ষ ছেলে মাধ্যমিক পরীক্ষা দেয়, হায়ার সেকেন্ডারী পরীক্ষা দেয় এবং ৫ লক্ষরও বেশি ছেলে গ্র্যাজুয়েশান কমপ্লিট করে। আপনিও জানেন আমিও জানি। সব ছেলেকে,সব বেকারদের চাকরীর সংস্থান করতে পারবে? কেউ পারবে না। তাই বাংলার মুখ্যমন্ত্রী তাদের বিকল্প রোজগারের জন্য প্রতি

বছর ১ লক্ষ যুবককে ২ লক্ষ টাকা ঋণ এবং উপযুক্ত অনুদান দিয়ে ছোট ব্যবসা এবং ছোট শিল্পে লাগানোর ব্যবস্থা করে দিয়েছেন। তাই আমি এই বাজেটকে সমর্থন করি। এই বাজেট টাকা দিয়েছে কিসে? এই বাজেট প্রভিশানে কী বলা হচ্ছে? কৃষকদের জন্য কী দেওয়া হয়েছে? ৩৪ বছর ক্ষমতায় ছিলেন সুজন বাবুরা যাদের প্রতীক ছিলো কাস্তে – হাতুড়ী – তারা অর্থাৎ কাস্তে তারা কৃষকের প্রতি, আমি সুজন বাবুকে বলবো, ৩৪ বছরে বাংলার কৃষকদের আপনারা কী দিয়েছেন? আগামী দিনে যখন বক্তব্য রাখবেন তখন খুলে বলবেন বাংলার কৃষকদের জন্য ৩৪ বছর আপনার সরকার কী দিয়েছে। আমার মুখ্যমন্ত্রী এখানে ঘোষণা করছেন নিশ্চিত আয় প্রকল্পের মধ্যে দিয়ে, যে প্রতি চাষীকে ৫ হাজার টাকা প্রতি বছর একটা অনুদান দেওয়া হবে তার চাষের জন্য। যার সামান্যতম জমি আছে সেও বছরে ২ হাজার টাকা পাবে। এই নিশ্চিত আয় প্রকল্প বাংলার মুখ্যমন্ত্রী ঘোষণা করেছেন। এই বাজেটে তার জন্য টাকা দেওয়া হয়েছে। তাই এই বাজেটকে আমি সমর্থন করি। এখানেই শেষ নয়। একজন মানুষ যিনি চাকরী করেন, তিনি মারা গেলে হয় তাঁর পরিবারের কেউ চাকরী পান, প্রভিডেন্ট ফান্ডের টাকা পান। কিন্তু একজন কৃষক মারা গেলে কেউ দেখে না, তাকে কেউ দেখে না। মমতা বন্দ্যোপাধ্যায়ের মস্তিষ্কে এসেছিলো, মাননীয় মুখ্যমন্ত্রীর মস্তিষ্কে ঢুকেছিলো একজন কৃষক মারা গেলে তাকে আমরা কী দেবো? ২ লক্ষ টাকা আর্থিক অনুদান তার পরিজনেরা পাবে। ইতিমধ্যেই ৬০ বছরের নীচে কৃষক মারা যান এমন প্রায় ৫ হাজারের কাছাকাছি কৃষক, তারা সেই অনুদান পেয়ে গেছে। তাই আমরা এই বাজেটকে সমর্থন করি। তাই বলছিলাম, যাঁরা এই বাজেটের বিরোধিতা করছেন, কেন বিরোধিতা করছেন, আমার জানা নেই। আমি শুধু বলবো, এই বাজেটকে আপনারা সমর্থন করুন। ৩৪ বছর বামফ্রন্ট ক্ষমতায় ছিলেন, আমরা কী দেখেছি? জ্যোতিবাবু প্রতি বছর একবার জাপান, একবার জার্মানি, একবার ইংল্যান্ড গেছেন, যখন জিজ্ঞেস করা হতো কোথায় যাচ্ছেন? আমি যাচ্ছি শিল্পপতিদের আনতে। ঐ শিল্পপতিদের ডেকে নিয়ে পশ্চিম বাংলায় শিল্প তৈরি করবো। আমি জানি না উনি বার বার গিয়ে কত শিল্পপতি পশ্চিমবাংলায় ধরে আনতে পেরেছিলেন। বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় কোথাও যান না। খালি বলেন আমি গ্লোবাল বিজনেস সামিট করবো। বাংলার পরিবেশকে দেখো, বাংলার অর্থনীতি দেখো, বাংলার বিদ্যুৎ পরিস্থিতি দেখো - দেখে তোমরা এখানে এসো। কেন্দ্রের বাণিজ্য মন্ত্রী সংসদে দাঁড়িয়ে সেদিন ঘোষণা করেছেন, ২২ হাজার কোটি টাকা বিদেশী বিনিয়োগ পশ্চিম বাংলায় হয়েছে। অস্বীকার করতে পারবেন? দেখতে পাচ্ছেন না সুজন বাবুরা। দেখতে পাচ্ছেন না মার্কসিস্ট কমিউনিস্ট পার্টির নেতারা। আমাদের সময় নেই, শুধু বলবো, এই বাজেটকে যারা সমর্থন করছেন না, কেন করছেন না জানিনা, যাঁরা সাম্প্রদায়িক শক্তিকে উস্কানী দিচ্ছেন তাঁরা এই বাজেটকে সমর্থন করছেন না। তাঁরা জানেন মমতা বন্দ্যোপাধ্যায় পৃথিবীর এক নম্বর মানুষ হতে পারেন, কোনদিন নোবেল পুরস্কার পেয়ে যেতে পারেন, মমতা বন্দ্যোপাধ্যায়ের বিরোধিতা করার জন্য আপনারা এই বাজেটের বিরোধিতা করছেন। তাই বলছিলাম বিরোধিতা করে কিছু করতে পারবেন না।

....(এই সময় লাল বাতি জ্বলে ওঠে)....

কোন সাম্প্রদায়িক উস্কানি বাংলায় দিতে পারবেন না, কারণ এই বাংলা স্বামী বিবেকানন্দের বাংলা, এই বাংলা রবীন্দ্রনাথের বাংলা, এই বাংলা নজরুলের বাংলা, এই বাংলায় হিন্দু-মুসলমান ভাগ করা যাবে না।

.....(এই সময় মাইক বন্ধ হয়ে যায়).....

..........(এই সময় প্রেস গ্যালারিতে দুইজন journalistকে মোবাইল ফোন ব্যবহার করতে দেখা যায়)........

মিঃ স্পীকার : Madam Journalist, on the live you are using mobile phone and you are also using mobile phone. প্লীজ, আপনারা দুইজনে আপনাদের মোবাইল ফোন আমার অফিসে জমা দিয়ে যাবেন।

কালকে কোনো মেনশান কেস হবে না, কালকে কোনো মেনশান কেস নেওয়া হবে না।

Adjournment

The House was then adjourned at 4.41 p.m. till 11.00 a.m. on Saturday, the 15th February, 2020 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Saturday, the 15th February, 2020 at 11:00 a.m.

P R E S E N T

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 11 Ministers-in-Charge, 11 Ministers of State and 145 Members.

[11:00 – 11:10 a.m.]

General Discussion on Budget

Mr. Speaker : মাননীয় সদস্যগণ, আমি আপনাদের সবার কাছে আবেদন করবো যে, এই অধিবেশনে আজকে পাঁচ ঘণ্টার সময়সীমা নির্ধারণ করা হয়েছে, আলোচনায় অংশগ্রহণ করার সময় কিছু অপ্রীতিকর শব্দ যেন কেউ না ব্যবহার করেন। গতকালও আমরা দেখেছি এই ধরণের হয়েছে এবং তার আগেও হয়েছে। সে যেই করুন কেন, এটা বাঞ্ছনীয় নয়। আমাদের বিধানসভার শৃঙ্খলা এবং মর্যাদা রক্ষার ক্ষেত্রে আমরা যদি দৃষ্টান্ত, বিশেষ করে সিনিয়ার মেম্বাররা দৃষ্টান্ত রাখতে না পারেন তাহলে এই প্রবণতা বাড়তেই থাকবে। এটা আদৌ বাঞ্ছনীয় নয়। আমাদের বিশেষ করে Rules of Procedure and Conduct of Business তাতে Rule 325-এ পরিষ্কার করে বলা রয়েছে আমাদের কী কী follow করতে হবে এবং তাতে আমি একটাই শুধু বলে দেব Rule 325(i) Shall not read any book, newspaper or letter except in connection with the business of the House; and (ii) shall not interrupt any member while speaking by disorderly expression or noises or in any other disorderly manner; তাছাড়া আরও অনেকগুলো রয়েছে আপনারা দেখে নেবেন। এটা মনে হয় এর আগেও আমরা সবাই অনেক আলোচনা করেছি। এটা হওয়াটাই বাঞ্ছনীয়। সুতরাং আজকে যে আমাদের পাঁচ ঘণ্টা আলোচনা সেই আলোচনায় আমি সবার কাছে অনুরোধ করবো যে, সবাই যেন আমরা খুব discipline maintain করে আলোচনায় অংশগ্রহণ করতে পারি। আর relevant আলোচনা হওয়াটাই বাঞ্ছনীয়। এইটুকুই আমি বলবো।

Shri Shankar Malakar : ...(not present)...

Shri Kalipada Mondal : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের পশ্চিমবঙ্গ সরকারের ভারপ্রাপ্ত অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র ২০২০-২১ আর্থিক বছরের বাজেট বিবৃতি গত ১০ই ফেব্রুয়ারি ২০২০ দিয়েছেন। আমি তাকে পূর্ণ সমর্থন করে বক্তব্য রাখছি। স্যার, গতকাল থেকে বাজেট বিতর্ক শুরু হয়েছে। শাসক দল এবং বিরোধী দলের প্রায় চৌদ্দজন, পনেরজন বক্তা বক্তব্য

রেখেছেন। বিরোধী দলের বক্তাও বক্তব্য রেখেছেন। আমার যতটুকু মনে হয়েছে বিরোধী দলের বক্তব্য শুনে, কেবলমাত্র কয়েকটি কথার জাগলারি, ভাষার জাগলারি এবং অঙ্ক শাস্ত্রের জাগলারিতে সভাকে বিভ্রান্ত করার তাঁরা চেষ্টা করেছেন। মাননীয় সুখবিলাশ বাবুও বক্তব্য রেখেছেন। ভালো লেগেছিল প্রথমটা যে, তিনি মাননীয়া মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানিয়েছিলেন। তফশিলি সম্প্রদায় এবং আদিবাসী মহিলা এবং বৃদ্ধা বা যাঁরা আছেন, যেহেতু তিনি এ্যাডমিনিস্ট্রেটিভ মিটিং-এ কথাটা তুলেছিলেন, আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মর্যাদা দিয়ে এবং তাঁর কথাটা রক্ষা করে তাদের বার্ধক্য ভাতার ব্যবস্থা করেছেন। খুবই সুখের কথা। তিনি ধন্যবাদ জানিয়েছেন। পরবর্তী পর্যায়ে দেখলাম, প্রায় পনের মিনিট তিনি আদিবাসী এবং এ সম্বন্ধে বক্তব্য রেখেছেন। দেখলাম, ৮০ পার্সেন্ট হিসাব অনুযায়ী বার্ধক্য ভাতা পেয়ে থাকে আদিবাসী এবং তফশিলি সম্প্রদায়ভুক্তরা।

এবং যে বরাদ্দ রাখা হয়েছে তাকে কটাক্ষ করা হয়েছিল, আমাদের মাননীয় বিত্ত মন্ত্রীকেও, যে এত টাকা কী হবে। তা আমি বলে রাখি শূন্য ঘাটতি বাজেট, যদি দপ্তরের টাকা বেশি হয়ে থাকে তাহলে ঘাটতির পরিমাণ তো কমে যাবে। এ তো সহজ অঙ্ক, অসুবিধা কী? এই নিয়ে এত বিতর্কের কী আছে? টাকা যদি না খরচ হয়, হতে পারে কিন্তু ধরা হয়েছে। তা আমি স্যার একটা কথা বলি, মনীষীরা বলেন Discipline makes one perfect, discipline makes the nation great, discipline leads to prosperity. তাই আমার মনে হয় আমাদের সকলের ধন্যবাদ জানানো উচিৎ। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীর নির্দেশে বিত্ত মন্ত্রী ডক্টর অমিত মিত্রের পান্ডিত্য এবং জ্ঞানের যে প্রতিফলন ঘটেছে বাজেটের মধ্যে তার একমাত্র চাবিকাঠি হচ্ছে শৃঙ্খলাপরায়ণ অর্থনীতি। এই শৃঙ্খলাপরায়ণ অর্থনীতির ফলেই কিন্তু এত উন্নয়ন এবং সাধারণ শ্রেণির মানুষ থেকে মধ্যবিত্ত, জন্ম থেকে মৃত্যু পর্যন্ত পরিষেবা পেয়ে আসছে। মাননীয় অর্থ মন্ত্রী ২০২০-২১ সালে যে বাজেট বরাদ্দ পেশ করেছেন তা এককথায় জনমুখী এবং শৃঙ্খলাপরায়ণ বাজেট। অর্থনীতির শৃঙ্খলার মধ্যে থেকেই তিনি বাজেট পেশ করেছেন। কেন্দ্রেও একটা সরকার চলছে আমরা দেখছি। কিন্তু আমরা দেখছি অর্থনৈতিক বিশৃঙ্খলার ফলে কেন্দ্র আজ বিপর্যস্ত হয়ে পড়ছে। কেন্দ্রের বাজেটে লক্ষ্য করা যায়, সাধারণতঃ বাজেটের সময় সাধারণ মানুষ থেকে আরম্ভ করে সকল মানুষের লক্ষ্য থাকে যে কর পরিকাঠামো কী রকম হবে। কেন্দ্র যে কর পরিকাঠামো করেছে তার মধ্যে একটা jugglery-র আশ্রয় নেওয়া হয়েছে। এটা দেওয়া যেতে পারে ওটাও দেওয়া যেতে পারে। Lollypop দেখিয়ে করদাতাদের pocket থেকে টাকা কাটার এই যে বিভ্রান্তিমূলক নীতি, সিদ্ধান্ত নিয়ে চলেছে ঐ সরকার তার ফলে অর্থনীতি মুখ থুবড়ে পড়েছে। আমরা দেখেছি স্যার demonetization. এর ফলে কালো টাকা উদ্ধার তো দূরের কথা সাধারণ শ্রেণির মানুষ থেকে মধ্যবিত্ত পর্যন্ত মুখ থুবড়ে পড়েছে। বেকারত্ব বেড়েছে। অনেককে চাকরী হারাতে হয়েছে। কলকারখানা বন্ধ হয়ে গেছে। দ্বিতীয়ত, হঠকারি সিদ্ধান্ত GST চালু হওয়ার ফলে সমগ্র দেশে আঘাত এসেছে। মূল্যবৃদ্ধি হয়েছে। সারা দেশে GST-তে ৪৪ হাজার কোটি টাকার বেশি জালিয়াতির কথা সংসদে মানতে বাধ্য হয়েছেন। এটা খুব লজ্জার বিষয়, দুঃখের বিষয় এবং পরিতাপের বিষয়। এগুলো সবই অর্থনৈতিক বিশৃঙ্খলার ফল এবং তা ঘটেছে।

স্যার, ভারতে যেখানে শিল্পবৃদ্ধির হার দশমিক ৬ পার্সেন্ট সেখানে আমি গর্বের সঙ্গে বলতে পারি বাংলায় শিল্পের বৃদ্ধির হার ৩.১ পার্সেন্ট ; প্রায় ৫ গুণ। এটা গর্বের কথা। কেন্দ্রে যখন GDP বৃদ্ধির হার 5% তখন বাংলায় GDP বৃদ্ধির হার ১০.৪ পার্সেন্ট। অতএব, বাংলাই দিশা দেখাচ্ছে কী-ভাবে অর্থনৈতিক বিপর্যয়ের মধ্যে থেকেও অর্থনৈতিক গ্রোথকে এগিয়ে নিয়ে যাওয়া যায়। প্রতি বছরই কেন্দ্রের এক-একটা হঠকারী সিদ্ধান্তের ফলে আমরা দিশাহারা হয়ে পড়ছি। আমাদের মাননীয় অর্থ মন্ত্রী বিভিন্নভাবে করদাতাদের সুযোগ-সুবিধা দিয়ে তাঁদের প্রতি সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছেন। অর্থনৈতিক শৃঙ্খলা মেনে নিয়ে মানুষ উপকৃত হচ্ছেন, পথ খুঁজে পাচ্ছেন। সহযোগিতার হাত তাঁরাও বাড়িয়ে দিচ্ছেন সানন্দে যার ফলে আমাদের অর্থনৈতিক পরিকাঠামো কিন্তু উন্নত হচ্ছে।

[11:10 – 11:20 a.m.]

স্যার, ২০১৮-১৯ সালে রাজস্ব ঘাটতি ধরা হয়েছিল সাত হাজার পাঁচশো চব্বিশ কোটি টাকা। বাস্তবে দাঁড়িয়েছে দশ হাজার তিনশো আটানব্বই কোটি টাকা যা জিএসডিপি-র দশমিক নয় শতাংশ। মূলধনী ব্যয় ধরা হয়েছিল চব্বিশ হাজার চারশো বারো কোটি টাকা। প্রকৃত মূলধনী ব্যয় ধরা হয়েছে তেইশ হাজার সাতশো তেরো কোটি টাকা। রাজস্ব আয় ধরা হয়েছিল এক দশমিক চার সাত লক্ষ কোটি টাকা। রাজস্বে আদায় হয়েছে এক দশমিক চার ছয় কোটি টাকা। সার্বিকভাবে দেখা যাচ্ছে একটা সমান্তরালভাবে সুন্দর একটা বিন্যাসের মধ্য দিয়ে কিন্তু আমাদের অর্থনীতি চলেছে। ২০১৯-২০ অর্থবর্ষে রাজস্ব আয় হয়েছিল এক কোটি ৬৪ লক্ষ ৩২৭ কোটি টাকা। সংশোধিত বাজেটে ধরা হয়েছিল এক কোটি ৬৩ লক্ষ ২৫৯ কোটি টাকা। রাজস্ব আদায় অপরিবর্তিত রয়েছে। মূলধনী ব্যয় করা হয়েছিল ২৬ হাজার ৬৬৯ কোটি টাকা, সংশোধিত বাজেটে ধরা হয়েছে ২৬ হাজার ৮৭০ কোটি টাকা যেটা একটা শৃঙ্খলাপরায়ণতার লক্ষণ বলে আমরা মনে করি। ২০২০-২১ সালে বাজেটে যদি দেখি এই বাজেটে মোট ব্যয় ধরা হয়েছে ২ লক্ষ ৫৫ হাজার ৬৭৭ কোটি টাকা যেটা সংশোধিত বাজেটে আদায় ধরা হয়েছে এক দশমিক ছয় তিন লক্ষ কোটি টাকা। এবং আগামী বছর রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে এক দশমিক সাত নয় লক্ষ কোটি টাকা যেটা বাস্তবে সম্ভব বলে আমরা অতীতের ইতিহাস থেকে অনুভব করতে পারি, আমরা সিদ্ধান্ত নিতে পারি। ক্রমাগত দেখা যাচ্ছে ঋণের ৭৫ ভাগের খরচ হচ্ছে মূলধনী খাতে। বিগত বছরগুলির থেকে দেখা যায় রাজ্যের অর্থনীতি একটা শৃঙ্খলার মধ্যে দিয়ে চলেছে। মাননীয় অর্থ মন্ত্রী একগুচ্ছ নতুন প্রকল্প বঙ্গবাসীকে উপহার দিয়েছেন এবং যার দ্বারা সাথে সাথে কত জন মানুষ বা উপভোক্তা উপকৃত হবেন তারও একটা দিশা দেখাতে তিনি সমর্থ হয়েছেন। ‘বন্ধ’ প্রকল্প তপসিলি জাতির জন্য যে প্রকল্প ৬০ বছর বয়সের উর্ধে বার্ধক্য ভাতা দেওয়া হবে, বরাদ্দ হয়েছে পাঁচশো কোটি টাকা, বলা হয়েছে ২১ লক্ষ উপভোক্তা পাবেন। ‘বাংলাশ্রী’ মাঝারি শিল্প ক্ষেত্রে উৎসাহ প্রকল্পে বরাদ্দ একশো কোটি টাকা। ‘কর্মসাথী’ - বেকারদের সহজ শর্তে ঋণ এবং তাদের বিভিন্নভাবে আবেদনের ভিত্তিতে তাদেরকে পাঁচশো কোটি টাকা বরাদ্দ করা হয়েছে এবং যেটা তিন বছরের জন্য প্রতি বছর এক লক্ষ করে তিন বছরে তিন লক্ষ টাকা পাবেন।

বিনামূল্যে সামাজিক সুরক্ষা প্রকল্প এটা একটা মহৎ প্রকল্প। যেটা ৩০ টাকা এবং ২৫ টাকা - সরকার দিত ৩০ টাকা ২৫ টাকা উপভোক্তা মোট ৫৫ টাকা, সেটা এখন সরকারই দেবেন। 'হাসির আলো' ৭৫ ইউনিট বিদ্যুৎ খরচ যাদের, তাদের জন্য বরাদ্দ হয়েছে দুশো কোটি টাকা। তাদেরকে দিতে হবে না, এতে উপকৃত হবেন ৩৫ লক্ষ মানুষ। 'জয় জওহর' প্রকল্পের মাধ্যমে আদিবাসী সম্প্রদায়ের মানুষদের জন্য বার্ধক্য ভাতা ঘোষণা করা হয়েছে। চার লক্ষ আদিবাসী মানুষ উপকৃত হবেন, বরাদ্দ হয়েছে পাঁচশো কোটি টাকা। এছাড়া 'চা-সুন্দরী' গৃহহীন চা বাগান এবং যাদের জন্য বাসস্থান নির্মাণ করা হবে, বরাদ্দ হয়েছে পাঁচশো কোটি টাকা। দু বছরের জন্য চা শিল্পে কৃষি ঋণ মুকুব করা হয়েছে। এ ছাড়া কর ব্যবস্থা, কর বিবাদী নিষ্পত্তির জন্য বেশ কিছু ছাড় দেওয়া হয়েছে যার ফলে মানুষ কিন্তু উৎসাহিত হবেন। যেখানে পাঁচ থেকে সাত শতাংশ কর ধার্য ছিল সেখানে দশমিক পাঁচ শতাংশ কর ধার্য হয়েছে এবং উর্দ্ধসীমা বেঁধে দেওয়া হয়েছে তিন লক্ষ টাকা। এ ছাড়া বেতন ও পেনশান খাতে বাজেট বরাদ্দ বৃদ্ধি করা হয়েছে। ২০১৯-২০ তে বেতন খাতে ছিল ৪৬ হাজার ৬০৭ কোটি টাকা। ২০২০- ২১ এ বর্ধিত হারে সেটা ধরা হয়েছে ৫২ হাজার ৯০৪ কোটি টাকা। ২০১৯ এবং ২০ তে পেনশান ও অন্যান্য অবসরকালীন প্রাপ্য মেটাতে বরাদ্দ ছিল ১৫ হাজার ৯০৬ কোটি টাকা ২০২০-২১ এ সেটা হয়েছে ২০ হাজার ৮৪৪ কোটি টাকা।

এ ছাড়া জনমুখী যেসব প্রকল্পগুলো অতীতে পরিষেবা দিয়ে আসছিল যেমন কৃষিবন্ধু, মৃত্যুকালীন, কৃষকদের সুনিশ্চিত আয় প্রকল্প, বাংলার শষ্যবীমা স্কিম, কন্যাশ্রী, রূপশ্রী, স্বাস্থ্যবীমা, খাদ্যসাথী, সবুজশ্রী এবং যুবশ্রী, শিক্ষাশ্রী, যুবশ্রী, বৈতরণী, গতিধারা এই যে পুরানো বহুমুখী প্রকল্পগুলি আছে জলধরো জলভরো, মৎস্যজীবিদের জন্য বার্ধক্য ভাতা সার্বিকভাবে দেওয়া হয়েছে। আজকে বাংলা ১০০ দিনের কাজে, ক্ষুদ্র শিল্পে, গ্রামীণ গৃহ নির্মাণে, গ্রামীন রাস্তা, মাইনরিটি স্কলারশিপ স্কিম ডেভলপমেন্টে, ই.ও.ডি.বি. এবং অন্যান্য ৬টি জায়গায় প্রথম স্থান অধিকার করে আছে। আমার স্যার, দীর্ঘদিন অভিজ্ঞতা থেকে মনে হয় আমি ২০০১ সালে যখন প্রথম আসি, প্রথম বাজেট বইতে দেখেছিলাম যেটা খুব হাস্যকর, জাগলারি বলে মনে হয়। এ বছর বন্যার প্রভাবে ৮০% ফসল নষ্ট হয়ে গেছে। পরের পৃষ্ঠায় লেখা হচ্ছে এবারে ফসলের বৃদ্ধির হার আশাতীতভাবে বৃদ্ধি পেয়েছে। স্যার, ৮০% ফসল নষ্ট হল আর ফসল বৃদ্ধির হার বেড়ে গেল। এই ধরনের বাজেট আমরা কিন্তু দেখেছি। যাই হোক, ব্রাইট সাইট আর ডার্ক সাইট দুটো জিনিস আছে। বিরোধীরা ডার্ক সাইট নিয়ে আলোচনা করছেন। ব্রাইট সাইটটা দেখছেন না। ব্রাইট সাইটটা যদি দেখতেন তাহলে মতাদর্শগতভাবে মানুষের কাছে পৌঁছাতে পারতেন। আজকে দিল্লিতে বিজেপি সরকার হেরে গেছে আপনাদের কতই না আনন্দ। কি আনন্দ, কি আনন্দ, আনন্দ আর ধরে না কিন্তু আপনারা বিশ্লেষণ করেন না যে আমাদের ৬২টি সিটে জমানত জব্দ হয়ে গেল, উপ-নির্বাচনে ৩ জনের জমানত জব্দ হয়ে গেল। যার ফলে মানুষের থেকে কিন্তু বিচ্ছিন্ন হয়ে গেছেন। মাননীয় বিত্ত মন্ত্রীর এই বাজেটকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী রামশঙ্কর হালদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে রাজ্যের ভারপ্রাপ্ত অর্থমন্ত্রী মাননীয় ডঃ অমিত মিত্র মহাশয় গত ১০ই ফ্রেবুয়ারি আমাদের রাজ্যের ২০২০-২১ সালের যে বাজেট বরাদ্দ ২ লক্ষ ৫৫ হাজার ৬৭৭কোটি টাকা পেশ করেছেন। স্যার, আমি বাজেট বিতর্কে অংশগ্রহণ করে বলতে চাই, গত একদিন ধরে অপজিশান থেকে যে সমস্ত আলোচনাগুলো হয়েছে, অনেকেই বলেছেন আমি তাঁদের সাথে সহমত পোষণ করে বলতে চাই এই বাজেট বিভ্রান্তিমূলক,তথ্যের জাগলারি এবং এটা দিশাহীন বাজেট। স্যার, আপনার বাজেট ভাষণটা পড়তে পড়তে ভালই লাগছিল। দুটো সরকার বাজেট পেশ করেছে কেন্দ্রের সরকার এবং রাজ্যের সরকার। ওদের যে বাজেট সেই বাজেট হল বেচে দেওয়ার বাজেট। সে বীমা থেকে শুরু করে ব্যাঙ্ক যা কিছু সবটাই বিক্রি করা, বেসরকারীকরণ করা। আর এখানকার বাজেট হচ্ছে ঋণ করার, দেনা করার বাজেট। ২০১১ সালে ১ লক্ষ ৯২ হাজার কোটি টাকা দেনা, আর এখন আপনাদের কত ? এখন সব মিলিয়ে পৌনে পাঁচ লক্ষ কোটি টাকার দেনা। ২০২১ সাল পর্যন্ত দেনা হবে ৩ লক্ষ কোটি টাকা। তাহলে আপনাদের ১০ বছরে দেনা হবে ৩ লক্ষ কোটি টাকা। আর ৬৪ বছরে কংগ্রেস আর বামফ্রন্ট মিলিয়ে দেনা ছিল ১ লক্ষ ৯২ হাজার কোটি টাকা। এই গল্প আর কত শোনাবেন। তাহলে এটা দেনা করার সরকার। দেনা দেনা করে শেষ করে দিয়ে যাচ্ছেন। স্যার, গত বাজেটে প্রার্থক্য যেমন আছে মিলও তেমন আছে। ওদের যেমন রাম নবমী করে, আর আপনারা জগন্নাথ মন্দির করেন। ওরা রাম নবমী করে, আর আপনারা হনুমান জয়ন্তী করেন।

[11:20 – 11:30 a.m.]

ওদের সঙ্গে আপনাদের পার্থক্য কোন জায়গায় ? ওরা হিন্দু-মুসলমান করে, ওরা সংখ্যালঘু নিয়ে বিতর্ক তৈরি করে সরাসরি। আর আপনারা আদিবাসী, তপশিলী - এই সব নিয়ে শুরু করেন। আপনারা সুকৌশলে এগুলো করছেন। স্যার, গত বাজেটে মাননীয় অর্থমন্ত্রী বলেছিলেন কৃষকের আয় তিন গুণ বেড়েছে। অবশ্য কেন্দ্র দু'গুণ বলেছিল, আপনারা বলেছেন তিন গুণ। কেন্দ্রের থেকে এক গুণ চড়া। গত বছর কৃষি বাজেটে বরাদ্দ হয়েছিল ৬ হাজার ৮৬ কোটি টাকা। আর বর্তমান বছরের বাজেট বরাদ্দ ৫৮৬০ কোটি ৫৭ লক্ষ টাকা। স্যার, বাংলার কৃষকরা কি স্বাবলম্বী হয়ে গেছে ? বাস্তব কি এটা ? কৃষি উৎপাদনের যন্ত্রাংশ থেকে শুরু করে সার, কীটনাশক, বিদ্যুৎ, পেট্রোপন্য - সব জিনিসের দাম বাড়ছে। কৃষকদের উৎপাদন খরচ বাড়ছে। আর আপনার কৃষক এখানে স্বাবলম্বী হয়েছে, তিন গুণ দাম বেড়ে গেছে। আলু চাষীরা চার টাকা করে আলু বিক্রি করে। ধান চাষীরা হাজার থেকে এগারোশো টাকা কুইন্টাল করে ধান বিক্রি করে। আর আপনার সরকার তো ঘোষণা করছে। কিন্তু বাস্তবটা কি ? গ্রামের কৃষকরা এখন ধান বিক্রি করে কত টাকায় ? হাজার থেকে এগারোশো টাকার বেশি বিক্রি করতে পারে না। একজন কৃষক যদি দশ কুইন্টাল ধান উৎপাদন করে আপনার সরকারের ঘোষিত নীতি অনুযায়ী অন্ততঃ সাত হাজার টাকা তার লস হচ্ছে। আর আপনি দিচ্ছেন আড়াই হাজার, তিন হাজার, চার হাজার, পাঁচ হাজার টাকা। আপনারা সামাল দিচ্ছেন, কিন্তু কৃষকের লাভ কোথায় ? কেন আপনারা স্বামীনাথন কমিশনের রিপোর্ট কার্যকরী করবেন না ? দেশের একটা সরকার, কেরালার সরকার, বাম

সরকার পারে, স্বামীনাথন কমিশনের রিপোর্ট কার্যকরী করতে পারে। আপনারা কেন পারবেন না ? আপনারা করেন নি। কৃষক যাতে তার ফসলের ন্যায্য মূল্য পায় তার ব্যবস্থা করুন, তা করছেন না। অসহায় কৃষক তারা খরচের চাষ ছেড়ে দিয়ে পরিযায়ী শ্রমিক হিসাবে রাজ্য ছেড়ে অন্য জায়গায় চলে যাচ্ছে। লক্ষ লক্ষ কৃষক কাজের জন্য অন্য রাজ্যে চলে যাচ্ছে। আর আমাদের রাজ্যে পঞ্চায়েতে একশো দিনের কাজ, আমি কয়েকদিন আগে মাননীয় পঞ্চায়েত মন্ত্রীকে প্রশ্ন করেছিলাম কত জব কার্ড হোল্ডার আছে ? উনি বলতে পারলেন না যে কত পার্সেন্টেজ কাজ করে। পঞ্চায়েত মন্ত্রী সযত্নে এড়িয়ে গেলেন। আমরা জানি একটা গ্রাম পঞ্চায়েতে চার হাজার কার্ড থাকলে সেখানে চারশো কার্ডে কাজ হয়। সেই কার্ডগুলো পঞ্চায়েতের প্রধান, পঞ্চায়েতের নেতাদের পকেটে থাকে। তাদের আত্মীয়-স্বজন, তাদের ছেলে-মেয়েরা পড়াশোনা করে, স্কুলে যায়,তাদের নামেই জবকার্ড, একশো দিনের কাজ হয়। এই একশো দিনের কাজ চারশো কার্ডে হয়, বাকি কার্ডে হয় না। আমি পার্সেন্টেজ জিজ্ঞাসা করেছিলাম মন্ত্রীকে। গোটা রাজ্যটাই এই ভাবে চলছে। আপনি তো হিসাব দিচ্ছেন ভালই চলছে, ভালই চলছে, প্রচারের আলোয় ভাল চলছে। কিন্তু বাস্তবটা দেখুন, পঞ্চায়েত ব্যবস্থায় বাস্তবটা কোথায়, সব তো লুঠ হয়ে যাচ্ছে। আপনি এখানে হিসাব দেখিয়েছেন, খরচ কমিয়েছেন, খাদ্য প্রক্রিয়াকরণ দপ্তর, গত বছর ছিল ১৯০ কোটি টাকা, এই বছর করেছেন ১৮৫কোটি টাকা। মৎস্য দপ্তর - গত বছর ছিল ৪৫২কোটি টাকা, এই বছরে ১১২ কোটি টাকা কমিয়ে করলেন ৩৪০কোটি টাকা। সেচ ও জলপথ দপ্তর - ৩১৮৫কোটি টাকা গত বছর ছিল, এই বছরে করলেন ২৮২০ কোটি টাকা। তাহলে কৃষি সংক্রান্ত, উৎপাদন সংক্রান্ত রাজ্যে এই দপ্তরগুলোতে আপনি সব কমালেন। আর আপনি বলছেন আমার সাফল্য, গোটা রাজ্য জুড়ে আমার সাফল্য। আর কালীপদবাবু বললেন যে সাফল্যের একদম দোরগোড়ায় যাচ্ছেন। উনি নিঃসন্দেহে পন্ডিত মানুষ, কিন্তু রাজ্যের মানুষের বাস্তবতাটা কোথায় ? আমি দেখলাম মৎস্য দপ্তর, সুন্দরবন এলাকায় মৎস্যজীবীদের বোট পরিবেশের জন্য চলতে দেওয়া যাবে না, অথচ প্রতিদিন শয়ে শয়ে পর্যটনের বোটগুলো চলছে, পুলিশ প্রশাসনের সমস্ত বোটগুলো চলছে। আর হাজার হাজার মৎস্যজীবী পরিবারের জীবন আজ বিপন্ন। মাছ তো বাইরের রাজ্য থেকে আমদানি করতে হয়, আপনি কি স্বয়ংসম্পূর্ণ হয়েছেন ? তাহলে ১১২কোটি টাকা কেন আপনি মৎস্য দপ্তর থেকে বাতিল করলেন ? আর সিডিউল্ড কাস্ট এবং সিডিউল্ড ট্রাইবদের জন্য আপনি ঘোষণা করলেন। ওবিসিদের জন্য ঘোষণা করলেন না কেন ? সংখ্যালঘু নাই বা বললেন, সংখ্যালঘু বললে অসুবিধা হচ্ছে, নাই বা বললেন, কিন্তু ওবিসি তো খ্রীষ্টান আছে, ওবিসি তো নাপিত আছে, ওবিসি তো হিন্দু সম্প্রদায়ের মধ্যেও আছে।

তাদের কি ৬০ বছর হয়নি ? তাদের বললেন না কেন? আমি মনে করি এই বাজেট সম্পূর্ণ বিভ্রান্তমূলক বাজেট। এই বাজেট হচ্ছে জনস্বার্থ বিরোধী বাজেট। এই বাজেটকে কোন সমর্থন করা যায় না। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি স্যার।

শ্রী পরশ দত্ত : মাননীয় অধ্যক্ষ মহোদয় ২০২০-২১ সালে যে বাজেট পেশ করা হয়েছে তার সমর্থনে কয়েকটি কথা বলবার জন্য দাঁড়িয়েছি। স্যার, ঠিকই বলেছেন ডঃ মিত্র আমাদের

বিত্ত মন্ত্রী। ট্যাক্সেসনের চাপে পড়ে জনজীবন আজ বিপর্যস্ত। দেশের কৃষককুল আজ বিধস্ত। মহারাষ্টের মতন রাজ্যে একের পর এক কৃষক আত্মহত্যা করেছে এবং সেটা রেকর্ড হয়ে আছে। স্যার, ডেমোক্রেসির ইনডেক্সে ভারতবর্ষ ৫১তম স্থানে উপস্থিত হয়েছে, অথচ পৃথিবীর সবচেয়ে বড় গণতন্ত্র রাষ্ট্র হচ্ছে ভারতবর্ষ। সেখানে যদি গণতন্ত্রের এই হাল হয় তাহলে বুঝতেই পারছেন দেশের অবস্থাটা কতটা করুন স্যার, জি.ডি.পি., বৃদ্ধির হার সারা দেশে ৫% ,সেখানে দাঁড়িয়ে পশ্চিমবঙ্গ এত অসুবিধার মধ্যে থেকেও ১০ শতাংশের উপরে। স্যার, শিল্প বৃদ্ধির হার সারা ভারতবর্ষে ০.৬ শতাংশ আর পশ্চিম বাংলায় ৩.১%। বিগত আট বছরে বাংলায় ২২ হাজার ২৬৬ কোটি টাকা বিদেশি বিনিয়োগ হয়েছে। এটা আমার কথা নয় বা আমাদের অর্থ মন্ত্রীর কথা নয়। এটা সংসদে কেন্দ্রীয় বাণিজ্য মন্ত্রী বলেছেন। পাঁচ-পাঁচটা গ্লোবাল সামিট সাফল্যের সঙ্গে অনুষ্ঠিত হয়েছে। এখানে বিদেশি বিনিয়োগ এসেছে ৪.৪৫ লক্ষ কোটি টাকা। শুধু আসেনি, রূপায়িত হয়েছে। স্যার, ক্ষুদ্র মাঝারি শিল্পে বাণিজ্যিক ব্যাঙ্ক ও সমবায় ব্যাঙ্কগুলি ২৩ হাজার ৪১৯ কোটি টাকা ধার দিয়েছে। ধার শুরু করেনি, ধার দিয়েছে। কেন্দ্রের পুরনো ঋণ শোধ করেও বিভিন্ন সামাজিক প্রকল্প রূপায়িত হচ্ছে যার জন্য গত আট বছরে প্রায় ৪০% বেকারত্ব কমেছে। এ দিক থেকে দেখতে গেলে ভারতবর্ষের বেকারত্ব ৪০ বছরে সবচেয়ে বেহাল। স্যার, ক্ষুধার সূচকে ভারতবর্ষ বাংলাদেশ, পাকিস্থান এবং নেপালের থেকে পিছিয়ে গেছে। স্যার, এই বাংলার এক কবি লিখেছিলেন - 'ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময়, পূর্ণিমার চাঁদ যেন ঝলসানো রুটি'। কবির এই কল্পনাকে বাস্তবে রূপায়িত করেছেন কেন্দ্রের মোদী সরকার। লজ্জাও করে না, এর পরে তাঁরা চিৎকার করে নানান কথা বলেন, উন্নয়নের বুলি শোনান। স্যার, দেশে কি খাদ্যশস্যের অভাব হয়েছে ? প্রোডাকশান কম হয়েছে ? তা তো নয়। তাহলে কী হচ্ছে ? এক একটা সময়ে এক একটা খাদ্যদ্রব্য কুক্ষিগত করে একদল ব্যবসায়ী কৃত্রিম অভাব সৃষ্টি করে বাজারে দাম বাড়াচ্ছে।

[11:30 – 11:40 a.m.]

এই কদিন আগে হয়ে গেল পেঁয়াজের দাম। এমন অবস্থা হয়েছিল যে পেঁয়াজ বাজারে গিয়ে কিনতে হত না। আমরা জানি পেঁয়াজ কিনে কাটতে গেলে চোখে জল আসে। এমন অবস্থা করে দিয়েছিল কেন্দ্রীয় সরকারের সহযোগিতায় এই ব্যবসায়ীরা যে পেঁয়াজ দেখলেই চোখে জল আসত, কেনা তো দুরস্থ। আর এই ব্যবসায়ীরা কেন্দ্রীয় সরকারের লোক ওমুকদা, ওমুকজি, ওমুক ভাই, ওমুক বেহেন এইসব বানিয়ে রেখেছিলেন। স্যার, পশ্চিমবঙ্গ সরকারের মুখ্যমন্ত্রী এবং অর্থ মন্ত্রী এই সভাতে বলেছেন যে, পশ্চিমবঙ্গের পাওনা প্রায় ৫০ হাজার কোটি টাকা কেন্দ্রীয় সরকার দেয়নি। কেন দেয়নি জানি না এবং না দেওয়ার কি অধিকার তাদের আছে তাও জানি না। স্যার, বিভিন্ন প্রকল্পের মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকার মানুষের পাশে দাঁড়িয়েছেন এবং মানুষের পাশে দাঁড়িয়ে বিশেষ করে মধ্যবিত্ত, নিম্নবিত্ত এই মানুষদের জীবনযাপনের যে অসুবিধা কেন্দ্রীয় সরকারের ভ্রান্ত নীতির ফলে তৈরি হয়েছে, সেই অসুবিধার মধ্যে দাঁড়িয়ে থেকে তাদের কিছুটা স্বস্তি দেওয়ার চেষ্টা করছেন। কন্যাশ্রী, খাদ্যসাথী, রূপশ্রী, সবুজসাথী, স্বাস্থ্যসাথী ইত্যাদি নানা প্রকল্পের মাধ্যমে মানুষকে কিছুটা স্বস্তি দেওয়ার চেষ্টা করেছেন। পশ্চিম বাংলায় কর

কাঠামো re -organised করে অর্থ মন্ত্রী বিভিন্ন খাতের জন্য টাকা জোগাড় করতে পেরেছেন। জন্ম থেকে মৃত্যু অবধি প্রতিটি ক্ষেত্রেই, প্রতিটি ধাপে মানুষকে সহায়তা দেওয়ার চেষ্টা করেছেন এই পশ্চিমবঙ্গ সরকার। এটাই তো কল্যাণকর রাষ্ট্রের নমুনা। ওয়েলফেয়ার স্টেট সেটাই যেটা মানুষের ওয়েলফেয়ারের কথা চিন্তা করে, মানুষের ওয়েলফেয়ারের বিষয়ে কাজ করে। সেদিক থেকে কেন্দ্রীয় সরকার তো মানুষ মারার সরকার। তার পাশে দাঁড়িয়ে পশ্চিমবঙ্গ সরকার মানুষের কল্যাণকারী সরকার। নিজেরাই নিজেদের কার্যপদ্ধতিতে প্রতিপন্ন করেছেন। অগ্রপশ্চাৎ বিবেচনা না করে, আমাদের দেশ জি.এস.টি.র জন্য তৈরি হয়েছে কি না সেসব বিবেচনা না করে জি.এস.টি. চালু করে দিয়েছেন। তার ফল কি হয়েছে? ৪৪ হাজার কোটি টাকার জি.এস.টি, জালিয়াতি ধরা পড়েছে এবং সেটা কেন্দ্রীয় সরকার স্বীকার করেছে। কর্মসংস্থানের দিক থেকে পশ্চিমবঙ্গে কর্মসংস্থান বেড়েছে। ক্ষুদ্র মাঝারি শিল্পে কর্মসংস্থান বেড়েছে। শিল্পের সার্বিক উন্নতি হয়েছে। স্যার, যে কোন দরিদ্র দেশ যখন উন্নতি করতে চায় তখন প্রথম কাজটা হচ্ছে মানুষের ক্রয় ক্ষমতা বাড়িয়ে দেওয়া। যদি ক্রয় ক্ষমতা বাড়াই তাহলে কেনাবেচা বাড়বে। বাজারে বিক্রি বাড়বে। বাজারে বিক্রি বাড়লে উদ্বৃত্ত তৈরি হবে। উদ্বৃত্ত হচ্ছে দেশের অর্থনীতির মূল। এই উদ্বৃত্ত তৈরি হলে দেশে বিনিয়োগ বাড়বে। যত বিনিয়োগ বাড়বে cyclic order এ তত উদ্বৃত্ত তৈরি হবে। সে দিকে কোনো লক্ষ্য নেই কেন্দ্রীয় সরকারের। কিন্তু পশ্চিমবঙ্গ সরকারের লক্ষ্য সেদিকে আছে।

এম.এস.এম.ই এমন একটা ক্ষেত্র যেখানে অল্প খরচে, কম খরচে উদ্বৃত্ত তৈরি করানো যায় এবং লোকের হাতে ক্রয়ক্ষমতা বাড়ানো যায়। সেদিকেই পশ্চিমবঙ্গ সরকার চেষ্টা করছে। যার জন্য এম.এস.এম.ই-তে ভারতবর্ষে প্রথম স্থান পশ্চিম বাংলার অনেকগুলো বিষয়ে পশ্চিমবাংলার প্রথম স্থান আছে। এখানে মাননীয় অর্থমন্ত্রী বলেছেন একশো দিনের কাজে পশ্চিমবাংলা প্রথম। ক্ষুদ্র শিল্পে পশ্চিম বাংলা প্রথম। গ্রামীণ গৃহনির্মাণে পশ্চিম বাংলা প্রথম। গ্রামীণ রাস্তা তৈরিতে পশ্চিম বাংলা প্রথম। মাইনরিটি স্কলারশিপে পশ্চিমবাংলা প্রথম। স্কিল ডেভেলপমেন্টে পশ্চিম বাংলা প্রথম। ইজ অব ডুয়িং বিজনেসে পশ্চিম বাংলা প্রথম, ই-টেন্ডারিং-এ পশ্চিমবাংলা প্রথম। এতগুলো অর্থনীতির মূল বিষয়ে একটি রাজ্য যদি প্রথম হয়ে যায় তাহলে আজ ভাবতেই হবে যে এত অসুবিধার মধ্যে থেকেও যেখানে ভারতবর্ষের সরকার তার বাজেট অ্যালোকেশানের সময়ে পশ্চিম বঙ্গকে গত আট বছর ধরে একের পর এক রাজনৈতিক কারণে বঞ্চনা করে চলেছেন, সেখানে পশ্চিম বাংলা - একটু আগে কালী বাবু বলছিলেন যে ডিসিপ্লিন্ড বাজেট করার ফলে এই জিনিস হয়েছে। হ্যাঁ, আমাদের মুখ্যমন্ত্রী মাননীয়া মমতা ব্যানার্জি তাঁর উদ্যোগে পশ্চিম বাংলার বিভিন্ন ক্ষেত্রে মানুষকে সাহায্য করার জন্য এই বাজেটে দেখবেন যে সব জায়গায় অ্যালোকেশ রয়েছে। যে প্রকল্পগুলো বললাম সেই প্রকল্পগুলোতে একের পর এক অর্থ বরাদ্দ বাড়িয়েছেন প্রকল্পগুলো যাতে আরও ভালভাবে চলতে পারে, আরও মানুষের কাছে পৌঁছতে পারে। তাতে মানুষের হাতে যাতে আল্টিমেটলি ক্রয়ক্ষমতা বাড়ে এবং ক্রয়ক্ষমতা বাড়লেই রাজ্যের অর্থনীতি চাঙ্গা হবে। একটা ভঙ্গুর অর্থনীতি নিয়ে আট বছর আগে আমরা শুরু করেছিলাম। আজকে এই

ভঙ্গুর অর্থনৈতিক অবস্থা থেকে উঠে দাঁড়িয়ে তাকে সুশক্ত করে দেওয়া হয়েছে। তার জন্য আমি মাননীয় অর্থমন্ত্রীকে ধন্যবাদ জানাই। খুব ডিসিপ্লিন্ড ওয়েতে অর্থনীতিকে পরিচালনা করে রাজ্যের অর্থব্যবস্থার উন্নতি করেছেন। স্যার, শেষে মাননীয় অর্থমন্ত্রীর প্রতি একটি আবেদন রাখব। স্যার, সব ক্ষেত্রেই তো বরাদ্দ বাড়ছে। আমরা এম.এল.এরা এলাকা উন্নয়নের জন্য যে অর্থ পাই তাকে খুব সুচারুভাবে ব্যয় করি। আমাদের এম.এল.এ ল্যাডের যে রিভিউ হয়, রিভিউতে দেখতে পাবেন বা বিভিন্ন রিপোর্টে দেখতে পাবেন সার্থকভাবে এম.এল.এ ল্যাডের প্রতিটি পয়সা আমরা খরচ করি। সেই জন্য আমি বলছি যে দেশের সকলেই যখন এই অর্থনৈতিক উন্নয়নের আন্দোলনে ঝাঁপিয়ে পড়েছেন, আমরা বিধায়করাও পিছিয়ে থাকতে চাই না। তাই ৬০লক্ষ টাকা থেকে ১কোটি টাকা করার জন্য আবেদন জানাচ্ছি। ধন্যবাদ।

শ্রী ভূপেন্দ্রনাথ হালদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ১০ই ফেব্রুয়ারি মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র মহাশয় ২০২০-২১আর্থিক বর্ষের যে বাজেট বিবৃতি দিয়েছেন তার পরিপ্রেক্ষিতে আমি আমার অভিমত প্রকাশ করছি। স্যার, আমরা প্রত্যেকেই জানি যে বাজেট সেই রাজ্যের সারা বছরের আয়, ব্যয়ের একটা খতিয়ান, সম্ভাব্য খতিয়ান। প্রত্যেকটা ক্ষেত্রেই বাজেট হয়। আমরা পঞ্চায়েত সমিতিতে দেখি, জেলাপরিষদে দেখি। রাজ্যেরও বাজেট পেশ হয়েছে। কিছু দিন আগে লোকসভাতেও বাজেট পেশ হয়েছে। কিন্তু মাননীয় অর্থমন্ত্রীর যে বাজেট ভাষণ আমরা দেখলাম তিনি অত্যন্ত নিপুণভাবে এই বইটাতে সমস্ত বিষয়গুলি লিখেছেন। আমার মনে হয়েছে তিনি তাঁর নিজের চিন্তা ভাবনাকে বই- এর মধ্যে আনতে পারেন নি।

[11:40 – 11:50 a.m.]

কারণ গত কিছুদিন আগে মহামান্য রাজ্যপাল এখানে যে ভাষণ প্রদান করেছিলেন,যা আমরা প্রত্যেকেই জানি যে সেটা রাজ্য সরকারেরই লিখে দেওয়া ভাষণ তিনি এখানে পাঠ করেছেন। বাজেট বইটা দেখে আমার মনে হয়েছে যে, বইয়ের ঠিক শেষের পাতায় - একদম শেষে তিনি দেখলেন মাননীয়া মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায় আমি এই বাজেট বইটি লিখতে সক্ষম হয়েছি। ঠিক শেষের পাতায় এটা রয়েছে। আমাদের মনে হয়েছে যে, মুখ্যমন্ত্রীর লিখে দেওয়া কথাগুলিই তিনি বলেছেন। বাস্তবে আমরা তাই দেখতে পেলাম। প্রতিটা মুহূর্তে আমরা দেখতে পাই উন্নয়ন, উন্নয়ন, উন্নয়ন - উন্নয়নের কথায় আমরা একদম দিশেহারা হয়ে পড়েছি। পশ্চিমবঙ্গে প্রচুর উন্নয়ন। আমরা তো এটাই চাই। আমরা এখানে এসেছিলাম, আমরা পশ্চিমবঙ্গের উন্নয়ন ঘটাতে চাই। দীর্ঘ ৩৪ বছর নিয়ে অনেক কথা হয়। শাসক দলের বন্ধুরা যখন বক্তব্য রাখতে ওঠেন, তখন এদের মূল বিষয়ই থাকে ৩৪ বছরের বামফ্রন্ট এই করেছে, সেই করেছে - কিছুই করে নি। সেটাই তো স্বাভাবিক। এই পুরনো বিষয়গুলি টানতে যখন হয়, তাহলে আমরা অন্য রাজ্যের তুলনায় যদি যাই, এখানে আমরা তাহলে কি দেখতে পাব ? এখানে বইটাতে প্রথমেই একটা যেটা দেখলাম, যেটা আমাদের পরশ বাবু বললেন যে, আমাদের বাংলা ১০০ দিনের কাজে প্রথম, ক্ষুদ্রশিল্পে প্রথম, গ্রামীণ গৃহনির্মাণে প্রথম, গ্রামীণ রাস্তা নির্মাণে প্রথম, মাইনরিটি স্কলারশিপে প্রথম, স্কিল ডেভেলপমেন্টে প্রথম, EODB তে বাংলা প্রথম, e-Tendering এ বাংলা প্রথম।

আরও তো অনেক শব্দ ছিল, তাতে প্রথম হওয়ার কথা বলা উচিত ছিল কারণ মদ বিক্রি করে এই ভারতবর্ষে বাংলা প্রথম - হায়েস্ট, এটা লেখা উচিত ছিল। শুনুন, শুনুন, কথাগুলো শুনলে ভালো লাগবে। ভারতবর্ষের কোথাও কোন রাজ্যে আজকে পশ্চিমবঙ্গের মত এতো মদ বিক্রি করে রাজস্ব আদায় হয় না। সুতরাং লেখা উচিত ছিল এই বইয়ে যে,পশ্চিমবঙ্গ এই ভারতবর্ষের মধ্যে একটা মাত্র রাজ্য যেখানে মদ বিক্রি করে বেশি রাজস্ব আদায় হয়। আমরা এখানে সোনার বাংলার গল্প করছি। মানস বাবুর সোনার বাংলা, স্বামী বিবেকানন্দের বাংলা, শ্রীরামকৃষ্ণ পরমহংসদেবের বাংলা - আজকে সেই বাংলার হাল কি ? সেই বাংলার হাল হয়েছে আজকে বাংলাকে মদ্যাসক্ত করতে হবে - সেই বাংলা। আমার এক সতীর্থ বন্ধু কিছুদিন আগে এখানেই বক্তব্য রেখেছিলেন - তিনি বলেছিলেন, বিহার যদি মদ মুক্ত বিহার করতে পারে, আমাদের বাংলা কেন মদমুক্ত বাংলা হবে না ? আমরা খুশি হতাম যদি বাংলা মদমুক্ত বাংলা হত। আজকে আমরা খুশি হতাম। কিন্তু আমরা এই বাংলায় দেখতে পাচ্ছি, স্যার অত্যন্ত দুঃখের সাথে বলছি, মদ বাজারে আগে বিক্রি হত, গোপনে বিক্রি হত। কিন্তু এখন মদ রাস্তার মোড়ে - মোড়ে বিক্রি হয়। মোড়ে - মোড়ে মদের দোকান খুলে দেওয়া হয়েছে স্যার এবং দোকানদাররা কিন্তু মদ বিক্রি করছে না। আমাদের লজ্জা হচ্ছে এই সদনে দাঁড়িয়ে থেকে বলতে যে, আজকে রাজ্যে এই মদ বিক্রি করছে গভর্নমেন্ট -গভর্নমেন্ট মদ বিক্রি করছে। আমি একটা পরিসংখ্যান দিচ্ছি, সিক্সটি - নাম শুনেছি সিক্সটি মদ, সেই সিক্সটি'র MRP rate হচ্ছে ৮৫ টাকা। এর প্রোডাকশান যাঁরা করেন, যাঁরা মদ তৈরি করেন, তাঁরা মদ তৈরি করে কোথায় দেন ? মদ তৈরি করে দেওয়া হয় Beverage Corporation -Bey. Co. তে আসে। সেই মদ বিক্রি হয় কাদের মাধ্যমে ? এই দোকানদারদের মাধ্যমে। স্যার, যারা মদ তৈরি করছে, তাদেরকে দেওয়া হয় ৩০ শতাংশ টাকা, আর ৭০% টাকা - অর্থাৎ এক বোতল মদ যদি ৮৫ টাকা হয়, তার ৭০ % টাকা গভর্নমেন্ট নিয়ে নেয়।

এবং এই ৩০%টাকার মধ্যে ৫% যে মদ বিক্রি করছে, সেই দোকান দারের কমিশন, তারমধ্য থেকে ১%কমিশন এই বিক্রেতা পায় অর্থাৎ স্যার, আজকে আমাদের সোনার বাংলায় আমাদের সরকার আজকে মদ বিক্রি করে রাজস্ব আদায় করে এত বড় বড় কথা বলছে। স্যার, এতো গেল মদের কথা। স্যার, অনেক ভালো পরিকল্পনা নিয়েছেন। আমরা শুধু বিরোধিতা করার জন্য বলি না। শুনুন, এটা আমাদের কোথায় নিয়ে যাবে আপনারা দেখতে পাবেন। এই মদ আমাদের কোথায় নিয়ে যাবে দেখবেন। আজকে আমাদের সরকারের উচিত ছিল মদ বন্ধ করা। বিহারের মত রাজ্য মদ বন্ধ করেছে, আমাদের সরকারেরও উচিত ছিল বাংলায় মদ বন্ধ করা। স্যার, আমরা আশা করছি হয়তো আজকে যে ডোল পলিটিক্স হয়েছে, আজকে আমরা দেখতে পাচ্ছি উপঢৌকনের রাজনীতি। আমরা এখানে বিরোধিতা করছি না,আমরা বলেছি আপনি পরিকল্পনা গ্রহণ করেছেন এটা ভালো। কিন্তু এটা কি দিশা? আমরা ভাবছি যে আগামী দিন ২০২১এর বৈতরণী পার করার জন্য এই বাজেট? এটা আজকে ভাবতে হবে। পরিস্থিতি দেখে মনে হচ্ছে আগামী দিনে রেশন দোকানে বোধ হয় মদ দেওয়ার ব্যবস্থা করবে এই সরকার কারণ যেভাবে আজকে মদ্যাসক্ত হয়ে গেছে বাংলা, দেখবেন প্রতিটি ঘরে ঘরে মদ্যাসক্ত হয়ে পড়ছে

মানুষ। ভোট পলিটিক্স করতে গিয়ে আজকে প্রতিটি ঘরে ঘরে মদ্যাসক্ত মানুষ যদি তৈরি হয়, তাহলে তাদের কাছ থেকে ভোট পাওয়ার জন্য রেশনের দোকানে মদ দেওয়ার ব্যবস্থা করা হবে। রাস্তার মোড়ে মোড়ে পুলিশ এর কাজ কি? স্যার, পুলিশের কাজ হচ্ছে আইনশৃঙ্খলা পরিস্থিতি ঠিক রাখা, এলাকা শান্ত রাখা। কিন্তু এখন পুলিশের কাজ হচ্ছে প্রশাসনের কাজ নয়, তারা সারাদিন রাস্তার মোড়ে মোড়ে ঘোরে, গাড়ির কাছে গিয়ে টাকা আদায় করো। তাহলে কি আমরা ভেবে নেব এই সরকার পুলিশকে দিয়ে তোলা আদায় করান? আজকে আমরা কি ভেবে নেব সকাল থেকে রাত্রি পর্যন্ত রাস্তার মোড়ে মোড়ে পুলিশ তোলা তুলে সেই টাকা সরকারী কোষাগারে দিচ্ছে এবং মানুষকে হেনস্থা করছে? এটাই কি বাজেট, এটাই কি সরকারের কাজ? এটাও বাজেট বইতে লেখা উচিত ছিল যে মোড়ে মোড়ে পুলিশের কাজ সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত গাড়ি ধরে টাকা আদায় করা। আমরা বাজেট বইতে এটা দেখতে চাইতাম কারণ এটাই তো পরিস্থিতি। আজকে ভারতবর্ষকে নিয়ে যখন তুলনা হয়,বামফ্রন্টকে নিয়ে যখন তুলনা হয়-আমরা কি দেখেছি বামফ্রন্টের জমানায় পুলিশকে টেবিলের নীচে পালাতে? পুলিশকে টেবিলের নীচে পালাতে হয় তৃণমূলের নেতাদের ভয়ে। আজকে রাজ্যের পরিস্থিতি দেখুন। আজকে শিক্ষাক্ষেত্রে দেখুন,এই বইতে লেখা হল না যে আজকে ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গের শিক্ষার অবস্থাটা কোথায় গিয়ে দাঁড়িয়েছে। আজকে কোন অপ্রীতিকর ঘটনা যদি ঘটে, তাহলে আমরা বলি এটা শিক্ষার অভাব অথচ বাংলার শিক্ষাটা কোথায় গেছে দেখুন। এখন প্রত্যেক বাড়ির বাবা মায়েরা আতঙ্কিত কারণ আজকে শিক্ষাঙ্গন আজকে রণাঙ্গনে যেভাবে পরিণত হয়েছে,তাতে বাবা-মায়েরা মনে করছেন আগামী দিনে কি ছেলেমেয়েরা ঠিকমত শিক্ষাঙ্গন থেকে বেরোতে পারবে তো? আজকে এরা শিক্ষাঙ্গনকে রণাঙ্গনে পরিণত করে দিয়েছে। কোথাও দেখেছেন যে ভি.সি.কে ঘেরাও করে হেনস্থা করা হয়? আমাদের পশ্চিমবঙ্গে এটা শুরু হয়েছে। তাই এই কথা বলি। বড় বড় কথা না বলে এই জায়গা থেকে বেরিয়ে আসতে হবে। আমাদেরকে যৌথভাবে কাজ করতে হবে। এখানে রাজ্য সরকার কি একাই উন্নয়ন করবেন? এ ক্ষেত্রে কি বিরোধীদের ভূমিকা নেই? আমি শুধু একটা উদাহরণ দিচ্ছি আপনাদেরকে।

[11:50 a.m. – 12:00 Noon.]

২০১১ সালে এই সরকারের সেচ দপ্তরে ছিলেন আমাদের মানস রঞ্জন ভূঁইয়া। তিনি সেচ দপ্তরের মন্ত্রী হওয়ার পর প্রত্যেকটা জেলায় ১৫ দিন অন্তর অন্তর মিটিং করতেন। তাঁর মিটিং এর সুফল কি ? ১৫ দিন অন্তর অন্তর বিরোধী, শাসক সবাইকে নিয়ে মিটিং করার ফলে সেই এলাকার উন্নয়ন হয়েছিল। সেই এলাকার উন্নতি তীব্র গতিতে এগোচ্ছিল। আর আজকে আপনাদের অবস্থাটা কি ? বিরোধীদের নিয়ে কোনো আলোচনা করা হয় না। একাই উন্নয়ন করবে। আজকে পরিস্থিতি কোথায় গিয়ে দাঁড়িয়েছে ? আজকে বলেন শিক্ষাঙ্গনটার বাজে অবস্থা। শিক্ষাঙ্গনটা আজকে অধঃপতনে চলে যাচ্ছে। যে বিহারকে আমরা অবজ্ঞা করতাম, যে বিহারকে নিয়ে আমরা ....

মিঃ স্পিকার : আপনি বাজেটের ওপর বলুন। এটা গভর্নর অ্যাড্রেসের ওপর ডিসকার্শন নয়, বাজেটের ওপর বলুন, এটা বাজেটের ওপর ডিসকার্শন।

শ্রী ভুপেন্দ্রনাথ হালদার : আজকে শিক্ষাকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য পরিকল্পনা গ্রহণ করতে হবে। আমরা জানি যে, মানুষের ভিত হচ্ছে শিক্ষা। প্রাইমারি আজকে শিক্ষাটা কোথায় ? আজকে শিক্ষাঙ্গনটা কোথায় ? একটা ভালো স্টুডেন্ট একটা ভালো স্কুলে ভর্তি হতে পারবে না। সে ভর্তি হতে পাবে তার নিয়ারেস্ট ৫০০ মিটারের মধ্যে কোনো স্কুলে। তাহলে একটা ভালো ছেলে যদি একটা ভালো স্কুলে ভর্তি হয়, তাহলে তার মেধাটাকে আরো দ্রুত গতিতে এগিয়ে নিয়ে যেতে পারবে। আজকে এগুলো ভাবা উচিৎ। আজকে বিরোধীদের সঙ্গে আলোচনা করা উচিৎ। প্রত্যেকটা বিষয়ে কো-অপারেশান করা উচিৎ। তাহলে এলাকার উন্নয়ন সম্ভব হবে। কিন্তু এই দিশা আমরা দেখছি না। স্যার, এবার আমি আসবো ফিশারি ডিপার্টমেন্টে। আজকে অর্থনৈতিকভাবে যদি মানুষকে এগিয়ে নিয়ে যেতে হয়, তাহলে তার নিজ নিজ পেশা যেটা রয়েছে, সেই ব্যাপারে সেই পেশাকে আরো শক্তিশালী করার জন্য সহযোগিতা করা প্রয়োজন। আজকে ফিশারি ডিপার্টমেন্টের একটা উদাহরণ দিই। আজকে আমাদের অবিভক্ত অন্ধ্রপ্রদেশ, যেখানে আমাদের পশ্চিমবঙ্গের সমসাময়িক সমস্ত কিছু আলোচনা-পর্যালোচনা করা যায়। আজকে অন্ধ্রপ্রদেশে দেখুন স্যার, রাজস্ব আদায়, বিশেষ করে এই ফিশারির ওপরে গভর্নমেন্ট যে রেভিনিউ আদায় করছে, সেটা আমাদের পশ্চিমবঙ্গে হচ্ছে না কারণ, এখানেই অভাব। স্যার, আমি একটা এক্সজাম্পেল দিচ্ছি। আমাদের মালদা জেলার সাগরদিঘি।

মিঃ স্পিকার : আপনি একটু বাজেট বইটা দেখবেন। বাজেট বইটা একটু পড়ে নিন। বাজেটের ওপর বলুন। এটা জেনারেল ডিসকার্শন হচ্ছে না। আমি মনোজবাবুকে বলব, আপনি আপনার সদস্যদের একটু বলবেন। আমি আমাদের সব সদস্যকেই বলব, যখন বলবেন বাজেট বইটা পড়ে বলবেন। এটা বাজেটের ওপর আলোচনা হচ্ছে। উনি তো গভর্নর্স অ্যাড্রেসের ওপর ডিসকার্শন করছেন। আমাদের যখন ডিম্যান্ডগুলো পাস হবে যেমন, এডুকেশানের ডিম্যান্ড পাস হবে। সেদিন ওঁকে দেবেন, সেদিন উনি ভালো করে এডুকেশনের ওপর বলবেন। এগুলো তো আপনাদেরই ট্রেনিং দিয়ে দেওয়া উচিৎ। ওঁকে একটু দেখিয়ে দেবেন বাজেটটা কীভাবে বলতে হয়।

শ্রী ভুপেন্দ্রনাথ হালদার : স্যার, আমি তো সার্বিক বাজেটের কথাই বলছি। ফিশারি তো বাজেটের মধ্যেই রয়েছে। সার্বিক বাজেট - ফিশারি। আমি যদি নিজ পেশাকে উন্নততর করতে না পারি, সেটা ফিশারি হোক, ফুড় হোক, কৃষি হোক - সবই তো বাজেটের মধ্যেই রয়েছে। স্যার। আমি সেটাই তো বলতে চাইছি। আজকে অন্ধ্রপ্রদেশ অর্থনীতিতে, ফিশারিতে অনেক এগিয়ে, অথচ আমাদের বাংলা পিছিয়ে। আজকে সেই জন্য বলব স্যার, ফিশারিকে উন্নত করতে গেলে চিন্তা-ভাবনা করতে হবে। আমি বলব, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া এলাকাকে উন্নত করতে গিয়ে শুধু যদি আমরা এই হাজার টাকা পেনশান, আর হাজার টাকা ভাতা - এগুলোরই পরিকল্পনা করি - স্যার, বাজেটে নিয়ে এসেছেন বিভিন্ন ভাবে। এস.সি., এস.টি.দের জন্য হাজার

টাকা করে পেনশান দেওয়া হবে। ২১ লক্ষ এস.সি. উপকৃত হবে, এস.টি. উপকৃত হবে ৪ লক্ষ - ভালো স্যার। কিন্তু এই ২১ লক্ষের মধ্যে অনেকে পেনশান পেয়ে গেছেন। হয়তো কৃষি পেনশান পেয়েছেন, হয়তো ফিশারিতে মৎস্য পেনাশন পেয়েছেন। এইসব বাদ দিয়ে হয়তো সেখানে এসে সংখ্যায় অনেক কমে দাঁড়াবে।

আমি এটার কথা বলছি না স্যার, আমি বলতে চাইছি যে স্বপেশার উপরে একটু নজর দেওয়া দরকার। যেমন মৎসজীবীদের ক্ষেত্রে বলুন, কৃষকদের ক্ষেত্রে বলুন, আজকে কৃষির উপরে ৫ হাজার টাকা করে, আড়াই হাজার টাকা করে ছাড় দেওয়া হচ্ছে। সেখানে যদি কৃষিতে সারের উপর ভর্তুকি দেওয়া যেত, তাহলে সমগ্র কৃষককুল উপকৃত হতো। আজকে আমরা দেখছি যে ৫ হাজার টাকা দেওয়া হচ্ছে সেখানে দেখা যাচ্ছে একজন ধনী জমির মালিক সেও উপকৃত হয়ে যাচ্ছে। আমরা সমস্ত মানুষকে না দিয়ে অর্থনৈতিক ভাবে পিছিয়ে পড়া দুর্বল শ্রেণির মানুষকে যদি এগিয়ে নিয়ে যাবার কথা হয় তাহলে আমরা যদি সারে ভর্তুকিটা দিতাম, তাহলে তারা উপকৃত হতো। আজকে কৃষকের উৎপাদন ব্যয় অনেক বেড়ে গেছে। আজকে উৎপাদন ব্যয় কমে গেলে সে অর্থনৈতিক ভাবে অনেকটা স্বাবলম্বী হতে পারতো এবং সে অনেকটা এগিয়ে যেতে পারতো। পরেশবাবু একটা ভালো কথা বলছিলেন স্যার, আমাদের পরেশবাবু বলছিলেন এলাকা উন্নয়নের জন্য আমাদের যে টাকা ধার্য করা হয়, বিধায়ক ফান্ড BEUP Fund, তাতে ৬০ লক্ষ টাকা করে আমাদের এলাকা উন্নয়ন করার জন্য বরাদ্দ হয়। সেখানে তার মধ্যে থেকেও GST কেটে নেওয়া হয়। ফলে সেখানে অনেক টাকা কাটা পড়ে স্যার। এখন যে হারে জিনিসপত্রের দাম বেড়েছে তাতে এলাকা উন্নয়ন করা সম্ভব হচ্ছে না। সামান্য কাজ করতে গিয়ে অনেক টাকা লেগে যাচ্ছে। আমি মনে করি এটা আমার একার জন্য নয়, আমাদের এখানে যত জন আমরা বিধায়ক আছি সবার কাছে সেই টাকাটা এখন অতি নগন্য। সেই টাকাটা যদি আমরা এম.পি. ল্যাড্ দেখি, এম.পি. ল্যাড্-এ এখন ৫ কোটি টাকা দেওয়া হয়। তার সাথে সামঞ্জস্য রেখেও এক থেকে দেড় কোটি টাকা যদি আমাদের বিধায়ক ল্যাডটা হতো, তাহলে ভালো হতো। আমি অর্থমন্ত্রীকে বলবো এটা ভেবে দেখার জন্য। এই টাকাটা যদি বাড়ানো যেত তাহলে প্রত্যেক বিধায়ক এলাকায় উন্নয়ন করা সহজ হতো। আমি বলবো এটা এই মুহূর্তে ভাবা প্রয়োজন। আর একটা কথা বলি আমরা কিছু দিন আগেও কাগজে দেখলাম, সেটা হচ্ছে আমরা যাঁরা আজকে বিধায়ক হয়ে এসেছি, আমরা সবাই সব দিন বিধায়ক হয়ে থাকবো না, আমরা দেখেছি বিগত দিনে অনেক মানুষ যাঁরা এখানে বিধায়ক ছিলেন তাঁরা পরবর্তীকালে ওষুধ কেনার পয়সাটুকু পাচ্ছেন না, এটা খুবই কষ্টকর। আমরা মনে করি এই বিধায়করা কেউ সারা জীবন থাকবো না, বিধায়কদের যে পেনশান, এই পেনশানটা বাড়ানো দরকার। এই পেনশানটা বাড়লে আজকে আমরা যাঁরা এই জায়গায় আছি আগামী দিনে হয়তো সুস্থভাবে বেঁচে থাকার একটা দিশা দেখতে পাবো। আমাদের মেডিকেল যে বেনিফিট দেওয়া হয় বিশেষ করে এক্স এম.এল.এ.-দের, সেই মেডিকেল ট্রিটমেন্টের ব্যাপারটা রয়েছে একটা নিম্নতম, সেটা যদি ফ্রি করে তাঁর পরিবারের ট্রিটমেন্টের বন্দোবস্ত করা যায় তাহলে আগামী দিনে সুবিধা হয়। স্যার, আমাদের এখানে আবাসন

মন্ত্রী রয়েছেন, আমি বলবো আপনারা একটু ভেবে দেখবেন যে, প্রত্যেক সরকারী কর্মচারীদের জন্য যে আবাসনের বন্দোবস্ত করেছেন এবং গ্রামের গরিব মানুষদের জন্য গীতাঞ্জলি, আমার বাড়ি, বাংলাবাড়ি অনেক রকম পরিকল্পনা করেছেন। কিন্তু আমি বলবো এখানে অনেক বিধায়ক রয়েছেন যাঁরা অনেক দূর দূর এলাকায় থাকেন, যাঁদের এখানে বাড়িঘর আছে তাঁদের আছে, কিন্তু যাঁদের নেই সেই বিধায়কদেরও আগামী দিনে যদি সরকারী কর্মচারীদের মতো আবাসন দেওয়ার বন্দোবস্ত করেন সরকারী মুল্যে যে ভাবে আপনারা দিচ্ছেন - তাতে এখানে যাঁরা বিধায়ক আছেন তাঁরা অনেকেই উপকৃত হতে পারেন। তাই আমি এই আবেদন আপনাদের কাছে করবো। যাই হোক আমার সময় শেষ হয়ে গেছে, আমি এই বাজেটে দিশা পূরণ হয় নি, আগামী দিনে যাতে দিশা পূরণ হয় এই আবেদন রেখে বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

[12:00 Noon. – 12:10 p.m.]

শ্রী শঙ্কর মালাকার : মাননীয় স্পিকার মহোদয়, আপনার মাধ্যমে অর্থমন্ত্রী কর্তৃক যে বাজেট পেশ করা হয়েছে সেই বাজেটকে আমরা মনে করি বিশেষ করে উত্তরবঙ্গকে বঞ্চিত করার বাজেট এটা। উত্তরবঙ্গের জন্য যে দৃষ্টি দেওয়া দরকার সেই দৃষ্টি উত্তরবঙ্গের জন্য দেওয়া হয় নি। এমন কোন উল্লেখযোগ্য বিষয় রাখা হয় নি - ধন্যবাদ মাননীয় অর্থমন্ত্রী আপনি এসেছেন - আপনি আমাদের সন্তুষ্ট করতে পারেন নি। এই বাজেট উত্তরবঙ্গের মানুষকে সন্তুষ্ট করতে পারে নি। বিশেষ করে যে বিষয়টার উপরে আমরা দৃষ্টি আকর্ষণ করতে চাই সেটা হচ্ছে, স্বাস্থ্য পরিষেবা ভালোভাবে দেওয়া যায় কিনা তার জন্য অনেকগুলো মেডিকেল কলেজ এবং সুপার স্পেশালিটি হসপিটালের প্রস্তাব রাখা হয়েছে। কিন্তু মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে হাসপাতালগুলো, যে মেডিকেল কলেজগুলো আগে থেকে তৈরি করা ছিল বা আছে তার করুণ দশা সম্পর্কে আপনারা ওয়াকিবহাল কিনা এই বাজেটে কিন্তু সেই বিষয়গুলো উল্লেখ হয় নি। সুপার স্পেশালিটি হসপিটাল হোক, মেডিকেল কলেজ হোক আমরা চাই পশ্চিম বাংলার এবং উত্তর বাংলার মানুষ আর যেন চেন্নাইতে না যান, আর যেন হায়দ্রাবাদে না যান, আর যেন ব্যাঙ্গালোরে না যান। তাঁর নিজের রাজ্যে চিকিৎসা করতে পারেন। কিন্তু গত কয়েক বছর যে হারে বেসরকারি হাসপাতাল গজিয়ে উঠছে, যে হারে রোগীদের গলা কাটা হচ্ছে যদি সত্যিকারের পরিষেবা হাসপাতালগুলোতে, মেডিকেল কলেজগুলোতে পাওয়া যেত তাহলে হয়তো বেসরকারি হাসপাতালে যাওয়ার দরকার পড়ত না। এখানে স্বাস্থ্যমন্ত্রী আছেন, তাঁরও দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, পশ্চিম বাংলায় স্বাস্থ্য ব্যবস্থা এবং পরিষেবা কোথায় গিয়ে দাঁড়িয়েছে তার একটা পরিসংখ্যান আমি আপনাদের দিই কাজে লাগবে কারণ আপনারা তো শুধু নীল রঙ, সাদা রঙ করতে ব্যস্ত। শুধু উত্তরবঙ্গ মেডিকেল কলেজে স্যার, মেডিকেল অফিসারের ভ্যাকেন্সি খালি আছে ৬০ খানা। নার্সিং স্টাফ দরকার ৪৫০ জন। ভ্যাকেন্সি খালি। নিউরো সার্জেন একটাও নেই। নিউরো মেডিকেল ডাক্তার সপ্তাহে একদিন একটামাত্র আসে। ফ্যাকাল্টি ম্যানেজার - তার পোস্ট একটাও নেই। স্টোর কিপার দরকার ৮টা। আছে মাত্র ১টা। আপার ডিভিশান ক্লার্ক দরকার ১৮টা। আছে মাত্র ৫টা। এল.ডি.সি., দরকার ২০টা। আছে মাত্র ৪টে। গ্রুপ ডি স্টাফ ২৭৭টা ভ্যাকেন্সি খালি। সুইপার ১২০টা ভ্যাকেন্সি খালি।

তাহলে বলুন তো উত্তরবঙ্গ মেডিকেল কলেজে পরিষেবাটা কি পাওয়া যায়? শুধু তাই নয় আমরা যারা গ্রামীণ এলাকা থেকে বিধায়ক হয়ে এসেছি তাঁরা কেউ উল্লেখ করেছেন কিনা জানি না প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রগুলোর অবস্থা কী, গ্রামীণ হাসপাতালগুলোর অবস্থা কী? প্রতিদিন প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র থেকে পাঠানো হয় হাসপাতালগুলোতে, সেখান থেকে রেফার করা হয় মেডিকেল কলেজগুলোতে, মেডিকেল কলেজে চিকিৎসা না থাকার জন্য পাঠানো হয় পি.জি. হাসপাতালে। তাহলে তার অবস্থাটা কী? দফারফা - কলকাতায় আর আসতে পারে না, তাকে উল্টে শ্মশান ঘাটে নিয়ে যেতে হয়।

জলপাইগুড়িতে গত দুই বছর আগে Super speciality hospital হয়েছে মাননীয়া মুখ্যমন্ত্রী উদ্বোধন করেছেন। খবর নিয়ে দেখুন তো, ওখানে ডাক্তার আছে কি না ? খবর নিয়ে দেখুন তো, এই মুহূর্তে সবচাইতে বেশি যেটা গুরুত্বপূর্ণ স্বাস্থ্য ব্যবস্থায় থাকা দরকার সেটা হচ্ছে Neuro Surgeon এবং Orthopaedic। নিউরো সার্জেন দরকার প্রত্যেকটি হাসপাতালে এ কারণেই যে হারে যানবাহন বাড়ছে - প্রতিদিন দুর্ঘটনা, প্রতিদিন accident, গুরুতর আঘাত হওয়ার পরে তার চিকিৎসা কোথায় হবে ? হাসপাতালে CT scan থাকে না। হাসপাতালে MRI থাকে না। তাহলে তার চিকিৎসা করার জন্য পাঠানো হয় কোথায় ? মেডিকেল কলেজে। মেডিকেল কলেজে বেড নাই। তাকে পাঠানো হয় কোথায় ? হয় বেসরকারি হাসপাতাল, নেওটিয়া সাহেবের হাসপাতাল। ঢুকলেই দুই লক্ষ বেরোনোর সময় পাঁচ লক্ষ। তাহলে চিকিৎসা ব্যবস্থায় গুরুত্ব দেওয়ার কথা বলা হয়েছে, স্বাস্থ্য ব্যবস্থায় গুরুত্ব দেওয়ার কথা বলা হয়েছে - বাস্তবে তাহলে কী? এটা ফাঁকা আওয়াজ নয় কি ? ফাঁকা আওয়াজ নয় কি ? যে হাসপাতালগুলো আছে সেগুলোর পরিষেবা কোথায় ? খতিয়ে দেখা হোক। সেখানে অর্থ বরাদ্দ করা হোক। সেখানে ডাক্তার দেওয়া হোক। সেখানে নার্স দেওয়া হোক। সেখানে Medical officer দেওয়া হোক। সেখানে CT scan এর ব্যবস্থা হোক। সেখানে MRIএর ব্যবস্থা হোক। যে টাকা খরচ করে আপনারা বিল্ডিং বানানোর পরিকল্পনা নিয়েছেন সেই টাকাগুলো যদি ওই হাসপাতালগুলোতে দেওয়া হয় তাহলে refer, refer, refer, refer, refer করতে হয় না। এ'কথাটা এই কারণেই বলছি, এটা আমার ব্যক্তিগত অভিজ্ঞতা - আমি প্রতিদিন উত্তরবঙ্গের অলিখিত রাজধানী শিলিগুড়িতে থাকি, ওখানকার বিধায়ক। এবং আমার বিধানসভা কেন্দ্রে মেডিকেল কলেজটা সব চাইতে বড় এবং কংগ্রেস আমলে তৈরি করা। একটাও বেড বাড়ে নি। ৫৯৯টা বেড নিয়ে হাসপাতালটা হয়েছিল ৭৩ সালে সিদ্ধার্থবাবুদের আমলে। আজকে ৪৫ বছর পরেও সেখানে বেড বাড়ে নি। সেখানে neurologist নাই। সেখানে এতোগুলো ডাক্তার নাই। তাহলে বলুনতো এখানে অর্থমন্ত্রী, স্বাস্থ্যমন্ত্রী আছেন তাহলে কোন পরিষেবাটা উত্তরবঙ্গের মানুষ পায়। তার পরেও এত দুঃখের সঙ্গে বলতে হয়, মনমোহন সিং-এর সরকার প্রিয়রঞ্জন দাশমুন্সির উদ্যোগে উত্তরবঙ্গের মানুষের কথা চিন্তা করে AIIMS Hospital তৈরি করার পরিকল্পনা নেওয়া হয়েছিল। সেই AIIMS Hospitalটা উত্তরবঙ্গের মানুষকে বঞ্চিত করে আপনারা সেই হাসপাতাল নিয়ে এলেন কোথায়? কলকাতার কল্যাণীতে। কলকাতায় এতগুলো হাসপাতাল, পি.জি. আছে, নীলরতন আছে,

আর.জি.কর. আছে, মেডিকেল কলেজ আছে, ন্যাশানাল হাসপাতাল আছে, বাঙ্গুর আছে। তাহলে সত্যি করে বলুনতো উত্তরবঙ্গকে অর্থমন্ত্রী, স্বাস্থ্যমন্ত্রী সকলে মিলে আপনারা বঞ্চিত করছেন কি না ? তাই বলছি ভেবে দেখা হোক। সেখানে আর একটা উল্লেখযোগ্য বিষয়, মাননীয় অর্থমন্ত্রী আপনি বলেছেন 'চা সুন্দরী' খুব ভালো কথা। এই চা সুন্দরীটা কি চা সুন্দরী অর্থাৎ চা বাগানের শ্রমিকদের চা বাগানের শ্রমিকদের চা সুন্দরী মানে ঘর করে দেওয়া হবে। খুব ভালো প্রস্তাব। কিন্তু অর্থমন্ত্রী আপনারতো জানা দরকার 1951, Tea Plantation Act. সেখানে পরিষ্কার বলা আছে, যা কিছু হবে চা বাগানের মালিক এবং কর্তৃপক্ষ যা করবে সেটাই হচ্ছে চা বাগানের আইন অর্থাৎ Tea Estate. Tea estate কথার মানে হচ্ছে চায়ের রাজ্য। সেখানে সেখানকার মালিক সেখানকার ম্যানেজার তাদের অনুমতি ছাড়া আপনি Indira Abasanএর ঘর পর্যন্ত করতে পারবেন না। তাদের অনুমতি ছাড়া প্রধানমন্ত্রী সড়ক যোজনার রাস্তাটা পর্যন্ত চা বাগানে নিয়ে যাওয়া যায় না। 1951 tea plantation act পরবর্তীতে review করে 57এ সেখানে বলা ছিল, প্রত্যেকটি চা বাগানের শ্রমিক স্বাস্থ্য পরিষেবা পাবে, শিক্ষা পাবে, ঘর পাবে, রেশন পাবে, ছাতা পাবে, পায়ের জুতোটা পাবে, ন্যূনতম মজুরিটুকু পাবে। আজকে সেটাতো পায়ই না উপরন্তু চা বাগানের মালিকরা এতো শক্তিশালী, চা বাগানের কর্তৃপক্ষ এতো powerful যে গত তিরিশ বছর কোনো চা বাগানের মালিক tea plantation labour act follow করে না যেটা দেখার দায়িত্ব রাজ্য সরকারের।

[12:10 – 12:20 p.m.]

সেটার দেখার দায়িত্ব রাজ্য সরকারের। এবারে আসুন,লেবারদের যে অধিকারের কথা বলা হয়েছে, আমরা সবাই বলেছি, আমরা সব রাজনৈতিক দল বলেছি, চা বাগানের শ্রমিকের জমির অধিকারকে আইনে পরিণত করতে হবে চা বাগানের শ্রমিকদের যে ল্যান্ড রাইটস্ এটা আইনে পরিণত করতে হবে। কারণ চা বাগানের জমি আজকে চা সুন্দরী করবেন বলে মাননীয় অর্থমন্ত্রী বলেছেন। কীভাবে করবেন, জমি তো আপনার নয়, এই জমি তো লীজ দেওয়া আছে, কাউকে ৭০ বছরের, কাউকে ৬০ বছরের, কাউকে ৩০ বছরের। যে জমিতে চারা গাছ লাগানো হয়, কোন বাগান মালিককে জমি দেওয়া আছে ১৫০০ একর, ২০০০ হাজার একর, ৩০০০ একর, এমন কি ৫০০। ৬০০ একর জমিতে চা গাছ লাগানো হয়, বাড়তি জমি গত ৫০ বছর ধরে ফাঁকা পড়ে আছে, সেই জমিতে চা বাগানের শ্রমিক, রিটায়ার্ড করার পর তাঁকে জমির অধিকার দেওয়ার কথা, আমরা সবাই বলেছি, সব দল, এমন কি, টি.এম.সি.ও বলেছে যে চা বাগানের শ্রমিকের রিটায়ারমেন্টের পরে তাঁকে জমি দেওয়া হোক। সেখানে সে একটা ঘর করুক, বাকি জমিতে কৃষি কাজ করা হোক। কিন্তু আজ পর্যন্ত সে বিষয়টার উপরে কখনো নজর দেওয়া হয়নি। কারণ, চা বাগানের জমিটা রাজ্য সরকারের। রাজ্য সরকার যতক্ষণ পর্য্যন্ত চা বাগানের শ্রমিককে জমির পাট্টা না দেবে জমির অধিকার না দেবে, ততক্ষণ পর্য্যন্ত চা সুন্দরী কীভাবে হবে ? কীভাবে হবে চা সুন্দরী ? আমরা চাই, অর্থমন্ত্রী, মুখ্যমন্ত্রী এই বিষয়টার উপরে নজর দিন, বিরোধিতা করার জন্য বিরোধিতা নয়। আমি একজন দায়িত্বশীল উত্তরবঙ্গের বিধায়ক, দীর্ঘ ৪৫ বছর উত্তরবঙ্গের চা

শ্রমিক থেকে শুরু করে সমস্ত রাজনৈতিক আর্থসামাজিক ব্যবস্থার সাথে আমি যুক্ত, তাই বলছি, এর একটা স্থায়ী সমাধান হওয়া দরকার। মুখে বললে হবে না, স্থায়ী সমস্যার সমাধান করতে গেলে আগে দরকার এই চা সুন্দরীর জন্য যে কথা বলা হয়েছে যে ৫০০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে, সেই ৫০০ কোটি টাকা বাস্তবে রূপায়িত করতে গেলে আগে দরকার সেই জমির অধিকার চা বাগানের শ্রমিককে দেবেন, তার পরে আপনি সেখানে চা সুন্দরী করতে পারবেন। কই পারলেন কি - ইন্দিরা আবাসনের ঘর দিতে, পারলেন কি প্রধানমন্ত্রী সড়ক যোজনায় রাস্তাটা করে দিতে ওই চা বাগানের ভিতরে ? কারণটা কি, প্ল্যানটেশান এ্যাক্টে পরিষ্কার বলা আছে, চা বাগানের মালিকের অনুমোদন ছাড়া আপনি কিছু করতে পারবেন না। এমন কি জলের কলটা বসাতে গেলেও আপনার চা বাগানের মালিকদের অনুমতি নিতে হবে, সেখানে আপনি কীভাবে চা সুন্দরী করবেন? এইবার আসুন যে অধিকারটা চা বাগানের শ্রমিকদের পাওয়ার কথা আইনে লেখা আছে, রেশন। সেই রেশন ব্যবস্থাটা কোথায় ? সে তো মালিকের হাতে। আপনি খাদ্যসাথীর কথা বলছেন, সবার জন্য। যদিও বা এটা খাদ্য সুরক্ষা আইনে মনমোহন সিং এর সরকার আইন পাস করে গেছে, খাদ্য সুরক্ষা এ্যাক্ট। আপনি সেটাকে যে নামই দিন, যে নামই দিন, এটাতে প্রত্যেকটা গরিব মানুষ ২ টাকা কেজি চাল পাওয়ার কথা, কিন্তু চা বাগানের শ্রমিকদের সেটা দেওয়া হচ্ছে চা বাগানে কাজ করার পর তাকে সেটা দেওয়া হয়। ব্যাপারটা ভেবে দেখুন। যারা গরিব মানুষ সব দুই টাকা কেজি চাল পাবে আর চা বাগানে শ্রমিক কাজ করার পর,তারপরে দুই টাকা কেজি চাল পাবে। সেটা দেবে কে ? রাজ্য সরকার না, রাজ্য সরকারকে দিতে হবে চা বাগানের মালিককে, মালিক তাকে দেবে কাজ করার পরে, সে কাজ করার পরে পাবে। এবারে আসুন, অর্থমন্ত্রী উল্লেখ করেছেন যে চা শ্রমিকদের জন্য - তিন লক্ষের মতন চা শ্রমিক আছে। কিন্তু স্যার, তিন লক্ষ নয়, স্থায়ী তিন লক্ষ, অস্থায়ী আরো তিন লক্ষ। তারাও তো এই বাংলার মানুষ, তারা ট্রাইবাল বলে, তারা নির্বোধ বলে, অসহায় বলে, তাদের কথা ভাবা হবেনা, এটা তো হতে পারে না।

আপনি স্থায়ী শ্রমিক তো পাচ্ছেন। অস্থায়ী শ্রমিক যারা, কন্ট্রাক্ট লেবার যারা, তাদের জন্য কী পরিকল্পনা নেওয়া আছে এটাও ভাবা দরকার। এবার আসুন, মুখ্যমন্ত্রীর স্বপ্ন, আমি বলছিলাম একটু আগে, বিরোধিতা করার জন্য বিরোধিতা নয়, উত্তরবঙ্গে মুখ্যমন্ত্রীর স্বপ্ন উত্তরকন্যা। ১০৯ কোটি টাকা ব্যয় করে উত্তরকন্যা তৈরি হয়েছে। আমাদের ইচ্ছে না থাকলেও আমরা চেয়েছিলাম এটা হোক। আমরা জানতাম নবান্ন একটাই, নবান্ন দুটো হবে না। কিন্তু মুখ্যমন্ত্রী করলেন। ১০৯ কোটি টাকা খরচ করে মুখ্যমন্ত্রী উত্তরবঙ্গে উত্তরকন্যা করলেন। কি হচ্ছে সেই উত্তরকন্যাতে। খবর নিন। আমি বিরোধী আসনে আছি বলে আমার কথাই বিশ্বাস করতে হবে এমন তো কোনো মানে নেই। মুখ্যমন্ত্রী যখন যান তখনই উত্তরকন্যার লাইট জ্বলে। সেখানে বসার কথা কার - উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের মন্ত্রীর। আগে যিনি ছিলেন তিনি ফুলবাড়ি ডাবগ্রাম নিয়ে ব্যস্ত। এখন যিনি উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের মন্ত্রী উনি নাটাবাড়ি আর দলের গোষ্ঠী কোন্দল মেটাতে গিয়েই ব্যস্ত। কথা ছিল, উত্তরকন্যায় নবান্নর মত আর একটা সেক্রেটারিয়েট থাকবে। সেখানে অনেকগুলো

দপ্তর থাকবে, অনেকগুলো মন্ত্রী থাকবে, অনেকগুলো ডিপার্টমেন্টাল সেক্রেটারি থাকবে অর্থাৎ উত্তরকন্যা হবে উত্তরবঙ্গের আর একটা নবান্ন। প্রকৃত পক্ষে উত্তরবঙ্গের এতোগুলো টাকা খরচ করে আজকে উত্তরকন্যায় কিছু হয় নি। উত্তরকন্যায় কেউ থাকে না। তাহলে কি বঞ্চিত করা হচ্ছে না উত্তরবঙ্গের মানুষকে ? মুখ্যমন্ত্রী হয়তো চেয়েছেন, মুখ্যমন্ত্রী বারবার উত্তরবঙ্গে গেছেন, হয়তো চেয়েছেন উত্তরবঙ্গের উন্নয়ন হোক। কিন্তু আজকে প্রকৃতপক্ষে নবান্নর মত কিছুই উত্তরকন্যায় হয় নি। কোনো দপ্তরই হস্তান্তর হয়নি। যেমন, উত্তরবঙ্গের গুরুত্বপূর্ণ শিল্প হচ্ছে চা, তার অফিস থাকা দরকার। উত্তরবঙ্গের ট্যুরিজ্‌ম্‌, তার একটা দপ্তর থাকা দরকার। উত্তরবঙ্গের জমি সমস্যা, তার একটা দপ্তর ওখানে থাকা দরকার। উত্তরবঙ্গে অনেক সমস্যা সমাধানের জন্য উত্তরকন্যায় আপনাদের দপ্তর থাকা দরকার। মাননীয় অর্থমন্ত্রী এই বিষয়গুলো জোর দিন কারণ আমি মনে করি, উত্তরবঙ্গের মানুষকে বঞ্চনা করার এর থেকে বড় নজির আর কী হতে পারে। এবার আসুন, আপনারা উন্নয়ন করছেন। আমি আগেও বলেছিলাম উত্তরবঙ্গ মেডিকেল কলেজে তিন কোটি টাকা খরচ করে একটা গেট করা হয়েছিল - নীল সাদা রঙের গেট। মেড ইন টি.এম.সি.-গভর্নমেন্ট। হাসপাতালের দিকে নজর নেই, হাসপাতালের সামনে গেট। এবার চলে আসুন শিলিগুড়ি। শিলিগুড়ির জন্য কী বরাদ্দ - একটা ব্রিজ, যেটা অর্থমন্ত্রী পেশ করেছেন। তাতে দেখা যাচ্ছে, উত্তরবঙ্গের অলিখিত রাজধানী শিলিগুড়ি, তার জন্য বরাদ্দ করা হয়েছে একটা ব্রিজ অথচ শিলিগুড়িতে যে কঠিন যানযট অবস্থা, লক্ষাধিক গাড়ি, শিলিগুড়ির উপরে প্রতিদিন পনেরো লক্ষ মানুষের চাপ, ব্যাঙডুবি ক্যান্টনমেন্ট, শুখনা ক্যান্টনমেন্ট, গ্যাংটক, সিকিম, দার্জিলিঙ, ভুটান, পাশে বিহার, সেই শিলিগুড়িকে আপনারা বারবার বঞ্চনা করছেন। তার মূলতঃ কারণ শিলিগুড়ি বা দার্জিলিঙে এই সরকার তারা জিততে পারে নি। তারা কোনো আসনে জিততে পারে না বলে শিলিগুড়িকে বারবার, যে শিলিগুড়ির একটা বিধানসভায় আমিও আছি, মাটিগাড়া নকশালবাড়ি, সেখানে অর্থ বরাদ্দ কোনো বারেই দেওয়া হয় না। অনেক সময় শোনা যায়, ওখানকার লোকেরা ভোট দেয় না, ওখানে তো আমরা জিততে পারি না, তাই শিলিগুড়ির জন্য আমরা কোনো অর্থ বরাদ্দ করতে চাই না। এতো একটা সন্দেহের কারণ। আর একটা বিষয়, মাননীয় অর্থমন্ত্রী আপনি ভালো মানুষ। আপনি এই সরকারের চালাকি একদম বুঝবেন না। শিলিগুড়িতে ঢোকার মুখে চার কোটি টাকা খরচ করে একটা গেট হয়েছে।

[12:20 – 12:30 p.m.]

অথচ দরকার ওখানে একটা ফ্লাইওভার। প্রতিদিন বড়বাজারের মত শিলিগুড়িতে যানজট হচ্ছে। কী দরকার ছিল মাল্লাগুড়িতে চার কোটি টাকা খরচ করে রাজবাড়ির গেটের মত একটা গেট তৈরি করার। এইগুলো কি লোক দেখানোর জন্য। প্রকৃত মূল সমস্যাগুলোর দিকে নজর না দিয়ে আপনারা শুধু নজর দিচ্ছেন চমকের উপরে, আপনারা শুধু চমক দিচ্ছেন প্রচারের উপরে। আমার পূর্ববর্তী বক্তা অনেকগুলো বিষয় উল্লেখ করেছেন। এর আগেও আমি বলেছিলাম একটা রাজ্য কীভাবে এগিয়ে যাচ্ছে। শুধু কন্যাশ্রী, যুবশ্রী, সাইকেলশ্রী করা হচ্ছে। দুর্গাপুর, আসানসোল, চিত্তরঞ্জন, কল্যাণীর মত একটা শিল্পনগরীর দরকার ছিল। কিন্তু সেইসবের কোনো

পরিকল্পনার কথা এই বাজেটের মধ্যে নেই। সেই ঘুরেফিরে শুধু যুবশ্রী আর কন্যাশ্রী। সত্যি কথা বলতে কী আমাদের খুশী করার মত কোনো উল্লেখযোগ্য ঘটনার কথা এই বাজেটের মধ্যে নেই। মেডিকেল কলেজ এবং সুপার স্পেশালিটি হাসপাতালের কথা বলা হয়েছে। কিন্তু আজকে চা-বাগানের শ্রমিকরা মজুরি পাচ্ছে না, সেদিকে কোনো নজর নেই। এই ব্যাপারটাতো রাজ্য সরকারের দেখা উচিত। আজকে সেখানে ১৭খানা চা-বাগান বন্ধ। মালিকরা যা খুশী তাই করতে পারে, সেই জন্য আজকে চা-বাগান বন্ধ। আসামে অনেক, চা-বাগান আছে, সেখানে কিন্তু একটা চা-বাগানও বন্ধ নেই, সেখানকার শ্রমিকরা চিৎকার করে না। চলে যান সাউথে কেরালা, কোয়েম্বাটুর, নীলগিরিতে, চলে যান হিমাচলের কাংরাভ্যালিতে, সেখানে শ্রমিকদের কোনো অভাব নেই, মালিকদের কোন দুঃসাহস নেই। এখানকার চা-বাগানের মালিকরা কিন্তু বেপরোয়া। আমি পনেরো বছর টী বোর্ডের মেম্বার ছিলাম। তখন আমি দেখেছি চা-বাগার্নের মালিকরা কীভাবে শ্রমিকদের শোষণ করে। তারা কোনো আইনের ধার ধারে না। তারা এক একটা বাগানকে ব্যাঙ্কের কাছে বন্ধক রেখে কোটি কোটি টাকা লোন নিয়েছে। একটা বাগানের দাম যদি ১৫ কোটি টাকা হয়, তাহলে সে ব্যাঙ্ক থেকে ওই বাগান দেখিয়ে ৪০ কোটি টাকা লোন নিয়েছে। মরলে বাগান মরবে, মরলে ব্যাঙ্ক মরবে, মালিকদের তাতে কী আসে যায়। Tea Plantation Act-এর সুযোগ সুবিধা মালিকরা পাচ্ছে না। এই ব্যাপারটা রাজ্য সরকারের অন্ততঃ গুরুত্ব দিয়ে ভাবা উচিত। অনেক সময় আমরা দেখি চা-বাগানের শ্রমিকদের জন্য অস্থায়ীভাবে কিছু চাল-গম দেওয়া হয়। এই ব্যাপারে খবরের কাগজে ছবি ছাপানো হয়, টি.ভি.-তে মুখ দেখানো হয়। কিন্তু প্রকৃত সমস্যা সমাধানের জন্য আমি মনে করি এখনও সময় আছে, এই ব্যাপারে ভাবা দরকার। আমরা যারা উত্তরবঙ্গ থেকে প্রতিনিধিত্ব করছি, আমাদের মনে হয় এই সমস্যাগুলোর একান্ত সমাধান হওয়া দরকার। মনমোহন সিং যখন প্রধানমন্ত্রী ছিলেন, তখন আমরা তাঁর কাছ থেকে টী ডেভোলপমেন্টের জন্য ১২০০ কোটি টাকা আদায় করেছিলাম। কিন্তু টী ডেভোলপমেন্ট অ্যাক্ট যেহেতু মালিকের পক্ষে সেই জন্য শ্রমিকদের কোনো সুযোগ পাইয়ে দেওয়া যায় নি রাজ্য সরকারের অসহযোগিতার জন্য। দার্জিলিং-এর সমস্যা দীর্ঘদিনের। উত্তরবঙ্গের অলিখিত রাজধানী হচ্ছে শিলিগুড়ি। একটা সময় কলকাতার চাপ কমাতে সল্টলেক তৈরি হয়েছিল, আবার সল্টলেকের চাপ কমাতে পরবর্তীতে নিউটাউন তৈরি হয়েছে। কিন্তু শিলিগুড়ি হচ্ছে পশ্চিম বাংলার তৃতীয় গুরুত্বপূর্ণ শহর, সেই শহরকে বাঁচাতে গেলে যে পরিকল্পনা অর্থমন্ত্রীর দরকার ছিল সেই পরিকল্পনার কথা কিন্তু এই বাজেটের মধ্যে নেই।

কারণ ভুলে গেলে চলবে না, প্রতি বছর শুধু শিলিগুড়ির ওপর দিয়ে, বাগডোগরা বিমান বন্দরের ওপর দিয়ে, নিউ জলপাইগুড়ি স্টেশানের ওপর দিয়ে প্রায় ৪০ লক্ষ ট্যুরিস্ট শিলিগুড়ির ওপর দিয়ে ঢোকে। আবার একটা মিউনিসিপ্যালিটির কথা আমরা উল্লেখ করতে চেয়েছিলাম,মাননীয় অর্থমন্ত্রী যদি এটা পুনর্বিবেচনা করেন যে শিলিগুড়িকে বাঁচাতে গেলে উত্তরবঙ্গের অলিখিত রাজধানীকে বাঁচাতে গেলে আর একটা মিউনিসিপ্যালিটি হওয়া দরকার সেটা হচ্ছে বাগডোগরা শিবমন্দির এগারো ঘাইতে। কেন? ওখানে এয়ারপোর্ট আছে, ওখানে

মেডিক্যাল কলেজ আছে,ওখানে আর্মি ক্যান্টনমেন্ট আছে। ওখানে প্রতিদিন হাজার হাজার মানুষের যাতায়াত আছে। এবং সবচাইতে বড় গুরুত্বপূর্ণ বাণিজ্যিক শহর হিসেবে প্রতিদিন হাজার হাজার ট্রান্সপোর্টের গাড়ি শিলিগুড়ি শহরে ঢোকে। তার জন্যে দরকার শিলিগুড়িকে এক্সপ্যান্ড করা, সল্টলেকের মতো। সল্টলেকের মতো আর একটা শহর করা দরকার। যদি আর একটা শহর করানো হয়, তা নাহলে শিলিগুড়ি কিন্তু, সত্যি কথা বলতে কি শিলিগুড়ি স্তব্ধ হয়ে যাবে কয়েক মাসের মধ্যে। এর আগের মন্ত্রীদের বলেছিলাম, উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের মন্ত্রীকে বলেছিলাম যে এটা নিয়ে ভাবা হোক। কিন্তু যেহেতু আমরা বিরোধী আসনে আছি আমাদের কথাগুলো আমরা যদি বলি পূর্ব দিক থেকে সূর্য ওঠে, আপনারা বলবেন না। আমরা যদি বলি রাত্রে চন্দ্র ওঠে, আপনারা বলবেন না। আজকে মমতা বন্দ্যোপাধ্যায়, তাঁর দূরদৃষ্টিতে উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তর খোলা হয়েছে যেটাকে আমি সমর্থন জানিয়েছি। তাঁর দপ্তরের মন্ত্রী হয়েছে। কিন্তু তারা কী করছে? প্রায় ১৩ - ১৪০০ কোটি টাকা উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের জন্য বরাদ্দ হয়েছে, সেই টাকা কোথায় গেল? কোথায় খরচ হল? কীভাবে খরচ হল? আমি যতদূর জানি, টোটাল টাকা চলে গেছে জমির দালালদের হাতে। কীভাবে? জমির দালালরা এসে প্রস্তাব দিয়েছে এদিকে রাস্তা করুন,আমাদের মন্ত্রী রাস্তা করে দিয়েছে, এমন জায়গায় রাস্তা করে দিয়েছে ২ লাখ টাকা বিঘার জমি, রাস্তা হওয়ার সাথে সাথে ২৫ লাখ টাকা বিঘা হয়ে গেছে। জমির দালালরা সুবিধা পেয়েছে, আপনার অর্থকে ব্যয় করে। কিন্তু সেই অর্থ যদি আজকে ফ্লাইওভারে ব্যয় করা হত, সেই অর্থ যদি উত্তরবঙ্গে অনেক জমি শিলিগুড়ির পাশে গাঁওখালিতে প্রায় ৬০০ বিঘা জমি, সেই ৬০০ বিঘা জমিতে, যদি শিলিগুড়িতে আজকে এক্সটেনশান করা হতো সল্টলেকের মতো এটা কি ভাবার দরকার নেই? আমি আমন্ত্রণ জানাব, অর্থমন্ত্রী মহোদয়, আপনি উত্তরবঙ্গটা একটু ভাল করে ঘুরুন। উত্তরবঙ্গটা একটু জানার চেষ্টা করুন। উত্তরবঙ্গের মানুষের কান্না, উত্তরবঙ্গের মানুষের দারিদ্রতা, দুঃখ যন্ত্রণা এটাও আপনাদের দেখা দরকার কারণ আপনারা ক্ষমতায় আছেন। আপনাদের মানুষ ক্ষমতায় রেখেছে, তাই আপনাদের জানা দরকার কারণ আপনারা তো বিরোধীদের নামই শুনতে পারেন না। মেডিক্যাল কলেজগুলো একটা সময়ে, যে যেখানে বিধায়ক তারা সেই স্বাস্থ্য দপ্তরের রোগী কল্যাণ সমিতির চেয়ারম্যান হবেন, আপনারা সেখানেও বঞ্চিত করেছেন। তার চেয়েও বড় কথা আপনারা দূর থেকে বুঝতে পারেন না। দার্জিলিংয়ের স্থায়ী সমস্যা সমাধানের যে ভাবনাচিন্তা, যে পরিকল্পনা এই সরকারের থাকা উচিত, সেটা কিন্তু নেই। আমরা জানি দার্জিলিংয়ের মূল সমস্যা কোথায়। দার্জিলিংয়ের সমস্যা এটা কোনো নতুন নয়। একশো বছর ধরে দার্জিলিংয়ের একটা সমস্যা হয়ে এসেছে। কখনো সিদ্ধার্থ বাবু, কখনো বিধান চন্দ্র রায়, কখনো জ্যোতিবাবু তাদেরকে সামাল দেওয়ার চেষ্টা করেছে। কিন্তু আজকে যেটা দুঃখের বিষয় রাজনৈতিক সুবিধা নেওয়ার জন্য শান্ত দার্জিলিংকে অশান্ত করা হয়েছে। কীভাবে? অন্যায়ভাবে নির্বাচিত জি.টি.এ. কে বাদ দিয়ে ১৫ টা বোর্ড গঠন করে ধর্মের ভিত্তিতে, জাতির ভিত্তিতে বোর্ড গঠন করে সেখানে উন্নয়ন করতে দেওয়া হয়েছে। যাদের উন্নয়ন পর্ষদের চেয়ারম্যান করা হয়েছে বোর্ডের চেয়ারম্যান করা হয়েছে, তারা সবাই ঐ লাল, নীল বাতি লাগানো গাড়িটা নিয়ে শিলিগুড়িতে বাজার করতে আসে।

[12:30 – 12:40 p.m.]

বাজার করে চলে যান, আর উন্নয়ন কিন্তু হয়নি। তাই দার্জিলিং-এর সমস্যা সমাধান করতে যে স্থায়ী পরিকল্পনা দরকার, সেটা ভাবা উচিত। আপনারা তো ডাকবেন না, আপনারা তো বিরোধীদের পরামর্শ নেবেন না। কারণ বিরোধীদের মধ্যেও তো, সুখবিলাশ বর্মাবাবুর মতো ভাল অর্থনীতিবিদ, অভিজ্ঞ মানুষ আছে। বিরোধীদের মধ্যেও তো ৪০ বছর, ৪৫ বছর রাজনীতির সঙ্গে যুক্ত, আর্থসামাজিক ব্যবস্থার সাথে যুক্ত তাদের মতামত নেওয়া আপনারা প্রয়োজন মনে করে না। আপনাদের একটাই কাজ বিরোধীদের হেনস্থা করা, বিরোধীদের দমন করা, বিরোধীদের কণ্ঠরোধ করা, তাদের অধিকার কেড়ে নেওয়া। তাই একটা সুস্থ পরিবেশকে রাখতে গেলে শাসকদল এবং বিরোধী মিলে যদি চলতে পারে, তবেই সেই রাজ্যের উন্নয়ন সম্ভব, তা ছাড়া উন্নয়ন হতে পারে না। একদলীয় শাসন ব্যবস্থা দিয়ে একটা রাজ্যের উন্নয়ন হয় না। স্যার, চোখের সামনে বিহার কত এগিয়ে গেছে। অর্থমন্ত্রী আছেন বলেই তো কথাগুলো বলছি। আপনার ভাবা উচিত, আমরা বঞ্চিত উত্তরবঙ্গের মানুষ। ঠিক আছে, সবাইকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী প্রদ্যুৎ কুমার ঘোষ : ধন্যবাদ স্যার, গত ইংরাজির ১০ই ফেব্রুয়ারি, ২০২০ অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্রের বাজেট বিবৃতি ২০২০-২১ যে প্রস্তাব রেখেছেন, আমি তাকে সম্পূর্ণরূপে সমর্থন করে আমার দুই একটি কথা এই সদনে রাখছি। স্যার, ডঃ মিত্র এই বারের বাজেট বাংলার সর্বসাধারণ মানুষের হৃদয় ছুঁয়ে গেছে। সেটা এই সদনের বিরোধী বন্ধুরা কংগ্রেস বলুন, সি.পি.এম. বলুন সব বন্ধুরা বুঝতে পারছেন, যে তাদের সঙ্গে যতটুকু জনসমর্থন অবশিষ্ট আছে, এই বাজেট হয়ে যাওয়ার পরে, যতটুকু অবশিষ্ট আছে সেই অবশিষ্ট জনসমর্থনটুকুও থাকবে না। তাই ভয়ে এখানে শুধুমাত্র সমালোচনার করার জন্য আজকে সমালোচনা করে যাচ্ছে। স্যার, গত ৩৪ বছর ধরে বামফ্রন্ট সরকার বছরের পর বছর ঘাটতিহীন বাজেট, প্রতি বছর ঘাটতিহীন বাজেট দেখিয়ে গেছেন। কখনও বলেন নি, যে বামফ্রন্ট সরকারের দুই লক্ষ তিন হাজার কোটি টাকার দেনা আছে। কখনো স্বীকার করেন নি। ঘাটতি শূন্য বাজেট বলতে বলতে, পশ্চিম বাংলার অর্থনীতিটাকে ধ্বংস করে দিয়ে গেছে। স্যার, তৎকালীন মুখ্যমন্ত্রী বুদ্ধদেববাবুর স্লোগানটা খুব ভাল ছিল, 'কৃষি আমাদের ভিত্তি, শিল্প আমাদের ভবিষ্যৎ।' স্লোগানটা খুব সুন্দর। আমরা দেখলাম, সেই স্লোগানটা দেওয়ালে লেখা ছিল, বাস্তবে তার রূপায়ণ আমরা লক্ষ করি নি। আজকে কৃষিতে বামফ্রন্ট সরকারের ৩৪ বছরের কেন্দ্রের কাছ থেকে প্রথম পুরস্কার তো দূরের কথা, একটা সান্ত্বনা পুরস্কার পর্যন্ত বামফ্রন্ট ৩৪ বছরে পায় নি। আর আজকে মা-মাটি-মানুষের সরকার টানা ৬ বছর কেন্দ্রের কাছ থেকে কৃষিতে ভারতবর্ষের মধ্যে প্রথম পুরস্কার এবং কৃষি কর্মণ পুরস্কার আমরা উপাধি পেয়েছি অর্থাৎ কৃষিতে বাংলা, ভারতবর্ষের সমস্ত রাজ্যকে হারিয়ে আমরা এগিয়ে চলছি। স্যার, শিল্পের কথা আর কী বলব। শিল্প, পশ্চিম বাংলায় এমন একটা পরিবেশ ছিল বামফ্রন্টের আমলে, সেই পরিবেশের জন্যই শুধু করতে হবে, দিতে হবে-হরতাল, বন্ধ - এই ছিল শিল্পের হাল। কী করে শিল্পটা হবে ? আজকে শিল্প নিয়ে চিৎকার করছেন। স্যার, আজ বাংলায় শিল্প আসছে। তার কারণ শিল্পের পরিবেশ বাংলায় তৈরি হয়েছে।

ওয়ার্ক কালচার ফিরে এসেছে। শ্রমদিবস বাংলায় নষ্ট হয় না। আজকে বাংলায় শিল্পের পরিবেশ তৈরি হওয়ার জন্যই শিল্পবাংলা এগিয়েছে। স্যার, শুধুমাত্র ভাষণ দিয়ে মেক ইন ইন্ডিয়া, কখনও আচ্ছে দিন আয়েগা - এই অসত্য ভাষণ ভারতবর্ষের অর্থনীতির পরিকাঠামোকে একেবারে ধ্বংস করে দিয়েছে ভারতবর্ষের একটি সরকার। ভারতবর্ষ একটি কৃষি প্রধান দেশ। এই কৃষিতে যদি উন্নয়ন না হয়, এই কৃষিপ্রধান দেশে যদি কৃষকের উন্নয়ন না হয় ভারতবর্ষের অর্থনীনৈতিক পরিকাঠামো কখনই ভালো হতে পারে না। সেইটা ভারতবর্ষের বর্তমান সরকার জানেও না আর যদিও জানে সেইদিকে তারা কোনো কর্ণপাত করছে না। আজকে ভারতবর্ষের জিডিপি-র বৃদ্ধির হার ২০১৯-২০ তে ৫%-এ নেমে এসেছে। সেই তুলনায় বাংলায় মাননীয়া মুখ্যমন্ত্রী এবং মাননীয় অর্থমন্ত্রীর অক্লান্ত পরিশ্রমে জিডিপি-র বৃদ্ধির হার দশ শতাংশেরও বেশি। ভারতবর্ষে আমরা দ্বিগুণ করতে পেরেছি।

আজকে 'হাসির আলো' যে প্রকল্প - ফ্রি করছেন বিদ্যুৎ। দারিদ্র সীমার নীচে গ্রামের এবং শহরের মানুষকে তিন মাসে পঁচাত্তর ইউনিট পর্যন্ত বিদ্যুতের জন্য কোনো পয়সা দিতে হবে না। বরাদ্দ হয়েছে দু'শো কোটি টাকা। উপকৃত হবেন কম করে পঁয়ত্রিশ লক্ষ মানুষ। স্যার, বামফ্রন্টের আমলে একটা ভালো শ্লোগান ছিল- লোডশেডিং-এর সরকার আর নেই দরকার। আজকে বাংলায় এই শ্লোগানটা কি হবে বাংলায়? আজকে শ্লোগানটা হবে মা-মাটি-মানুষের সরকার বিদ্যুতের সরকার, গরিবের সরকার, মেহনতি মানুষের সরকার- তৃণমূল সরকার। এই শ্লোগানটা আজকে বাংলায় প্রতিষ্ঠিত হবে।

স্যার, আমরা লক্ষ্য করলাম কয়েক বছর আগে আচ্ছে দিন আনে বলা হয়। একজন আদমীকে দেখেছিলাম সেই ভদ্রলোক দশ লক্ষ টাকার কোট বানিয়ে ভারতবর্ষকে আচ্ছে দিনের স্বপ্ন দেখিয়েছিলেন। আজকে সেই স্বপ্ন বারে বারে ঠোক্কর খেতে খেতে মুখ থুবড়ে পড়েছে। কোট-টাও বিক্রি হয়ে গেছে স্যার। উনি বলতেন ছোটোবেলায় ট্রেনে ট্রেনে ঘুরে আমি চা বিক্রি করতাম। আজকে কি বলছেন? আমি বড় হয়ে গেছি। আজ আর চা বিক্রি করি না, ঐ ট্রেনটাকেই বিক্রি করে দিচ্ছি যাতে ট্রেনটাকে দিয়ে আমরা ভারতবর্ষের সম্পদটাকে নষ্ট করতে পারি।

আজকে আমরা লক্ষ্য করছি, ভারত সরকারের বড় বড় শিল্পকে বিক্রি করে দিচ্ছে। আজকে এলআইসি-কে হস্তান্তর করার চেষ্টা চলছে। স্যার, এখন বলছে তাতে আমাদের যা আশঙ্কা যে, এরা ভারতবর্ষটাকেই না বিক্রি করে দেয়। আমাদের আশঙ্কা হচ্ছে স্যার।

স্যার, দীর্ঘদিন বামপন্থী বন্ধুরা দেওয়াল লিখত। শিক্ষা আনে চেতনা, চেতনা আনে বিপ্লব, বিপ্লব আনে মুক্তি। এই লেখাটা আমরা কি দেখলাম? আজকে এই সরকারের আমলে ছেলে-মেয়েদের পুস্তক দিয়ে, পোশাক দিয়ে, সাইকেল দিয়ে, কন্যাশ্রী প্রকল্প দিয়ে, রূপশ্রী প্রকল্প দিয়ে নতুন নতুন স্কুল কলেজ- ইউনিভার্সিটি-ইঞ্জিনিয়ারিং কলেজ, স্কলারশিপ দিয়ে বিপ্লব তৈরি হয়েছে স্যার। আমরা বলি এটা বিপ্লব, না দেওয়ালে লিখে রেখেছিলেন সেইটা বিপ্লব? কোন বিপ্লবটা সঠিক সেইটা আপনাদের মানুষের সামনে বলতে হবে। বিরোধী বন্ধুদের একটা

কথা বলি, খুব আইন-শৃঙ্খলা নিয়ে চিৎকার করছিলেন। শুনুন, গতকাল একবালপুরে একজন নাবালিকা মেয়েকে ধর্ষণ করেছিল পাঁচজন। সেই পাঁচজন ধর্ষণকারীকে গতকাল মাত্র সাতদিনের মধ্যে পুলিশ তার বিরুদ্ধে চার্জশীট দিয়েছে।

[12:40 – 12:50 p.m.]

আমি স্যার একজন নিজে আইনজীবী, অ্যাডভোকেট। আমি আমার ৩৪ বছর প্র্যাকটিসে কোন দিন দেখিনি ৭ দিনের মধ্যে পুলিশ একটা গণধর্ষণের চার্জশিট দিতে পেরেছে। আমি স্যার অবাক হচ্ছি। স্যার, আমি একটা কবিতা বলে শেষ করবো। 'যতই করো মিথ্যাচার ও অপপ্রচারের ফানুস, ও ফানুস উঠে যাবে হাসবে দেখে বাংলার মানুষ, বাংলা আবার গড়ছি মোরা এ সরকারের পণ, সকল দেশের সেরা হবে বাংলার উন্নয়ন'। নমস্কার। ধন্যবাদ স্যার।

Shri Runu Dutta : মাননীয় ডেপুটি স্পিকার স্যার, ভারপ্রাপ্ত মাননীয় অর্থমন্ত্রী ডক্টর অমিত মিত্রের বাজেট বিবৃতি ২০২০-২১ যেটা ১০ই ফেব্রুয়ারী পাঠ করেছেন আমি তার বিরোধিতা করছি।

আমি এই বাজেটকে মনে করি রিলিফের বাজেট। দেনা করো আর মানুষকে রিলিফ দাও। স্যার, মানুষকে স্বাবলম্বী করার এই বাজেটে আমি কিছু পেলাম না। বন্ধ শ্রমিকদের কাজ, ছাত্র-যুব-কৃষকদের স্বাবলম্বী করা না হওয়ার ফলে আমরা দেখছি আমাদের রাজ্য থেকে অনেক লোক বিভিন্ন রাজ্যে কাজের জন্য চলে যাচ্ছে। আগামী বিধানসভা নির্বাচনের আগে শেষ পূর্ণাঙ্গ বাজেট পেশ করলেন মাননীয় অর্থমন্ত্রী, যে বাজেট-টি ভিত্তিহীন এবং বিভ্রান্তমূলক। প্রকৃত অর্থে এই বাজেটের মাধ্যমে উন্নয়নের গতি বৃদ্ধির কোন সুযোগ নেই।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী তাঁর পেশ করা বাজেটে স্বাস্থ্য খাতে বরাদ্দ করেছেন ৪, ৬০৮ কোটি টাকা। গত বছর বরাদ্দ ছিল ৯, ৫৫৬ কোটি টাকা যা গতবারের থেকে ৪৮ শতাংশ বা অর্ধেকেরও কম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যে গরিব মানুষের চিকিৎসা তাহলে কী ভাবে হবে ? তারা সপরিবারে চিকিৎসার অভাবে মারা যাবে? এই বাজেটে গত বছর থেকে স্কুল শিক্ষায় বরাদ্দ কমেছে। কমেছে উচ্চশিক্ষায়ও। কমেছে বৃত্তিমূলক শিক্ষায়। শিল্প নিয়ে কোন কথা এই বাজেটে নেই। পশ্চিম বর্ধমান জেলা-সহ রাজ্যের একের পর এক শিল্প বন্ধ হয়ে যাচ্ছে। কোন নতুন শিল্প ২০১১ সালের পর থেকে স্যার আমরা দেখতে পাচ্ছি না। যদিও বলা হচ্ছে। প্রচুর শিল্প এসেছে এবং রাখার জায়গা নেই নাকি। গত বছর বাজেটে কৃষকদের জন্য বরাদ্দ ছিল ৬ হাজার ৮৬ কোটি টাকা। এবার সেখানে বরাদ্দ হয়েছে ৫,৮৬০ কোটি টাকা, ৫৭ লক্ষ টাকা। কৃষি বিপণনের ক্ষেত্রে গত বছর বরাদ্দ হয়েছিল ৩৫৯ কোটি টাকা। এবার তা করা হয়েছে ৩৫০ কোটি টাকা। স্যার, এর থেকে কী প্রমাণ হয় না যে সব রকমের কৃষকদের উন্নয়নের দাবি ঢাক বাজানো ছাড়া কিছু নয়? যা বলা হচ্ছে সেটা ঠিক না। ২০১৮ সালে 'কৃষক বন্ধু' প্রকল্প ঘোষণা করা হয়েছিল। রাজ্যের ৭২ লক্ষ কৃষক, ভাগ চাষীদের জন্য এই প্রকল্প বাজেটে রাখা হয়েছিল। রাজ্য সরকার জানিয়েছে ৩৯, ৫১, ৮০০ কৃষক এই প্রকল্পের আওতার বাইরে আছে

অর্থাৎ ৪৮ শতাংশ কৃষিজীবী, কৃষক-বন্ধুকে সরকার বাইরে রেখে দিয়েছে। এরা এই প্রকল্পের সুযোগ পাচ্ছে না। এর থেকে সরকারি প্রকল্প ঘোষণা হলেও তা ইমপ্লিমেন্ট করা যাচ্ছে না।

মাননীয় অর্থমন্ত্রী কর্মসংস্থান নিয়ে অনেক গল্প বলেছেন। আমি পশ্চিম-বর্ধমানে থাকি স্যার। রাজ্য সরকারের অনেক শিল্প বন্ধ আছে, খোলার কোন উদ্যোগ নেই। কোন নতুন শিল্প গড়ে উঠছে না। বামফ্রন্টের সময় যে ৮০-৯০টা লৌহ-ইস্পাত কারখানা খোলা হয়েছিল তার মধ্যে ২৮টা কারখানা স্যার বন্ধ হয়ে গেছে এবং প্রায় হাজার চারেক লোক বেকার হয়ে ঘুরে বেড়াচ্ছে সেদিকে সরকারের কোন দৃষ্টি নেই, খোলা যাচ্ছে না।

স্যার, এই বাজেটে বিদ্যুতের মাশুল কমাবার কথা বলা হয়েছে। ২৫ ইউনিট ব্যবহার করলে গ্রাহকদের কোন মাশুল দিতে হবে না। স্যার, বিলাপ ছাড়া কিছু না। ২৫ ইউনিটের বাইরে হলে বারির আলো-ফালো নিভিয়ে বসে থাকতে হবে। এটা একটা হাস্যকর প্রস্তাব স্যার। আমার মনে হয় এটা নিয়ে ভাবনা-চিন্তা করা উচিৎ। এটা সম্ভব না।

এছাড়া স্যার এখানে বলা হয়েছে ৩ টে ইউনিভার্সিটি আবার খোলা হবে। তার জন্য বাজেটে ৫০ কোটি টাকা মাননীয় অর্থমন্ত্রী রেখেছেন। ৩ বছর আগে ঘোষিত হুগলির রাণী রাসমণি ও গ্রিন বিশ্ববিদ্যালয় স্যার কতদূর কাজ হয়েছে একবার যদি বলেন আমাদের খুব ভাল হয় কেননা আমাদের অভিজ্ঞতা হচ্ছে ২০১৫ সালের জুন মাসে নজরুল বিশ্ববিদ্যালয় পশ্চিম বর্ধমানে চালু হয়েছিল। স্যার, এখনও পরিকাঠামো নেই, এখনও শিক্ষক আসে নি, এখনও পরীক্ষা নিয়মিত হয় না, পরীক্ষা না হওয়ার জন্য ছাত্ররা মার খাচ্ছে, পরীক্ষা দিতে পারছে না, পরীক্ষার পর অ্যাডমিট কার্ড আসছে, রেজাল্ট বেরচ্ছে না, লাইব্রেরী নেই, অসংগতিতে ভরে গেছে। অসম্ভবভাবে ফিজ বৃদ্ধি করা হয়েছে পরীক্ষার। আমি জানি না এই ধরনের ঘোষণা করে ৪২ টা ইউনিভার্সিটি হবে, ৪৩ টা ইউনিভার্সিটি হবে আদৌ কি হচ্ছে? সেখানে পড়াশোনার মান থাকছে কিনা, আদৌ পড়াশোনা হচ্ছে কিনা না মান নেমে যাচ্ছে এটা দেখার জন্য আপনাকে অনুরোধ জানাচ্ছি। স্যার, আপনারা বলেছেন আদিবাসী মানুষদের ৬০ বছরের পর এক হাজার টাকা করে দেবেন। স্যার, আমার প্রশ্ন হচ্ছে দিন ভাল হচ্ছে। কিন্তু যে ভাতাগুলো চলছে, যে ভাতাগুলো রয়েছে সেই টাকাটা বাড়ালেন না কেন? আমার অনুরোধ হচ্ছে সেই টাকাটা বাড়ান। মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছিলেন এই বাজেট জনমুখী। আসলে এই বাজেট দলিত ও সাধারণ মানুষের কাছে জনবিরোধী বাজেট। তাই এই বাজেটকে আমি সমর্থন করতে পারছি না। ধন্যবাদ স্যার।

.....(গোলমাল)....

....(এই সময় মাননীয়া বিধায়ক শ্রীমতী জাহানারা খান কিছু বলতে উঠে দাঁড়ান).....

.......(গোলমাল).........

শ্রীমতী নার্গিস বেগম : তুমি চেঁচিও না ভাই, তোমাকে কিছু বলি নি। নমস্কার, মাননীয় ডেপুটি স্পীকার স্যার এই পবিত্র সদনে মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্রের গত ১০ ই ফেব্রুয়ারি

২০২০-২১ অর্থবর্ষে যে বাজেট প্রস্তাব করেছেন তা চার বছরের জনদরদী বাজেট, রাজ্যের উন্নয়নের বাজেট, কর্মসংস্থানের বাজেট, কৃষক কল্যাণের বাজেট, ক্ষেতমজুরের বাজেট, ছোট ব্যবসায়ীদের সহায়তার বাজেট, সেল্ফ হেল্প গ্রুপের বাজেট, মহিলাদের নিজেদের পায়ে দাঁড়াবার বাজেট, বিশ্ববন্দিতা কন্যাশ্রীর মাধ্যমে নারী শিক্ষার উন্নয়নের বাজেট। এই বাজেটকে আমি সম্পূর্ণরূপে সমর্থন করে দু-চারটি কথা বলবো স্যার। জনদরদী মাননীয়া মুখ্যমন্ত্রীর আন্তরিক ইচ্ছায় আমাদের মা-মাটি-মানুষের সরকার স্বনির্ভর গোষ্ঠীকে আরো শক্তিশালী করেছে। লোক শিল্পীদের লোক প্রসার প্রকল্পের মধ্য দিয়ে তাদের জীবনযাত্রার মান উন্নয়ন ঘটিয়েছে। সামাজিক সুরক্ষা যোজনার মাধ্যমে অসংগঠিত শ্রমিকের জীবনের মান উন্নয়ন ঘটিয়েছে। শুধু কি তাই? সবুজশ্রী হতে সমব্যথী একদম জন্ম থেকে মৃত্যু পর্যন্ত যে মান উন্নয়ন করেছেন মাননীয়া মুখ্যমন্ত্রী তাঁকে আমরা এই সদন থেকে ধন্যবাদ জানাই। ভারতবর্ষের মধ্যে যাকে পুরস্কার দেওয়া হয়েছে দু-চার জন মিলে বসে বসে গালাগালি ছাড়া, স্ট্রিটের বক্তব্য ছাড়া, মদের বক্তব্য ছাড়া, ধর্ষণের বক্তব্য ছাড়া তাদের কিছু জানা নেই। তাদের কাছে কোন সম্পদ নেই। যেমন - আলিমুদ্দিন স্ট্রিটের যেমন কংগ্রেস তেমনি সিপিএম তার টিকিট বিক্রি করে দিয়েছে। বাংলা যে উন্নয়নের গতিতে এগিয়ে যাচ্ছে তার বক্তব্য একটাও তাদের মাথায় নেই। শুধু রাস্তায় গেলে মারবে লোকে তাই এসে সদনে দু-চার জন আছে, তাই বসে বসে গালাগাল। দিচ্ছে বাজেটের কথা না বলে।

[12:50 – 1:00 p.m.]

অপরদিকে কেন্দ্রীয় সরকার হঠাৎ করে বিমুদ্রীকরণ করে, দেশজুড়ে পরিকাঠামো ঠিক না করে জি.এস.টি. করে দেশের কৃষক ভাইরা, আমাদের দেশের ক্ষুদ্র এবং মাঝারি শিল্পের সাথে যুক্ত, অসংগঠিত ছোট ব্যবসায়ের সাথে যুক্ত মানুষের প্রচুর ক্ষতি হয়েছে। ক্ষতি হয়েছে সর্বস্তরের সাধারণ মানুষের। কেন্দ্রীয় সরকারের এই জনবিরোধী নীতির গোটা ভারতবর্ষের মধ্যে প্রথম প্রতিবাদ জানান আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। প্রতিবাদ সঠিক ছিল, তাই আজ ভারতবর্ষের সবকটি অর্থনৈতিক সূচক নীচে নেমেছে। আর এক দিকে অসম্ভব মূল্যবৃদ্ধির ফলে ভারতবর্ষের সাধারণ মানুষের জীবন বিপন্ন হয়েছে। ভারতবর্ষের জি.ডি.পি.- ৫%, যেখানে বাংলা জি.ডি.পি.-র হার ১০.৪%। রাজ্যের যোজনা খাতে ব্যয় ৯ বছরে প্রায় ৭ গুণ বেড়েছে। মূলধনী ব্যয় ১১ গুণ বেড়েছে। রাজ্যের অভ্যন্তরীণ উৎপাদন ২.৪৫ গুণ বেড়েছে। স্যার, এবারের বাজেটে মাননীয় অর্থমন্ত্রী ছ'টি প্রকল্প উপহার দিয়েছেন বাংলার মানুষকে। হাসির আলো প্রকল্পটি দরিদ্র মানুষের জন্য মাসে ২৫ ইউনিট পর্যন্ত বিদ্যুৎ খরচ দিতে হবে না। এর ফলে রাজ্যের ৩৫ লক্ষ গরিব পরিবার উপকৃত হবে। দুই, বন্ধু প্রকল্পের মাধ্যমে ৬০ বছরের বেশি বয়স্ক তপশিলী জাতির মানুষের, যাঁরা কোন পেনশান পান না তাঁদের মাসে এক হাজার টাকা করে বার্ধক্য ভাতা দেওয়া হবে। সমস্ত তপশিলী জাতির মানুষ এই প্রকল্পের আওতায় আসবে। তিন, জয় জহার প্রকল্পে ৬০ বছরের উপরে আদিবাসী, তপশিলী উপজাতির যে সমস্ত মানুষ কোনও পেনশন পান না, তাঁরা প্রতি মাসে ১ হাজার টাকা করে বার্ধক্যভাতা পাবেন। বাংলাশ্রী প্রকল্পে ছোট, ক্ষুদ্র এবং মাঝারি শিল্পের উৎসাহ দেওয়া হবে। কর্মসাথী প্রকল্পে প্রতি বছর ১ লক্ষ

বেকার যুবক-যুবতীদের আয়ের সংস্থান করা হবে। চা সুন্দরী প্রকল্পে স্থায়ী কর্মরত গৃহহীনদের আবাসন গড়ে দেওয়া হবে। একদিকে কেন্দ্রীয় সরকারের বিভাজন রাজনীতি অন্যদিকে ঝিম ধরা অর্থনীতিতে সারা দেশজুড়ে নেতিবাচক প্রভাব পড়েছে। আর অন্য দিকে বাম আমলে রেখে যাওয়া ঋণের বোঝা। এরই মাঝে মাননীয়া মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায় আমাদের অর্থমন্ত্রী মানুষের উপর কোন ঋণের বোঝা চাপায় নি। এবারের বাজেটে মানবিক ও জনকল্যাণকর উন্নয়নগুলো অব্যাহত রেখে আরোও জনমুখী উন্নয়নের প্রস্তাব রেখেছে। এবারের বাজেটে সার্বিক উন্নয়নের দিশা রয়েছে। তাই আমি এই বাজেট সম্পূর্ণভাবে সমর্থন করি। এই বাজেটে আপনারা দেখেছেন সারা বছর বাংলায় সেফ ড্রাইভ, সেভ লাইফ, সারা বছর গরিব মানুষের উন্নয়নের কথা বলা হয়, সারা বছর ক্ষেত মজুরের কথা বলা হয়, সেল্ফ হেল্প গ্রুপের কথা বলা হয় সেগুলো আলিমুদ্দিন স্ট্রিটে যারা বিক্রি করে দিয়ে এসেছে তাদের উদ্দেশ্যে বলি, " লাখ বুরা চাহে তো ক্যা হোতা হ্যায়, ওহি হো তা হ্যায় যো মঞ্জুরে খোদা হোতা হ্যায়।" তাই জনগণ বাংলার মুখ্যমন্ত্রীকে ভারতবর্ষের সেরা মুখ্যমন্ত্রী বলে যে আখ্যা দিয়েছেন সেটা দেখে আপনারা দেখবেন আর জ্বলবেন, আর লুচির মত ফুলবেন। এই কথা বলে সবাইকে আদাব, নমস্কার জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী আনিসুর রহমান : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি অধ্যক্ষের অনুমতি নিয়ে বসেই বলবো। আমার শরীর খুব খারাপ। এটা আমাদের দেশে একটা সাধারণ নিয়মের মত চালু হয়ে গিয়েছে যারা সরকার চালায় বা সরকার চালাবে যদি কোন দিন ভোট আসে তার আগের বাজেটটা ভাল হবে। ভাল হবে ইন দ্যা সেন্স, এখন যেমন হয়েছে এই সরকারটা লোনের সরকার আবার বাজেটটা লোনের বাজেট। টাকা নাও, ভোট দাও। This is the main trend of the Budget.

এই যে পদ্ধতি চালু হয়েছে এটা নিশ্চয় ভাল নয়। কিন্তু চালু হয়েছে, শুধু তো এই পার্টি করছে না, সব পার্টিই করছে। এখন অসীমবাবুকে একা দোষ দিয়ে তো লাভ নেই, যে উনি একা খারাপ করেছেন, আর সবাই ভাল তা তো নয় যার জন্য এটা বলতে আমি চাই না। কিন্তু কতকগুলি বিষয়ে তথ্য এবং স্ট্যাটিসটিক্স আছে, যেগুলো একেবারে ভেজাল। যেমন জাগলারি আছে, মিসকনসেপ্ট আছে, মিস নাম্বারিং আছে, এগুলোর পরিবর্তন হওয়ার দরকার ছিল। কিন্তু দেওয়া হয় নি। আমার মতন একজন নাবালক ছেলে অমিতবাবুর মতন একজন পন্ডিতের কাছে কি শিখবে যদি সত্যি কথা না বলেন? আপনারা বইটা দেখলে বুঝতে পারবেন দ্বিতীয় পাতায় আটটা বিষয়ে পশ্চিমবাংলা নাকি ভারতবর্ষের মধ্যে প্রথম হয়েছে, আটটা বিষয়ে। একশো দিনের কাজে, ক্ষুদ্র শিল্পে, গ্রামীণ গৃণ নির্মাণে, গ্রামীণ রাস্তায়, মাইনরিটি স্কলারশিপে, স্কিম ডেভেলপমেন্টে ও EODB তে। একশো দিনের কাজে আমরা কি হলাম ? আপনারা দেখেছেন কিনা জানিনা, আপনারা মিলিয়ে দেখবেন ভাল হবে। গত বছর আমাদের দেশে যারা জবকার্ড চেয়েছিলেন, তার সংখ্যা হচ্ছে ১কোটি ১৯ লক্ষ ৫৫ হাজার ৬৫০। এই জব কার্ড পেল কত ? এক কোটি সতেরো লক্ষ। তার পরের বছর ১ কোটি ২১ লক্ষ জব কার্ড চাইল, পেল কত ? ১ কোটি ২৪ লক্ষ। তার পরের বছর চাইল ১ কোটি ১৯ লক্ষ, পেল ১ কোটি ১২ লক্ষ। এই যে ১ কোটি ১২, ১ কোটি ২০, ১ কোটি ২১ করে জবকার্ড পেল, নীচে আমরা কি লিখছি ? শ্রম দিবস তৈরি হয়েছে

৩৩.৫। ৩৩.৫ হয় কখনও ? কেউ মেলাতে পারবেন ? এক কোটি লোক যদি জবকার্ড নেন, তাঁরা যদি কাজ করেন, তাহলে কত শ্রমদিবস তৈরি হবে ? ৩৩-এর বেশি কখনই হবে না, ত্রিশের বেশি কখনই হবে না। আপনারা লিখলেন ৩৩। তা নয়, আর একটা মারাত্মক কথা লিখেছেন যে সাতাত্তর দিনের কাজকে সুনিশ্চিত করা গেছে। কোথায় করলাম বুঝতে পারছি না। এই রকম অদ্ভুত রিপোর্ট তিনি হাজির করেছেন। দ্বিতীয়তঃ আমি রাস্তার ব্যাপারে বলি। রাস্তার ব্যাপারেও উনি তথ্য দিয়েছেন। পাঁচ হাজার কিলোমিটার পশ্চিম বাংলায় রাস্তার কথা বলছেন। ভুল কথা, পাঁচ হাজার কিলোমিটার ছিল টার্গেট। পশ্চিম বাংলায় টার্গেট ছিল পাঁচ হাজার কিলোমিটার। হয়েছে কত ? হয়েছে ৩৩৫১, ভুল রিপোর্ট। আবার তিনি বলছেন যে প্রথম হয়েছেন। কীভাবে প্রথম হলেন ? অন্যান্য জায়গার দিকে তাকিয়ে দেখুন, এই যে মধ্যপ্রদেশ, তাদেরও টার্গেট ছিল পাঁচ হাজার, হয়েছে পাঁচ হাজারের বেশি। উড়িষ্যার টার্গেট ছিল আট হাজার, করেছে ৫৫২২। আসামের টার্গেট ছিল পাঁচ হাজার, হয়েছে ২২৪০। এই ভাবে ওঁরা করতে পেরেছেন। আর একটা ব্যাপারে বলি যে কতগুলো হ্যাবিটেশানের সঙ্গে পাকা ঘর যুক্ত হল। এটা একটা বড় মাপকাঠি এই স্কিমের। পশ্চিমবাংলায় ৯৮০টি হ্যাবিটেশান-এর দ্বারা যুক্ত হবে বলা ছিল। কিন্তু হয়েছে মাত্র ৫৭৫। অন্য দিকে আসামের দিকে তাকালে কি দেখব, আসামে হচ্ছে ২৭৮০। আর উড়িষ্যাতে হচ্ছে ৭৬৬। এতগুলো হ্যাবিটেশানের সঙ্গে যুক্ত করে দিয়েছে এই পাঁচ হাজার স্কিম। তিন নম্বর আছে গ্রামীণ বাড়ি ঘর। এতো অবাক হবেন! আমি মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়কে বলব যে একটা টিম পাঠান, দেখে আসুন মুর্শিদাবাদে কি হয়েছে। এক লক্ষ টাকার স্কিম, পঞ্চাশ হাজার টাকা নিয়ে নিয়েছে কর্মীতে, নেতাতে। এক লক্ষ কুড়ি হাজার টাকার স্কিম, ষাট হাজার টাকা নিয়েছে কর্মী নেতারা, তাই দিয়ে বাড়িঘর হচ্ছে। কতকগুলি হয়েছে, কোনটা হয়নি, কেন হল না ? আমি দাবি জানাব যদি সদিচ্ছা থাকে তাহলে দেখান, চলুন, দেখে আসবেন কি কাণ্ড হয়েছে। হতে পারে না এই জিনিস। আবার হঠাৎ দেখলাম ইউনিভার্সিটির নাম, আলিয়া ইউনিভার্সিটির নাম। আলিয়া ইউনিভার্সিটির নাম মানে ? যার জন্ম হয়েছে দশ বছর আগে। যে আলিয়া ইউনিভার্সিটির নাম জন্ম হয়েছে দশ বছর আগে, সেখানে ছেলে পড়ে আমার এক কলেজে মাস্টারি করে। অথচ যেটা হওয়ার দরকার সেটা হল না। এই যে বহরমপুরে একটা ইউনিভার্সিটি হবে, পার্থবাবু ঘোষণা করেছিলেন, সেটা হল না। উনি যা করতে চাইছেন, আমাদের মোদী ভাইও করতে চাইছেন, কোন পার্থক্য আছে ? কোন পার্থক্য নেই। আর একটা ব্যাপার - কালকে আমি কাগজে দেখলাম রেলের উদ্বোধন হল, মাননীয়া মুখ্যমন্ত্রীকে ডাকা হয় নি।

[1:00 – 2:00 p.m. (Including Recess)]

এটা শিষ্টাচার, স্বৈরাচার বিরুদ্ধ। হ্যাঁ, ঠিকই বলেছেন। যাঁরা এটা বলেছেন সেটা আমি সমর্থন করি। কিন্তু আমার প্রশ্ন তাঁদের কাছে মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী যখন জেলায় যান সরকারি টাকায় মিটিং করেন, জনসভা করেন। সে করুন, যত পারেন করুন, তাতে কোন আপত্তি নেই। কিন্তু তিনি তো বলেন না। সেই জেলার এম.এল.এ, কে ডাকি, জেলার এম.পি. কে ডাকি - এটা কি শিষ্টাচার নয় ? তাপসবাবুর কাছে শুনলাম এগুলি শিষ্টাচারবিরোধী। ওনাকে

জিজ্ঞাসা করব শিষ্টাচার কাকে বলে ? তা যদি হয় তাহলে এখানে কেন হয় ? আমি যতগুলি কথা বললাম তার পরেও মাননীয় অর্থমন্ত্রীকে বলব এত বড় বড় অসত্য কথা বললে বড় বিপদ। ১ কোটি লোককে ৩৩ কোটি শ্রমদিবস তৈরি করল। এত অসত্য কথা কি চলে ? এই যে বাজেটটা তিনি হাজির করেছেন এই বাজেটে কিছুই নেই। আমরা বারবার বলেছিলাম বাজেটে দিশা কোথায়? কর্মসংস্থান কোথায় হবে? আমি ঘোষণা করে যাচ্ছি - আপনার লোক পাঠান। আমাদের অমিতবাবুকে বলুন, একটি শ্বেতপত্র প্রকাশ করুক, একটা হোয়াইট পেপার প্লেস করুক যার মধ্যে বলুক কোন ব্লকে, কোন ব্লকে কটা ছেলে কাজ পেয়েছে। আমি নাম চাইছি না, শুধু বলতে হবে শ্বেতপত্রে কোন ব্লকের কয়টা জায়গায় কে কটা চাকরি পেয়েছে। সেটা বলুক। কোন কর্মসংস্থান নেই। উনি লাফাচ্ছেন আমাদের নাকি কর্মসংস্থান বেড়ে গেছে। বাড়ল কোথায় ? তথ্য কোথায় ? তথ্য নেই। শুধু ফার্স্ট হচ্ছি। আমরা ১১ বছর মাছে ফার্স্ট হয়েছিলাম। ওটা আবার বললে মানাতো। উনি বলছেন এতে ফার্স্ট, উনি বলছেন অমুকে ফার্স্ট। একটাও ঠিক নয়। আমি দায়িত্ব নিয়ে বলছি সর্বভারতীয় সরকারের যে রিপোর্ট একটাতেও উনি ফার্স্ট নয়। এই রকম করে রিপোর্ট দেওয়াতো খারাপ। এই যে বাজেট তাতে সমর্থন করা বা না করাটা ব্যাপার নয়, ব্যাপারটা হচ্ছে নৈতিকতার প্রশ্ন। কি আমরা করছি, কি আমরা বলছি পশ্চিম বাংলার মানুষের কাছে জবাব দিতে হবে- সেই কাজের ব্যাপারে। সেই কাজটা আমাদের করতে হবে। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি ধন্যবাদ।

(At this stage the House was adjourned till 02:00 pm)

[2:00 – 2:10 p.m.] (After Recess)

ডঃ সুজন চক্রবর্তী : স্যার, খুব গভীর পরিতাপ নিয়ে আমাকে একটা কথা এখানে বলতে হচ্ছে আপনি নিশ্চয়ই ইতিমধ্যে তা জ্ঞাত হয়েছেন। আজকে সকালে যখন হাউস শুরু হয়, তখন আপনি অ্যাডিশানালি হাউসের সদস্যদেরকে অ্যালার্ট করেছেন যাতে আমরা কেউ প্রসঙ্গান্তরে বাক্য নিবেদন, অকথা, কুকথার মধ্যে না ঢুকি, যাতে আমাদের হাউসের সম্মান নষ্ট হয়, এটা হওয়া উচিত নয় সকালে আপনি একবার অ্যালার্ট করেছেন। বাজেটের আলোচনার সময় বিধায়ক নার্গিস বেগম, বিধায়ক জাহানারা খানকে - হাউসের পুরনো মেম্বার সকলেই চেনেন, তাঁকে যে ভাষা প্রয়োগ করেছেন, সেটা হাউসে কেন, বাইরে - আমি সে শব্দ উচ্চারণ করছি না, হাউসের রেকর্ডে আছে, আপনি দেখে নেবেন নিশ্চয়ই, তখন ডেপুটি স্পিকার চেয়ারে ছিলেন। বাইরে যে কথা বলা যায় না, সেই কথাটা - বাইরে যে কাজ করা যায় না, করলে আমরা সবাই মিলে আপত্তি করি যার যেই থাকুক না কেন। সেটা হাউসের একজন বিধায়ক সম্পর্কে হাউসের আর একজন বিধায়ক যেভাবে প্রকাশ্যে সবার সামনে মাইকে বলে দিলেন - যেন বেশ করেছি এইরকম একটা ভাব, যেন এটা রাইট - এই ধরণের একটা ভাব। এটা আনটেনেব্‌ল্, এটা কখনও হয় না এবং এটা বিশেষ করে আপনি আজকে সকালে অ্যাডিশানালি বলেছিলেন বলে বলছি যে, হাউসে আপনার যে নির্দেশ, তাকেও কি সরাসরি চ্যালেঞ্জ করা হয়নি ? আবারও বলছি আমি সেই শব্দটা

উচ্চারণ করছি না, করতে পারব না। আপনি যদি মনে করেন শুনে নিতে পারেন। এর জন্য যথাযথ কঠিন শাস্তি দেওয়াটা জরুরী। এটা হাউসে বিবেচনা করে কঠিন শাস্তি দেওয়াটা জরুরী। আমি মনে করি সেই দায়িত্বটা আপনি পালন করবেন।

মিঃ স্পিকার : এখানে মাননীয় পরিষদীয় মন্ত্রী রয়েছেন। তিনি বলবেন।

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমরা লক্ষ্য করছি যে, এই হাউসে এমন কিছু শব্দ ব্যবহার করছে আলোচনার সময় যা মোটেই সভ্য সমাজের কাছে গ্রহণযোগ্য নয়। আজকের ঘটনাটা আমি শুনলাম এসে। নিশ্চয়ই নিন্দনীয় কাজ। কিন্তু এই চত্বরে বসেই অনেকে – হাউসের বাইরে হোক বা হাউসের মধ্যেই হোক আপনাদের নিশ্চয়ই স্মরণে থাকবে যে বিগত দিনে অধ্যক্ষ যিনি ছিলেন, তিনি বলেছিলেন হাউস মানে শুধুমাত্র এইটুকু নয় –এই চত্বরটুকু – এবং তখন উনি আমাদের সেই দু’জন সদস্যকে ডেকেছিলেন এবং আমরা তখন বলেছিলাম এই ঘটনা যাতে না ঘটে নিশ্চয়ই আমি দেখব।

আজও আমি বলছি চ্যারিটি বিগিন্স অ্যাট হোম, আমরা যদি নিজেদেরকে আত্মনিয়ন্ত্রণ না করতে জানি তাহলে আমরা কিসের জনপ্রতিনিধি। আমার সঙ্গে মতাদর্শের পার্থক্য থাকতে পারে, নীতির পার্থক্য থাকতে পারে কিন্তু ব্যক্তিগতভাবে আমরা এমন কোনো কাজ করব না যাতে সুস্থ সংস্কৃতি বিঘ্নিত হয় এবং বিধানসভার গরিমা খর্ব হয়। আমি যা শুনলাম আমাদের ফিরহাদ হাকিম, শোভনদা, সমীর চক্রবর্তী সমেত যাঁরা উপস্থিত ছিলেন – সকালে আমার একটি অত্যন্ত জরুরী কাজ ছিল, ফিরে এসে যখন ঢুকি তখন মানীয় অধ্যক্ষ মহোদয়ের সামনে এরা আমাকে বলে। আমি বিধায়ককেও ডেকে পাঠিয়েছিলাম এবং কথা বলেছি। ফিরহাদ হাকিম এই হাউসের মধ্যে ইতিমধ্যেই বোধ হয় বলেছেন। আমি আপনাকে পরিষদীয় মন্ত্রী হিসেবে জানাচ্ছি স্যার, আমাদের কোনো বিধায়ক এ ধরনের শব্দ উচ্চারণ করে অন্য বিধায়ককে অপমান করার কোনোরকম অনুমোদন এই দল দেয় না এবং দেবেও না। আমি নার্গিশ বেগমকে বলব তিনি শব্দ উচ্চারণ না করেও আপনার মাধ্যমে আমি আবেদন জানাতে চাই তিনি যে এই শব্দ প্রত্যাহার করেন এবং দুঃখ প্রকাশ করেন। আর অন্য দিকে বলব শুধুমাত্র নার্গিশ বেগম নয় আপনি দেখবেন হাউস চলাকালীন অনেকের ব্যবহার এমন জায়গায় পৌঁছে যাচ্ছে যা বিধানসভার জনপ্রতিনিধি হিসেবে আমাদের মাথা হেঁট করে দিয়েছে সভার সকলের, বিরোধীদের, আমাদের, সমস্ত বিধায়কদের। বিধায়করা যেন নিজেদের আত্মনিয়ন্ত্রণে বিশ্বাসী হন। শব্দ চয়নে নিজেরা নিজেদের নিয়ন্ত্রণ করুন। আবার বলছি এই কাজ মোটেও সমর্থনযোগ্য নয় এবং আপনার মাধ্যমে বিধায়ককে অনুরোধ করব আমাদের পরিষদীয় দলের যে গরিমা, সেই গরিমা খর্ব হয় এমন কোনো কাজ তিনি করবেন না। আপনি যদি অনুমোদন দেন, আপনি যদি বলেন তাহলে সকলের সামনে সে দুঃখ প্রকাশ করবে এটাই আমার কাছে বাঞ্ছনীয় বলে মনে হয়েছে।

মিঃ স্পিকার : মাননীয় সদস্যগণ, এটা অত্যন্ত পরিতাপের বিষয়। ঠিক কথাই বলেছেন সুজনবাবু। আজকে সকালবেলাতে আমি বিধানসভায় মাননীয় সদস্যদের কাছে আবেদন

করেছিলাম যে আমাদের আচরণ যেন বিধানসভাতে এমন না হয় যেটা সাধারণ মানুষের কাছে অন্য রকম বার্তা নিয়ে যায়। এবং বিধানসভায় শব্দ উচ্চারণ করার ক্ষেত্রে ও বক্তব্য রাখার ক্ষেত্রে আমরা যেন নিজেদের সংযম রাখি এইটা আমি সবার কাছে আবেদন করেছিলাম। এবং আমাদের বিধানসভার রুল বুকটা পড়েও শুনিয়েছিলাম। পরবর্তী ক্ষেত্রে আমি ছিলাম না, আমার অনুপস্থিতিতে হয়েছে, তা আমি শুনেছি। আমার কাছে মন্ত্রী–সভার সদস্য ফিরহাদ হাকিম, তাপস রায় সহ অন্যান্যরা এসে রিপোর্ট করেছেন। সুজনবাবু এবং অন্যান্যরাও আমাকে বলেছেন বি.এ. কমিটিতে। খুব দুর্ভাগ্যজনক ঘটনাই ঘটেছে। আমি মনে করি পরিষদীয় মন্ত্রী পার্থবাবু যে কথা বলেছেন সেই কথার মান্যতা দিয়ে মাননীয়া সদস্যা নার্গিশ বেগমকে আমি বলব যে আপনি আমাদের হাউসের সামনে আপনি আপনার আচরণের জন্য দুঃখ প্রকাশ নিশ্চয়ই করবেন, এটাই বাঞ্ছনীয়।

(এই সময় মাননীয় সদস্য, শ্রী দুলাল বর উঠে দাঁড়িয়ে কিছু বলার চেষ্টা করেন)

মিঃ স্পিকার : আই হ্যাভ নট অ্যালাউড ইউ। দিস উইল নট গো অন রেকর্ড। উনি যে কথা বললেন রেকর্ডে যাবে না। ওনার বলার উদ্দেশ্য আমি বুঝতে পেরেছি। আই হ্যাভ নট পারমিটেড। আমি আজকে সকালবেলায় বলেছি আপনারা সবাই নিজেরা পরিষদীয় রীতিনীতি মেনে চলবেন। আমি আপনাকে অ্যালাউ করিনি, বসুন। আপনি যা চান আমি বুঝতে পেরেছি। আমি মাননীয় সদস্যাকে বলব বলার জন্য।

[2:10 – 2:20 p.m.]

মিঃ স্পিকার : আপনি যা চান আমি বুঝতে পেরেছি।

শ্রীমতী নার্গিস বেগম : স্যার, নমস্কার। আমার স্লিপ অব টাং যে কথাটা বেরিয়েছে, আমার কথায় কেউ যদি দুঃখ পেয়ে থাকেন তাঁর কাছে আমি হাত জোড় করে ক্ষমা চাইছি।

Proposal made from the Chair

Mr. Speaker: Hon'ble Members, for the purpose of preferring an appeal before the Hon'ble High Court an authority is needed to be given to the Secretary of West Bengal Legislative Assembly and accordingly I authorise Secretary to prefer such appeal. I think the House has consent to it.

শ্রী সমরেশ রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ১০ই ফেব্রুয়ারী আমাদের সরকারের অর্থ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী ডঃ অমিত মিত্র মহোদয় যে বাজেট আগামী ২০২০-২১-এর জন্য উপস্থাপিত করেছেন তাঁকে আমি সম্পূর্ণ সমর্থন করছি কারণ ২০১১ সালের আগে অথবা ২০১১ সালের পরে এই বিধানসভায় এই ধরনের বাজেট কখনো আসে নি। এটি এমন একটি বাজেট যেখানে পশ্চিমবঙ্গের সমগ্র জনগণের ৯০শতাংশ মানুষ, কম করে হলেও, বেশি করে হলেও তাঁরা কিছু না কিছু সুযোগসুবিধা পাবেন আজকের এই রিপোর্টটাকে যদি আমরা দেখি তাহলে

আমরা দেখব বর্তমান সরকারের সদ্যবিগত যে অতীত সেটি উজ্জ্বল গরিমায় উদ্ভাসিত। এখানে উল্লেখ করা হয়েছে বিভিন্ন আর্থিক ক্ষেত্রে সারা ভারতবর্ষে যখন বিপর্যয় চলছে সেই বিপর্যয়ের মধ্যেও আমাদের রাজ্য পশ্চিমবঙ্গ অনেকগুলি ক্ষেত্রে প্রথম স্থান অর্জন করেছে। এই প্রশংসা অর্জন করা এই রাজ্য সরকারের প্রদত্ত ভাষণ নয়, ভারত সরকারের যে পরিসংখ্যান আছে, লোকসভায় ভারত সরকারের মন্ত্রীরা যে কথা বলেছেন সেখান থেকে প্রতীয়মান হয়েছে। জি.ডি.পি বৃদ্ধির হার যেখানে ভারতবর্ষে গড় ৫শতাংশ। আমাদের এই রাজ্যে ১০.৪শতাংশ। শিল্পে বৃদ্ধির হার যেখানে ০.৬শতাংশ সেখানে আমাদের রাজ্যে ৩.১শতাংশ। এ ছাড়াও, যেখানে শিল্পে বন্ধ্যা চলছে, কর্মসংস্থানের কোন সুযোগ নেই সারা ভারতবর্ষে, একটা যুক্তরাষ্ট্রীয় পরিকাঠামোয় দাঁড়িয়ে একটা অঙ্গরাজ্যে ক্ষুদ্র ও মাঝারি শিল্পে বিদেশি বিনিয়োগ হয়েছে ২ লক্ষ ৪৩ হাজার ৪১৯ কোটি টাকা যা নিশ্চয়ই শুধু পশ্চিম বাংলার মানুষের কাছে নয়, সারা ভারতবর্ষের মানুষের কাছে একটি উল্লেখযোগ্য দৃষ্টান্ত। আজকে কেন্দ্রীয় সরকারের বাইরে যে ধরনের দুর্নীতি হচ্ছে যেমন, ব্যাঙ্কে লুঠ হচ্ছে, ঠিক তেমনই সরকারী অর্থ জি.এস.টি.-কে কেন্দ্র করে ৪৪ হাজার কোটি টাকা জালিয়াতি হল, কেন্দ্রীয় সরকার ধৃতরাষ্ট্র সেজে বসে আছেন কিছু দেখতে পাচ্ছেন না। একটা সরকার চলে, সেই সরকারের দৃষ্টিভঙ্গী হয়, আমরা বাজেটে যা লক্ষ্য করি সেটা হচ্ছে আগামী এক বছর যেটা আমাদের রাজ্যের জনগণ –নির্বাচকমণ্ডলী যাতে করের বোঝায় ভারাক্রান্ত না হয় সেখানে কেন্দ্রীয় সরকার একের পর এক কর বাড়িয়ে দেশের জনগণকে বিভ্রান্ত করার চেষ্টা করছে, শোষণ করার চেষ্টা করছে। আমাদের রাজ্য সরকার সেখানে কর বাড়ানো তো দূরের কথা বিগত দিনে বিভিন্ন ক্ষেত্রে ভ্যাট, সেলস্ ট্যাক্স, এনট্রি ট্যাক্স, মোটর ভেহিক্‌ল্‌স্ ট্যাক্স যেগুলো বকেয়া পড়েছিল তার উপরে যে সুদ চাপানো হয়েছে দীর্ঘ দিন না দেওয়ার কারণে মাননীয় মন্ত্রীমহোদয় মানুষকে করের হাত থেকে মুক্তি দেওয়ার জন্য বিভিন্ন রিবেটের ব্যবস্থা করেছেন।

মাননীয় মন্ত্রী মহাশয়, মানুষকে করের হাত থেকে মুক্তি দেবার জন্য বিভিন্ন রকম রিবেটের ব্যবস্থা করেছেন। আমাদের উত্তরবঙ্গে চা বাগান আছে, সেখানকার চা শিল্প আগে এগ্রিকালচারের মধ্যে পড়ত না। এবারে রাজ্য সরকার সেটাকে এগ্রিকালচারের মধ্যে নিয়ে এসে সেখানে আয়কর ছাড়ের যাতে ব্যবস্থা হয় তার জন্য প্রস্তাব রেখেছেন। স্ট্যাম্প ডিউটি কম না বেশি এই প্রতিযোগিতায় অনেক জায়গায় জমি রেজিস্ট্রি হয়েছে, মানুষ বছরের পর বছর ধরে ঘুরছে, তারা মূল দলিল পায় নি এবং স্ট্যাম্প ডিউটি যত দেরী হচ্ছে তার উপরে সুদ চাপছে। মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র মহাশয়, এই যে বকেয়া স্ট্যাম্প ডিউটি আছে, তাতে সুদ বাদ দিয়ে প্রকৃত অর্থে যেটুকু টাকা দেওয়ার কথা তার জন্য একটি বিশেষ ব্যবস্থা গ্রহণ করেছেন। আমাদের রাজ্যে গরিবদের মধ্যে গরিবতম তপশিলী জাতির মানুষ, উপজাতির মানুষ, আদিবাসী মানুষ যাদের বয়স ৬০ বছরের বেশি হয়েছে তাদেরকে প্রত্যেক মাসে এক হাজার টাকা করে ভাতা দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। একটা উন্নয়নশীল দেশে আমরা দেখতে পাই একটা শিক্ষিত যুবক যদি বেকার থাকে, তাহলে তাকেও ভাতা দেবার ব্যবস্থা থাকে। এখানেও ঠিক একই ব্যবস্থা করা হয়েছে। কৃষকদের জন্য যে অতুলনীয় সাহায্য সহযোগিতা করার ব্যবস্থা করা হয়েছে, কেউ কেউ বলছিলেন যে কৃষকদের জন্য আমরা কি ব্যবস্থা করেছি। বছরে আড়াই হাজার, আড়াই হাজার

করে পাঁচ হাজার টাকা ছাড় দিয়ে দিলেই কি কাজ শেষ হয়ে যাবে? বন্ধুগণ আপনাদের জানার দরকার কৃষকরা যে চাষ করে, তার জন্য বামফ্রন্টের সময়কালে শস্যবীমার জন্য টাকা দিতে হত। সেই টাকা এখন দিতে হয় না। তার ফলে কৃষকের উৎপাদনী খরচ কমছে। আগে বিদ্যুৎ যে দামে নিতে হত, তার চেয়ে কম দামে রাজ্য সরকারের পক্ষ থেকে বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা করা হয়েছে, তাতে তার উৎপাদনী ব্যয় কমছে। কৃষি যন্ত্রপাতি কৃষিক্ষেত্রে ব্যবহার করা হত ব্যক্তিগত মালিকানার মাধ্যমে বেশি দামে ভাড়া নিয়ে, এতে কৃষকরা সর্বস্বান্ত হতেন। আমাদের রাজ্য সরকার সমবায়ের মাধ্যমে কৃষিযন্ত্রপাতির হাব করে অনেক কম ভাড়ায় কৃষকদের দিয়ে উৎপাদনী ব্যয় কমানোর ব্যবস্থা করেছেন। উৎপাদন করবার পরে খোলা বাজারে অনেক কম দামে বিক্রি করতে হত। এই সরকার আসবার পরে সমস্ত মানুষের কাছ থেকে যারা কৃষক তাদের কাছ থেকে সরকারী মূল্যে ধান কেনবার ব্যবস্থা করেছেন। তাতে অনেক বেশি বেনিফিট মানুষ পাচ্ছে। এ ছাড়া আছে কৃষকবন্ধু প্রকল্প। আগে কখনো আমন চাষের জন্য আড়াই হাজার টাকা, কখনো বোরো চাষের জন্য আড়াই হাজার টাকা করে দেওয়া হত। এখন একেবারে পাঁচ হাজার টাকা দেবার ব্যবস্থা করা হয়েছে। এ ছাড়াও তাদের বীমার আওতায় এনে যদি তার অঙ্গহানি হয়, তাহলে তাকে এক লক্ষ টাকা, যদি কারোর মৃত্যু ঘটে তার জন্য দুই লক্ষ টাকা এবং এ ছাড়াও ফামারদের জন্যেও ওল্ডেজ পেনশানের ব্যবস্থা করা হয়েছে। এই ব্যবস্থাগুলি ভারতের পশ্চিমবঙ্গের অধিকাংশ মানুষকে সাহায্য করবে। তাই মাননীয় মন্ত্রী মহাশয়, ২০২০-২১ আর্থিক বছরে যে ২লক্ষ ৫৫হাজার ৬৭৭কোটি টাকার বাজেট বরাদ্দ পেশ করেছেন, তাকে সম্পূর্ণরূপে সমর্থন করছি। এই বাজেটে নিবাচকমণ্ডলীর উপরে কোন বাড়তি কর চাপানো হয় নি। সর্ব ক্ষেত্রে সুযোগসুবিধা প্রদানের ব্যবস্থা হয়েছে। কেন্দ্রীয় সরকারের বাজেট এবং রাজ্য সরকারের বাজেট সম্পূর্ণ বিপরীত। এই সরকার আর্ত মানুষের পাশে যে দাঁড়ায় সেটা আমরা লক্ষ্য করেছি, যখন পিঁয়াজের দাম ১৫০ টাকা হয়েছিল, সেখানে রাজ্য সরকার মাত্র ৫৯ টাকাতে দেবার ব্যবস্থা করেছে।

[2:20 – 2:30 p.m.]

সমাজের সকল শ্রেণির মানুষ যাতে সুবিধা পায়, তার জন্য পঞ্চায়েত ব্যবস্থার মধ্য দিয়ে গ্রামের অনেক উন্নতি সাধন হয়েছে। যে কারণের জন্য এই বাজেটকে সম্পূর্ণরূপে সমর্থন করছি।

শ্রী নগেন্দ্র নাথ রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, রাজ্যের ভারপ্রাপ্ত অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র মহোদয় গত ১০ই ফেব্রুয়ারী ২০২০ তারিখে ২০২০-২১ অর্থ বর্ষের যে বাজেট বিবৃতি পেশ করেছেন, আমি তার তীব্র বিরোধীতা করে এবং বিরোধীদের আনা কাটমোশানগুলোকে সমর্থন করে সংক্ষেপে কয়েকটি কথা তুলে ধরছি। স্যার, আমার মনে হয়েছে যে, এই বাজেট দিশাহীন। আগামি দিনে যে পুরভোট এবং বিধানসভা ভোটের দিকে তাকিয়ে এই বাজেট পেশ করেছেন। এই বাজেট মিথ্যা প্রতিশ্রুতির বাজেট। স্যার, যাঁরা শাসক দলের বিধায়ক – আমি কোনো দিন শুনি নি যে তাঁরা এখানে আমাদের উত্তরবঙ্গের কথা তুলে ধরেছেন। আমাদের উত্তরবঙ্গের

বিধায়ক শঙ্কর মালাকার, তিনি যথার্থই বলেছেন যে, উত্তরবঙ্গ এই নয় বছরে বঞ্চিত। তা না হলে আমাদের কোচবিহার থেকে শুরু করে মালদা পর্যন্ত যে সমস্যাগুলো আছে, সেদিকে কোনো সরকার পক্ষের কোনো বিধায়ক এই পর্যন্ত তুলে ধরেন নি। তাই আমি বিধায়ক শঙ্কর মালাকার মহাশয়কে ধন্যবাদ জানাই। আমি যেটা বলতে চাই যে, বাজেট বইতে একটা-আধটা ক্ষেত্রে এই রাজ্য ভারতে প্রথম হয়েছে। আমি মনে করি এটা কাগজে-কলমে হয়েছে, কারণ, ইতিপূর্বেও ৩৪ বছর বামফ্রন্ট সরকার থাকার সময়ও বেশ কয়েকটি বিভাগে পশ্চিমবঙ্গ প্রথম স্থান অধিকার করেছিল। যাই হোক, আমার এলাকার যে সমস্যা, কোচবিহার শহরেই একমাত্র জেলা হাসপাতাল, যেটা মেডিকেল কলেজে পরিণত হয়েছে। আমি দুঃখের সঙ্গে জানাচ্ছি যে, সেখানে মেডিকেল কলেজ হওয়ার পরেও সেখানে ডাক্তার নেই, নার্স নেই, এক-একটা বেডে তিন-চারজন করে রোগী। আর যেটা সবচেয়ে দুঃখজনক যে, আমরা বিশেষ করে যদি ডাক্তারকে ফোন করে বলি যে, একটু ভালো করে দেখবেন, সঙ্গে সঙ্গে তারা হয় উত্তরবঙ্গ মেডিকেল কলেজে বা কলকাতায় পাঠিয়ে দেয় বা রেফার করে। এই একটা অবস্থা চলছে। আর ওখানে যে রাত্রি আবাস তৈরি হয়েছে, সেখানে এমন একটা অবস্থা যে, যাঁরা রোগীর পরিজন আসেন, তাঁদের সেখানে বসার বা রাত্রি যাপন করার কোনো রকম ব্যবস্থা নেই। সে দিকটা যাতে নজর দেন স্বাস্থ্যমন্ত্রী, সেই ব্যাপারে আমি অনুরোধ করবো। আর, শ্রদ্ধেয় বিধায়ক সুখবিলাস বর্মা মহাশয় গতকাল তপশিলী জাতি, আদিবাসীর বিষয়ে বিস্তারিত আলোচনা করেছেন। আমি অত্যন্ত আনন্দিত কারণ, একজন তপশিলী সম্প্রদায়ের একজন বিধায়ক হিসাবে যে প্রকল্পগুলি নেওয়া হয়েছে, সত্যি কথা যদি ৬০ বছরের ঊর্ধে যারা, তারা সবাই যদি এক হাজার টাকা করে পায়, খুব ভালো কথা। কিন্তু একটা জিনিস লক্ষ্য করছি যে, কোচবিহারে ৫০ শতাংশের বেশি তপশিলী, অথচ সেখানে বেকারের সংখ্যা বেশি। এখানে বলা হয়েছে যে ৪০ শতাংশ বেকারত্ব কমেছে।

কিন্তু যে চাকরীর কথা এখানে বলা হচ্ছে আমার মনে হয় প্রত্যেকটা বুথে ৮০, ৯০ জন করে হওয়া উচিত হিসাব অনুযায়ী। কিন্তু সেটা লক্ষ্য করছি না, একটা বুথে আমরা গেলে লক্ষ্য করতে পারবো যে ৩, ৪ জনের চাকরী হয়েছে কিনা সন্দেহ। যাই হোক উত্তরবঙ্গের কথা ভেবে বিশেষ করে কুচবিহার তপশিলী জাতি সেখানে ৫০%র উপরে বাস করে যাতে তাদের কর্মসংস্থানের ব্যবস্থা হয়। আজকে রাজবংশী সম্প্রদায়ের মানুষ এবং তপশিলী জাতি যাঁরা আছেন তাঁরা কাজের অভাবে তাঁরা বিভিন্ন জায়গা রাজস্থান, হরিয়ানা, দিল্লী যাচ্ছেন। আমি ধন্যবাদ জানাবো এই কারণে আমার এলাকা রসমতী যেখানে গন্ডার ছাড়ার পরিকল্পনা করা হয়েছে, অস্বীকার করার উপায় নেই এটা ভালো কাজ নিশ্চিতভাবে যেহেতু এটা আমার এলাকায়। এখানে একটা জিনিসের উল্লেখ নেই সেচ ব্যবস্থা, আমাদের কোচবিহার তথা উত্তরবঙ্গের মানুষের বহু দিনের আশা যে তিস্তা বাঁ হাতি ক্যানেল যদি জলপাইগুড়ি হয়ে কোচবিহার পর্যন্ত যেত তাহলে সেখানকার জমিতে তিনটে ফসল হতো বছরে, কিন্তু সেটা হয় নি। সেখানকার মানুষ তাকিয়ে আছে এই তিস্তা সেচ প্রকল্পের কথা এই বাজেটে কোন উল্লেখ নেই।

শ্রী আব্দুল করিম চৌধুরী : মিঃ স্পিকার স্যার, আজ আমাদের অর্থমন্ত্রী, ডঃ অমিত মিত্রের ভাষণের উপর, ফিন্যান্স বাজেটের উপরে আমি কয়েকটি কথা রাখছি। আমি বহু দিন পরে আজকে এই হাউজে এ্যাড্রেস্ করতে এসেছি। আমার বক্তব্য হচ্ছে যে বাজেট আমাদের এই রাজ্যের জন্য মাননীয় অর্থমন্ত্রী পেশ করেছেন এবং যে প্রপোজাল ওনার স্টেটমেন্টে রাখা আছে সেটা পুরো রাজ্যের জন্য নর্থ টু সাউথ অ্যান্ড ইষ্ট টু ওয়েষ্ট চার দিকের মানুষের জন্য একটা কল্যাণমুখী বাজেট। এই বাজেটে উনি যে প্রপোজালগুলো রেখেছেন সেটা আমি রিপিট করতে চাই না। সমস্ত মেম্বারের হাতেই এই বাজেট বই আছে, এবং এই বইয়ের মধ্যে যা লেখা আছে সেটা সারা পশ্চিম বাংলার সমস্ত মানুষের কাছে আজকে পৌঁছে যাচ্ছে। আজকে তাঁরা জানবেন যে আমাদের পশ্চিম বাংলার অর্থমন্ত্রী কত ভালো একটা ব্রেক করেছেন। ইট ইজ সো নাইস বাজেট স্যার। পিপ্‌ল ওরিয়েন্টেড বাজেট স্যার, আজকে সমস্ত জেনারেল পাব্লিকের কল্যাণের জন্য ব্যাকওয়ার্ড ক্লাস প্লাস আদার্স ক্লাসেস পিপ্‌ল সকলের জন্য এটা হয়েছে। আমি বলবো আমাদের অর্থমন্ত্রী within the short time of 8 years – from 2011 to 2019-20 এর মধ্যে আজকে উনি পশ্চিম বাংলাটাকে আজকে একেবারে এই রকম জায়গায় নিয়ে এসেছেন যেটা দেখে আমি অবাক হয়ে যাচ্ছি কারণ যে আমি 1969 থেকে এম.এল.এ. আছি এখানে। 50 years are going to cover. এই ৫০ সাল ধরে আমি দেখছি ১৯৭২ সালে মাত্র ৭৫০ কোটি টাকার বাজেট ছিল সিদ্ধার্থ শংকর রায়ের আমলে মাননীয় শংকর ঘোষ তখন অর্থমন্ত্রী। তখন ৭৫০ কোটি টাকার বাজেট পেশ করেছিলেন। আজকে সেটা আস্তে আস্তে বাড়তে বাড়তে দেখুন 2 Lakh 55 thousand 676 Crore টাকা বাজেট। কত উন্নয়নের দিকে আজকে আমাদের পশ্চিম বাংলাকে নিয়ে যাওয়া হয়েছে এই জন্য আমি কি বলবো ! হোয়েদার হি ইজ হাই জাম্পিং রানার – ক্যাঙ্গারু, হোয়েদার হর্স অর ফার্স্ট রানার চিতা, কি বলবো ? না দেবদূত একনিষ্ঠ। এতো ভালো বাজেট উনি করে ফেলেছেন যেটা পশ্চিম বাংলার মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর স্বপ্নকে পূরণ করার জন্য তিনি করেছেন। আজকে আমি এতো হ্যাপি আছি স্যার। যত আমাদের বিরোধী নেতা বলছেন এখানে, ওঁরাতো বলবেই, বিরোধীদের বলার একটা উদ্দেশ্য আছে তাঁরা বলতেই পারেন। আমি অর্থমন্ত্রীকে বলবো আপনি এতে কান দেবেন না। Don't give ears to these people because they are in opposition.

[2:30 – 2:40 p.m.]

Because they are in opposition and they will tell this to you. স্যার, আমি এটা বলছি আমাদের সুখবিলাস বর্মা Congress-এর নেতা MLA মহাশয় সেদিন বললেন এই যে চাকরি দিচ্ছেন ৪ হাজার, ৫ হাজার, ৮ হাজার, ১০ হাজার করে দেওয়া হচ্ছে তাতে কি চলবে? সরকারি চাকরির মধ্যে ৭ হাজার, ৮ হাজার, ১১ হাজার, ১২ হাজার দেওয়া হচ্ছে কম সে কম কিছু তো হেল্প পাচ্ছে তারা। Something is getting. Something is better than nothing. অনাহারে বসে থাকবে আর কিছু পাবে না। একটা কথা বলি এখানকার একজন যুবক Left Front-এর সদস্য বলেছিল যে, মমতা ব্যানার্জীর জন্যে ইমাম আর মোয়াজ্জেমদের ভাতা

দেওয়াতে আজকে BJP বেড়ে শক্তিশালী হয়ে গেল। It is very bad Sir. এটা হতে পারে না। একটা literate section of peopleকে, লোককে সহায়তা যদি সরকারের তরফে দেওয়া হয় তাহলে BJP বেড়ে যাবে এবং তার ভয়ে আমি দেব না এটা হয় না স্যার। BJP সংখ্যায় বেড়ে যাবে শক্তিশালী হয়ে যাবে এই জন্যে মুসলমানদের কোন কিছু করতে হবে না সে তো করা যায় না। Sir, It is a wrong side. সেই জন্য বলব স্যার, আমি দেখেছি পশ্চিম বাংলায় ৭৫০ কোটি থেকে নিয়ে আজকে ২,৫৫,৬৭৭ কোটির যে বাজেট আমাদের অর্থমন্ত্রী এনেছেন তা খুবই ভালো। সঙ্গে সঙ্গে বলতে চাই পশ্চিম বাংলার মুখ্যমন্ত্রী যে departmental programmeগুলো করছেন, review meetingগুলো করছেন প্রত্যেকটা জেলায় নিজের চোখে দেখতে পাবেন কোথায় উন্নয়ন হচ্ছে আর কোথায় হচ্ছে না। কোথায় হচ্ছে, DMকে জিজ্ঞাসা করুন, departmentকে জিজ্ঞাসা করুন। সমস্ত কাজ এগিয়ে চলেছে। এর জন্য মস্তবড় প্রজেক্ট তৈরি করা হয়েছে এই আট বছরের মধ্যে। স্যার, আমি এখানে আছি বহু দিন ধরে। আমি এই রকম পাঁচটা মুখ্যমন্ত্রী দেখলাম। ১৯৬৯ সালে আমি দেখেছি অজয় কুমার মুখার্জীকে। তার পর দেখেছি সিদ্ধার্থ শঙ্কর রায়কে '৭২ সাল থেকে। তার পর দেখেছি জ্যোতি বসু মহাশয়কে '৭৭ সাল থেকে। তার পর দেখেছি আমাদের বুদ্ধদেব ভট্টাচার্যকে এবং তার পরে বর্তমান মুখ্যমন্ত্রী। এই পাঁচ জন মুখ্যমন্ত্রীর মধ্যে আমি সব থেকে ভালো মুখ্যমন্ত্রী দেখছি মমতা ব্যানার্জীকে। কত talented কত smart কত physically উনি move করতে পারেন। জেলায় জেলায় ঘুরে ঘুরে নিজেই সমস্ত লোকের সমস্যা দূর করেন। সেদিন বাঁকুড়া যাচ্ছিলেন, যাওয়ার সময় রাস্তায় দেখলেন ছেলেগুলো স্কুল যাচ্ছে, ছাত্রীগুলো স্কুল যাচ্ছে। কিন্তু পায়েতে জুতো নেই। এই গাড়ি রোকে – ছাত্রছাত্রীদের কাছে এগিয়ে গিয়ে বললেন তোমাদের পায়ে জুতো নেই কেন? গরিব আছি, তাই বাবা-মা জুতো দিতে পারে নি। তখনই তিনি শিক্ষামন্ত্রীকে ফোন করে বললেন এক্ষুনি পশ্চিম বাংলার সমস্ত প্রাইমারি স্কুলের ছাত্রছাত্রীদের পায়ে স্কুল জুতো দিয়ে দাও। এগুলো নিজের চোখে দেখার পর একটা মুখ্যমন্ত্রী কাজ করেছেন। It is not a joke Sir. We cannot do. আমরা MLA আছি, কিন্তু আমরা করতে পারছি না যেটা আমাদের মুখ্যমন্ত্রী করেছেন। এই হাউসে আমি ৫বার consecutively জিতেছি বলে Left Front Government আমাকে award দিয়েছিল। আবার ৮ বার জেতার জন্য award দিয়েছিল। এবার আমি ১০ বার জিতেছি। সেই জন্যে এবার আমি আপনার থেকে award নেব। আজকে এই NRC, CAA, নোট বন্দী নিয়ে খেলা করতে চাইছে। It is very bad Sir. Division আনছে আমাদের public-এর মধ্যে। এটাকে বন্ধ করতে হবে। মমতা ব্যানার্জী লড়তে চায় আমাদের জন্যে। স্যার, অটল বিহারী বাজপাই যখন এন.ডি.এ-র প্রধানমন্ত্রী ছিলেন তখন বিজেপি-রই গুজরাটের রায়ট বন্ধ করেছিলেন। মোদি এবং অমিত সাহ্‌কে বললেন বন্ধ করো তুম লোগ। জনতা কি হত্যা করতে হো। তুমকো সরম নেহি আতি হে। তুম লোগো কো সরম নেহি আতি হে জনতা কি হত্যা হো রাহা হে। আরে তুম রাজ ধর্ম শিখো। If India is not secular then India is not India at all.

এটাই বলেছিল তখন আমাদের প্রধানমন্ত্রী বাজপেয়ী, মমতা ব্যানার্জী তখন সঙ্গে ছিলেন। তখনকার প্রধানমন্ত্রী ছিল আর এখনকার বিজেপির প্রধানমন্ত্রীর সঙ্গে কত তফাত স্যার। Why ?

তাই আমি বলব আমাদের মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন এতো সুন্দর বাজেট এতো ভালো বাজেট, তাকে আমি পূর্ণ সমর্থন দিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। Thank you Sir.

মিঃ স্পিকার : আমাদের মাননীয় সদস্য শ্রী আব্দুল করিম চৌধুরী দশ বার আমাদের বিধানসভায় নিবাচিত হয়েছেন, আমি আমার বিধানসভার মাননীয় সদস্যদের পক্ষ থেকে তাঁকে আন্তরিক অভিনন্দন জানাই, এবং আমরা তাঁর দীর্ঘায়ু কামনা করি। তিনি ভালোভাবে কাজ করে যান।

শ্রীমতী শ্যামলী প্রধান : ধন্যবাদ স্যার, আমি এই সদনে একটি কথা বলতে চাই যে, মাননীয় স্পিকার সাহেব সকালে সতর্ক করে দিয়েছিলেন একটি বিষয় নিয়ে। তা আমরা নতুন সদস্য। আমরা নিচু স্তরে প্রশাসনের অনেক কাজ করেছি। কিন্তু এখানে এসে যেটা দেখি যে এইভাবে উভয়পক্ষের যে কথা সেগুলো কিন্তু নিচু স্তরে আমাদের হয় না। স্পিকার সাহেব যেটা বলেছেন এটা আরো আগে বললে হয়তো কথাগুলো আমাদের উঠে আসতো না। আমি যখন প্রথম এই সদনে কোনো বিষয় নিয়ে বলি, বলার শেষে আমাদের চন্দ্রিমাদি ওনার আসন থেকে উঠে এসে আমাকে বলেছিলেন তোমার ভালো হয়েছে – বিরোধী বলে বলছি না। এইটা বিরোধী হিসাবে আমার মনে আছে স্যার। সেই জন্য আমাদের সম্পর্কটা সেইমতোই থাকা উচিত। যাই হোক, আমাদের মাননীয় অর্থমন্ত্রী অমিত মিত্র মহাশয়, ১০ই ফেব্রুয়ারী, ২০২০ এবং ২০২১ অর্থবর্ষের বাজেট এখানে পেশ করেছেন। ওনার প্রস্তাবিত বিষয় হয়েছে যে, ২,৫৫,৬৭৭ কোটি টাকা এই বাজেটে বরাদ্দের জন্য উনি রেখেছেন। তো এই রাজ্যে আরো বাজেটের জন্য রেখেছেন যে, ২০১৯-২০তে আমাদের রাজ্যে GDP বৃদ্ধির হার বেড়েছে, শিল্পের বৃদ্ধির হার বেড়েছে এবং কর আয়ের হারও বৃদ্ধি হয়েছে। সেই জায়গায় দাঁড়িয়ে যেভাবে জিনিসের দাম বাড়ছে, সেখানে বাজেটে টাকার অঙ্ক বাড়াটা উচিত। তো আমরা দেখেছি যে ২০২০-২০২১ অর্থবর্ষে উনি শিক্ষাখাতে উচ্চশিক্ষায় ধরেছেন ৭০০ কোটি টাকা। আমরা ২০১৯-২০ সালে দেখেছি যে এটা ধরা ছিল ৩,৯৬২ কোটি টাকা। তো এখানে ২০%র থেকেও কম ধরা হল। আজকে স্কুল শিক্ষায় ২০২০-২১-এ ধরা হয়েছে ৮,৭৫০ কোটি টাকা। ২০১৯-২০-তে ধরা ছিল ২৭,৫৪০ কোটি টাকা। এখানেও এক তৃতীয়াংশ কম হয়েছে। বৃত্তিমূলক শিক্ষায় ২০২০-২১-এ ৯০০ কোটি টাকা। কিন্তু ২০১৯-২০-তে ছিল ১১০৬ কোটি টাকা। তাহলে স্যার এখানে শিক্ষাখাতে আলোচনার সময় অনেকেই বলছিলেন শিক্ষা আমাদের দরকার। আমরা দেখলাম শিক্ষা খাতে আমাদের টাকা কম ধরা হয়েছে। যেখানে পার্শ্বশিক্ষকরা ৮০০০, ৯০০০, ১০,০০০ টাকা বেতনে তাঁরা চালাচ্ছেন – এই দ্রব্যমূল্যের বাজারে এগুলো কীভাবে হয়। আজকে শিক্ষক না থাকার ফলে সরকারি স্কুলগুলো বন্ধ হয়ে যাচ্ছে। স্কুলে টিচার না থাকার জন্যে সেখানে সেই সায়েন্সের বিভাগটা বন্ধ হয়ে যাচ্ছে। এই জায়গাতে সরকারের একটা দৃষ্টি দেওয়া উচিত ছিল স্যার।

আমরা স্বাস্থ্য পরিকল্পনা খাতে কি পেয়েছি ? ২০২০-২১ সালে ৪,৬০৮ কোটি টাকা ধরা হয়েছে। ২০১৯-২০-তে ধরা ছিল ৯,৫৫৬ কোটি টাকা। এখানেও স্যার কমানো হল। স্বাস্থ্যে আমরা দেখছি যে, Super speciality Hospital সত্যিই তৈরি হয়েছে। সেখানে আমরা দেখি

যে, ডাক্তারের অভাব আছে। মাননীয়া মুখ্যমন্ত্রী বার বার বলেন যে, না এখানে আমাদের ডাক্তার যেমন আছে তেমন দেওয়ার ব্যাপারটা। তো PHC-তে গ্রামের মানুষের জন্য যে হাসপাতালগুলো আছে PHC যেগুলো আছে সেগুলোতে কিন্তু সেইভাবে পরিষেবা পৌঁছায়না। তাদেরকে চলে যেতে হয় মহকুমা হাসপাতাল, চলে যেতে হয় বর্ধমান, চলে আসতে হয় কলকাতা। বিশেষ করে কলকাতায় যে হাসপাতালগুলো আছে গ্রামের মানুষ এসে কিন্তু সেই ভাবে তারা তাড়াতাড়ি ভর্তি হতে পারে না। আমরা বিধায়ক হিসাবে আমাদের এলাকার মানুষ তারা ফোন করে যে, transfer করেছে মেডিকেলে, পি জি'তে, নীলরতনে কিন্তু আমরা সেই সুযোগটা পাই না।

[2:40 – 2:50 p.m.]

হয় মন্ত্রী, না হলে অন্যভাবে তাঁদেরকে সেই জায়গায় যোগাযোগ করতে হয়। এখানে যদি মহকুমা স্তরে পরিষেবাগুলো ভাল করা যায় তাহলে তাদেরকে এইভাবে হ্যারাস হতে হয় না স্যার। স্যার, সংখ্যালঘু উন্নয়ন ও মাদ্রাসার শিক্ষাক্ষেত্রে বরাদ্দ কমিয়ে দেওয়া হয়েছে স্যার, চারশো কোটি টাকা। ২০১৯ থেকে ২০-তে ছিল, ৪,০১৬ কোটি টাকা। ২০২০-২১-তে হয়েছে ৩,৬০০কোটি টাকা। স্যার, বারবার সংখ্যালঘু বিষয় নিয়ে আলোচিত হয়, সেই জায়গাতে দাঁড়িয়ে এখানে বরাদ্দটা স্যার কমানো হয়েছে, এটা বাড়ানো উচিত ছিল। কৃষকদের শষ্যবীমা থেকে আলু ও আখ চাষীদের বাদ দেওয়া হয়েছে, ১৯-২০সালে। যেখানে আলু চাষীরা বিভিন্ন জেলাতে মারা গিয়েছে, সেখানে কিন্তু তাদের এই শষ্য বীমাটা দেওয়া হয় নাই, এই ক্ষেত্রে সরকারের এ দিকটা উচিত ছিল ধরার। কিন্তু ২০২০-২১সালে আমরা দেখলাম, এটা ধরা হল না। সরকারের ঋণের পরিমাণ নিয়ে বারবার বলেন যে বিগত সরকার এত টাকা ঋণ রেখে গেছে। কিন্তু আমরা কি দেখছি ৮ বছরে যে, এখানে কোটি কোটি টাকা ঋণ নেওয়া হল এবং সেই ঋণ বিভিন্ন খাতে খরচ করা হচ্ছে। কিন্তু বাকি যে টাকাটা থাকছে সেখানে কিন্তু সরকারের বিশেষ করে আমরা দেখছি পার্শ্ব শিক্ষক যাঁরা আছেন, শিক্ষকরা আছেন, তাঁদের ভাতা দেওয়া হচ্ছে না। আই.সি.ডি.এস. কর্মী যাঁরা আছেন, তাঁদের ভাতা বাড়ানো হচ্ছে না। আশার কর্মী যাঁরা আছেন তাঁদের সেখানে ভাতা বাড়ানো হচ্ছে না। স্যার, এই ক্ষেত্রে সরকারের একটু নজর দেওয়া উচিত ছিল। স্যার, নতুন শিক্ষক নিয়োগের ক্ষেত্রে সরকারের কি ভূমিকা আমরা বুঝতে পারছি না স্যার। আমরা দেখছি যে প্রাইমারী স্কুল বলুন, হাই স্কুল বলুন, সেখানে শিক্ষক নিয়োগ করতে হলে, ট্রেনিং কলেজে পড়ে আসতে হবে। কিন্তু এখানে সরকার প্রাইমারী স্কুলে ছাত্রদের জুতো, জামা, ব্যাগ দিচ্ছেন। যখন তারা বড় হয়ে উঁচু ক্লাসে পড়ে চাকরির জন্য দরখাস্ত করবে, সেই গরিব মানুষের ঘরের ছেলে মেয়েরা তারা কোথায় টাকা পাবে স্যার ? এই বি.এড., ডি.এড., কলেজগুলোতে প্রচুর পরিমাণে টাকা লাগে, তারা কিন্তু সেই জায়গায় যেতে পারছে না স্যার। এটা ভাবা উচিত ছিল স্যার। স্যার, শিক্ষার অভাবে প্রাথমিক বিদ্যালয়গুলো বন্ধ হচ্ছে, বেসরকারি স্কুলগুলো চালু হচ্ছে। আজকাল গার্জেনরা যতই কষ্ট হোক, তাঁরা কিন্তু শিক্ষার জন্য তাঁদের ছেলেমেয়েদের একটা জায়গায় নিয়ে যাওয়ার চেষ্টা করছেন স্যার। তাঁরা ঘটি-বাটি যা আছে বিক্রয় করেও তাঁরা কিন্তু বেসরকারি স্কুলে নিয়ে যাওয়ার তাদের একটা প্রবণতা বেড়েছে স্যার। সরকার ঘোষণা করেছে যে বেকার

সংস্থান, সেটা এখানে কমানো হয়েছে। আমরা দেখেছি এই বাজেটে ৯ লক্ষ ১১হাজার কর্মসংস্থান হয়েছে। এখানে সেটা কীভাবে, কোন দপ্তরে এই কর্মীদের নিয়োগ করা হল, সেটা যদি জানানো হোত, সরকারের স্বচ্ছতার একটা প্রকাশ হোত। কিন্তু আমরা বিরোধী পক্ষ, আমাদের কাছে সন্দেহের সেই বিষয়টা আছে স্যার, এটা করা দরকার ছিল। আজকে ডি.এ.র ক্ষেত্রে বলি, এটা সরকারি কর্মচারীদের একটা অধিকার, এটা স্বাধীনতা, সেই জায়গায় কিন্তু সরকার ধার নিয়েও এটা কিন্তু করতে পারলেন না, এটা করা উচিত ছিল। যাই হোক স্যার, পরিশেষে বলি, কৃষিক্ষেত্রে যে ভাতার ব্যাপারগুলো বলা হয়েছে, প্রচুর পরিমাণে কৃষকদের সেগুলো জমা পড়ে আছে স্যার। সেগুলোর কোন ব্যবস্থা নেই। আজকে এস.সি., এস.টি.-দের বার্ধক্যভাতার কথা বলা হয়েছে। হ্যাঁ, এটা ঠিকই, কিন্তু আমরা দেখেছি যে বামফ্রন্টের সময়ে এস.টি.-দের যা ছিল পরিবারের সাতজনের তাদের সবাইকে দেওয়া হোত, এখানে এস.টি.-দের কথা বলা হয়েছে, আমার বলার বিষয় হচ্ছে যে চালু ভাতাগুলো আছে, সাড়ে সাতশো টাকা করে পায়, সেটা বাড়ানোর দরকার আছে। কারণ এতে এখানে সবটা কভার হবে। তা না হলে যেটা করা হয়েছে, আমরা দেখেছি, ‘১৬সালের থেকে বার্ধক্য ভাতার ফর্ম গাদাগাদা জমা পড়ে আছে, কিন্তু সেটা এখনও শুরু হয় নি। সামনে ‘২১ সালে নির্বাচন, এখন ঘোষণা করা হল। এটা হতে হতে স্যার, ’২১সাল পেরিয়ে যাবে। তখন আমরা এটা ভাবছি, আমার মনে হয়েছে যে এটা নিবার্চনকে কাটিয়ে এই এস.সি., এস.টি.-দের ভাতার ব্যাপারটা ঘোষণা করা হয়েছে। স্যার, এই বাজেটে কৃষকদের, বেকারদের, শিক্ষকদের, সরকারি কর্মচারীদের কোন দিশা নেই স্যার। তাই আমি এই বাজেটকে সমর্থন না করে বিরোধিতা করে সকলকে ধন্যবাদ জানিয়ে আমি আমার কথা শেষ করছি নমস্কার।

শ্রীমতী ফিরদৌসী বেগম : মাননীয় অধ্যক্ষ মহোদয়, ১০ই ফেব্রুয়ারি মাননীয় অর্থমন্ত্রী ২০২০-২০২১ অর্থবর্ষে যে বাজেট প্রস্তাব রেখেছেন ২ লক্ষ ৫৫ হাজার ৬৭৭ কোটি টাকা তার পূর্ণ সমর্থন করে এই মহতী সদনে কিছু বলছি। বিগত কয়েক দিন আগেই আমরা দেখেছি কেন্দ্রীয় সরকারের একটা বাজেট। সার্বভৌম গণতান্ত্রিক প্রজাতন্ত্র দেশ ভারতবর্ষের ক্রমানুপর্যায়ে এত বড় জনবিরোধীমূলক বাজেট ইতিমধ্যে কোনো সময় পেশ হয়েছে কিনা তা সন্দেহাতীত। আজ আমরা দেখছি কেন্দ্রীয় সরকার যে বাজেট রেখেছে সেই বাজেটে মদের দাম, টোন্ড মিল্ক, স্কিমড্ মিল্ক যেগুলো বলা হয়, মাইক্রোফোন আর খেলার সামগ্রী, এইগুলোর ওপরে দাম কমানো হয়েছে। স্যার, পেঁয়াজ কাটলে চোখে জল আসে দেখেছি। কিন্তু এখন পেঁয়াজ কিনতে গেলে আমাদের চোখে জল আসছে। এই যে নিত্য প্রয়োজনীয় সামগ্রী, চিকিৎসার যন্ত্রপাতি এগুলোর দাম কিন্তু বাড়ানো হচ্ছে। কেন্দ্রীয় সরকার বিগত কয়েকদিন আগে যে বাজেট পেশ করেছে আমি তা কটাক্ষ করছি এবং বিরোধিতা করছি। ভারতবর্ষে জি.ডি.পি.-র হার ৫ শতাংশ নেমে গেছে। এগারো বছরের মধ্যে এটা সর্বনিম্ন হয়েছে। ভারতবর্ষের অঙ্গরাজ্য পশ্চিম বাংলা তার জি.ডি.পি.-র হার কিনা আমাদের ভারতের দ্বিগুণ হয়েছে, সেটা ১০.৪ শতাংশ। এতেই বোঝা যায় বাংলা প্রথম সারিতে কেন বিদ্যমান। মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উন্নয়নের ঢেউ সারা বাংলা জুড়ে চলছে। সেখানে আমাদের এই কথা বলা বাহুল্য। একশো দিনের কাজ, ক্ষুদ্র শিল্প, গ্রামীণ গৃহ নির্মাণ, গ্রামীণ রাস্তা, মাইনরিটিজ

স্কলারশিপ, স্কিম ডেভেলপমেন্ট, ই.ও.ডি.বি. এবং ই-টেন্ডারিংয়ে ভারত কিন্তু প্রথম স্থান অধিকার করেছে। কেন্দ্রীয় সরকারের অসহযোগিতা, ঋণের বোঝা চাপিয়ে দেওয়া, ভগ্ন অর্থ পরিকাঠামো ও সর্বোপরি বাংলাকে হীনমন্য চোখে দেখা, তা সত্ত্বেও পারেনি, বাংলার মা-মাটি মানুষের সরকারকে, তার গতিপথকে, তাঁর উন্নয়নকে স্তব্ধ করতে, রুদ্ধ করতে। কেন্দ্রীয় সরকারের যে বাজেট সেই বাজেটে সম্প্রতি কি দেখা গেল। এল.আই.সি.-র মতো একটা বড় প্রজেক্ট যেটা মানুষের ভরসা, সেটাকে বেচে দেওয়ার মতো একটা সিদ্ধান্ত তারা ঘোষণা করল। কিন্তু এখানে আমাদের রাজ্যের মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন সেই বাজেটে দেখিয়ে দিলেন এই সীমিত ক্ষমতার মধ্যে কীভাবে মানুষের পাশে থাকা যায়, মানুষের সঙ্গে থাকা যায়, মানুষের কাজ করা যায়, সেটা কিন্তু এই বাজেট দেখিয়ে দিয়েছে। তাই আমাদের রাজ্যের সীমিত ক্ষমতা, রাজ্যের প্রতি সীমাহীন বঞ্চনা, তা সত্ত্বেও আমাদের এই রাজ্য সরকারের পক্ষ থেকে যে বাজেট পেশ হয়েছে তা গোটা দেশের মধ্যে একটা মডেল হিসাবে আমরা করতে পারি, তা নিঃসন্দেহে আমাদের একটা গর্বের জায়গা। আমরা গর্বিত স্যার, গরিব মানুষের জন্য এই সরকার। গরিবদের জন্য বিভিন্ন ধরনের প্রকল্প নতুন করে এই বাজেটে এই বছর আমরা পেয়েছি। মমতা বন্দ্যোপাধ্যায়ের এই বাজেট এল 'হাসির আলো'। গরিবের মুখে হাসি ফোটানোর জন্য আমাদের এই বিদ্যুতের সাশ্রয়। তিন মাসে ৭৫ ইউনিট বিদ্যুৎ, তার সাশ্রয়ের জন্য আমাদের এই বাজেটে ধরা হল। তার ফলে একেবারে পিছিয়ে পড়া বিভিন্ন গ্রাম আমি পরিদর্শন করতে গিয়ে দেখেছি, ছোট ছোট লাইট জ্বলে, পড়াশুনা করতে তাদের খুবই সমস্যা হয়। কিন্তু জিজ্ঞেস করলে তারা বলে এত ইউনিট দাম আমরা দেবো কীভাবে। তার জন্য মাননীয়া মুখ্যমন্ত্রীকে অভিনন্দন জানাই যে চিন্তাভাবনা করে এত সুন্দর একটা পরিকল্পনা নেওয়ার জন্য। বাংলার মায়ের, বাংলার গ্রামের প্রত্যেকটা মানুষের পাশে থাকার জন্য। তার সঙ্গে আমাদের এখনে এল বন্ধু, চা সুন্দরী, জয় জহার, বাংলাশ্রী। নিঃসন্দেহে এটা অভিনবত্বের দাবি করতে পারে। প্রতিটি প্রকল্পের মধ্যে বাংলার প্রত্যেকটা গরিব মানুষের পাশে থাকার চেষ্টা করেছে এই প্রকল্প। এই প্রকল্পের যিনি কারিগর মাননীয়া মুখ্যমন্ত্রী তিনি বাংলার প্রত্যেকটি মানুষের জন্য কাজ করার চেষ্টা করেছেন। এই বাজেট শুধু প্রান্তিক মানুষের জন্য কাজ করছে না, সমাজের অন্যান্য অংশের মানুষের জন্য উদ্যোগ নিচ্ছে। তাই সাড়ে আট বছর ধরে এই মা-মাটি-মানুষের সরকার বিভিন্ন কাজে সক্ষম হয়েছে এবং এগিয়ে গিয়েছে। তার কয়েকটি নিদর্শন আমি বলব যা অভাবনীয়। যেমন – কন্যাশ্রী, শিক্ষাশ্রী, সবুজশ্রী, সবুজসাথী, আনন্দধারা, গতিধারা, সমব্যথী। এই যে পঞ্চ সদ্য প্রকল্পগুলো, এই প্রকল্পগুলো বাংলাতে এক অনন্যসাধারণ নজির সৃষ্টি করেছে আমাদের সরকার। কর সম্পত্তি, কর সংক্রান্ত যে নিস্পত্তি, মোটর ভেহিক্যাল্ আইন সংক্রান্ত ছাড়, কৃষি আয়কর, স্ট্যাম্প ডিউটি ছাড়, জমি একত্রিকরণের ডিউটি ছাড় ইত্যাদি একমাত্র মা-মাটি-মানুষের সরকার করতে পারে।

[2:50 – 3:00 p.m.]

এদিকে চাষীরা আত্মহত্যা করছেন আর অন্যদিকে মাননীয় প্রধানমন্ত্রী ৫০০ কোটি টাকা খরচ করে বিদেশ যাত্রা করছেন। তাদের জন্য কোন ভাবনা চিন্তা ওনার নেই। এই ভাষণের মধ্যে

বলা আছে এই বড় অঙ্কের টাকা দেনা শোধ করেও আমাদের সরকার কেন্দ্রর অসহযোগিতা সত্বেও মানুষের পাশে গিয়ে দাঁড়িয়েছে ও সামাজিক বিভিন্ন কর্মসূচী রূপায়ণ করেছে। নতুন নতুন বিশ্ববিদ্যালয়, নতুন MSME পার্ক, সিভিল সার্ভিস পরীক্ষার জন্য প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন, বাংলা সহায়তা কেন্দ্র সহ একগুচ্ছ পরিকল্পনা হাতে নেওয়া হয়েছে। তিনি জনমুখী প্রকল্প গড়ে তোলার চেষ্টা করেছেন। এই জনমুখী, গণমুখী, দিশামুখী বাজেটকে আমি সাধুবাদ জানাই। কেন্দ্রীয় সরকার রাজ্য থেকে যে বিপুল পরিমাণ টাকা কর বাবদ আদায় করেন নিয়ম অনুযায়ী অনুদান হিসাবে আমাদের অনেক টাকা পাওয়ার কথা। ৫৯,২৬০ কোটি ৯১ লক্ষ টাকা, এর বাইরে বাংলার জন্য বিভিন্ন প্রকল্পে বাড়তি অনুদানের ৩৭,৯৭৩ কোটি টাকা, আর GST বাবদ প্রাপ্য ১৩০০ কোটি টাকা। এই পরিমাণ টাকা আমাদের প্রাপ্য, কিন্তু তা দেওয়া হচ্ছে না। গ্রাম বাংলায় একটা প্রবাদ আছে - 'হাতে না মেরে ভাতে মারা'। আজকে এই ভাবে কেন্দ্রীয় সরকার রাজ্যকে ভাতে মারছে। আজকে অনেক কেন্দ্রীয় প্রকল্প শুধু বাদ দেওয়া হচ্ছে না, অনেক প্রকল্পের টাকা আটকেও দেওয়া হচ্ছে। এই মুহূর্তে আমাদের পাওনা নব্বই হাজার কোটি টাকা, তা আর কিছুদিনের মধ্যে গিয়ে দাঁড়াবে এক লক্ষ কোটি টাকাতে। কৃষি বিপণন, খাদ্য সরবরাহ, খাদ্য প্রক্রিয়াকরণ, প্রাণীজ সম্পদ উন্নয়ন, মৎস্য বিভাগে উন্নয়নের জোয়ার এসেছে। পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর থেকে শুরু করে, সেচ ও জলপথ, পরিবহণ, সমবায়, বন বিভাগ সর্বত্র আজকে এই উন্নয়ন পরিলক্ষিত। স্বাস্থ্য, জনকল্যাণ, পরিবার কল্যাণ, উচ্চ শিক্ষা, কারিগরী, তথ্য ও সংস্কৃতি ও জনশিক্ষা প্রসারে উন্নয়নও লক্ষ্যনীয়। স্যার, আমরা রাজপুর-সোনারুপুর পৌরসভার বাসিন্দারা গর্বিত। সেখানে জল সরবরাহের জন্য ৭৫১ কোটি টাকার একটি প্রজেক্ট মাননীয়া মুখ্যমন্ত্রী হাতে নিয়েছেন। তার মধ্যে প্রথম ফেজে ২২৭.২৪ কোটি টাকা ব্যয় হয়েছে। খুব শীঘ্রই আমরা এই পরিষেবা দ্রুততার সাথে মানুষের কাছে পৌঁছে দিতে পারব। এই বাজেট প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সন্তোষ দেবরায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী গত ১০ই ফেব্রুয়ারী এই হাউসে যে বাজেট পেশ করেছেন তা বাস্তবের সঙ্গে সঙ্গতিপূর্ণ নয়, ভিত্তিহীন। তাই আমি এই বাজেটকে সমর্থন করতে পারছি না। বাজেট হচ্ছে সরকার পরিচালনার একটা দিশা। প্রত্যেক সরকারের দায়িত্ব ও দায়বদ্ধতা থাকবে নাগরিকদের জন্য কর্মসংস্থান, খাদ্য, বাসস্থান, শিক্ষা ইত্যাদিকে সুনিশ্চিত করা। বাজেট বক্তৃতার দুই নম্বর পৃষ্ঠায় বলা আছে – 'বিগত ৮ বছরে বাংলায় ২২,২৬৭ কোটি টাকা বিদেশি বিনিয়োগ এসেছে'। এর মধ্যে কতটা বাস্তবায়িত হয়েছে তার কোন তথ্য নেই। এই বাজেট বক্তৃতায় বলা হয়েছে 'বড়ো শিল্পের ক্ষেত্রে ৪.৪৫ লক্ষ কোটি টাকার বিনিয়োগ ইতিমধ্যে বাস্তবায়িত হয়েছে' – কি কি বড় শিল্প হয়েছে এবং তার ভৌগোলিক অবস্থান কোথায় তা কিন্তু বলা নেই। বলা হয়েছে এই অর্থ বৎসরের শেষে ঋণের পরিমাণ দাঁড়াবে ৪.৭৯ লক্ষ কোটি টাকা। ঋণের সিংহভাগ আসবে নিশ্চয় বাজার থেকে, চড়া সুদে আসবে। স্বাধীনতার পর থেকে ২০১১ সাল পর্যন্ত বামফ্রন্টের শেষ অর্থবর্ষে ঋণের পরিমাণ ছিল ১.৯২ লক্ষ কোটি টাকা। এখন রাজ্যের নিজস্ব ঋণের পরিমাণ দাঁড়িয়েছে ২.৮৭ লক্ষ কোটি টাকা অর্থাৎ এই

রাজ্যের বর্তমানে যাঁরা নাগরিক রয়েছেন তাঁদের মাথাপিছু ঋণের পরিমাণ ক্রমশ বাড়ছে। এই বাজেট বক্তৃতার তিন নম্বর পৃষ্ঠায় বলা হয়েছে - 'গত ৪৫ বছরে বেকারত্ব সর্বাধিক, তখন বাংলায় বেকারত্ব ৪০% কমেছে'।

এটা যেন সোনার পাথর বাটি। শেষ পাতায় বলা হয়েছে এই অর্থ বর্ষে এখনো পর্যন্ত ৯.১১ লক্ষ মানুষের কর্ম সংস্থান হয়েছে। কৃষি ক্ষেত্রে, শিল্প ক্ষেত্রে, পরিষেবা ক্ষেত্রে কোথায় কত সংখ্যক এবং কীভাবে কর্ম সংস্থান হয়েছে তার উল্লেখ নেই। কর্ম সংস্থানের ক্ষেত্রে বিভিন্ন সময় বিভিন্ন তথ্য দেওয়া হচ্ছে। যার কোনো ভিত্তি নেই, বিভ্রান্তি বাড়ছে। শিল্প ক্ষেত্রে কর্মসংস্থানের অবস্থানটা কি জায়গায় আছে? আমি যে জেলায় বাস করি, পশ্চিম বর্ধমান জেলা সেখানে যে সমস্ত বন্ধ শিল্প আছে তার মধ্যে ২০ টি রাষ্ট্রায়ত্ত শিল্প, ২২ টি কয়লা শিল্প, ১৮ টি ব্যক্তি মালিকানাধীন শিল্প, ২৭ টি মাঝারি ইঞ্জিনিয়ারিং ক্ষুদ্র শিল্প, ডি.পি.এল. কোকোমেল বন্ধ। ডি.সি.এল. - এর উৎপাদন বন্ধ। এবং সারা রাজ্যে যেটা চলছে, অসংখ্য শিল্প কারখানা বন্ধ। যেমন অটোমোবাইল বন্ধ, ইঞ্জিনিয়ারিং বন্ধ, জুট বন্ধ, হোশিয়ারি বন্ধ, চায়েরও অনেকটা বন্ধ। একদিকে যখন রাজ্যে ক্ষুদ্র, মাঝারি, ছোট শিল্প সহ ইত্যাদি অসংখ্য সহযোগী শিল্প বন্ধ অন্যদিকে ৫৭ পৃষ্ঠায় বলা হয়েছে ২০১৯ ডিসেম্বর পর্যন্ত নতুন, ক্ষুদ্র, ছোট, মাঝারি নথিভুক্ত করা হয়েছে ফলে ২ লক্ষ ৮৯ হাজার ১০০ টি কর্ম সংস্থান হয়েছে। কোথায় কোথায় নতুন শিল্প হয়েছে বলা নেই। কত জনের কর্ম সংস্থান হয়েছে তাও বলা নেই। পৃষ্ঠা ১০ - এ চা সুন্দরীর কথা বলা হয়েছে। যা বলা নেই তা হলো বন্ধ চা বাগান খোলার উদ্যোগের বিষয়ে সরকারের ভূমিকা। সাড়ে ৪ বছর ধরে ন্যূনতম মজুরি হলো না কেন? শ্রমিকরা কাজ চায়, ন্যূনতম মজুরি চায়। জমির পাট্টা চায়। বর্তমানে যা হয়েছে নতুন শিল্প নেই, শূন্য পদে নিয়োগ নেই। শিল্প কারখানা বন্ধ। বেকারদের কর্ম সংস্থান নেই। শিল্প কারখানা বন্ধের ফলে কর্মচ্যুত শ্রমিকরা নিদারুণ কষ্টের মধ্যে দিয়ে জীবন কাটাচ্ছেন। কেউ কেউ অভুক্ত থাকছেন, কারো কারো এক বেলা খাবার জুটছে। এক দুর্বিষহ অবস্থা বিরাজ করছে। কৃষির ক্ষেত্রে – কৃষি উৎপাদনের দাম বাড়ছে অথচ উৎপাদিত ফসলের সহায়ক মূল্য সরকারের কাছ থেকে পাচ্ছে না। মহাজনের কাছ থেকে ঋণ শোধ করতে না পেরে প্রায় ১১৮ জন কৃষক ইতিমধ্যে আত্মহত্যা করতে বাধ্য হয়েছে। কৃষিতে সংকট বাড়ছে। অথচ কৃষিতে বাজেট বরাদ্দ কমেছে। গত বছর বরাদ্দ ছিলো ৬ হাজার ৮৬ কোটি টাকা। পৃষ্ঠা ১৩-১৪ - তে যা উল্লেখ করা হয়েছে এই বছর বরাদ্দ হয়েছে মাত্র ৫ হাজার ৮৫৭.৫৭ কোটি টাকা। কৃষি বিপনণেও বরাদ্দ কমেছে। গত বছর বরাদ্দ ছিলো ৩৫৯ কোটি টাকা। এ বছর বরাদ্দ হয়েছে ৩৫০ কোটি টাকা অথচ বলা হয়েছে কৃষকের আয় ৩ গুণ হয়েছে। কৃষি ক্ষেত্রে ক্রমাগত কর্ম সংস্থান কমছে, কৃষিতে অস্তিত্বের সংকট বাড়ছে। শিক্ষার ক্ষেত্রে - ফি বৃদ্ধি, বেসরকারীকরণ বাড়ছে, নিয়োগ বন্ধ। শিক্ষকের অভাবে বিদ্যালয়, উচ্চশিক্ষা, কারিগরী শিক্ষার বেহাল অবস্থা। বিদ্যালয়, উচ্চ শিক্ষা, কারিগরী শিক্ষা তিনটে বিভাগ মিলিয়ে গত বছর বাজেট বরাদ্দ ছিলো ৩২ হাজার ৬১০ কোটি টাকা। এবার বারাদ্দ করা হয়েছে ১০ হাজার ৩৫০ কোটি টাকা। বরাদ্দ কমেছে ২২ হাজার ২৬০ কোটি টাকা। কমেছে বিদ্যালয়ে ৬২ শতাংশ বরাদ্দ। উচ্চ শিক্ষায় বরাদ্দ কমেছে

এবার ৮২ শতাংশ। গত ২ বছরে স্কুল ছুট হয়েছে প্রায় সাড়ে ৪ লক্ষ ছাত্রছাত্রী। কারিগরী শিক্ষায় ৩৮১৩ জনের প্রশিক্ষণ দেওয়া হয়েছে। তার মধ্যে থেকে ২৯৬ জনের কর্ম সংস্থান হয়েছে। বাকীদের কি হলো জানা নেই। সবথেকে বড় অপরাধ, জাতি, ভাষা, ধর্মের নামে বিশ্ববিদ্যালয় স্থাপনের প্রস্তাব। স্বাস্থ্যের অবস্থাও বেহাল। রাজ্যে গত বাজেটে ছিলো ৯হাজার ৫৫৬ কোটি টাকা। এবার ধরা হয়েছে ৪ হাজার ৬০৮ কোটি টাকা। অনুমোদিত পদ অনুযায়ী ডাক্তার, নার্স, প্যারা-মেডিক্যাল স্টাফ নেই, পরিকাঠামো নেই। কর্ম সংস্থান না থাকার ফলে রাজ্যের যুবক যুবতীরা বিভিন্ন রাজ্যে চলে যেতে বাধ হচ্ছেন কর্ম সংস্থানের জন্য। আয়ের ক্ষেত্রে বলা হয়েছে রাজ্যের নিজস্ব সংগ্রহ হবে ৭১ হাজার কোটি টাকা। এর মধ্যে মদ বিক্রি থেকে আসবে ১৩ হাজার কোটি টাকা। কেন্দ্র থেকে আসবে ১ লক্ষ ৮ হাজার কোটি টাকা।

[3:00 – 3:10 p.m.]

মোট ঋণ ভার ৪ লক্ষ ৭৯ হাজার কোটি। স্যার, আমাদের যে রাজ্য সরকারী কর্মচারী তাদের ডি.এ. নেই – এই যে বঞ্চনা এটা বোধহয় প্রথম। সি.এ.এ., এন.আর.সি., এন.পি.আর. নিয়ে সরকার কতটা আন্তরিক - কারণ এন.আর.সি.র সার্কুলার স্থগিত রাখা হয়েছে বাতিল হবে বলে। এখনও পর্যন্ত আমরা কোন সার্কুলার দেখি নি। এটা বাতিল করা প্রয়োজন তা নাহলে বিভ্রান্তি বাড়ছে। রুটি-রুজি-জীবন-জীবিকার অধিকার, ধর্মনিরপেক্ষতা, সংবিধান রক্ষার অন্দোলন ইত্যাদি দমন করতে বিরোধীদের বিরুদ্ধে প্রতিনিয়ত নিগ্রহ বাড়ছে। স্যার, শেষ করছি একটা কথা বলেই ভারতবর্ষের অন্যতম ভিত্তি হচ্ছে বাকস্বাধীনতা, গণতন্ত্রের অধিকার হরণ করে এবং তথ্যের বিভ্রান্তি ভিত্তিহীন প্রচার করে রাজ্যের প্রকৃত উন্নয়ন সম্ভব নয়। তাই এই বাজেটকে আমি সমর্থন করতে পারছি না, কারণ এই বাজেটের কোন দিশা নেই, ধন্যবাদ।

শ্রী শ্যামল মন্ডল : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে গত ১০ই ফেব্রুয়ারী পশ্চিমবঙ্গ সরকারের অর্থদপ্তরের মাননীয় মন্ত্রী ডঃ অমিত মিত্র, আগামী ২০২০-২১ অর্থবর্ষের জন্য ২ লক্ষ ৫৫ হাজার ৬৬৭ কোটি টাকা বাজেট বরাদ্দের প্রস্তাব পেশ করেছেন, তাকে সম্পূর্ণভাবে সমর্থন জানিয়ে আমি পবিত্র সদনে আমার বক্তব্য শেষ করতে চাই। উল্লেখযোগ্য বিষয় যে, ২০১৯-২০ সালের তুলনায় এই বছর বাজেট বরাদ্দের প্রস্তাব বেশি হয়েছে। গত বারে ছিল ২ লক্ষ ৩৭ হাজার ৯৬৪ কোটি টাকা, এবারে প্রায় ১৭,৭১৩ কোটি বেশি হয়েছে। একটা কথা বলতে চাই, ...(নয়েজ).... মনোজদা ২+২= ৪, চার হয় তো। আর ২x২ = ৪ -এটা বাস্তব সত্য। অনেকেই তো গতকাল বক্তব্য করে গেছেন, সুখবিলাস বাবু বক্তব্য করে গেছেন, আজও অনেকে করলেন। এই পরিষ্কার কথাটা পরিষ্কারভাবে স্বীকার করতে দোষ কোথায় ? বাস্তব সত্যটাকে স্বীকার করা উচিত। বাস্তব সত্য স্বীকার না করলে কোন দিন নেগেটিভ কথা বলে কোন দিন দেশের উন্নয়ন বা রাজনীতির উন্নয়ন করা যায় না, কোন দিন যাবে না। আমাদের মুখ্যমন্ত্রী শ্রীমতি মমতা বন্দ্যোপাধ্যায়, পশ্চিম বাংলায় জনপ্রিয় মুখ্যমন্ত্রী শুধু নন, ভারতবর্ষের সবচেয়ে বড় প্রচারপত্রে যাঁরা বলছেন, যে ভারতবর্ষের সবচেয়ে শ্রেষ্ঠ মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা

বন্দ্যোপাধ্যায়। কেন হয়েছেন তিনি, সেই কথাটা বলুন। তিনি হয়েছেন স্বপ্নের ফেরিওয়ালা, উন্নয়ণের যজ্ঞের কান্ডারী। প্রতি বছরে বছরে যে অর্থবর্ষের টাকা বৃদ্ধি পাচ্ছে। তাহলে খরচ না হলে, রাজ্যের উন্নয়ন না হলে - তাহলে কি করে খরচটা এত বেশি বাড়ছে ? আপনারা যারা পশ্চিম বাংলার বিভিন্ন মাননীয় বিধায়ক, যারা শাসকদলের বিপক্ষে তাদের বাস্তবটাকে স্বীকার করতে হবে। লাল সন্ত্রাসের বিরুদ্ধে আমরা অনেক লড়াই করেছি। আমরা চেয়েছি শুধুমাত্র মুখ্যমন্ত্রীর নেত্রীতে উন্নয়ণ, শান্তি আর সম্প্রতি। এটাকেই লক্ষ্য করে আমাদের এগিয়ে যেতে হবে। তাই আমি বলতে চাই, যে এই বাংলাকে কীভাবে মুখ্যমন্ত্রী স্বপ্নের ফেরিওয়ালা হিসাবে পশ্চিম বংলার সাড়ে নয় কোটি মানুষের কাছে যে উন্নয়ণের একগুচ্ছ প্রকল্প সাজিয়ে দিয়ে আগামী ৫০ বছর ধরে পশ্চিম বাংলার মানুষ মমতা ব্যানার্জীকে মনে রাখবে এবং ইতিহাসে লিপিবদ্ধ হবে।

'বাংলা হাসে নিজের ছলে, বাংলা গড়ে রত্ন/ বাংলা চায় বিশ্বপানে, বাংলা চায় স্বর্গ।' সেই দিকেই এগোচ্ছে। 'আমার বাংলা বিশ্বতরী, আমার বাংলা স্বপ্ন/ বাংলা তাই দিচ্ছে সারা, বাংলা মোদের গর্ব।' শুনে রাখবেন দুর্বৃত্ত বি.জে.পি., সি.পি.এম. ড্যাস, কংগ্রেসটা জিজ্ঞাসা চিহ্ন। এত কাজের ডালিমা সাজিয়ে আমাদের প্রিয় মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায়। আমাদের দক্ষিণ চব্বিশ পরগনা জেলার মানুষ আমরা খুব গর্বিত। অনেকেই বলছে কর্মসংস্থানটা কোথায় হচ্ছে? ঘুরে কেউ দেখবে না। পুঙ্খানুপুঙ্খভাবে নিরিক্ষণ করে, পর্যবেক্ষণ করে দেখা উচিৎ যে, উন্নয়নটা কোন কোন জেলায় হচ্ছে, কোথায় হচ্ছে। বানতলার চর্মনগরীতে প্রত্যক্ষ/ পরোক্ষভাবে পাঁচ লক্ষ বেকার যুবকের চাকরীর সুযোগ সৃষ্টি হতে চলেছে। তবেই তো ন'লক্ষ সামথিং। এটা তো ভাবতে হবে। ভাবতে হবে সেটা। আজকে ভারতবর্ষের অর্থনৈতিক অবস্থার যা হাল করেছে, নানা অজুহাতে কেন্দ্রীয় সরকার পশ্চিম বাংলার সরকারকে বঞ্চনা দিচ্ছে। আমাদের মাননীয় অর্থমন্ত্রী এখানে আছেন। নানান অজুহাতে বঞ্চনা দিচ্ছে। আবাসন প্রকল্পের জন্য কেন্দ্রীয় সরকারের ২৫ হাজার কোটি টাকা তহবিল থেকে বঞ্চিত হচ্ছে এ বছরে শুধু এই বাংলা। কেন? কেন? এই প্রশ্ন করতে চাই আমরা শুধু বি.জে.পি. সরকারের কাছে। নানা অজুহাত, কিসের অত অজুহাত? দেশটাকে সর্বনাশ করে দিয়েছে স্যার। একজন প্রধান মন্ত্রীর ব্যক্তিগত নিরাপত্তা খাতে চব্বিশ ঘণ্টায় খরচ হচ্ছে ১ কোটি ৬২ লক্ষ টাকা। এক মিনিটে ১১ হাজার টাকা। চায় না ভারতবর্ষের ৩৬ শতাংশ আধবেলা আধমুঠো খেতে পায় না। আজকে কোথায় আছি আমরা?

পঞ্চদশ অর্থ কমিশনে সারা ভারতবর্ষের প্রত্যেক রাজ্য আর্থিক বরাদ্দ পায়। এ বছর ওদের এমনই আর্থিক দৈন্যদশা, আর্থিক দেউলিয়া হয়েছে কেন্দ্রীয় সরকার তার জন্য অস্বাভাবিক ভাবে প্রত্যেক রাজ্য থেকে এই পঞ্চদশ অর্থকমিশনের টাকা কাটছাঁট করতে চলেছে, হ্রাস করতে চলেছে অস্বাভাবিক ভাবে। দেশকে এরা পিছিয়ে দিচ্ছে। দেশকে পিছিয়ে দিচ্ছে। একজন প্রধানমন্ত্রী তাঁর একটা বুট আর কোট পড়ছে সাড়ে ন'লক্ষ টাকা। আবার বলছে, আমেরিকার প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের মত দু'হাজার কোটি টাকার নাকি একটা বিমান কিনবে। অবাক কাণ্ড! বড় সাধ! হাইটেক বিমান, বিলাসবহুল বিমানে চড়বে কে? বি.জে.পি.-র প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ইতিহাস কোনো দিন ক্ষমা করবে না। কেন্দ্রীয় মন্ত্রীরা সিদ্ধান্ত গ্রহণ করে এক হাজার

সাতশো কোটি টাকা দিয়ে সেই হাইটেক বিমানের অর্ডার দেওয়া হয়েছে। আমরা এর তীব্র বিরোধিতা করছি। আমাদের প্রিয় মুখ্যমন্ত্রী ভুতপূর্ব রেলমন্ত্রী ১৯৯৯ সাল থেকে ২০০১ সাল, ২০০৯ থেকে ২০১১ সাল। চার চারটে রেল বাজেটে সারা ভারতবর্ষে তথা পশ্চিম বাংলায় হাজার হাজার কোটি টাকার রেল বাজেট পেশ করেছিলেন। গতকাল উনি বলছিলেন, আমাদের কষ্ট হচ্ছিল। গত বৃহস্পতিবার ইস্ট-ওয়েস্ট মেট্রোর প্রথম পর্যায়ের শুভ উদ্বোধন হ'ল। আমরা ধর্না মঞ্চ থেকে নিন্দা প্রস্তাব করেছি। আমরা ধিক্কার জানিয়েছি, আমাদের রাজ্যের জুরিসডিকশানে কেন্দ্রীয় রেলমন্ত্রী এসে যুক্তরাষ্ট্রীয় পরিকাঠামোকে ভেঙে দেশকে বিভাজন করা, শপথের বিভাজন করা এবং আমাদের প্রধান মুখ্যমন্ত্রীকে অপমান করার চক্রান্ত করেছে। তাদের লজ্জা করে না? গোপনে তারা উদ্বোধন করে চলে গেল। যে মেয়েটা বাংলার মুক্তি সূর্য, ভারতবর্ষের প্রতিবাদি কণ্ঠ, ভারতবর্ষের উন্নয়ন যোগ্যের কান্ডারী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায় কয়েক হাজার কোটি টাকার মেট্রো স্যাংশান করেছিলেন। আজকে সেই তৈরি করা জিনিসে এসে ঢাক বাজাতে চায় বি.জে.পি.র সাম্প্রদায়িক মন্ত্রীরা। ওদের লজ্জা করে না? একটা কার্ড ছাপিয়ে দিয়ে নেমতন্ন করা যেত। যুক্তরাষ্ট্রীয় পরিকাঠামো ফেডারাল স্ট্রাকচারের কত বড় অন্যায় করছে কেন্দ্রীয় সরকার। এর বিরুদ্ধে আমরা তীব্র প্রতিবাদ করতে চাই। নিজের মাটিতে দাঁড়িয়ে, নিজের পায়ে দাঁড়িয়ে, ঘোলা জলে মাছ ধরে লাভ নেই স্যার। কংগ্রেস, সিপিএম, ঘোলা জলে মাছ ধরে লাভ নেই স্যার।

[3:10 – 3:20 p.m.]

গত লোকসভা নির্বাচনে তাঁরা যে ভূমিকা গ্রহণ করেছেন তা অন্যন্ত দুঃখের। তৃণমূল সরকারকে জব্দ করার জন্য আমরা বড় ফুলে ভোট দেব। আমি বললাম তোর লজ্জা করে না বামফ্রন্ট করিস আর পদ্মফুলে ভোট দিস? তাই তো আজকে ১৮টা আসন বি.জে.পি পেয়েছে। আমরা জানিনা? ৫০০ কোটি টাকা ডিল করেছিল সি.পি.এমের নেতা আর বি.জে.পি.-র নেতারা মিলে। আজকে ভোট ওরা বিক্রি করেছে স্যার। তা না হলে ওরা ১৮টা আসন পেত না পশ্চিম বাংলায় স্যার। কোনদিন ওরা পেত না। অনেক বিপ্লবী বক্তব্য দেয়, দেশপ্রেমী বক্তব্য কিন্তু রাতের অন্ধকারে, কাউকে না জানিয়ে ওরা বি.জে.পি.-র সঙ্গে চুক্তি করে পশ্চিম বাংলায় মমতা ব্যানার্জীকে বিপর্যস্ত করার চক্রান্ত করে। সাম্প্রদায়িক দলের সঙ্গে চক্রান্ত করে। ওরা NCRর বিরুদ্ধে, NPR বিরুদ্ধে, CAAর বিরুদ্ধে। ওদের কথা বলতে লজ্জা করে না ? সমস্ত বিভাগের মাননীয় মন্ত্রীদের বলবো আমাদের একটু ম্যানপাওয়ার বাড়াতে হবে। মনিটারিং চাই। পশ্চিম বাংলায় উন্নয়ন আকাঙ্খিত পথে অস্বাভাবিক ভাবে হচ্ছে। তাই এই বাজেটকে সম্পূর্ণ ভাবে সমর্থন করে এবং বিরোধীদের আনা সমস্ত কাট-মোশানকে উৎখাত করে, নস্যাৎ করে, সবাইকে ধন্যবাদ জানিয়ে আমি আমার কথা শেষ করছি। নমস্কার। ধন্যবাদ। সবাই ভালো থাকবেন, একসাথে থাকবেন।

শ্রী দীনেন রায় : সম্মানীয় স্পিকার স্যার, মাননীয় অর্থমন্ত্রী ডক্টর অমিত মিত্র ২০২০-২১ সালের জন্য যে ২ লক্ষ ৫৫ হাজার কোটি টাকার বাজেট এই সভায় পেশ করেছেন আমি তাঁর

বক্তব্যকে সমর্থন করে আমার বক্তব্য উপস্থাপিত করছি। আমি ধন্যবাদ জানাবো আমার পূর্ববর্তী বক্তা শ্যামল মন্ডলকে। তিনি যে কথাগুলো বলে গেলেন। আমি তাঁর কথাতে পূর্ণ সমর্থন জানাই।

মাননীয় অর্থমন্ত্রী একটা কথার মাধ্যমেই বলেছেন আমাদের দেশের আর্থিক অবস্থা কোথায় গিয়ে দাঁড়িয়েছে। আজকে গোটা ভারতবর্ষ অর্থনৈতিকভাবে দেউলিয়া। একটা ভয়ঙ্কর পরিস্থিতির মধ্যে সারা ভারতবাসীকে থাকতে হচ্ছে। আমরা কল্পনাই করতে পারি না যে আমরা কোন দেশে বাস করছি। LIC ভারতবর্ষে এলাকায় এলাকায়, সর্বত্র মানুষের হৃদয়ে গাঁথা আছে। সেই LIC আজকে স্তব্ধ হয়ে যাবে? Air India স্তব্ধ হয়ে যাবে? BSNL স্তব্ধ হয়ে যাবে? আমি কয়েকদিন আগে খড়গপুর ষ্টেশনে গিয়েছিলাম খড়গপুরের নির্বাচনের আগে। আমাকে বললো কী করতে এসেছেন? বলছে, মোদী দেড়শো ট্রেন বিক্রি করবে তাই কয়েকটা লোককে নিয়ে ব্যবসাদার বলছে আমি একটা ট্রেন কিনবো। বেকার যুবকরা ব্যবসা করবে ট্রেন কিনবে। আজকে এই জায়গায় নিয়ে গেছে ভারতবর্ষকে। এই রকম আর্থিক প্রতিকূলতার মধ্যে দাঁড়িয়ে, CPM ধ্বংস করে গেছে ৩৪ বছর, বাজেটের নামে বাজেট, কেউ কিছু জানতো না, অর্থ খরচ হতো না, মানুষ জানতো না বাজেট কী। আমরা সংবাদপত্রে পড়তাম। আর, দেউলিয়া সরকারকে দেখলাম, মোদী সরকারকে। এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়, এত আর্থিক প্রতিকূলতার মধ্যে যে ভাবে বাংলাকে এগিয়ে নিয়ে যাচ্ছেন সেটা আমাদের শুধু নয় সারা ভারতবর্ষে একটা দৃষ্টান্ত হয়ে থাকছে। আমাদের কথা নয় ষ্ট্যাটিস্টিক্স যা বলছে তাতে ভারতের GDP আজকে ২০১৯-২০তে ৫ পার্সেন্টে নেমেছে। গত ১১ বছরের রেকর্ড। আমাদের রাজ্য এই অবস্থায়ও 10.4-এ আমরা পৌঁছেছি এত বাধা, এত বিপত্তি, এত টাকা কেটে নেওয়ার মধ্যেও। আমরা বলছিনা ভারতবর্ষের সংসদে শিল্পমন্ত্রী বলছেন, কেন্দ্রীয় বাণিজ্যমন্ত্রী বলছেন বাংলায় বিগত ৮ বছরে ২২,২৬৭ কোটি টাকার বিদেশী বিনিয়োগ হয়েছে। শুধু তাই নয় বাণিজ্যিক এবং সমবায় ব্যাঙ্কগুলোতে, ক্ষুদ্র ও মাঝারি শিল্পে আমাদের রাজ্যে ২, ৪৩, ৪১৯ কোটি টাকার বিনিয়োগ হয়েছে। এবং আমাদের রাজ্য ভারতবর্ষে প্রথম হয়েছে অথচ আমাদের যারা বিরোধীপক্ষ তাদের অনেককেই দেখলাম, গতকাল সুখবিলাস বাবু বলছিলেন, আজকেও কয়েকজন বললেন, তাঁরা শুধু খুঁত ধরে যাচ্ছেন, ভুল ধরে যাচ্ছেন। পাস্ট এবং প্রেজেন্ট বিচার করুন না। আপনাদের সময় তো পঞ্চায়েত ছিল, পঞ্চায়েত সমিতি ছিল, জেলা-পরিষদ ছিল, রাজ্য সরকার ছিল, বাজেট ছিলো। কিন্তু মানুষ দেখতে পেতো? ইনভিজিব্‌ল্।

কিন্তু এখন সবটা দেখা যায়। যা দেখা যায় তার একশোটার মধ্যে দুটো ভুল হতে পারে। কিন্তু মানুষ দেখছে। মানুষ চোখ দিয়ে দেখতে পাচ্ছে। হাসপাতাল হয়েছে, স্বাস্থ্যের উন্নতি হয়েছে, শিক্ষার উন্নতি হয়েছে, বিশ্ববিদ্যালয় হয়েছে মানুষ তা চোখে দেখতে পাচ্ছে আগে যেটা দেখতে পারত না। সুখবিলাসবাবু বলেছেন, আন্ডার স্যালারি নাকি আমাদের গভর্নমেন্ট দিচ্ছে কাকে আট হাজার, কাকে দশ হাজার। আগেকার দিনের কথা ভাবুন। ২০১১ সালের কথা ভাবুন না। পার্শ্ব শিক্ষক, Para-teacher, Guest-teacher কারা নিয়োগ করেছিলেন? কত টাকা দিতেন? দিতেন, দিতেন না। ICDS কর্মীরা party office এ ধর্না দিতে হত। CPM এর LCS রা

recommend করলে তিন বছর পর তা renew হত। এই তো ছিল অবস্থা। একটা certificate পর্যন্ত দিত না। আমরা দেখেছি আমাদের অখন্ড মেদিনীপুর জেলায় দীর্ঘ ৩৪ বছরে। Congress কি করে শুনলে আমরা অবাক হয়ে যাই হাত কেটে নিয়ে গেল, ওই মাল জুগিয়ে দিল তার পর দিব্বি তো বলছেন এইখানে বসে বসে, মনে নেই সে কথা? ইন্দিরা গান্ধী নেয় নি বলবেন না। আর মুখ্যমন্ত্রী–শিক্ষকরা বেতন পেত না। পয়লা তারিখে বেতনটা confirm করেছেন। মাসের এক তারিখে আজকে বেতন পাচ্ছেন শিক্ষকরা। অনেক শিক্ষক নেতা কাঁধে ব্যাগ ঝুলিয়ে ইনক্লাব জিন্দাবাদ করতেন, লাল ঝান্ডা কারেপুকার। বেতন হত না। ভাঁড়ার শূন্য ছিল। আর এত আপনাদের ধার করা সত্ত্বেও মুখ্যমন্ত্রী একটার পর একটা প্রকল্প আজকে কিন্তু আট বছরে, নয় বছরে টেনে নিয়ে গেলেন। আমার এই ব্যাগে একটা file আছে। এই file এ খুব কম করে আড়াইশো থেকে তিনশো কোটি টাকার project আছে। বিভিন্ন লোকের mass petition গুলো। এই বিধানসভায় আমি নতুন কিন্তু রাজনীতির জগতে আমি প্রায় 1969 Class VIII এর student থেকে আছি, Congress করতাম তখন। কিন্তু কোন দিন মানুষকে প্রতিশ্রুতি দিতে পারতাম না যে একটা কাজ করে দেব। আজ যেখানেই যাই মানুষ আবেদন দেয়, মানুষের আবেদনটা নিই, mass petition টা নিই এই ভরসায়, জানি আজ নয় কাল, কাল নয় পরশু এই কাজটা হবেই, হবেই, হবেই কারণ একজনই তাঁর নাম মমতা বন্দ্যোপাধ্যায় তিনি মানুষের কথা শোনেন, বোঝেন এবং কষ্ট দূর করার চেষ্টা করেন। পার্থক্য ভারতবর্ষে অনেক দলের সরকার আছে, কোথাও রাজ্য সরকার, Central Government বিভিন্ন partyর এসেছে, এখন বি.জে. পি.র গভর্নমেন্ট আছে। মোদীর সরকার তিনি ১২ লাখ টাকার জামা প্যান্ট পরে ঘোরেন। আরো বেশি দামী। এই কাজগুলো নিয়েছি এই কারণেই যে মুখ্যমন্ত্রী কথা দিলে কথা রাখেন। বিভাগীয় মন্ত্রীরা কথা দিলে কথা রাখেন। আবদার করলে আজ নয় কাল, কাল নয় পরশু পাওয়া যায়। তাই আমি আপনাদেরকে বলছি ভালোটাকে ভালো বলে বলুন। কত কথা বলবো? কি বলবো? সময় বরাদ্দ ৯ মিনিট। কন্যাশ্রী, রূপশ্রী ৬০ লক্ষ মেয়ে পেয়েছে, আমার আপনার বাড়ির মেয়ে। গত মাসে আমরা একটা গরিব পাড়ায় গিয়েছিলাম, দেখলাম সানাই বাজছে। দেখতে গিয়েছিলাম একটা কল, বাজছে সানাই। জিজ্ঞেস করলাম কেন? আমাকে টেনে নিয়ে গেল অপরিচিতের বাড়ি, বলল কন্যাশ্রী পেয়েছে, রূপশ্রী পেয়েছে। ৫০ হাজার টাকা - গরিব বাবা মা তার বিয়ে দিচ্ছে। কেউ দু টাকা দিত না। জ্ঞান দেওয়ার অনেক লোক থাকে। সাহায্য করার কোন লোক থাকে না, মমতা ব্যানার্জী তাদের জন্য আছেন, ৬০ লাখ মানুষের জন্য আছেন। আজকে তাই বলবো আমি নিজে একজন ভুক্তভোগী। আমি ২০১০ সালে আমার heart problem এর জন্য PG হাসপাতালে গিয়েছিলাম। আমার Angiogram হয়েছিল। ডাক্তারবাবু তার পরের দিন এসে বললেন দেড় লক্ষ টাকা রেডি রাখবেন আপনার Angioplasty হবে। আর এখন দু টাকা। লক্ষণ মুর্মু - আমাদের 'শিশু সাথী' প্রকল্পে Class V এর student, সাত লক্ষ টাকার estimate দিয়েছিল। দু টাকার ticket এ মুকুন্দপুরে Debi Sethy Hospital এ পশ্চিমবঙ্গের জন্য বরাদ্দ, operation হল Class V এর ছাত্র লক্ষণ মুর্মুর হল, মিথ্যে কথা নয়, মমতাজী করে দিলেন। ৩১১ জন ২০১৩ সালের ডিসেম্বর মাস থেকে এই প্রকল্পে কিন্তু তাঁরা পেয়েছেন।

[3:20 – 3:30 p.m.]

একটা মেয়ে হঠাৎ পঙ্গু হয়ে গেল ২০১৭ সালের শেষে শীতকালে। রাত্রি ১১ টার সময় এস.এস.কে.এম.হাসপাতালে নির্মল মাজি, ফিরহাদ হাকিমের সুপারিশে ভর্তি হল। বনম্যারো সিনড্রম - ২০ হাজার টাকা করে একটা ইঞ্জেকশানের দাম। ৭দিন প্রতিদিন ৪টে করে ইঞ্জেকশান পি.জি. হাসপাতাল দিয়েছে। টিকিট ২ টাকা। এটা সি.পি.এম.-এর আমলে এটা পাওয়া যেতো না। তাই পূর্ণভাবে এই আর্থিক প্রতিকূলতার মধ্যে মাননীয়া মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায় মাননীয় অর্থমন্ত্রী অমিত মিত্র যে বাজেট পেশ করেছেন, ১০০% নয় ২০০% সাপোর্ট করছি। এগিয়ে চলুক মমতাদির নের্তৃত্বে। আমার কথা এখানে শেষ করছি।

ডঃ সুজন চক্রবর্তী : স্যার, বাজেট নিয়ে চর্চা চলছে। মাননীয় সদস্যরা অনেকেই অনেক কথা বলেছেন, আপনি সবটাই শুনেছেন। মন্ত্রী মহাশয় এখানে আছেন, সবটাই পুঙ্খানুপুংখভাবে নোট করছেন। জবাবী ভাষণে তার কাছ থেকে নিশ্চয় আমরা জানতে পারবো। আমার প্রথম কথা হচ্ছে এই বাজেটটার বহর ভাল, বহরটা অনেক কিন্তু এটা ২০২১ সালের নির্বাচনের দিকে তাকিয়ে করা একটা বাজেট। অনেক কথা বলা আছে, অনেক প্রকল্পের ভাষা দেওয়া আছে। একটা বড় অংশ এই বাজেটের মধ্যে প্রতারণা আমি তা পরে এক-দুই করে দেখাবো। ছিল শ্রী হল তীর্থ, এখন নতুন শব্দ যুক্ত হয়েছে সুন্দরী - চা সুন্দরী। কোথা থেকে করবেন, কীভাবে করবেন আমি জানি না কিন্তু শব্দগুলো অন্ততঃ শুনতে খারাপ লাগছে না। কাজের কাজটা ভাল হোক আমি আশা করবো। স্যার, বাজেটের বহর বাড়ছে। স্টেটের নিজস্ব শেয়ার এটা কিন্তু ক্রমঃহ্রাসমান হচ্ছে। ২০১০-১১ সালে যেখানে স্টেটের শেয়ার ছিল ৫০ শতাংশ, সেটা ৪০-৪২ হতে হতে ২০১৯-২০ - তে ৩২%-তে এসে দাঁড়িয়েছে। নিশ্চয় অর্থমন্ত্রী আমার সাথে সহমত হবেন। স্টেটের নিজস্ব শেয়ার রেভিনিউ জেনারেশান সহ সেটা যদি করতে থাকে সেটা বাজেটের চেহারা ভাল হতে পারে না। স্যার, অর্থনীতির বহর বাড়ছে কিন্তু মূল তিনটে সেক্টর এগ্রিকালচার সেক্টর, ইন্ড্রাস্ট্রিয়াল সেক্টর এবং সার্ভিস সেক্টর। এগ্রিকালচার সেক্টরের কনট্রিবিউশানটাও কমছে, ইন্ড্রাস্ট্রিয়াল সেক্টরের কনট্রিবিউশানটাও কমছে। আমি বাজেটের বই থেকে বলছি, এগ্রিকালচার সেক্টরে ২০১৫-১৬ সালে ২৪.৫২%, সেটা এবারে নেমে দাঁড়াচ্ছে ২১.৩২%। ইন্ড্রাস্ট্রিয়াল সেক্টরে একই রকম ২১.৭৯% ২০১৫-১৬ সালে। সেটা কমে দাঁড়াচ্ছে ২০.১১%। তুলনায় বাড়ছে সার্ভিস সেক্টর-তার পার্সেন্টেজটা বা শেয়ারটা। ইন্ড্রাস্ট্রি এবং এগ্রিকালচারের শেয়ারটা কমে যাওয়া ভাল লক্ষণ নয় 'আমার ধারণা, মন্ত্রী মহাশয় নিশ্চয় সহমত হবেন। স্যার, আমাদের বাজেটে রাজস্বখাতে ঘাটতি শূন্য বার বার দেখানো হচ্ছে। কিন্তু পরবর্তীকালে সেটা ক্রমশঃ ক্রমশঃ ৯ হাজার কোটি টাকা অ্যাকচুয়ালসে ২০১৮-১৯। রিভাইজডে এই বছরে ৬ হাজার কোটি টাকা ডেফিসিট। এই ডেফিসিটটা কোথায় দাঁড়াবে - ৮, ৯, ১০, ১১ - একটা তঞ্চকতার ছাপ রেখে আমাদের লাভ কি ?

ঘাটতি শূন্য বাজেটের জন্য আগের সরকারকে সমালোচনা করা হত, কিন্তু মনে হচ্ছে এই ঘাটতি শুন্য বলে যেটার সমালোচনা করছিল সেই মনোভাবেই বাজেট পেশ করতে চায় যদিও বাস্তবটা তার সাথে মিলছে না। স্যার, বাজেট বইয়ের ১১ নম্বর পাতা বাংলা সহায়তা কেন্দ্র। এটা

কি নতুন প্রকল্প নাকি তথ্যমিত্রের যে স্কোপ সেটাকে আমরা নাম পরিবর্তন করে করলাম - একটু দেখে নেবেন। আমি আগে একাধিকবার বলেছি, চিঠিও দিয়েছি বরং যেটা জরুরী ছিল এই মুহূর্তে এটা ঠিক নেট মারফত বহু মানুষ অনলাইনের বহু কাজ করতে চান এবং করতে পারেন, তার সুযোগ আছে।

তাহলে তার সেন্টারটা কোথায় হবে ? বিশেষ করে এখন নামের পরিবর্তন, বানানের পরিবর্তন, উৎকণ্ঠায় মানুষ আছে। আপনারা বিডিও অফিসে গেলে বুঝতে পারছেন, জেলার অফিসে গেলে বুঝতে পারছেন, ফলে একটা সিঙ্গল উইনডো ফেসিলিটেশান সেন্টার হিসাবে, আপনি নাম তথ্যমিত্রর জায়গায় বাংলা সহায়তা কেন্দ্র দিন, ফেসিলিটেশান সেন্টার দিন কিন্তু এটা হওয়া উচিত প্রত্যেকটি গ্রাম পঞ্চায়েত সেন্ট্রিক। শহরাঞ্চলে, মিউনিসিপ্যালিটি, বড় মিউনিসিপ্যালিটি হলে ওয়ার্ড সেন্ট্রিক, তাহলে লোকের কাছে তার উৎকণ্ঠাকে অনেকাংশেই দূরীভূত করার ব্যবস্থা আমরা করতে পারব। এটা খুব জরুরী বলে আমার মনে হয়, এই কারেকশানটা করে নেওয়াটা সরকারের পক্ষে সমীচীন হবে, তার সুযোগ আছে বলে অন্ততঃ দেখে আমার মনে হচ্ছে। স্যার, বাজেটের বইটা আমি বলব - গত বছরে যখন বাজেট করা হয় কি কারণটা হল যে এত বদল হয়ে গেল? আমি ঠিক বুঝতে পারছি না। গত বছর যখন মাননীয় অর্থমন্ত্রী বাজেট পেশ করেন ৪.১৩ সেক্টর অনুচ্ছেদ, উচ্চশিক্ষা - তাতে যা বলা হল, আর এবারে আলাদা একটা চ্যাপ্টার করে কথাগুলো তো খুব নতুন বলা হল তা না। ঝাড়গ্রামের বিশ্ববিদ্যালয়, উত্তর ২৪ পরগনায় 'হরিচাঁদ-গুরুচাঁদ' বিশ্ববিদ্যালয়, নদীয়ার কৃষ্ণনগরে 'কন্যাশ্রী বিশ্ববিদ্যালয়, উচ্চশিক্ষার দৃষ্টিভঙ্গি থেকে এগুলোর কথা গতবার বললেন একরকম। কি কারণটা ঘটল আমি অন্ততঃ বুঝতে পারছি না যে এই বছরের ৩.১ অনুচ্ছেদে নতুন প্রস্তাব, নতুন বিশ্ববিদ্যালয় স্থাপন বলা হল। আমার ধারণা বিভ্রান্তি এবং বিভাজনের একটা পরিবেশকে বাড়িয়ে তোলা হল সচেতন ভাবে কিনা আমি বলতে পারছি না। নিশ্চয় মন্ত্রী মহাশয় বলার সময় বলবেন। ওখানেও তো বলা হয়েছিল গুরুচাঁদ-হরিচাঁদ। এবারে কি বলা হল নতুন ? - মতুয়া সম্প্রদায়ের অবদানকে মনে রেখে, ফর এ স্পেসিফিক সেক্টারাল পার্পাস কিংবা একই রকমভাবে মুসলিম সমাজের উন্নতির জন্য আলিয়া বিশ্ববিদ্যালয়। আলিয়া বিশ্ব বিদ্যালয় নতুন প্রস্তাব ? আমি জানিনা কীভাবে কথাটা আসছে, নিশ্চয় ব্যাখ্যা দেবেন। তফশিলী জাতি অধ্যুষিত এলাকায় আম্বেদকর বিশ্ববিদ্যালয়, আম্বেদকর বিশ্ববিদ্যালয় শুধু তফশিলীদের জন্য ? আমরা কি সেক্টরকে স্পেসিফিক কোন একটা পারপাসে পৌঁছে দিতে চাইছি যে ভাই ২০২১ এর ভোট, তাকাও আমার দিকে ওবিসি শ্রেণির শিক্ষার সুবিধার জন্য একটি নতুন বিশ্ববিদ্যালয়, আমি বলছিলাম গত বছরের বাজেট থেকে এই বছরের বাজেটে ভোটের কাছাকাছি বলেই কিনা জানিনা শব্দ-বাক্য-বন্ধনীর অনেক পরিবর্তন হয়ে গেল। এটা খুব সমীচীন হবে বলে আমার মনে হয় না। এটার মধ্য দিয়ে বরঞ্চ একটা যেন কোথাও বিভাজন বিভাজন এই ভাবটা কাজ করবে। যদি সেটার অন্য কোন ব্যাখ্যা থাকে নিশ্চয় মন্ত্রী মহাশয় বলবেন। তাহলে বিভাজনের প্রক্রিয়াকে বাড়িয়ে দেওয়া, ভোট পলিটিক্সের জন্য সেক্টারাল এই ইস্যুসগুলোকে, সেন্টিমেন্টগুলো যে ব্যবহার করা, এটা বিভাজনের রাজনীতিকেই

প্রশ্রয় দেওয়া। স্যার, বাজেট বরাদ্দে আপনি আসুন, বাজেট বরাদ্দ কাদের কমল, কার কার বাড়ল, তার ব্যাখ্যাটা কি, র‍্যাশানালিটি কি ? হাউজিং - হাউজিং এ গত বছর বাজেটে যা প্রস্তাব ছিল সেটা অনেকটাই কমে গেল। গত বছর বাজেটে হাউজিং-এ প্রস্তাব ছিল ১৩০০ কোটি টাকা। সেটা এবার কমে হল ২৭০ কোটি টাকা। কি র‍্যাশানালিটি ? ২৭০ এবার। ইন্ডাস্ট্রিতে গতবারে ছিল ১৩০৪। আপকামিং সেক্টরে কমে হল ১২৪০। আমাদের গ্রোথরেট যদি প্লাস-মাইনাস টেন পার্সেন্ট হয় লজিক্যাল ডেভেলপমেন্ট হবে, প্লাস হবে ১০% এর কাছাকাছি। তাতে inflation rate যদি সব মিলিয়ে দেশে দশের কাছাকাছি থাকে, আট, নয়, দশ তাহলে তার এফেক্টে যেটা ১৩০০, সেটা হওয়া উচিত ১৬০০, সেটা হয়ে গেল ১২০০। কেন, যুক্তিটা কি ? বুঝতে পারছি না। স্যার, নিশ্চয়ই আপনি দেখেছেন শ্রমিক কল্যাণ। গত বছরের বাজেটে অর্থমন্ত্রী মহাশয় বলছেন ৪৮নম্বর পৃষ্ঠা, বাজেট বরাদ্দ হল ৬২২ কোটি টাকা। এই বছরের ৪৮ পৃষ্ঠা, শ্রমিক কল্যাণ - বাজেট বরাদ্দ হল ৪২৫ কোটি টাকা। সংখ্যালঘু - গত বছরের বাজেট বরাদ্দ ৪৫ পাতা, ৪ হাজার ১৬ কোটি টাকা। এই বছরে মুখে যা আমরা বলছি তার সঙ্গে মিলছে না কিন্তু ৪ হাজার ১৬ কোটি টাকাটা ১০%, ১০% - দুটো মিলিয়ে পারলে প্রায় সাড়ে চার, পৌনে পাঁচ হওয়া উচিত।

[3:30 – 3:40 p.m.]

ছত্রিশ কোটি টাকা। কেন ? র‍্যাশানালিটি। কারিগরি শিক্ষা - গতবারে page - 29 এগারোশো ছয় কোটি টাকা। এই বছর বাজেট বরাদ্দ ঘোষণা করা হল ৯০০ কোটি টাকা। আমার ধারণা গত বছরের বাজেটের বই নিশ্চয়ই ওনার কাছে আছে, না থাকলে আমার কাছে আছে। আমি ওনাকে দিয়ে নিশ্চয়ই সাহায্য করতে পারব। উচ্চশিক্ষায় - গত বছরে বলা হল ২৬ নম্বর পাতায় উচ্চশিক্ষার জন্য বাজেট বরাদ্দ ৩ হাজার ৯৬৪ কোটি টাকা। ২৮ পাতায় এই বছর বলা হল উচ্চশিক্ষায় বাজেট বরাদ্দ ৭০০ কোটি টাকা। বিদ্যালয় শিক্ষা - গত বছর বলা হল ২৭ হাজার ৫৪০ কোটি টাকা আর এইবার করা হল ৮ হাজার ৭৫০ কোটি টাকা। এক আধটা ভুল হতে পারে, এতগুলি কি আমরা সচেতনভাবে কমাচ্ছি নাকি কোন ভুল হচ্ছে? না কি কোন ব্যাখ্যা আছে ? না কি কোন সংশোধন জরুরি ? আমার ধারণা নিশ্চয়ই সংশোধনী থাকলে সংশোধন করে নেবেন। এটা খুব সচেতন ভুল। এটা হওয়ার কথা নয়। সচেতনভাবে ভুল হচ্ছে কি না বাজেটে হওয়াটা কোন মতেই সমীচীন নয়। স্যার, খুব গুরুত্বপূর্ণ আমার কাছে আছে, Government of West Bengal, New Secretariat ..... এই যে শ্রমিকদের নিজস্ব টাকা - সুব্রতদা এখানে আছেন। আমার থেকে নিশ্চয়ই ভাল জানবেন। শ্রমিকদের নিজস্ব টাকা - নির্মাণ শ্রমিকদের জন্য সেসের ১%। এই টাকাটাতো শ্রমিকদের টাকা। সেই টাকাটা ট্রেজারিতে নিয়ে আসা মানে এক কথায় বলা হবে আত্মসাৎ। শ্রমিকের টাকা - আমি এখানে minutes পড়ে দিতে পারি has deposited 22.01.2009 'has deposited a fund of Rs. 1400 crore by making a system of demand drafts to Kolkata Pay & Accounts etc. etc. through received such and such, ট্রেজারিতে পৌঁছে দেওয়া হল transfer of Rs. 1400 crore from SBI to Government Treasury, শ্রমিকের নিজস্ব টাকায় হাত দেওয়ার কথা সরকারের নয়।

ট্রেজারিতে নিয়ে আসার মধ্য দিয়ে এটা আমাদের খুব গর্হিত বেঠিক কাজ হচ্ছে। রিজার্ভ ব্যাঙ্কের ১ লক্ষ ৭৬হাজার কোটি টাকা যখন কেন্দ্রীয় সরকার তার ট্রেজারিতে নিয়ে নেয় আমরা যেভাবে আপত্তি করি এ ক্ষেত্রে আমার ধারণা শ্রমজীবী আন্দোলনের সঙ্গে যাঁরা যুক্ত সবাই বুঝবেন তার চাইতে বেশি ছাড়া কম অন্যায় এটা হচ্ছে তা মনে করার কোন কারণ নেই। নিশ্চয়ই সরকার তার উত্তর দেবেন। স্যার, বছরের পর বছর ধরে একটা কথা হয়, লোন। কী শুনে আসছি আমরা - ৬৪ বছর ধরে loan accrued হতে হতে ২০১০-১১ সালে ১ লক্ষ ৮৭ হাজার কোটি টাকা, ২০২০-২১ সালে বাজেট প্রপোজাল ৪ লক্ষ ৭৪ হাজার কোটি টাকা। Simple subtraction ২ লক্ষ ৮৭ হাজার কোটি টাকা। ৬৪ বছর ধরে ১ লক্ষ ২৭ হাজার কোটি টাকা লোন। এই নয় বছরে সেটা হল এই বছরটা ধরে নিয়ে ২ লক্ষ ৮৭ হাজার কোটি টাকা। ৪ লক্ষ ৭৪ তার মানে এই নয় বছরে ২ লক্ষ ৮৭। এর পরেতো লোকে বলবে সবচেয়ে ধারালো অর্থ মন্ত্রী ভারতবর্ষে কোথায় ? পশ্চিম বাংলায়। কেন করছেন ?

কতটা জরুরি ? নিশ্চয়ই সবাই খেয়াল রাখবেন কর্মপ্রার্থী এবং কর্মচারীদের বঞ্চনার পরিমাণ এই নয় বছরে ডি.এ., পোস্ট ভ্যাকেন্ট, শূণ্য পদ এইসব accrued করলে দেড় লক্ষ কোটি টাকায় এসে দাঁড়ায়। দেড় লক্ষ কোটি টাকা বঞ্চনার পরেও ৬৪ বছরে ১ লক্ষ ৮৭ vis-a-vis নয় বছরে ২ লক্ষ ৮৭, কেন জরুরি ? শুধু উৎসব, শুধু মেলা, শুধু কার্নিভাল ? অ্যাটেনশানটাকে আমরা সরিয়ে দিচ্ছি স্যার? বাম আমলে যে ঋণ নেওয়া হয়েছে তাই শোধ করার জন্য আমাদের ঋণ নিতে হচ্ছে, এই শুনে আসছি। এই শুনে আসছি। আমি অনেক বার বলেছি এই হাউসেই যে আপনি তথ্য দিন কোনটা আগের আমলে আর কোনটা পরের আমলের। শুধু তথ্য দিন। আমরা উত্তর পাইনি এই বছর স্যার, 'বাজেট প্রকাশন নম্বর ১৪' এই বইটা তাতে একটা আন্দাজ পাওয়া যাচ্ছে। এটাই সব নয়। নিশ্চয়ই ওনারা আরও ভাল বলতে পারবেন। আমরা এই বাজেটে কি দেখছি ৪৫ হাজার কোটি টাকা ঋণ শোধ করা হবে বলে ঋণ নেওয়া হচ্ছে ৮০ হাজার কোটি টাকা।

৩৫ হাজার কোটি টাকা বাড়তি নেওয়া হচ্ছে। কেন ? তার পর যদি আপনি এই বইটার মধ্যে ভালো করে দেখেন - ১৪ নম্বর বই, পেজ সিক্সটি টু এইট্টিওয়ান - আমি কাল রাত্রে বসে-বসে যোগ-বিয়োগ করছিলাম অনেকদিন পর - বহুক্ষণ - অতো তো, গুলিয়ে - গুলিয়ে যায়। ইন্টারেস্ট রিপেমেন্ট ২৩ হাজার কোটি টাকা যা ওখানে পরপর পরপর উল্লেখ করা আছে, এই একটা হেড অফ অ্যাকাউন্ট দেওয়া আছে- সেই হেড অফ অ্যাকাউন্টে, তাতে বাম আমলের নেওয়া ঋণের ইন্টারেস্ট শোধ করতে হচ্ছে ২৩ হাজার কোটি টাকার মধ্যে ৪৫০ কোটি টাকা মাত্র - ২ %, অথচ রাজ্যশুদ্ধু লোকের কাছে ভাবখানা এমন যেন আগের আমলের ঋণ শোধ করার জন্যই আমরা আটকে আছি। দেড় লক্ষ বঞ্চনা ছেড়ে দিলাম, অন্যান্য কিছুতে গেলাম না। কেন ? এই তথ্যটা পরিস্কার করুক। আমি বলছি এই সরকার যে ঋণ নিচ্ছে, ২০১১ অনওয়ার্ড যে ঋণ নিয়েছে, সেই ঋণের টাকা শোধ করার জন্য আবার ঋণ নিচ্ছে, তাকে শোধ করার জন্য আবার ঋণ নিচ্ছে, মানুষের বঞ্চনা বাড়ছে, খেলা, মেলা, উৎসবে বাজেট আমাদের বিপজ্জনক জায়গায়

নিয়ে যাচ্ছে বলে মনে হয়। স্যার, কর্মসংস্থান খুব গুরুত্বপূর্ণ শিল্প - কালকে মুখ্যমন্ত্রীও বলেছেন। বাণতলা, কমদিগন্ত - ৫ লক্ষ লোকের স্থায়ী কাজ হবে - ডাইরেক্ট। আমি শুধু এইটুকু বলতে পারি যখন বাণতলার এই লেদার কমপ্লেক্স করবার কথা হয়, তখন বহু যন্ত্রণা সহ্য করতে হয়েছে আমাদের। বর্তমান শাসক দলের খুব অমত ছিল - ভয়ঙ্কর আপত্তি ছিল। সেই আলোচনাতে এখন আমি যাচ্ছি না। কিন্তু সেই বাণতলাতে এখন ৫ লক্ষ ডাইরেক্ট আমাদের কাজের সুযোগ দিচ্ছে বলে আমরা গর্ব বোধ করছি ? আমি তাকে শেয়ার করছি। ভাল তো। সিঙ্গুরটা ধ্বংস না হলে বাংলার চেহারাটা আজকে এইরকম চোখের জল হত না। বিপজ্জনক জায়গায় চলে গিয়েছি আমরা। বাণতলাতে স্ট্যান্ড করে এটা করতে পেরেছি। হ্যাঁ, ঠিক। সিঙ্গুরে আমরা স্ট্যান্ড করে করতে পারি নি। ভিন্ন কথা। যাঁরা বাণতলা আটকে ছিলেন, তাঁরাই সিঙ্গুর আটকেছেন, সেটা আটকে দিতে পেরে বাংলার মানুষের দুর্গতি বাড়িয়েছেন। আমি শুধু এইটুকু বলতে পারি যুবকের স্বপ্নভঙ্গের দায় শাসক দলের ঘাড়ে পড়বেই। যুবকেরা কর্মসংস্থান চায়, অধিকার চায়, আনুকুল্য চায় না। আজকে কি হবে ? এই নাও তোমায় এক হাজার টাকা দিয়ে দিলাম। তোমার কি হবে ? আজকে একটা মেলা করবে, এই ৫০০ টাকা দিয়ে দিলাম। তুমি কি করবে ? আচ্ছা ঠিক আছে, একটা দরখাস্ত কর, চলে এসো, হরিশ চ্যাটার্জী স্ট্রীটে একটা অফিস আছে, একটা লিখে দেব, একটা এ্যাপয়েন্টমেন্ট হয়ে যাবে - এই আনুকুল্য মানুষ চায় না। আমাদের যুবক মর্যাদাসম্পন্ন, তারা চায় অধিকার। সেই অধিকারের জায়গা থেকে বারোটা বাজিয়ে দেওয়া ঠিক হবে না। স্যার এইখানে আমি শুধু বলব, সরকারের পরপর - পরপর প্রত্যেক বছরের বাজেটের বইটা আপনি শুধু যোগ করে দেখুন, আমি আর একটা যোগ করলাম - ১১ লক্ষ ৩৫ হাজার কোটি টাকা প্লাস আড়াই লক্ষ কোটি, এ বছরের বাজেট এটা এখনও বলা হয় নি - এতেই গত বছর পর্যন্ত ইনভেস্টমেন্ট, প্রপোজাল, ১৪ লক্ষ কোটি টাকা। আবার এই বইটা থেকে হিসাব করুন পরপর - পরপর, কর্মসংস্থান –৯০ লক্ষ প্লাস ২০ লক্ষ প্লাস গত বছরের বাজেটে ৯ লক্ষ ৫ হাজার প্লাস এ বছরের বাজেটে ৯ লক্ষ ১১ হাজার - ১ কোটি ৩০ লক্ষ চাকরি হয়ে গেছে এই ৯বছরে – সরকারের এই দাবি লোকে শুনলে হাসবে এবং এটা দেখলে মনে হয় কাজের পিছনে লোকের দৌড়াবার দরকার নেই, বেকার যুবকদের না কি এমন কাজ হয়ে গিয়েছে যে চাকরি তাড়া করে বেড়াচ্ছে, ১ কোটি ৩০ লক্ষ না কি কাজ হয়ে গিয়েছে - এইসব আজগুবি কথা, এর কোন মানে হবে না। আমি বলব শ্বেতপত্র প্রকাশ করুন। আর যদি এদের পছন্দ না হয়, শাসক দলের এম.এল.এ.- দের বলব নিজের এলাকায়, নিজের বাসস্থানের বুথ খুঁজে বার করলেই হয় যে, পার বুথ ১৬৭ জনের কাজ হয়েছে, এই ১৬৭ জনের তালিকাটা বুথের মধ্যে টাঙ্গিয়ে নিজে সই করে দিন যে এতো জনের চাকরি হয়েছে। ভরসা করব, খুশি হব তাতে। তা পারবেন না, লোকে তাড়া করে বেড়াবে। স্যার, উদ্বাস্তু কলোনী নিয়ে গভীর একটা আলোচনা চলছে - ভাবখানা এই রকম, যেন এই সরকার আসার পর উদ্বাস্তু কলোনি তৈরি করা হল, জন্ম দেওয়া হল, স্বীকৃতি দেওয়া হল, জমির নিঃশর্ত দলিল দেওয়া হল। ভুল। সরকারের টাকা খরচ করে প্রচার হচ্ছে। বামফ্রন্টের সময়কাল পর্যন্ত ২০১১ পর্যন্ত ২৬৬৯ কলোনি স্বীকৃত ছিল। এই সরকার করে নি ? হ্যাঁ করেছে।

[3:40 – 3:50 p.m.]

এই সরকার ইদানীংকালে গতি বাড়িয়েছেন তা নিয়ে কোনো সন্দেহ নেই। ১০৬ টা নতুন স্বীকৃতি দিয়েছে। আর ঘোষণা করে রেখেছে ১১৯টা। দুটো মিলিয়ে হবে ২২৫টা। আমার মনে হচ্ছে গল্পের গরু গাছে উঠছে। আমার ধারণা নির্মলবাবু সহ যাঁরা উদ্বাস্তু এলাকার মানুষ আপনারা সবাই বাস্তবটা বুঝতে পারছেন। স্যার, নিঃশর্ত দলিল, হ্যাঁ, নিশ্চয়ই দেওয়া তো ভালো। নিঃশর্ত দলিল বাম আমলেও দেওয়া হয়েছে। ২ লক্ষ ৫৮ হাজার ১৯৩। এই সরকারের বইয়েও তার উল্লেখ আছে। বকেয়া ছিল ৩১ হাজার। সেই বকেয়ার মধ্যে কিছু নতুন দেওয়া হয়েছে সম্ভবত তা দুই হাজার বা তিন হাজার, তা এই বছরের বইতে উল্লেখ করা আছে। আমি শুধু সরকারকে বলব নিঃশর্ত দলিল দিতে গেলে জমিটা সরকার নিশ্চিত করুক। জমি অ্যাকুইজিশান হল না, জমিটা কেনা হল না, জমির কাগজ ঠিক হল না, নিঃশর্ত দলিল ওতে হয় না। নিঃশর্ত দলিলের নামে আর একটা জটিলতায় আমরা প্রচারের জন্য যেন করে না দিই, এটা খেয়াল করবার জন্য আমি বলব। স্যার, তর্কবিতর্ক হবেই, এটা তো বাংলা। আমরা সবাই মিলে আরো কয়েকটা জিনিস ভাবতে পারি, নির্দিষ্ট, positive পরামর্শ সরকার যদি গ্রহণ করে তাহলে আমার ধারণা ভালো হবে। আমার প্রথম পরামর্শ হচ্ছে ওল্ড এজ ইসুটা সারা দেশেই বাড়ছে, আমাদের রাজ্যে খুব বাড়ছে। ওল্ড এজ এই প্রব্লেমটাতে স্পেশাল অ্যাটেনশান দেওয়া উচিত। একটা কোনো special প্রোগ্রাম, প্ল্যানিং, কী আমি বলছি না। নিশ্চয়ই সরকার ভাববে, করা উচিত। দুই, পরিযায়ী শ্রমিক - আজকের কাগজেও আছে ব্যাঙ্গালোরে আক্রান্ত হয়েছে। এখন প্রচুর পরিযায়ী শ্রমিক। তাদের গভর্নমেন্ট অথেনটিকেটেড কার্ড, বাংলাভাষী মানে বাংলাদেশি, বিপদে পড়তে হচ্ছে। আর আমাদের বহু লোক বাইরে। তাদের নির্দিষ্ট কার্ড দেওয়া হোক যাতে তারা সুরক্ষিত থাকতে পারে এবং আউটসাইড স্টেটে তাদের জন্য একটা মিশন অফিস তৈরি করা জরুরি, যাতে তাদের সুরক্ষার ব্যবস্থা আমরা করতে পারি। তিন, Pay Commision যারা কভার্ড হন ওয়েস্ট বেঙ্গল হেল্থ স্কিম তাদের জন্য এক্সটেন্ড করা উচিত। প্রাইমারি মাস্টারমশাই, সেকেন্ডারি মাস্টারমশাই সহ করাটা উচিত। স্যার, মিনিমাম পে, আমি বলব ফাইনান্স দপ্তরের Audit Circular No. 3988 SP/15 July 2019 এটা should be for all যাকে সরকার মাইনে দেয় ডাইরেক্ট, ইনডাইরেক্ট, পোষিত অথবা যাই হোক ওর চাইতে কম, গ্রুপ ডি কনট্রাকচুয়ালের চাইতে কম মাইনেতে একটা সংসার চলতে পারে না। কাল যে কথাটা কারেক্টলি এসেছিল ওটা আন্ডার এমপ্লয়মেন্ট, অথবা আর একটা শব্দ আপনি বলেছিলেন disguised unemployment এর সুযোগ থেকে আমাদের সরে আসার চেষ্টা করা উচিত। স্যার, আমাদের খেতমজুর এবং গরিব কৃষক অনেকেই হয়েছেন। যেটা বাকি আছে আমার ধারণা ফিগারটা এক কোটি প্লাস মাইনাস হবে, ৩০ লক্ষ না। তাদের সবার ফ্যামিলি পেনশানের বন্দোবস্তর ব্যাপারে আমাদের ভাবা উচিত। যেমন এস.সি., এস.টি. সব কভার করছেন, রিমেনিং যেটা পড়ে থাকল কৃষক, খেতমজুর তাদেরকে অবশ্যই এর মধ্যে ইনক্লুড করা উচিত। স্যার, বিদ্যুতের দাম নাগালের বাইরে, হাইয়েস্ট ইন দি কান্ট্রি, বোথ সি.ই.এস.সি., অ্যান্ড এস.ই.বি.। আমি একবার বলেছিলাম, আপনি প্ল্যান জমা দেবেন

বলেছিলেন, আপনি দিলে আমি খুশি হব। আমরা পরে সেটা নিয়ে আলোচনা করতে পারব। কিন্তু আমার মনে হয় স্যার, এহেন কন্ডিশানে ২৫টা ঠিক দাঁড়ায় না। দিল্লি, তামিলনাড়ু ওরা ২০০ ইউনিট বিদ্যুতের দাম তাদের জন্য যে ছাড় দেওয়ার ব্যবস্থা করেছে আমাদের সে ব্যবস্থা করার জন্য যা আমি পরামর্শ দেব, সেই প্রস্তাব আমার থাকবে। স্যার, আমার পরের প্রস্তাব হচ্ছে একটা স্পেশাল নিরপেক্ষ কমিশন আমি সহ, আপনি সহ অল ইলেক্টেড রিপ্রেজেনটেটিভ এম.এল.এ. হোক, এম.পি. হোক, কাউন্সিলার হোক, আর পঞ্চায়েতের সদস্য বা প্রধান হোক, কিছুটা সম্পত্তি হলেও সম্পদ। সঙ্গতিহীন আয়, সঙ্গতিহীন সম্পদ এবং তার উপরে চার্জ করুন। ওটা যেন পি.ভি. টি.-তে আটকে না যায়। কমিশন করেছিলেন, তাতেও পারলে ধরো, আমার আপত্তি নেই। আমি বলছি এটা করুন। আপনি কি দেখছেন স্যার, নন-ট্যাক্স রেভিনিউটা আমাদের সবচাইতে কম, দুর্বল। নন-'ট্যাক্স রেভিনিউ আপনি এর চাইতে বেশি তুলতে পারবেন না।

সম্পদের পাহাড় জমে আছে। সেখান থেকে যদি তুলে আনেন সরকারের আর্থিক অস্বচ্ছতা দু মিনিটে কেটে যাবে। সময় লাগবার কথা নয়। তার ব্যবস্থা করুন। আমি আবারও বলছি এ পক্ষ, ও পক্ষ নির্বিশেষে সবার জন্য একটা ব্যবস্থা হোক। আমাদের বাজেটে দেখবেন স্যার, সব ক্ষেত্রে তিন গুণ, চার গুণ, পাঁচ গুণ বেড়েছে। বাড়েনি কোথায় ? নন-ট্যাক্স রেভিনিউ। কত ছিল ? নন-ট্যাক্স রেভিনিউ ১০-১১ তে ছিল ২হাজার ৩৮০কোটি টাকা সেটা হয়েছে ৪হাজার ২৬৬কোটি ২০-২১-এ। বাকীদের চার গুণ, পাঁচ গুণ বাড়ল এখানে ডাবলের চেয়ে কম। কয়লা খনি, বালি খাদান, পাথরের খাদান সেখান থেকে যে আয় হতে পারত সেই আয়টা কী ডাইভারটেড হয়ে যাচ্ছে? সেই আয়টা কি অন্য কোন জায়গায় চলে যাচ্ছে? সরকারে না গিয়ে কোনো ব্যক্তির কাছে চলে যাচ্ছে ? পি.ভি.টি. (পিসি ভাইপো) ট্যাক্স হচ্ছে ? কী হচ্ছে এটা ? কোথায় যাচ্ছে এটা ? এটাকে ভাল করে খেয়াল করুন, এখান থেকে তুলে আনবার চেষ্টা করুন। আমরা রাজ্যের স্বার্থে অন্ততঃ অর্থনৈতিক ক্ষেত্রে পজিটিভ অ্যাটিচিউড নিয়ে এগোবার যে সুযোগ তার বন্দোবস্ত করা হোক vis-a-vis দুর্নীতির বিরুদ্ধে একটা বড়সড় পদক্ষেপ নেওয়ার দায়িত্ব সরকার পালন করুন, দুর্নীতির বিরুদ্ধে লড়াই অনেকে করতে পারবে না, বিজেপি করতে পারবে না দিল্লিওয়ালা করতে পারবে না। এই রাজ্য সরকার করতে পারবে কী পারবে না তার পরিচয় এবং প্রমাণ দেওয়াটা জরুরি, সেই মনোভাব থেকে আমি এই বাজেটকে সমর্থন করতে পারলাম না। আমার পরামর্শগুলো যদি গ্রহণ করেন খুশী হব। এই কথা বলে আমি আমার কথা শেষ করছি।

শ্রী মানস মজুমদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের অর্থ মন্ত্রী ডঃ অমিত মিত্র মহাশয় ২০২০-২১ অর্থবর্ষে ২লক্ষ ৫৫হাজার কোটি টাকার যে বাজেট বরাদ্দের প্রস্তাব করেছেন সেই বাজেটকে সম্পূর্ণ সমর্থন করছি। কেন আমি এই বাজেটকে সমর্থন করছি তার উপরে বিশদে আলোকপাত করার চেষ্টা করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যখন আমাদের ভারতবর্ষে একটা কঠিন সংকটের মধ্যে দাঁড়িয়ে আছে, এ কথা আমরা সকলে জানি। ২০২০সালের প্রথমে আমরা দাঁড়িয়ে আছি। আমরা দেখেছি যে ভারতবর্ষে জি.ডি.পি. বৃদ্ধির হার তলানিতে। ৫শতাংশে নেমে এসেছে এবং সাথে সাথে যদি আমরা আমাদের বাংলার জি.ডি.পি. বৃদ্ধির হার দেখি, তাহলে দেখব যে সেটা

১০.৪শতাংশে এসে পৌঁছেছে যেটাকে আমরা দ্বিগুণ বলতে পারি। ঠিক একইভাবে ১৯-২০তে আমাদের শিল্প বৃদ্ধির হার যেখানে ৩.১শতাংশ সেটা ভারতবর্ষে ০.৬শতাংশ। এই তফাৎটাই প্রমাণ করে দেয় যে বাংলা কোন জায়গায় আর ভারতবর্ষের অর্থনৈতিক অবস্থা যে খাদের কিনারায় দাঁড়িয়ে আছে কি দাঁড়িয়ে নেই। আমরা দেখেছি যে একমাত্র কেন্দ্রীয় সরকার যে সরকার ভারতবর্ষের রিজার্ভ ব্যাঙ্ক সেই রিজার্ভ ব্যাঙ্কের অর্থ ভান্ডারে হাত দিয়েছে। আগের কোন কেন্দ্রীয় সরকার এইভাবে হাত দেয় নি। আমাদের জীবনের সুরক্ষা যাদের সাথে জড়িয়ে আছে সেই এল.আই.সি, আমরা দেখেছি যে সর্বশেষে এল.আই.সি. শেয়ার বিক্রি করার যে সিদ্ধান্ত সেই সিদ্ধান্তও তারা নিয়েছে। এই রকম একটা পরিস্থিতিতে আমাদের রাজ্য সরকারের অর্থ মন্ত্রী এই বাজেট পেশ করেছেন এবং এই বাজেটের উপরে বক্তব্য রাখার আগে আমি যদি একটু পিছনের দিকে যাই, তাহলে দেখব সুজন দা'রা যে বাজেট পেশ করেছিলেন ২০১০সালে সেখানে ৬৮হাজার ১৩৪.৪ কোটি টাকার বাজেট তাঁরা পেশ করেছিলেন এবং ১১ সালে ৭৭হাজার ৫১০.৭২ কোটি টাকার বাজেট পেশ করেছিলেন। আর আমরা যদি পরপর আমাদের তিন বছর দেখি ২০১৮সালে ছিল ২লক্ষ ১৪হাজার ৯৮৫.৭৫কোটি টাকা এবং ২০১৯সালে আমাদের ছিল ২ লক্ষ ৩৭হাজার ৯৬৪.৩৫কোটি টাকা।

[3:50 – 4:00 p.m.]

এবং এবারে ২লক্ষ ৫৫হাজার ৬৭৭কোটি টাকার বাজেট। এই পরিসংখ্যান প্রমাণ করে যে আমাদের রাজ্যের যে অর্থ মন্ত্রী তাঁর যে বাজেট, সেই বাজেট ধারাবাহিকভাবে বাংলার বিভিন্ন আর্থসামাজিক অবস্থার যে বিভিন্ন দিক আছে, সেই সমস্ত দিকগুলিকে ছুঁয়ে গেছে। ২০১০-১১ সালের বাজেটের তিন পাতায় ১.৫ অংশে বামফ্রন্ট সরকার মূল্যবৃদ্ধি ও ব্যাপক বেকারত্ব দূর করার কথা বলেছিলেন। যার জন্য উৎপাদন বৃদ্ধি করতে হবে এবং এতে কর্মসংস্থান বৃদ্ধি পাবে এই কথা বলেছিলেন। তার জন্য তাঁরা কৃষি এবং শিল্পের উৎপাদনের উপরে সবচেয়ে বেশি জোর দিয়েছিলেন। সেই সময়ে তাঁদের বাজেট ছিল ৩০০ কোটি টাকার কাছাকাছি। আমাদের সরকার আজকে কৃষিতে আধুনিক যন্ত্রপাতি, কৃষকবন্ধু, আধুনিক বীজ সরবরাহ সবটাই করেছেন। কিন্তু সেই সময়ে দেখেছি উন্নতমানের বীজ সঠিক সময়ে পৌঁছাতো না। এ ছাড়া আধুনিক যন্ত্রপাতি দিয়ে চাষাবাদের সুযোগ খুব কম ছিল। ২০২০ সালের বাজেটে কৃষি দপ্তরের ৫৮৬০.৫৭কোটি টাকার বাজেট। আর যে শিল্পের কথা তাঁরা বলেছিলেন, সেই শিল্পের উৎপাদন বৃদ্ধির উপরে তাঁরা যে জোর দিয়েছিলেন, সেই সময়ে দেখেছি ৫৫হাজার কলকারখানা বন্ধ হয়েছিল। কারখানার শ্রমিকদের অর্ধাহার, অনাহারে মৃত্যু আমরা দেখেছি। কিন্তু বর্তমানে আমাদের রাজ্য সরকার এই শিল্পে যে জায়গায় দাঁড়িয়ে আছে সেটি হল, কেন্দ্রের এই শিল্প দপ্তরের প্রতিনিধি স্বয়ং লোকসভায় স্বীকার করেছেন যে এই ৮ বছরে আমাদের রাজ্যে ২২ হাজার ২৬৭কোটি টাকার বিদেশি বিনিয়োগ এসেছে এবং মুখ্যমন্ত্রীর নেতৃত্বে, অর্থ মন্ত্রীর নেতৃত্বে এখানে পাঁচটি গ্লোবাল সামিট হয়েছে, যেখানে বড় শিল্পে ৪.৪৫লক্ষ কোটি টাকার বিনিয়োগ এসেছে, এবং সেগুলি বাস্তবায়িত হয়েছে। সরকার সক্রিয় এবং সেই সক্রিয় হওয়ার নমুনা হল সমবায় ব্যাংক এবং বাণিজ্যিক ব্যাঙ্ক মিলিয়ে ৮ বছরে ক্ষুদ্র এবং মাঝারি শিল্পে ২লক্ষ ৪৩হাজার ৪১৯কোটি টাকার

ঋণ দিয়েছে। ঋণ দিয়েছে মানে এখানে ব্যবসার বৃদ্ধি ঘটেছে। ভারতের যে বেকারত্ব দেখেছি এবং ক্ষুধা তালিকা দেখেছি তা ৪৫বছরে সর্বাধিক। কিন্তু আমাদের রাজ্যে আমরা গত ৮বছরে ৪০%বেকারত্ব কমাতে পেরেছি। কেন্দ্রের সাথে আমাদের তফাৎ হল এই জায়গায়। আমরা কেন্দ্রীয় সরকারের বাজেটে দেখেছি এল.আই.সি.-র শেয়ার বিক্রি করা হয়েছে। এখন এল.আই. সি., টাটা এল.আই.জি. নাকি বাজাজ এ্যালায়েন্স নাকি রিলায়েন্স এটা তফাৎ করা খুব মুশকিল। কেন্দ্রীয় সরকার এয়ার ইন্ডিয়া বিক্রি করে দেবার একটা পরিকল্পনা তৈরি করেছেন। ইন্ডিয়ান অয়েলকে বিক্রি করে দেবার পরিকল্পনা করেছেন। আগামী দিনে এমন কোন জিনিস থাকবে না যেটা ওরা বিক্রি করবে না। সেই জায়গাটাই থাকবে না। ক্ষুধা তালিকার লিস্টটা আমরা দেখেছি যেটা বাংলাদেশের অনেক পিছনে আমাদের ভারতবর্ষকে দাঁড় করিয়েছে আমাদের বর্তমান কেন্দ্রীয় সরকার। আমরা আমাদের রাজ্য সরকারের কথা বলতে পারি যে, আমাদের সরকারের কেন্দ্রের যে ৫৬হাজার কোটি টাকার ঋণ, যে ঋণে জর্জরিত করে দিয়ে ২০১১ সালে বামফ্রন্ট সরকার চলে গিয়েছিলেন, তখন ২ লক্ষ ৩০০০কোটি টাকায় দেনায় ডুবিয়ে দিয়ে সেই জায়গায় এই ৫৬হাজার কোটি টাকা শোধ করেছে কেন্দ্রীয় সরকারকে। সেই জায়গায় দাঁড়িয়েও আমাদের সরকার অনেকগুলি জনমুখী প্রকল্প মানুষের স্বার্থে, বিভিন্ন সম্প্রদায়ের কথা ভেবে, বিভিন্ন দিক বিবেচনা করে ঘোষণা করেছে। আমরা দেখেছি এই সরকার কৃষিতে যে আয়, সেই আয়ে ছাড় দিয়েছেন। আমাদের রাজ্যের ক্ষেত্রে একটা বড় বিষয় স্ট্যাম্প ডিউটি। আমাদের রাজ্যের ক্ষেত্রে দেখেছি অনেক জায়গায় দলিল পড়েছিল। অতিরিক্ত চার্জের জন্য সেই দলিল রেজিস্ট্রি করা যেত না। এখন সেগুলি এই স্ট্যাম্প ডিউটি ছাড়ের জন্য সম্ভব হবে। আমরা দেখেছি তিনটি নতুন বিশ্ববিদ্যালয়, বিরসা মুন্ডা বিশ্ববিদ্যালয়, আম্বেদকর বিশ্ববিদ্যালয় এবং ও.বি.সি. সম্প্রদায়ের জন্য বিশ্ববিদ্যালয়। জয় জহার প্রকল্প আদিবাসীদের জন্য প্রকল্প যেটা আদিবাসী ও তপশিলি উপজাতি সম্প্রদায়ের মানুষ যাঁরা ৬০ বছরের বেশি আছেন, যাঁরা অন্য কোন পেনশান পান না, তাঁদের প্রতি মাসে ১০০০ টাকা করে বার্ধক্য ভাতা দেওয়া হবে। হাসির আলো প্রকল্প গরিব মানুষদের জন্য করা হয়েছে। সেচ ও জল প্রকল্পে ২৮২০কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। সেখানে এই বাজেটে শুধু আমাদের আরামবাগ মাস্টার প্ল্যান যেটা রাজীব বন্দ্যোপাধ্যায় পূর্বে করেছিলেন সেটাকে বাদ দেওয়া হয়েছে, সেটার ব্যাপারে অর্থ দপ্তরের কাছে অনুরোধ জানাব বিষয়টি দেখার জন্য।

এর সাথে সাথে স্বাস্থ্য থেকে শুরু করে শিক্ষা - প্রতিটি ক্ষেত্রে রাজ্য .... (নির্দিষ্ট সময় শেষ হয়ে যাওয়ার কারণে এই সময় মাইক সংযোগ বিচ্ছিন্ন করে দেওয়া হয়।)

Dr. Rohit Sharma: Hon'ble Speaker, Sir, the Budget presented by Dr. Amit Mitra, Finance Minister, on 10th February. In this budget I have to make certain observations. Sir, he has proposed to allocate Rs. 1299.55 crore to the Home and Hill Affairs Department for the next financial year. Sir, I would like to know, what is the quantum of share to Gorkhaland Territorial Administration? This is not clear.

And secondly, Sir, in the Budget Paper, it has been mentioned allocation to Gorkha Hill Council. Sir, Gorkha Hill Council is not functional now. When the Act was passed in the year 2012, Gorkhaland Territorial Administration Act (GTA) was in authority, and every year during the Budget Discussion, I had been raising this point for a corrigendum. Yet, this year also the same mistake has been done. Sir, I will focus basically on the Budget Allocation to GTA. Sir, during 2014-15, a sum of Rs. 98.80 crore was allocated, but only 68.10crore were released. Hence, a balance of about 22.07 crore is still to be received by GTA. Sir, in the year 2015-16, 130 crores as allocated. But, GTA received only 42.90 crore. A balance of 87crores is yet to be received. Sir, in the year 2016-17 132crore was allocated. But, GTA received only 99.27 crores. Hence, a balance of 32.73 crore is yet to be released. Sir, in the year 2017-18, Rs. 178.50crore as allocated, but, GTA received only 29.38crore. Hence, a balance of 149.12crore is yet to be received by GTA. Sir, a total fund of 291.65crore is yet to be released against the earmarked budget for GTA with effect from 2014-15 to 2017-18. Sir, this has resulted in a huge number of committed liabilities. Those were approved by the GTA Authority, some already implemented and work is also in progress.

Sir, the Hon'ble Chief Minister is kind enough to sanction Three (3) ITIs in the Hills. One in Kalimpong-1, one in Mongpu and one in Gorubathan. But I doubt whether any Planned and Non-planned Budgetary provisions have been made or not? This is not clear from the Budget papers of the Hon'ble Finance Minister. Sir, there is a long pending demand of regularisation of 4132 number of employees against 4279 vacant posts in various categories under GTA. Hence, I urge upon the Hon'ble Finance Minister to make Budgetary Provisions for this too.

[4:00 – 4:10 p.m.]

Sir, Cinchona Plantation is one of the Premier Institutions of the industry in the Hills. So, I propose that this Cinchona Plantation be declared as Research Institutions for availing funding for research and diversification of its activities and Sir, there is a long pending demand for absorption of the workers in the Group-D category in Cinchona Plantation and the Hon'ble Chief Minister has

also given her consent and directed the concerned department to look into our demand.

Sir, this Government has announced "Cha Sundari Scheme" for the landless and for the homeless workers in the tea garden areas. Sir, you know that Darjeeling produces the Champagne of tea and we have received geographical indication for tea also. Hence, I request Hon'ble Finance Minister to make a separate provision for this "Cha Sundari Scheme" for the tea gardens of the Darjeeling Hills.

Sir, since 2012, we have been hearing and the Hon'ble Chief Minister also has given her consent for setting up of one medical college in Kurseong. But, this is 2020 and the medical college is yet not completed hence, I urge, sincerely request, the Hon'ble Finance Minister to make the Budgetary Provisions in this regard too.

And, Sir, Hon'ble Chief Minister has given the gift to the people of Darjeeling Hills for setting up of Darjeeling Hill University and I earnestly request our Hon'ble Finance Minister to make Budgetary Provisions for Darjeeling Hill University. Honble Finance Minister, has stated in the last paragraph that his poem has been inspired by the book of Hon'ble Chief Minister – "Kobita Bitan" -- in poem "Sonar Bangla", where he has said that this State will be more valuable than Gold.

Yes, we too agreed, let us unitedly work and make this State "Sonar Bangla". Thank you. Thank you once again, Sir.

ড: রমেন্দ্র নাথ বিশ্বাস : মিঃ স্পিকার স্যার, আপনার অনুমতি নিয়ে আজকে আমি আমাদের অর্থ মন্ত্রী ডঃ অমিত মিত্র বিগত ১০ তারিখে যে বাজেট পেশ করেছেন সেই বাজেটের স্বপক্ষে কিছু বলতে চাই। মমতা ব্যানার্জী আমাদের প্রিয় মুখ্যমন্ত্রী, কেবলমাত্র আমাদের প্রিয় মুখ্যমন্ত্রী নয়, আজকে পশ্চিমবঙ্গের মানুষের প্রিয় মুখ্যমন্ত্রী কারণ তিনি উন্নয়নের দিক থেকে মানুষের জন্য কি না, করেছেন। এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে আমরা যদি কয়েক বছর আগের দিকে তাকাই তাহলে দেখা যাবে সেই সময় যে অবস্থা ছিল বর্তমান সরকার মানুষের সব দিক দিয়ে কল্যাণ সাধন করবার জন্য চেষ্টা করেছেন। কিন্তু একটা কথা আমাদের এই ভারতবর্ষে বিশেষ করে পশ্চিমবঙ্গ সরকার এটা ফেডারেল গভর্নমেন্টের একটা অংশ এবং, রাজ্য আর কেন্দ্র বিগত বুলবুলে আক্রান্ত পশ্চিমবঙ্গ। সেই পশ্চিমবঙ্গে এত বড় একটা সমস্যা হয়ে গেল বুলবুলে আক্রান্ত হয়ে কেন্দ্র তার দিকে তাকালো না। এই অবস্থার মধ্যে দিয়েও মমতা ব্যানার্জী আমাদের সামনে

যে বাজেট পেশ করেছেন তাঁর সুযোগ্য অর্থমন্ত্রী অমিত মিত্রর মাধ্যমে তা আমাদের সকলকে চমৎকৃত করে।

এই অবস্থার মধ্য দিয়েও যে এমন সুন্দর বাজেট পেশ করা যায় তা অনেকের কাছেই অকল্পনীয়। এ বাজেট গরিবের বাজেট, এ বাজেট বঞ্চিত, লাঞ্ছিত, ভাগ্যহত মানুষের বাজেট। আমাদের দেশে বাস করা আদিবাসী তাদের দিকে আমাদের কোন সরকার তেমনভাবে তাকিয়েছে? আমরা যদি চিন্তা করতে যাই তাহলে এটা একটা বড় বিস্ময়ের ব্যাপার। মমতা বন্দ্যোপাধ্যায় এবারে তাদের দিকে তাকিয়েছেন। তাদের বিশেষ বয়স হলে পরে কর্মক্ষমতা হারিয়ে গেলে তাদের দিকে তাকাবার জন্য কেউ ছিল না এবং বর্তমানেও প্রায় নেই। এই অবস্থার মধ্য দিয়ে তিনি অন্ততঃ মাসে মাসে যারা ৬০ বছরের ঊর্ধ্বে গেছেন তাদের জন্য এক হাজার টাকার ব্যবস্থা করেছেন। তপশিলি ভাইয়েরাও বঞ্চিত, লাঞ্ছিত এবং সংরক্ষণের অংশীদার। সেই অবস্থার মধ্যেও তাদের দিকে আগে কখনও তাকানো হয় নি। আমরা জানতাম ৩৪ বছর ধরে একটা সরকার পশ্চিমবঙ্গে ছিল এবং তারা সর্বহারার সরকার গঠন করবার জন্য কত প্রতিশ্রুতি দিয়েছিল। কিন্তু শেষ পর্যন্ত তাদেরই সরে যেতে হল কারণ ঐ গরিব মানুষরাই তাদেরকে বঞ্চিত করে দিল। কেন? তাদের কৃতকর্মের ফল। আজকে তাদের জন্য মমতা বন্দ্যোপাধ্যায় যে ভাবে ব্যবস্থা নিয়েছেন তাতে বলা যায় যারা ডাউনট্রেডেন পিপল, যারা আদিবাসী তাদের জন্য এই বাজেট অনেকখানি দিয়েছে এবং এর মধ্য দিয়েও তারা একটু ভাষা খুঁজে পাবে। আমাদের কোন কোন বক্তা ইতিপূর্বে বলেছেন যে, এটা একটা নির্বাচনী বাজেট হয়েছে। এই নির্বাচনী বাজেট যেটা হয়েছে বলে তারা দাবী করেন আমি সেখানে বলব তিনি যে সকল প্রকল্প তৈরি করেছেন যার মধ্য দিয়ে তিনি সাধারণ মানুষের সেবা করে চলেছেন এবং সেই প্রকল্পগুলো কি কন্যাশ্রী, কি অমুক ইত্যাদি কেবলমাত্র তপশিলি বা আদিবাসীদের জন্য করা হয় নি তা সকলের জন্য করা হয়েছে। সবুজশ্রী – এর মধ্য দিয়ে তো সকলের ব্যবস্থা হয়েছে। কন্যাশ্রী – তার মধ্য দিয়ে তো অনেক ব্যবস্থা নেওয়া হয়েছে। কেউ কি বাদ পড়েছে? বাদ পড়েনি। অতএব তাকে এই গালি দেওয়া কোন মতেই উচিত নয়। তাহলে কি তারা আগে অনেক ভালো ভালো ব্যবস্থা করে গেছেন এবং এবারে ইনি একটু করে দেখাচ্ছেন এই করে দেখানোটাই একটা বড় কথা নয়। মমতা বন্দ্যোপাধ্যায়ের স্বভাব হচ্ছে, পরের কারণে স্বার্থ দিয়া বলি, এ জীবন মন সকলই দাও, তার মত সুখ কোথাও কি আছে, আপনার কথা ভুলিয়া যাও। এই রকম হচ্ছে তার মানসিকতা। এটা কেউ স্বীকার করুক আর না করুক। তাই তিনি ছোট ঘরে থাকিয়া আমি বড় মন নিয়ে। আমার অর্থনৈতিক অবস্থা খুবই খারাপ কিন্তু তবুও আমি আমার আমলে কেন মানুষকে শিক্ষিত করে তুলব না, উচ্চ শিক্ষার দ্বার খুলে দেব না। সেই রকম একটা মানসিকতা নিয়ে মমতা বন্দ্যোপাধ্যায় একের পর এক বিশ্ববিদ্যালয় খুলেছেন। তার মধ্যেও যদি কেউ মনে করেন নমশূদ্রদের সন্তুষ্ট করবার জন্য তিনি হরিচাঁদ-গুরুচাঁদ বিশ্ববিদ্যালয় করলেন, পঞ্চানন বর্মা করলেন, অমুকটা করলেন এবং বিরসা মুন্ডা ইউনিভার্সিটি করলেন বলতে পারেন তাঁরা কিন্তু সেটাতো কাজে করে দেখাতে হয়। সেই কৃতকর্ম এবং সেই কর্তব্যকর্ম বলে যেটা তিনি মনে করেছেন তা দিয়ে তিনি

এমন করে চলেছেন। আজকে পশ্চিমবঙ্গে অনেক সুযোগ ছিল। মমতা বন্দ্যোপাধ্যায় ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গকে অনেক কিছুতে প্রথম করেছেন।

[4:10 – 4:20 p.m.]

এবং সেগুলোর যদি উল্লেখ করতে যেতে হয় যেমন, ১০০ দিনের কাজ। একশো দিনের কাজে বাংলা প্রথম। সারা ভারতবর্ষের মধ্যে কেউ কি অন্য কোনো সরকার কি ছিল না, তাদের কি কেউ নিষেধ করেছিল যে, একশো দিনের কাজে তোমরা কৃতকার্যতা দেখিয়ো না। ক্ষুদ্র শিল্পে প্রথম, গ্রামীণ গৃহ নির্মাণে প্রথম, গ্রামীণ রাস্তা নির্মাণে প্রথম, মাইনোরিটি স্কলারশিপে তিনি সারা ভারতবর্ষের মধ্যে প্রথম এবং স্কীল ডেভেলপমেন্টে তিনি প্রথম। Ease of doing businessএ তিনি প্রথম এবং e-tenderingএ প্রথম। এবং আরো সম্মুখে তিনি আরো দেখাবেন যার মধ্য দিয়ে দেখা যাবে যে, সবাই বাধ্য হয় স্বাধীনতার পরবর্তীকালে এই পশ্চিমবঙ্গের বুকে অনেক মুখ্যমন্ত্রী এসেছেন। আমরা কখনও কখনও ভাবতাম জ্যোতিবাবু অনেক কিছু করে গেছেন। বিধানচন্দ্র রায় অনেক কিছু করেছেন। কিন্তু তাঁদের আমি কোনো দুর্নামের ভাগী করতে চাই না। কিন্তু মমতা বন্দ্যোপাধ্যায় তাঁর নিজের কর্মপ্রচেষ্টার মাধ্যমে তাঁর উদ্যোগের মাধ্যমে সমস্ত অনুরাগীদের নিয়ে মন্ত্রী পরিষদকে নিয়ে তিনি যেভাবে পশ্চিমবঙ্গকে এগিয়ে নিয়ে চলেছেন তাতে আজকে কি স্বাস্থ্যে, কি সংস্কৃতিতে সমস্ত দিক থেকে কি খাদ্য ব্যবস্থায় সমস্ত দিক থেকে এমন এমন সব কাজ করে চলেছেন যার মধ্য দিয়ে মানুষ মনে করছে যেন – ধনীলোক, ধনী লোকেরা যেমন টাকা দিয়ে চাইলেই পায় অনেক কিছু। সেই ভাবে পশ্চিমবঙ্গের মানুষেরা তারা কিন্তু বসবাস করে সেই আনন্দে তারা কিন্তু অনেক কিছু পাচ্ছে। সরকারকে, ...(নয়েজ)... কি হল, কবিতা বলছি, কবিতা শুনিয়ে দিচ্ছি। মানে যতই উপহাসের মতো শোনাক, কিন্তু সেটি আমাকে বলতে হবে। "সবার প্রথম দৃষ্টি তোমার, জানা আছে তাই, বিশ্ববাংলা হাসছে কত লেখাজোখা নাই" মমতা বন্দ্যোপাধ্যায়কে আমি বলতে চাই যে, আপনি যেভাবে কাজ করে চলেছেন, তাতে বিশ্ববাংলা বলে একটা শব্দ তৈরি হয়ে গিয়েছে কারণ এমন এমন কাজ করছেন, যা বিশ্বের দরবারে শ্রদ্ধা পায়, মূল্য পায় এবং বাংলাকে উচ্চকিত করে তোলে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী দেবেশ মন্ডল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ২০২০-২০২১ অর্থবর্ষে মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র মহাশয় যে বাজেট সদনে পেশ করেছেন আমি তা পূর্ণ সমর্থন করছি। মাননীয় অর্থমন্ত্রী বাজেটের প্রারম্ভিকে ভারতের অর্থনীতির বাস্তব অবস্থার কথা তুলে ধরেছেন। এই সত্যতা সারা দেশবাসী অবশ্যই অবগত। ভারতে GDP বৃদ্ধির হার ৫ শতাংশ হওয়ায় যখন ভারতবাসী হতাশ ঠিক সেই মুহূর্তে বাংলার GDP বৃদ্ধির হার ১০.৪ শতাংশ যা ভারতের দ্বিগুণ কিছুটা আমাদের সকলের আশা জাগায়। GDP বৃদ্ধির ক্ষেত্রে বাংলা ভারতের পথ দেখাতে সক্ষম সেই কথা মাননীয় অর্থমন্ত্রীর পেশকৃত বাজেটে আমরা বিশদ ব্যাখ্যায় পরিষ্কার বলে মনে করি। ভারতে শিল্পে বৃদ্ধির হারও ২০১৯-২০ অর্থবর্ষে সেখানে ০.৬ শতাংশ। বাংলার শিল্পের বৃদ্ধির হার

সেখানে পাঁচগুণ অথাৎ ৩.১ শতাংশ। Make in India-র কণ্ঠ যত জোরালো হোক বাস্তব কিন্তু সে কথা বলে না কারণ, ৩৫ বছর বাংলায় শিল্পের যে খরা সেই দশা থেকে বাংলাকে বের করতে গিয়ে দিদি মমতা ব্যানার্জী বাংলা উন্নয়ন যজ্ঞে যে নমুনা রেখেছেন। সেখানে বাংলার শিল্পের খরা কাটলেও সারা ভারতবর্ষের আঙ্গিকে ভারত সরকারের কাছে সেটা কিন্তু এখনও বিপজ্জনক।

কিন্তু ক্ষুদ্র ও মাঝারি শিল্পের বিনিয়োগেও যেখানে ২লক্ষ ৪৩হাজার ৪১৯কোটি টাকা ঋণ দিয়েছে, এই ক্ষেত্রেও কিন্তু বাংলা প্রথম। শিল্প নিয়ে আমাদের বামফ্রন্টের পরিষদীয় দলনেতা তিনি সিঙুড়ের কথা উল্লেখ করেছেন। সিঙুড় হলে নাকি চোখের জল বন্ধ হত। এই কথা শুনে আমাদের যেন মনে হচ্ছে যে এই সময়ে যদি এ রকম একটা বিচক্ষণতা বা চিন্তা-ভাবনার কথা বা এই রকম এক ব্যক্তিত্ব ২০১১ সালের আগে যদি বামফ্রন্ট সরকারের মধ্যকার কোন দায়িত্ব পেতেন তাহলেও বোধ হয় ২০১১ য় এই সর্বনাশা রোধ করার সম্ভাবনা তিনি দেখাতে পারতেন। এই জায়গা থেকে আমি আর একটা কথা বলব যে উনি যেটা বিশেষ করে বিভাজনের কথা বলছেন, আমাদের এই মতুয়া সম্প্রদায়ের অবদানকে মনে রেখে যে, কৃষ্ণনগরে তার একটি শাখাসহ ঠাকুরনগরে হরিচাঁদ গুরুচাঁদ বিশ্ববিদ্যালয়, কিংবা মুসলিম সমাজের উন্নতির জন্য আলিয়া বিশ্ববিদ্যালয়, কিংবা কৃষ্ণনগরে কন্যাশ্রী বিশ্ববিদ্যালয় এবং হিন্দী ভাষী সমাজের সুবিধার জন্য হাওড়া হিন্দী বিশ্ববিদ্যালয় এই যে বিশ্ববিদ্যালয়গুলো করবার ক্ষেত্রে বিশেষ বিশেষ নামের উল্লেখ থাকার দরুন উনি যে বিভাজনটা দেখেছেন, আমার কথাটা হচ্ছে এখানে, যে বিভাজন ধরুন আজকে আমরা ২৯৪ জন সদস্যের মধ্যে আমরা এখানে ২৩ জন সদস্য যে বক্তব্য রাখবার সুযোগ পেয়েছি, তার মধ্যে এই ২৩ জনকে নির্দিষ্ট করবার মধ্যে কি কোন বিভাজন তৈরি হল সভার মধ্যে ? বিভাজন একটা, কোন কিছুর কিছু নির্দেশ করতে গেলে আমার উন্নয়নের রূপরেখা দেখাতে গেলে নিশ্চয় তো তার পাদপ্রদীপে সেই প্রজেক্টটাকে খাড়া করতে গেলে সেই নির্দিষ্ট পন্থাকে উল্লেখ রাখতে হবে। আমরা অনগ্রসর শ্রেণির সম্প্রদায়ের মানুষের উন্নয়নে এই মা মাটি মানুষের সরকার যে কাজ করেছে, সেই কাজটাকে বাস্তবায়িত করতে গেলে যেটা নিদর্শন রেখেছে তা হল এই সম্প্রদায়কে উল্লেখ করতে গেলে বা এদের উন্নয়নে আনতে গেলে সেটার নির্দিষ্ট করবার ক্ষেত্রে বিধি কি হতে পারে। সুতরাং এটাকে বিভাজন না দেখে একটা উন্নয়নের নিরিখে সেই নির্দিষ্ট সম্প্রদায়কে বিশেষ সম্প্রদায়কে উন্নয়নের নিরিখে অর্থনৈতিকভাবে অগ্রসর করাতে গেলে বা সেই সম্প্রদায়কে উন্নতির দিকে আনতে গেলে আমাদের যেটা করণীয় সেই জায়গায় আমাদের সরকার বা এই বাজেট বিশেষভাবে আমাদেরকে নির্দিষ্ট করে পথ দেখিয়েছে বলে মনে করি বা আমাদেরকে সেই লক্ষ্যে পৌঁছানোর জন্য এই বাজেট আমাদেরকে পথ দেখাচ্ছে। তপশিলি জাতি বন্ধু উপজাতি বন্ধুদের কল্যাণেও এই সরকার একটা বিশেষ দৃষ্টান্ত রেখেছে, সেখানে দেখবেন তপশিলি জাতি সম্প্রদায়ের মানুষরা অর্থনৈতিকভাবেও পিছিয়ে পড়েছে। তারা শিক্ষা দীক্ষা ও অন্যান্য সমস্ত দিক থেকেও পিছিয়ে থাকলেও তার পাশাপাশি তাদের অর্থনৈতিক বুনিয়াদকে সুদৃঢ় করতে বা তাদের অর্থনীতির অচল অবস্থাকে দূরীকরণ করতে তাদের একশো শতাংশ পেনশান নিশ্চিতকরণে যে ব্যবস্থা সরকার নিয়েছে তাকে আমরা

সাধুবাদ জানাই এবং সমর্থন জানাই। এই সমর্থনের কারণ হচ্ছে, কারণ তপশিলি জাতি উপজাতি সম্প্রদায়ের মানুষদেরকে অর্থনৈতিকভাবে এগিয়ে আনবার ক্ষেত্রে এই পদক্ষেপ যথেষ্ট সাড়া জাগাবে বা আমাদের অর্থনৈতিক বুনিয়াদকে যথেষ্ট সুদৃঢ় করবে বলে আমরা আশা করি। এর পাশাপাশি জলসম্পদ উন্নয়ন বা আমাদের জনস্বাস্থ্য কারিগরী ও পানীয় জল বিভাগের এই সমস্ত উন্নয়নে সরকার একটা বিশেষ পদক্ষেপ নিয়েছে। গ্রামীণ এলাকায় পানীয় জল সরবরাহের জন্য রাজ্য সরকার ৪৮টি নলবাহিত জল প্রকল্পের কাজ সম্পন্ন করেছেন, উক্ত প্রকল্পগুলোর দ্বারা রাজ্যে ৩কোটি ৬৮লক্ষ ৭৮হাজার ৫৯৪জন মানুষ বিশুদ্ধ পানীয় জল পাচ্ছেন। এ ছাড়া বর্তমানে ৩৭৩টি প্রকল্প অগ্রসরমান। এই প্রকল্পগুলো রূপায়িত হলে ১কোটি ৯৭লক্ষ ৩০হাজার ২০৮জন মানুষ বিশুদ্ধ পানীয় জল দ্বারা উপকৃত হবে। সুতরাং জনস্বাস্থ্য কারিগরীর পানীয় জল বিভাগ সেই জায়গায় সরকারের পদক্ষেপ যে একটা বিশেষ সাড়া জাগিয়েছে সেটা আমরা এই বাজেটের মধ্যেও লক্ষ্য করছি। সেই দিক থেকে আমি বলব যে আমাদের ২ লক্ষ ৫৫ হাজার ৬৭৭কোটির যে বাজেট আমাদের মাননীয় অর্থমন্ত্রী পেশ করেছেন সেটাকে আমি সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

[4:20 – 4:30 p.m.]

শ্রী মইনুল হক : সম্মানীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে আজকে রাজ্যের অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন প্রায় ২ লক্ষ ৫৫ হাজার ৬৭৭ কোটি টাকা, আমি অর্থমন্ত্রীর কাছে জানতে চাইছি, টাকাটা কোত্থেকে আসবে তার কোনো দিশা নেই। আজকে এটাই কি আমরা ধরে নেবো যে আবার নতুন করে ঋণের বোঝা চাপবে রাজ্যের মানুষের ঘাড়ে কারণ প্রতি মুহূর্তে বিধানসভায় একসময় ৭২-৭৭, ৭২-৭৭ এটা শুনতে শুনতে কান ঝালাপালা হয়ে গিয়েছিল। আর আপনাদের মা-মাটি-মানুষের সরকার আসার পর একটাই আলোচনা, ঋণের বোঝা শোধ করতে করতে নাকি দম বন্ধ হয়ে যাওয়ার উপক্রম। সুজনবাবু খুব ভালোভাবে ব্যাখ্যা দিয়েছেন। ১ লক্ষ ৮৪ কোটি টাকা ৬৪ বছরে উনি বললেন। আমি সেটা ২ লক্ষই ধরে নিচ্ছি। ২ লক্ষ থেকে আজকে ৪ লক্ষ ৮৭, প্রায় ৫ লক্ষের কাছাকাছি। একটা কথা আছে – আমদানি আঠান্নি, খরচা রূপাইয়া। কীভাবে টাকার শ্রাদ্ধ হচ্ছে সারা রাজ্যের মানুষ সেটা লক্ষ্য করছে। মেলা, খেলা এইগুলো তো আমরা বলছি। একটা সম্প্রদায়ের মানুষকে খুশি করতে গিয়ে প্রথমে আপনি মোয়াজ্জেম ভাতা, ইমাম ভাতাটা ঘোষণা করেছিলেন সরকার দেবে। হাই কোর্টের পরে ওয়াকফ বোর্ডের কথা এসেছে। আমরা প্রথম থেকেই বিরোধিতা করেছি। দেখবেন, এবার পুরোহিতরা বলবে। পুরোহিতরা বলবে যে আমাদের মাইনে দেওয়া হোক। বহুবার উল্লেখ করেছি এই হাউসে। আজকে আপনাদের কাছে বলার, আপনারা ক্লাবে টাকা দিচ্ছেন। ক্লাবে টাকার ব্যাপারে আমরা তো বলব যতদিন এই সরকার থাকবে। এর কোনো যুক্তি খুঁজে পাচ্ছি না। আপনারা ক্লাবে ক্লাবে টাকা দেবেন, আপনি একটা সম্প্রদায়কে দেখলেন যে আপনাদের বিরোধিতা করছে, পার্লামেন্ট ভোটে দেখলেন, তাদেরকে খুশি করার জন্য আবার ১০ হাজার করে দুর্গা মন্ডপে গিয়ে টাকা দেওয়া। আমি জীবনে শুনি নি ভারতবর্ষের মধ্যে কোনো রাজ্য এটা

করেছে কিনা। এবার বাড়িয়ে ওটাকে ২৫ হাজার করা হল। '১৮তে শুরু হয়েছিল, '১৯এ সেটা ২৫ হাজার হয়েছে। আবার কার্নিভাল করছেন। এর পরে যদি মুসলিম সমাজ বলে যে আমরা গরিব মানুষ, আমরা কুরবানি দিতে পারছি না। আমার তো মনে হয় মুখ্যমন্ত্রী সেটাও করবেন। তাই তো নাকি সেটাও করবেন। এটাই বাকি আছে। আজকে আপনারা বলুন – যেখানে আমরা জানি আপনাদের আয়ের উৎসটা কোথায়, টাকাটা কোত্থেকে আসবে। আপনারা বড় বড় প্রকল্প ঘোষণা করছেন। আমরা বাস্তবে কিন্তু সেটা লক্ষ্য করছি না।

আপনি বড় বড় প্রকল্পের কথা ঘোষণা করছেন, কিন্তু বাস্তবে আমরা সেটা লক্ষ্য করছি না। আমাদের বাস্তবে চোখে পড়ে না, আপনারা যাঁরা শাসকদলের লোক তাদের হয়তো বেশি বেশি করে চোখে পড়ে। আমি রূপশ্রী প্রকল্পের একটা গল্প বলছি। আমার ব্লকের একটি ঘটনার কথা আমি বলছি – রূপশ্রী প্রকল্পে একটি মেয়ের বিয়ে হল, যে দু'বাচ্চার মা। তার দু'বছর আগে বিয়ে হয়ে গেছে। তাদের নাম দিয়ে পঞ্চাশ লক্ষ টাকা তোলা হয়েছে। তাদের নামে FIR হয়েছে, কিন্তু তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করা হয় নি, যেহেতু তারা শাসকদলের সমর্থক। মাননীয় অর্থমন্ত্রী হাউসে নেই, থাকলে ভালো হত। 'মিড-ডে মিলে স্কুলে যারা রান্নার কাজ করে তাদের কথা সরকার কোন দিন চিন্তা করে নি। গতকাল একটি আবাসিক হোস্টেল স্কুলে আমাকে ডাকা হয়েছিল, পঞ্চাশ জন মেয়ে সেখানে থাকে। সেখানে ওয়ার্ডেন, নাইট গার্ড, টিউটর আছে। ওয়র্ডেনের মাইনে হচ্ছে ৫০০১ টাকা। প্রায় প্রতিটা স্কুলেই নাইট গার্ড লাগে এবং সেটা পার্মানেন্ট পোস্ট, তার মাইনে ৩,৯০০ টাকা। সেখান থেকে তাদের মাইনে আর বাড়ছে না। টিউটরের মাইনে মাত্র ২,০০০ টাকা। আজকে এদের কথা কিন্তু সরকার ভাবছে না। ২০২১ সালের নির্বাচনকে সামনে রেখে বাজেটে কিছু চটকদারি কথা বলা হয়েছে। আমরা জানি বাস্তবে তা কোনদিনই রূপ পাবে না। আজকে বার্ধক্য ভাতা, বিধবা ভাতা, তপশিলি ভাতা – কত দিচ্ছেন আপনারা ? আমরা হঠাৎ করে দেখলাম কালিঘাট থেকে নির্দেশ গেল, তার পরে আপনারা পাঁচ-ছয় হাজার নাম নিলেন। কিসের ভিত্তিতে এই নামটা নিলেন। মাননীয় সদস্য শ্যামল মন্ডল এখানে চিৎকার করে বলছিলেন, ইস্ট-ওয়েস্ট মেট্রোর উদ্বোধনে মাননীয় মুখ্যমন্ত্রীকে ডাকা হয় নি। তোমাদের লজ্জা হয় না, আমাদেরকে তোমরা কোন প্রশাসনিক বৈঠকে ডেকেছ ? আজকে আমি যে কথাটা বলতে চাইছি এখানে, মাননীয় অর্থমন্ত্রীর কাছে আমার প্রস্তাব, প্রত্যেককে দু'হাজার টাকা করে ভাতা দেওয়া হোক।

[4:30 – 4:40 p.m.]

টাকার শ্রাদ্ধ করছেন খেলা মেলা করতে গিয়ে। আপনাদের কিন্তু এট করতে গিয়ে দম বন্ধ হয়ে যাবে। কিন্তু আমাদের প্রস্তাব থাকলো হাউসের কাছে। আজকে বলুন সরকারী কর্মচারী, সরকারী কর্মচারীদের ক্ষেত্রে, ১৭ পার্সেন্ট আপনারা ডি.এ.-এর কথা ঘোষণা করেছিলেন। কি হলো? আমরা জানি কেন্দ্রের সঙ্গে কোনো দিনই কমপেয়ার করা যাবে না। হবে না। এটা অন্য রাজ্য পারছে। ঝাড়খন্ড পারছে, বিহার পারছে, ইউ.পি. পারছে, মধ্যপ্রদেশ পারছে, রাজস্থান

বললেন। অর্থ মন্ত্রী বললেন, 'আমি একজিকিউটিভ এজেন্সীকে চেঞ্জ করেছি, এট টাকা এই ব্যয় করার কথা, আমি দেখেছি এটা পঞ্চায়েতকে দিলে ভালো। এই ইলাসটিসিটি, এই ধরনের মননশীলতা যদি না থাকে—অর্থ মন্ত্রী কি যন্ত্র, বাজেট টা কি যন্ত্র যে বোতাম টিপব আর বেরিয়ে যাবে, মাথার কোন ঘাম থাকবে না? সুতরাং আজকের এই সাপ্লিমেন্টারী বিল আলোচনা করতে গিয়ে বলি যে আপনাকে তো ভাবতে হবে যে যোগবিয়োগ আপনি সারারাত ধরে করলেন, আসল বাজেটের টোটালটা দেখলেন না, বলে দিলেন শিক্ষাখাতে কম হয়েছে? অর্থ মন্ত্রী এবারে প্রথম বাজেটে কোনটা অবলিগেটরী, কোনটা কমপালসন, কোনটা কাকে দিয়ে করাতে হবে, সেটা স্পষ্ট করে বলে দিয়ে গেছেন। বাজেট এ্যট এ গ্ল্যান্স যেটা দেখলে সেই চরিত্রটা স্পষ্ট করে ফুটে উঠবে। আমি দেখলাম কোনটা সেন্ট্রাল, কোনটা কোর, এই ডিফারেন্সটাই করতে পারেন নি। সেটাই আমাদের দুঃখ। তাই আমি ডঃ চক্রবর্তীকে বলছিলাম—এই বাজেটকে যদি আপনি যাদবপুরে ছড়িয়ে দিতেন, তারা হইহই করে উঠত। আপনাকে ২১ সালের জন্য কিছু করতে হত না, যে অর্থ মন্ত্রী শিক্ষাখাতে টাকা কমিয়ে দিয়েছেন। আপনি উত্তেজিত হয়ে ছুঁড়ে দিয়ে গেলেন। গীতায় শ্রীকৃষ্ণের একটা উক্তি আছে, তিনি অর্জুনকে বলছেন লড়াই কর, রেগো না। কারণ 'ক্রোধাৎ ভবতি সন্মোহ, সন্মোহাৎ স্মৃতি বিভ্রম, স্মৃতিভ্রংশাৎ বুদ্ধিনাশ, বুদ্ধিনাশাৎ প্রণশংতি। 'স্যার, তাই আমি বলছি এটা আপনি করলেন কেন? আপনি বাজেটের বইটা তো যাদবপুরে দিতে পারতেন? স্যার, ডঃ চক্রবর্তীর মত এত বিদগ্ধ লোক, যাঁর বক্তৃতা আদ্যোপান্ত শুনেছি, উপভোগ করেছি, নিজের সীটে বসে সবার সামনে বাহবা দিয়েছি, আমি তাকে বলছি 'সেকটারিয়ান বাজেট কেন'— তুমি মুসলিমদের কথা বলবে কেন? তুমি সিডিউল্ড কাস্টের কথা বলবে কেন? তুমি আদিবাসীর কথা বলবে কেন? তুমি মহিলাদের কথা বলবে কেন? তুমি ছাত্র যুবকদের কথা আলাদা কথা বলবে কেন? আমি বলি বাংলার ঐতিহ্য হচ্ছে—আমরা বলি বলে সবাই আমাদের ইন্টিগ্রাল পার্ট অফ দ্য স্টেট ভাবে।

যদি না বলতেন, তাহলে ইন্টিগ্রাল পার্ট অফ দি স্টেট—বিচ্ছিন্নতাবাদ গ্রো করতো। এই ইনহ্যেরেন্ট সাবজেক্টটা আমাদের বুঝতে হবে। স্যার, আজকে যদি আমি বলি—আরো বিপজ্জনক কথা এঁরা বলেন এখানে—আমি হিসাব করি কেন ? মোয়াজ্জেম ভাতা দেওয়া হয় কেন ? পুরোহিত ভাতা—ওরা কি জানেন যে, অর্থ মন্ত্রী পুরোহিতদের, পণ্ডিতদের ভাতা দেন ? কংগ্রেসও দিতো, সি.পি.এম.ও দিতো, উনিও দেন। টোল পণ্ডিতদের কত ভাতা দেন, হিসেব করে দেখে নেবেন। কেউই ডিপ্রাইভড নয় কারণ, পণ্ডিতরা পেতো, এরা পেতো না। এদের পাওয়ার ব্যবস্থা করেছেন। দ্যাট্ ইজ্ দ্যা ডিফারেন্স। সেই জন্যই বলি যে, আজকে এই সেকট্যারিয়ান অ্যাটিচুড় নিয়ে আমরা চলি না, আমরা সবাইকে কনসলিডেট্ করতে চাই বলেই আজকে এই ধরনের বাজেট আমাদের উপস্থাপন করতে হয়। স্যার, আরেকটা কথা বলি, আপনি গেছেন আজমির? আজমির খালি মাথায় যাওয়া যায় না। আপনি গেছেন স্বর্ণমন্দির ? খালি মাথায় যাওয়া যায় না। আপনি গেছেন মধ্যপ্রদেশের শিব মন্দির ? আমাদের পোষাকে যাওয়া যায় না। যস্মিন দেশে যদাচার। হোয়েন ইউ আর অ্যাট রোম, ইউ হ্যাভ টু বি রোমান। আপনি বোঝার চেষ্টা করুন,

বহির অঙ্গে অন্তর অঙ্গে—সেই জন্যই এই বাজেট সাপ্লিমেন্টারিকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ স্যার।

শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় অর্থ মন্ত্রী ডঃ অমিত মিত্র আজকে হাউসে যে সাপ্লিমেন্টারি অ্যান্টের জন্য অনুমোদন চেয়েছেন, তাকে আমি পূর্ণ সমর্থন করি। বাজেট সাধারণতঃ তৈরি হয় একটা অ্যাজামশনের ওপর। গতবারে বাজেটে বরাদ্দ কীভাবে খরচ হয়েছে এবং তার সঙ্গে আর্থসামাজিক পরিস্থিতি কী বিশ্লেষণ করে। কিন্তু বাস্তবে কাজ করতে গিয়ে অনেক সময়ই বেশি খরচ করতে হয়, কোনো ডিপার্টমেন্টের কিছু সেভিংসও থাকতে পারে। আমাদের অর্থ মন্ত্রী যে সাপ্লিমেন্টারী গ্র্যান্ট চেয়েছেন, আমি দেখছিলাম যেমন, ফায়ার ব্রিগেডের ক্ষেত্রে—ফায়ার ব্রিগেডের যে অবস্থা ছিল—গত ৩৪ বছরে আগুন নির্বাপণের ব্যাপারে সেই ধরনের কোনো কাঠামো ছিল না। কাঠামো তৈরি হয়েছে। তার পরেও যখন আগুন লাগছে, সেই আগুনকে দমন করার জন্য আধুনিক ব্যবস্থা গ্রহণ করতে গিয়ে যে অর্থনৈতিক ব্যয় বাড়ছে, সেই অর্থনৈতিক ব্যয়কে এই সাপ্লিমেন্টারী অ্যান্টে ঢোকানো হয়েছে। পুলিশের গাড়ি কেনার জন্য খরচ করা হয়েছে। এখন অনেকেই বলছেন, পুলিশ রাস্তায় গাড়ি লাগিয়ে সাধারণ মানুষের কাছ থেকে টাকা তুলছে। কিন্তু একটা অত্যন্ত বড় ঘটনা ঘটেছে, যেটা আমাদের মত গ্রামের দিকের মানুষ বোঝে। রোড় রবারি—আগে আমরা দেখতাম, এই বিয়ের মাসগুলোতে বিশেষ করে বিয়ের গাড়ি আসা মানেই একটা আতঙ্ক থাকতো রাস্তায় ডাকাতি হবে। কিন্তু সেই রোড় রবারি ব্যাপকভাবে কমে গেছে। তার মানে এই নয় যে, সবাই ভালো কাজ করছে, দু-একটা লোক খারাপ করতেই পারে। কিন্তু মূল যে লক্ষ্য, সেই লক্ষ্যটা কিন্তু দারুণভাবে সাধিত হয়েছে। আজকে যে খাদ্যসাথী প্রকল্প, খাদ্যসাথী প্রকল্পে সরকার হয়তো হিসেব করেছে যে, ৮ কোটি মানুষকে ২ টাকা কেজি দরে চাল দেবে। বাস্তবে দিতে গিয়ে দেখা গেলো ৮ কোটি ২০ লক্ষ মানুষকে দিতে হচ্ছে। সেখানেও সাপ্লিমেন্টারি বাজেটের প্রয়োজন হয়। আমাদের অর্থ মন্ত্রী কতটা ডিসিপ্লিন, সেটা আমি একটা ছোট পৌরসভা চালাতে গিয়ে দেখেছি। আগে হয়তো কোনো হেডে টাকা দেওয়া হতো। সেই টাকাটা পৌরসভা খরচ করতে না পারলে পৌরসভার কাছেই পড়ে থাকতো। বছরের পর বছর সেটা পড়ে থাকতো, তার কোনো হিসাব-নিকাশ থাকতো না। কিন্তু আমাদের অর্থ মন্ত্রী প্রায় প্রত্যেক তিন মাস অন্তরই প্রত্যেকটা ডিপার্টমেন্টের একদম নিচু স্তর পর্যন্ত সেই টাকা সঠিকভাবে খরচ হয়েছে কিনা, তার হিসাব রাখেন এবং খরচ করতে না পারলে সেই টাকা ফেরৎ দেওয়ার জন্য অত্যন্ত তাগাদা করেন। যে কথা সুখবিলাস বর্মা সাহেব বলছিলেন, তার ফলে একটা ডিপার্টমেন্টে যদি এক্সেস খরচ হয়, তেমনই এই ধরনের আর্থিক শৃঙ্খলা থাকার জন্য এক্সেস টাকা পড়ে থাকলে সেই টাকাটা ফেরৎ এনে যেখানে প্রয়োজন বেশি, সেখানে যাতে খরচ করা যায়, সেই ব্যবস্থাটাও তিনি করেন।

[12:40 – 12:50 p.m.]

স্বভাবতই একটা অর্থনৈতিক শৃঙ্খলা ডঃ অমিত মিত্র পশ্চিম বাংলায় নিয়ে এসেছেন এবং যার জন্য আজকে যে খাতগুলো, যেমন আজকে বুলবুল ঝড় হয়ে গেল, কেন্দ্রীয় সরকার একটা

পয়সাও দেয় নি। স্বভাবতই এখানে যে বেশী অর্থের প্রয়োজন হবে, সেই অর্থের ব্যাপারে এটা বলা যায় না যে পরের বাজেট পেশ হোক তার পরে আপনার ক্ষতিপূরণ দেওয়া হবে। স্বভাবতই সরকারকে সঙ্গে সঙ্গে সেই ক্ষতিপূরণের ব্যবস্থা করতেই হয়। বাজেটে যে বরাদ্দ তার থেকেও বেশী টাকা ব্যয় করতে হয়। একই ভাবে বিভিন্ন দপ্তরের ক্ষেত্রে আমরা দেখেছি যে আমাদের সুখবিলাশ বর্মা বললেন যে হোমিওপ্যাথির ক্ষেত্রে, স্বাস্থ্যক্ষেত্রেও যে ব্যাপক পরিবর্তন যেটা চিন্তাই করা যায় না। আগে লোকে হাসপাতালে যেতে ভয় পেত, বলতো হাসপাতালে গেলেই লোক মারা যাবে। এখন ঠিক তার উল্টো হয়েছে, আমরা দেখছি আমাদের এলাকায় নার্সিংহোমগুলো একে একে বন্ধ হয়ে যাচ্ছে। স্বাস্থ্য পরিষেবাটাকে এমন পর্যায়ে নিয়ে যাওয়া হয়েছে যে অনেকেই বলছেন যে ফাইভ স্টার পরিষেবা। আমাদের মতো একটা মহকুমা হাসপাতালে INCU, SNCU, ডায়ালিসিস্ ইত্যাদির ব্যবস্থা ভালো হবে এটা ভাবাই যেত না। এই ধরনের উচ্চতর পরিষেবা দিতে গেলে স্বভাবতই বাজেটে যে বরাদ্দ থাকে কোন কোন সময় সে বরাদ্দের থেকে বেশী অর্থের প্রয়োজন হয়ে পড়ে। সেই অর্থ বরাদ্দ তিনি করেছেন মূলত রাজ্যের উন্নয়নের স্বার্থে, স্বভাবতই এই যে উন্নয়ন পরিষেবা, শিক্ষার ক্ষেত্রেও সেই একই পরিস্থিতি আমরা আজকে বলছিলাম আমাদের এলাকার একটি মাধ্যমিক স্কুলকে উচ্চমাধ্যমিক স্তরে উন্নীত করা হোক, সেটা হয়তো বাজেটে ধরা নেই, কিন্তু এটা যদি এই বছরে যদি করতে হয় স্বভাবতই সেখানে অর্থ বরাদ্দ বেশী করতে হবে। এর ফলে বেশী খরচ হবে। আমরা যে সাপ্লিমেন্টারী গ্র্যান্ট আজকে যার জন্য অর্থ মন্ত্রী এখানে প্লেস করেছেন তাকে পুরোপুরি সমর্থন করি। আর একটা লক্ষণীয় ব্যাপার হলো যে কাটমোশান কয়েকটা ডিম্যান্ডের উপরে থাকলেও মাত্র একজন বিধায়ক কাটমোশান দিয়েছেন, অর্থাৎ বাকি বিধায়করা নিশ্চয়ই সমর্থন করছেন, তাই কাটমোশান দেন নি। এটা একটা উল্লেখযোগ্য দিক, যার জন্য মাননীয় অর্থ মন্ত্রী ডিম্যান্ডকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করলাম। নমষ্কার।

শ্রী শ্রীকান্ত মাহাতো : স্যার, সাপ্লিমেন্টারী বাজেটকে সমর্থন জানিয়ে একটা দুটো কথা উপস্থাপন করছি। আপনারা জানেন আমরা এই বিধানসভায় বাজেট পেশ করে সারা বছর সেই বাজেটের উপর প্রত্যেকটা দপ্তরকে চালাই, কিন্তু তা সত্ত্বেও সব সময়ই দেখবেন কোন কোন জিনিস আছে সেখানে বাজেটের অতিরিক্ত খরচা করতে হয়। একটা পরিবারের ক্ষেত্রেও অনেক সময় আমরা যা বাজেট সারা বছরে ধরি তার পরেও একটা এক্সট্রা এ্যাডিশন করতে হয়। ঠিক আমাদের সরকারী বাজেটের পরেও এমন কিছু কিছু কাজ আছে সেখানে বাজেট ছাড়াও অতিরিক্ত খরচ আমাদের করতে হয়। আমাদের জঙ্গলমহলে আমাদের ফরেস্ট আছে, ফরেস্টে দেখবেন হাতি আছে, সেই হাতি যদি কোন মানুষকে মেরে দেয়, তার যে খরচখরচা যদি সরকারি বাজেট না ধরা না থাকে, এটা আনসার্টেন, এটা ধরা থাকেও না। সেগুলোকে আমাদের দিতে হয় মানুষদের এমার্জেন্সী হিসাবে ব্যবহার করতে। এ ক্ষেত্রে আমাদের এই যে সাপ্লিমেন্টারী গ্র্যান্টকে সকলকেই দলমত নির্বিশেষে সমর্থন করতে হয়। কখনও কখনও দেখবেন বন্যা হয়, খরা হয়, ঝড় হয় সেগুলোর ক্ষেত্রে দেখবেন সেটা বাজেটে ধরা নেই, সেগুলোকে আমরা

পরিকল্পনা করে ধরি না কখনই, যে বন্যা হতে পারে, ঝড় হতে পারে, বুলবুল হতে পারে। আমাদের সেই খরচখরচা কোথা থেকে করা হবে। স্বাভাবিকভাবেই আমাদের সাপ্লিমেন্টারী বাজেট অটোমেটিক্যালী এসে যায় যেগুলোকে পরবর্তী ক্ষেত্রে পাশ করিয়ে নিতে হয়, এবং সেই জায়গাটায় আমাদের সমর্থন করতে হয়। দেখবেন এই রকম ক্ষেত্রে পঞ্চায়েত দপ্তর থেকে শুরু করে, স্বাস্থ্য দপ্তরের ক্ষেত্রেও ধরুন কোন বড় একটা মহামারির কোন প্রকোপ তৈরী হলো এবং প্রয়োজন হলো স্বাস্থ্যক্ষেত্রে একটা বাজেটের, তখন আপনি কি বলবেন যে আমাদের যা বাজেট খরচা করা হয় নি, আমাদের বাজেটে ধরা নেই আমরা খরচা করবো না বাংলার মানুষের জন্য। সে ক্ষেত্রে আমাদের প্রত্যেকেরই মনে রাখা দরকার যে এই সাপ্লিমেন্টারী গ্র্যান্টকে সমর্থন করতে হবে এবং সেটাকে এ্যাপ্রুভ করতে হবে। ঠিক অনুরূপভাবে আমরা যদি হিসাব নিকাশ করে দেখি তাহলে দেখবেন আমাদের প্রত্যেকটা দপ্তরে যে ডিম্যান্ড আছে আমাদের এখানে সেই ৬ থেকে কখনও কখনও ৭৫টা, কখনও কখনও দেখবেন আমাদের রাজ্যের ক্ষেত্রে অপুষ্টিজনিত কোন কারণ সেটাও স্বাস্থ্যক্ষেত্রে আমাদের প্রয়োজন হয়, সেগুলোরও সাপ্লিমেন্টারী দরকার হয়। দেখবেন খাদ্য প্রক্রিয়াকরণে আমাদের এ বছর ধান বেশী হয়েছে, সরকারকে সেই ধান ক্রয় করতে হবে, তখন দেখবেন আমাদের এই খাদ্য প্রকিয়াকরণ ডিপার্টমেন্ট থেকে অতিরিক্ত ব্যয় করতে হয় এবং সেই অতিরিক্তটাকে সাপ্লিমেন্টারীতে পাশ করাতে হয়।

এবং সেই অতিরিক্তটাকে supplementaryতে পাস করতে হয়। এই রকম প্রত্যেকটা ক্ষেত্রেই আমরা যদি একটু যত্ন করে দেখি তাহলে supplementary budget-এর প্রয়োজনীয়তা আছে এবং সেগুলো ইচ্ছাকৃত ভাবে নয় প্রয়োজনের তাগিদেই আমাদেরকে করতে হয়। সেই জন্যই আমাদের supplementary budgetকে সমর্থন করার দরকার আছে বলে আমি মনে করি। তাই প্রত্যেকের ক্ষেত্রে যেমন SC, ST welfare department-এর ক্ষেত্রে দেখবেন কখনও কখনও আমাদের extra প্রয়োজন হয়েছে। সেক্ষেত্রে আমাদেরকে টাকা বরাদ্দ করতে হবে। পঞ্চায়েতের কোন কোন কাজের ক্ষেত্রে আমাদের দরকার হয়েছে যে এটা করা দরকার এখন emergency সেই বাজেটের ক্ষেত্রেও আমাদের হয়তো বাজেটকে extra অতিক্রম করছে তখন আমাদের এটা supplementaryতে ধরতে হয়। ঠিক অনুরূপভাবে আমরা লক্ষ্য করে দেখেছি জরুরী প্রেক্ষাপটে যেগুলো হয় সেগুলোই আমাদের বছরের শেষে supplementary demand-এ approve করে নিতে হয়, পাস করে নিতে হয়। তাই আমি মনে করি সবাই মিলে এই supplementary budgetকে সমর্থন করুন এবং এটাকে approve করুন কারণ emergency ক্ষেত্রে, বাংলার মানুষের কাজের ক্ষেত্রে এগুলো দরকার হবে। এই জন্য আমি সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করলাম। ধন্যবাদ স্যার।

ডঃ সুজন চক্রবর্তী : স্যার, Demand for supplementary grants এই আলোচনাটা যখন হচ্ছে স্বাভাবিক ভাবেই আমরা তাকে সমর্থন করব, কিন্তু কতকগুলো খুব সুনির্দিষ্ট কথা স্পষ্ট না হলে ভবিষ্যতে আমাদের অনেক রকম অসুবিধার মুখোমুখি হতে হবে। সময় কম তাই আমি সব বিষয়ের মধ্যে যাব না। স্যার, আমি যদি প্রথমেই বলি Demand for supplementary

grants আপনি এর page 22 তে আসুন। আমরা যে ঋণ নিয়েছি সেই ঋণের যে সুদ দিতে হবে অথবা repayment করতে হবে এটা কি unseen ছিল? না। এটা তো আমাদের জানা ছিল। এটা আমাদের committed expenditure. সেটাকে supplementaryতে আনতে হবে কেন? বা আপনি ধরুন page 49, অনেক দেখাতে পারি কিন্তু সব দেখাবো না। Page-49 - প্রায় ৭০০/৭৫০ কোটি টাকা আপনি expenditure supplementary grant-এ চাইছেন। কিসের জন্য? Medical college-এর salary. Teaching এবং non-teaching etc salary. আচ্ছা medical college আছে যখন চলছে যখন তার salary দিতে হবে যখন এটা আমার supplementaryতে আসবে কেন? এটা তো আমাদের committed. এটা তো unseen নয়। আমার বারবার মনে হয়েছে এবং আমি যে কথাটা বারবার বলার চেষ্টাও করেছি আগের দিনও তাই চেষ্টা করছিলাম কোথাও একটা অস্বচ্ছতা কাজ করছে কিনা। কে দায়ী আমি তার মধ্যে যাব না। সরকারি আধিকারিকরা আমাদের বিভ্রান্ত করছেন কিনা বা অন্য কিছু আমি তার মধ্যে যাচ্ছি না। আমি কালকে এমনও বলেছিলাম যে, এমন এমন এখানে figures আছে সেটা মুখ্যমন্ত্রীও জানেন বলেও যেন আমার মনে হয় না। I stand by that এতটা বিশৃঙ্খলা হওয়াটা জরুরী ছিল না। এটা নিশ্চয়ই মন্ত্রী মহাশয় যখন বলবার তখন তিনি বলবেন। স্যার, আমি প্রসঙ্গেই যাচ্ছি আমাদের সব মিলিয়ে বাজেটের highest State revenue generation কোথা থেকে হচ্ছে? Excise. সবাই আমরা নিশ্চয়ই সহমত হব যে প্রচুর excise -এর আউট লেট খুলেছে, সরকার ব্রেভারেজ কর্পোরেশান করে কার্যত সরকার নিজে এই ব্যবসার মধ্যে ঢুকে যাচ্ছে—excise-এর ব্যবসা। এত ভালো লক্ষণ নয়। এটা শুধু বিহারের রেফারেন্সে আমাদের আগের সদস্যরা অনেকবার বলেছেন এবং আমিও বলেছি, শুধু বিহারের রেফারেন্সে বলছি না। Constitution কী বলেছে স্যার আমাদের Constitution Directive principles, para 4, Article 47 - Duty of the State to raise the level of nutrition and the standard of living and to improve public health. ক্যাটিগোরিকালি বলছে। আমি পুরোটা পড়ছি না। And in particular, the State shall endeavour to bring about prohibition of the consumption except for medicinal purposes of intoxicating drinks and of drugs which are injurious to health. Constitution স্পষ্টত Directive principle-এ আমাদের যা বলছে তার ১৮০ ডিগ্রি উল্টো দিকে হেঁটে আমরা বোধ হয় সিদ্ধান্ত করেছি Constitution যাই বলুক মদের দোকানই একমাত্র আমাদের বাঁচাবার পথ তাতে মানুষের সর্বনাশ হয় হোক। কেন আমি জানি না, নিশ্চয়ই মন্ত্রী মহাশয় তার ব্যাখ্যা দেবেন। স্যার, একই রকমভাবে supplementary grant-এর মধ্যেও আমি দেখলাম নেই। এখানে সরকারের পক্ষ থেকে ঘোষণা হয়েছিল ১০ হাজার Madrasaকে approval দেওয়া হয়েছে।

[12:50 – 1:00 p.m.]

বাস্তবে কী দাঁড়িয়েছে স্যার, ২৩৫টি মাদ্রাসাকে এ্যাপ্রুভ করা হয়েছে। এবং শুধু এ্যাপ্রুভ করা হয়েছে, তা না, আমি আপনাকে কাগজ দেবো স্যার, তাকে রিনিউ করা হয়েছে। ডিপার্টমেন্ট

তার পক্ষে চিঠি পাঠিয়েছে। আমি আপনাকে কাগজ দেবো স্যার, সেখানকার ছেলে মেয়েরা মাধ্যমিক পরীক্ষা দিচ্ছেন। রেজাল্ট ভাল করছে। এ্যাপ্রুভ্রড ২৩৫ আউট অফ টেন থাউজেন্ড, কেন ? আর যে ২৩৫টা এ্যাপ্রুভড হল, যারা রিনিউড হচ্ছে বাই গভর্ণমেন্ট তারা বাজেটারি সাপ্লিমেন্টারী গ্রান্টের মধ্যেও গত ৮ বছর ধরে তারা কোন মাহিনা পায়না। আমার ধারণা, সিদ্দিকুল্লা সাহেব আছেন, তিনি সহমত হবেন, ৮বছর ধরে মাহিনা পাননা। রাস্তায় কেঁদে কেঁদে বেড়াচ্ছে, বিক্ষোভ করছে, কেন ? আমরা সাপ্লিমেন্টারী গ্রান্টেও তাদেরটা ধরলাম না, কেন? এদেরটা ধরা জরুরী বলে আমি মনে করি। স্যার, আমাদের অর্থ মন্ত্রী খুবই ধারালো, খুবই শক্তিশালী, খুবই জানেন বোঝেন, আমি একটু ভয়ে ভয়ে থাকি, সুখবিলাস বাবুকে উনি যেভাবে কার্য্যতঃ বলছিলেন, আমি মনে করি, দ্যাট ইকুয়ালস টু ব্যানটরি। ফলে কখন কীভাবে কী বলে দেবেন, একটু ভয়ে ভয়ে থাকি, আমি আপনার প্রটেকশান চাইবো। স্যার, আমি কতকগুলো ত্রুটি, যেগুলো আছে বলে আমার মনে হয়েছে, আমি কম বুঝতে পারি, আমাকে যেন বুঝিয়ে দেওয়া হয় বা আমাদের যেন বুঝিয়ে দেন। স্যার, আমি তো বাজেটের বইটার ব্যাপারে অতটা জানিনা বটেই, কম জানা লোকেদের বাজেটটা তো একটু বোঝার চেষ্টা করতে হবে। স্যার, আমি কিন্তু বুঝতে পারছি না, ২০১৯-২০তে আপনি বাজেটে যে টাকা চেয়েছিলেন ৩৯৬৪কোটি টাকা, ডিম্যান্ড নম্বর ১৭, হায়ার এডুকেশানে। সাপ্লিমেন্টারীতে আপনি তার সঙ্গে আরো বাড়তি চাইলেন, ৩কোটি ৪৮লক্ষ টাকা, তবে সাপ্লিমেন্টারীতে ৩৯০০র পরেও আবার যখন চাইতে হচ্ছে তখন যে বাজেট বক্তৃতা উনি করেছেন, বাজেট বক্তৃতা এই হাউসে যেটা উনি রেখেছেন, প্লেস করেছেন যেটা, বাজেটে অনেক কাগজ দেওয়া হয় সাপোর্টিং, কিন্তু উনি বক্তৃতা করেছেন যেটা, সেখানে উনি নির্দিষ্টভাবে ৭০০কোটি টাকা বরাদ্দ করলেন কেন? হতে পারে ভুল। তাহলে বলা হোক, ভুল। হতে পারে অফিসাররা ডাইভার্ট করে দিচ্ছে। তাহলে বলা হোক অফিসাররা ডাইভার্ট করে দিচ্ছে। হতে পারে আমরা প্যারামিটার চেঞ্জ করে দিয়েছি, তবে বলতে হবে আমরা প্যারামিটার চেঞ্জ করেছি। আমি কালকেও বলেছি, আমি এখনও বলছি, কমা, বাক্য, সেমিকোলন সহ একই শব্দ বন্ধনীতে ৩৯৬৪ তার সঙ্গে সাপ্লিমেন্টারী নিতে হল, অথচ আমরা চাইছি ৭০০, এর লজিকটা কী ? স্যার, এখানে তো বললাম, ৭০০; এবার দেখুন, বাজেটারি গ্লান্স পেজ ২২, দেখুন, সেখানে বলা হচ্ছে ৪৫৮২; স্যার, আবার কালকে যে বাজেট, কাল নয় পরশু দিন, সেখানে ডিম্যান্ড আল্টিমেটলি প্লেস করা হল, সেখানে বলা হল ৪৬০৩কোটি ৯৫লক্ষ টাকা; ৭০০, ৪৫৮২, ৪৬০৩ we are confused। কোনটা ঠিক ? তিনটে তো একসঙ্গে ঠিক হতে পারে না। আমি মনে করছি, এটা ক্লারিফাইড হওয়া উচিত। আমি একই রকম ভাবে, অনেক ডিপার্টমেন্টের ক্ষেত্রে বলতে পারি, সময়ের অভাবে সব বলব না। স্কুল এডুকেশান, একই রকম ভাবে ডিম্যান্ড নম্বর ১৫। ডিম্যান্ড নম্বর ১৫তে, সাপ্লিমেন্টারীতে গত বছর ২৪৮৩কোটি টাকা এই বছরে বাড়তি চাইলেন, ওভার এ্যান্ড এ্যাবাভ গতবারের বাজেটের প্রস্তাবে ২৭, ৫৪০এর উপরে। দফাওয়ারীতে চলুন, বাড়তি ধরে চলুন, মিটে গেল। তাহলে এবারে সেই বাজেট প্রস্তাব, বাজেট বিবৃতিতে, বক্তৃতায় সেটা নেমে আসলো ৮, ৭৫০তে কেন ? প্রশ্নটা সঙ্গত। আচ্ছা বেশ, এখানে

আপনার ৮, ৭৫৫ লিখিত, একই শব্দ বন্ধনীতে যেখানে গত বারে ছিল ২৭হাজার, সেটা হয়ে গেল ৮হাজার। এবার তার পরে আসুন স্যার, বাজেট এ্যাট এ গ্লান্স, পেজ ২৯, পেজ ২২, পেজ ২৩, ২৯হাজার৬১৫কোটি টাকা, এ বছরও। আবার আপনি কালকে যখন ডিম্যান্ড চাইছেন, তখন আপনি ডিম্যান্ড বলছেন, ৩০হাজার ৪০কোটি টাকা ; আমি আর লক্ষ, হাজারের মধ্যে গেলাম না। ৩০হাজার ৪০কোটি টাকা। কোনটা ঠিক, যেটা বাজেট এ্যাট এ গ্লান্সে বলা আছে ? যেটা কালকে বলা হয়েছে ? যেটা প্লেস করার সময়ে বলা হয়েছে, কোনটা ঠিক ? কোনটাকে আমরা ধরবো ? এই এত অস্বচ্ছতা, এটা কি অফিসাররা করছেন ? এটা কি বুঝে বুঝে করছেন ? এটা কি মুখ্যমন্ত্রীর জ্ঞাতার্থে করছেন? নাকি কোন মাথামুন্ডু থাকছে না ! গোঁজামিল চলছে। স্যার, আর্থিক বিশৃঙ্খলার আগ্রহ থাকবে, অথবা আর্থিক বিশৃঙ্খলার প্রয়োজনে এই রকমের গোঁজামিল দেওয়ার দরকার থাকতে পারে।

আমি আগেও বলেছি statistical jugglery সেটাকে clarify করুন। তিনটে figure নিয়ে একসঙ্গে চলাটা আমার ধারণা সঙ্গত নয় এবং চলাটা আমাদের ঠিক হবে না। স্যার, আমি আর দুটি পয়েন্ট এখানে বলব, আমি আজ বেশি কথার মধ্যে যাব না। growth rate—স্যার growth রেটেও আমি একই জিনিস দেখতে পাচ্ছি। growth rateএ কী দেখছি স্যার—GSDP-র growth rate যেটা আমাদের এক এক জায়গাতে এক একভাবে দেওয়া হচ্ছে। এই বইটার নাম হচ্ছে Medium Term Fiscal Policy Statement and Fiscal Policy Strategic Statement। প্রত্যেক বছর এটা বের হয়। বাজেট প্রকাশনার নম্বর নেই। বাজেটের সঙ্গে দেওয়া হয়। আমাদের ওয়েষ্ট বেঙ্গল ফিনান্সের যে ওয়েবসাইট তাতে এটা উল্লিখিত আছে। আমি সেখান থেকে কালকে crossed check করলাম। তাতে আমরা কি দেখছি স্যার। তাতে আমরা দেখছি, ধরুন, ২০১২-১৩, আমি কোনো chronologyর মধ্যে যাচ্ছি না। chronologyতে ২০১০-১১ এর পরে হঠাৎ জাম্প করে ২০২০-২১এ কেউ কেউ চলে আসছেন। মানে বুঝতে পারছি না। chronology মানে পর পর। ২০১২-১৩-র growth rate কত - MTFPS & FPSS মানে যে বইটা আমি বললাম। ২০১৬-১৭তে বলা হচ্ছে ৮.০৭ শতাংশ। একই বছরের growth rate ২০১৭-১৮র বইতে বলা হচ্ছে ৫.৬১। একই growth rate CSO বলছে ৪.১৭। CSOর ফিগারটা আমি দিচ্ছি from wwwb.rbi.org.in আর বি আই-এর ফিগার। কোনটা ঠিক। আপনি একই রকমভাবে ২০১৩-১৪, ২০১৪-১৫, ২০১৫-১৬, আমি যেকোনো একটা বলছি। ধরি, ২০১৬-১৭, ২০১৭-১৮র ফিগারে দেখানো হচ্ছে, ৯.২৭ growth rate। ১৮-১৯এ একই বইতে দেখানো হচ্ছে ৭.৯৮। সেটা ১৯-২০তে দেখানো হচ্ছে ৭.৯৩। ২০-২১এর বইতে দেখানো হচ্ছে ৭.২। কেন। এখন CSO বোধহয় খুব একটা প্রকাশ করছে না, CSOরটা টের পাচ্ছে না। আমি CSO ছাড়া বাকিটা বললাম। এই growth rateএর এত ভিন্নতা তার কী যুক্তি আছে এটা আমি বুঝতে পাচ্ছি না। এটা কোনোটা provision estimate আছে, কোনোটা revised estimate আছে, কোনোটা quick estimate আছে, কোনোটা advanced estimate আছে, এটা সম্ভাব্য উত্তর হতে পারে জেনেই বলছি এর মধ্যে position of error

থাকে point of percentageএ। এখানে গ্রস অনেক বেশি। কেন—তাহলে কি যা সত্য তাকে গোপন রেখে আমরা এই ধরনের একটা অসত্য ফিগার দিচ্ছি। তার মানে কি আমরা হাউসকে mislead করছি, তার মানে আমরা কি হাউসকে অসত্য তথ্য দিচ্ছি, তাহলে কি এটা Does not be an amount of *** on the legislature? আমার প্রশ্ন খুব নির্দিষ্ট, Is it then not a *** on the legislature? If not. Which one is correct? সব কটা বই অর্থ দপ্তরের, সব কটা বই সরকারের, সব কটা বই সেই সময়কার যখন আমাদের মহামান্য ফিনান্স মিনিস্টার তিনিই ফিনান্স মিনিস্টার, অন্য কেউ নন। স্যার এখানে মাননীয় মন্ত্রী সুব্রতবাবু আছেন, তিনি আমার সিনিয়র, তাঁকে আমি রেসপেক্ট করে বলছি, আমি পাশ করে দেবো, supplimentory, হাত তুলে দেবো, কোনো অসুবিধা নেই। কিন্তু কারেকশানটা তো আমাদের বোঝা উচিত। স্যার, একইরকমভাবে লোন, কালকে কী বলা হয়েছে। ঠিক, হয়তো আমরা অনেকেই অনেক কিছু বুঝি না, কী হতে পারে। কালকে বলা হল, না না, এগুলো সব ভুল কথা, এটাও ভুল, এসব ভুল কথা। আমি বাজেট বই দেখেই কোড করছিলাম। সাড়ে তিন লক্ষ কোটি টাকা লোন শোধ করা হয়েছে পুরোনো সরকারের আমলে, of which ২ লক্ষ হচ্ছে principal, দেড় লক্ষ কোটি হচ্ছে interest। সবাই শুনেছেন, রেকর্ডেড, নতুন কোনো কথা নয়। এ বারে আমি আসছি আপনার বাজেট বই - statement 5 of at a glance, budget at a glance, statement 5, তার আপনি table 8এ যান, তার আপনি ডিটেলসে যান, সেখানে কী বলা হচ্ছে—The capital expenditure on account of public debt যেটা এই লোন শোধ করার জন্য সেই ফিগারটা দেওয়া আছে।

[1:00 – 1:10 p.m.]

এই কটা বছরের ফিগার যোগ করলে ফিগারটা দাঁড়াচ্ছে, ১ লক্ষ ১৯ হাজার ১৩৪ কোটি টাকা। আপনি বলবেন অন্যান্য debt, আগের আমল, অমুক আমল, তমুক আমল লোনের ছাড়া বাকী সব। তাও যদি ধরেন, সেসব কোনো ফিগার যোগ করলে স্যার সাড়ে ৩ লক্ষ আসে না, কোনো ফিগার যদিও বাকী ফিগার আসার কথা নয়। স্টেট গভর্নমেন্টের অন্যান্য কাজের জন্য যে লোন নর্মাল্যি নিতে হয় accrued হয়, সেটা এখানে আসার কথা না। তাহলে ১ লক্ষ ১৯ হাজার যেটা, সেইটা সাড়ে ৩ লক্ষ বলার মধ্যে দিয়ে, বা ১লক্ষ ১৯ না হয়ে, দেড় লক্ষ হতে পারে, ২ লক্ষ হতে পারে, আড়াই লক্ষ হতে পারে, ৩ লক্ষ ৩৩ হতে পারে। Whatever it may be। ৩ লক্ষ ৫০ হাজার ২ লক্ষ প্লাস দেড় লক্ষ, এই কথাটা বলার মধ্যে দিয়ে হাউসকে মিসলিড করা হয়, হাউসকে মিসলিড করা হয়। কেউ না কেউ চান, লেজিসলেচার তার দায়িত্ব না পালন করুক। কেউ না কেউ যদি চায় যে লেজিসলেচার সব জেনে বুঝে চুপটি করে বসে থাকুক, তাহলে সেটা Is it not a *** on the Legislature? আমার মনে হয় এই জায়গা থেকে আমি ক্ল্যারিফিকেশান চাইবো।

*** অধ্যক্ষের আদেশক্রমে বাতিল।

মিঃ স্পিকার : *** শব্দটা যাবে না। আগেও আপনি *** কথাটা বলেছেন - that also will be expunged.

ডঃ সুজন চক্রবর্তী : *** শব্দটা যাবে না, *** পরিবর্তে আমি তঞ্চকতা শব্দটা বলছি, তঞ্চকতা করাটা ঠিক হচ্ছে বলে আমি মনে করি না *** বলছি না। *** আমি উইথড্র করলাম এইটা করা ঠিক হচ্ছে বলে আমার মনে হয় না। যথাযথ ক্ল্যারিফিকেশান স্যার, আপনি নেবেন। আপনি নিলেই আমি খুশি থাকবো। এই বলে আমি সবাইকে ধন্যবাদ জানিয়ে আমার কথা আমি শেষ করছি। নমস্কার।

ডঃ অমিত মিত্র : স্যার, আমি Supplementary Estimates যেটা আমরা পেশ করেছি, আমি I will restrict myself only to the Supplementary Estimates কেননা, অন্য আলোচনা আরও দুটো বিল আছে। সেটা, তখন বিস্তারিতভাবে নিশ্চয় ফাইনান্স বিলের ওপরে আলোচনা হবে। প্রথমে বলতে চাই স্যার, এই Supplementary Estimates - এর দুটো part আছে যেটা হয়তো করে দেওয়া উচিত। একটা হচ্ছে to be voted, যেটা আমি পড়ে দিলাম। on the other is Charged, Charge - এ ভোটিং হয়না। সেহেতু অনেকে হয়তো কনফিউজ্ড হ'য়ে যেতে পারেন যে টোটাল অ্যামাউন্টটা যেটা আছে বইতে আমি যেটা পড়ে দিলাম, সেটা হয়তো এক নয়। তার কারণ স্যার, আমি যেটা আপনার সামনে বলেছি, That is voted amount as per demand, যেটা ২৬ হাজার ২১৩ ইত্যাদি অ্যাপ্রক্সিমেটলি কোটি, that is to be voted, দ্বিতীয় হচ্ছে charged, charged মানে কী স্যার? যেটা ভোটেড হয় না। যেরকম হাইকোর্টের খরচ ইন্টারেস্ট পেমেন্ট, PSC - র খরচ ইত্যাদি। এগুলো আমরা এই হাউসে, মহতী সদনে ভোট করি না। চার্জে কত? চার্জে অ্যাক্সিমেটলি ৬ হাজার ৮২৪ কোটি is under Charged, যেটা আমরা এখানে এই মহতী সদনে ভোট করবো। স্যার, এবারে আমি আসছি, Have to be clarified যাতে আদার কোনো কনফিউশান না হয়। বইটা থেকেই পড়ে বলছি, কেন সাপ্লিমেন্টারী এস্টিমেন্টস, আপনাদের সামনে এই মহতী সদনে স্যার, আপনার মাধ্যমে পেশ করতে হলো। তার কারণ উন্নয়নের যে গতি, বিশাল গতি, সেই গতির ক্ষেত্রে যখন যখন আমরা প্রজেক্ট করছি বাজেটে, উন্নয়নের গতিতে আমাদের আরও খরচ করতে হচ্ছে। এবং সেই খরচটাকে লেজিসলেচার যেটা ডঃ বর্মা বলেছিলেন We have to pass it, তার কারণ এটা খরচ হয়েছে বা এই ৩১ শে মার্চের মধ্যে খরচ হবে। স্যার, আমি উদাহরণ স্বরূপ বলি, State Food Subsidy, খাদ্য সাথী তাতে ৫হাজার ৪৪০ কোটি আমরা এই সাপ্লিমেন্টারী বাজেটে পেশ করেছি। এটা কি খারাপ স্যার? এটা তো মানুষের কাছেই পৌঁছোচ্ছে। মাননীয় মুখ্যমন্ত্রীর চেষ্টায় ২ টাকা কে.জি. চালে যে বিশাল সংখ্যক মানুষ আজকে সাহায্য পাচ্ছে, ভারত, যাকে একটা মডেল বলে ধরে নিচ্ছে, State Food Subsidy, খাদ্য সাথীতে আজকে ৫ হাজার ৪৪০ কোটি টাকা আজকে এই মহতী সদনে পেশ করেছি পাস করার জন্য। Relief on account

*** অধ্যক্ষের আদেশক্রমে বাতিল।

of Natural Calamity, স্যার, বুলবুলে কেন্দ্রীয় সরকার এক পয়সা দিলো না। স্যার, আপনি জানেন, মাননীয় মুখ্যমন্ত্রী সেদিন নিজে বলেছেন।

কিন্তু আমাদের তো মানুষকে সাহায্য করতে হবে, সেহেতু relief on account of natural calamity ১১২৪.১৫ কোটি আমাদের supplementaryতে এনেছি। আশা করি আমাদের সবাই সেটাকে সাপোর্ট করবে। যাদের বুলবুলে সমস্ত ধনদৌলত চলে গেছে, সেটা supplementaryতে আছে। scholarship of minorities এটাও supplementaryতে আছে, ৭০০ কোটি, সেন্টার এক পয়সাও দেয় নি। scholarship of minoritiesএ Government of India দিত ১৫ লক্ষ। আর আমরা আজকে ৪০ লক্ষ on our own, মাইনোরিটিজ স্কলারপিশ বা scholarship to minorities স্টুডেন্সদের দিচ্ছি, যাতে তারা এগিয়ে যেতে পারে। তার জন্য ৭০০ কোটি supplementary দিতে হল। এটা কি কেউ বলবে না, অন্যায় করেছি - আশা করি না। ‘জাগো প্রকল্প’, সেল্ফ হেল্প গ্রুপ, স্বনির্ভর গ্রুপের মধ্যে ১০ লক্ষ SHG group ৫০০০ per year as a revolving fund। এতে সবাই সাপোর্ট করবে, জাগো প্রকল্প তাতে আমাকে ৫৫০০ কোটি সাবমিট করতে হয়েছে। National Oldage Pension and National Family Benefit Scheme - সেই ক্ষেত্রে ৭৮৯.৫২ কোটি আজকে আমাকে supplementaryতে আনতে হয়েছে। স্যার, আপনি জেনে খুশি হবেন, বার্ধক্য ভাতাতে 5.4 লক্ষ এক্সট্রা মানুষ আজকে পাচ্ছে। এই ৫ লক্ষ ৪০ হাজার মানুষ পাচ্ছে, সেইটাই supplementary তে এনেছি স্যার। যে pension for destitute, old people, widows, physically handicapped মানবিক বলে যে project আছে, সেখানে আমোদের এক্সস্ট্রা খরচ করতে হয়েছে। স্যার, রূপশ্রী প্রকল্প, আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী এই প্রজেক্টটা introduce করেন, আমরা এটা এক্সপেক্ট করেছিলাম যে এতজন আসবে। আজ আমরা কি দেখছি, খুব ভাল response। মাননীয় মন্ত্রী আজকে সকালে শুনছিলাম যে, প্রশ্নের উত্তরে ডাঃ শশী পাঁজা তার বিস্তারিত বিবরণ দিয়েছেন, সেই রূপশ্রী প্রকল্পের জন্য আমাকে ১১২কোটি টাকা additional expenditure, আনন্দের সঙ্গে করতে হয়েছে এবং সেই supplementary আপনার সামনে আনতে হয়েছে। এই রকম অনেক detail বলতে পারি, আমার বক্তব্য এইটুকুই স্যার, যে এই প্রসেসটাকে যা এক্সস্ট্রা খরচ হয়েছে, সমস্ত উন্নয়ন প্রকল্পের জন্য হয়েছে, তার কিছু উদাহরণ স্বরূপ আপনাদের কাছে পড়ে দিলাম। Chargeকে আমরা আলাদা রাখছি, এটা আমরা vote করি না, যেটা votable ফান্ড, যেটা এখানে place করেছি ২৬,২১৩ plus আরও কিছু figures ওর সঙ্গে আছে। আমি আশা করব স্যার, আনন্দের সঙ্গে সবার সম্মতি সঙ্গে নিয়ে এই হাউস আনন্দের সঙ্গে supplementary estimate পাশ করবে এবং সরকারকে encourage করবে আরও উন্নয়ন করুন, আরও এগিয়ে যান, তারই একটা উদাহরণস্বরূপ আপনাদের সামনে রাখছি, ধন্যবাদ।

[1:10 – 2:30 p.m. (Including Recess)]

DEMAND No. 5

Mr. Speaker : I now put to vote all the Cut Motions moved on this Demand.

As many as are of that opinion will please say “Ayes”, as many as are of the contrary opinion will please say “No”.

Noes have it, Noes have it.

The Cut Motions are lost.

Mr. Speaker : I now put to vote the motion moved by Dr. Amit Mitra that a sum of ₹ 270, 00, 00, 000 be granted for expenditure under Demand No. 5, Major Head : “2401—Crop Husbandry” during the current financial year.

As many as are of that opinion will please say “Ayes”, as many as are of the contrary opinion will please say “No”.

Ayes have it, Ayes have it.

The Demand is passed, the Demand is passed.

DEMAND No. 6

Mr. Speaker : I now put to vote the motion moved by Dr. Amit Mitra that a sum of ₹ 1, 24, 14, 000 be granted for expenditure under Demand No. 6, Major Head : “2403—Animal Husbandry” during the current financial year.

As many as are of that opinion will please say “Ayes”, as many as are of the contrary opinion will please say “No”.

Ayes have it, Ayes have it.

The Demand is passed, the Demand is passed.

DEMAND No. 7

Mr. Speaker : I now put to vote the motion moved by Dr. Amit Mitra that a sum of ₹ 2, 57, 31, 000 be granted for expenditure under Demand No. 7, Major Head : “4225—Capital Outlay on Welfare of Scheduled Castes, Scheduled Tribes, Other Backward Classes and Minorities” during the current financial year.

As many as are of that opinion will please say "Ayes", as many as are of the contrary opinion will please say "No".

Ayes have it, Ayes have it.

The Demand is passed, the Demand is passed.

DEMAND No. 8

Mr. Speaker : I now put to vote the motion moved by Dr. Amit Mitra that a sum of ₹ 21, 47, 22, 000 be granted for expenditure under Demand No. 8, Major Heads : "2425—Co-operation and 4425—Capital Outlay on Co-operation" during the current financial year.

As many as are of that opinion will please say "Ayes", as many as are of the contrary opinion will please say "No".

Ayes have it, Ayes have it.

The Demand is passed, the Demand is passed.

DEMAND No. 10

Mr. Speaker : I now put to vote the motion moved by Dr. Amit Mitra that a sum of ₹ 29, 34, 71, 000 be granted for expenditure under Demand No. 10, Major Heads : "4059—Capital Outlay on Public Works and 5475—Capital Outlay on Other General Economic Services" during the current financial year.

As many as are of that opinion will please say "Ayes", as many as are of the contrary opinion will please say "No".

Ayes have it, Ayes have it.

The Demand is passed, the Demand is passed.

DEMAND No. 11

Mr. Speaker : I now put to vote the motion moved by Dr. Amit Mitra that a sum of ₹ 8, 05, 000 be granted for expenditure under Demand No. 11, Major Head : "6851—Loans for Village and Small Industries" during the current financial year.

As many as are of that opinion will please say "Ayes", as many as are of the contrary opinion will please say "No".

Ayes have it, Ayes have it.

The Demand is passed, the Demand is passed.

DEMAND No. 14

Mr. Speaker : I now put to vote the motion moved by Dr. Amit Mitra that a sum of ₹ 7, 27, 37, 000 be granted for expenditure under Demand No. 14, Major Head : "2202—General Education" during the current financial year.

As many as are of that opinion will please say "Ayes", as many as are of the contrary opinion will please say "No".

Ayes have it, Ayes have it.

The Demand is passed, the Demand is passed.

DEMAND No. 15

Mr. Speaker : I now put to vote the motion moved by Dr. Amit Mitra that a sum of ₹ 2483, 69, 84, 000 be granted for expenditure under Demand No. 15, Major Head : "2202-General Education" during the current financial year.

As many as are of that opinion will please say "Ayes", as many as are of the contrary opinion will please say "No".

Ayes have it, Ayes have it.

The Demand is passed, the Demand is passed.

DEMAND No. 16.

Mr. Speaker : I now put to vote the motion moved by Dr. Amit Mitra that a sum of ₹ 2, 96, 83, 000 be granted for expenditure under Demand No. 16, Major Heads : "2215—Water Supply and Sanitation and 2251—Secretariat-Social Services" during the current financial year.

As many as are of that opinion will please say "Ayes", as many as are of the contrary opinion will please say "No".

Ayes have it, Ayes have it.

The Demand is passed, the Demand is passed.

DEMAND No. 18

Mr. Speaker : I now put to vote all the Cut Motions moved on this Demand.

As many as are of that opinion will please say "Ayes", as many as are of the contrary opinion will please say "No".

Noes have it, Noes have it.

The Cut Motions are lost.

Mr. Speaker : I now put to vote the motion moved by Dr. Amit Mitra that a sum of ₹ 3036, 97, 42, 000 be granted for expenditure under Demand No. 18, Major Heads : "2014-Administration of Justice, 2030—Stamps and Registration, 2040—Taxes on Sales, Trades etc., 2043—Collection Charges Under State Goods and Services Tax, 2052—Secretariat-General Services, 2058—Stationery and Printing, 2071—Pensions and Other Retirement Benefits, 2075—Miscellaneous General Services, 4059—Capital Outlay on Public Works and 7610—Loans to Government Servants etc." during the current financial year.

As many as are of that opinion will please say "Ayes", as many as are of the contrary opinion will please say "No".

Ayes have it, Ayes have it.

The Demand is passed, the Demand is passed.

DEMAND No. 19

Mr. Speaker : I now put to vote all the Cut Motions moved on this Demand.

As many as are of that opinion will please say "Ayes", as many as are of the contrary opinion will please say "No".

Noes have it, Noes have it.

The Cut Motions are lost.

Mr. Speaker : I now put to vote the motion moved by Dr. Amit Mitra that a sum of 30, 13, 38, 000 be granted for expenditure under Demand No. 19, Major Heads : "2059—Public Works, 2070—Other Administrative Services and 4070—Capital Outlay on Other Administrative Services" during the current financial year.

As many as are of that opinion will please say "Ayes", as many as are of the contrary opinion will please say "No".

Ayes have it, Ayes have it.

The Demand is passed, the Demand is passed.

DEMAND No. 20

Mr. Speaker : I now put to vote the motion moved by Dr. Amit Mitra that a sum of ₹ 1, 39, 05, 000 be granted for expenditure under Demand No. 20, Major Head : "2405—Fisheries" during the current financial year.

As many as are of that opinion will please say "Ayes", as many as are of the contrary opinion will please say "No".

Ayes have it, Ayes have it.

The Demand is passed, the Demand is passed.

DEMAND No. 21

Mr. Speaker : I now put to vote all the Cut Motions moved on this Demand.

As many as are of that opinion will please say "Ayes", as many as are of the contrary opinion will please say "No".

Noes have it, Noes have it.

The Cut Motions are lost.

Mr. Speaker : I now put to vote the motion moved by Dr. Amit Mitra that a sum of ₹ 5449, 90, 93, 000 be granted for expenditure under Demand No. 21, Major Heads : "2052—Secretariat-General Services, 2235—Social Security and Welfare, 2408—Food, Storage and Warehousing and 6408—Loans for Food, Storage and Warehousing" during the current financial year.

As many as are of that opinion will please say "Ayes", as many as are of the contrary opinion will please say "No".

Ayes have it, Ayes have it.

The Demand is passed, the Demand is passed.

DEMAND 22

Mr. Speaker : I now put to vote all the Cut Motions moved on this Demand.

As many as are of that opinion will please say "Ayes", as many as are of the contrary opinion will please say "No".

Noes have it, Noes have it.

The Cut Motions are lost.

Mr. Speaker : I now put to vote the motion moved by Dr. Amit Mitra that a sum of ₹ 4, 23, 57, 000 be granted for expenditure under Demand No. 22, Major Heads : "2401-Crop Husbandry, 2408—Food, Storage and Warehousing, 2551—Hill Areas, 3451—Secretariat-Economic Services and 4860—Capital Outlay on Consumer Industries" during the current financial year.

As many as are of that opinion will please say "Ayes", as many as are of the contrary opinion will please say "No".

Ayes have it, Ayes have it.

The Demand is passed, the Demand is passed.

DEMAND No. 23

Mr. Speaker : I now put to vote all the Cut Motions moved on this Demand.

As many as are of that opinion will please say "Ayes", as many as are of the contrary opinion will please say "No".

Noes have it, Noes have it.

The Cut Motions are lost.

Mr. Speaker : I now put to vote the motion moved by Dr. Amit Mitra that a sum of ₹ 86, 99, 09, 000 be granted for expenditure under Demand No. 23, Major Heads : "2406—Forestry and Wild Life and 4406–Capital Outlay on Forestry and Wild Life" during the current financial year.

As many as are of that opinion will please say "Ayes", as many as are of the contrary opinion will please say "No".

Ayes have it, Ayes have it.

The Demand is passed, the Demand is passed.

DEMAND No. 24

Mr. Speaker : I now put to vote all the Cut Motions moved on this Demand.

As many as are of that opinion will please say "Ayes", as many as are of the contrary opinion will please say "No".

Noes have it, Noes have it.

The Cut Motions are lost.

Mr. Speaker : I now put to vote the motion moved by Dr. Amit Mitra that a sum of ₹ 981, 55, 32, 000 be granted for expenditure under Demand No. 24, Major Heads : "2051—Public Service Commission, 2210—Medical and Public Health, 2211—Family Welfare, 2235—Social Security and Welfare, 2236—Nutrition, 2251—Secretariat-Social Services, 2515—Other Rural Development Programmes, 4210—Capital Outlay on Medical and Public Health and 6210—Loans for Medical and Public Health" during the current financial year.

As many as are of that opinion will please say "Ayes", as many as are of the contrary opinion will please say "No".

Ayes have it, Ayes have it.

The Demand is passed, the Demand is passed.

DEMAND No. 25

Mr. Speaker : I now put to vote the motion moved by Dr. Amit Mitra that a sum of ₹ 2295, 01, 59, 000 be granted for expenditure under Demand No. 25, Major Heads : "2216—Housing, 3054—Roads and Bridges, 4059—Capital Outlay on Public Works, 4235—Capital Outlay on Social Security and Welfare and 5054—Capital Outlay on Roads and Bridges" during the current financial year.

As many as are of that opinion will please say "Ayes", as many as are of the contrary opinion will please say "No".

Ayes have it, Ayes have it.

The Demand is passed, the Demand is passed.

DEMAND No. 30

Mr. Speaker : I now put to vote all the Cut Motions moved on this Demand.

As many as are of that opinion will please say "Ayes", as many as are of the contrary opinion will please say "No".

Noes have it, Noes have it.

The Cut Motions are lost.

Mr. Speaker : I now put to vote the motion moved by Dr. Amit Mitra that a sum of ₹ 28, 08, 33, 000 be granted for expenditure under Demand No. 30, Major Head : "2205-Art and Culture" during the current financial year.

As many as are of that opinion will please say "Ayes", as many as are of the contrary opinion will please say "No".

Ayes have it, Ayes have it.

The Demand is passed, the Demand is passed.

DEMAND No. 31

Mr. Speaker : I now put to vote the motion moved by Dr. Amit Mitra that a sum of ₹ 67, 74, 19, 000 be granted for expenditure under Demand No. 31, Major Head : "2251—Secretariat-Social Services" during the current financial year.

As many as are of that opinion will please say “Ayes”, as many as are of the contrary opinion will please say “No”.

Ayes have it, Ayes have it.

The Demand is passed, the Demand is passed.

DEMAND No. 32

Mr. Speaker : I now put to vote all the Cut Motions moved on this Demand.

As many as are of that opinion will please say “Ayes”, as many as are of the contrary opinion will please say “No”.

Noes have it, Noes have it.

The Cut Motions are lost.

Mr. Speaker : I now put to vote the motion moved by Dr. Amit Mitra that a sum of ₹ 2, 50, 00, 000 be granted for expenditure under Demand No.32, Major Head : “4700—Capital Outlay on Major Irrigation” during the current financial year.

As many as are of that opinion will please say “Ayes”, as many as are of the contrary opinion will please say “No”.

Ayes have it, Ayes have it.

The Demand is passed, the Demand is passed.

DEMAND No. 33

Mr. Speaker : I now put to vote the motion moved by Dr. Amit Mitra that a sum of 48, 76, 95, 000 be granted for expenditure under Demand No. 33, Major Heads : “2052—Secretariat-General Services, 2056—Jails, 2235—Social Security and Welfare, 4059—Capital Outlay on Public Works and 4070—Capital Outlay on Other Administrative Services” during the current financial year.

As many as are of that opinion will please say “Ayes”, as many as are of the contrary opinion will please say “No”.

Ayes have it, Ayes have it.

The Demand is passed, the Demand is passed.

DEMAND No. 34

Mr. Speaker : I now put to vote the motion moved by Dr. Amit Mitra that a sum of ₹ 58, 84, 21, 000 be granted for expenditure under Demand No. 34, Major Heads : "2014-Administration of Justice, 2052—Secretariat-General Services, 2070—Other Administrative Services, 4059—Capital Outlay on Public Works and 4216—Capital Outlay on Housing" during the current financial year.

As many as are of that opinion will please say "Ayes", as many as are of the contrary opinion will please say "No".

Ayes have it, Ayes have it.

The Demand is passed, the Demand is passed.

DEMAND No. 35

Mr. Speaker : I now put to vote the motion moved by Dr. Amit Mitra that a sum of ₹ 16, 62, 83, 000 be granted for expenditure under Demand No. 35, Major Head : "2235—Social Security and Welfare" during the current financial year.

As many as are of that opinion will please say "Ayes", as many as are of the contrary opinion will please say "No".

Ayes have it, Ayes have it.

The Demand is passed, the Demand is passed.

DEMAND No. 37

Mr. Speaker : I now put to vote the motion moved by Dr. Amit Mitra that sum of ₹ 1, 90, 60, 000 be granted for expenditure under Demand No. 37, Major Head : "2052—Secretariat-General Services" during the current financial year.

As many as are of that opinion will please say "Ayes", as many as are of the contrary opinion will please say "No".

Ayes have it, Ayes have it.

The Demand is passed, the Demand is passed.

DEMAND No. 38

Mr. Speaker : I now put to vote the motion moved by Dr. Amit Mitra that a sum of ₹ 1154, 25, 00, 000 be granted for expenditure under Demand No. 38, Major Heads : "2225—Welfare of Scheduled Castes, Scheduled Tribes, Other Backward Classes and Minorities, 4202—Capital Outlay on Education, Sports, Art and Culture, 4225—Capital Outlay on Welfare of Scheduled Castes, Scheduled Tribes, Other Backward Classes and Minorities and 6225—Loans for Welfare of Scheduled Castes, Scheduled Tribes, Other Backward Classes and Minorities" during the current financial year.

As many as are of that opinion will please say "Ayes", as many as are of the contrary opinion will please say "No".

Ayes have it, Ayes have it.

The Demand is passed, the Demand is passed.

DEMAND No. 40

Mr. Speaker : I now put to vote all the Cut Motions moved on this Demand.

As many as are of that opinion will please say "Ayes", as many as are of the contrary opinion will please say "No".

Noes have it, Noes have it.

The Cut Motions are lost.

Mr. Speaker : I now put to vote the motion moved by Dr. Amit Mitra that a sum of ₹ 1282, 19, 36, 000 be granted for expenditure under Demand No. 40, Major Heads : "2235—Social Security and Welfare, 2401—Crop Husbandry, 2501—Special Programmes for Rural Development, 2505—Rural Employment and 2515—Other Rural Development Programmes" during the current financial year.

As many as are of that opinion will please say "Ayes", as many as are of the contrary opinion will please say "No".

Ayes have it, Ayes have it.

The Demand is passed, the Demand is passed.

DEMAND No. 43

Mr. Speaker : I now put to vote the motion moved by Dr. Amit Mitra that a sum of ₹ 991, 39, 38, 000 be granted for expenditure under Demand No. 43, Major Heads : "2045—Other Taxes and Duties on Commodities and Services, 2801—Power and 6801—Loans for Power Projects" during the current financial year.

As many as are of that opinion will please say "Ayes", as many as are of the contrary opinion will please say "No".

Ayes have it, Ayes have it.

The Demand is passed, the Demand is passed.

DEMAND No. 45

Mr. Speaker : I now put to vote the motion moved by Dr. Amit Mitra that a sum of ₹ 127, 58, 27, 000 be granted for expenditure under Demand No. 45, Major Heads : "2215—Water Supply and Sanitation, 2250—Other Social Services and 4215—Capital Outlay on Water Supply and Sanitation" during the current financial year.

As many as are of that opinion will please say "Ayes", as many as are of the contrary opinion will please say "No".

Ayes have it, Ayes have it.

The Demand is passed, the Demand is passed.

DEMAND No. 49

Mr. Speaker : I now put to vote the motion moved by Dr. Amit Mitra that a sum of ₹ 6, 04, 05, 000 be granted for expenditure under Demand No. 49, Major Head : "2251—Secretariat-Social Services" during the current financial year.

As many as are of that opinion will please say "Ayes", as many as are of the contrary opinion will please say "No".

Ayes have it, Ayes have it.

The Demand is passed, the Demand is passed.

DEMAND No. 50

Mr. Speaker : I now put to vote the motion moved by Dr. Amit Mitra that a sum of ₹ 196, 18, 00, 000 be granted for expenditure under Demand No. 50, Major Head : "4575—Capital Outlay on Other Special Areas Programme" during the current financial year.

As many as are of that opinion will please say "Ayes", as many as are of the contrary opinion will please say "No".

Ayes have it, Ayes have it.

The Demand is passed, the Demand is passed.

DEMAND No. 51

Mr. Speaker : I now put to vote the motion moved by Dr. Amit Mitra that a sum of ₹ 2, 22, 23, 000 be granted for expenditure under Demand No. 51, Major Heads : "2203—Technical Education and 2230—Labour and Employment" during the current financial year.

As many as are of that opinion will please say "Ayes", as many as are of the contrary opinion will please say "No".

Ayes have it, Ayes have it.

The Demand is passed, the Demand is passed.

DEMAND No. 52

Mr. Speaker : I now put to vote the motion moved by Dr. Amit Mitra that a sum of ₹ 4, 00, 00, 000 be granted for expenditure under Demand No. 52, Major Head : "7452—Loans for Tourism" during the current financial year.

As many as are of that opinion will please say "Ayes", as many as are of the contrary opinion will please say "No".

Ayes have it, Ayes have it.

The Demand is passed, the Demand is passed.

DEMAND No. 53

Mr. Speaker : I now put to vote the motion moved by Dr. Amit Mitra that a sum of ₹ 1, 09, 64, 000 be granted for expenditure under Demand No. 53, Major

Head : “5053—Capital Outlay on Civil Aviation” during the current financial year.

As many as are of that opinion will please say “Ayes”, as many as are of the contrary opinion will please say “No”.

Ayes have it, Ayes have it.

The Demand is passed, the Demand is passed.

DEMAND No. 55

Mr. Speaker : I now put to vote the motion moved by Dr. Amit Mitra that a sum of ₹ 20, 02, 15, 000 be granted for expenditure under Demand No. 55, Major Head : “2702—Minor Irrigation” during the current financial year.

As many as are of that opinion will please say “Ayes”, as many as are of the contrary opinion will please say “No”.

Ayes have it, Ayes have it.

The Demand is passed, the Demand is passed.

DEMAND No. 59

Mr. Speaker : I now put to vote the motion moved by Dr. Amit Mitra that a sum of ₹ 505, 00, 00, 000 be granted for expenditure under Demand No. 59, Major Head : “2235—Social Security and Welfare” during the current financial year.

As many as are of that opinion will please say “Ayes”, as many as are of the contrary opinion will please say “No”.

Ayes have it, Ayes have it.

The Demand is passed, the Demand is passed.

DEMAND No. 61

Mr. Speaker : I now put to vote the motion moved by Dr. Amit Mitra that a sum of ₹ 70, 95, 000 be granted for expenditure under Demand No. 61, Major Head : “2052—Secretariat-General Services” during the current financial year.

As many as are of that opinion will please say “Ayes”, as many as are of the contrary opinion will please say “No”.

Ayes have it, Ayes have it.

The Demand is passed, the Demand is passed.

DEMAND No. 65

Mr. Speaker : I now put to vote the motion moved by Dr. Amit Mitra that a sum of ₹ 11, 12, 45, 000 be granted for expenditure under Demand No. 65, Major Head : “2225—Welfare of Scheduled Castes, Scheduled Tribes, Other Backward Classes and Minorities” during the current financial year.

As many as are of that opinion will please say “Ayes”, as many as are of the contrary opinion will please say “No”.

Ayes have it, Ayes have it.

The Demand is passed, the Demand is passed.

DEMAND No. 68

Mr. Speaker : I now put to vote the motion moved by Dr. Amit Mitra that that a sum of ₹ 1259, 61, 14, 000 be granted for expenditure under Demand No. 68, Major Heads : “2052—Secretariat-General Services, 2055—Police and 4055—Capital Outlay on Police” during the current financial year.

As many as are of that opinion will please say “Ayes”, as many as are of the contrary opinion will please say “No”.

Ayes have it, Ayes have it.

The Demand is passed, the Demand is passed.

DEMAND No. 70

Mr. Speaker : I now put to vote the motion moved by Dr. Amit Mitra that a sum of ₹ 3, 48, 59, 000 be granted for expenditure under Demand No. 70, Major Heads : “2052—Secretariat-General Services, 2203—Technical Education, 2251—Secretariat-Social Services, 3451—Secretariat Economic Services and 3454—Census, Surveys and Statistics” during the current financial year.

As many as are of that opinion will please say “Ayes”, as many as are of the contrary opinion will please say “No”.

Ayes have it, Ayes have it.

The Demand is passed, the Demand is passed.

DEMAND No. 72

Mr. Speaker : I now put to vote the motion moved by Dr. Amit Mitra that a sum of ₹ 947, 59, 36, 000 be granted for expenditure under Demand No. 72, Major Head : "4217—Capital Outlay on Urban Development" during the current financial year.

As many as are of that opinion will please say "Ayes", as many as are of the contrary opinion will please say "No".

Ayes have it, Ayes have it.

The Demand is passed, the Demand is passed.

DEMAND No. 73

Mr. Speaker : I now put to vote the motion moved by Dr. Amit Mitra that a sum of ₹ 1125, 94, 73, 000 be granted for expenditure under Demand No. 73, Major Heads : "2052—Secretariat-General Services, 2059—Public Works and 2245—Relief on account of Natural Calamities" during the current financial year.

As many as are of that opinion will please say "Ayes", as many as are of the contrary opinion will please say "No".

Ayes have it, Ayes have it.

The Demand is passed, the Demand is passed.

DEMAND No. 74

Mr. Speaker : I now put to vote the motion moved by Dr. Amit Mitra that a sum of ₹ 3628, 68, 70, 000 be granted for expenditure under Demand No. 74, Major Heads : "2235—Social Security and Welfare, 2236—Nutrition and 2251—Secretariat Social Services" during the current financial year.

As many as are of that opinion will please say "Ayes", as many as are of the contrary opinion will please say "No".

Ayes have it, Ayes have it.

The Demand is passed, the Demand is passed.

DEMAND No. 75

Mr. Speaker : I now put to vote the motion moved by Dr. Amit Mitra that a sum of ₹ 16, 74, 11, 000 be granted for expenditure under Demand No. 75, Major Heads : "6860—Loans for Consumer Industries and 7465—Loans for General Financial and Trading Institutions" during the current financial year.

As many as are of that opinion will please say "Ayes", as many as are of the contrary opinion will please say "No".

Ayes have it, Ayes have it.

The Demand is passed, the Demand is passed.

.... (At this stage the House was adjourned till 2.30 p.m) ....

After Recess

[2:30 – 2:40 p.m.]

LEGISLATION

The West Bengal Appropriation (No. 1) Bill, 2020

Dr. Amit Mitra : Mr. Speaker, Sir, I beg to introduce the West Bengal Appropriation (No. 1) Bill, 2020.

Secretary then read the title of the Bill

Dr. Amit Mitra : Mr. Speaker, Sir, I beg to move that the West Bengal Appropriation (No. 1) Bill, 2020 be taken into consideration.

ডঃ সুখবিলাস বর্মা : মাননীয় অধ্যক্ষ মহোদয় Appropriation বিল নম্বর ওয়ানে, যে বিল মাননীয় অর্থ মন্ত্রী এই সভায় পেশ করেছেন তা নিয়ে কয়েকটি কথা বলব। আমরা কয়েকদিন ধরে আলোচনা করলাম। কোথায় কোন দফায় কত টাকা যাবে, কেন যাবে ইত্যাদি নিয়ে। জাস্টিফাইড, আনজাস্টিফাইড নিয়ে কথা বলেছি। আলোচনার পরিপ্রেক্ষিতে মাননীয় অর্থ মন্ত্রী উত্তর দিয়েছেন। কিন্তু উত্তর দিতে গিয়ে তিনি কতগুলি কথা বলেছেন, সেই সম্পর্কে কয়েকটি কথা বলা দরকার। আমি বলেছিলাম যে রাজস্ব খাতে ডেফিছিট ধরা হয়েছে জিরো। আর ডেফিছিট জিরো ধরে আরও ৫ হাজার ১৬৫ কোটি অ্যাডিশানাল প্রোগ্রাম প্রস্তাব করা হয়েছে। বলেছিলাম যেহেতু রাজস্ব খাতের জিরো ডেফিছিট অনেক বেড়ে যেতে পারে। সুতরাং এই টাকাটা কোথা থেকে আসবে ইত্যাদির কথা। উনি আমার কথাটা অন্য ভাবে বললেন। বলতে

গিয়ে বেশ টিপ্পনি কেটে বললেন যে সুখবিলাস বর্মা Ethnomusicologyতে ডক্টরেট করেছেন, সুখবিলাস বর্মা অর্থনীতিতে ডক্টরেট করেন নি। বাজেট বোঝার জন্য অর্থনীতিতে Ph.D করতে হবে এটা আমার জানা ছিল না। নাম্বার ওয়ান আমি স্যার, 'আপনাকে জানাই অর্থনীতিতে ডক্টরেট করি নি কিন্তু তিন বছরের বেশি অধ্যাপনা করেছি এবং সেটা একটি নামী কলেজে—Indian Economic Service-এ আমি ছিলাম। তার চেয়েও বড় কথা I was a Member of the highest Civil Service in the country. Indian Administrative Service যার ট্রেনিং, যার ডিসিপ্লিন, যার অ্যাডমিনিস্ট্রেটিভ ক্যাপাবিলিটি এমন যে তারা যে কোন জায়গায় কাজ করতে পারে। পার্টিকুলারলি আমার ক্ষেত্রে আমি সাড়ে আট বছর এই বাজেট করেছি। কাজেই, সাড়ে আট বছর বাজেট করার পরে আমি রেভিনিউ ডেফিছিট বুঝব না এটা আপনি কি করে বললেন আমি ঠিক বুঝতে পাচ্ছি না। আমি জানি আপনিও বুঝেছেন আমি কি বলতে চেয়েছি কিন্তু আপনার Finance Ministerial Compulsion-এর জন্য আপনি সেটা বুঝতে চান নি।

এবং আপনি সেই পরিপ্রেক্ষিতে আমাকে 15th Finance Commission দেখালেন। 15th Finance Commission আপনি ঠিক ধরেছেন আমি দেখেছি, কিন্তু তার সঙ্গে এটার কোনও সম্পর্ক নেই। 15th Finance Commission-এর একটি কথাও উচ্চারণ করি নি আমি। 15th Finance Commission কি হয়েছে সেটা আমি জানি। শুধু 15th Finance Commission কেন, 14th Finance Commission এ কি হচ্ছে, কত টাকা দিয়েছেন পঞ্চায়েতকে, মিউনিসিপালিটিকে—সেটাও আমি দেখেছি। এমনকি এটাও দেখেছি আমি যে, 3rd State Finance Commission—যেটা ২০০৮ সালে চালু হয়েছিল, তার পরে 4th State Finance Commission চালু করেছেন আপনারা ২০১৯-২০-তে। ১১-১২ বছর পরে—এক যুগ পরেই করেছেন এবং তার ফলে কত টাকা পঞ্চায়েত এবং মিউনিসিপ্যালিটিগুলির মার গিয়েছে তার একটা ছোট্ট হিসাব আমি দিই। পঞ্চায়েত এবং মিউনিসিপ্যালিটিতে 3rd State Finance Commission-এ যেখানে প্রতি বছর রুরালে পেত ৩৯৫, 4th State Finance Commission-এ সেখানে পাচ্ছে ৫৯৫। যেখানে আর্বানে পেত ১৫৪ কোটি, 4th State Finance Commission-এ সেটা ৪০০ কোটি। কাজেই এতো টাকা, এতো দিন ধরে, গত কয়েক বছর ধরে আপনারা তাদেরকে বঞ্চিত করেছেন—পঞ্চায়েতকে, মিউনিসিপালিটিকে এবং শুধু তাই নয়, যে টাকাটা 3rd Finance Commission recommendation দিয়েছিল, সেই recommendation-এর টাকাটাও আপনারা দেন নি। কাজেই ও সবই আমি দেখেছি স্যার কেননা ঐ আমি বললাম যে আই.এ.এস.-এ ট্রেনিংটা এমন, discipline-টা এমন যে আমরা সব দিক দেখি, সব দিকে তাকাই। সব দিকে তাকানোর একটা ক্ষমতা গড়ে ওঠে। কাজেই শুধু economics-এ Ph.D করি নি বলে আমি কিছু বুঝি নি এটা বোধ হয় ঠিক নয়। এটা আমি তাই আপনার কাছে সাবমিশান রাখছি। Economics-এ Ph.D করতে পারলে হয়ত ভাল হত। কিন্তু আমি যে সাবজেক্টে Ph.D করেছি Ethnomusicology, সেটা এই তল্লাটে I was প্রথম এবং সেটাতে আমার উত্তরবঙ্গের আমার রাজবংশী কমিউনিটির, আমার জনগোষ্ঠীতে যারা

আছেন—তাদের সম্পর্কে ডিটেল জানার একটা সুযোগ আমার হয়েছিল। In any case স্যার, আমাকে আবার বাজেটের কথা নিয়ে আসতে হয়। হাউজিংয়ে কেন কম হয়েছে, হাউজিংয়ের টাকা কোথায় গেল এই প্রশ্ন তুলেছিলেন সুজনবাবু। হাউজিংয়ের টাকা গেল কোথায়—সেই নিয়ে উত্তর দিতে চেয়েছিলেন স্নেহাশিষ চক্রবর্তী—আসেন নি। আপনি তাঁকে সাপোর্ট করে বলেছিলেন ঐ টাকাটা চলে গেছে। কোথায় ? না, আর্বানে। স্যার আমি আপনাকে ঐ বই থেকে দেখাতে পারি, হাউজিংয়ে—অর্থাৎ 'গীতাঞ্জলী' হাউজিং স্কিমে ২০১৮-'১৯-এ ছিল রিভাইজড ৯০০, ২০১৯-'২০ তে ছিল বাজেট ৯১০, সেই খাতে এবারে ২০২০-'২১ এ কোন রিভাইজড বাজেট কিছু নেই। গেল কোথায় ? সেটা নাকি চলে গিয়েছে অন্য জায়গায়। 'বাংলার বাড়ি' বলে কোন স্কিমে যায় নি পঞ্চায়েতে, 'বাংলার বাড়ি' বলে আর্বান এবং আর্বান ডেভেলপমেন্ট অফ মিউনিসিপ্যালিটিতে ধরা হয়েছে মাত্র ২ কোটি ২০ লক্ষ। কাজেই এই ভাবে মাছ দিয়ে শাক ঢাকা যায় না বা শাক দিয়ে মাছ ঢাকা যায় না। এটা এই হাউসকে বিভ্রান্ত করার একটা চেষ্টা, আগের বছরও করেছিলেন, এ বছরে আপনি আবার করেছেন। আমি আবার বলছি স্যার, এটার জন্য প্রিভিলেজ মোশান আমাকে আনতেই হবে, কোন উপায় নেই কারণ হাউসকে আপনি এই ভাবে বারবার বিভ্রান্ত করে চলবেন—এটা চলতে পারে না। স্যার, ঐ একই কানেকশানে আপনি 'Scheduled Castes-এর 'বন্ধু প্রকল্প' নিয়ে আমি বলেছিলাম যে, Scheduled Castes- এর 'বন্ধু প্রকল্প'-র জন্য, পেনশানের জন্য যেটা রেখেছেন ২৫০০ কোটি, এই টাকাটা রাখার দরকার হবে না। আপনি বললেন - 'ওটা কি কমিয়ে দেব আমি'?। আমি বলছি না দরকার হবে না। কেন দরকার হবে না ? কারণ হচ্ছে, বিভিন্ন প্রকল্প যা আছে, ওল্ডেজ পেনশানের—যেমন আমি ধরছি 'কৃষক পেনশান'—বন্ধু আশীষ ব্যানার্জী ওটাকে বোধ হয় এবারে ১ লক্ষ করেছেন। সিক্সটি নাইন থাউজ্যান্ড ফোর হানড্রেড ফরটি ছিল, এটা হল ২০১৭-'১৮-তে। সেটা এখন এক লক্ষ হয়েছে।

[2:40 – 2:50 p.m.]

তার পরে আছে ওল্ড এজ পেনশান, তার পরে আছে উইডো পেনশান, তার পর আছে handicapped পেনশান, আছে মানবিক পেনশান। এতগুলো পেনশানের মধ্যে আমি অবশ্যই ধরে নেব যে অনেক সিডুল্ড কাস্ট আছে। আপনি কি বাদ দিয়ে হিসেব করেছেন। নিশ্চয়ই করেন নি। কাজেই সিডুল্ড কাস্টের একটা বড় অংশ কিন্তু অলরেডি এই পেনশানগুলোতে covered আছে। আর যেহেতু এগুলো covered আছে সেই জন্য there is every possibility that this amount which you have provided will not be needed. এই কথাটাই আমি বলেছিলাম। এই যে ওল্ড এজ পেনশান, handicapped পেনশান ইত্যাদি ইত্যাদির জন্য গভর্নমেন্ট অব ইন্ডিয়ার কাছ থেকে আপনি যে অঙ্কটা ধরেছেন, সেন্ট্রাল অ্যাসিসটেন্স হিসেবে যেটা পাবেন ৬৭৩ কোটি, not a matter of joke। এখানে একটা বড় জিনিস আপনার কনসিডারেশনের জন্য রাখছি, সোসাল ওয়েলফেয়ার মিনিস্টার নেই, তাঁর কনসিডারেশনের জন্য রাখছি সেটা হচ্ছে এই পেনশানগুলোর রেট বিভিন্ন। ওল্ড এজ পেনশানে ৪০০ টাকা আছে, ৬০০ টাকা আছে, আবার ৮০ বছর হয়ে গেলে ১ হাজার টাকা আছে। ঠিক একই ভাবে উইডো পেনশানেরও বিভিন্ন

স্কেল আছে। আজকেই মাননীয়া মন্ত্রী শশী পাঁজা বলছিলেন যে মানবিক পেনশান হওয়ার ফলে ওয়েলফেয়ারের পেনশানে একটা সমস্যা হয়ে গিয়েছে। কোথাও পেনশানের রেটটা কম, কোথাও পেনশানের রেটটা বেশি। কাজেই ১ হাজার টাকা সিডুল্ড কাস্টের লোকেদের জন্য যে provision আপনি রাখছেন, যারা কাভার্ড হয়ে আছেন তারা কেউ পাচ্ছেন ৪০০ টাকা, কেউ পাচ্ছেন ৬০০ টাকা, কেউ পাচ্ছেন ১ হাজার টাকা। সেখানে rationalisation করতে হবে, এটা আমি আপনার কাছে অনুরোধ রাখছি। কন্ডিশান কি? কন্ডিশান হচ্ছে অন্য কোনো জায়গা থেকে যারা পেনশান পান না তাদেরকে এইটা দেওয়া হবে। যারা ৪০০ টাকা পেনশান পাচ্ছেন, ৬০০ টাকা পেনশান পাচ্ছেন তাদের ক্ষেত্রে অবশ্যই এই ব্যাপারগুলোকেও আনতে হবে, সবগুলোকে এক হাজার টাকা করার জন্য আপনার কাছে অনুরোধ করছি, যাতে কোনোরকম সমস্যা না হয়। কাজেই ওখানে যারা ১ হাজার টাকা পাচ্ছেন তাদেরকে এখানে আর দিতে হবে না। এবং আমি যে কথাটা বলছি তাহলে সেটাই সত্যিতে পরিণত হবে যে আপনার এত টাকা লাগবে না। স্যার, আমি আগে যা বলছিলাম ফোর্থ স্টেট ফিনান্স কমিশন, সেই ফোর্থ স্টেট ফিনান্স কমিশনে টাকা আপনারা প্রভাইড করে রেখেছেন। পঞ্চায়েতি রাজের যে মূল নীতি, সেই নীতি কি? কি করেছিলেন রাজীব গান্ধীজি? কি করেছিলেন নরসীমা রাওজি? বলেছিলেন এদের সেল্ফ গভর্নিং অথরিটি করতে হবে। এই সেল্ফ গভর্নিং অথরিটি করার জন্যই ৭৩ তম অ্যামেন্ডমেন্ট হয়েছিল, ৭৪ তম অ্যামেন্টমেন্ট হয়েছিল। তার আগে কি মিউনিসিপ্যালিটি ছিলনা? ছিল। বহু জায়গায় ১০০ বছরের ওপরে মিউনিসিপ্যালিটি রয়েছে। ৭৪ তম অ্যামেন্ডমেন্টে এসে পার্থক্যটা কি হল? পার্থক্যটা হল যে মিউনিসিপ্যালিটির status যেটা, এদের যে জায়গাটা সেটা কনস্টিটিউশানের মধ্যে নিয়ে আসা হল। একই ভাবে পঞ্চায়েতি রাজও ছিল। আমি দেখেছি আমাদের গ্রামে পঞ্চায়েত ছিল, কিন্তু নড়বড়ে পঞ্চায়েত ছিল। ইন ফ্যাক্ট ১৯৭৭, ১৯৭৮-এ যখন বামফ্রন্ট সরকার পশ্চিমবঙ্গে পঞ্চায়েতি রাজ নিয়ে এল তখন তো এই ব্যবস্থাটাই হল যে, নড়বড়ে পঞ্চায়েতকে একটা খাঁটি, ভালো ইনস্টিটিউশানে পরিণত করলেন। সেই ভালো ইনস্টিটিউশানে পরিণত করার একটাই লক্ষ্য ছিল যে দে আর সেল্ফ-গভর্নিং অথরিটি। আপনারা কি করলেন? সেই পঞ্চায়েতের উপর মেন্টর বসিয়ে দিলেন। এবং এই মেন্টর বসানোর জন্য, পঞ্চায়েত থেকে সমস্ত ক্ষমতা কেড়ে নিয়ে দিলেন বি.ডি.ও.-কে, এস.ডি.ও.-কে, ডি.এম.-কে। এইসব করার জন্য টাকা পয়সা ঠিকমতো খরচ হচ্ছে না।

এক, আমরা প্রথম আছি। আমরা কিসে প্রথম ? আমরা একশো দিনের কাজে প্রথম। কিন্তু কিভাবে হচ্ছে একবার খোঁজ নিয়েছেন স্যার। গ্রামে গিয়ে দেখুন কত মেশিন লাগানো হচ্ছে সেই সব কাজের জন্য। আমরা সব জায়গায় প্রথম। আমরা কিসে প্রথমে আছি? ই-গভর্নেন্সে প্রথম। আমরা ই-টেন্ডারে প্রথম। আমরা ই-টেন্ডারে প্রথম বলেই স্যার, আমাদের ব্রীজ ধপধপ করে ভেঙ্গে পড়ে। আমাদের রাস্তা যখন তখন ভেঙ্গে যায়। এমনকি ওয়াটার ট্যাঙ্ক ভেঙ্গে পড়ে। আজকে কাগজে দেখলাম যে এই ওয়াটার ট্যাঙ্কের যে কনট্রাক্টর, যার ওয়াটার ট্যাংক ভেঙ্গে পড়েছে সেই কনট্রাক্টরকে ডি.টি.সি.—ডিপার্টমেন্টাল টেন্ডার কমিটি আরও ১২কোটি টাকার

টেন্ডার দেওয়ার জন্য রেকমেন্ড করেছে স্যার। এটা কি ? ডি.টি.সি. করছে, আর এদিকে বলবেন ই-টেন্ডার, ব্যাপারটা কি? ই এর মানে কি? ই-টেন্ডারের প্রথম হিসেবটা আমি দেখেছিলাম উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদে। এখানে আমি বারবার বক্তব্য রেখেছিলাম তখন গৌতম দেব সাহেব মিনিস্টার ছিলেন উত্তরবঙ্গ উন্নয়ন। প্রথম দিকে। কি হচ্ছে না হচ্ছে, কোথায় কি হচ্ছে না হচ্ছে একই লোক বারবার বারবার টেন্ডার পাচ্ছে। ই টেন্ডার। সব জায়গায় নাকি ই-টেন্ডার। আসলে চাবিটা খুলে নিয়ে তার পরে ই-টেন্ডার করেন। স্যার, এইসব সত্বেও আমাদের অ্যাপ্রুভ করতেই হবে। কোন উপায় নেই। খরচ চলবেই। আমি শুধু বলব যে সব জায়গায় ফাষ্ট্র বা হওয়ার চেষ্টা না করে প্রকৃত অ্যাডমিনিস্ট্রেশনটা আপনারা দিন। ই-টেন্ডারে ফাষ্ট্র, স্কিল ডেভলপমেন্টে ফাষ্ট। হাসি পায়, আমরা স্কুলি ডেভলপমেন্টে ফাষ্ট। কিসের স্কিল ? স্কিল ইন দি অ্যাকাউন্টস, স্কিল ইন ফর্জিং দি ফিগার ? কিসের জন্য ? একেবারে ই-অ্যাডমিনিস্ট্রেশন, আমরা সব কিছুতে প্রথম, সব কিছুতে প্রথম। কিন্তু প্রকৃত সার্ভিসটা কি পাচ্ছি সেটা দেখা উচিত এবং আমি যে কথাগুলো বললাম প্রত্যেক ক্ষেত্রে প্রকৃত সার্ভিসটা দেওয়ার চেষ্টা করুন। এই অনুরোধ রেখে শেষ করছি।

শ্রী জ্যোতির্ময় কর : মিঃ স্পিকার স্যার, দি ওয়েস্ট বেঙ্গল অ্যাপ্রোপ্রিয়েশান নাম্বার (ওয়ান) বিল, ২০২০ সমর্থনে বলি। আসলে আপনি বাজেটে ঝড় তুলেছেন কিন্তু সেদিন ভাসিয়ে নিয়ে যান নি। ডঃ চক্রবর্তী ঢেউ তুলেছেন কাঁপিয়েছে কিন্তু উড়িয়ে নিয়ে যায় নি। দুটোই পাশ হয়ে গেছে। তো দুটো যদি পাশ হয় তাহলে তার অপরিহার্য্য হল যে টাকা দিতে হবে, টাকা বরাদ্দ করতে হবে। ব্যয়বরাদ্দ আপনি যখন পাশ করলেন, পাশ যখন হল তার অপরিহার্য্য হল তাঁকে দিতে হবে। অতএব, সেখানে এত কথা বলার, এত ম্যাথমেটিক্স-এ আমাদের মাথা ঘুরিয়ে দিয়েছে অশোক বাবু। তবে আপনি বিজ্ঞ লোক, পণ্ডিত লোক, ম্যাথমেটিক্স ভাল বলেছেন, আমরা শুনলাম। কি জানেন, আমরা সাধারণ লোক। সাইকেল সাথী নিয়ে গেছে আপনার নাতনীরা। তাদের সেই ঐশ্বরিক, নির্মল হাসি দেখি আমরা। আপনার মত আমরা সাইকেলের ব্রেক খুঁজি না। সাইকেলের রেলিং খুঁজি না। সাইকেলের স্পোক খুঁজি না মোটা কি শক্ত কি নরম। অ্যাকচুয়াল্যি একটা বাজেটের আউটপুট দেখতে হয়। একটা অভিমুখ দেখতে হয়। এই যে অ্যাপ্রোপ্রিয়েশান বিল এসেছে, অর্থ মন্ত্রী সাপ্লিমেন্টারিতে বলেছেন, এত তো অঙ্কে যাওয়া সম্ভব নয়। গতিটা দেখা যাক। এই যে সামাজিক সুরক্ষা যোজনা, অশোক বাবুরা মন্ত্রিত্ব চালিয়েছেন, যে ডেসপ্যারিটি ছিল, যে বৈষম্য ছিল, একটা হোয়াইট কালার এমপ্লয়ী তার সঙ্গে একটা আনঅর্গানাইজ্ড এমপ্লয়ী যে হীনমন্যতায় ভুগছে, তুমি বেতন নাও। আমি পাই না। তোমার পি.এফ. অ্যাসিওর্ড, আমারটা নয়। মানস বাবু এইসব জায়গায় কাজ করেছেন, তোমার ট্রিপ্‌ল্ বেনিফিট আছে আমার বেনিফিট নেই। তোমার মেডিকেল আছে, আমার মেডিকেল নেই।

[2:50 – 3:00 p.m.]

তোমার ছেলেমেয়েদের লেখাপড়ার এডুকেশন আছে, টাকা আছে, আমার নেই, এই 'না'-এর দিকে চলে যাচ্ছিল, অর্থাৎ যেগুলি either latent exposed or unexposed আমাদের

আই.এ.এস. সাহেবের ভাষায়, সেই সমস্ত জিনিসগুলিকে মেটানোই ছিল প্রধান সামাজিক দায়িত্ব। বাজেটে ওটাই দেখতে হচ্ছে। এই যে হেল অ্যান্ড হেভেন ডিফারেন্স, একটা কৃষি মালিক, আর একটা কৃষি শ্রমিক—একজন ১০ বিঘা জমির মালিক এটা বামফ্রন্ট শুরু করেছিলেন। একটা বাউন্ডারী লাইনের লোক জমিহীন, ভূমিহীন মানুষ এই যে বৈষম্য, এই বৈষম্যটা আমাদের সমাজকে বিভক্ত করে দিচ্ছিল। যারা downtrodden people তারা আস্থা হারিয়ে ফেলছিল, যারা পিছিয়ে পড়া মানুষ এবং আমি আগেও বলেছি এবং আমি খুব ভেবেছি যে আমরা কি সত্যি সেকটারিয়ান বাজেট করছি, এটা কি ইনসিস্ট করছি, না কনসলিডেট করছি। আরও বন্ধনটাকে আমরা জড়ো করছি। আমি কখনই কোনভাবেই বলি নি যে বামফ্রন্ট সাম্প্রদায়িক ঐক্যের পক্ষে ছিল না। ভেরি মাচ ছিল। তার মানে এই নয় যে সেখানেই শেষ। একটা সমাজ প্রবাহমান থাকে। নতুন নতুন ইস্যু ওঠে। ৩৭০ ইস্যু এল। অযোধ্যা ইস্যু এল। সি.এ.এ. ইস্যু এল। ইস্যু নতুন করে ক্রিয়েট হয় যেটা সাম্প্রদায়িক বিভাজনকে ত্বরান্বিত করে। সুতরাং এটা একটা complete nurture, কালচার এবং তাকে মেনটেন করার দিক। সেটা একটা সরকার করতে পারছে কিনা, সেটাই আমাদের লক্ষ্য। আপনি জানেন এই যে মেনটর কথাটা বললেন, এই মেনটর মুখ্যমন্ত্রী করেন নি। On the recommendation of the A.G. হয়েছে। যেমন, কতগুলি ডিপার্টমেন্ট হয়েছে। যেমন, আপনি অ্যাসেম্বলীতে দেখবেন পাব্লিক অ্যাকাউন্টস কমিটি যেটা ছিল, মিঃ বর্মা যার চেয়ারম্যান, এখন হয়ে গেল লোকাল ফান্ড কমিটি। লোকাল ফান্ড কমিটি কিন্তু স্পিকার সাহেব করেন নি, on the recommendation of the A.G. হয়েছে। তেমনি মেনটরের ব্যাপারে বলি তন্ময় বাবু আপনার মনে আছে, আপনারা যখন প্রথমে পঞ্চায়েতে আসেন, বললেন ন্যাচারালি চুরি আর ভুল এক জিনিস নয়। এই যে হিসাবের গরমিল দেখছ, এটা চুরি নয়, এই হিসাব আমাদের ছেলেরা জানে না, তাদের অ্যাকাউন্টিং বুঝতে হবে। মনে আছে আপনার? নতুন এসেছে বুঝতে হবে। ঠিক তেমনি আমাদের লোকরাও এসেছে। নতুন আইন আসছে। গ্রামের লোকরা কেউ বোঝে না। সেই জন্য এ.জি. বলেছিলেন যে একটা মেনটর দাও, যে মনিটরিং করতে পারবে। It is not the sweet dream of Smt. Mamata Banerjee এটা আপনি জানুন। আর আপনি ব্রীজের প্রশ্নটা তুললেন। এটা তো অতীত হয়ে গেছে। আজকেই তো রেল ব্রীজ ভেঙ্গেছে। আপনাদের সদস্য বলছেন পাপ। আপনাদের এম.এল.এ. বলছেন অ্যাকসিডেন্ট। মনোজবাবুর মন্ত্রী বলছেন ভেবে দেখতে হবে। সুতরাং রাজনীতি করা চলবে না। শুনুন কনসলিডেটেড ফান্ড আমরা যেটা করেছি। অ্যাপ্রোপ্রিয়েশন বিলে, আপনাকে দেখতে হত বাজেটের বাইরে টাকা আছে কিনা। আপনাকে দেখতে হত আপনি যেটা অ্যাপ্রুভ করেছেন, তার বাইরে টাকা আছে কিনা। আপনাকে দেখতে হত যে, যে জন্য টাকাটা ব্যয়িত হচ্ছে তার পার্পাসটা vitiate করছে কিনা। আপনাকে দেখতে হত, বলতে হত যে তুমি নিয়েছ ঋণ, খাচ্ছ ঘি। তুমি ঘি না খেয়ে বিল্ডিং করেছ কিনা, রাস্তা করেছ কিনা, স্কুল করেছ কিনা, কলেজ করেছ কিনা, কমিউনিটি ডেভলপ করেছ কিনা। এই ধরনের যেটা ভিজিবল্, যেটাকে দেখা যায়, বোঝা যায়, আলোচনা করা যায়। পরেশদা আস্তে আস্তে বলছিলেন যে, ইহা একটি অদৃশ্যমান, তুমি যা করেছ

ব্রাহ্মণ লোক তুমি, যেমন আমরা সব বিষ্ণু বিষ্ণু বলে শুদ্ধ করে দিই, তেমনি অ্যাপ্রোপ্রিয়েশনটা হচ্ছে শুদ্ধিকরণ। যা হচ্ছে হচ্ছে, খরচা হয়েছে, খরচা হবে, দিয়ে দাও এবারে কনসলিডেটেড ফান্ড থেকে, দফাওয়ারী ৭৫ ডিম্যান্ডে দিয়ে দাও। সুতরাং এখানে কোন বিতর্কের ব্যাপার নেই। বরং আসুন অ্যাটিটিউড নিয়ে আলোচনা করি। দেখুন আমাদের সমাজ কি চাইছে। আপনি যে পয়েন্টটা বলেছেন এটা ভালো পয়েন্ট—যে, তুমি ৬০০ পেয়েছ, ১০০০পাবে,—ডিসপ্যারিটি আবার আসবে। কিন্তু এতো যন্ত্র নয়। সেই ডিসপ্যারিটিটাকে আবার কারেক্ট করতে হবে। তাকে অ্যামেন্ড করতে হবে। সুতরাং এখানে অর্থ মন্ত্রী আছেন, এটা অভিনব কিছু নয়, অভিজ্ঞতা থেকে হয়। সুতরাং আমাদের আজকে একটাই কাজ হচ্ছে এই অ্যাপ্রোপ্রিয়েশান বিলকে আমরা যদি সবাই সমর্থন করে অ্যাপ্রুভ করে দিই এবং সরকারের অভিমুখকে নির্ধারিত করে দিই যে, না শিশু সুরক্ষা দরকার, সামাজিক কল্যাণ দরকার।

মানবিক দৃষ্টিভঙ্গি দরকার, এম.এল.এ. ল্যাড্ বাড়ানো দরকার। মাননীয় ডেপুটি স্পিকার স্যার, সেজন্যই বলছি, এই বাজেটকে গণিতের দৃষ্টিভঙ্গি দিয়ে না দেখে আমাদের অর্থনীতির দৃষ্টিভঙ্গি না নিয়ে দারিদ্রের দৃষ্টিভঙ্গি নিয়ে দেখুন, সামাজিক বৈষম্যকরণের দূরীকরণের ব্যাপারে দেখুন, ছাত্র, যুব, নারী শক্তিকে পুনরুজ্জীবনের প্রশ্নে দেখুন, সামাজিক সুরক্ষার প্রশ্নে দেখুন, সাম্প্রদায়িক সম্প্রীতির প্রশ্নে দেখুন। সর্বোপরি বিভেদ, বিচ্ছেদ, ধর্মান্ধতার বিরুদ্ধে দেখুন। সুতরাং মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমি এই অ্যাপ্রোপ্রিয়েশান বিলকে এবং আমি দেখেছি, যা এই অ্যাসেম্বলি পাস্ করেছে, তার অতিরিক্ত একটা farthing নেই। আমি দেখেছি, যে উদ্দেশ্যে এই টাকা ডেপ্রয় করছে, তা সম্পূর্ণ বিজ্ঞানভিত্তিক, রাজ্যের প্রয়োজনে, আমাদের জনগনের প্রয়োজনে। আমি দেখেছি স্যার, সামাজিক সুরক্ষা, সম্প্রীতি সব কিছুকে মাথায় রেখে এই বিল করা হচ্ছে। তাই একে আমি সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ স্যার।

শ্রী নির্মল ঘোষ : মাননীয় ডেপুটি স্পিকার স্যার, ওয়েষ্ট বেঙ্গল অ্যাপ্রোপ্রিয়েশান (নাম্বার-১) বিল, ২০২০ — স্যার, সুখবিলাসবাবু এবং আমার সতীর্থ জ্যোতির্ময় কর এটাকে বলেছেন। আমি শুধু এটুকু বলতে চাই, যে টাকাটা আজকে এখানে অ্যাপ্রোপ্রিয়েশান চেয়েছেন মাননীয় অর্থ মন্ত্রী, সেটা উইদিন দি কনসোলিটেড্ ফান্ড, যার থেকে এই টাকাটা উনি খরচা করবেন, সেই আলোচনা কমপ্লিট হয়েছে। তারই অ্যাপ্রোপ্রিয়েশান, হাউস থেকে চাইছেন—৩৩ হাজার ৩৭ কোটি ৩৩ লক্ষ ৪৯ হাজার ওনলি টুওয়ার্ডস ডিফ্রাইং সেভারেল চার্জেস। স্যার, এটাকে অ্যাপ্রোপ্রিয়েশান দিতে গিয়ে আমাদের এই পবিত্র বিধানসভার প্রতি একটা কনষ্টিটিউশনাল বাধ্য-বাধকতা থেকে যায়। সেই কনষ্টিটিউশনাল বাধ্য-বাধকতা হচ্ছে যে, খরচের জন্য যে আলোচনা, সেই আলোচনা যদি হাউসে হয়ে যায়, সেটা বর্ধিত খরচ হ'তে পারে, বিভিন্ন দপ্তরের কম-বেশি খরচা হ'তে পারে, কিন্তু সেই খরচ যদি উইদিন—যে খরচ আমাদের বাজেটে ধরা হয়েছে—দ্য কনসোলিটেড্ চার্জ্ড অ্যামাউন্ট, যেটা ধরা হয়েছে, তার ভেতরে থাকে, সাধারণতঃ হাউস একে মান্যতা দিয়ে থাকে, খরচের অনুমতি দিয়ে থাকে।

[3:00 – 3:10 p.m.]

স্যার, এই খরচের অনুমতি চেয়ে সঙ্গে দু-তিনটি কথা উনি বলেছেন। একটি হচ্ছে স্যার, supplementary or additional grants so made by the assembly। স্যার, এটা নিয়ে আলোচনা হয়েছে এবং সেটা গৃহীত হয়েছে। Supplementary or additional expenditure, charged on consolidated fund of West Bengal not exceeding any case যেটা আমাদের charged on consolidated amount-এর মধ্যে ছিল তা কখনও বেড়িয়ে যাবে না। The amount shown in the statement previously laid down before the House. স্যার, আমি কনস্টিটিউশান, বাধ্যবাধকতাও বলেছি, স্যার, এই অ্যাপ্রোপ্রিয়েশান দিতে গিয়ে আমরা যদি দেখি এই হাউসে দীর্ঘ আলোচনা হয়েছে, খাদ্য এবং খাদ্যসুরক্ষা নিয়ে আমাদের রাজ্য যেটা অর্থ মন্ত্রী বলেছেন যে তাঁকে এই ট্র্যাডিশনাল খরচ করতে হচ্ছে মান্যবর মুখ্যমন্ত্রী তিনি বলেছেন আমাদের রাজ্যে যত মানুষ আছেন প্রায় সকলের কাছেই আমার খাদ্যসাথী পৌঁছে দিতে হবে। খাদ্য মানুষকে বাঁচিয়ে রাখবে, মানুষ যদি বাঁচতে না পারে তাহলে ঘর দিয়ে কি হবে, শিক্ষা দিয়ে কি হবে, রাস্তা কি হবে ? তাই মানুষকে বাঁচিয়ে রাখার আমাদের সরকারের যে প্রোগ্রেসিভ, যে আধুনিকতা, সেই আধুনিকতার মধ্যে এই রাজ্যকে নিয়ে যাবে, একটা শক্তিশালী রাজ্য হিসাবে নিয়ে যাবে, সেটা এর মধ্যে রয়েছে। স্যার, খাদ্য যদি আমরা উৎপাদন না করতে পারি এবং গ্রামে যদি ডেভলপমেন্ট না করতে পারি — সেই উন্নয়ন দিয়ে গ্রামের ৭০% মানুষকে আমরা এই উন্নয়নের মধ্যে আনতে পারবো না। সবচেয়ে বেশী জোর দেওয়া হয়েছে খাদ্যের পরেই এগ্রিকালচার এবং রুরাল ডেভলপমেন্টে। স্যার, এডুকেশানে অনেক আলোচনা এখানে হয়েছে। কিন্তু ২০১১-১২ থেকে আজ পর্যন্ত কি স্কুল শিক্ষা, কি প্রাইমারি শিক্ষা, কলেজ শিক্ষা এবং বিশ্ববিদ্যালয়, এই বিশ্ববিদ্যালয়গুলো, কলেজগুলোকে নতুন করে তৈরী করা এবং পুরনোগুলোকে রিমডেল করা এবং তাকে আধুনিকতার পথে নিয়ে যাওয়া এতে যে খরচ হবে এবং সেই খরচের তারতম্য কতটা তা এখানকার বইতে প্রতি ছত্রে ছত্রে তিনি লিখেছেন। স্যার, স্বাস্থ্য এর পরেই আসছে। স্বাস্থ্য ক্ষেত্রে কি অভূতপূর্ব পরিবর্তন এই পশ্চিম বাংলায় হয়েছে। আপনি দেখুন সরকারী যে কোন হাসপাতালে ফ্রী ট্রিটমেন্ট, আজকে ক্রিটিক্যাল ডিজিজে ফ্রি ট্রিটমেন্ট। ক্রিটিক্যাল ডিজিজ বলতে সমস্ত রকম যেগুলো মানুষকে মৃত্যুর মুখে ঠেলে দেয়, সেই ক্রিটিক্যাল ডিজিজগুলোকে আজকে এই সরকার বিনা পয়সায় চিকিৎসা ব্যবস্থা করেছেন। স্যার, মেডিকেল কলেজ থেকে একেবারে রুরাল পর্যন্ত যে সীট সংখ্যা, যে ভাবে ডাক্তার বেড়েছে, যে ভাবে ইনফ্রাস্ট্রাকচার ক্রিয়েট করা হয়েছে স্বাভাবিকভাবেই এই বাজেটের অভিমুখ বাংলাকে আরও শক্তিশালী করা, বাংলাকে উন্নয়নের পথে নিয়ে যাওয়া। স্যার, ইরিগেশান, আমরা যদি খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হতে চাই তাহলে ইরিগেশানের উন্নতি করতে হয়। ওখানে amount of strength তার সঙ্গে পরিশুদ্ধ পানীয় জল গ্রাম থেকে শহরে। এর পরে সোসাল সেক্টর, যেটা নিয়ে অনেক আলোচনা হয়েছে।

এর পর সোসাল সেক্টর যেটা নিয়ে অনেক আলোচনা হয়েছে। Social sector, সোসাল সার্ভিসের ক্ষেত্রে বলবো এই রাজ্যে পিছিয়ে-পড়া জনজাতি SC, ST, OBC এদের কাছে

পৌঁছে যাওয়া, যারা বৃদ্ধ, যারা উইডো, যারা অক্ষম, যারা physically challenged তাদের কাছে পৌঁছতে গেলে এই মানবিক সরকার তার সাধ্যমতো এই বেনিফিট ঘোষণা করেছে। এই সবগুলো নিয়েই এই অ্যাপ্রোপ্রিয়েশানে আমাদের বক্তব্য যেটা খরচ হয়েছে এবং যেটা খরচ হবে এই ৩১শে মার্চ ২০২০-র মধ্যে এই টাকাটা আমাদের অ্যাপ্রোপ্রিয়েশান দিতে হবে। স্যার, within short word আমি বলতে চাই যে, এই খরচ তার অনেক কথা থাকতে পারে, বিরোধীদের অনেক কথাই থাকতে পারে। সুখবিলাস বাবু এই অ্যাপ্রোপ্রিয়েশানে বলতে এসে তিনি এই অ্যাপ্রোপ্রিয়েশানের বাইরে যে আলোচনা করেছেন He has never come and pressed on the appropriation। আমি স্যার, বলতে চাই এই অ্যাপ্রোপ্রিয়েশান বিলে রাজ্যের গতি, উন্নয়নের গতি এই যে ৩১শে মার্চ পর্যন্ত চেয়েছি, তার পরে যেটা আমাদের ২০-২১-এর বাজেট সেটাতে আপনারা অস্বীকার করেন নি যে, এই বাজেট জনমুখী এবং বাংলার প্রায় ১০ কোটির বেশী মানুষকে আশ্বস্ত করেছে।

আমি তাই বলতে চাই স্যার, আমার আর বেশি সময় নেইও আর নিতেও চাই না এই Appropriationকে আমরা সবাই মিলে মঞ্জুরি দিতে চাই, আমরা সমর্থন করছি। আমি আশা করি এই সমর্থন নিয়ে তাদের হাতে যে কাজগুলো রয়েছে, যে কাজগুলো ৩১শে মার্চের মধ্যে করতে হবে, payment দিতে হবে এবং সেগুলো তারা যথাযথ করবে। With this words স্যার, আমি এই Appropriation (No.1) Bill, 2020-কে সমর্থন করে আমার কথা এখানেই শেষ করছি। ধন্যবাদ ডেপুটি স্পিকার স্যার।

শ্রী অশোক ভট্টাচার্য : মাননীয় ডেপুটি স্পিকার স্যার, Appropriation Bill-এর কথা বলতে গেলে এটা বলতে হয় যে, Appropriation Bill-এর তো কখনও বিরোধিতা হয় না, Appropriation Bill কখনও সংশোধিত হয় না। Appropriation Bill-টা একটা রীতি। এটা উপস্থাপন করা হয়েছে। এটা আমরা সবাই জানি যে আমাদের সরকারি যে অর্থ সেটা তিনটে fund-এ থাকে। একটা Consolidated fund, একটা Contingency fund আর একটা Public Accounts। তো এই consolidated fund-এ ৩১শে মার্চ পর্যন্ত যে খরচটা সেটা যদি অনুমোদন না করা হয় তাহলে তো সরকারি অনেক কাজই বন্ধ হয়ে যাবে। এটা তো হতে পারে না। এখন আমার কাছে প্রশ্নটা হচ্ছে যে, আমাদের বিধায়কদের অসুবিধাটা কোথায়? অসুবিধাটা হচ্ছে, আমি এবার নতুন করে বিধায়ক হয়ে আসার পর এই চার বছরে দেখছি যে, বেশির ভাগ department-এর যে বাজেট সেই বাজেট বক্তৃতা এখানে হয় না। বেশির ভাগ গুরুত্বপূর্ণ ডিপার্টমেন্টকে guillotine-এ দিয়ে দেওয়া হয়। তার ফলে আমরা অনেক কিছু বুঝতে পারি না। যেমন ধরুন আমার কাছে এই কিছুক্ষণ আগে এই supplementary budget যেটা পাস করানো হল সেখানে বলা হল একটা Talent Support Programme for Meritorious Students ৭০০ কোটি টাকা revised budget-এ আনা হয়েছে। এটা কিন্তু মূল বাজেটে এক টাকাও ছিল না। Revised budget-এ ৭০০ কোটি টাকা। আর এ বছরের বাজেটে ৬৬০ কোটি টাকা। তাহলে প্রশ্নটা হচ্ছে এই revised budget-এ যেটা এল এটা জানতে চাইতেই পারে। কিভাবে

খরচ হবে এটা? কোথায়? কারা পাবে বা কারা পেয়েছে? Revised budget-এর মানেটা হচ্ছে খরচটা হয়ে গেছে। তাহলে এই বিষয়টা যদি SC, ST, BCW এই সমস্ত বিষয়গুলো যদি departmental budget দফাওয়ারি বাজেটের আলোচনার সুযোগ না আসে তাহলে আমরা কি ভাবে ধরব? একটা প্রসঙ্গ এখানে এসেছে দেখি। সুখবিলাসবাবু correctly এটা বলেছেন। এই যে কতকগুলো বাজেট আছে department-এর মধ্যে দিয়ে distributed হয়। আবার কতকগুলো আছে যেটা transfer হয়। যেমন পৌরসভার মাধ্যমে এটা transfer হয়। পঞ্চায়েতের মাধ্যমে এটা transfer হয়। এটা কি কেউ কখনও — আপনি মিলিয়ে দেখেছেন? Finance Commission এখন Central Finance Commission 42% দিচ্ছে। যেটা আগে ৩২ ছিল, আমাদের সময় কত ছিল — ২২, ২৩, ২৫ এরকম percentage-এ আমরা পেতাম। এখন রাজ্যগুলো এই Finance Commission-এর allocation বিভাজ্য তহবিলের percentageটা amoungst the State যেটা ডিস্ট্রিবিউটেড হচ্ছে সেটা বৃদ্ধি হওয়ার ফলে রাজ্যগুলো অবশ্যই কিছুটা লাভবান হয়েছে। রাজ্যগুলো যে লাভবান হয়েছে সেই লাভ থেকে কিন্তু আবার পঞ্চায়েত বা পৌরসভাগুলিও অনেকটা লাভবান হওয়ার কথা কারণ হচ্ছে, Central Finance Commission-এর টাকাটা যেমন department wise থাকে তেমনি পৌরসভা ও পঞ্চায়েতের জন্য আলাদা করে থাকে। কিন্তু আমরা এটা দেখছি Central Finance Commission-এর টাকা অনেক দেরি করে আসছে। পৌরসভাগুলো অনেক দেরি করে পাচ্ছে। পঞ্চায়েতগুলো কিন্তু অনেক দেরি করে পাচ্ছে। আবার দেখুন State Finance Commission — Third State Finance Commission থেকে এই Fourth State Finance Commission-এর যেটা হল সেটা প্রায় ১০ বছর প্রাক্টিক্যাল্যি চলল Third Finance Commission। Fourth Finance Commission এই কিছু দিন আগে মাত্র চালু করা হল। তার মধ্য দিয়ে কত টাকা থেকে পৌরসভাগুলো বঞ্চিত হল।

[3:10 – 3:20 p.m.]

ধরুন, আমি একটা পৌরসভার কথা জানি, যারা ২০১৫সাল, ২০১৬সাল, ২০১৭ সালে এবং ২০১৮-সালেও কিন্তু স্টেট ফিনান্স কমিশনের কোন অর্থ পায় নি। অর্থটা কখন পেল, ২০১৯সালে একসাথে ২৬কোটি টাকা তাকে দেওয়া হল। এই যে টাকাটা দেওয়া হল না, এর কারণটা কি? তাকে যে বঞ্চিত করা হল এটা আমি এই হাউসে তুলেছিলাম, তার পরে অর্থ মন্ত্রী বিষয়টা বিবেচনা করলেন। হ্যাঁ এটা ভাল, ২৬কোটি টাকা দেওয়া হল। কিন্তু প্রতি বছর বছর তো সেই টাকাটা দেওয়ার কথা, প্রতি বছর বছর সেই টাকাটা পেল না কেন ? এই যে ডিপ্রাইভ করে রাখা হল, এটা ঠিক না। আমি এবার আসছি, আপনাদের কাছে কতকগুলো বিষয় নিয়ে। যেমন ধরুন, আমি অনেকগুলো আপনার বাজেট অ্যাট এ গ্ল্যান্স, বাজেটের আরো কতকগুলো কি টু দি বাজেট ডকুমেন্টস ইত্যাদি, অ্যানুয়াল ফাইনান্সিয়াল স্টেটমেন্টস্, রেভিনিউ ইত্যাদি আমি পড়ে দেখেছি, যতটা সম্ভব। আপনার বাজেটে আমি দুটো নতুন কথা দেখলাম। লাস্ট লাইনে, এবার আপনি যেটা লিখেছেন যে উৎপাদন বৃদ্ধি পাচ্ছে সারা দেশে। কিন্তু কর্মসংস্থান বৃদ্ধি পাচ্ছে না। খুব সঠিকভাবেই

আপনি কথাটা বলেছেন, লিখেছেন। যদিও, এতদিন পর্যন্ত লাস্ট লাইনটা আপনি রবীন্দ্রনাথের কথা বলেই লাস্ট লাইনটা শেষ করতেন, এবারে নতুন কবির নাম আপনি দিয়েছেন, সেটা আমি দেখলাম। এই দুটো নতুন আমি দেখলাম। কিন্তু প্রশ্নটা হচ্ছে, ঠিকই তো রবীন্দ্রনাথের জায়গায় আর একজন কবির নাম দিয়েছেন, সমগোত্রীয় তো। এখন প্রশ্নটা হচ্ছে, আপনি যদি এই বাজেটের মধ্যে বক্তৃতাগুলোকে আমি ভাল করে পড়ে-উড়ে দেখলাম, তথ্যগুলো দেখলাম, আমার আপনার কাছে একটা জিনিস চাওয়ার আছে। আমি মনে করি, একটা স্ট্যাটিসটিক্যাল জাগলারী এর মধ্যে আছে, এক। দুই নম্বর হচ্ছে, একটা ইকনমিক এক্সপ্লানেশান আজকে কিন্তু মানুষের মধ্যে প্রশ্নটা উঠছে। আপনি একদিকে বলছেন, সারা দেশে এই মোদী সরকার আসার পরে যেভাবে দেশের অর্থনীতি স্লোয়িং ডাউন হচ্ছে, শুধুমাত্র মোদী সরকার আসার পরে দুটো বছর, ৮ পার্সেন্ট বা ৭.৯ পার্সেন্ট গ্রোথ ছিল, তার পর থেকে গ্রোথটা কমছে এবং গত ৬টা কোয়ার্টারে steadily declined। তাহলে এই হচ্ছে অবস্থা। শুধু কি তাই, এই সময়ে এক্সপোর্ট কমেছে, এই সময়ে জিডিপি কমেছে, ম্যানুফ্যাকচারিং কমেছে, এগ্রিকালচারে কমেছে, আন-এমপ্লয়মেন্ট ৪৫বছরের মধ্যে এত আন-এমপ্লয়মেন্ট কখনো হয় নি, শহরে বেড়েছে, গ্রামে বেড়েছে, এমন কি মেল-ফিমেল বোথ আন-এমপ্লয়মেন্ট বেড়েছে। এইসব ঠিক আছে। এই রকম একটা জায়গায় দাঁড়িয়ে মানুষ আপনার কাছ থেকে জানতেই চাইতে পারে, কি এমন জাদু আপনার কাছে আছে যে পশ্চিমবঙ্গে তার কোন প্রভাব পড়ল না! আপনি যে নোটবন্দীর কথা বলেছেন, আপনার এখানে উল্লেখ করেছেন, জি.এস.টি. তার প্রভাব সারা দেশে পড়েছে, সমস্ত অর্থনীতিবিদরা বলেছেন, না পশ্চিমবঙ্গে এটার প্রভাব পড়েনি, এটা কি একটা ওয়াল দিয়ে রেখেছেন ? তাহলে প্রশ্নটা হচ্ছে, এই জায়গাতেই হচ্ছে, একটা ইকনমিক এক্সপ্লানেশান আপনার কিন্তু দরকার। ধরুন আপনি, বারেবারে অনেকগুলোতে বলেছেন, আপনি প্রথম, প্রথম, প্রথম, ইত্যাদি বলেছেন। আমার কাছে সমস্ত তথ্য আছে। আমার সময় কম, আমি আপনাকে দেখাতে পারি। যেমন ধরুন, আপনি বারবার করে বলে আসছেন, জি.ডি.পি. যে টোটাল, জি.এস.ডি.পি. রাজ্যগুলির ক্ষেত্রে পশ্চিমবঙ্গ এক নম্বর স্থানে আছে, না। পশ্চিমবঙ্গের স্থানটা ১৮-১৯ সালে, ষষ্ঠ স্থানে ছিল, এক নম্বরে হচ্ছে মহারাষ্ট্র। মহারাষ্ট্র হচ্ছে ২৮লক্ষ কোটি টাকা, পশ্চিমবঙ্গের হচ্ছে ১১ লক্ষ কোটি টাকা। এবারে দেখুন, আনএমপ্লয়মেন্ট-এর ক্ষেত্রে বলছি। আপনি একটা, এত বেশী এমপ্লয়মেন্টের ব্যবস্থা করেছেন। আপনি তথ্যগুলো এন.এস.ও.র তথ্য থেকে বার করুন, আপনি জানেন সেখানে এই যে একটা রিপোর্ট যেটা আছে, সেই রিপোর্টটাও যদি আপনি ভাল করে দেখেন, সেখানেও আপনি দেখবেন, পশ্চিমবঙ্গে ১৫-১৬ সালে ৩.৬ পার্সেন্ট ছিল আন-এমপ্লয়মেন্ট রেট এবং এটা ১৮-১৯ সালে এই রেটটা বেড়ে হয়েছে ৪.৬ পার্সেন্ট।

বেড়েছে অন্য রাজ্যগুলির তুলনায় একটু কম। কিন্তু ওটা তো রিপোর্টের মধ্যেই আছে, সরকারী রিপোর্টের মধ্যে আছে, এন.এস.ও. রিপোর্টের মধ্যে আছে। এমনকি পার্লামেন্টের একজন কেন্দ্রীয় মন্ত্রী তিনি আজকে প্রশ্নের জবাব দিচ্ছিলেন, সেই জবাবেও কিন্তু এটা স্বীকৃত হয়েছে — হ্যাঁ, এটা পশ্চিমবঙ্গে বেড়েছে। আপনারা এটা স্বীকার করেন না। পশ্চিমবঙ্গে আপনি

যদি দেখেন কতগুলো ক্ষেত্রে প্রপোর্শান অফ ক্যাজুয়াল ওয়ার্কার, দেখুন, ক্যাজুয়াল ওয়ার্কার যে কোনো সার্ভিসের ক্ষেত্রে সবাই একটা ডিসেন্ট সার্ভিস চায়। ক্যাজুয়াল ওয়ার্কারের ক্ষেত্রে পশ্চিমবঙ্গে টোটাল ক্যাজুয়াল ওয়ার্ক ফোর্স কত - ৩১.৮ শতাংশ। কিন্তু সর্বভারতীয় অর্থাৎ সমস্ত রাজ্যের ক্ষেত্র নিয়ে এটা কত - এ্যারাউন্ড ২৫ শতাংশ। তার মানে কতটা বেশি ক্যাজুয়াল ওয়ার্কার এখনো পশ্চিমবঙ্গে আছে, স্টেটগুলোর যদি অ্যাভারেজ নেওয়া যায় সেটা হচ্ছে ২৫ শতাংশ। আপনি আবার বলেছেন, ২ লক্ষ ৮৪ কোটি টাকা ইনভেস্টমেন্টের একটা প্রস্তাব আপনারা পেয়েছেন। আপনি নিজেই বলছেন তার মধ্যে কতটা কার্যকরী হয়েছে। Hardly এক হাজার কোটি টাকাও না। কিছু জমি দিয়েছেন, কিছু সামান্য লোকের কর্মসংস্থান হয়েছে, খুবই সামান্য। আপনারা একের পর এক প্রত্যেকবারই এই দাবিটা করে আসছেন। আপনারা যদি দেখেন, আর.বি.আই. ডেটা থেকে কি দেখা যাচ্ছে। দেখা যাচ্ছে - public debt. যেটা আপনারা খুব গর্ব করে প্রায়ই একই কথা বলেন, মানুষ কিন্তু কনভিন্সড্ না, মানুষ কিন্তু সন্তুষ্ট না, আপনি যতই বলুন না কেন। ৩৪ বছর তারা আগের কংগ্রেস সরকারের সময় ছিল, তখন যত টাকা ঋণ ছিল এবং আজকে ঋণের টাকাটা অনেক বেশি বৃদ্ধি পেয়েছে, আপনি যেভাবে তার দায় বামফ্রন্ট সরকারের ওপর দেওয়ার চেষ্টা করুন না কেন, এটা কখনো কেউ কনভিন্সড্ হতে পারে না। সেই জন্য ইকোনমিক এক্সপ্লানেশানটা আপনার কাছে মানুষ কিন্তু চাইছেন। আপনি ফর্টিন্থ্ ফিনান্স কমিশনের রিপোর্ট দেখুন, আর.বি.আই. ডেটা থেকে দেখা যাচ্ছে, তারা উল্লেখ করেছে Debt to GSDP ratio of 34% যেটা পশ্চিমবঙ্গের ক্ষেত্রে ১৮-১৯ সালে ছিল GSDPর ৩৪ শতাংশ হচ্ছে Debt, যেটা all states average হচ্ছে ২৪.৮ শতাংশ। তার মানে এখনো পশ্চিমবঙ্গে আপনি যত কিছুই বলুন না কেন, যতই দুর্নাম করুন না কেন, এখনো অনেক রাজ্য থেকে পশ্চিমবঙ্গ এই ক্ষেত্রে খারাপ পরিস্থিতিতেই আছে। আরো বিভিন্ন ক্ষেত্রে যদি আপনারা দেখেন পশ্চিমবঙ্গের যে অগ্রগতির কথা বললেন স্বাস্থ্য একটা খুব গুরুত্বপূর্ণ বিষয়। আমার কাছে রিপোর্টটা আছে। বিভিন্ন স্বাস্থ্য খাতে যে ইনডেক্সটা তৈরি করা হয়েছে সেই ইনডেক্সের ক্ষেত্রে কেরালা প্রথম স্থানে, পশ্চিমবঙ্গ এখনো একাদশ স্থানে। সেই রিপোর্টটা আমার কাছে আছে। আপনি যদি চান আমি আপনাকে দিয়ে দিতে পারি। সেই রিপোর্টের মধ্যে কেরালা তার স্কোরিংটা হচ্ছে ৭৪.০১ শতাংশ, Kerala is number one, ওয়েষ্ট বেঙ্গল এর আগের বছরে ছিল ৫৮.২৫ শতাংশে। এবারে সেটা আরো কমে গেছে, আগে ছিল ১০ নং স্থানে, এবারে একাদশ স্থানে চলে গেছে। ওয়েষ্ট বেঙ্গলের স্কোরিং হচ্ছে ৫৭.১৭ শতাংশ। এই যে আপনারা বার বার করে বলছেন সরকারী হাসপাতাল, কেউ কেউ বললেন সরকারী হাসপাতালে এত ভালো সেবা দেওয়া হচ্ছে নার্সিং হোমে আর নাকি কেউ যায় না। আসলে মানুষ একেবারে সর্বস্বান্ত হয়ে যাচ্ছে নার্সিং হোমে যেতে যেতে। সরকারী হাসপাতালে গেট হয়েছে, সরকারী হাসপাতালে নীল সাদা রং হয়েছে, ডাক্তার নেই, নার্সিং স্টাফ নেই, অপারেশান হয় না, মানুষ বাঁচতে পারছে না। এই সমস্ত কিছু নিয়ে আমি আগেও বলেছিলাম, আবারও আমি একই কথা বলছি, আপনার যে অর্থনীতি, এই অর্থনীতিটা প্র্যাকটিক্যাল্যি এটাকে অনেকটা বলা হয়,

এই অর্থনীতিটা unproductive এবং এই capitalismকে বলা হয় briefcase capitalism। যার ফলে কিছু মানুষ অনেক টাকার মালিক হয়ে যাচ্ছে এবং সেটা উদ্বৃত্ত মূল্য সৃষ্টি করে না, সারপ্লাস ভ্যালু ক্রিয়েট করে না, এটা rain-sicking করে হচ্ছে। একটা লুণ্ঠন সংস্কৃতি রাজ্যে সৃষ্টি হয়েছে যাকে বাংলাদেশে বলে ফাউ খাওয়া অর্থনীতি, আর পশ্চিমবঙ্গ এটাকে বলে কাটমানি অর্থনীতি। এর মধ্য দিয়ে যে লুণ্ঠন সংস্কৃতি আজকে আপনাদের এই সময়ে সৃষ্টি হয়েছে এটাই হচ্ছে মৌলবাদী অর্থনীতি সৃষ্টির সহায়ক।

[3:20 – 3:30 p.m.]

আজকে মৌলবাদীরা এই অর্থনীতিটাকে আঁকড়ে ধরে তাঁরা আজকে সক্রিয় হচ্ছে পশ্চিমবঙ্গে, তার দায় কিন্তু আপনাদেরও নিতে হবে। সেই জন্যেই এই জাগলারী, এই যে জাগলারী, তথ্যের যে জাগলারীটা করছেন বার বার করে এটার অবসান হওয়া উচিত। সে জন্যই আমি আপনার কাছে একটা ইকনমিক এক্সপ্ল্যানেশান চাইছি সেটা আপনি দিন যে আজকে সারা ভারতবর্ষে এই অবস্থা, সারা পৃথিবী জুড়ে যখন মন্দা, তখন পশ্চিমবঙ্গে আপনি একটা অন্য কথা বলছেন তার পেছনে কারণটা কি? যুক্তিটা কি ? এটা কাইন্ডলি আপনি ব্যাখ্যা করুন, এই কথা বলেই আমার কথা আমি শেষ করছি। ধন্যবাদ।

ডঃ অমিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমরা অলরেডি এই সাপ্লিমেন্টারী প্রপোজাল পাস করেছি। এখন অ্যাপ্রোপ্রিয়েশানটা, তারই অ্যাপ্রোপ্রিয়েশানের মধ্যে আসছে। সেহেতু খুব বেশী কিছু বলার নেই। ফাইনান্স বিলের সময় আসবে। তখন আরও বিস্তারিতভাবে বলতে চাই। আমি শুধু দুটি বক্তব্য রাখতে চাই, আমি জ্যোতির্ময় কর সাহেবের বক্তব্য শুনলাম, খুব সুন্দর বক্তব্য। নির্মল ঘোষ সাহেবও বললেন এবং তার সঙ্গে ডঃ সুখবিলাস বর্মা এবং শ্রী অশোক ভট্টাচার্যের কথাও শুনলাম। স্যার, ডঃ বর্মা বার বার বলেছেন, যে উনি সাড়ে ৮ বছর বাজেট তৈরী করেছেন। এটা একদম সত্যি স্যর। জয়েন্ট সেক্রেটারী, তার পরে স্পেশাল সেক্রেটারী এটা উনি বলেছেন যে অর্থ শাস্ত্রে পি.এইচ.ডি. করেন নি কিন্তু আই.এ.এস. হিসেবে ওঁর দক্ষতা আছে, সেটাও সত্যি। এটাও স্যার, অন রেকর্ড, উনি পি.এইচ.ডি. যে সাবজেক্টে করেছেন আমি সত্যি সেটাকে অ্যাপ্রিসিয়েট করি It is an example of liberal art, Ph.D is the highest study and ethnicity involved. এটাতে সমাজ শাস্ত্র এবং অ্যানথ্রোপোলজি মিলিয়ে ওঁর এই পি.এইচ.ডি. - এর আমি তারিফ করেছি স্যার। এইটুকুই ছিলো পি.এইচ.ডি. - এর সঙ্গে অর্থ শাস্ত্রের সম্পর্কটা কম। সেই হিসেবে আমি বলেছিলাম। ওঁকে কিন্তু কনগ্র্যাচুলেট করেছি। স্যার, এখন প্রশ্ন হচ্ছে যে, সাড়ে ৮ বছর যখন উনি বাজেট করেছেন, উনি যে দলে আজকে আছেন উইথ অল ডিউ রেস্পেক্ট, তারাই বলেছে বার বার যে বাম সরকার কারসাজি করতো, কারসাজি করতো। সেতো, মন্ত্রী তো কারসাজি একলা করেন না। তার সঙ্গে সহায়তাটা কে করলো? সাড়ে ৮ বছর যে উনি বাজেট তৈরী করেছেন, ওঁরই পার্টি, যে পার্টির সঙ্গে আজকে আছেন উনি আমি তাদের বার বার শুনেছি বলতে, রেকর্ডে পড়লাম, লাইব্রেরীতে গিয়ে, যে জাগলারি হচ্ছে, জাগলারি হচ্ছে। স্যার, জাগলারির টিমটা কি? সেটা একটু জানতে ইচ্ছে হয়। কোনো দিন

সুযোগ হলে, অল্প হালকাভাবে একটু বলা যেতে পারে যে, উনি তাতে কতটা ইনভল্ভড্ ছিলেন, ছিলেন না। সেটা ওঁর কাছ থেকে শুনতে ভাল লাগবে। মানে খুব ভাল লাগবে শুনতে কেননা, সাড়ে ৮ বছর জয়েন্ট সেক্রেটারী, স্পেশাল সেক্রেটারী বাজেট। এ দিকে ওঁরই দলের মানুষ বার বার বলছেন, রেকর্ডে দেখছি যে জাগলারী হয়েছে। সো হু ওয়াজ ডুইং দ্য জাগলারী স্যার? তার প্রপোরশানটা কি? এটা এক সময় একটু হালকা বাতাবরণে, হয়তো আমরা নিজেদের মধ্যে আলোচনাটায় একটু শিখবো। স্যার, এবারে বলি, অশোক বাবু, রেস্পেক্টেড শ্রী অশোক ভট্টাচার্য একটা খুব বড় কথা তুলেছেন। স্যার, আমি সেটার একটু জবাব দিতে চাই, ভাবিনি কিছু বলবো, কেননা এই বিলে বলার কিছু থাকে। উনি বলেছেন যে, ভারতবর্ষের গ্রোথ রেট ৫ হয়ে গেছে। চারিদিকে হাহাকার। ডাউনওয়ার্ড ডেভেলপমেন্ট, আপনার স্লো ডাউন। এখন আমি কালকে দেখলাম, ইকনমিক অ্যাডভাইজার টু দ্য প্রাইমিনিস্টার, তিনি বম্বেতে বলেছেন, এই বাজেটে স্লো ডাউন কথাটা, কেন্দ্রীয় বাজেটে ব্যবহার করা হয় নি কেন? অ্যাডভাইজার টু দ্য প্রাইমমিনিস্টার, তিনি বলছেন, তিনি আশ্চর্যান্বিত যে, কেন্দ্রীয় বাজেটে স্লো ডাউন হয়েছে, এটা অ্যাডমিশান কেন হয় নি। স্যার, উনি একটা খুব বড় কথা তুলেছেন, যে তাহলে এই অবস্থা যখন সারা ভারতবর্ষে, পশ্চিমবঙ্গে কি করে আগের বছরে constant গ্রোথ রেট, ১২.৮৫ শতাংশ যেটা আমার ডেটা নয়, কেন্দ্রীয় সরকারের ডেটা।

এবং এই বছরে, স্যার আপনি শুনে খুশি হবেন এখনও dataটা published হয় নি, আমার কাছে কিছু খবর আছে যেখানে ৫শতাংশ হারে ভারতবর্ষে বেড়েছে, পশ্চিমবঙ্গে double digit গ্রোথ হয়েছে। Dataটা দেখতে পেলে দেখবেন double digitএ হয়েছে। উনি যে প্রশ্নটা তুলেছেন, সেটা অত্যন্ত fundamental and important আমি তার জন্য ব্যথিত। উনি বলেছেন এটা কি করে আপনারা achieve করলেন। স্যার, এটা খুব ছোট অল্প করে বলি তিনটে কারণ এর পিছনে আছে - যেটা অন্য রাজ্যে হয়তো তারা করে উঠতে পারে নি। Number 1 সামাজিক সুরক্ষায় বিশাল allocation - মাননীয়া মুখ্যমন্ত্রী নিজে বলেছেন কতগুণ বেড়েছে বাজেট in various sectors. আজকে সকালে আমি মাননীয়া মন্ত্রীর কথা শুনছিলাম, প্রশ্নোত্তরের সময়, তার থেকে বোঝা যাচ্ছে সামাজিক সুরক্ষা, social infrastructureএ massive expenditure, এটা কিন্তু অন্য রাজ্য করে নি। তার মানেটা কি - গরিব মানুষের হাতে টাকা এসেছে, সেই টাকায়, আপনি জানেন স্যার, অর্থশাস্ত্রের একটা কথা আছে, marginal propensity to consume. তার মানে ১০০ টাকা যদি additional income হয়, তার থেকে কত টাকা আমি খরচ করি এবং কত টাকা আমি save করি। এটা কিন্তু দরিদ্র মানুষ, প্রান্তিক মানুষ marginal propensity খুব high। তার মানে ১০০ টাকা পেলে তারা ৯০/৯৫ টাকা খরচ করে। ডঃ অভিজিৎ ব্যানার্জী এই সদ্য নোবেল প্রাইজ পেয়েছেন, Professor অর্মত্য সেন যার কাছে আমার পড়ার সুযোগ হয়েছিল - দুইজনই একই কথা বলছেন আলাদা আলাদা platformএ, যে এই growth rate কে তুলতে হলে মানুষের হাতে consumption expenditure দিতে হবে, That is 1. পশ্চিমবঙ্গ করে দেখিয়ে দিয়েছে সামাজিক সুরক্ষার মাধ্যমে, পেনশানের মাধ্যমে, বিভিন্ন programme-এর

মাধ্যমে যে Common people are receiving money to consume. Their marginal propensity to consume is very high.বড়লোকদের কেন্দ্রীয় সরকার tax কমিয়ে দিয়েছে, Corporate tax ৩০ থেকে, ২০ per cent করে দিয়েছে। এখন দেখা যাচ্ছে যে এই Corporate tax কমিয়ে দেওয়াতেই তাদের profitability বেড়ে গেছে, কিন্তু তারা invest করছে না, তারা বিনিয়োগ করছে না। তাদের marginal propensity to consume is very low.এত টাকা তাদের আরও additional income ১০০ টাকা হলে, তারা খুব কম পার্সেন্ট খরচ করে। মাননীয়া মুখ্যমন্ত্রীর philosophyতে এই যে সাধারণ প্রান্তিক মানুষ, কৃষক, শ্রমিক- এদের হাতে টাকা তুলে দেওয়া, from Keynesian economic point of view- এটা দুর্দান্ত পলিসি, যেটা অন্য রাজ্য করে নি, যার জন্য তাদের growth rate করতে পারছে না। অন্ধ্রপ্রদেশ number 2তে ছিল last year, এটা কেন্দ্রীয় সরকারের data বলছে অন্ধ্রপ্রদেশ নাম্বার 2, আর West Bengal number 1.তাদের যদি প্রোগামগুলো দেখেন, দেখবেন কিছুটা তারা এই direction-এ move করেছে। কিন্তু আমরা যতটা করতে পেরেছি তারা করতে পারে নি। 2nd point, দ্বিতীয় পয়েন্ট capital outlay.আপনারা দেখেছেন, যে ১৩.৯ মানে 14 times/গুণ capital outlay বেড়েছে - বামফ্রন্ট সরকারের সঙ্গে আমাদের তুলনা করলে ১৪গুণ capital outlay বেড়েছে। এখন আপনি বলবেন এই capital outlayএর সঙ্গে এর কি সম্পর্ক আছে। স্যার, সম্পর্ক হচ্ছে স্থায়ী জিনিস আপনি তৈরি করবেন bridge, রাস্তা - তার ডিম্যান্ড কি হয় cement, steel অনেক রকম input, তাতেও aggregated demand অন্য route দিয়ে এগিয়ে যায়। What is interesting Sir? একটা হচ্ছে সাধারণ মানুষের হাতে টাকা তুলে দেওয়া, অন্য দিকে physical infrastructure তৈরি করে plant equipment, machinery, cement, steel বাড়ানো, This is number 2. আর তৃতীয় pointএ আমি আসছি, খুবই গুরুত্বপূর্ণ point, সেটা হচ্ছে, 3rd element of this is employment intensity- খরচ যেটা সরকার করছে, আপনাদেরকে সেদিন উদাহরণ দিয়েছিলাম বানতলাতে, eight CLPC তৈরি হচ্ছে, চারটে ready, আরও দুটো হবে। সেখানে দুই লক্ষ কুড়ি হাজার মানুষ কাজ করছে, আরও পাঁচ লক্ষ মানুষ বানতলায় কাজ করবে।

[3:30 – 3:40 p.m.]

আরও পাঁচ লক্ষ মানুষ বানতলায় কাজ করবে। তার মানে কি? আজকে ফ্লিপকার্ট বলে একটি কোম্পানি, আপনারা সবাই জানেন, ফ্লিপকার্ট আজকে কল্যাণীতে একটি লজিস্টিকস হাব তৈরি করছে সরকারের দেওয়া পার্কে। স্যার, তারা এক হাজার কোটি ইনভেস্ট করবে। দশ হাজার মানুষের কর্মসংস্থান দেবে। উদাহরণস্বরূপ বলছি। So it is down the line. থার্ড এগজামপল্, টিসিএস- টাটা কনসালট্যান্ট সার্ভিস, পঁয়তাল্লিশ হাজার লোক আজকে কোলকাতায় কাজ করছে। ওরা জমি নিয়েছে যাতে আরও পনেরো হাজার লোক চাকরি পাবে। ষাট হাজারে পৌঁছালে ব্যাঙ্গালুরুর থেকেও পশ্চিমবঙ্গে বেশি লোক কাজ করবে আই.টি., ইসেক্টরে। তার মানে আইটি সেক্টর, লজিস্টিকস্ হাব, লেদার এবং জেমস্ এ্যান্ড জুয়েলারি। এই সরকার আড়াই লক্ষ

স্কয়ার ফুটের অঙ্কুরহাটিতে বাড়ি তৈরি করেছে। Completely full. বিশাল কর্মসংস্থান। তিনটি ইস্যুর ওপরে আমি শ্রী ভট্টাচার্য্যকে জবাব দিতে চাই সিরিয়াসলি।

Mr. Speaker : With the consent of the House, the time is extended by 10 minutes.

Dr. Amit Mitra : তিনটে বিষয় সম্বন্ধে তিনটে পয়েন্টে উত্তরটা হবে আমার হামবল মতে। এক হচ্ছে সাধারণ মানুষের হাতে আমরা তুলে দিচ্ছি যার marginal propensity consume is very high, তারা সেই টাকাটা পেয়ে কনজাম্পশান ডিম্যান্ড করছে। নম্বর টু- আমরা ক্যাপিটাল এক্সপেন্ডিচার করে সিমেন্ট, স্টিল থেকে শুরু করে ডিম্যান্ড বাড়িয়ে দিচ্ছি। All demand pull, আর তৃতীয়টা হচ্ছে, labour intensive policy, যেটা ভারতবর্ষের অন্য রাজ্য করতে পারি নি। আমাদের sole focus হচ্ছে labour intensive. টেক্সটাইলের যে গ্রোথ হচ্ছে। আজকে বিভিন্ন জায়গায় যে গ্রোথ all labour intensive. আমার মনে হয় এটা ভালো প্রশ্ন করেছেন। আরও বিস্তারিত আলোচনা হতে পারত। আমি মিঃ ভট্টাচার্য্যকে বলতে চাই, আশা করি, এই তিনটি ইস্যুর ওপরে যদি উনি একটু চিন্তা করেন, কতটা হয়েছে সেটা সুবিধা হবে। স্যার, আমি ফিন্যান্স বিলের সময় আরও নিশ্চয়ই কিছু বক্তব্য রাখব। আজ আমি এটা বলেই শেষ করতে চাই যে, অলরেডি আমরা সবাই ফার্স্ট পার্টে বিল পাশ করেছি। আমি আশা করবো, এ্যাপ্রোপ্রিয়েশান বিলের ওপরে এত আলোচনা হওয়ার কথা নয়। তবে আপনাকে এইটুকুই বলেই শেষ করি এ্যাপ্রোপ্রিয়েশান বিলে আমরা আশা করবো, সবাই সেটাতে সম্মতি দেবেন। তার কারণ ওটা রুটিন প্রসেস। আমি আশা করবো, they will support it. ধন্যবাদ।

Mr. Speaker : The question before the House is that the Bill be taken into consideration. As many as are of that opinion will please say ‘Aye’ and as many as are of the contrary opinion will please say ‘No’. ‘Ayes’ have it. ‘Ayes’ have it.

Clauses - 2 & 3

Mr. Speaker : There is no amendment to Clauses 2 and 3. So I put Clauses 2 and 3 do stand part of the Bill. As many as are of that opinion will please say ‘Aye’ and as many as are of the contrary opinion will please say ‘No’. ‘Ayes’ have it. ‘Ayes’ have it.

Schedule of the Bill

Mr. Speaker : Now, I put the Schedule do stand part of the Bill. As many as are of that opinion will please say ‘Aye’ and as many as are of the contrary opinion will please say ‘No’. ‘Ayes’ have it. ‘Ayes’ have it.

Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill

Mr. Speaker : There is no amendment to Clause-1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill. So, I put to vote Clause-1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill do stand part of the Bill. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please 'No'. 'Ayes' have it. 'Ayes' have it.

Dr. Amit Mitra : Sir, I beg to move that the West Bengal Appropriation (No.1) Bill, 2020, as settled in the Assembly, be passed.

Mr. Speaker : The question before the House is that the Bill, as settled in the Assembly be passed. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please 'No'. 'Ayes' have it. 'Ayes' have it. The Bill is passed. The Bill is passed.

The West Bengal Finance Bill, 2020

Dr. Amit Mitra : Hon'ble Speaker, Sir, I beg to introduce the West Bengal Finance Bill, 2020.

(Secretary then read the Title of the Bill)

Dr. Amit Mitra : Hon'ble Speaker, Sir, I beg to move that the West Bengal Finance Bill, 2020, be taken into consideration.

ডক্টর সুখবিলাস বর্মা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় অর্থমন্ত্রী যে ফিন্যান্স বিল আজকে এই হাউসে কন্সিডারেশনের জন্য এনেছেন তা নিয়ে কয়েকটি কথা বলছি। প্রথমেই আমি মাননীয় অর্থমন্ত্রীকে ধন্যবাদ দিচ্ছি যে তিনি আমার সম্বন্ধে বেশ কয়েকটি ভালো ভালো কথা বলেছেন। তবে তার সাথে একটা ছোট্ট খোঁচা লাগিয়েছেন যে এতদিন আমি ঐ অপকর্মগুলোর সঙ্গে জড়িত ছিলাম; কর্ম বা অপকর্ম। স্যার, এর আগেও আপনাকে উত্তর দিয়েছি। আপনার ওই পেছনে যাঁরা বসে আছেন তাঁরা কিছু logistic support দেন, official support দেন। কিন্তু বাজেটে আল্টিমেটলি কী হবে সেটা কিন্তু Finance Minister-এর ব্যাপার; Particularly ওই last page-টা। এটা আমি আট বছরে দেখেছি এবং এই কয়েক বছরেও আপনাকে দেখলাম যে লাস্ট পেজটা আপনি করেন। ওখানে কী হবে, কত plus হবে, minus হবে, ইত্যাদি অর্থমন্ত্রীই করেন। কাজেই ওটার দায়িত্ব আপনার, Finance Minister-এর দায়িত্ব। Finance Secretary বা তার staff-এর দায়িত্ব নয়। আমারও দায়িত্ব ছিল কিছুটা কিন্তু ওই logistic support দেওয়ার জন্য। স্যার, thank you very much. আজকে যে ফিন্যান্স বিলটা এসেছে এটা কিছু নয়, কতগুলো consequential changes. Tax reforms নিয়ে কতগুলো

proposals মাননীয় অর্থমন্ত্রী এখানে নিয়ে এসেছেন। তবে tax reforms-এর নামে আমি যা দেখতে পাচ্ছি তা হচ্ছে কতগুলো concessions. আদায় হয় নি, অনেক case pending হয়ে আছে, দীর্ঘ দিন ধরে case চলছে, সেগুলোকে একটু compounding করে নিয়ে settlement of disputes করা। এটাকে দুই সাইডে দেখা যায়। ভালো দিকে বলা যেতে পারে আবার খারাপের দিকেও বলা যেতে পারে। ভালোর দিকটা কী? না, এতদিন ধরে পড়ে আছে তার settlement disputes করে নিয়ে কিছুটা আদায় করা হল। আবার খারাপ দিকটা কী ? খারাপ দিকটা হল, তাহলে তো যারা ট্যাক্স বাকি রাখছে তারা একটা incentive পেয়ে যায়। ওরে বাপ রে বাপ ! কিছু রেখে দিলেই যদি আমরা সরকারের কাছ থেকে এই consideration পাই, তাহলে সেই ভাবেই tax দেব। নাম্বার টু হচ্ছে, তাহলে tax administration-টা কী ? It is so lax. Tax administration যে দায়িত্ব, ঠিক ঠিক সময়ে এগুলোকে আদায় করা, তারা তা করতে পারছে না। কেন পারছে না? আমরা তো tax reform নিয়ে এত কথা বলি। তাহলে আগামীদিনে সেদিকেও লক্ষ রাখা উচিৎ। কোন দিক দেখব? এর ভালো দিকও আছে খারাপ দিকও আছে। In any case যে proposalগুলো এখানে এসেছে সেই proposal গুলোরই consequential changes on the particular Acts. ধরুন বলা আছে একটা particular আইনে, Settlement of disputes scheme for VAT, GST and Entry Tax. এখানে বলা হচ্ছে যে 31st January, 2020 পর্যন্ত যে case গুলো আছে সেই caseগুলোর যদি এরা এর মধ্যেই 25% দিয়ে দেয় তার পর বাকিটা আবার বিভিন্ন instalment-এ দেবে। তাহলে তারা 25%-এ রেহাই পেতে পারে।

[3:40 – 3:50 p.m.]

ওই বললাম দুই side ই আছে। বেশ কিছু অর্থ আদায় হবে যেমন ইতিমধ্যেই উনি বলেছেন এর আগে প্রায় তিরিশ হাজার tax payers উপকৃত হয়েছেন। স্টেট গভর্নমেন্টও ১১২০ কোটি টাকা এরিয়ার কালেকশান করতে পেরেছিলেন। তাহলে এখান থেকেও হয়তো দেখা যাবে বহু tax payers বেনিফিটেড হবে, আর অনেক টাকাও আদায় হবে। ওই একই কথা যে tax payers রা যদি কেউ ইচ্ছা করে ফেলে রাখে, বাকি রাখে with the expectation যে এই সরকারের তো টেনডেন্সি হচ্ছে কিছু দিন পর পর, এগুলোকে settlement of disputes বলে ছাড় দিয়ে দেয়, তখন ছাড়টা পেয়ে যাব, সেটার একটা সম্ভাবনা থাকে। In any case ফিনান্স মিনিস্টার হিসাবে উনি যদি মনে করেন, উনি যদি অ্যাসেস করে থাকেন, আমি তো এই aspect বেশিদিন যাই নি, দেখিও নি যে এর এফেক্টটা কী আছে? যদি অ্যাসেস করে থাকেন যে এতে সত্যিকারের সরকারের বেনিফিট হবে কিছুটা, তাহলে বলার কিছু নেই। তাছাড়া এই প্রপোজালগুলো পাশ হয়ে গেছে। এই প্রপোজালগুলোর ওপর বলার তেমন কিছু নেই। শুধু সেই পাশ হওয়া প্রপোজালগুলো বিভিন্ন অ্যাক্টে যেখানে যেখানে যে প্রভিশান আছে সেই প্রভিশানে চেঞ্জ হবে। কোথাও হয়তো 2018 পর্যন্ত আছে, কোথাও 2020 পর্যন্ত। কোথাও রেটটা বলা আছে কম, তা বাড়িয়ে দিল। এই consequential changes আমি

ডিটেলসে যেতে চাই না কেননা ওই ডিটেলসে যেতে গেলে প্রত্যেকটা ধরে ধরে অনেক সময় লেগে যাবে। কোন utility নেই। আগেই বললাম পাস হয়ে গেছে। পাস হওয়ার পরে এখন শুধুমাত্র এখানে তার এফেক্টটা দেওয়া। শুধু একটা বলবো agricultural income-tax, স্যার আপনি দু বছরের জন্য ছাড় দিয়েছেন। কেন ওটা তো ছেড়ে দিতে পারতেন। টোটাল কালেকশান কত? Tea cessমেইনলি তো। Tea cess এর আগে চা সুন্দরী স্কিমও আপনারা করছেন। সেখানেও এটা বলা আছে। চায়ের ওপর আমরা একটা কন্সিডার করছি। কাজেই দু বছর কেন? মাত্র ৯৩ লক্ষ টাকা এর আদায় বছরে, এই ৯৩ লক্ষ টাকা আদায় করার জন্য আবার সেই মেশিনারি ওই চলতেই থাকবে, চলতেই থাকবে। কী লাভ আছে? দু বছরের জন্য ছেড়ে দিলেন, পুরোটা ছেড়ে দিন না। বরং ওই ছেড়ে দিয়ে চা বাগানগুলোর ওপর তাদের ইকনমিটাকে আরও শক্ত করা যায় কিনা, চায়ের লেবারদের ওয়েলফেয়ারের দিকটা আরও নজর দেওয়া যায় কিনা সেটা দেখুন। ১৬ মিনিট আছে এটার কোনো অর্থ হয় না, বললাম consequential changes বিভিন্ন অ্যাক্ট রয়েছে। কাজেই আমি আর বেশি বলব না। গত বছর যা বলেছিলাম এবারও একই জিনিস বলছি কেন? সবাই মিলে অনুরোধ করেছে বহু দিন আগে ৬০ লাখ টাকা হয়েছিল। আপনি তো দেখছি সব জায়গায় প্রচুর টাকা দিয়েছেন। এমএলএদের জন্য ছাড়ুন না স্যার। এমএলএ মানে আমার নিজের কিছু নয়, ওনারও নিজের কিছু নয়, প্রত্যেকের এরিয়ার জন্য। আপনি যেমন প্রত্যেকের এরিয়ার জন্য অনেক development এর জন্য অনেক কিছু দিচ্ছেন, এমএলএদের জন্য ৬০ লক্ষ টাকা, অন্তত ৪০ লাখ টাকা বাড়ান - এক কোটি টাকা করুন এই অনুরোধ রাখছি। এই অনুরোধ রেখে আমার বক্তব্য শেষ করছি ধন্যবাদ স্যার।

শ্রী সমীর চক্রবর্তী : মাননীয় স্পিকার স্যার, West Bengal Finance Bill, বিল নাম্বার টু 2020, এটির সম্পূর্ণ সমর্থনে আমি সর্বপ্রথমেই পূর্ণ সমর্থন জানাচ্ছি। এটা খুব স্বাভাবিক। এর জন্য বিরাট অর্থনীতির পণ্ডিত হওয়ার কোনো প্রয়োজন নেই। বাজেটের মধ্যে যেটা পাস হয়েছে তার যে restructuring হয়েছে, সেগুলো ভ্যাটেই হয়ে থাকুক, জিএসটিতেই হয়ে থাকুক, জমির amalgamation হয়ে থাকুক তার ওপরে ট্যাক্স reconstruction করতে হয়। সেটাই মাননীয় অর্থমন্ত্রী অমিত মিত্রের পেশ করা এই ফাইনান্স বিলের মধ্যে প্রতিফলিত হচ্ছে।

আমার পূর্ববর্তী বক্তা ডঃ সুখবিলাস বর্মা, শ্রদ্ধেয় মানুষ, অর্থনৈতিক পণ্ডিত দীর্ঘ দিন পশ্চিমবঙ্গ সরকারের সঙ্গে বাজেটে জয়েন্ট সেক্রেটারি থেকে শুরু করে আপ টু স্পেশাল সেক্রেটারি পোস্টটি তিনি অলঙ্কৃত করেছেন। বাজেট এবং ফাইনান্স উনি আমার থেকে ভালো বোঝেন। আমি স্যার, ক্ষুদ্রমাপের রাজনীতি করি এবং ক্ষুদ্র ব্যবসা করি। আমি দেশে-বিদেশে ব্যবসা করেছি, অর্থনীতিটা আমাকে জানতে হয়েছে। আমার মনে পড়ছে মাননীয় অর্থমন্ত্রী যেদিন বাজেট পেশ করলেন, সেদিন একটা কথা বলেছিলেন, কেন্দ্রীয় সরকারে যে বাজেট বা ভারতবর্ষের যে অর্থনীতি সেটা আই.সি.ইউ.-তে ছিল। সেখান থেকে শুরু করে ভেন্টিলেশানে চলে গেছে। আমি সর্বপ্রথম অর্থমন্ত্রীকে ধন্যবাদ, অভিনন্দন জানাচ্ছি। এত কিছু সংকটের

মধ্যে দাঁড়িয়েও সারা ভারতবর্ষের ২৮টি রাজ্যের মধ্যে পশ্চিমবঙ্গের অর্থনীতি কিন্তু এগোচ্ছে। বিরোধীদের কাজ হচ্ছে অপজিশানে থেকে বিরোধিতা করা। যে রকম ফাইনান্স বিল নিয়ে বলতে গিয়ে ডঃ সুখবিলাসবাবু বললেন, এর পক্ষেও বলা যায়, বিপক্ষেও বলা যায়। ছিদ্রান্বেষীরা বিপক্ষটা খুঁজবে। তারা তো ছেড়ে কথা বলবে না। আমার একটা প্রশ্ন যে কেন এমন হল ? কেন আজকে অর্থমন্ত্রীকে বারে বারে দাঁড়িয়ে গরিব মানুষের জন্য, গ্রামীণ অর্থনীতির জন্য, সাধারণ ব্যবসায়ীদের জন্য তার কারণ VAT, GST ব্যবসার অংশ। জমি amalgamation সাধারণ মানুষের ব্যাপার। আজকে ভারতবর্ষের গ্রামীণ অর্থনীতি ভেঙে পড়েছে। সেখানে পশ্চিম বাংলায় গ্রামীণ অর্থনীতি কিন্তু ঠিকঠাক জায়গায় আছে। তার একটা বড় কারণ হচ্ছে ১০০ দিনের কাজ যেটা সাধারণ মানুষকে সরাসরি টাকা জুগিয়েছে। স্যার, আমি গ্রামীণ এলাকা থেকে নির্বাচিত। আমার ওখানে কোনো মিউনিসিপ্যালিটি নেই, প্রত্যন্ত গ্রাম। আপনি শুনলে আনন্দিত হবেন সারা ভারতবর্ষের মধ্যে ১০০ দিনে কাজে প্রথম। পশ্চিম বাংলার মধ্যে বাঁকুড়া ১০০ দিনের কাজে প্রথম। বাঁকুড়ার মধ্যে আমার তালডাংরা ফুলমতি অঞ্চল ১০০ দিনের কাজে প্রথম স্থান অধিকার করে আছে। সাড়ে ৯২ দিন এক একজন মানুষ কাজ পেয়েছে। এটা তো গ্রামীণ অর্থনীতির বিকাশ। স্যার, পার্লে বিস্কুট কোম্পানী ৫ টাকার প্যাকেটের বিস্কুট বানায়। প্রধান বায়ার কারা ছিল, ওই তো গ্রামের মানুষ। তাদের কোম্পানী বন্ধ করে দিতে হচ্ছে, প্রোডাকশান বন্ধ করে দিতে হচ্ছে কারণ ভারতবর্ষের গ্রামীণ অর্থনৈতিক অবস্থাটা বিপর্যস্ত, ভেঙে পড়েছে। আর পশ্চিমবঙ্গের অর্থনীতির কথা যখন বলছেন বিগত বাজেট অধিবেশনটা যখন চলছে বিভিন্ন বক্তার মুখ থেকে উঠে এসেছিল, আমি শুনছিলাম। প্রথমে তারা কনফিউজড মুখ্যমন্ত্রীর বক্তব্য নিয়ে। মুখ্যমন্ত্রী কখনো বলছেন ৫০ হাজার কোটি টাকা, কখনো ১ লক্ষ কোটি টাকা। মুখ্যমন্ত্রীর বক্তব্যটাই তাঁরা মন দিয়ে শোনেন নি। কেন্দ্রীয় সরকারের কাছে রাজ্যের নায্য প্রাপ্য ৫০ হাজার কোটি টাকা। তার উপর ৫৫ হাজার কোটি টাকা শুধু এই অর্থবর্ষে পশ্চিমবঙ্গ সরকারকে বিগত দিনের ঋণ শোধ করতে হচ্ছে। এই দুটোকে যোগ করুন - ১ লক্ষ ৫ হাজার কোটি টাকা, মুখ্যমন্ত্রী সেই কথাটা বলেছেন।

অমিত মিত্র মহাশয় আমি ঠিক কথা বলছি তো ? যে কথাটা অমিত মিত্র মহাশয় বলেছেন, FRBM (Finance Resolution on Budgetary Management) জানেন তো ? মানা হয়েছিল ? যেখানে বলা আছে GSDP (Gross State Domestic Production) রাজ্যের মূল উৎপাদন যত হয় তার ৩% পর্যন্ত তুমি ঋণ নিতে পারবে। একটা রাজনৈতিক কারণে আমাদের বিগত সরকার এই ঋণটাকে ২ লক্ষ কোটি টাকায় পৌঁছে দিয়ে গিয়েছিল। স্যার, সুজনবাবু এই বাজেটের উপরে বক্তৃতা করছিলেন, আমি শুনছিলাম। তিনি বারে বারে jugglery করে বলতে চাইছিলেন ১৯৪৭ সাল থেকে ২০১১ সাল পর্যন্ত বামেদের জামানা পর্যন্ত ঋণটা নাকি দু লক্ষ কোটি টাকা। আমি বিনয়ের সাথে তথ্য নিয়ে জবাবটা দিতে চাই, ১৯৭৭ সালের ২১শে জুন যেদিন সিদ্ধার্থ শঙ্কর রায়ের মন্ত্রীসভা চলে যাচ্ছে, সেই মন্ত্রীসভার অর্থমন্ত্রী ছিলেন শঙ্কর ঘোষ যদি আমার স্মৃতিশক্তি ঠিক থাকে তখন পশ্চিম বাংলায় ঋণের পরিমাণ ১২৫৭ কোটি টাকা।

[3:50 – 4:00 p.m.]

১৯৭৭ সালে, ৪৭ সাল থেকে ৭৭ সালের ২১ শে জুন পর্যন্ত বাংলার ঋণ ১ হাজার ২৫৭ কোটি টাকা। আর ৩৪ বছরের সরকারের আমলে ১ হাজার ২৫৭ কোটি টাকাটাকে ২ লক্ষ কোটি টাকায় পৌঁছে দিলেন কারা ? যার দেনার দায়ে আজকে জর্জরিত। অশোকবাবু, আপনার কাছে আমার প্রশ্ন-FRBM এর ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কী করে অনুমতি পেতেন, গল্পটা বলব ? ২০০৪ সাল, রাজনীতি আছে এর পিছনে। ২০০৪ সাল, আমিও তখন কংগ্রেস করি, ডঃ মনমোহন সিং - এর নেতৃত্বাধীন একটা সংখ্যালঘু সরকার, ১৪৫ জন এম.পি. ছিল কংগ্রেসের, বামেদের ছিল ৬১ জন, ওরা সমর্থন করল, সঙ্গে লালুপ্রসাদ যাদব ২৪টা, কংগ্রেস সরকার গঠন করল। বামেরা বলল আমরা মন্ত্রীসভায় যাব না। শুধুমাত্র স্পিকার পোস্টটা আমাদের দিন। আর পশ্চিম বাংলায় হিসেব বর্হিভুত লোন আমাদের দিতে হবে, সেটাই হল আন্ডারগ্রাউন্ড রিলেশনশিপ এবং তার উপর ভিত্তি করে কেন্দ্রীয় সরকার যা পাঠিয়েছেন এরা, যার জন্য দেখবেন ২০০৪-০৫ সাল থেকে শুরু করে ২০১০-১১ হায়েস্ট লোন এরা কেন্দ্রীয় সরকারকে ব্ল্যাকমেল করে, কংগ্রেসকে ব্ল্যাকমেল করে, যা পাঠিয়েছে, সেই অতিরিক্ত লোন এরা নিয়ে এসেছে। শোধ দেবার ক্ষমতা আছে কী নেই, তার চিন্তা এরা করে নি। যার জন্য ট্যাক্সও এরা গ্রহণ করে নি। অমিত মিত্রর কাছে কোন জাদুকাঠি আছে ? ১৯ হাজার কোটি টাকা ট্যাক্স কালেকশান ছিল ২০১০-১১-র ফাইনান্সিয়াল ইয়ারে। সেটা বাড়িয়ে গত বছর পর্যন্ত যে ফাইনান্সিয়াল ইয়ার চলছে ৬৫ হাজার কোটি টাকায় তিনি পৌঁছে দিয়েছেন, কৃতিত্ব মাননীয় অমিত মিত্রর, কৃতিত্ব মমতা ব্যানার্জীর সরকারের। ভাষণ দিচ্ছেন, লজ্জা করে না ? ১৯ হাজার কোটি টাকাটাকে কোন জাদুমন্ত্রে অশোকবাবু, ব্যবসা যদি না বেড়ে থাকে, ট্যাক্স কালেকশান যদি না হয়ে থাকে তাহলে কোন জাদুর মন্ত্রে ১৯ হাজার কোটিটা ৬৫ হাজার কোটিতে আয়টা পৌঁছাল? তার জবাব দিন। জবাবটা দিন কেন ২ লক্ষ কোটি টাকায় ঋণটা পৌঁছাল ? যার জন্য এগুলো দশ বছর অন্তর শোধ দিতে হয় অমিতবাবু বলছিলেন এক একটা বন্ডের এগেনস্টে। ২০০৫ সালে যেটা নিয়েছেন, ২০১৫ সালে সেটা শোধ দিতে হয়েছে তার সুদ সমেত। ২০০৬ সালে যেটা নিয়েছেন, ২০১৬ সালে সুদ সমেত ফেরত দিতে হয়েছে। ২০০৯ সালে যেটা নিয়েছেন, ২০১৯ সালে সুদ সমেত ফেরত দিতে হয়েছে। ২০১০ সালে যে ঋণ নিয়েছেন, ২০২০ সালে সুদ সমেত সে ঋণ ফেরত দিতে হচ্ছে। দায়টা কার ? দায়টা কার ? তার কারণ দিনের পর দিন ঘাটতিশূন্য বাজেট দেখিয়েছেন, আর জাগলারি করে মানুষকে বোকা বানিয়েছেন, পশ্চিম বাংলায় অন্ধকার নামিয়ে এনেছেন। সেই জন্যই স্যালুট এই গভর্ণমেন্টকে। এই ফাইনান্স বিলকে আমি সম্পূর্ণ সমর্থন জানাই এবং আপনাদের অপদার্থতা এবং রাজনৈতিক ব্ল্যাকমেলিং, মনমোহন সিং সরকারের কাছ থেকে হিসাব বর্হিভূত লোন নিয়ে পশ্চিম বাংলাটাকে আজকে আপনারা ঋণের দায়ে জর্জরিত করেছেন। তাই আগামী দিনের ইতিহাস আপনাদের ক্ষমা করবে না। এই কথা বলে বিলকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Shri Ali Imran Ramz : Thank you Sir, The West Bengal Finance Bill, 2020, এর ওপরে বলার সুযোগ দিয়েছেন তার জন্য ধন্যবাদ।

سر میں یہ بولنا چاہتا ہوں اس ایکٹ میں repeal کرنے کی بات آئی ہے۔ Smoking Act,1932 میں یہ دیکھ رہا تھا پہلے کہ smoking Act پر آج repeal کرنے کی بات ہو رہی ہے۔ لیکن اس پر جو repeal لایا جائے گا اس کے بارے میں پہلے اگر الگ سے repeal کا کوئی یہ لانا چاہئے تھا جیسا کہ مجھے پتہ ہے میں نے پوچھا بھی ڈاکٹر امیت مترا سے انہوں نے کہا کہ یہ ہو سکتا ہے۔ لیکن جہاں تک سمجھتا ہوں اس میں بتایا گیا ہے state law commission کی recommendation کی وجہ سے کیا جا رہا ہے۔ اگر یہ کرنے کی ضرورت تھی تو پچھلے ہاؤس میں ہمارے پاس business نہیں ہونے کی وجہ سے ہاؤس بند رکھا گیا تھا یہ last time بھی اس کو لا سکتے تھے۔ اس کو آج لانے کی ضرورت نہیں تھی۔ یہ کیوں لایا گیا؟ میرے سمجھ میں نہیں آیا سر، دوسری بات میں یہ کہوں گا کہ smoking Act کی بات کہی جا رہی ہے۔ اسی ریاست میں ہم نے دیکھا ہے۔ یہ tax کو بڑھایا گیا ہے۔ اسٹیٹ ٹیکس بڑھا کر جب سارد ھا میں ہمارے وزیر، ایم ایل اے، ایم پی لوگ پھنسے ہوئے تھے۔ اُس کے لئے جب پورے اسٹیٹ میں ہنگامہ ہو رہا تھا۔ تب ہمارے سرکار کی طرف سے جسٹس شیامل مکھرجی کمیشن بنایا گیا تا کہ جن لوگوں کا پیسہ سارد ھا میں لوٹ ہوا ہے۔ اُن کو پیسہ return کیا جائے گا۔ اُس کے لئے پیسہ کہاں سے آئیگا؟ تو ہماری عزت مآب وزیر اعلیٰ نے اُس وقت ریاست میں اعلان کیا تھا کہ cigarette pay tax بڑھا دیا گیا اور ریاست کے لوگوں کو وزیر اعلیٰ نے کہا تھا کہ

একটু বেশি করে সিগারেট খাবেন যাতে সরকারের আয়টা বাড়লে আমরা জনগণকে টাকা দিতে পারব।

یہ بھی ہم نے دیکھا ہے سر

Mr. Speaker : I have to examine this, I have to look into this document after that I will admit.

আমি দেখে নেব, আমিতো বলেছি আমি দেখে নেব, দেখে তারপর আমি admit করব

Shri Ali Imran Ramz : Ok Sir, আপনি দেখে নেবেন এ বক্তব্যটা মুখ্যমন্ত্রী দিয়েছেন।

ایک طرف سر آج جو آپ کا بجٹ ہے اس میں ہر چیز میں دیکھ رہے ہیں کہ آپ ایک نمبر پر ہیں۔ آج بجٹ میں ہر چیز میں ایک نمبر میں ہے کہ revenue collection آپ کا بڑھ رہا ہے آپ نے یہ دیکھایا ہے۔ لیکن mainly آپ کا excise سے انکم بڑھ رہا ہے۔ Excise پر زیادہ فوکس کر رہے ہیں۔ جس کی وجہ سے سر آج ایک طرف جب سگریٹ پینے کو منع کیا جا رہا ہے۔ یہاں تک کہ سگریٹ کے پیکیٹ میں لکھا رہتا ہے کہ cigarette is ingurious to health اُسی طرح شراب پینے پر بھی پابندی رہتی ہے۔ ہمارے دستورِ ہند کے آرٹیکل ۷۴ کے بارے میں سوجن چکرورتی مہاشے نے بتایا اُس کے بعد بھی آج اسٹیٹ میں سب سے زیادہ revenue collection کیا جا رہا ہے شراب کے ذریعے جبکہ دوسرے ریاستوں میں شراب پر پابندی لگائی جا رہی ہے۔ ہمارے ریاست میں liquor free state کرنے کی مانگ ہم نے کی تھی۔ لیکن اُس پر دھیان نہ دیتے ہوئے اب جو ہے پنچایتوں میں شرب کی دکانیں کھلوائی جا رہی ہے۔ یہاں تک کہ گاؤں گاؤں میں شراب کی دکانیں کھولوائی جا رہی ہے۔ جس کی وجہ سے ہمارا جو نوجوان سماج ہے۔ ہمارے گاؤں کے اندر لاء اینڈ آرڈر کا problem بڑھ رہا ہے۔ ہماری ماں بہنوں کی عزت آبرو خطرے میں پڑ رہی ہے۔ اُس کا بہت بڑا reason ہے کہ اسٹیٹ جو revenue collection کرنے کا ذریعہ بنائی ہے excise department کو اُس کی وجہ سے سرکار اپنی آمدنی کے لئے ہمارے ریاست کی ماں بہنوں کو خطرے میں ڈال رہی ہے۔ ہمارے نوجوان سماج کو خطرے میں ڈالا جا رہا ہے۔ ہمارے بنگال کی سنسکریتی، سبھیتا کو خطرے میں ڈالا جا رہا ہے۔ اور پورے نوجوان سماج کو شرابی بنانے کا کام کر کے اپنا پیسہ کمانے کا کام سرکار کر رہی ہے سر، اس کے میں مخالفت میں کھڑا ہوں۔ اس لئے میں چاہتا ہوں کہ اس کو یہ کہ سرکار نے کہاں ہے سر

دوسال کے لئے چائے بگان کے مزدوروں کا رین معاف کردیا گیا ہے۔اس کے بارے میں سوکھ بلاس برما جی نے کہا ہے دوسال میں جو total collection آئے گا۔وہ ۹۳ لاکھ ہے، ۹۳ لاکھ اگر معاف کر کے کسانوں کا کوئی بھلا نہیں ہوگا سر، اگر آپ کو کسانوں کا بھلا کرنا ہے تو کسانوں پر جو state GST ہے، central GST ہے۔سنٹرل جی ایس ٹی کو آپ معاف نہیں کرسکتے لیکن اسٹیٹ جی ایس ٹی کو آپ کم کرسکتے ہیں یا اُس کو معاف کرسکتے ہیں سر، آج کسان کو آپ بولتے ہیں کہ سرکار کی طرف سے فائدہ دیا جارہا ہے لیکن ساڑ میں آپ اُس کو subsidy دیتے ہیں۔لیکن جب ساڑ خریدنے دکان میں کسان جاتا ہے تو ۵۰ کیلو کے بورے میں اُس کو ۴۵ کیلو کا ساڑ دیا جاتا ہے وہ بھی لکھ کردیا جاتا ہے کہ اس میں ۴۵ کیلو ہے اور ۵۰ کیلو کا بورہ دیا جاتا ہے اُس کو سر، اور اُس پر GST بھی لگایا جاتا ہے۔کسان کا آناج، بیج، پانی، پٹرول ہر چیز میں اُس پر GST لگ رہا ہے۔جس کی وجہ سے کسان کی آمدنی جتنی بھی ہوں وہ اُس کے لئے کم پڑ رہا ہے۔سرکار کو واقعی میں کسانوں کا بھلا کرنا ہے تو state GST کو کم کیجئے۔آپ کو میں بتاتا ہوں سر میں اگر میں اپنی پتنی کو لے کر کھانا کھانے جاتا ہوں تو وہاں پر جب بل آتا ہے تو اُس میں اسٹیٹ جی ایس ٹی اور سنٹرل جی ایس ٹی الگ سے آتا ہے تو بل آنے کے بعد ایسا لگتا ہے کہ میں وزیراعظم اور وزیراعلیٰ کو ساتھ میں لے کر dinner کر رہا تھا۔اتنا بل آتا ہے۔ایسا حالت ہوتا ہے۔کہ وزیراعظم اور وزیراعلیٰ کو بھی ساتھ میں dinner کرانا پڑا ہے بل ایسا اا تا ہے سر، اس لئے جی ایس ٹی کو کم کیا جائے، سروس ٹیکس کو کم کیا جائے تو ہمارے کسانوں کا بھلا ہوگا سر، عام آدمی کا بھلا ہوگا اُس کی طرف دھیان دینے کی ضرورت ہے سر، بلکہ یہ جو ۹۳ لاکھ کی چھوٹ دیکر آپ کسانوں کا بھلا کر رہے ہیں۔یہ جو ناٹک کیا جارہا ہے اس کو بند کر کے صحیح معنوں میں کسانوں کا بھلا تب ہی ہوگا جب آپ اسٹیٹ سروس ٹیکس کو کم کیجئے گا۔یہ ضروری ہے۔اور میں یہ کہنا چاہوں گا سر، ایک طرف آپ کہہ رہے ہیں کہ آپ کا آمدنی بڑھ رہا ہے ہر چیزوں میں generate زیادہ ہو رہا ہے۔لیکن یہاں دیکھا جارہا ہے کہ مائنوریٹی سیکٹرس پر میں بات کرنا چاہوں گا اگر مائنوریٹی سیکٹرس کی طرف ہم لوگ دیکھیں کہ جس طرح سے بجٹ مائنوریٹی کا ہے اُس پر ہم چرچہ کرنے نہیں دیتے کیونکہ guillotine میں ڈال دیا جاتا ہے آج بہت سارا ایسا انسٹی ٹیوشن ہے جو financial crisis کی وجہ سے وہ انسٹی ٹیوشن بند کرنے کی حالت میں آ گئی ہے جس میں ایک ملی الامین گرلس کالج ہے۔جس میں آج پیسے کی کمی، administration کو کام نہیں کرنے دیا جارہا ہے۔مائنوریٹی انسٹی ٹیوشن کو برباد کرنے کے لئے financial crisis تیار کیا جارہا ہے۔جس کی وجہ سے مائنوریٹی انسٹی ٹیوشن دھیرے دھیرے بند ہونے پر ہے۔سر اس پر دھیان دینے کی ضرورت ہے۔اور finance department کے عزت مآب وزیر صاحب سے میری یہ گزارش ہے کہ وہ اس بات پر دھیان دیں کہ وہ اگر سروس ٹیکس کو کچھ کم کیا جائے تو بنگال کے لوگوں کو کافی راحت ملے گی۔

[4:00 – 4:10 p.m.]

শ্রী শীলভদ্র দত্ত : মাননীয় স্পিকার স্যার, দি ওয়েস্ট বেঙ্গল ফিনানসিয়াল বিল, ২০২০ Bill No. 2 of 2020 এই বিলকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি কয়েকটা কথা বলতে চাইছি। মাননীয় অর্থমন্ত্রী ২০১১ সালের পর থেকে বাজেট উপস্থাপনা করতে গিয়ে প্রতি বছরই মাথার উপরে বিরাট ধার নেওয়া সত্ত্বেও আজকে বাংলার সরকার বারে বারে প্রমাণ করেছেন - একদিকে যেমন গরিব মানুষের উপকারের জন্য কাজ করেছেন, অপর দিকে কীভাবে পড়ে থাকা টাকাকে আদায় করা যায়, ট্যাক্স বেশি করে আদায় করা যায়, তার একটা চেষ্টা চালিয়েছেন। তারই অঙ্গ হিসাবে এবারকার বাজেটে দেখানো হয়েছে যে, আগে কিছু মানুষকে সুযোগ দিয়ে প্রায় ৩০ হাজারের বেশি আবেদন করেছিল সেটেলমেন্ট অফ ডিসপিউটস্ স্কিমে, সেখান থেকে মানুষকে উপকার করে, মানুষের উপকার করে ১১২০ কোটি টাকার বকেয়া কর আমরা আদায় করতে পেরেছি। এই ভাবে একটার পর একটা কাজ করে বাংলার অর্থমন্ত্রী বাংলার অর্থনীতিকে আরও একটা ভালো জায়গায় নিয়ে যাওয়ার চেষ্টা করেছেন। আর এই ফিনান্স বিল - এই বিলের সম্বন্ধে বেশিকিছু কথা বলার থাকে না। তার কারণ ফিনান্স বিল বাজেটের সঙ্গে অঙ্গাঙ্গীভাবে জড়িত আছে। আমাদের কনস্টিটিউশানে আর্টিক্‌ল্ ১৯৯ এ বলা আছে, ফিনান্স বিলের ডেফিনিশানও দেওয়া আছে, কোন্ বিলকে ফিনান্স বিল বলা হবে এবং ফিনান্স বিল সম্পর্কে ডিটেলস্-এ বলা আছে। আমরা জানি ফিনান্স বিলের মধ্য দিয়ে একটা বাজেট যখন উপস্থাপনা করা হয়, সেইসময় বাজেটের কিছু পরিবর্তন, কিছু tax এ পরিবর্তন করতে হয়। সেই পরিবর্তনটাকেই

এই বিধানসভা থেকে পাস করানোর জন্য এই ফিনান্স বিলের মাধ্যমে সেটাকে পাস করানো হয়। আমরা এবারেও দেখেছি যে, এবারকার বাজেটে মানুষের উপকারের স্বার্থে মাননীয় অর্থমন্ত্রী কতকগুলো জায়গায় Indian Stamp Act, 1809 পরিবর্তন এনেছেন, পরিবর্তন এনেছেন West Bengal Agricultural Income Tax Act, 1944, পরিবর্তন এনেছেন West Bengal State Tax on Profession, Trades, Callings and Employments Act, 1979, West Bengal Sales Tax Act settlement of Disputes Act, 1909 West Bengal Value Added Tax Act 2003 এবং West Bengal Goods and Service Tax Act 2017 - এগুলোর মধ্যে অ্যামেন্ডমেন্ট আনা হয়েছে। আমরা যেমন দেখেছি, Stamp Act এ Section 47 Sub Section 6 পুরো omit করে দেওয়া হয়েছে যেখানে বলা হয়েছিল যে কনসার্ন্ড ব্যক্তি স্ট্যাম্প ডিউটির অদেয় অর্থ যেটা সাব-সেকশান ফাইভ অনুযায়ী নির্দিষ্ট সময়ের মধ্যে প্রদান করেন নি, এই ধারায় ছিল - সেখানে তাকে ১% ইন্টারেস্ট দিতে হবে। যে মাস অবধি টাকাটা শোধ করার কথা তার পরের মাসের ১ তারিখ থেকে। এই সেকশানটাকে পুরো তুলে দেওয়া হয়েছে। আমরা দেখেছি এর পরে ৪৭-বি র যে মূল ধারা, তাতেও পরিবর্তন এনেছেন। আমরা দেখেছি এই ফিনান্স বিলের মাধ্যমে কতকগুলো পরিবর্তন এখানে যেমন এসছে - স্ট্যাম্প ডিউটি ৫% থেকে ৭%। বিশেষ কারণে জমি একত্রীকরণ করতে গেলে অনেক সময় পারিবারিক কারণে অ্যামালগামেশান অফ সম্পত্তি করতে হয়, জমিকে মেলাতে হয়। সেইসময় যে স্ট্যাম্প ডিউটিটা দিতে হত ৫ % থেকে ৭%, সেই জায়গায় মাননীয় অর্থমন্ত্রী মানুষের স্বার্থে ০.৫% ডিউটি ধার্য করার প্রস্তাব রেখেছেন। আমরা দেখেছি এই ভাবে মাননীয় অর্থমন্ত্রী যেমন একদিকে মানুষের উপকার করেছেন, তেমনি যদি আমার আয়ত্তে থাকে কর দেওয়ার, ট্যাক্স দেওয়ার, ডিউটি দেওয়ার ক্ষমতা থাকে, তখন সেই জায়গাটায়, সেই মানুষগুলো সেই টাকাগুলো দেওয়ার জন্য আরও বেশি করে ইন্টারেস্ট দেখাতে পারেন এবং সেই টাকা তাঁরা পৌঁছে দেন, জমা দেন। Bengal Agricultural Income Tax Act, 1944 অ্যামেন্ডমেন্ট করা হয়েছে। যে অ্যামেন্ডমেন্ট অনুযায়ী বাংলার কৃষক সম্প্রদায়ের জন্য আরও দু'বছর ৩১.৩.২০২১ এবং ৩১.৩.২০২২ এ শেষ হয়ে যাওয়া দু'বছরের জন্য ইনকাম ট্যাক্সের যে অ্যামেন্ডমেন্ট এই কৃষকদের সাহায্যের জন্য এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্সে পুরো ছাড় দেওয়া হয়েছে। বাংলার কৃষক সম্প্রদায়ের অগ্রগতির মধ্য দিয়েই বাংলার অগ্রগতি হতে পারে। এ বাংলার বেশিরভাগ মানুষ, গ্রাম বাংলার মানুষ, কৃষিজীবী মানুষ, বাংলার কৃষক সম্প্রদায়ের মানুষ আমাদের অর্থনীতিকে শক্তিশালী করেন।

সেই বাংলার মানুষ যদি এগোতে পারে, যদি বাংলার কৃষিজীবী মানুষ এগিয়ে যান, সেই কারণে সেই মানুষগুলোর পাশে দাঁড়িয়েছেন। যখন আমরা দেখি মহারাষ্ট্রে কৃষক আত্মহত্যা করে, যখন আমরা দেখি অন্ধ্রপ্রদেশে কৃষক আত্মহত্যা করে, তখন বাংলার একজন কৃষকও আত্মহত্যা করে না অর্থনৈতিক কারণে কারণ বাংলার মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, বাংলার অর্থমন্ত্রী অমিত মিত্ররা সেই কৃষক পরিবারের পাশে দাঁড়িয়ে কখনো তাদের অদেয় ট্যাক্সকে পুরোপুরি বাদ দেন, কখনও সেই মানুষগুলোর পাশে দাঁড়িয়ে তাদের জন্য পেনশান প্রকল্প চালু করেন।

এই কাজ করে বাংলার কৃষিজীবী মানুষের পাশে দাঁড়ান বাংলার সরকার, বাংলার মা-মাটি-মানুষের সরকার। সেই জন্যই আমরা বলতে পারি এই ফিনান্স বিলের মধ্যে দিয়ে পরিবর্তনগুলো নিয়ে এসে বাংলার অর্থমন্ত্রী অমিত মিত্র বাংলার মানুষের পাশে দাঁড়ানোর ব্রতে ব্রতী হয়েছেন। আমরা জানি ৩১ মার্চ, ২০২০র মধ্যে আবেদন করা ভ্যাট, ঋণ প্রভৃতি ডিসপিউট ট্যাক্সের মধ্যে যাঁদের বাকি রয়েছে, যাঁরা দেন নি, যাঁদের নিয়ে ডিসপিউট চলছে, সেই মানুষগুলোকে নতুন করে একটা সুযোগ দেওয়া হয়েছে। তুমি যদি ২৫ পার্সেন্ট অদেয় ঋণের টাকা ৩১ মার্চের মধ্যে শোধ কর তাহলে ওই ডিসপিউটের টাকা ট্যাক্সের বাকি অংশ তুমি ১লা এপ্রিল ২০২০ থেকে ৬ মাসের মধ্যে সেই টাকা ৬ টা ইনস্টলমেন্টে তুমি শোধ করতে পারবে। আমার মনে হয় এই ভাবে মানুষকে ট্যাক্স দেওয়ার জন্য, ইন্টারেস্ট আরো বাড়ানোর কাজে মাননীয় অর্থমন্ত্রী সরকার থেকে যে আইন করছেন এবং এর মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রী জমা না দেওয়া ট্যাক্সের টাকা, জমা না দেওয়া এই সমস্ত বাকি যে টাকা বাজারে পড়ে রয়েছে, সেই টাকা গুলো নিয়ে এসে বাংলার অর্থনীতিকে সুদৃঢ় করার চেষ্টা করছেন। আজকে যখন ভারতবর্ষের সরকারের জি.ডি.পি.র হার কমে, তখন বাংলার জি.এস.ডি.পি.র হার বাড়ে। আজকে যখন ভারতবর্ষের সরকারের উন্নয়নের হার কমতে থাকে, তখন বাংলা নিজের গতিতে এগিয়ে চলে কারণ বাংলার অর্থমন্ত্রী, বাংলার মুখ্যমন্ত্রী বাংলার মানুষের স্বার্থে, বাংলার আগামী প্রজন্মের স্বার্থে মানুষকে আরো বেশি করে সুযোগ দিয়ে, সুবিধা দিয়ে বাংলাকে এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করেন। তার ফসল হিসেবে যখন ৫ পার্সেন্টে নেমে যাচ্ছে দেশের জি.ডি.পি., তখন ১০ পার্সেন্টে উঠছে বাংলা কারণ ভারতবর্ষ যখন পিছনের দিকে দৌড়োচ্ছে, বাংলা তখন সামনের দিকে দৌড়োয় কারণ বাংলার অর্থমন্ত্রী বাস্তববাদী অর্থমন্ত্রী। বাংলার মাননীয়া মুখ্যমন্ত্রী বাংলার অর্থনীতিকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য এক দিকে যেমন গরিব মানুষের পাশে দাঁড়িয়ে কাজ করেন, তেমনিভাবে যে টাকা বাজারে পড়ে রয়েছে, যে ট্যাক্স বাকি থাকে, যে স্ট্যাম্প ডিউটি মানুষ দিতে চায় না, সেই টাকাগুলো বেশি করে আদায় করে বাংলার অর্থনীতিকে সুদৃঢ় করার চেষ্টা করছেন। আমরা ধন্যবাদ জানাব বাংলার অর্থমন্ত্রীকে, শুধু এই ব্যাপারে নয় আমরা দেখেছি স্ট্যাম্প ডিউটির টাকা যেমন দেওয়া হয়েছে, তেমনিভাবে কৃষি কাজের যে আয়, সেটাতে যেমন করা হয়েছে, তেমনি ভাবে সমস্ত বকেয়া কর, সমস্ত ঋণ যেগুলো বাকি থাকে, সেই সমস্ত ঋণগুলোকে ফেরত নিয়ে, সেই টাকা মানুষকে দেওয়ার সুযোগ করে দিয়ে অর্থমন্ত্রী এবারকার এই ফিনান্স বিলে মানুষকে যে সুযোগ দিয়েছেন, যেটা বাজেটের মধ্যে দিয়ে মানুষের সামনে তুলে ধরেছেন, সেই কাজটা ত্বরান্বিত করার জন্য এই ফিনান্স বিল এখানে এসেছে। ফিনান্স বিল সমর্থন করতেই হবে, এটা যেমন ঠিক, আমি বলব এই ফিনান্স বিলকে সমর্থন না করে মানুষের উপায়ও নেই। নমস্কার।

শ্রী বিশ্বনাথ চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই বিল সম্পর্কে আমার কয়েকটা প্রস্তাব আছে। আপনি জানেন যে আমাদের বিভিন্ন পরিবার, আজকে যৌথ পরিবার ব্যবস্থা খুবই কম। কাজেই যৌথ পরিবার ব্যবস্থা আজকে প্রায় ভেঙে গিয়েছে। সেখানে একটি পরিবারের যদি ৬ জন ছেলে থাকে তাহলে সেই ৬ টি ছেলের যদি জমি থাকে, তাহলে সেই জমিগুলোকে ভাগ করে

নিতে গেলে স্ট্যাম্প ডিউটি ৫ পার্সেন্ট করার কথা যেটা বলা আছে, আমি ফিনান্স মিনিস্টারকে অনুরোধ করব যে এটাকে আরো কমিয়ে দেওয়া যায় কি না।

[4:10 – 4:20 p.m.]

এটাকে যদি আরও একটু কমিয়ে দেওয়া যায় তাহলে এখানে এই সমস্ত পরিবার তারা বিশেষভাবে উপকৃত হবে। ০.৫ যেটা আছে, আমি বলছি যে আর একটু কমিয়ে দেওয়া যায় কিনা ? এটাকে আরও বেশি কমাতে না পারলে এই লোকগুলো কিছু করতে পারবে না। নাহলে দিনের পর দিন জমিগুলো ওই অবস্থায় পড়ে থাকে। তারা কিছু করাতে পারে না। আমি আপনাকে অনুরোধ করব যে আপনি দেখবেন যে এই ক্ষেত্রে কিছু করা যায় কিনা ? আর একটা কথা হচ্ছে, আমাদের যে একশো দিনের কাজ সেই একশো দিনের কাজে আজকে একটা জিনিস লক্ষ করা যাচ্ছে যে বিভিন্ন পঞ্চায়েতে একশো দিনের কাজে মেশিন ব্যবহার করা হচ্ছে। এখানে কিন্তু মেশিন ব্যবহার করার কথা নয়। মাননীয় সদস্যরা সকলেই এটা জানেন। কাজেই আমি বিভাগীয় মন্ত্রীকে বলব যে এই বিষয়টাতে তিনি যদি নজর দেন যে মেশিনের সাহায্যে কাজ করে কিন্তু সাধারণ মানুষ উপকৃত হতে পারে না। কাজেই এই বিষয়টার উপরে বিশেষ গুরুত্ব দেওয়া দরকার। ক্ষেতমজুরদের কথা গত দু দিন আগে মুখ্যমন্ত্রী বলেছিলেন যে তিনি ক্ষেতমজুরদের সম্পর্কে তিনি ভাবনাচিন্তা করবেন। এটা তিনি বলেছিলেন এবং তিনি এস.এস. আই স্কীমে আনতে বলেছিলেন। স্বাভাবিকভাবেই, এটা যদি মাননীয় অর্থমন্ত্রী ঘোষণা করেন তাহলে এই ক্ষেত্রে কিছুটা সুবিধা হয় এবং তাতে তারা উপকৃত হতে পারে। আর একটা ব্যাপার যেটা প্রাসঙ্গিক না হলেও বলতে হচ্ছে যে আজকে আমাদের এই রাজ্য থেকে হাজার হাজার যুবকরা, মহিলারা ভিন্ন রাজ্যে চলে যাচ্ছেন। এটা যাচ্ছেন এই কারণে যে এখানে কর্মসংস্থানের সেই সুযোগটা নেই বলেই তাঁরা যাচ্ছেন। কাজেই এই বিষয়টার উপরে বিশেষভাবে নজর দেওয়া দরকার। আমাদের রাজ্যে লক্ষ লক্ষ পোস্ট ফাঁকা পড়ে আছে। সেখানে কারা কাজ করছে। যারা এক সময়ে সরকারি পদে ছিলেন তারাই আবার সেখানে কাজ করছেন। তাহলে বেকার যুবকদের কর্মসংস্থানের ব্যবস্থাটা কীভাবে হবে ? এটা যদি অর্থমন্ত্রী বলেন তাহলে সেই ক্ষেত্রে সুবিধা হবে কারণ এই মানুষরা, যারা বেকার যুবক আছে, এই যুবকরা কোথা থেকে কাজটা পাবেন। এটা কিন্তু অবশ্যই একটা ভাবনাচিন্তা করার বিষয়। আমি নীতিগতভাবে একটা জিনিসকে কখনোই সমর্থন করি না। সেটা হচ্ছে আমাদের মদ থেকে অর্থ উপায় যেটা সমাজকে সবথেকে বেশি ক্ষতিগ্রস্ত করছে। সেটা গ্রামাঞ্চল বলুন বা শহরাঞ্চল বলুন। মদ থেকে এভাবে যে অর্থ সংগ্রহ করা হচ্ছে এটা নিশ্চয়ই দেখা দরকার। এতে সমাজ কোনদিন ভালো হতে পারে না। সমাজ কোনদিন সুস্থ হতে পারে না। কাজেই মদ থেকে এই ব্যাপারে সরকারের দূরে চলে আসা উচিত। দূরে চলে এসে যাতে এই বিষয়টা তাঁরা গুরুত্ব দিয়ে দেখেন সমাজটা যাতে সুন্দরভাবে গড়ে ওঠে, যাতে সমাজের এই অবস্থা না হয়, তার জন্য আমি বিশেষভাবে অর্থমন্ত্রীকে অনুরোধ করব। কিছু ব্যাপার আছে, যেমন, স্ট্যাম্প ডিউটির টাকা। এই স্ট্যাম্প ডিউটির টাকাটা এটা কিন্তু পঞ্চায়েত বা পৌরসভা তাদেরও পাওয়া উচিত। এতে তারা অনেক বেশি উপকৃত হতে

পারে। কাজেই সেটা যদি তাদের দেওয়া হয় তাহলে পৌরসভা এবং পঞ্চায়েতগুলো আরও কিছুটা সচল হতে পারে। এই বিষয়টা দেখবার জন্য আমি তাঁকে অনুরোধ করব। সর্বশেষে আমি যে কথাটা বলে শেষ করব সেটা হচ্ছে যে আজকে যে অবস্থার মধ্যে দিয়ে আমরা চলছি সেটাকে কেউ বলছেন ভালো, কেউ বলছেন খারাপ, কিন্তু বাস্তব হল গোটা দেশের অবস্থাটা খুবই খারাপ এটা আমরা সকলে জানি।

কিন্তু বাস্তব অবস্থা হচ্ছে গোটা দেশের অবস্থা খুবই খারাপ এটা আমরা সবাই জানি। কাজেই এই অবস্থার পরিপ্রেক্ষিতে দাঁড়িয়ে যদি আমরা কতগুলি নীতিকে সষ্ঠুভাবে পালন না করি তাহলে কিন্তু চলবে না। একজন বিরোধী সদস্য বলছিলেন যে অর্থমন্ত্রী তিনবার পর পর হিসাব নেন প্রত্যেকটা জায়গাতে যে, কার কাছে কী টাকা পড়ে আছে, নাহলে টাকা ফিরিয়ে দিতে হবে। খুব ভালো পদক্ষেপ। কিন্তু আমি তবু বলব যে বিভিন্ন জায়গাতে কি পরিমাণ টাকা পড়ে আছে, এখনও পর্যন্ত কত টাকা পড়ে আছে, এটা যদি ভালোভাবে খোঁজখবর নেন, তাহলে বোধ হয় আমাদের পক্ষে সুবিধা হবে এবং সেটা করবার ক্ষেত্রেও সেই কাজগুলি করবার ক্ষেত্রে অনেকখানি সুবিধা হবে। আমি বিশ্বাস করি যে অর্থমন্ত্রী আমি যে কথাগুলি বললাম সেগুলি যদি গুরুত্বসহকারে দেখেন, তাহলে আমার মনে হয় আগামী দিনে আমাদের কিছুটা সুবিধা হতে পারে। কাজেই সেই কাজটা করবার অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

ডঃ অমিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সংক্ষিপ্তভাবে বলার চেষ্টা করব। প্রথমেই কেন্দ্রীয় সরকারের এবং ভারতের অর্থনীতির অবস্থা সম্বন্ধে অনেকে বলেছেন তাঁদের বক্তব্যে। আমি শুধু একটা বিশেষ কথা বলতে চাই স্যার, আপনি জানেন জি.ডি.পি. গ্রোথ এগারো বছরে সবচেয়ে নীচে, লোয়েস্ট ভারতবর্ষে। প্রাইভেট কনজাম্পশান সাত বছরে লোয়েস্ট। এই প্রাইভেট কনজাম্পশানের ব্যাপারে বললাম যে কীভাবে আমরা চেষ্টা করছি মানুষের হাতে, কৃষকের হাতে, শ্রমিকের হাতে টাকা তুলে দিতে, যাতে তারা সেটা খরচ করে। সেই প্রাইভেট কনজাম্পশান সাত বছরে লোয়েস্ট। ইনভেস্টমেন্ট, বিনিয়োগ ১৭ বছরে লোয়েস্ট। তাহলে বুঝতে হবে কী ডেপথ অফ দ্য ক্রাইসিস। ম্যানুফ্যাকচারিং, উৎপাদনকেন্দ্রিক শিল্পে ১৫ বছরে লোয়েস্ট। স্যার, ইনফ্লেশনের বক্তব্যটা এখনই এসেছে। ৬৮ মাসে হায়েস্ট। ৬৮ মাস তার হায়েস্ট ইনফ্লেশন জানুয়ারি মাসে হয়েছে। তার মানে আজকে ভারতের অর্থনৈতিক অবস্থা কী দেখতে পাচ্ছি। স্যার, এই সম্বন্ধে একটা কথা বলব যেটা হয়ত সকলের, শ্রদ্ধেয় এম.এল.এ.দের চোখে পড়েনি, এল.আই.সি.কে প্রাইভেটাইজেশন, স্টেক সেলের ব্যবস্থা হচ্ছে। আমি একটু জানাতে চাই হাউসকে এল.আই.সি. ২০১৫তে মার্চ মাসে তাদের নন-পারফর্মিং অ্যাসেট মানে যেটা রিস্কি লোনস্, রিস্ক বেস্ড নন পারফর্মিং অ্যাসেটস্ ১২,২১৩ কোটি ছিল ২০১৫সালের মার্চে। সেপ্টেম্বর ২০১৯সালে কোথায় গিয়ে দাঁড়িয়েছে জানেন স্যার-৩০,০০০কোটি। নন-পারফর্মিং অ্যাসেট, তার মানে কোম্পানিটাকে ডুবিয়ে দিচ্ছে। আগে ডোবাচ্ছে। দ্বিতীয় কথা হল- এল.আই.সি.তে গিয়ে জোর করে পাব্লিক সেক্টর ডিস-ইনভেস্টমেন্টে টাকা দেওয়া হচ্ছে - জোর করে। বি.এইচ.ই.এল. সেখানে ২ হাজার ৬৮৫ কোটি এল.আই.সি.কে জোর করে ওদের

শেয়ার কেনানো হয়েছে। এন.পি.এ. তো বাড়বেই স্যার। কোল ইন্ডিয়া-এল.আই.সি.র মাধ্যমে ৭হাজার কোটি টাকা কোল ইন্ডিয়ার শেয়ার কেনানো হয়েছে জবরদস্তি। এই ভাবে আমাদের বুঝতে হবে শুধু পার্সেন্ট সবচেয়ে কম, সবচেয়ে কম এবং ইনফ্লেশনের কেস থেকে সবচেয়ে বেশি। শুধু তাই নয় একটা ষড়যন্ত্র রয়েছে। আগে এল.আই.সি. কে ধসিয়ে দাও, ৩০ হাজার কোটি এন.পি.এ. করে দাও, তার পরে এল.আই.সি.কে প্রাইভেটাইজ কর। এই যে স্ট্র্যাটেজিটা, ভারতে অন্য কাউকে আলোচনা করতে শুনি নি, এটা কিন্তু নিহিত রয়েছে। এটা ডেঞ্জারাস ট্রেন্ড। (২) কিভাবে রাজ্যের ফেডারালিজমকে ভেঙে দিচ্ছে কেন্দ্রীয় সরকার, যাতে পশ্চিমবঙ্গ ইজ এ ভিকটিম।

[4:20 – 4:30 p.m.]

প্রথম হচ্ছে স্যার ডেভলিউশন্। মাননীয়া মুখ্যমন্ত্রী এদিন বলেছেন প্রেস কনফারেন্সে, যে টাকা আমাদের এখান থেকে কেন্দ্রীয় সরকার তুলে নেয় অ্যাজ ডাইরেক্ট ইনকাম ট্যাক্স। এই ইনকাম ট্যাক্স, অথবা কর্পোরেট ট্যাক্স। সেই টাকার ৪৪ শতাংশ সারা রাজ্যকে ফেরৎ দেয়। দ্যাট ইজ্ ডেভলিউশন। যে, আমাদেরই টাকা তুলে নেয় ডাইরেক্ট ট্যাক্স থেকে, শেষ পর্যন্ত অ্যাজ পার কনস্টিটিউশান আমাদের ৪২% ফেরৎ দেয়। প্রথমে তো ৪২ কে ৪১ করে দেওয়া হ'ল। ১% কাশ্মীরের জন্য চলে যাবে। মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছেন যে, বাজেট এস্টিমেটে ২০১৯-২০তে ছিল ৫৯ হাজার ২৬০ টাকা, মানে ৬০ হাজার কোটির কথা চিন্তা করুন। রিভাইজ্ড এস্টিমেটে কমিয়ে ৪৮ হাজার ৪৮ - তার মানে ১১ হাজার কোটি টাকা রিভাইজ্ড এস্টিমেট্ আমাদের রাজ্যগুলোকে কমিয়ে দেওয়া হয়েছে। স্যার, এবার ২০১৯-২০ এর সঙ্গে ২০১৮-১৯কে তুলনা করুন। ২০১৮-১৯ সালে পশ্চিমবঙ্গ অ্যাকচুয়াল পেয়েছিল ৫৫হাজার ৭৭৫। এটা আমাদের অধিকার। ২০১৯-২০তে স্যার আমরা পাব ৪৮ হাজার ৪৮। তার মানে এই দু'বছরের তুলনায় ৭ হাজার ৭২৬ কোটি আমরা কম পাব। স্যার, এক দিকে বাজেট এস্টিমেটটা কমিয়ে আর.ই. করে দেওয়া হ'ল ১১ হাজার, আর অ্যাকচুয়ালের সঙ্গে তুলনা করতে গেলে দেখবেন, আগের বছরের সঙ্গে এই বছরের তুলনায় ৭ হাজার ৭২৬ কোটি কম পাব। এটা হচ্ছে প্রথম ধাক্কা - সব রাজ্যকে কেন্দ্রীয় সরকার করছে। নাম্বার -২, স্যার, সেস্ আর সাচার্জ - এই দুটো জিনিস আছে, যেটা রাজ্যকে দেওয়া হয় না। ট্যাক্সটা ৪২% দেওয়া হয়, কিন্তু সেস এবং সাচার্জ - রাজ্য এক পয়সাও পায় না। স্ট্র্যাটেজিটা কি কেন্দ্রীয় সরকারের ? ২০১৩-১৪ তে টোটাল রেভিনিউ রিসিপ্ট সেন্ট্রাল গভর্ণমেন্টের ৮ শতাংশ ছিল সেস্ আর সাচার্জ। সেটা ২০১৮-১৯এ এসে বেড়ে ১৮% এ পৌঁছেছে। এই ১৮%এর আমরা এক পয়সাও পাব না। শুধু ট্যাক্সের ৪২ % - এখন ৪১% পাব, এটা পাব না। তার মানে ধীরে ধীরে রাজ্যের হাতে যে ডেভলিউশনের টাকা যেত, সেই গ্রোথটাকে কমানোর জন্য সেস্ অ্যান্ড সাচার্জ বাড়িয়ে যাচ্ছে কেন্দ্রীয় সরকার, যাতে রাজ্যের কোনো রাইট না হয় সেই টাকাটা পাওয়ার। ভেরি ডেঞ্জারাস্ কেস্। তৃতীয় স্যার, জি.এস.টি. কমপেনশেসান। জানুয়ারি মাসে আমাদের পাওয়া উচিৎ, যেটা এখনও অবধি পাই নি, - ২৪০৬ কোটি। জানুয়ারি মাসে দিচ্ছে না। স্যার, আপনি শুনে খুশি হবেন, কলকাতায় এমপাওয়ার্ড কমিটির মিটিং-এ

আমার সুযোগ হয়েছিল চেয়ার করার, সেখানে আমরা বলেছিলাম, ফর কমপেনশেসান ফর ফাইভ ইয়ার্স - 'ফর'। অ্যান্ড নট আপটু ফাইভ ইয়ার্স - ফাইভ ইয়ার্স। তার পরে কনস্টিটিউশন অ্যামেন্ডমেন্ট হ'ল, আমাদের অধিকার হ'ল। এ দিকে ইন রিয়্যালিটি, ২৪০৬ কোটি জানুয়ারি মাসে পাই নি। আমি কী করব স্যার ? তার পরে স্যার আসছি, কত টাকা সেন্ট্রাল স্পনসর্ড স্কিমে আমাদের আজকে দেওয়া হয় নি। মাননীয়া মুখ্যমন্ত্রী সেদিন বলেছেন, আমি রিপিট করে দিচ্ছি। ৩৭ হাজার ৯৭৩ কোটি টাকা সেন্ট্রাল স্পনসর্ড স্কিমে এখনো আমরা পাই নি। এটা হচ্ছে তৃতীয় ধাক্কা। প্রথম হচ্ছে ডেভলিউশন কমিয়ে দাও, দ্বিতীয় হচ্ছে সেস্ আর সাচার্জকে বাড়াও, যাতে না পায়, তৃতীয় হচ্ছে জি.এস.টি. কমপেনশেসান দিয়ো না, আর চতুর্থ হচ্ছে সেন্ট্রাল স্পনসর্ড স্কিমে টাকা দিয়ো না।

এই অবস্থায় স্যার, আমরা এগিয়ে যাচ্ছি এই রাজ্যকে চালিয়ে। এই সম্বন্ধে আপনাকে বলতে চাই স্যার, জি.এস.টি. সম্বন্ধে। শুনে খুশি হবেন স্যার, জি.এস.টি.র থ্রেসোল্ড ছিল ২০ লক্ষ। এই সদনের তরফ থেকে, মাননীয়া মুখ্যমন্ত্রীর তরফ থেকে লড়াই করে ছোট ব্যবসার জন্য ২০ লক্ষকে থ্রেসোল্ড তুলে ৪০ লক্ষতে এনেছি। ৪০ লক্ষ অবধি টার্নওভার হ'লে তাকে জি.এস.টি. দিতে হবে। যেটা ২০ লক্ষ ছিল। সেই ভাবে স্যার লড়াই করে কম্পোজিশান স্কিম, সেখানে স্মল সার্ভিসেস্ ইনক্লুডেড্ ছিল না। সেটাকেও করেছি।

সেহেতু এটা হিসাব করতে গেলে দেখা যাবে পশ্চিমবঙ্গের অবদান GST Council-এ সাধারন মানুষ এবং ছোট ব্যবসার জন্য ভীষণ। স্যার, এবারে আর বেশি বলতে চাই না, কী কী major simplification আমরা করতে পেরেছি, এটাতে দু-একজন বক্তা ঠিকই বলেছেন, আমাদের তরফ থেকে শুনলাম বলেছেন simplification of rules and regulations, re-organization of all Revenue Directorates ইত্যাদি ইত্যাদি। আমি শুধু SOD তে আসতে চাই, যেটা আমরা ছুট দিয়েছি। এই ক্ষেত্রে আপনি শুনলে খুশি হবেন, এই ফিন্যান্স বিলে যেটা আছে disputed ২৫ হাজার ছোট ব্যবসা লাভ করবে তাদের disputed settlementএ। আর certificate কেসে ১৫ হাজার। তার মানে ৪০ হাজার ছোট ব্যবসা পশ্চিমবঙ্গে এই স্কীমের advantage নিতে পারবে। স্যার, last point, এই অবস্থায় fiscal deficit, ভারতবর্ষ বলছে ৩.৮% fiscal deficit টার্গেট। সত্যি কথা আমরা সবাই জানি, যেটা Off Budget, যেটা ধরে রেখেছি, সে সম্বন্ধে অন্য সময়ে আলোচনা করতে রাজি আছি স্যার। Off Budgetএ প্রায় ২ লক্ষ কোটি টাকা লুকিয়ে রেখেছে, যেটা fiscal deficit-এ আসে না। তো real fiscal deficit of India may be in the tune of 5%, not 3.8%. ওটা লুকিয়ে রেখেছে। আমি একটা Television interviewতে তার details দিয়েছিলাম যে কোথায় লুকিয়ে রেখেছে, কীভাবে সেটা করছে। স্যার, কিন্তু আমরা কী করেছি fiscal deficit ২০১০-১১ তে fiscal deficit as a proportion of GSDP ছিল ৪.২৪। এই বাজেটে, ২০২০-২১এ আমি টার্গেট করেছি 2.18। এটা হচ্ছে discipline। স্যার, debt GDP ratio, এই debt সম্বন্ধে অনেক কথা হয়েছে। Debt GDP ratio-র ক্ষেত্রে ২০১০-১১তে ছিল 40.65%, শুনে খুশি হবেন স্যার, My target, in

2020, এই Finance Bill এর part of the Budget is 32.9% মানে 33% ধরতে পারেন। সাড়ে ৪০% থেকে নামিয়ে ৩৩%তে নিয়ে যাব। তার কারণ GDP বৃদ্ধি এত ফাস্ট হয়েছে যে debt GDP ratio কমে এসেছে। স্যার, আমি দেখলাম সংবাদ মাধ্যমে যেটা আমি বলেছিলাম সাড়ে ৩ লক্ষ কোটি টাকা সুদ এবং আসল বামফ্রন্ট সরকারের সময়ে টাকার ঋণের থেকে আমরা দিয়েছি। মনে রাখতে হবে সেই achieve করতে গিয়ে আমাদের ঘাড়ে ঋণ এসেছে। সেই ঋণ আজকেও আমরা শোধ করে যাচ্ছি, এবং করে যেতে হবে। তাই আমি এটা বলেই শেষ করব স্যার, যে মাননীয় মুখ্যমন্ত্রীর strategy GDP গ্রোথের ১) সাধারণ মানুষের হাতে consumer income দাও। Strategy 2) capital expenditure করে সরকারের তরফ থেকে ব্রীজ, রাস্তা ইত্যাদি তৈরি হচ্ছে সেটা আপনারা জানেনই তাতে আপনারা বিভিন্ন প্রডাক্টের ডিম্যান্ড বাড়ান। শুধু consumer goods নয়, আর ৩) যা পলিসি হবে labour intensive in nature, আপনারা জানেন স্যার, আমাদের যখন স্বাধীনতা হয়েছিল তখন South Korea-র GDP ছিল ৪০০ ডলার। ভারতবর্ষের GDP ছিল ৪০০ ডলার। আজকে South Korea-র GDP হয়তো ২৫ হাজার ডলারে চলে গেছে, আমাদের হয়তো দেড় হাজার থেকে দু হাজার ডলার PPP-র কথা বলছি না, straight exchange rate ব্যবহার করে। আমরা কেন করতে পারি নি। তার কারণ South Korea, Taiwan এরা সবাই labour intensive food process-এ চলে যায়। এক্সপোর্টকে তারা সুবিধা দেয়, focus was labour intensive. পশ্চিমবঙ্গ labour intensive-এর উপরে ফোকাশ দিয়ে, - আমাকে উনি জিজ্ঞাসা করছিলেন এই জায়গাটার নাম কী? যেটা আপনি বললেন, এটা হচ্ছে অঙ্কুরহাটি, আড়াই লক্ষ স্কোয়ার ফুট তার মধ্যে Tanisque আছে। এসে দেখবেন স্যার, কত মানুষ সেখানে কাজ করছে এই হাওড়াতে এই gems and jewelleries।

[4:30 – 4:34 p.m.]

So strategy is সাধারণ মানুষের হাতে পয়সা দাও with very high marginal propensity to consume 90% তারা বাজারে খরচ করবে এই বাজেটে তার চেষ্টা। দুই হচ্ছে, capital expenditure বাড়াও। আর তৃতীয় হচ্ছে, labour intensive sectorকে emphasis কর। এই হচ্ছে মমতা বন্দ্যোপাধ্যায়ের strategy, যার জন্যে ভারতবর্ষের যে অবনতি সেটাকে আমরা আজকে বাঁধ দিয়ে আটকে রেখে এ বছরে আমরা double digit GDP growth-এ চলে যাব এই assurance আমি হাউসকে দিতে চাই। ধন্যবাদ স্যার।

Mr. Speaker : Now I put the motion moved by Dr. Amit Mitra that the West Bengal Finance Bill, 2020, be taken into consideration to vote.

As many as are of that opinion will please say AYE.

As many as are of the contrary opinion will please say, NO.

Ayes have it. Ayes have it.

CLAUSES 2 TO 8

Mr. Speaker : There is no amendment to Clauses 2 to 8. So I put to vote clauses 2 to 8 do stand part of the Bill.

As many as are of that opinion will please say AYE.

As many as are of the contrary opinion will please say, NO.

Ayes have it. Ayes have it.

Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill

Mr. Speaker : There is no amendment to Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill. So, I put to vote Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill do stand part of the Bill.

As many as are of that opinion will please say AYE.

As many as are of the contrary opinion will please say, NO.

Ayes have it. Ayes have it.

Dr. Amit Mitra : Hon-ble Speaker, Sir, I beg to move that the West Bengal Finance Bill, 2020, as settled in the Assembly, be passed.

Mr. Speaker : I put the motion that the West Bengal Finance Bill, 2020, as settled in the Assembly, be passed to vote.

As many as are of that opinion will please say AYE.

As many as are of the contrary opinion will please say, NO.

Ayes have it. Ayes have it.

The West Bengal Finance Bill, 2020 is passed. The West Bengal Finance Bill, 2020 is passed.

মিঃ স্পিকার : মাননীয় সদস্যগণ আমাদের ফিনান্স বাজেটের যে অধিবেশনটা চলছে তার প্রথম পর্ব শেষ হল। মাননীয় ট্রান্সপোর্ট মিনিস্টার রয়েছেন, আপনারা জানেন আগামীকাল থেকে মাধ্যমিক পরীক্ষা শুরু হচ্ছে। মাননীয়া মুখ্যমন্ত্রী আমাদের সকল পরীক্ষার্থীদের শুভেচ্ছা জানিয়েছেন। আমাদের পক্ষ থেকেও শুভেচ্ছা রইল। আমি মাননীয় ট্রান্সপোর্ট মন্ত্রীকে একটা অনুরোধ করব ট্রান্সপোর্ট যেন ঠিক থাকে এবং রাস্তাঘাট যেন পরিষ্কার থাকে। আমাকে কয়েক জন বিধায়ক যানজটের কথা বলছিলেন যে কিছু কিছু অঞ্চলে এমন যানজট হচ্ছে যে পরীক্ষার্থীরা ঠিক সময়মত পৌঁছতে পারবে কিনা। সেটা সুনিশ্চিত করার জন্য আমাদের মাননীয় ট্রান্সপোর্ট

মিনিস্টার অত্যন্ত দক্ষতার সঙ্গে কাজ করছেন। তাঁকে আমি ধন্যবাদ জানাই এবং এই দিকটা নিশ্চয়ই ওনার নজরে রয়েছে। এই বিষয় মাননীয় মন্ত্রী যদি কিছু বলেন।

শ্রী শুভেন্দু অধিকারি : আমরা ইতিমধ্যে জেলাস্তরে ডি.এম.দের পৌরহিত্যে সভা করেছি এবং সমস্ত জায়গায় মটর ভেইক্‌ল্ ইন্সপেক্টররা ট্রাফিক পুলিশের সঙ্গে সমন্বয় করে কাজ করবে। আমরা আজকে দুপুরে একটু আগেই মিটিং করেছি stay গুলোর সঙ্গে। ছাত্রছাত্রী এবং অভিভাবকরা রাস্তায় যেখানেই থাকবেন তাঁদেরকে সরকারি বাস এবং প্রাইভেট বাস তুলে নেবে যাওয়ার জন্য। যেখানে অনুমোদিত রুট নয় সেখানেও হবে। সামগ্রিকভাবে যাতে সুস্থ পরিবহন ব্যবস্থা থাকে সেটা আমরা দেখব এবং তার জন্য ব্যবস্থা করা হয়েছে। বিশেষ করে ছাত্রছাত্রীদের বিষয় আছে - আপনারা জানেন পোলবাতেই একটা দুঃখজনক ঘটনা ঘটেছে এবং তাতে দেখা গেছে speed governor খোলা ছিল। Speed governor-টা ড্রাইভার খুলে রেখেছে। পরীক্ষার্থীরা যে বাসগুলো ব্যবহার করবে আমরা তাতে speed governor mandatory করেছি এবং পুলিশের সঙ্গে সমন্বয় করে ২০ কিলোমিটার অন্তর গোটা রাজ্যেই কাল থেকে একটা করে speed ladder guard-এর ব্যবস্থা থাকছে।

Adjournment

The House was then adjourned at 4.34 P.M. till 11 A.M. on Friday, the 13th March, 2020, at Assembly House, Kolkata.

INDEX TO THE

West Bengal Legislative Assembly Proceedings

Vol.-149, No.- I

(Budget Session, 2020)

[From 7th February to 17th February, 2020]

[The 7th, 10th, 11th,12th,13th,14th,15th and 17th February, 2020]

Date : 07.02.2020

Report of the Governor's Speech / PP-1-16

MOTION ON THE GOVERNOR SPEECH / PP-16-17

Presentation of the Report of the Business Advisory Committee / PP-17-18

Motion

by — Dr. Partha Chatterjee / P-18

OBITUARY REFERENCES–PP-18-20

Date : 10.02.2020

Presentation of the Annual Financial Statement of the Government of West Bengal for the year 2020-2021 / PP-21-74

LAYING OF FISCAL POLICY STATEMENT / P-75

PRESENTATION OF THE SUPPLEMENTARY ESTIMATES OF THE GOVERNMENT OF WEST BENGAL FOR THE YEAR 2019-2020 / P-75

Date : 11.02.2020

OBITUARY REFERENCES / PP-77-78

Starred Questions

(to which oral answers were given)

*১	— শ্রী অসিত মিত্র
	— শ্রী কমলেশ চ্যাটার্জী
	— শ্রীমতী ফিরোজা বেগম
Replied by	— শ্রী সাধন পাণ্ডে / PP-78-81
*৭	— শ্রী সুজিত চক্রবর্তী
	— শ্রী স্বপন কুমার বেলথারিয়া
	— শ্রীমতী বনশ্রী মাইতি
Replied by	— শ্রী সাধন পাণ্ডে / PP-82-86
*২	— শ্রী দীপক কুমার হালদার
	— শ্রী আলি ইমরান রামজ
Replied by	— শ্রী মলয় ঘটক / PP-86-90
*৯	— শ্রীমতী রুনু দত্ত
Replied by	— শ্রী মলয় ঘটক / PP-90-91
*৩	— শ্রী নগেন্দ্র নাথ রায়
	— শ্রী হিতেন বর্মন
	— শ্রী মনোজ টিগ্গা
	— শ্রীমতী জাহানারা খান
Replied by	— ডঃ সৌমেন কুমার মহাপাত্র / PP-91-94
*৪	— শ্রীমতী গীতা রানী ভূঞ্যা
	— শ্রীমতী সাবিনা ইয়াসমিন
Replied by	— ডঃ সৌমেন কুমার মহাপাত্র / PP-94-95
*৫	— শ্রী ভূপেন্দ্রনাথ হালদার
Replied by	— ডঃ সৌমেন কুমার মহাপাত্র / P-96
*৬	— শ্রীমতী নার্গিস বেগম
Replied by	— ডঃ সৌমেন কুমার মহাপাত্র

*১৩ — শ্রী সেখ আমজাদ হোসেন
Replied by — শ্রী মলয় ঘটক / PP-97-99

Starred Questions

(to which answers were laid on the 'Table')

*৮ — শ্রী জয়ন্ত নস্কর / P-99
*১০ — শ্রী সমীর কুমার জানা / PP-99-100
*১১ — শ্রীমতী ফিরোজা বেগম / P-100
*১২ — শ্রী দেবেশ মণ্ডল / PP-100-101
*১৪ — শ্রী জ্যোতির্ময় কর / P-101
*১৫ — শ্রী আব্দুল খালেক মোল্লা / P-102

LEAVE OF ABSENCE UNDER RULE 242 / PP-102-103

CALLING ATTENTION (NOTICES)

by — i) Shri Sujit Chakraborty
— ii) Shri Runu Dutta
— iii) Shri Ram Sankar Halder (Selected)
— iv) Shri Rafikul Islam Mondal / P-103

MENTION CASES

by — শ্রী মহসিন আলি / P-104
— শ্রী প্রদীপ কুমার সাহা / P-104
— শ্রীমতী শ্যামলী প্রধান / P-104
— শ্রী রুনু দত্ত / PP-104-105
— শ্রী রফিকুল ইসলাম মণ্ডল / P-105
— শ্রীমতী জাহানারা খান / P-105
— শ্রী রামশংকর হালদার / PP-105-106
— শ্রী সুজিত চক্রবর্তী / P-106
— শ্রী আমজাদ হোসেন / P-106
— শ্রী সমর হাজরা / P-107

GOVERNMENT BUSINESS

Discussion on Governor's Address / PP-107-

discussed by — শ্রী জ্যোতির্ময় কর / PP-111-115
— শ্রী জটু লাহিড়ী / PP-115-117
— শ্রী পার্থ ভৌমিক / PP-117-122
— শ্রী স্নেহাশিষ চক্রবর্তী / PP-122-124, 137-141
— শ্রী অসিত মিত্র / PP-124-127
— শ্রী অশোক ভট্টাচার্য্য / PP-127-131
— শ্রীমতী প্রতিমা রজক / PP-131-135
— শ্রী আলি ইমরান রামজ / PP-135-137
— শ্রী নর্ম্মদা চন্দ্র রায় / PP-142-144
— শ্রীমতী ফিরোজা বেগম / PP-144-149
— শ্রী যোগরঞ্জন হালদার / PP-149-152
— শ্রী অশোক দিন্দা / PP-152-154
— শ্রী অমল আচার্য্য / PP-154-156
— ডঃ সৌরভ চক্রবর্তী / PP-156-159

Date : 12.02.2020

Starred Questions

(to which oral answers were given)

*১৬ — শ্রী মোহিত সেনগুপ্ত
— শ্রী সমর হাজরা
— শ্রী শেখ আমজাদ হোসেন
— শ্রী মোস্তাক আলম
— শ্রী রামশঙ্কর হালদার
— শ্রী রফিকুল ইসলাম মণ্ডল
— শ্রীমতী সাবিনা ইয়াসমিন
— শ্রী প্রদীপ কুমার সাহা
— শ্রী মানস মজুমদার
— শ্রীমতী নার্গিস বেগম
replied by — শ্রী সুব্রত মুখার্জী / PP-161-166

*১৯ — শ্রীমতী গীতা রানী ভূএ্যা
— শ্রীমতী মিতালী রায়
— শ্রী সমরেশ দাস
— শ্রী হিতেন বর্মন
replied by — শ্রী সুব্রত মুখার্জী / PP-166-168

*২০ — শ্রী নগেন্দ্র নাথ রায়
— শ্রী পুলিন বিহারী রায়
— শ্রীমতী প্রতিমা রজক
— শ্রী কল্লোল খাঁ
— শ্রী কমলেশ চ্যাটার্জী
replied by — শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / PP-172-173

*২৩ — শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা
replied by — শ্রী সুব্রত মুখার্জী / PP-173-174

*২৪ — শ্রী সমীর কুমার জানা
replied by — শ্রী সুব্রত মুখার্জী / PP-174-175

*২৬ — শ্রী জ্যোতির্ময় কর
— শ্রী মনোজ চক্রবর্তী
— শ্রীমতী জাহানারা খান
replied by — শ্রী ফিরহাদ হাকিম / PP-175-179

Starred Questions

(to which answers were laid on the 'Table')

*১৭ — শ্রী দীপক কুমার হালদার / PP-179-182
*১৮ — শ্রী মিলটন রসিদ / P-183
*২৫ — শ্রী দেবেশ মণ্ডল / PP-183-184

Held Over Starred Questions

(to which answers were held over)

*২১ — শ্রী জয়ন্ত নস্কর / P-184
*২২ — শ্রীমতী জাহানারা খান / PP-184-185

LEAVE OF ABSENCE UNDER RULE 242 / P-185

CALLING ATTENTION (NOTICES)

by — i) Shri Ram Sankar Halder
— ii) Shri Rafikul Islam Mondal (Selected)
—P-186

MENTION CASES

by — শ্রী মহসিন আলি / P-186
— শ্রীমতী শ্যামলী প্রধান / P-187
— শ্রী রুনু দত্ত / P-187
— শ্রী সুজিত চক্রবর্তী / P-187
— শ্রী সন্তোষ দেবরায় / P-189
— শ্রী রায়শঙ্কর হালদার / P-189
— শ্রী প্রদীপ কুমার সাহা / P-190
— শ্রী রফিকুল ইসলাম মণ্ডল / P-190
— শ্রী সফিউল আলম খান / P-190
— শ্রী তন্ময় ভট্টাচার্য্য / P-191
— শ্রীমতী জাহানারা খান / PP-191-192
— শ্রী শেখ ইব্রাহিম আলি / P-192
— শ্রীমতী মিতালী রায় / P-192
— শ্রী ইদ্রিস আলি / P-192

ZERO HOUR

by — শ্রী সমর হাজরা / P-192
— শ্রী মনোজ চক্রবর্তী / PP-192-193
— শ্রী মোস্তাক আলম / P-193

Discussion on Governor's Address

discussed by — শ্রী ভূপেন্দ্রনাথ হালদার / PP-193-197
— শ্রী ব্রজমোহন মজুমদার / PP-197-200
— শ্রী শেখ আমজাদ হোসেন / PP-200-203

— শ্রী শীলভদ্র দত্ত / PP-203-207
— শ্রী মোহিত সেনগুপ্ত / PP-207-210
— শ্রীমতী নার্গিস বেগম / PP-210-211
— শ্রী প্রদীপ কুমার সাহা / PP-211-214
— শ্রী ধীমান রায় / PP-214-216
— শ্রীমতী জাহানারা খান / PP-216-219
— শ্রী সমরেশ দাস / PP-219-222
— শ্রীমতী সোনালী গুহ (বোস) / PP-222-224
— শ্রী মানস মুখার্জী / PP-224-227
— শ্রী প্রদ্যুৎ কুমার ঘোষ / PP-227-228
— শ্রী শ্যামল মণ্ডল / PP-228-231
— শ্রী মইনুল হক / PP-231-235
— শ্রী শেখ শাহনেওয়াজ / PP-235-237

Date : 13.02.2020

Starred Questions

(to which oral answers were given)

*২৮ — শ্রী মানস মজুমদার
— শ্রী সুজিত চক্রবর্তী
— শ্রীমতী নার্গিস বেগম
— শ্রী জগদীশ চন্দ্র বর্মা বাসুনিয়া
— শ্রী রফিকুল ইসলাম মণ্ডল
— শ্রী অসীম কুমার মাঝি
— শ্রী মনোজ চক্রবর্তী /
— শ্রীমতী জাহানারা খান
*৩৪ — শ্রী বিক্রম চন্দ্র প্রধান
— শ্রী যোগরঞ্জন হালদার
— শ্রী আব্দুল খালেক মোল্লা
— ডঃ রোহিত শর্মা
— শ্রীমতী বনশ্রী মাইতি

— শ্রী রঞ্জিত মণ্ডল
— শ্রী মনোজ টিগ্গা
— শ্রী শেখ আমজাদ হোসেন
— শ্রী অসিত মিত্র
replied by — শ্রী গৌতম দেব / PP-239-251

*২৯ — শ্রী ভূপেন্দ্রনাথ হালদার
— শ্রী আলবিরুনি জুলকারনাইন
— শ্রী নেপাল মাহাত
replied by — শ্রী গৌতম দেব / PP-251-252

*৩১ — শ্রী রুনু দত্ত
— শ্রীমতী প্রতিমা রজক
— শ্রী রফিকুল ইসলাম
replied by — শ্রী সিদ্দিকুল্লা চৌধুরী / PP-252-254

*৩২ — শ্রী সমীর কুমার জানা
— শ্রী সমর কুমার হাজরা
— শ্রী নরেশ চন্দ্র বাউড়ি
replied by — শ্রী চন্দ্রনাথ সিনহা / PP-255-256

*৩০ — শ্রী জয়ন্ত নস্কর
replied by — শ্রী চন্দ্রনাথ সিনহা / PP-256-257

Starred Questions

(to which answers were laid on the 'Table')

*২৭ — শ্রী মিলটন রসিদ / P-258
*৩৩ — শ্রী জ্যোতির্ময় কর / PP-258-260

LEAVE OF ABSENCE UNDER RULE 242 / P-261

CALLING ATTENTION (NOTICES)

by — i) Shri Sekh Sahonawez
— ii) Shri Sujit Chakraborty

— iii) Smt. Jahanara Khan
— iv) Shri Dipak Kumar Halder (selected) / PP-261-262

MENTION CASES

by — শ্রীমতী শ্যামলী প্রধান / P-262
— শ্রী মহসিন আলি / P-262
— শ্রীমতী জাহানারা খান / P-262
— শ্রী নগেন্দ্রনাথ রায় / P-263
— শ্রী সফিউল আলম খান / P-263
— শ্রী সুজিত চক্রবর্তী / P-263
— শ্রী রুনু দত্ত / PP-263-264
— শ্রী রফিকুল ইসলাম মণ্ডল / P-264
— শ্রী তন্ময় ভট্টাচার্য্য / P-264
— শ্রী শেখ শাহনেওয়াজ / P-264
— শ্রী দীপক কুমার হালদার / PP-264-265
— শ্রী ইদ্রিস আলি / P-265

ZERO HOUR

by — শ্রী মোস্তাক আলম / P-265

Discussion on Governor's Address

discussed by — শ্রী মোস্তাক আলম / PP-266-269
— শ্রী রফিকুল ইসলাম মণ্ডল / PP-269-272
— শ্রী সমীর কুমার জানা / PP-272-276
— শ্রী মনোজ টিগ্গা / PP-276-278
— শ্রী সওকত মোল্লা / PP-278-280
— শ্রীমতী শিউলি সাহা / PP-280-283
— শ্রী তন্ময় ভট্টাচার্য্য / PP-283-286
— শ্রী সমীর চক্রবর্তী / PP-286-288
— শ্রী আসিফ মেহবুব / PP-288-291

— শ্রী সুজিত চক্রবর্ত্তী / PP-291-293
— শ্রী দীপক কুমার হালদার / PP-293-296
— শ্রী রফিকুল ইসলাম / PP-296-298
— শ্রীমতী মিতালী রায় / PP-298-300
— শ্রী শুভঙ্কর মালাকার / PP-300-303
— শ্রী মানস মজুমদার / PP-303-306
— শ্রী মিল্টন রসিদ / PP-306-308
— শ্রীমতী নমিতা সাহা / PP-308-310

Date : 14.02.2020

LAYING OF AMENDMENTS TO THE RULES / P-311

LAYING OF REPORTS / PP-311-312

Discussion on Governor's Address / PP-312-355

discussed by — শ্রী মনোজ চক্রবর্ত্তী / PP-312-315
— ডঃ সুজন চক্রবর্ত্তী / PP-315-320
— শ্রীমতী মমতা ব্যানার্জী / PP-320-332
replied by — ডঃ পার্থ চ্যাটার্জী / P-333

GENERAL DISCUSSION ON BUDGET / PP-355-400

discussed by — ডঃ সুখবিলাস বর্মা / PP-355-364
— শ্রী অখিল গিরি / PP-364-367
— শ্রী তন্ময় ভট্টাচার্য্য / PP-367-370
— শ্রী স্নেহাশীষ চক্রবর্ত্তী / PP-372-376
— শ্রী কল্লোল খাঁ / PP-377-379
— শ্রী স্বাধীন কুমার সরকার / PP-379-381
— শ্রী সমীর কুমার জানা / PP-381-384
— শ্রীমতী বীণা মণ্ডল / PP-384-386
— শ্রীমতী তাপসী মণ্ডল / PP-386-388
— শ্রী গৌরী শঙ্কর দত্ত / PP-388-390

— শ্রী মহসীন আলি / PP-391-392
— শ্রী শেখ শাহনেওয়াজ / PP-392-395
— শ্রীমতী রমা বিশ্বাস / PP-395-397
— শ্রী রফিকুর রহমান / PP-398-400

Date : 15.02.2020

GENERAL DISCUSSION ON BUDGET / PP-401-495

discussed by — শ্রী কালীপদ মণ্ডল / PP-401-404
— শ্রী রামশঙ্কর হালদার / PP-405-406
— শ্রী পরশ দত্ত / PP-406-409
— শ্রী ভূপেন্দ্রনাথ হালদার / PP-409-414
— শ্রী শঙ্কর মালাকার / PP-414-421
— শ্রী প্রদ্যুৎ কুমার ঘোষ / PP-421-423
— শ্রী রুনু দত্ত / PP-423-424
— শ্রীমতী নার্গিস বেগম / PP-424-426
— শ্রী আনিসুর রহমান / PP-426-428
— শ্রী সমরেশ রায় / PP-430-432
— শ্রী নগেন্দ্র নাথ রায় / PP-432-433
— শ্রী আব্দুল করিম চৌধুরী / PP-434-436
— শ্রীমতী শ্যামলী প্রধান / PP-436-438
— শ্রীমতী ফিরদৌসী বেগম / PP-438-440
— শ্রী সন্তোষ দেবরায় / PP-440-442
— শ্রী শ্যামল মণ্ডল / PP-442-444
— শ্রী দীনেন রায় / PP-444-447
— ডঃ সুজন চক্রবর্তী / PP-447-453
— শ্রী মানস মজুমদার / PP-453-455
— ডঃ রোহিত শর্মা / PP-455-457
— ডঃ রমেন্দ্র নাথ বিশ্বাস / PP-457-459
— শ্রী দেবেশ মণ্ডল / PP-459-461
— শ্রী মইনুল হক / PP-461-466
replied by — ডঃ অমিত মিত্র / PP-467-472

Proposal made from the chair / P-430

Presentation of the Report of the Business Advisory Committee / P-466

Motion / P-467

Date : 17.02.2020

Held Over Starred Questions

(to which answer was held over)

*৩৫ — শ্রী অসিত মিত্র / P-497

Starred Questions

(to which oral answers were given)

*৩৬ — শ্রী দীপক কুমার হালদার
— শ্রী সুজিত চক্রবর্তী
— শ্রী সমর হাজরা
— শ্রী শেখ শাহনেওয়াজ
— শ্রীমতী নার্গিস বেগম
— শ্রী প্রদীপ কুমার সাহা
— শ্রী শ্রীকান্ত মাহাতো
replied by — ডাঃ শশী পাঁজা / PP-497-504

*৩৭ — শ্রী তন্ময় ভট্টাচার্য্য
replied by — ডাঃ শশী পাঁজা / PP-504-505

*৩৯ — শ্রী রুনু দত্ত
— শ্রী সমরেশ দাস
— শ্রী মনোজ টিগ্গা
— শ্রী কালীপদ মণ্ডল
— শ্রী রামশঙ্কর হালদার
— শ্রী কমলেশ চ্যাটার্জী
— শ্রী আলি ইমরান রামজ
replied by — ডাঃ শশী পাঁজা / PP-505-509

*৪০ — শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা
— শ্রী সেখ ইব্রাহিম আলি
— শ্রী মনোজ চক্রবর্তী
replied by — শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য্য / PP-505-511

*৩৮ — শ্রীমতী নার্গিস বেগম
— শ্রী রফিকুর ইসলাম মণ্ডল
— শ্রী আব্দুল খালেক মোল্লা
— শ্রীমতী জাহানারা খান
— শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী
— শ্রীমতী তাপসী মণ্ডল
— শ্রী জ্যোতির্ময় কর / PP-511-517

Starred Questions

(to which answers were laid on the 'Table')

*৪১ — শ্রীমতী শ্যামলী প্রধান / P-517
*৪২ — শ্রী সমীর কুমার জানা / P-517
*৪৩ — শ্রী মোস্তাক আলম / P-518
*৪৪ — শ্রী আব্দুল খালেক মোল্লা / P-518

GOVERNMENT BUSINESS

LAYING OF REPORT / P-519

SUPPLEMENTARY ESTIMATES FOR THE YEAR 2019-2020

Discussion and voting on Demands for supplementary Grants of the Government of West Bengal for the year 2019-2020 / PP-519-565

discussed by — ডঃ সুখবিলাস বর্মা / PP-532-536
— শ্রী জ্যোতির্ময় কর / PP-537-540
— শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী / PP-540-541
— শ্রী শ্রীকান্ত মাহাতো / PP-541-542
— ডঃ সুজন চক্রবর্তী / PP-542-547
replied by — ডঃ অমিত মিত্র / PP-547-548

LEGISLATION

(A) The West Bengal Appropriation (No. 1) Bill, 2020 –Introduction, Consideration and Passing / PP-565-581

discussed by — ডঃ সুখবিলাস বর্মা / PP-565-569
— শ্রী জ্যোতির্ময় কর / PP-569-571
— শ্রী নির্মল ঘোষ / PP-571-573
— শ্রী অশোক ভট্টাচার্য্য / PP-573-577
replied by — ডঃ অমিত মিত্র / PP-577-580

(B) The West Bengal Finance Bill, 2020 –Introduction,Consideration and Passing / PP-581-595

discussed by — ডঃ সুখবিলাস বর্মা / PP-581-583
— শ্রী সমীর চক্রবর্তী / PP-583-585
— শ্রী আলি ইমরান রামজ / PP-586-587
— শ্রী শীলভদ্র দত্ত / PP-587-589
— শ্রী বিশ্বনাথ চৌধুরী / PP-589-591
replied by — ডঃ অমিত মিত্র / PP-591-594

Printed at:
Saraswaty Press Ltd.
11 B.T. Road, Kolkata - 700 056

SPL-2021-300-LAP-156(626)